# জুলাই বিপ্লবের ৫০০ দিন

# বিএনপির অপকর্মের খতিয়ান



## জুলাই বিপ্লবের ৫০০ দিন

# বিএনপির অপকর্মের খতিয়ান

# জুলাই বিপ্লবের ৫০০ দিন
# বিএনপির অপকর্মের খতিয়ান

**ড. আরিফ আবেদীন**
**সম্পাদিত**

**প্রকাশকাল**
১ জানুয়ারি ২০২৬

**মূল্য :** ৫০০ টাকা মাত্র।

**500 Days of July Revolution**
**The Record of BNP's Misdeeds**

Edited by **Dr. Arif Abedin**

Date of Publication : 1 January 2026
Price : 500 Taka

# সূচিপত্র

# ভূমিকা

জুলাই বিপ্লব (৫ আগস্ট ২০২৪) বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি যুগান্তকারী মোড় পরিবর্তনের ঘটনা। অনেকের কাছে এটি শুধু রাজনৈতিক পরিবর্তন নয়, বরং বাংলাদেশের দ্বিতীয় স্বাধীনতা। এটি দীর্ঘ সাড়ে ১৬ বছরের আওয়ামী ফ্যাসিবাদ, ভিনদেশী আধিপত্যবাদ, বিদেশী দখলদারিত্ব ও রাজনৈতিক বিশ্বাসঘাতকতার বিরুদ্ধে চরম বিদ্রোহ। এই বিপ্লব পরবর্তী সময়–বিশেষত প্রথম ৫০০ দিন (৫ আগস্ট ২০২৪ থেকে ১৮ ডিসেম্বর ২০২৫) –জাতীয় রাজনীতিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়। কারণ এই সময়েই একটি সুষ্ঠু জাতীয় সংসদ নির্বাচনের পথ সুগম হওয়ার প্রত্যাশায় গোটা দেশ। দেশকে পরিবর্তনের স্বপ্ন নিয়ে যেভাবে তরুণ ছাত্র-জনতা রাজপথে তাজা প্রাণ বিলিয়ে দিয়েছে, সেই সংস্কার এই সময়ের মধ্যেই হওয়ার কথা ছিল। সকল অন্ধকার, অমানিশা, বিদেশী ষড়যন্ত্রের কালো মেঘ সরিয়ে একটি নতুন সম্ভাবনার দেশ গড়ার কথা ছিল। কিন্তু দেশের অন্যতম বৃহত্তম রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) তাদের রাজনৈতিক আচরণ, সাংগঠনিক কার্যক্রম ও মাঠপর্যায়ের কর্মকাণ্ডের মাধ্যমে এমন এক বাস্তবতার জন্ম দেয়, যা দেশীয় গণমাধ্যমে "সংস্কারের পথে প্রতিবন্ধকতা, সহিংসতা, দুর্নীতি, অস্থিরতা ও প্রতিপক্ষ দমনের সময়" হিসেবে ব্যাপকভাবে আলোচিত হয়।

জাতীয় দৈনিক, অনলাইন নিউজ পোর্টাল, অনুসন্ধানী রিপোর্ট এবং মাঠপর্যায়ের সংবাদকর্মীদের প্রতিবেদনগুলোতে উঠে আসা বিএনপির রাজনৈতিক কর্মকাণ্ডগুলো বিশ্লেষণ করলে এ দলটিকে 'আওয়ামী ফ্যাসিবাদের অপর পিঠ' বললেও অত্যুক্তি হবে না। জুলাই বিপ্লবের পর রাজনৈতিক পরিবর্তনের দাবিতে রাজনৈতিক ও সামাজিক শক্তিগুলো সক্রিয় হলেও বিএনপি পাল্টা অবস্থান গ্রহণ করে। অন্তর্বর্তী সরকারের পরিবর্তনমুখী উদ্যোগ, প্রশাসনিক সংস্কার, দুর্নীতি দমন, অর্থনৈতিক পুনর্বিন্যাস–এসব বিষয়ে দলটি ধারাবাহিকভাবে বিরোধিতামূলক অবস্থান নেয়, যা রাজনৈতিক বিশ্লেষকদের কাছে "সংস্কারবিরোধী রাজনৈতিক আচরণ" হিসেবে চিহ্নিত হয়েছে। সংস্কার প্রশ্নে বিএনপি শুধু রাজনৈতিকভাবে বিরোধিতা করেই থেমে থাকেনি; বরং মাঠপর্যায়ে তাদের বিভিন্ন অঙ্গসংগঠন (যুবদল, ছাত্রদলসহ) সহিংসতা-সংঘাত সৃষ্টি, ব্যাপক দুর্নীতি, প্রতিপক্ষের ওপর হামলা, খুন, রাহাজানির ঘটনায় ঘটিয়ে দেশে ত্রাসের পরিবেশ সৃষ্টি করেছে।

৫ আগস্ট ২০২৪-এর পর থেকে বিএনপি ও তাদের অঙ্গসংগঠনগুলো নানা ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েছে। জুলাই বিপ্লবোত্তর সময়টিতে প্রতিপক্ষ রাজনৈতিক দলের কর্মী খুন, ধর্ষণ, হামলা, লুটপাট, দখল, অস্ত্রবাজি, টেন্ডারবাজি, চাঁদাবাজি, মাদক ব্যবসা, অস্ত্র ব্যবসা, শিক্ষাঙ্গনে সন্ত্রাস, ইসলামবিদ্বেষ এবং অন্যান্য বেআইনি কার্যক্রম–এসব ঘটনার বড় অংশই

বিএনপি ও তাদের অঙ্গসংগঠনের মাধ্যমেই সংগঠিত হয়েছে বলে গণমাধ্যমে উঠে এসেছে। একাধিক সংবাদ মাধ্যমে প্রতিনিয়ত উঠে আসে–দলীয় অভ্যন্তরীণ কোন্দল, আঞ্চলিক নেতৃত্বের দখলদারিত্ব, নিয়োগ বাণিজ্য এবং শীর্ষ নেতাদের ব্যাপক দুর্নীতির খবর।

এছাড়া শিক্ষাঙ্গনে ছাত্রদলের সহিংসতা, নারী নির্যাতন, মাদক কারবার, অস্ত্র প্রদর্শন, শিক্ষক লাঞ্ছনা–এসবও ওই সময়ের সংবাদমাধ্যমে নিয়মিত আলোচ্য ছিল। ধর্মীয় ক্ষেত্রে ইসলামবিদ্বেষী মন্তব্য, আলেমদের ওপর চাপ, নামাজ-খুতবা ও মসজিদ বিষয়ক হস্তক্ষেপ–এসবও বিভিন্ন দৈনিক পত্রিকায় বিএনপির রাজনীতির প্রভাব হিসেবেই উল্লেখ করা হয়।

সামগ্রিকভাবে গণমাধ্যমের তথ্যমতে– জুলাই বিপ্লব পরবর্তী ৫০০ দিনে বিএনপির রাজনৈতিক আচরণ দেশের রাজনৈতিক স্থিতি, প্রশাসনিক শৃঙ্খলা, সামাজিক নিরাপত্তা এবং গণতান্ত্রিক পরিবেশকে নানাভাবে ক্ষতিগ্রস্ত করেছে। এই সময়ে বিএনপি ও তাদের অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা খুন-খারাবি, কোন্দল, দুর্নীতি, নারী নির্যাতনসহ নানা সামাজিক বিশৃঙ্খলা বাংলাদেশের রাজনীতিতে এক জটিল এবং অন্ধকার অধ্যায় তৈরি করে। এই বইয়ের অধ্যায়গুলোতে এই সব খাতভিত্তিক ঘটনাগুলো তথ্য-সমর্থিত বিশ্লেষণের মাধ্যমে তুলে ধরা হবে, যাতে পাঠক বুঝতে পারেন–কীভাবে এই সময়টি বিএনপি দেশের রাজনীতিতে এবং জাতীয় জীবনে গভীর নেতিবাচক প্রভাব রেখেছিল।

এসব ঘটনা সাধারণ মানুষ, সাংবাদিক, গবেষক এবং নীতিনির্ধারকদের জানার অধিকার আছে। বলা বাহুল্য, অপরাধ চেপে রাখলে তা আরও বিস্তার লাভ করে, কিন্তু দলিল আকারে লিপিবদ্ধ করলে ইতিহাস তার প্রকৃত রূপে সংরক্ষিত হয়। এই বিশ্বাস থেকেই জুলাই বিপ্লব-পরবর্তী দেশের রাজনীতিতে বিএনপির ভূমিকা উপস্থাপনের চেষ্টা করা হয়েছে।

বইটি রচনায় ব্যবহৃত তথ্যের মূল উৎস হলো বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যম–জাতীয় দৈনিক, অনলাইন নিউজ পোর্টাল, অনুসন্ধানী রিপোর্ট, মানবাধিকার সংগঠনের বিবৃতি, সাংবাদিকদের মাঠপর্যায়ের রিপোর্টিং এবং বিশেষায়িত রাজনৈতিক বিশ্লেষণমূলক ফিচার। সংকলনটি তৈরি করার সময় আমরা চেষ্টা করেছি প্রতিদিনের জাতীয় দৈনিকগুলোতে যে সব বাস্তব ঘটনার চিত্র প্রকাশিত হয়েছে সেখান থেকে তথ্য-উপাত্ত-আলোচনা-সমালোচনাকে প্রাধান্য দিতে। ঘটনাগুলো প্রকাশিত হওয়া জাতীয় দৈনিকের নাম, খবরের শিরোনাম এবং ঘটনা সংগঠিত হওয়ার তারিখ উল্লেখ করা হয়েছে। কোনো ভাবাবেগ নয়, কোনো বিদ্বেষ নয় বরং নিমোহ-নিরপেক্ষ চিত্রায়ণই একমাত্র উদ্দেশ্য। দেশ-জনতার সামনে জুলাই বিপ্লব পরবর্তী সময়ের স্বচ্ছ ধারণা তুলে ধরাই এর একমাত্র প্রয়াস।

# প্রথম অধ্যায়

# রাষ্ট্র সংস্কারবিরোধী কার্যক্রম

# রাষ্ট্র সংস্কারবিরোধী কার্যক্রম

৫ আগস্ট ২০২৪ সালে শেখ হাসিনার পতনের পর দেশের মানুষের মাঝে নতুন আকাঙ্ক্ষা তৈরি হয়। জনমনে বিশ্বাস জন্মে যে, আগে যেই ধারায় বাংলাদেশ চলত, হাসিনা-পরবর্তী সময়ে দেশ সেই ধারা থেকে পরিবর্তনের দিকে এগোবে। শেখ হাসিনার দীর্ঘ ১৬ বছরের অপশাসন যেহেতু কোনো নির্দিষ্ট রাজনৈতিক দলের নেতৃত্বে শেষ হয়নি, বরং দেশের সকল স্তরের মানুষের অংশগ্রহণ এই অভ্যুত্থান ত্বরান্বিত করেছে, তাই সবাই দেশটাকে নিজের মনে করে পরিবর্তনের এক সম্ভাবনা দেখছে। কিন্তু হাসিনা-পরবর্তী সময়ে বাংলাদেশের সবচেয়ে বড় রাজনৈতিক দল বিএনপি পরিবর্তনের এই উদ্যোগে বাগড়া দিয়ে বসে। তাদের কথা–আমরাই এই পরিবর্তন করব; আগে নির্বাচন, পরে সংস্কার। কিন্তু দেশে গণতান্ত্রিক উপায়ে ক্ষমতা পরিবর্তনের জন্য যে ন্যূনতম সংস্কার জরুরি, সেই আলাপ দলটির নেতাদের মুখে খুব একটা শোনা না গেলেও, ঠিকই বারবার নির্বাচনের কথা শোনা যেত।

অভ্যুত্থান-পরবর্তী সময়ে অনেক দিন ধরে দেশজুড়ে পুলিশ অকার্যকর ছিল। পুলিশ পুরো সক্রিয় হয়নি এক মাসেও, ফলে মানুষ সেবা-বঞ্চিত হয়েছে।[১] শুধু পুলিশি ব্যবস্থার উন্নতিই নয়, অভ্যুত্থান-পরবর্তী সময়ে হত্যাকারীদের বিচার, দেশ থেকে পাচারকৃত অর্থ ফিরিয়ে আনা, শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থার সংস্কারসহ সামগ্রিক পরিবর্তনের জনদাবিকে উপেক্ষা করে, দেশে যখন আইনশৃঙ্খলা পরিস্থিতি চরম সংকটাপন্ন, ঠিক তখনই অভ্যুত্থানের দুই দিন পরেই বিএনপি সংস্কারের পরিবর্তে নির্বাচনের দাবি করে নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ের সামনে এক বিশাল সমাবেশ করে অতিসত্বর নির্বাচনের দাবি জানায়।[২] একই সময়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'আমি রাষ্ট্রপতির কাছে আহ্বান জানাব, বিলম্ব না করে দ্রুত অন্তর্বর্তীকালীন সরকার গঠন করুন। এই সরকার তিন মাসের মধ্যে নির্বাচনের ব্যবস্থা করবে। এর জন্য পূর্ণ সহযোগিতা আমরা দেব।' (প্রথম আলো, ৭ আগস্ট ২০২৪)।[৩]

তিন মাসের মধ্যে নির্বাচন দেওয়ার লক্ষ্যে বিএনপির আল্টিমেটাম সত্ত্বেও সংস্কার প্রশ্নে জনচাপের মুখে বিএনপি তাদের দাবি থেকে পিছু হটতে বাধ্য

---

১. আজকের পত্রিকা। ৭ সেপ্টেম্বর ২০২৪, পুলিশ পুরো সক্রিয় হয়নি এক মাসেও, সেবাবঞ্চিত মানুষ।
২. প্রথম আলো। ৭ আগস্ট ২০২৪, নয়াপল্টনে বিএনপির সমাবেশে বিপুল সমাগম।
৩. প্রথম আলো। ৭ আগস্ট ২০২৫, বিলম্ব না করে দ্রুত অন্তর্বর্তীকালীন সরকার গঠন করা উচিত : মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

হয়। এরপরও যখনই কোনো সমস্যা দেখা দেয়, তখনই বিএনপির নেতারা দাবি করেন—নির্বাচন হলে এই ধরনের সমস্যা হতো না। অথচ দেশজুড়ে বিএনপি নেতাকর্মীদের অব্যাহত চাঁদাবাজি, দখলবাজি ও পারস্পরিক দ্বন্দ্বে নিজ দলীয় কর্মী ও সাধারণ মানুষের হত্যার কারণে মানুষ বিএনপির ওপর তাদের আস্থা হারিয়ে ফেলে। আর তাই দেশের মানুষ মনে করে, যতটুকু সংস্কার করলে দেশটা আপাতত রক্ষা পাবে, ততটুকু সংস্কার এই সরকারের আমলেই করতে হবে। ফলস্বরূপ, না চাওয়া সত্ত্বেও বিএনপি মৌলিক সংস্কারের দাবি মানতে বাধ্য হয়। কিন্তু এই দাবি কতটুকু আন্তরিকতাপূর্ণ আর কতটুকু চাপের মুখে দায়সারা, তা সংস্কারকালীন সময়ে তাদের গত দেড় বছরের কার্যক্রম দেখলেই বোঝা যায়। নিচে বিভিন্ন সংস্কার কাজে বিএনপির আচরণ তুলে ধরা হলো:

## ■ জুলাই সনদ বিরোধিতা

বাংলাদেশের ইতিহাসে ৭১-এর স্বাধীনতা যুদ্ধ-পরবর্তী সময়ের সবচেয়ে স্বতঃস্ফূর্ত অভ্যুত্থান ছিল ২০২৪ সালের জুলাই-আগস্টের গণঅভ্যুত্থান। মানুষ যখন শেখ হাসিনা ও আওয়ামী লীগের নির্যাতনে পিষ্ট, শত জুলুম ও অন্যায়ের বিরুদ্ধে ন্যূনতম প্রতিবাদ করলেই গুম হয়ে যাওয়ার আশঙ্কা ছিল, তখন মানুষ প্রায় আশা ছেড়ে দিয়েছিল যে শেখ হাসিনার মৃত্যু ছাড়া এই অপশাসনের অবসান অসম্ভব; ঠিক তখন জুলাই গণঅভ্যুত্থান মানুষের মুক্তি এনে দিয়েছিল।

শেখ হাসিনাকে স্বৈরাচার বানানোর পেছনে অনেকগুলো উপাদান কাজ করেছে যা তার প্রহসনমূলক কাজকে সহজ করে দিয়েছিল। যেসকল রাষ্ট্রীয় ব্যবস্থা শেখ হাসিনাকে স্বৈরাচার হতে সহায়তা করেছিল, তার সবচেয়ে বড় উপাদান ছিল বিদ্যমান সংবিধান। এই সংবিধানের মাধ্যমে শেখ মুজিবকে এক নবী-রাসূলের মতো উপস্থাপন করা হয়েছিল, যার মূল কাজই ছিল বাঙালি জাতীয়তাবাদ নামক ধর্মের প্রচার করা। বাংলাদেশের বিদ্যমান সংবিধান শেখ হাসিনাকে ফ্যাসিস্ট হাসিনা হওয়ার সকল উপাদান জুগিয়েছে। ক্ষমতাকে সুসংহত করার জন্য শেখ হাসিনা ও এমপিরা ইচ্ছেমতো সংবিধানকে কাটাছেঁড়া করেছে। আর সেই কাটাছেঁড়া সংবিধান দিয়েই বিরোধী দলের অংশগ্রহণহীন পরপর তিনটি নির্বাচন উপহার দিয়েছিলেন। এই তিনটি নির্বাচন যে শুধুমাত্র নাম রক্ষার নির্বাচন, তা তখনকার সময়ের পত্রিকাগুলো খুললেই দেখা যায়। আর নির্বাচনের মাধ্যমেই তৈরি হয়েছিল হাসিনার জুলুমের বৈধতা।

আর তাই জুলাই অভ্যুত্থান-পরবর্তী সময়ে সবার প্রথমে সংবিধান পরিবর্তনের দাবি উত্থাপিত হয়। তবে এই দাবিতে প্রধান বাধা হয়ে দাঁড়ায় বিএনপি। অন্তর্বর্তী সরকার সংবিধান পরিবর্তন থেকে সরে আসলেও, সংবিধান থেকে সেই ধারাগুলো বাদ দিতে চেয়েছে যা হাসিনাকে স্বৈরাচার হতে সহযোগিতা করেছিল। পাশাপাশি নতুন কিছু সংযোজন করার উদ্যোগ নেয় যা অন্য যে কাউকে স্বৈরাচার হওয়া থেকে রক্ষা করবে। এরই প্রেক্ষিতে 'জুলাই সনদ'-এর ধারণা সামনে আসে, যার ভিত্তিতে তৈরি হবে আগামীর সংবিধান এবং গঠিত হবে পরিবর্তিত রাষ্ট্র কাঠামো। সরকার প্রায় ৩২টি রাজনৈতিক দলের সাথে দীর্ঘ ৪৭টির মতো মিটিং করে আলাপ-আলোচনা করে। বিভিন্ন সংস্কার কমিশনের প্রতিবেদনের আলোকে ১৬৬টি বিষয়ের ওপর এই আলোচনা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে দীর্ঘ এই আলোচনার ভিত্তিতে ৮৪টি বিষয় অন্তর্ভুক্ত রেখে 'জুলাই সনদ' তৈরি করা হয়। এই ৮৪টি বিষয়ে প্রত্যেক দলের মতামত নেওয়া হয়। এর মধ্যে কিছু ধারা আছে যেখানে সবাই একমত হয়েছে, কিছু ধারায় এক বা একাধিক দলের দ্বিমত ছিল। দল হিসেবে বিএনপিও অনেক বিষয়ে 'নোট অব ডিসেন্ট' বা দ্বিমত প্রকাশ করেছিল।

বিএনপি যে সকল বিষয়ে 'নোট অব ডিসেন্ট' দিয়েছিল সেগুলো নিচে তুলে ধরা হলো:

ধারা-১১ (রাষ্ট্রপতির ক্ষমতা ও দায়িত্ব): এই ধারায় রাষ্ট্রপতির নিজ এখতিয়ারবলে বাংলাদেশ ব্যাংক ও এনার্জি রেগুলেটরি কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগ প্রদানের (ক্রমিক ৫ ও ৬) প্রস্তাবের বিপরীতে বিএনপি নোট অব ডিসেন্ট দিয়েছে। (এই ধারায় ছয়টি নিয়োগের কথা বলা আছে; ১. প্রধানমন্ত্রী নিয়োগ; ২. প্রধান বিচারপতি নিয়োগ; ৩. নির্বাচন কমিশনার এবং অন্যান্য নির্বাচন কমিশনারদের নিয়োগ; ৪. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক নিয়োগ; ৫. বাংলাদেশ ব্যাংকের গভর্নর নিয়োগ; ৬. এনার্জি রেগুলেটরি কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগ)।

ধারা-১৪ (প্রধানমন্ত্রীর পদের মেয়াদ): একজন ব্যক্তি প্রধানমন্ত্রী পদে সর্বোচ্চ ১০ বছর বা দুই মেয়াদের বেশি থাকতে পারবেন না–এই প্রস্তাবিত বিধানের ক্ষেত্রে বিএনপি ভিন্নমত পোষণ করেছে।

ধারা-১৫ (প্রধানমন্ত্রীর একাধিক পদে থাকার বিধান): প্রধানমন্ত্রী পদে আসীন ব্যক্তি একই সাথে দলীয় প্রধানের পদে থাকতে পারবেন না–এই প্রস্তাবের ওপর বিএনপি নোট অব ডিসেন্ট দিয়েছে।

ধারা-১৬ (তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা): নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার গঠন প্রক্রিয়ার বিষয়ে বিএনপি ভিন্নমত দিয়েছে। দলটি এই গঠন প্রক্রিয়া সরাসরি 'সংসদের হাতে ন্যস্ত' করার পক্ষে মত দিয়েছে।

ধারা ২১ (আইনসভা গঠন):

ধারা ২১ (খ): আইনসভার উচ্চকক্ষের (সিনেট) ১০০ জন সদস্য 'সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব' (Proportional Representation - PR) পদ্ধতিতে নির্বাচিত হওয়ার বিধানের ক্ষেত্রে বিএনপি ভিন্নমত দিয়েছে।

ধারা ২১ (ঘ): রাজনৈতিক দলগুলো সাধারণ নির্বাচনের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের সময় একই সাথে উচ্চকক্ষের প্রার্থী তালিকাও প্রকাশ করবে–এই নিয়মের ওপরও বিএনপি নোট অব ডিসেন্ট দিয়েছে (জুলাই জাতীয় সনদ ২০২৫)।

অনেক দলই বিভিন্ন বিষয়ে 'নোট অব ডিসেন্ট' দিয়েছে, কিন্তু বিএনপি উপরে উল্লিখিত যে ছয়টি বিষয়ে নোট অব ডিসেন্ট দিয়েছে, সেগুলো পর্যবেক্ষণ করলে দেখা যায়, যেসকল বিষয় ক্ষমতাসীন দলকে প্রবল ক্ষমতাবান করে তোলে, সেসকল বিষয়েই দলটি দ্বিমত করেছে। ধারা ১১-তে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার ভারসাম্যের জন্য ছয়টি প্রতিষ্ঠানে রাষ্ট্রপতিকে কারও পরামর্শ ছাড়া নিয়োগের এখতিয়ার দেওয়া হয়েছে। প্রথম চারটি বিষয়ে বিএনপি একমত হলেও শেষের দুইটি বিষয়ে বিএনপি কেন দ্বিমত পোষণ করেছে, তা প্রতিষ্ঠানের ধরন দেখলেই বোঝা যায়।

১৪ নং ধারায় বলা আছে, কোনো ব্যক্তি ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী পদে থাকতে পারবেন না; একসাথে হোক বা আলাদা আলাদা সময়ে হোক। এই ধারার উদ্দেশ্য হলো কারও মধ্যে যেন দীর্ঘস্থায়ীভাবে ক্ষমতার লোভ জেঁকে না বসে। এই লোভ শাসককে স্বৈরাচারী করে তোলে। বিএনপি এই প্রস্তাবেরও বিরোধিতা করেছে। ১৫ নং ধারায় বলা আছে, কেউই একই সাথে দলীয় প্রধান ও প্রধানমন্ত্রীর পদে আসীন থাকতে পারবেন না, যাতে করে দল সরকারের একক সুবিধা ভোগ করতে না পারে। কিন্তু বিএনপি এই ধারাতেও নোট অব ডিসেন্ট দেয়।

২১-এর 'খ' ধারায় বলা আছে, আইনসভার উচ্চকক্ষে ১০০ জন সদস্য যেকোনো দলের প্রাপ্ত ভোট অনুযায়ী সংখ্যানুপাতিক পদ্ধতিতে (পিআর) নির্ধারিত হবে। কিন্তু বিএনপি এতে ভিন্নমত প্রদান করে। বিএনপির দাবি–নিম্নকক্ষে কোনো দল যে পরিমাণ আসন পাবে, সে অনুসারে উচ্চকক্ষের আসন বণ্টন হবে। কিন্তু বিএনপির এই দাবি মানলে দুই কক্ষের কোনো প্রয়োজন নেই; এককক্ষ বিশিষ্ট সংসদ হলেই হয়। অথচ নিম্নকক্ষ ও উচ্চকক্ষের মধ্যে ভারসাম্য রক্ষার জন্য অন্ততপক্ষে উচ্চকক্ষে পিআর পদ্ধতির বাস্তবায়ন অপরিহার্য।

## ■ গণভোট বিরোধিতা

৫ আগস্টের গণঅভ্যুত্থান-পরবর্তী সময়ে বাংলাদেশে নতুন শাসনতন্ত্র প্রণয়নের দাবি সামনে আসে। কিন্তু বিএনপির প্রবল আপত্তির মুখে এই দাবি থেকে সরে এসে সংস্কার কমিশনের মাধ্যমে 'জুলাই সনদ' রচনা করা হয়। প্রশ্ন হলো, এই জুলাই সনদ কি শুধুই নামমাত্র ডকুমেন্ট হবে, নাকি এটি মূল সংবিধানে অন্তর্ভুক্ত হবে? আর হলে এর প্রক্রিয়া কী হবে? বেশিরভাগ দলের দাবি হলো গণভোট; কারণ এর মাধ্যমে দেশের সর্বসাধারণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটবে। তারা কি আদৌ এই জুলাই সনদের বাস্তবায়ন চায়, না অন্য কিছু? বিএনপি জুলাই সনদের গণভোট প্রশ্নে প্রথমে একমত ছিল না, পরবর্তীতে প্রবল দাবির মুখে গণভোটের দাবি মেনে নেয়।[৪]

প্রবল চাপের মুখে গণভোটে রাজি হলেও বিএনপির দাবি–গণভোট হতে হবে জাতীয় সংসদ নির্বাচনের পর। জামায়াতের দাবি নির্বাচনের আগে। এনসিপিসহ অন্যান্য দলের দাবি–গণভোট নির্বাচনের দিনও হতে পারে। কিন্তু জাতীয় সংসদ নির্বাচন হয়ে নতুন সরকার ক্ষমতায় আসলে তারা আদৌ গণভোট দেবে কি না, সে ব্যাপারে কোনো নিশ্চয়তা নেই। আবার সংসদ নির্বাচনের দিন গণভোট হলে মানুষ কি সংসদ নির্বাচনে গুরুত্ব দেবে, নাকি গণভোটে?– এই প্রশ্ন রয়ে যায়। গণভোট জাতীয় নির্বাচনের দিন হলে যে তার গুরুত্ব থাকবে না, তা নিঃসন্দেহে বলা যায়।[৫] অবশেষে সকল দলের মতামতের ভিত্তিতে সরকার একই দিনে গণভোট ও জাতীয় নির্বাচনের ভোটগ্রহণের সিদ্ধান্ত নিয়েছে।

## ■ প্রশাসনিক সংস্কার বিরোধিতা

জুলাই-আগস্ট অভ্যুত্থানকালীন সময়ে পুলিশ নিরস্ত্র জনতার ওপর নির্বিচারে গুলি চালিয়ে সহস্রাধিক আন্দোলনকারীকে হত্যা করে। মূলত বেছে বেছে আওয়ামী লীগ যারা করত, তাদেরকেই শেখ হাসিনা পুলিশ বাহিনীতে নিয়োগ দিয়েছিলেন, যাতে ক্ষমতা চিরস্থায়ী করার জন্য পুলিশকে দিয়ে সকল ধরনের অপকর্ম করা যায়। ৫ আগস্টের পর পুলিশের প্রতি মানুষের আস্থা চরম তলানিতে

৪. যমুনা টিভি, ৯ নভেম্বর ২০২৫, নির্বাচনের দিন গণভোটে রাজি হওয়াটা বিএনপির উদারতা: আমীর খসরু / প্রথম আলো, ১২ নভেম্বর ২০২৫, গণভোটের চেয়ে আলুর ন্যায্যমূল্য পাওয়া অনেক বেশি গুরুত্বপূর্ণ: তারেক রহমান।

৫. প্রথম আলো, ২৯ ডিসেম্বর ২০২৫, নির্বাচনের দিন গণভোটে ভোটারদের মন থাকবে?, সোহরাব হোসেনের কলাম।

নামে। জনরোষের ভয়ে অনেক দিন পুলিশ দায়িত্ব পালন করতে আসেনি। এই সময়ে সামনে আসে পুলিশসহ অন্যান্য সামরিক-বেসামরিক বাহিনীর সংস্কারের বিষয়টি। অন্তর্বর্তীকালীন সরকারের সময়েও আনসার বাহিনীকে মাঠে নেমে পরিস্থিতি উত্তপ্ত করতে দেখা যায়। এ অবস্থায় প্রশাসনের বিভিন্ন জায়গায় সংস্কারের প্রশ্ন সামনে আসে।

আওয়ামীপন্থি অনেক পুলিশ অফিসার পালিয়ে যান, অনেকেই আবার জুলাই-আগস্ট হত্যাকাণ্ডের কারণে বিচারের মুখোমুখি হন। এমতাবস্থায় খালি হওয়া পদগুলো পূরণ করার জন্য জুনিয়রদের পদায়ন করা হয়। পুলিশ বাহিনীর বক্তব্যে নিজেদের মধ্যে আত্মসংশোধনের আগ্রহ দেখা যায়। কিন্তু অভ্যুত্থান-পরবর্তী সময়ে দেশব্যাপী তৃণমূল নেতাকর্মীদের অব্যাহত চাঁদাবাজি, দখলবাজি ও হত্যাকাণ্ডের ফলে পুলিশ তার আত্মসংশোধনের ইচ্ছা বাস্তবায়ন করার খুব কমই সুযোগ পাচ্ছে। অনেক জায়গায় অপরাধীকে ধরার কারণে বিএনপি নেতাকর্মীরা থানা ঘেরাও করার মতো ঘটনা ঘটিয়েছে। নিচের সংবাদগুলো দেখলেই তা বোঝা যায়:

- আ'লীগ নেতাকে ছাড়াতে থানায় বিএনপি নেতাকর্মীরা (সমকাল, ১৭ ডিসেম্বর ২০২৫)
- বিএনপি নেতাকর্মীর বিরুদ্ধে থানা ঘেরাও করে ভাঙচুরের অভিযোগে মামলা (বাংলা ট্রিবিউন, ১৭ ফেব্রুয়ারি ২০২৫)
- কোতোয়ালি থানার সাবেক ওসিকে বিএনপি কর্মীদের হেনস্তা, থানা ঘেরাও করে স্লোগান (প্রথম আলো, ০৬ জানুয়ারি ২০২৫)
- থানা ঘেরাও করে আসামি ছিনিয়ে নিলেন বিএনপির নেতা-কর্মীরা (বার্তা ২৪.কম, ১১ জানুয়ারি ২০২৫)

## ▪ রাষ্ট্রপতি অপসারণে বিরোধিতা

৫ আগস্ট গণঅভ্যুত্থান-পরবর্তী সময়ে শেখ হাসিনা পালিয়ে গেলেও তাঁর নিয়োগকৃত রাষ্ট্রপতি শাহাবুদ্দিন চুপ্পু বহাল তবিয়তে রয়েছেন। চুপ্পুকে সরানোর জন্য অভ্যুত্থানে নেতৃত্বদানকারীদের ব্যাপক দাবির মুখেও দেশে 'অনিশ্চয়তা ও শূন্যতা তৈরি হবে'—এই অজুহাতে তাঁকে সরানো হয়নি। চুপ্পুকে সরানোর পথে সবচেয়ে বড় বাধা বিএনপির কাছ থেকেই আসে। চুপ্পুকে সরানোর প্রশ্নে ছাত্র নেতৃত্ব একপায়ে খাড়া থাকলেও বিএনপি বিরোধিতা করে। সমকালের

এক প্রতিবেদনে বলা হয়, 'সাংবিধানিক শূন্যতার আশঙ্কায় আওয়ামী লীগের মনোনীত রাষ্ট্রপতি মো: সাহাবুদ্দিনকে অপসারণে রাজি হয়নি বিএনপি। দলটি সময় নেওয়ার কৌশল নিলেও ছাত্র-জনতার অভ্যুত্থানের নেতারা রাষ্ট্রপতিকে সরাতে অনড় অবস্থানেই রয়েছেন। তবে বিএনপি সূত্র জানিয়েছে, রাষ্ট্রপতিকে অপসারণের চেয়ে দ্রুততম সময়ে নির্বাচন নিশ্চিতেই আগ্রহ তাদের।'[৬]


৬. সমকাল, ২৭ অক্টোবর ২০২৫, রাষ্ট্রপতি অপসারণে রাজি নয় বিএনপি, ছাত্র নেতৃত্ব অনড়।

## দ্বিতীয় অধ্যায়

# হত্যাকাণ্ড

# হত্যাকাণ্ড

দেশের রাজনৈতিক ইতিহাসে বিএনপির খুন-হত্যার অভিযোগ বারবার জনমনে গভীর উদ্বেগ তৈরি করেছে। দলীয় আধিপত্য বিস্তার, অভ্যন্তরীণ কোন্দল, চাঁদাবাজি ও ক্ষমতার দখলকে কেন্দ্র করে বিভিন্ন সময়ে সংঘটিত হত্যাকাণ্ড রাষ্ট্রের আইনশৃঙ্খলা পরিস্থিতিকে প্রশ্নের মুখে ফেলেছে। রাজনৈতিক কর্মসূচির নামে সংঘর্ষ, বিরোধী দল দমন, সাক্ষী ও ভিন্নমত দমনে সহিংসতার অভিযোগ গণতন্ত্রের জন্য অশনিসংকেত। মাঠপর্যায়ে নেতাকর্মীদের হাতে সাধারণ মানুষ ও রাজনৈতিক প্রতিপক্ষের প্রাণহানির ঘটনাও আলোচিত হয়েছে। ২০২৪ সালের ৫ আগস্ট ফ্যাসিস্ট শেখ হাসিনাকে পদচ্যুত করার পর থেকে ২০২৫ সালের ১৮ অক্টোবর জুলাই বিপ্লবের ৫০০ দিনে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের হাতে খুনের শিকার হয়েছে ২১২ জন। এর মধ্যে অন্য রাজনৈতিক দলের নেতাকর্মী ২২ জন, সাধারণ মানুষ ৪৭ জন এবং দলীয় কোন্দলে খুন হয়েছেন ১৪৩ জন।





## ■ অন্য রাজনৈতিক দলের নেতাকর্মী হত্যা

**১. গৌরনদীতে ছাত্রলীগ কর্মীকে পিটিয়ে হত্যার অভিযোগ ছাত্রদলের বিরুদ্ধে**

চাঁদা না দেওয়ায় বরিশালের গৌরনদীর বার্থী ইউনিয়ন ছাত্রলীগের কর্মী রাশেদ শিকদারকে (২২) পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে ইউনিয়ন ছাত্রদলের নেতা-কর্মীর বিরুদ্ধে। ১৬ আগস্ট শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটায় হত্যার ঘটনা ঘটে। এ ঘটনায় ১৭ আগস্ট শনিবার নিহত ব্যক্তির বড় ভাই রাসেল শিকদার বাদী হয়ে বার্থী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি মো: আল আমিনসহ পাঁচজনের নাম উল্লেখ করে গৌরনদী মডেল থানায় হত্যা মামলা করেন। নিহত রাশেদ শিকদার গৌরনদী উপজেলার বার্থী ইউনিয়নের বড়দুলালী গ্রামের কালাম শিকদারের ছেলে। প্রথম আলো, ১৭ আগস্ট ২০২৪

### ২. ছাত্রদলকর্মী-সমন্বয়ক মিলে তিন দফা পিটিয়ে হত্যা করে সাবেক ছাত্রলীগ নেতা শামীমকে



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) গতকাল বুধবার বিকেল থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত তিন দফায় পেটানো হয় বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সাবেক শিক্ষার্থী ও জাবি শাখা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক শামীম মোল্লাকে। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও দেখে ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে জানা গেছে, মৃত্যুর আগে তিন স্থানে তিন দফায় পেটানো হয় শামীমকে। এমনকি বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও উপাচার্যের সামনেও তাকে পেটানো হয়। ভিডিও ফুটেজ পর্যালোচনা করে শামীমকে পিটিয়েছে এমন তিন শিক্ষার্থীর পরিচয় নিশ্চিত হয়েছে দ্য ডেইলি স্টার। তারা হলেন- বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আহসান লাবীব, ছাত্রদলকর্মী এবং সরকার ও রাজনীতি বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের রাজু আহমেদ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের আতিক। ডেইলি স্টার, ১৯ সেপ্টেম্বর ২০২৪

### ৩. লক্ষ্মীপুরে আওয়ামী লীগ নেতাকে পিটিয়ে হত্যা



লক্ষ্মীপুর সদর উপজেলায় বাড়িতে ঢুকে নুর আলম (৫০) নামের এক আওয়ামী লীগ নেতাকে পিটিয়ে হত্যা করা হয়েছে। ২২ সেপ্টেম্বর রোববার রাত ৯টার দিকে লক্ষ্মীপুর সদর উপজেলার চন্দ্রগঞ্জ ইউনিয়নের পাঁচপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনার জন্য খোকন নামে স্থানীয় এক বিএনপি কর্মীকে দায়ী করেছে নিহতের পরিবার। হামলার সময় নিহতের ছেলে আরিফ তাকে চিনে ফেলেন। নুর আলম পাঁচপাড়া ইউনিয়নের আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ছিলেন। বাড়ির পাশের একটি দরজির দোকানে পোশাক সেলাইয়ের কাজ করতেন তিনি। বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম, ২৩ সেপ্টেম্বর ২০২৪

### ৪. কুষ্টিয়ায় বিএনপি নেতাদের হামলায় দুই ভাই হামিদ ও নজরুল গাইন নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে পূর্বশত্রুতার জেরে প্রতিবেশীদের হামলায় দুই ভাই নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও অন্তত পাঁচজন। বুধবার (৩০ অক্টোবর) বিকেলে উপজেলার আড়িয়া ইউনিয়নের ছাতারপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। নিহত দুজন হলেন হামিদ গাইন (৪৮) ও নজরুল গাইন (৫৫)। তাঁরা ওই এলাকার মৃত রমজান গাইনের ছেলে। নিহত নজরুল ও হামিদ মণ্ডলের

ভাতিজা সুজন ইসলাম বলেন, 'যারা হামলা করেছে, তাদের সঙ্গে আমাদের বংশগত বিরোধ রয়েছে। আমরা আওয়ামী লীগ সমর্থন করি, আর প্রতিপক্ষের লোকজন বিএনপি করে। তথ্যসূত্র: আজকের পত্রিকা, ৩০ অক্টোবর ২০২৪

### ৫. যশোরে এক ভাইকে হত্যার ২২ বছর পর আরেক ভাই হত্যার শিকার



যশোরের চৌগাছা উপজেলার সিংহঝুলি ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি আনিসুর রহমানকে কুপিয়ে হত্যা করা হয়েছে। ২৯ অক্টোবর মঙ্গলবার রাতে তাঁকে কুপিয়ে জখম করা হয়। আজ বুধবার সকালে যশোর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। ২২ বছর আগে হত্যাকাণ্ডের শিকার হন আনিসুরের ভাই সিংহঝুলি ইউনিয়ন পরিষদের (ইউপি) তৎকালীন চেয়ারম্যান আশরাফ হোসেন। নিহত আনিসুরের ছোট ভাই আশিকুর রহমান অভিযোগ করেন, তাঁদের ভাই আশরাফ হত্যা মামলার আসামি বিএনপি সমর্থক লেন্টু, ওহিদুল, হাদি, আমিন ও কোরবানের নেতৃত্বে ১০-১২ জন আনিসুরকে হত্যা করেছে। চৌগাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে থাকা উপপরিদর্শক মেহেদি হাসান বলেন, এটি রাজনৈতিক হত্যাকাণ্ড। ২২ বছর ধরে এই ইউনিয়নে খুনোখুনি চলে আসছে। প্রথম আলো, ৩০ অক্টোবর ২০২৪

### ৬. ফেনীতে ছুরিকাঘাতে কলেজছাত্র নিহত



ফেনীর পরশুরামে আগের বিরোধকে কেন্দ্র করে এমরান হোসেন নামের এক কলেজছাত্রকে ছুরিকাঘাতে হত্যা করা করেছে। ১৪ নভেম্বর বৃহস্পতিবার বিকেলে উপজেলার বক্সমাহমুদ  ইউনিয়নে দক্ষিণ কেতরাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটেছে। নিহত এমরান হোসেন পরশুরাম সরকারি কলেজের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী ছিলেন। স্থানীয় লোকজন ও পুলিশ সূত্রে জানা যায়, স্থানীয় রাজনীতিকে কেন্দ্র করে একই এলাকার রফিকুল ইসলাম ওরফে রনির সঙ্গে এমরান হোসেনের বিরোধ চলছিল। গত ৫ আগস্টের রাতেও এমরানকে এক দফায় মারধর করা হয়। রফিকুল আগে আওয়ামী লীগের নেতাদের সঙ্গে চলাফেরা করলেও এখন নিজেকে ছাত্রদলের কর্মী হিসেবে পরিচয় দেন। অন্যদিকে এমরান নিষিদ্ধঘোষিত ছাত্রসংগঠন ছাত্রলীগের সমর্থক ছিলেন। তাঁর বড় ভাই তসলিম হোসেন স্থানীয় খন্ডল স্কুল ও কলেজ ছাত্রলীগের সভাপতি। প্রথম আলো, ১৪ নভেম্বর ২০২৪

## ৭. যশোরে চায়ের দোকান থেকে তুলে নিয়ে আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে হত্যা বিএনপি নেতার



যশোরের অভয়নগর উপজেলায় এক আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে হত্যা করা হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যায় দুর্বৃত্তরা চায়ের দোকান থেকে তাঁকে ধরে নিয়ে যায়। রাতে উপজেলার নওয়াপাড়া বুড়িরঘাট এলাকায় আয়কর অফিসের পেছনে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাঁকে ফেলে রেখে যায়। এলাকার লোকজন তাঁকে উদ্ধার করে রাত ১০টা ১৫ মিনিটের দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। নিহত আওয়ামী লীগ নেতার নাম জিয়াউদ্দিন পলাশ (৪৫)। তিনি নওয়াপাড়া পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ছিলেন। এ ছাড়া তিনি ওই ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ছিলেন। এ ঘটনায় এলাকার লোকজন রইচ সিকদার (৩৫) নামের এক ব্যক্তিকে পিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করেছেন। রইচ উপজেলার নওয়াপাড়া গ্রামের সিদ্দিক সরদারের ছেলে। তিনি নওয়াপাড়া পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড বিএনপির প্রচার সম্পাদক। এ ছাড়া তিনি নওয়াপাড়া পৌর যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য। প্রথম আলো, ২৯ ডিসেম্বর ২০২৪

## ৮. কুষ্টিয়ায় বিদ্যালয়ের কমিটি নিয়ে বিএনপি নেতা-কর্মীদের সঙ্গে সংঘর্ষে আহত জামায়াত কর্মীর মৃত্যু



কুষ্টিয়ার মিরপুরে একটি মাধ্যমিক বিদ্যালয়ের অ্যাডহক কমিটি গঠন নিয়ে বিএনপি ও জামায়াতের নেতা-কর্মীদের সংঘর্ষে জামায়াতের আহত এক কর্মী মারা গেছেন। মারা যাওয়া খোকন আলী মোল্লা (৩৫) মিরপুর উপজেলার বুরাপাড়া গ্রামের নওশের আলী মোল্লার ছেলে। তিনি জামায়াতের কর্মী ছিলেন। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, আমলা ইউনিয়নের বুড়াপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের অ্যাডহক কমিটি গঠন নিয়ে কয়েক দিন ধরেই ইউনিয়ন জামায়াতের আমির নাসিম রেজা (মুকুল) ও স্থানীয় বিএনপির কর্মী রাশেদ মাহমুদের (নাসির) মধ্যে বিরোধ চলে আসছিল। তাঁরা দুজনেই কমিটির আহ্বায়ক প্রার্থী ছিলেন। প্রথম আলো, ১৩ জানুয়ারি ২০২৫

## ৯. বাউফলে ছাত্রদল নেতার নেতৃত্বে শ্রমিক লীগ কর্মীকে ছুরিকাঘাতে হত্যা

পটুয়াখালীর বাউফলে মো: সুজন হাওলাদার (৩০) নামের এক অটোরিকশা চালককে পিটিয়ে ও ছুরিকাঘাত করে হত্যা করা হয়েছে। ২৭ জানুয়ারি সোমবার



সন্ধ্যায় উপজেলার কনকদিয়া ইউনিয়নের নারায়নপাশা এলাকায় এ হত্যাকাণ্ড ঘটে। নিহত সুজন উপজেলার মদনপুরা ইউনিয়নের দ্বিপাশা গ্রামের নবী আলী হাওলাদারের ছেলে। তিনি অটোরিকশা চালাতেন। তিনি শ্রমিক লীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন। সুজনের বাবা নবী আলী হাওলাদার অভিযোগ করেন, উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো: মুনঈমুল ইসলাম ওরফে মিরাজের (৩০) নেতৃত্বে তাঁর ছেলেকে পিটিয়ে ও ছুরিকাঘাত করে হত্যা করা হয়েছে। প্রথম আলো, ২৭ জানুয়ারি ২০২৫

**১০. মাদারীপুরে মসজিদে দুই ভাইসহ ৩ জন খুন**

মাদারীপুর জেলার সদর উপজেলায় আপন দুই ভাইসহ তিনজনকে মসজিদের ভেতরে কুপিয়ে হত্যার ঘটনা ঘটে। স্থানীয়দের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী, শনিবার বেলার এগারটার দিকে তিন ভাইকে কুপিয়ে হত্যার ঘটনা ঘটে জেলার সদর উপজেলার খোয়াজপুর ইউনিয়নে সরদার বাড়ির সামনের মসজিদে। এরপর রক্তাক্ত মসজিদের ফ্লোরের ছবি ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে সামাজিক মাধ্যমে। নিহতরা হলেন- আপন দুই ভাই আতাউর রহমান সরদার ও সাইফুল ইসলাম সরদার এবং তাদের চাচাতো ভাই পলাশ সরদার। ঘটনার আহত হওয়ার ৯ দিন পর ১৮ মার্চ মারা যায় আতাউর ও সাইফুলের পড়শি চাচাতো ভাই তাজেল হাওলাদার। নিহত সাইফুল ইসলাম সেখানকার ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের নেতা ছিলেন। আওয়ামী লীগ আমলে বাজার ইজারা ও বালুর ব্যবসাসহ বিভিন্ন খাতের নিয়ন্ত্রণ ছিলো সাইফুল সরদারের হাতে। গত বছর আগস্টে সরকার পরিবর্তনের পর মোল্লা বাড়ির শাজাহান মোল্লাসহ কয়েকজন এসব খাতের নিয়ন্ত্রণ নেয়ার চেষ্টা করলে দু'পক্ষের মধ্যে নতুন করে বিরোধের সূচনা হয়। শাজাহান মোল্লা স্থানীয় বিএনপির রাজনীতির সঙ্গে জড়িত বলে স্থানীয়রা জানিয়েছেন। বিবিসি, ৯ মার্চ ২০২৫

**১১. নরসিংদীতে আ.লীগ-বিএনপি সংঘর্ষে নিহত ২**

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে নরসিংদীর রায়পুরায় আওয়ামী লীগ ও বিএনপি কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে দুজন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ১০ জন। গতকাল ভোরে রায়পুরা উপজেলার চাঁনপুর ইউনিয়নের মোহিনীপুর গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে। নিহতরা হলেন রায়পুরা উপজেলার চাঁনপুর ইউনিয়নের মোহিনীপুর গ্রামের খোরশেদ মিয়ার ছেলে আমিন (২৩) ও একই গ্রামের বারেক হাজির ছেলে বাশার (৩৫)। তারা দুজনই আওয়ামী লীগ নেতা সালাম মিয়ার সমর্থক। বণিক বার্তা, ২২ মার্চ ২০২৫

### ১২. পিটুনিতে যুবলীগ নেতার মৃত্যু



নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় বেধড়ক পিটুনির পর এক যুবলীগ নেতার মৃত্যু হয়েছে। তাঁর নাম আবদুল কাদের ওরফে মিলন (৩৫)। তিনি উপজেলার চর হাজারী ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ছিলেন। গতকাল শুক্রবার রাতে উপজেলার চর পার্বতী ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের আবদুর রহিম এতিমখানা এলাকায় তাঁকে পেটানো হয়। পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে আজ শনিবার সকাল সাড়ে নয়টার দিকে ঢাকার যাত্রাবাড়ী এলাকায় তাঁর মৃত্যু হয়েছে। জানা গেছে, ঠিকাদারী ব্যবসার লেনদেন নিয়ে স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের লোকজনের সঙ্গে ওই নেতার বিরোধ ছিল। প্রথম আলো, ১২ এপ্রিল ২০২৫

### ১৩. নরসিংদীতে বিএনপি কর্মীর বিরুদ্ধে ইউপি সদস্যকে কুপিয়ে হত্যা অভিযোগ



নরসিংদী সদর উপজেলার আলোকবালী ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য আমির সরকারকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে বিএনপি কর্মীদের বিরুদ্ধে। আজ মঙ্গলবার দুপুরে আলোকবালী উত্তরপাড়ায় এ ঘটনা ঘটে। নিহত আমির সরকার আলোকবালী ইউনিয়নের তিন নম্বর ওয়ার্ড সদস্য ও সাবেক ইউনিয়ন শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, একই গ্রামের বিএনপিকর্মী আব্দুল জব্বার মিয়ার সঙ্গে ইউপি সদস্য পদে নির্বাচন নিয়ে বিরোধ ছিল আমিরের। ২০২১ সালে একই ওয়ার্ডে আব্দুল জব্বারের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করে আমির সরকার ইউপি সদস্য পদে জয়ী হন। নরসিংদী সদর থানার ওসি মোহাম্মদ এমদাদুল হক বলেন, 'পূর্ব শত্রুতা ও আধিপত্যকে কেন্দ্র করে আমির ও জব্বারের মধ্যে দীর্ঘ বিরোধ থেকে আমিরকে কুপিয়ে হত্যা করা হয়েছে।' ডেইলি স্টার, ২২ এপ্রিল ২০২৫

### ১৪. টাঙ্গাইলে আ. লীগ নেতাকে কুপিয়ে হত্যা বিএনপি নেতার বিরুদ্ধে



টাঙ্গাইলের ধনবাড়ীতে মিজানুর রহমান (৪০) নামের আওয়ামী লীগের এক নেতাকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে। শুক্রবার রাতে উপজেলার ভাইঘাট বাসস্ট্যান্ড এলাকায় এই ঘটনা ঘটে। নিহত মিজানুর রহমান ধোপাখালী ইউনিয়ন আওয়ামী লীগের ৮ নম্বর ওয়ার্ড সাধারণ সম্পাদক ছিলেন। জানা গেছে, দেড়

শতাংশ জমি নিয়ে বিএনপি নেতা আলামিনের সঙ্গে তার বিরোধ ছিল। শুক্রবার সন্ধ্যার দিকে মিজানুর রহমান একটি দোকানে চা পান করতে যান। এ সময় আলাামিন তাকে ডেকে নিয়ে অন্যস্থানে যান। পরে কয়েকজন মিলে তাকে কুপিয়ে ও পিটিয়ে আহত করে শভপল মসজিদের সামনে ফেলে রেখে যায়। কালের কণ্ঠ, ৩ মে ২০২৫

## ১৫. সংঘর্ষে যুবলীগ নেতা নিহত, বিএনপি নেতার ভাইয়ের বাড়িতে আগুন দিলেন স্বজনেরা



সিলেটের বালাগঞ্জে আধিপত্য ও প্রভাব বিস্তার নিয়ে সংঘর্ষে দা দিয়ে কোপানোর পর লয়লুছ মিয়া নামে এক যুবলীগ নেতা নিহত হয়েছেন। গত শনিবার দুপুরে উপজেলার সিরিয়া গ্রামে এই সংঘর্ষ হয়। গতকাল রোববার রাত সাড়ে ১০টার দিকে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ওই যুবলীগ নেতার মৃত্যু হয়। লয়লুছের মৃত্যুর পর তাঁর ক্ষুব্ধ স্বজনেরা উপজেলা বিএনপির সহসভাপতি ইউনুস আলীর সৎভাই সুমন মিয়ার বাড়িতে আগুন ধরিয়ে দেন। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, গত শনিবার দুপুরে বালাগঞ্জ উপজেলা সদরে নৌকায় পারাপারকে কেন্দ্র করে দুই পক্ষের বাগ্‌বিতণ্ডা হয়। এর জের ধরে বালাগঞ্জ সদর ইউনিয়ন যুবলীগের সভাপতি লয়লুছ মিয়া এবং উপজেলা বিএনপির সহসভাপতি ইউনুস আলীর সৎভাই সুমন মিয়ার স্বজনদের সংঘর্ষ শুরু হয়। প্রথম আলো, ১২ মে ২০২৫

## ১৬. নোয়াখালীতে ডেকে নিয়ে যুবলীগ কর্মীকে খুন করে বিএনপির কর্মীরা



নোয়াখালীর সোনাইমুড়ীতে জাকির হোসেন (৪০) নামে এক যুবলীগ কর্মীর মরদেহসহ দুই ব্যক্তিকে আটক করেছে স্থানীয়রা। মঙ্গলবার (১৩ মে) বিকেলে বেগমগঞ্জের পলোয়ানের পোল এলাকা থেকে মরদেহটি উদ্ধার করা হয়। এর আগে দুপুরে সোনাইমুড়ীর সোনাপুর ইউনিয়নের কোটবাড়িয়া এলাকা থেকে তাকে তুলে নেওয়া হয়। এলাকাবাসী জানায়, ট্রাক প্রতি দুইশো টাকা কমে মাটি বিক্রির দ্বন্দ্বে এ হত্যাকাণ্ড ঘটেছে। নিহতের পারিবারিক সূত্র জানায়, মাটি ব্যবসা নিয়ে দ্বন্দ্ব মেটাতে বিএনপি কর্মী বাবু, নজরুল, সাদ্দাম ও তুহিন দুপুরে জাকিরকে বাড়ি থেকে ডেকে নিয়ে যান। পরে তাকে শ্বাসরোধ করে মরদেহ বেগমগঞ্জের পলোয়ানের পোল এলাকায় রাস্তার পাশে ফেলে দেওয়ার সময় বাবু

ও সিএনজিচালিত অটোরিকশার এক চালককে আটক করা হয়। জাগো নিউজ, ১৪ মে ২০২৫

## ১৭. রাজশাহীতে আত্মগোপন থেকে বাড়ি ফিরে নির্যাতনের শিকার আওয়ামী লীগ নেতার মৃত্যু



রাজশাহীর পুঠিয়া উপজেলায় আত্মগোপন থেকে বাড়ি ফিরে নির্যাতনের শিকার অলিউজ্জামান ওরফে মন্টু নামের এক আওয়ামী লীগ নেতার মৃত্যু হয়েছে। ঘটনার প্রায় চার মাস পর ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় ২৩ মে শুক্রবার বিকেলে তিনি মারা যান। পেশায় একটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক অলিউজ্জামান কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের বানেশ্বর ইউনিয়ন শাখার সভাপতি ছিলেন। রাজশাহী-৫ (পুঠিয়া-দুর্গাপুর) আসনের আওয়ামী লীগ দলীয় সাবেক সংসদ সদস্য আবদুল ওয়াদুদের চাচা। পারিবারিক সূত্রে জানা গেছে, অলিউজ্জামান গত ৫ আগস্ট সরকার পরিবর্তনের পর ২ জানুয়ারি রাতে তিনি বাড়িতে ফিরেছিলেন। ৪ জানুয়ারি সকাল ১০টার দিকে তিনি পাশের মাইপাড়া বাজারে চা পান করতে গিয়েছিলেন। সেখান থেকে তাঁকে ধরে নিয়ে গিয়ে বিড়ালদহ বাজারের পাশে নন্দনপুর সড়কে একটি বিদ্যুতের খুঁটির সঙ্গে বেঁধে বেধড়ক পিটুনি দেওয়া হয়। স্থানীয় বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত মিঠুন, আহসান ও সীমান্ত এই হামলায় নেতৃত্ব দিয়েছেন বলে জানিয়েছিলেন অলিউজ্জামানের ভাতিজা আবু হানিফ। প্রথম আলো, ২৩ মে ২০২৫

## ১৮. জামায়াত নেতাকে হত্যার অভিযোগ যুবদল-স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মীদের বিরুদ্ধে

লক্ষ্মীপুরে মাওলানা কাউসার আহমেদ নামে জামায়াতে ইসলামীর এক ওয়ার্ড সভাপতিকে হত্যার অভিযোগ উঠেছে যুবদল ও স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মীদের বিরুদ্ধে। এতে গুরুতর আহত হয়েছেন আরও ৩ জন। বৃহস্পতিবার (৫ জুন) রাজিবপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত কাউসার লক্ষ্মীপুর সদরের ৬ নং ভাঙ্গাখাঁ ইউনিয়নের ১ নং ওয়ার্ড জামায়াতে ইসলামীর ওয়ার্ড সভাপতি ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, লক্ষ্মীপুরের রাজিবপুর গ্রামে ইয়াবা ব্যবসায় বাধা দেওয়ার কারণে স্থানীয় যুবদল নেতা সোহাগ ও স্বেচ্ছাসেবক দল নেতা রিয়াদের নেতৃত্বে তাদের অনুসারীরা মাওলানা কাউসারের ওপর হামলা চালায়। তথ্যসূত্রঃ ডেইলি ক্যাম্পাস, ৬ জুন ২০২৫

## ■ সাধারণ মানুষ হত্যা

**১. আধিপত্য নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, নিহত কলেজছাত্র**

গাজীপুর মহানগরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপি সমর্থিত দুই পক্ষের সংঘর্ষে মো: ফাহিম নামে (২৫) এক কলেজছাত্র নিহত হয়েছেন। এ ঘটনায় আরও অন্তত ৪-৫ জন আহত হয়েছেন। শুক্রবার (৩০ আগস্ট) দিবাগত রাতে জেলা শহরের উত্তর ছায়াবিথীর হাক্কানী এলাকায় এই সংঘর্ষের ঘটনা ঘটে। নিহতের বাড়ি নগরের মুন্সি পাড়া এলাকায়। তথ্যসূত্র: আরটিভি নিউজ, ৩১ আগস্ট ২০২৪

**২. হাজীগঞ্জে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত তরুণের মৃত্যু, কমিটি বিলুপ্ত**



চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলার আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গতকাল শুক্রবার বিএনপির দুই পক্ষের সংঘর্ষ হয়। এ সময় সায়মন (২০) নামে আহত এক তরুণ চিকিৎসাধীন অবস্থায় শনিবার সন্ধ্যায় ঢাকার এক বেসরকারি হাসপাতালে মারা গেছেন। সংঘর্ষের ওই ঘটনায় আহত হন আরও ৩০ জন। সায়মন হাজীগঞ্জ পৌর এলাকার বিলবাড়িয়ার মো: ইউনুসের ছেলে। প্রথম আলো, ২১ সেপ্টেম্বর ২০২৪

**৩. মোটরসাইকেলের ধাক্কাড দুই পক্ষের সংঘর্ষ, বোমা হামলায় ব্যবসায়ী নিহত**



মাদারীপুরে আধিপত্য বিস্তার নিয়ে দুই পক্ষের সংঘর্ষে এক ব্যবসায়ী নিহত হয়েছেন। এ সময় বোমা বিস্ফোরণ, দুটি বসতঘরে আগুন ও ২০টি ব্যবসাপ্রতিষ্ঠানে ভাঙচুর ও লুটপাট করা হয়। গতকাল শনিবার রাত আটটার দিকে শহরের চরমুগরিয়া বাজারে এ ঘটনা ঘটে। নিহত ইকবাল ব্যাপারী (৩০) চরমুগরিয়া মাস্টারকোলনি এলাকার সোলেমান ব্যাপারীর ছেলে। তাঁর কসমেটিকসের দোকান ছিল। এ ঘটনায় উভয় পক্ষে আহত হয়েছেন অন্তত ১০ জন। প্রথম আলো, ২২ সেপ্টেম্বর ২০২৪

**৪. গাজীপুরে নৃশংশভাবে যুবককে হত্যা করেছে বিএনপি নেতার**

গাজীপুরের শ্রীপুরে চোর সন্দেহে মো: ইসরাফিল (২৪) নামে এক নির্মাণ শ্রমিককে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে বিএনপি নেতা ও তার লোকজনের



বিরুদ্ধে। বৃহস্পতিবার (২৬ সেপ্টেম্বর) দুপুরে গাজীপুরে শহিদ তাজউদ্দিন আহমেদ মেডিক্যাল কলেজ হাপাতালে চিকিৎসাধীন ইসরাফিলের মৃত্যু হয়। গত ১৩ সেপ্টেম্বর নিজ ঘর থেকে তুলে নিয়ে হাত-পা বেঁধে প্রথমে পিটিয়ে ও পরে গায়ে গরম পানি ঢেলে নির্যাতন করা হয় ইসরাফিলকে। নিহত ইসরাফিল উপজেলার গাজীপুর ইউনিয়নের বাঁশবাড়ি গ্রামের মোঃ নাসির উদ্দেনের ছেলে। মূল অভিযুক্ত কামরুল হাসান লিটন (৫০) গাজীপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক। কালের কণ্ঠ, ২৭ সেপ্টেম্বর ২০২৪

**৫. গাজীপুরে যুবদল নেতার ভাইকে পিটিয়ে হত্যায় কৃষক দল নেতার বিরুদ্ধে**



গাজীপুরের কালীগঞ্জে যুবদল নেতার ভাইকে পিটিয়ে হত্যার অভিযোগ পাওয়া গেছে কৃষক দল নেতার বিরুদ্ধে। গতকাল বুধবার রাত ৮টার দিকে গাজীপুরের কালীগঞ্জ উপজেলার মুক্তারপুর এলাকায় এ ঘটনা ঘটে। নিহত ব্যক্তি হলেন মুক্তারপুর এলাকার গিয়াস উদ্দিনের ছেলে জাহিদুল হক ওরফে শ্যামল (৫০)। তিনি মাছ ও পোলট্রি মুরগির ব্যবসা করতেন। প্রথম আলো, ৩ অক্টোবর ২০২৪

**৬. ঢাকার মহানগর প্রজেক্টে ফ্ল্যাটের ভাগাভাগি নিয়ে হত্যা, গ্রেপ্তার ৫**



রাজধানীর হাতিরঝিল এলাকায় নির্মাণাধীন একটি ফ্ল্যাটে এক ব্যক্তিকে হত্যার ঘটনায় পাঁচজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার সকালে এই হত্যার ঘটনা ঘটে। বাড়ি নির্মাণ ও ফ্ল্যাট ভাগাভাগি নিয়ে আবাসন নির্মাতা প্রতিষ্ঠানের সঙ্গে বিরোধের জেরে জমির মালিকের ছেলেকে হত্যা করা হয় বলে জানিয়েছে পুলিশ। নিহত ব্যক্তির নাম তানজিল জাহান ইসলাম ওরফে তামিম (৩৪)। তিনি বেসরকারি টেলিভিশন চ্যানেল দীপ্ত টিভির সম্প্রচার কর্মকর্তা এবং জমির মালিক সুলতান আহমেদের ছেলে। প্রথম আলো, ১১ অক্টোবর ২০২৪

**৭. পঞ্চগড়ে আহত নৈশ্য প্রহরীর মৃত্যু, যুবদল নেতাসহ আটক ৫**

পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলায় ডাকাতির আক্রমণে আহত নৈশ্য প্রহরী লাবু

ইসলাম চিকিৎসাধীন অবস্থায় নিহত হয়েছেন। বৃহস্পতিবার (২৪ অক্টোবর) দুপুরে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় নিহত হন তিনি। নিহত লাবু দেবীগঞ্জ পৌর কামাতপাড়া এলাকার ভোলা মিস্ত্রির ছেলে। ডাকাতির ঘটনায় করা মামলায় যৌথবাহিনীর অভিযানে পাঁচ জনকে আটক করেছে দেবীগঞ্জ থানা পুলিশ। আটককৃতরা হলেন- দেবীগঞ্জ উপজেলা সদরের পৌর যুবদলের সিনিয়র যুগ্ম আহবায়ক আজিজুল বারী সোহেল, সাবেক ছাত্র লীগের সদস্য সাজু, শ্রমিক দলের জাকির হোসেন, সমির উদ্দীন, হৃদয় ওরফে বেলি। ইনকিলাব, ২৪ অক্টোবর ২০২৪

**৮. বাগেরহাটে বিরোধের জেরে যুবক খুন, তীর বিএনপি নেতার দুই মামার দিকে**



বাগেরহাটের কচুয়ায় জমিসংক্রান্ত বিরোধের জেরে পলাশ শেখ (৩৬) নামের এক যুবককে পিটিয়ে ও কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে। গতকাল মঙ্গলবার রাতে কচুয়া উপজেলার ফতেপুর বাজারে এ ঘটনা ঘটে। নিহত যুবকের মা হেলেনা বেগমের দাবি, তাঁর দুই ভাই ও স্থানীয় বিএনপি নেতা আবদুর রব ও কবির হোসেনের নির্দেশে পলাশকে হত্যা করে দুর্বৃত্তরা। আর পুলিশ বলছে, নিজেদের মধ্যে বিরোধ থেকে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটতে পারে। অভিযুক্ত ব্যক্তিরা হলেন চাকরিচ্যুত সাবেক সেনাসদস্য ও কচুয়া উপজেলা বিএনপির সাবেক সহসভাপতি আবদুর রব এবং তাঁর ভাই ও স্থানীয় ওয়ার্ড বিএনপির সভাপতি কবির হোসেন। প্রথম আলো, ৩০ অক্টোবর ২০২৪

**৯. টেকনাফে যুবককে গুলি করে হত্যা, অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে**



কক্সবাজারের টেকনাফে হোয়াইক্যংয়ে আবদুর রহমান (৩০) নামের এক যুবককে গুলি করে হত্যা করা হয়। গতকাল রোববার রাত সাড়ে ১০টার দিকে উপজেলা নয়াবাজার এলাকায় এ ঘটনা ঘটে। নিহত ব্যক্তির পরিবারের সদস্যদের দাবি, টেকনাফ উপজেলার হোয়াইক্যং ইউনিয়নের যুবদল নেতা মুহাম্মদ জাকারিয়ার নেতৃত্বে এ হত্যার ঘটনা ঘটেছে। হত্যাকাণ্ডে যুবদল নেতা মোঃ জাহেদ হোসেনসহ অনেকে অংশ নেন। এলাকার লোকজন ও নিহত আবদুর রহমানের পরিবারের সদস্যরা প্রথম আলোকে বলেন, বদি আলম নামের স্থানীয় এক ব্যক্তির সঙ্গে আবদুর রহমানের সন্ধ্যার দিকে কথা-

কাটাকাটি হয়। এরপর আবদুর রহমান বাড়িতে চলে যান। পরে ফোন করে তাঁকে ডেকে নিয়ে যাওয়া হয়। যুবদল নেতা জাকারিয়ার নেতৃত্বে তাঁকে গুলি করে এবং দা দিয়ে কুপিয়ে জখম করা হয়। গুলির শব্দ শুনে স্থানীয় লোকজন জড়ো হলে দুর্বৃত্তরা পালিয়ে যায়। প্রথম আলো, ১৮ নভেম্বর ২০২৪

### ১০. রাজবাড়ীতে কলেজছাত্র তানভীর হত্যা মামলায় ছাত্রদল নেতা গ্রেপ্তার, আদালতে স্বীকারোক্তি



রাজবাড়ীতে কলেজছাত্র তানভীর শেখ হত্যা মামলায় জাহিদুল ইসলাম ওরফে জিসান নামের এক আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত রোববার রাত ১১টার দিকে ঢাকার কেরানীগঞ্জ এলাকা থেকে গ্রেপ্তার হন জাহিদুল। জাহিদুলের স্বীকারোক্তির পরিপ্রেক্ষিতে রাজবাড়ী সদর উপজেলার সোনাকান্দর কবরস্থান থেকে হত্যাকাণ্ডে ব্যবহৃত একটি সুইচ গিয়ার ও চাপাতি উদ্ধারের দাবি করেছে পুলিশ। হত্যাকাণ্ডের দায় স্বীকার করে ১৮ নভেম্বর সোমবার সন্ধ্যায় আদালতে ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছেন জাহিদুল। গ্রেপ্তার জাহিদুল রাজবাড়ী পৌর ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক। তানভীর হত্যা মামলায় তিনি ২ নম্বর আসামি। অন্যদিকে তানভীর (২১) রাজবাড়ী পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড বিনোদপুর মহল্লার বাসিন্দা ও একই ওয়ার্ড ছাত্রলীগের বিলুপ্ত কমিটির সাবেক সাধারণ সম্পাদক ছিলেন। প্রথম আলো, ১৯ নভেম্বর ২০২৪

### ১১. কাপ্তানবাজারে পূর্ব শত্রুতার জেরে যুবককে কুপিয়ে হত্যা



রাজধানীর কাপ্তানবাজার এলাকায় পূর্ব শত্রুতার জেরে আল আমিন (২৭) নামে এক যুবককে কুপিয়ে হত্যার ঘটনা ঘটেছে। এই ঘটনায় ছোট ভাই সুমন ও বিজয় গুরুতর আহত হয়েছে। বুধবার বিকেলে এ ঘটনা ঘটে। হতাহতদের বাসা ওয়ারী থানার বসুবাজার শক্তি গেট এলাকায়। তাদের বাবার নাম আব্দুল মান্নান। হাসপাতালে চিকিৎসাধীন সুমন বলেন, তাদের কাপ্তান বাজারে 'নাটোর বনজ স্টোর' নামে একটি শরবতের দোকান আছে। সাত-আট মাস আগে দোকানের সামনে মোটরসাইকেল রাখাকে কেন্দ্র করে বাকবিতণ্ডা হয়। আগের ঘটনার জের ধরে বুধবার সোহান নামের একজনসহ সাত আট জনকে নিয়ে আমাদের দোকানে এসে হামলা ও ভাঙচুর

চালায়। আমার ছোট ভাই বাধা দিলে আরও ৩০-৪০ জন নিয়ে এসে আমাদের এলোপাথাড়ি কোপাতে থাকে এবং রড দিয়ে পেটানো শুরু করে। আমার মাকেও মারপিট করে। তিনজনকে গুরুতর অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেলে নিয়ে গেলে চিকিৎসক আল আমিনকে মৃত ঘোষণা করেন। হামলাকারীরা সবাই স্থানীয় বিএনপির রাজনীতির সঙ্গে জড়িত। তাদের দেখলে চিনতে পারবেন বলে জানান তিনি। যুগান্তর, ৫ ডিসেম্বর ২০২৪

## ১২. মাদক না পেয়ে যুবককে হত্যা করল ছাত্রদল নেতা



বরগুনার তালতলীতে মাদক বেচাকেনা নিয়ে দন্দের জেরে মো: আরাফাত খান (২২) নামে এক যুবককে কুপিয়ে হত্যা করা হয়েছে। এ ঘটনায় সাগর নামে একজনকে আটক করেছে পুলিশ। শনিবার (০১ ফেব্রুয়ারী) রাত ৯ টার দিকে উপজেলার শারীরিকখালী ইউনিয়নের কচুপাত্র বাজারে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। নিহত আরাফাত খান উপজেলার শারীকখালী ইউনিয়নের বাদুরগাছা গ্রামের জলিল খানের ছেলে। জানা যায়, উপজেলার পঁচাকোড়ালিয়া ইউনিয়ন ছাত্রদলের সহ-সভাপতি মো: আরাফাত সিকদার ও তার আপন ভাই সোহেল সিকদার, এবং তার চাচতো ভাই বাইজিদ সিকদার কচুপাত্রা বাজারে মাদকবিক্রি করে আসছে। এ মাদক বেচাকেনা নিয়ে তাদের ভিতরে দীর্ঘদিন ধরে দ্বন্দ্ব চলে আসছে। যায়যায়দিন, ২ ফেব্রুয়ারি ২০২৫

## ১৩. গুলিতে গৃহবধূ হত্যা: যুবদল নেতাসহ আসামিদের গ্রেপ্তার দাবিতে বিক্ষোভ



নরসিংদীর রায়পুরায় গুলি করে অন্তঃসত্ত্বা গৃহবধূ শান্তা ইসলামকে (২৪) হত্যা মামলার প্রধান আসামি জেলা যুবদলের সদস্য সোহেল ও তাঁর সহযোগীদের দ্রুত গ্রেপ্তারের দাবিতে বিক্ষোভ করেছেন তাঁর স্বজন ও এলাকাবাসী। তাঁরা মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও থানার সামনে অবস্থান নিয়ে বিচার দাবি জানান। আজ রোববার দুপুরে উপজেলার পৌরসভা মাঠে সর্বস্তরের মানুষের ব্যানারে মানববন্ধন হয়। মানববন্ধনে অংশগ্রহণকারীরা পরে বিক্ষোভ মিছিল নিয়ে থানার সামনে অবস্থান নেন। এ

সময় শান্তার স্বামী শাকিল খান ও পৌরসভার সাবেক মেয়র আব্দুল কুদ্দুস উপস্থিত ছিলেন। আজকের পত্রিকা, ১৬ ফেব্রুয়ারি ২০২৫

**১৪. বিএনপি-আ.লীগ সংঘর্ষে নারী নিহত, গ্রেফতার ১৫**



রাজশাহীর দুর্গাপুরে জমি নিয়ে বিরোধের জেরে দুপক্ষের সংঘর্ষে ফেরদৌসী বেগম (৫৫) নামের এক নারী নিহতের ঘটনায় ১৩ জন ও পালটা মামলায় দুজনকে গ্রেফতার করেছে পুলিশ। তবে আসামিপক্ষ বাদী হয়ে থানায় পৃথক একটি হত্যাচেষ্টা মামলা দায়ের করেছেন। যে মামলায় আরও দুজনকে গ্রেফতার করা হয়েছে। পাল্টাপাল্টি এ মামলায় দুর্গাপুরের ক্ষিদ্র লক্ষ্মীপুর গ্রামটি প্রায় পুরুষ শূন্য হয়ে পড়েছে। হত্যা মামলায় পুলিশ বিএনপি নেতা মামুনুর রশিদ মামুনসহ তার ১৩ অনুসারীকে গ্রেফতার করেছে। যুগান্তর, ২৩ ফেব্রুয়ারি ২০২৫

**১৫. পাহারাদারকে হত্যা করে গরু লুট: নেত্রকোণায় যুবদল নেতাসহ গ্রেপ্তার ৩**

নেত্রকোণার দুর্গাপুর উপজেলায় একটি খামারের পাহারাদার জয়নাল উদ্দিন (৬৫)-কে হত্যা করে গরু লুটের ঘটনায় যুবদলের এক নেতাসহ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তবে গ্রেপ্তারের তিন দিন আগেই যুবদলের ওই নেতাকে বহিষ্কার করা হয়েছে। সোমবার বিভিন্নস্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয় বলে জানান নেত্রকোণার পুলিশ সুপার মীর্জা সায়েম মাহমুদ। গ্রেপ্তাররা হলেন- উপজেলার রামবাড়ি গ্রামের শাহাব উদ্দিনের ছেলে দোলন মিয়া (২৮), মহর আলীর ছেলে আব্দুল মান্নান (৪২) এবং আব্দুল কাদেরের ছেলে ও কাকৈরগড়া ইউনিয়ন যুবদলের বহিষ্কৃত সদস্যসচিব আব্দুল আউয়াল (৩২)। বিডিনিউজ২৪, ১১ মার্চ ২০২৫

**১৬. বিএনপির দুপক্ষের সংঘর্ষে আহত সেই রিকশাচালক মারা গেছেন**



রাজশাহীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে গুরুতর আহত রিকশাচালক গোলাম হোসেন রকি রাতে মারা গেছেন। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের দুই নম্বর ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। হাসপাতালের মুখপাত্র ডা. শঙ্কর কে. বিশ্বাস বলেন, ‘তার বুকে ছুরিকাঘাত করা হয়েছিল এবং মাথায় গুরুতর আঘাত

ছিল। ঘটনার পর থেকেই তিনি অজ্ঞান ছিলেন এবং আঘাতের কারণে তার মৃত্যু হয়েছে।' গত শুক্রবার সন্ধ্যায় শহরের দরিখারবোনা এলাকায় স্থানীয় আওয়ামী লীগ নেতার ফ্ল্যাটে পুলিশি অভিযান এবং তার ভাইকে আটকের ঘটনাকে কেন্দ্র করে সৃষ্ট উত্তেজনা থেকে সংঘর্ষের সূত্রপাত হয়। ডেইলি স্টার, ১২ মার্চ ২০২৫

**১৭. মাদারীপুরে প্রতিপক্ষের হামলায় তিন ভাইয়ের পর মারা গেলেন আরও একজন**



মাদারীপুরে তিন ভাইকে কুপিয়ে হত্যার সময় আহত আরও এক ভাই মারা গেছেন। মঙ্গলবার বিকেলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। তাঁর নাম তাজেল হাওলাদার (২০)। নিহত তাজেল সদর উপজেলার খোয়াজপুর এলাকার আজিজুল হাওলাদারের ছেলে। তিনি ভ্যানচালক ছিলেন। আওয়ামী লীগ আমলে বাজার ইজারা ও বালুর ব্যবসাসহ বিভিন্ন খাতের নিয়ন্ত্রণ ছিলো সাইফুল সরদারের হাতে। গত বছর আগস্টে সরকার পরিবর্তনের পর মোল্লা বাড়ির শাজাহান মোল্লাসহ কয়েকজন এসব খাতের নিয়ন্ত্রণ নেয়ার চেষ্টা করলে দু'পক্ষের মধ্যে নতুন করে বিরোধের সূচনা হয়। শাজাহান মোল্লা স্থানীয় বিএনপির রাজনীতির সঙ্গে জড়িত বলে স্থানীয়রা জানিয়েছেন। প্রথম আলো, ১৮ মার্চ ২০২৫

**১৮. নাটোরে কবরস্থানের জমি নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, নিহত ১**


নাটোরের বড়াইগ্রামে কবরস্থানের জমি নিয়ে বিএনপির দুই পক্ষের দ্বন্দ্বে নজিম উদ্দিন (৫০) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দুজন আহত হয়ে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। শুক্রবার (২১ মার্চ) বেলা ১১টার দিকে উপজেলার জোয়াড়ী ইউনিয়নের নওপাড়া গ্রামে এই ঘটনা ঘটে। নিহত নজিম উদ্দিন নওপাড়া গ্রামের মৃত আলাউদ্দিনের ছেলে। ঢাকা পোস্ট, ২১ মার্চ ২০২৫

**১৯. তুচ্ছ ঘটনায় ক্ষুদ্র ব্যবসায়ীকে পিটিয়ে হত্যা, অভিযুক্ত স্বেচ্ছাসেবক দল নেতাকে বহিষ্কার**

ভোলার চরফ্যাশন উপজেলার আবুবকরপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দল নেতার বিরুদ্ধে এক ক্ষুদ্র ব্যবসায়ীকে কয়েক দফা পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। আজ শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটে। নিহত ভ্যানচালকের নাম মো: মাসুদুর রহমান (৩৮)। তিনি ঢাকার সাভার এলাকায় ভ্যানগাড়িতে সবজি ও ফল বিক্রি করতেন। পুলিশ এক নারীসহ আটজনকে আটক করলেও

প্রধান অভিযুক্ত আবুবকরপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আল আমিনকে ধরতে পারেনি। তাঁকে সংগঠন থেকে বহিষ্কারের কথা জানিয়েছে উপজেলা স্বেচ্ছাসেবক দল। তথ্যসূত্র: প্রথম আলো, ৪ এপ্রিল ২০২৫

## ২০. প্রবাসী এনামুল হত্যার বিচারের দাবি পরিবারের



ভিডিও করার অভিযোগে প্রবাসী এনামুল হক ইমামুলকে পিটিয়ে হত্যা করেছে বিএনপির নেতাকর্মীরা। ঘটনায় জড়িতদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করে সংবাদ সম্মেলনে নিহতের বড় বোন মোসাঃ পারভিন জানান, তার ছোট ভাই কাপাসিয়া উপজেলার চাঁদপুর ইউনিয়নের তিলশুনিয়া গ্রামের এনামুল হক ওরফে ইমামুল প্রায় ১৭ বছর বিদেশে থাকার পর সম্প্রতি দেশে ফেরেন। গত ১৩ জানুয়ারি সকালে তিনি কৃষিকাজের জন্য নগদ টাকা সংগ্রহ করতে পারভিনের স্বামীর বাড়ি ধলিসুতায় আসেন। পরে সেখান থেকে টাকা নিয়ে নিজ বাড়ি তিলশুনিয়ার উদ্দেশে রওনা দেন। পথে চাঁদপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পাশ দিয়ে যাওয়ার সময় কিছু লোকজনকে স্বাস্থ্য কেন্দ্রে দৌড়ে প্রবেশ করতে দেখেন তিনি। এসময় কৌতূহলবশতঃ এগিয়ে যান এবং ঘটনাটি ভিডিও করতে গেলে ১৫-১৬ জন অজ্ঞাতনামা ব্যক্তি তার উপর হামলা চালায়। হামলাকারীরা এনামুলকে বেধড়ক মারধর করে এবং তার মোবাইল ফোন ও টাকা ছিনিয়ে নেয়। ঘটনার পরদিন ১৪ জানুয়ারি তারা এনামুলের ছিনিয়ে নেওয়া মোবাইল ও টাকা ফেরত চাইলে স্থানীয় বিএনপি'র কয়েক নেতা নিহতের পরিবারের কয়েক সদস্যকে হুমকি দেন। পরে পুলিশ তিলশুনিয়া গ্রামের আমজাদ হোসেনের ছেলে আশরাফুলের কাছ থেকে এনামুলের ছিনিয়ে নেয়া মোবাইল ফোনটি উদ্ধার করে। জনকণ্ঠ, ৪ এপ্রিল ২০২৫

## ২১. সন্দ্বীপে খালের দখল নিয়ে বিরোধে দশম শ্রেণির ছাত্রের মৃত্যু, পুলিশের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ



চট্টগ্রামের সন্দ্বীপে খালের দখলকে কেন্দ্র করে হামলার শিকার দশম শ্রেণির এক ছাত্রের মৃত্যু হয়েছে। তার নাম মো: রিফাতুর রহমান (১৭)। সে উপজেলার মগধরা ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের বাসিন্দা জামসেদুর রহমানের ছেলে। রিফাত মগধরা ইউনিয়নের দক্ষিণ-পূর্ব

সন্দ্বীপ উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণিতে পড়ত। সোমবার (১৯ মে) উপজেলার মগধরা ইউনিয়নের একটি খালের দখল নিয়ে বিএনপি ও যুবদলের কর্মীদের হামলায় গুরুতর জখম হয় রিফাত। সে স্থানীয় কোরাইল্যা খালে বাঁধ দেওয়ার বিরোধিতা করেছিল। ছেলের ওপর হামলা ও মৃত্যুর ঘটনায় সারিকাইত ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শওকত আলীকে দায়ী করেছেন রিফাতের বাবা। তিনি ছেলে হত্যার বিচার চেয়েছেন। প্রথম আলো, ২২ মে ২০২৫

### ২২. চট্টগ্রামে যুবদলের প্রশ্রয়ে কিশোর গ্যাংয়ের দ্বন্দ্বে যেভাবে খুন কলেজছাত্র, প্রত্যক্ষদর্শীর বিবরণ



চট্টগ্রামের হালিশহরে দুটি কিশোর গ্যাংয়ের রেষারেষিতে খুন হন কলেজছাত্র ওয়াহিদুল হক। বাসা থেকে ডেকে নিয়ে ছুরিকাঘাত করা হয় তাঁকে। ক্ষতস্থান দিয়ে বেরিয়ে পড়া নাড়িভুঁড়ি হাতে চেপে দৌড়েও বাঁচতে পারেননি তিনি। নিহত ওয়াহিদুল হক ওরফে সাব্বির (১৮) নগরের মুরাদপুর এলাকায় শ্যামলী আইডিয়াল টেকনিক্যাল কলেজের শিক্ষার্থী। ঘটনার সময় ওই স্থানে থাকা তিন তরুণের বিবরণে কলেজছাত্র খুনের এই চিত্র উঠে এসেছে। এলাকার কিশোর গ্যাংকে প্রশ্রয় দেওয়ার অভিযোগ রয়েছে স্থানীয় যুবদলের পরিচয় দেওয়া মো: আসলামের বিরুদ্ধে। বেপরোয়া এসব কিশোর-তরুণ তুচ্ছ কারণে সহিংসতায় জড়াচ্ছেন। মাদক সেবন, ছিনতাইয়ের মতো অপরাধে জড়ালেও পুলিশ ব্যবস্থা নেয়নি। প্রথম আলো, ২২ মে ২০২৫

### ২৩. ফরিদপুরে ভ্যানচালক হত্যা মামলায় প্রধান আসামি কৃষকদল নেতা



ফরিদপুরের বোয়ালমারীতে কোরবানীর গোশত নেওয়াকে কেন্দ্র করে প্রতিপক্ষের হামলায় হুমায়ূন কবীর (৪৮) নামে এক ভ্যানচালক হত্যাকাণ্ডের ঘটনায় থানায় হত্যা মামলা হয়েছে। ১২ জুন বৃহস্পতিবার মামলার বিষয়টি ইনকিলাবকে নিশ্চিত করেছেন বোয়ালমারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদুল হাসান। এর আগে গত ১০ জুন দিবাগত রাতে নিহতের স্ত্রী শিউলী বেগম (৪৫) বাদী হয়ে ময়না ইউনিয়ন কৃষকদলের সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন মাস্টারকে প্রধান আসামি করে ২৫ জনের নাম উল্লেখ করে মামলা করেন। এজাহারে জানান, গত ৮ জুন কথা কাটাকাটির এক পর্যায়ে লিয়াকত হোসেন মাস্টারের নেতৃত্বে ভ্যানচালক হুমায়ূন

কবীরসহ তার পরিবারের উপর দেশীয় অস্ত্রসস্ত্র নিয়ে হামলা করলে পরের দিন ৯ জুন ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হুমায়ূন কবীর মারা যায়। তথ্যসূত্র: ইনকিলাব, ১৩ জুন ২০২৫

## ২৪. মেয়েকে বিয়ে দিতে রাজি না হওয়ায় রিকশাচালককে পিটিয়ে হত্যা, স্বেচ্ছাসেবক দলের নেতা আটক



বগুড়ায় স্কুলপড়ুয়া মেয়েকে বিয়ে দিতে রাজি না হওয়ায় রিকশাচালক বাবাকে তুলে নিয়ে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে জেলা স্বেচ্ছাসেবক দলের এক নেতার বিরুদ্ধে। শনিবার সন্ধ্যার আগে শহরের ফুলবাড়ী মধ্যপাড়া করতোয়া নদীর ঘাটসংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। নিহত রিকশাচালকের নাম মো: শাকিল মিয়া (৩২)। তাঁর বাড়ি শহরের শিববাটি এলাকায়। এ ঘটনায় অভিযুক্ত জেলা স্বেচ্ছাসেবক দলের নেতা জিতু ইসলাম এবং তাঁর সহযোগী মতিউর রহমানকে আটক করেছে পুলিশ। আটক জিতু ইসলাম বগুড়া জেলা স্বেচ্ছাসেবক দলের সহসাধারণ সম্পাদক বলে সাংগঠনিক সূত্র নিশ্চিত করেছে। বগুড়া জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি সরকার মুকুল বলেন, জিতু ইসলামকে সংগঠন থেকে বহিষ্কারের সুপারিশ করে কেন্দ্রে চিঠি পাঠানো হয়েছে। প্রথম আলো, ১৫ জুন ২০২৫

## ২৫. কুষ্টিয়ায় ছাত্রদল নেতার বিরুদ্ধে কৃষককে কুপিয়ে হত্যার অভিযোগ



কুষ্টিয়ার মিরপুরে ছাত্রদল নেতার বিরুদ্ধে জমির উদ্দিন (৪৮) নামের এক কৃষককে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে। ৩০ জুন সোমবার দুপুরে উপজেলার আমলা ইউনিয়নের মিটন গ্রামে এ ঘটনা ঘটে। আহত অবস্থায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হলে সন্ধ্যা সাড়ে সাতটার দিকে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। নিহত জমির উদ্দিন আমলা ইউনিয়নের মিটন গ্রামের বাসিন্দা। তিনি কৃষিকাজ করতেন। অভিযুক্ত ছাত্রদল নেতার নাম অনিক খান (২০)। তিনি আমলা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি। তাঁর দলীয় পদের তথ্য নিশ্চিত করেছেন মিরপুর উপজেলা ছাত্রদলের সদস্যসচিব সাব্বির আহমেদ। প্রথম আলো, ১ জুলাই ২০২৫

## ২৬. বিএনপি নেতা রিয়াজের নির্দেশে নাঈমকে তুলে আনা হয় মনোহরদী থেকে

গাজীপুরের কাপাসিয়ায় তরুণ নাঈমকে পিটিয়ে হত্যা করা হয়েছে। এর আগে

উপজেলা বিএনপির সভাপতি শাহ্ রিয়াজুল হান্নান রিয়াজের নির্দেশে তার অনুসারীরা তাকে নরসিংদীর মনোহরদী উপজেলার দৌলতপুরের কোচেরচর এলাকার তার নানার বাড়ি থেকে তুলে আনে। মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় কাপাসিয়ার কড়িহাতা ইউনিয়নের বেহাইদুয়ার গ্রামে এ হত্যাকাণ্ড ঘটে। রিয়াজের অনুসারী ফরহাদ, হুমায়ূন, জামাল, আনোয়ার, মোজাম্মেল, শামীম, সোহেলসহ ৪০-৫০ জন এ হত্যাকাণ্ডে সরাসরি অংশ নিয়েছে। যুগান্তর, ৩ জুলাই ২০২৫

**২৭. দোকান দখল করে বিএনপি কার্যালয়, ভাড়া চাওয়ায় মালিককে পিটিয়ে হত্যা**



নারায়ণগঞ্জে একটি দোকানঘর দখল করে বিএনপির দলীয় কার্যালয় হিসেবে ব্যবহারের পর দলটির নেতাদের কাছে ভাড়া চাওয়ায় মালিক মো: জাহাঙ্গীর হোসেন (৫৭)-কে পিটিয়ে হত্যার অভিযোগ পাওয়া গেছে। ৩০ জুলাই বুধবার সকাল সাড়ে ১১টার দিকে আড়াইহাজার উপজেলার মাহমুদপুর ইউনিয়নের সালমদী বাজারে এ ঘটনা ঘটে। তার ছেলে মো: রাসেল দ্য ডেইলি স্টারকে বলেন, ‘গত বছরের আগস্টে আওয়ামী লীগ সরকার পতনের কয়েকদিন পর পাশাপাশি তিনটি দোকান একত্রিত করে স্থানীয় বিএনপির কার্যালয় হিসেবে গড়ে তোলেন মাহমুদপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি ও মাহমুদপুর ইউপির ৭ নম্বর ওয়ার্ড সদস্য তোতা মিয়া প্রধান। কার্যালয়টিতে মাহমুদপুর ইউনিয়ন ৭ নম্বর ওয়ার্ড বিএনপির কার্যালয়ের ব্যানারও সাঁটানো হয়। দোকানের ভাড়া চাওয়াকে কেন্দ্র করেই তর্ক-বিতর্ক হয় এবং এক পর্যায়ে বিএনপির ওই কার্যালয়ের ভেতরেই দোকান মালিককে মারধর করা হয়।’ প্রথম আলো, ৩০ জুলাই ২০২৫

**২৮. মুক্তাগাছায় পিটুনিতে আহত অটোরিকশাচালকের মৃত্যু, ছাত্রদল থেকে তিনজন বহিষ্কার**



ময়মনসিংহের মুক্তাগাছায় পিটুনিতে আহত এক অটোরিকশাচালক মারা গেছেন। ১২ আগস্ট মঙ্গলবার মো: ফাহিম (৩০) নামের ওই ব্যক্তির হাসপাতালে মৃত্যু হয়। অভিযোগ উঠেছে, ছাত্রদলের মানকোন ইউনিয়ন সভাপতির নেতৃত্বে ফাহিমকে মারধর করা হয়। এ ঘটনায় মামলার পর মানকোন ইউনিয়ন ছাত্রদলের সভাপতি মো: সজীব হাসান এবং দুই কর্মী আবির ও মারুফকে বহিষ্কার করা হয়েছে। প্রথম আলো, ২৩ আগস্ট ২০২৫

### ২৯. চাঁদার জন্য এক পরিবারের ৫ জনকে কোপাল বিএনপি নেতা, নিহত ১



যশোরের মনিরামপুরে পাঁচ হাজার টাকা চাঁদা দাবি করে না পেয়ে এক পরিবারের পাঁচ জনকে কুপিয়ে ও পিটিয়ে আহত করার ঘটনা ঘটেছে। মনিরামপুর পৌর বিএনপির শ্রম বিষয়ক সম্পাদক ছাব্বির হোসেন ওরফে বড় ছাব্বিরের নেতৃত্বে এই হামলা চালানো হয়েছে বলে জানা গেছে। শুক্রবার (২৯ আগস্ট) দিবাগত মধ্যরাতে ঢাকায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মিন্টু হোসেন (৪০) নামে এক ভ্যান চালকের মৃত্যু হয়েছে। গত বৃহস্পতিবার (২৮ আগস্ট) সন্ধ্যায় মনিরামপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের দক্ষিণপাশে হামলার ঘটনা ঘটেছে। ইত্তেফাক, ৩০ আগস্ট ২০২৫

### ৩০. পটিয়ায় মামুন হত্যার ঘটনায় বিএনপি নেতা গ্রেপ্তার



চট্টগ্রামের পটিয়ায় বিদেশ ফেরত মামুন খুনের ঘটনায় বিএনপি নেতা ইউছুব আলী ভুলু (৫০) গ্রেপ্তার হয়েছেন। রবিবার (২১ সেপ্টেম্বর) সন্ধ্যায় নিজ বসতবাড়ি থেকে তাকে আটক করে পটিয়া থানা পুলিশ। গ্রেপ্তারকৃত ইউছুব আলী স্থানীয় ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক এবং হত্যাকাণ্ডের প্রধান আসামি সন্ত্রাসী ফাহিমের বাবা। এর আগে গত বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) সন্ধ্যা ৭টার দিকে উপজেলার দক্ষিণ ভূর্ষি এলাকায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ফাহিমের ধারালো ছুরির আঘাতে গুরুতর আহত হন মামুন। দেশ রূপান্তর, ২১ সেপ্টেম্বর ২০২৫

### ৩১. যুবককে পিটিয়ে হত্যা, বিএনপি নেতাসহ ৩ জন কারাগারে

বরিশালের বাকেরগঞ্জে ডাকাত আখ্যা দিয়ে মব সৃষ্টি করে কৃষক সোহেল খানকে (৩৫) পিটিয়ে হত্যার ঘটনায় বিএনপি নেতাসহ তিনজনকে আটক করেছে পুলিশ। সোমবার সকালে তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। আটক ব্যক্তিরা হলেনড় উপজেলার কবাই ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সহ-সভাপতি শাহিন হাওলাদার, তার ভাই শামিম হাওলাদার ও সওকত খান। শনিবার গভীর রাতে চর কবাই গ্রামে এ ঘটনা ঘটে। অভিযোগ অনুযায়ী, বিএনপি নেতার নেতৃত্বে স্থানীয়রা সোহেলকে ডাকাত আখ্যা দিয়ে গাছে বেঁধে পিটিয়ে হত্যার পর ৯৯৯ নাম্বারে ফোন করে পুলিশে খবর দেন। তথ্যসূত্র: যুগান্তর, ২৯ সেপ্টেম্বর ২০২৫

### ৩২. নোয়াখালীতে দিনমজুরকে হত্যা করে ঝুলিয়ে রাখার অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে

নোয়াখালীর হাতিয়ায় চুরির অভিযোগে শনিবার (৪ অক্টোবর) মোহাম্মদ জাফর (১৮) নামে এক কিশোর দিনমজুরকে হত্যা করে গাছে ঝুলিয়ে রাখার অভিযোগ উঠেছে। এর আগে, একই দিন সকালে উপজেলার প্রকল্পবাজার এলাকার প্রধান সড়কের পাশ থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহতের স্বজনদের অভিযোগ, গত ১০-১২ দিন আগে বিএনপি নেতা সোহেলের বাড়িতে কাজ করেন জাফর। গত ৫ দিন আগে বাড়ির মালিককে না জানিয়ে সেখান থেকে চলে যান। যাওয়ার সময় তাদের আলমারির চাবি, মোবাইল চার্জার ও নগদ ১১শ টাকা নিয়ে যান। এ ঘটনার জের ধরে গতকাল শুক্রবার সন্ধ্যার দিকে স্থানীয় আলীবাজার এলাকা থেকে জাফরকে ধরে মোটরসাইকেলে করে প্রকল্প বাজারে নিয়ে আসেন সোহেল মাহমুদ। সেখানে জাফরের বাবাকেও ডাকা হয়। একপর্যায়ে তার বাবা চলে যায়। পরে জাফরকে আটকে রেখে নির্যাতন করে তার ছেলেকে হত্যা করে ঝুলিয়ে দেওয়া হয়। তথ্যসূত্রঃ আরটিভি নিউজ, ৪ অক্টোবর ২০২৫

### ৩৩. রিকশাচালককে পিটিয়ে হত্যা, ছাত্রদল নেতা ও তাঁর পরিবারের বিরুদ্ধে



ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে একজন রিকশাচালককে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে তাঁর চাচাতো ভাই ও স্বজনদের বিরুদ্ধে। গতকাল শুক্রবার রাত সাড়ে ১০টা থেকে ১১টার মধ্যে তাঁকে মারধরের ঘটনা ঘটে। নিহত মো: খোকন মিয়ার (৪০) বাড়ি উপজেলার মগটুলা ইউনিয়নের করমা গ্রামে। স্থানীয় সূত্রের ভাষ্য, গতকাল রাত সাড়ে ১০টার দিকে রিকশা রেখে ঘর থেকে বের হন খোকন মিয়া। এ সময় গিয়াস উদ্দিনের ছেলে স্থানীয় মগটুলা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি নজরুল ইসলাম ও তাঁর ভাই এবং পরিবারের সদস্যরা তাঁকে ধরে নিয়ে পিটিয়ে দুই হাত ও দুই পা ভেঙে দেন। এ সময় তাঁর শরীরের বিভিন্ন স্থানে ও মাথায় আঘাত করা হয়। প্রথম আলো, ৪ অক্টোবর ২০২৫

### ৩৪. বাগেরহাটে সাংবাদিক খুন, প্রত্যক্ষদর্শী থাকলেও 'কেউ দেখেনি'

বাগেরহাটে শুক্রবার (৩ অক্টোবর) সন্ধ্যায় বিএনপির স্থানীয় নেতা ও সাংবাদিক এ এস এম হায়াত উদ্দিনকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। ওই দিন সন্ধ্যার পর হাড়িখালি এলাকায় একটি চায়ের দোকানে বসে থাকার সময় কয়েকজন দুর্বৃত্ত হায়াত উদ্দিনের ওপর হামলা চালায়। স্থানীয়দের বরাতে জানা গেছে, হামলাকারীরা তাকে কুপিয়ে হত্যার পর দুটি মোটরসাইকেলে করে পালিয়ে



যায়। হায়াত উদ্দিন ছিলেন বাগেরহাট পৌর বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য ও একটি পত্রিকার স্থানীয় প্রতিনিধি। সম্প্রতি পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক পদে নির্বাচন করে পরাজিত হন তিনি। স্থানীয় রাজনৈতিক সূত্রে জানা গেছে, সাম্প্রতিক সময়ে বিএনপির অভ্যন্তরীণ বিভাজনের মধ্যে হায়াত উদ্দিন একাধিক গ্রুপে জড়িয়ে পড়েন এবং ফেসবুকে নানা রাজনৈতিক মন্তব্যে সরব ছিলেন। তার কিছু পোস্টে দলেরই একাংশ ক্ষুব্ধ হয়েছিল বলে স্থানীয়দের ধারণা। ইত্তেফাক, ৫ অক্টোবর ২০২৫

**৩৫. ইট দিয়ে থেঁতলে যুবককে হত্যার অভিযোগ যুবদল কর্মীদের বিরুদ্ধে**

নারায়ণগঞ্জ শহরে আবু হানিফ নামে এক যুবককে পিটিয়ে ও ইট দিয়ে থেঁতলে হত্যার ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। মারধরে জড়িতরা মহানগর যুবদলের সদস্য সচিব শাহেদ আহমেদের অনুসারী বলে স্থানীয়রা জানিয়েছেন। আবু হানিফ বাগেরহাটের শরণখোলার আবুল কালামের ছেলে ও নারায়ণগঞ্জে একটি বাড়ির নৈশপ্রহরী ছিলেন। সংসারে স্ত্রী ও তিন সন্তান রয়েছে তাঁর। গত ২০ অক্টোবর বিকেলে আবু হানিফকে হত্যা করা হয়। পরদিন তাঁর ছোট ভাই হযরত আলী সদর মডেল থানায় মামলা করেন। পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। তারা হলেন‍ু কুমিল্লার মুরাদনগরের সায়েস্তারা গ্রামের মো: বাহার, তাঁর ভাই সাইদুল ইসলাম ও নারায়ণগঞ্জের মেট্রো হল এলাকার মুশফিকুর রহমান জিতু। সমকাল, ২৪ অক্টোবর ২০২৫

**৩৬. গঙ্গাচড়ায় দুই শিশুকে হত্যা করে বালুচাপা: বিএনপি নেতা কারাগারে**



রংপুরের গঙ্গাচড়ায় ঘাঘট নদীর বালুমহালে দুই শিশুকে হত্যা করে লাশ গুমের চেষ্টার মামলায় আব্দুর রশিদ নামে এক ইউনিয়ন পরিষদ (ইউপি) সদস্যকে রোববার (২ নভেম্বর) কারাগারে পাঠিয়েছেন আদালত। গ্রেপ্তার আব্দুর রশিদ রংপুরের গঙ্গাচড়া উপজেলার আলমবিদিতর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক এবং একই ইউনিয়ন পরিষদের সদস্য। মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ৫ আগস্ট সকালে ঘাঘট নদীর তীরের বালুমহালে পাথর কুড়াতে যায় শিশু আব্দুর রহমান (৮) ও মারুফ (৬)। সেখানে তাদের হত্যা করে বালুর নিচে লাশ গুমের চেষ্টা করা হয়। পরে স্থানীয়দের সহায়তায় আজাহারুল ইসলামের বালু উত্তোলনস্থলের নিচ থেকে দুই শিশুর লাশ উদ্ধার করা হয়। চ্যানেল ২৪, ২ নভেম্বর ২০২৫

**৩৭. মোহাম্মদপুরে ডেকে নিয়ে দুইজনকে হত্যা, জড়িত বিএনপি নেতা আক্তার**

একই দিনে একই জায়গায় হত্যাকাণ্ডের দুটি ঘটনা। একটি ঘটেছে ভোরে, আরেকটি সকালে। ঘটনাস্থল রাজধানীর মোহাম্মদপুরের নবীনগর হাউজিং এলাকার হাক্কার পাড়ে। তারিখ ১০ সেপ্টেম্বর ২০২৪। প্রথম ঘটনায় দুই যুবককে ঘুম থেকে উঠিয়ে রাস্তায় নিয়ে পেটানো হয়। ঘটনাস্থলেই মারা যান একজন। দ্বিতীয় ঘটনার বিষয়ে প্রত্যক্ষদর্শীদের বর্ণনা অনুযায়ী, দুই যুবককে রাস্তা থেকে তুলে নিয়ে পেটানো হয়। ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়। নিহত দুই যুবক হলেন মো: সুজন ওরফে বাবুল ও মো: হানিফ। দুটি হত্যাকাণ্ডে স্থানীয় ওয়ার্ড (১০০ নম্বর সাংগঠনিক ওয়ার্ড) বিএনপির সহ-ছাত্রবিষয়ক সম্পাদক আক্তার হোসেনের সংশ্লিষ্টতা রয়েছে। তাঁকে ভিডিও ফুটেজে দেখা গেছে। প্রথম আলো, ৩ নভেম্বর ২০২৫

**৩৮. হালিশহরে ব্যবসায়ীকে কুপিয়ে হত্যা, রাতের আঁধারে রক্তাক্ত চট্টগ্রাম**



চট্টগ্রাম নগরের হালিশহরে শুক্রবার রাত ১১টার দিকে থানার চুনা ফ্যাক্টরি মোড়ের শাপলা আবাসিক এলাকার সামনে মো: আকবর (৩০) নামে এক স্থানীয় কাঁচাপণ্যের ব্যবসায়ীকে কুপিয়ে হত্যা করা হয়। ধারালো অস্ত্রের আঘাতে তার শরীরের বিভিন্ন অংশ ক্ষতবিক্ষত হয়ে যায়। পুলিশ বলছে, ঘটনাটি পরিকল্পিত, আর স্থানীয়রা বলছে-রাজনৈতিক প্রতিহিংসারই এই নির্মম পরিণতি। এক প্রত্যক্ষদর্শী নাম প্রকাশ না করার শর্তে আমার দেশ-কে ফোনে জানান, হামলাকারীদের মধ্যে অন্তত দুজনকে চিনতে পেরেছেন। তারা স্থানীয় বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত-একজন সোহেল, অন্যজন কাশেম নামে পরিচিত। তথ্যসূত্র: আমার দেশ, ৮ নভেম্বর ২০২৫

**৩৯. টাঙ্গাইলে যুবদল ও ছাত্রদল নেতার নেতৃত্বে শ্রমিককে পিটিয়ে হত্যা**

টাঙ্গাইলের মির্জাপুরে যুবদল ও ছাত্রদল নেতার নেতৃত্বে শহিদুল ইসলাম (৩০) নামে এক নির্মাণশ্রমিককে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। শনিবার উপজেলার গোড়াই ইউনিয়নের জোড়পুকুরপাড় এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, শহিদুল ও তার প্রাক্তন স্ত্রী নাসরিনের মধ্যে এক বছর আগে ছাড়াছাড়ি হয়। সম্প্রতি তাদের কিছু অন্তরঙ্গ ছবি ফেসবুকে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে আবার নাসরিনের সঙ্গে শারীরিক সম্পর্ক করতে চান শহিদুল। এতে ক্ষুব্ধ নাসরিন মোবাইল ফোনটি নিজের কব্জায় নিতে প্রতিবেশী গোড়াই ইউনিয়ন যুবদলের দপ্তর সম্পাদক সকাল মাহমুদের সঙ্গে যোগাযোগ করেন। নাসরিনের কাছ থেকে টাকা নিয়ে শনিবার গোড়াই জোড়পুকুরপাড়

এলাকায় সকালের নেতৃত্বে ইউনিয়ন যুবদলের সহসাংগঠনিক সম্পাদক রবিন শেখ ও ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি তৌফিক ওমর পিটিয়ে আহত করেন শহিদুলকে। স্থানীয়রা কুমুদিনী হাসপাতালে নিলে চিকিৎসক শহিদুলকে মৃত ঘোষণা করেন। সমকাল, ১০ নভেম্বর ২০২৫

### ৪০. বিচারকের বাসায় হামলা, ছুরিকাঘাতে ছেলে নিহত: হামলাকারী বিএনপি নেতার ছেলে



রাজশাহীতে এক বিচারকের বাসায় দুর্বৃত্তের হামলায় বিচারকের ছেলে নিহত হয়েছেন। এ সময় গুরুতর আহত হয়েছেন বিচারকের স্ত্রী। এ ঘটনায় জড়িত লিমন মিয়া নামের একজনকে আটক করেছে পুলিশ। জানা গেছে, আটক লিমন মিয়ার বাড়ি গাইবান্ধার ফুলছড়ি উপজেলার মদনেরপাড়া গ্রামে। তার বাবা ফুলছড়ি উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক এইচএম সোলায়মান শহিদ। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) দুপুরে রাজশাহী নগরীর ডাবতলা এলাকায় মহানগর দায়রা জজ আদালতের বিচারক আব্দুর রহমানের বাসায় এ হামলার ঘটনা ঘটে। এতে বিচারকের ছোট ছেলে নবম শ্রেণির শিক্ষার্থী তাওসিফ রহমান নিহত হয়। জনকণ্ঠ, ১৪ নভেম্বর ২০২৫

### ৪১. সীতাকুণ্ডে মানসিক ভারসাম্যহীন যুবককে পিটিয়ে হত্যার ঘটনায় যুবদল নেতা আটক



চট্টগ্রামের সীতাকুণ্ডে মানসিক ভারসাম্যহীন যুবক বেলাল হোসেনকে নির্মমভাবে পিটিয়ে হত্যার ঘটনায় মো: সুমন নামের এক যুবদল নেতাকে আটক করেছে পুলিশ। তিনি উপজেলার সৈয়দপুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড যুবদলের সাধারণ সম্পাদক। ১৩ নভেম্বর বৃহস্পতিবার রাত ১১টার দিকে উপজেলার সৈয়দপুর ইউনিয়নের মীরেরহাট বাজার এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে সীতাকুণ্ড মডেল থানার পুলিশের একটি টিম। সমকাল, ১৪ নভেম্বর ২০২৫

### ৪২. বিএনপি কর্মীর থাপ্পড়ে বৃদ্ধের মৃত্যু, থানায় অভিযোগ

ফরিদপুর সদর উপজেলার চাঁদপুর ইউনিয়নের ধোপাডাঙ্গা ধুলটপাড়া গ্রামে মো: সোহেল শেখ নামে এক বিএনপি কর্মীর মারধরে শামসুল শেখ (৬৫) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় রোববার (১৬

নভেম্বর) দুপুরে মৃত শামসুল শেখের দ্বিতীয় স্ত্রী লিপি বেগম ফরিদপুর কোতোয়ালি থানায় একটি লিখিত অভিযোগ করেছেন। ঢাকা পোস্ট, ১৬ নভেম্বর ২০২৫

**৪৩. বাবাকে মারধরের প্রতিবাদ করায় কুপিয়ে হত্যা, যুবদল নেতার বিরুদ্ধে**

রাজধানীর মোহাম্মদপুরে এক যুবককে কুপিয়ে হত্যা করা হয়েছে। নিহতের বাবা আবুল কাশেম গুরুতর আহত হন। পরিবার বলছে, ছিনতাই করে নেয়া টাকা ফেরত চাওয়ায় এমন নৃশংস খুনের ঘটনা। স্থানীয় যুবদল নেতা সুজন ওরফে নাডা সুজনসহ আরও কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ ভুক্তভোগি পরিবারের। সোমবার সন্ধ্যা ৭টা ৫৬ মিনিট। মোহাম্মদপুরের ঢাকা উদ্যান এলাকার ডি ব্লকের ৩ নম্বর রোডের সিসি ক্যামেরার ফুটেজ। যেখানে দেখা যাচ্ছে, ধারালো দেশীয় অস্ত্র নিয়ে একদল দুর্বৃত্ত দ্রুত গতিতে যাচ্ছে কাশেম টি স্টোরের দিকে। চা দোকানদার আবুল কাশেম ও তার ছেলে বিল্লাল হোসেন বাবুকে কুপিয়ে জখম করে। মাত্র এক মিনিটের মধ্যেই আবার তারা দৌড়ে স্থান ত্যাগ করে। তথ্যসূত্র: চ্যানেল ২৪, ২৫ নভেম্বর ২০২৫

**৪৪. নারী ইউপি সদস্যকে গলাটিপে হত্যার অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে**



সিরাজগঞ্জের শাহজাদপুরে নারী ইউপি সদস্য পিয়ারা খাতুনকে শ্বাসরোধে হত্যার অভিযোগ উঠেছে স্বামী যুবদল নেতার বিরুদ্ধে। শুক্রবার দুপুরে শাহজাদপুর উপজেলার হাবিবুল্লাহ নগর ইউনিয়নের রতনকান্দি গ্রামে নিজ বাড়ি থেকে তার লাশ উদ্ধার করে পুলিশ। জানা গেছে, পিয়ারা খাতুন শাহজাদপুর উপজেলার হাবিবুল্লাহ নগর ইউনিয়নের ১, ২, ৩ নং ওয়ার্ডের (সংরক্ষিত) মহিলা সদস্য ও ইউনিয়ন যুবদলের সাবেক সাধারণ সম্পাদক আব্দুল আলিমের স্ত্রী। ঘটনার পর থেকে স্বামী আব্দুল আলিম পলাতক রয়েছেন। আমার দেশ, ২৯ নভেম্বর ২০২৫

## ■ দলীয় কোন্দলে খুন

**১. বাজারের আধিপত্য নিতে বিএনপির মামুন নিহত**

সিরাজগঞ্জের উল্লাপাড়া বাজারে জায়গা দখলকে কেন্দ্র করে বিএনপি দুই গ্রুপের ব্যাপক সংঘর্ষ শুরু হয়েছে। এ ঘটনায় এই রিপোর্ট লেখা পর্যন্ত (দুপুর ১.১০) মামুন (২৩) ও রাব্বি (২৫) নামে ২ যুবক নিহত হয়েছেন, আহত হয়েছেন অর্ধশতাধিক। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বুধবার (৭ আগস্ট) সকাল ১০টা হতে উল্লাপাড়া বাজারে জায়গা দখলকে কেন্দ্র করে আমিনুল ইসলাম ও বাবলু গ্রুপের মধ্যে এ সংঘর্ষ শুরু হয়। সংঘর্ষ চলাকালে বাজারের দোকানপাট ও ব্যাবসা প্রতিষ্ঠান ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে সেনাবাহিনী আসলেও সংঘর্ষ অব্যাহত রয়েছে বলে জানা গেছে। সংঘর্ষের এক পর্যায়ে ইউসিবি ব্যাংক উল্লাপাড়া শাখায় অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে। ফায়ার সার্ভিস কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণে আনে। ইত্তেফাক, ৭ আগস্ট ২০২৪

**২. রাজনগরে আধিপত্য নিয়ে সংঘর্ষে সিরাজুল আলম নিহত, আহত অর্ধশতাধিক**



মৌলভীবাজারের রাজনগরে স্থানীয় একটি বাজারে আধিপত্য নিয়ে দুই পক্ষের সংঘর্ষে উপজেলার পাঁচগাঁও ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান সিরাজুল ইসলাম ওরফে ছানা (৫০) নিহত হয়েছেন। সংঘর্ষে উভয় পক্ষে অর্ধশতাধিক আহত হয়েছেন। শুক্রবার বেলা ১১টার দিকে পাঁচগাঁও ইউনিয়নের মধুর বাজারে এই সংঘর্ষ শুরু হয়। চলে দুপুর ২টা পর্যন্ত। সিরাজুল ইসলাম পাঁচগাঁও ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও রাজনগর উপজেলা আওয়ামী লীগের সদস্য ছিলেন। প্রথম আলো, ৮ আগস্ট ২০২৪

**৩. ময়মনসিংহে আধিপত্য নিয়ে সংঘর্ষ-হামলায় যুবদলের জসিম ও সবুজ নিহত**

ময়মনসিংহের গফরগাঁওয়ে আধিপত্য বিস্তার নিয়ে পৃথক ঘটনায় যুবদলের দুই কর্মী নিহত হয়েছেন। এ ছাড়া আহত হয়েছেন অন্তত পাঁচজন। গত মঙ্গলবার রাত ও গতকাল বুধবার দুপুরে হত্যাকাণ্ডের এসব ঘটনা ঘটে। তবে ময়নাতদন্ত ছাড়াই দুটি মরদেহ দাফন করা হয়েছে। পুলিশ কর্মবিরতিতে থাকায় আইনগত কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। স্থানীয় কয়েকজন বাসিন্দা ও প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, গতকাল বেলা আড়াইটার দিকে উপজেলা যুবদল কর্মী জসিম উদ্দিনের (৩৪) নেতৃত্বে পৌর শহরের নতুনবাজার ম্যাক্সিস্ট্যান্ড দখল করতে যান তাঁর সমর্থকেরা। সেখানে যুবদলের আরেক পক্ষ সুমনের সমর্থকদের সঙ্গে তাঁদের বাগ্‌বিতণ্ডা ও সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় সুমনের সমর্থকেরা জসিম

উদ্দিনকে কুপিয়ে গুরুতর জখম করেন। পরে তাঁকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে মৃত ঘোষণা করেন কর্তব্যরত চিকিৎসক। সংঘর্ষের সময় তুষার, আবদুল হামিদ, মাহবুব, সুবল চন্দ্র মোদক নামের যুবদলের কয়েকজন কর্মী আহত হন। এর আগে গত মঙ্গলবার রাত আটটার দিকে পৌর এলাকার কাচারি রোড রেলক্রসিং এলাকায় সবুজ আকন্দ (৩২) নামের যুবদলের আরেক কর্মীকে হত্যার ঘটনা ঘটে। তিনি গফরগাঁও ইউনিয়নের তেঁতুলিয়া গ্রামের বাসিন্দা ছিলেন। নিজেদের মধ্যে দখল ও ভাগ-বাঁটোয়ারা নিয়ে ওই দুটি খুনের ঘটনা ঘটেছে। প্রথম আলো, ৮ আগস্ট ২০২৪

**৪. বিজয় মিছিল থেকে ফেরার পথে খুন, বিএনপি নেতাসহ ২৫ জনের বিরুদ্ধে হত্যা মামলা**



কক্সবাজারের মহেশখালী উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শফিউল আলমকে হত্যার অভিযোগে বিএনপির সাবেক সংসদ সদস্য আলমগীর মোহাম্মদ মাহফুজ উল্লাহকে প্রধান আসামি করে ২৫ জনের বিরুদ্ধে একটি হত্যা মামলা হয়েছে। গতকাল শনিবার রাত সাড়ে ১১টায় নিহত শফিউল আলমের বাবা কামাল পাশা বাদী হয়ে মহেশখালী থানায় এই মামলা করেন। মামলায় যুবদল নেতা জাহেদুল হক ও হাবিব উল্লাহকেও আসামি করা হয়। যুবদল নেতা জাহেদুল সাবেক সংসদ সদস্য আলমগীরের ভাতিজা। ৫ আগস্ট সরকার পতনের পর বিজয় মিছিল শেষে রাত ১১টার দিকে বিএনপি নেতা শফিউল আলম উপজেলা সদরের গোরকঘাটা বাজার থেকে মোটরসাইকেলে বড় মহেশখালী ইউনিয়নে নিজ বাড়িতে ফিরছিলেন। বানিয়ার দোকানের সামনে পৌঁছালে তাঁকে কুপিয়ে গুরুতর আহত করা হয়। পরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। প্রথম আলো, ১৮ আগস্ট ২০২৪

**৫. নগরকান্দায় বিএনপির দুই পক্ষের সংঘর্ষে নিহত ১**

ফরিদপুরের নগরকান্দায় বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে সংঘর্ষে একজন নিহত হয়েছে বলে জানা গেছে। ২১ আগস্ট বুধবার সকাল ১১টার দিকে নগরকান্দা বাজারে কৃষক দলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম বাবুল ও বিএনপির সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদের সমর্থকদের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে নিহত কবির ভুঁইয়া (৫০) নগরকান্দা পৌরসভার ছাগলদী মহল্লার বাসিন্দা ছিলেন। ডেইলি স্টার, ২১ আগস্ট ২০২৪

**৬. মাগুরায় বিএনপির দুপক্ষের সংঘর্ষে নিহত ১**

মাগুরায় সদর উপজেলার ডেফুলিয়া বাজারে আধিপত্য বিস্তারের ঘটনা নিয়ে স্থানীয় বিএনপির দুপক্ষের সংঘর্ষে জাতীয়তাবাদী পৌর কৃষক দলের সহ-সভাপতি ওয়াজেদ আলীর মৃত্যু হয়েছে। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। এলাকাবাসী জানান, বুধবার সকালে ডেফুলিয়া বাজারে আধিপত্য বিস্তার নিয়ে দুটি পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের ১৪ জনকে আহত অবস্থায় মাগুরা ২৫০ বিশিষ্ট হাসপাতালে ভর্তি করা হয়। যুগান্তর, ২৯ আগস্ট ২০২৪

**৭. কোম্পানীগঞ্জে দুগ্রুপের সংঘর্ষে আহত বিএনপি নেতার মৃত্যু**



নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় আধিপত্য বিস্তারের জেরে দুগ্রুপের সংঘর্ষের ঘটনায় আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি নেতা সাবেক ইউপি চেয়ারম্যান আবদুল মতিন তোতা (৬৫) মারা গেছেন। তিনি কোম্পানীগঞ্জ উপজেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক ছিলেন। ৩০ আগস্ট শুক্রবার বিকেল ৩টায় রাজধানীর ধানমন্ডির পপুলার হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় তার মৃত্যু হয়। যুগান্তর, ৩০ আগস্ট ২০২৪

**৮. গাজীপুরে বিএনপি নেতাকে পিটিয়ে হত্যা, দুই গ্রুপের সংঘর্ষ**



গাজীপুরের কালীগঞ্জে ওয়ার্ড বিএনপির সভাপতি এস এম এমদাদুল হক আকলুকে (৬৫) পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। এ ঘটনায় ৪ জন আহত হন। নিহত আকলু মুক্তারপুরের রামচন্দ্রের গ্রামের মৃত হাবিবুর রহমানের ছেলে। তিনি মুক্তারপুর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি। শুক্রবার (৬ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টায় কালীগঞ্জ উপজেলার মুক্তারপুর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের স্থানীয় নাশু মার্কেট এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয়রা বলছেন, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে এ ঘটনা ঘটে। এ ঘটনার পরই সাবেক চেয়ারম্যান এবং উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি শরিফুল ইসলাম তোরণের অফিস ও বাড়িতে হামলা ভাঙচুরের ঘটনা ঘটে। বাংলা ট্রিবিউন, ৭ সেপ্টেম্বর ২০২৪

**৯. বগুড়ায় স্বেচ্ছাসেবক দল নেতা মিজানকে হত্যা করেছে যুবদল**

বগুড়ায় সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক মিজানুর রহমান মিজান



(৩৭) ও প্রতিপক্ষের যুবদল কর্মী সানোয়ার হোসেন লেদো (৪০) হত্যাকাণ্ডের ঘটনায় এলাকার থমথমে পরিস্থিতি বিরাজ করছে। মঙ্গলবার বিকাল পর্যন্ত এ জোড়াখুনের ঘটনায় মামলা হয়নি। আধিপত্য বিস্তার ও পূর্ব বিরোধের জের ধরে সোমবার রাতে সদর উপজেলার গোকুল বাজার এলাকায় মিজানকে কুপিয়ে এবং শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ (শজিমেক) হাসপাতালের জরুরি বিভাগে লেদোকে পিটিয়ে হত্যা করা হয়। যুগান্তর, ১০ সেপ্টেম্বর ২০২৪

**১০. নড়াইলে যুবদল নেতার নেতৃত্বে দুই বিএনপিকর্মীকে কুপিয়ে হত্যা**





আধিপত্য বিস্তারে নড়াইলের লোহাগড়ায় মিরান শেখ (৪২) ও জিয়ারুল শেখ (৩৫) নামে দুই ভাইকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে উপজেলা যুবদলের আহ্বায়ক খান মাহমুদুলের বিরুদ্ধে। এ হামলার ঘটনায় তাদের আরেক ভাই ইরান শেখের (৫০) অবস্থা আশঙ্কাজনক। পরে হত্যাকাণ্ডের জেরে দুপক্ষের সংঘর্ষে আহত হয় আরও ৫ জন। বুধবার (১১ সেপ্টেম্বর) সকালে উপজেলার চর মল্লিকপুর দক্ষিণপাড়া আইছুবের মোড় সংলগ্ন পাচুড়িয়া-লোহাগড়া আঞ্চলিক সড়কের ওপর এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। সময় টিভি, ১১ সেপ্টেম্বর ২০২৪

**১১. চট্টগ্রামে যুবদলের দুই পক্ষের সংঘর্ষে একজন নিহত**

চট্টগ্রাম নগরের চান্দগাঁও এলাকায় যুবদলের দুই পক্ষের সংঘর্ষে জুবায়ের উদ্দিন নামের এক যুবক নিহত হয়েছেন। আজ শুক্রবার বিকেলে পুরাতন চান্দগাঁও এলাকায় চান্দগাঁও স্পোর্টস জোনের সামনে এ ঘটনা ঘটে। টার্ফের (কৃত্রিম ঘাসের মাঠ) দখল নিয়ে যুবদলের এই সংঘর্ষের সূত্রপাত হয়েছে বলে জানা গেছে। প্রথম আলো, ২০ সেপ্টেম্বর ২০২৪

**১২. মিরসরাইয়ে বিএনপি নেতাকে কুপিয়ে হত্যা, আহত ৫**

চট্টগ্রামের মিরসরাইয়ে পূর্ব শত্রুতার জের ধরে এক বিএনপি নেতাকে কুপিয়ে হত্যা করেছে সন্ত্রাসীরা। এ সময় পাঁচজন আহত হয়েছেন। বৃহস্পতিবার (১০ অক্টোবর) সন্ধ্যায় উপজেলার বারইয়ারহাট পৌরসভার গাছ মার্কেটের দিদার টিম্বার ডোর অ্যান্ড ফার্নিচার দোকানে এ ঘটনা ঘটে। নিহতের নাম কবির আহম্মদ সওদাগর (৭০)। তিনি উপজেলার ২নং হিঙ্গুলী ইউনিয়ন বিএনপির



সাবেক সহ-সভাপতি ও বর্তমানে ইউনিয়ন কমিটির সদস্য। আহতরা হলেন- কবির আহম্মদের ছেলে দিদারুল আলম (৪২) ও জামশেদ আলম (৩৫) এবং আবদুল বারেক (২৮), শরীফুল ইসলাম (৩০)। আহত অন্যজনের পরিচয় জানা যায়নি। খবরের কাগজ, ১০ অক্টোবর ২০২৪

## ১৩. চট্টগ্রামে দু'গ্রুপের সংঘর্ষে যুবদল কর্মী নিহত

চট্টগ্রামের বায়েজিদ এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দু'গ্রুপের মধ্যে সংঘর্ষে মো: ইমন (৩৪) নামে এক যুবক নিহত হয়েছেন। শনিবার দুপুরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। নিহত ইমন যুবদল কর্মী বলে স্থানীয়রা জানিয়েছেন। পুলিশ ঝান্টু ও কাশেমসহ কয়েকজন খুনিদের নাম পেয়েছে। পুলিশ ও স্থানীয়রা জানান, আওয়ামী লীগ সরকারের পতনের পর চাঁদাবাজি, ঝুট ব্যবসা ও দখল-বেদখল নিয়ে বায়েজিদ এলাকায় ঝান্টু গ্রুপের সঙ্গে যুবদল সমর্থিত সবুজের বিরোধ চলছিল। যুগান্তর, ১৩ অক্টোবর ২০২৪

## ১৪. উত্তরায় বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, নিহত যুবদল কর্মী



রাজধানীয়ার উত্তরায় বিএনপির দুই দুই পক্ষের সংঘর্ষে যুবদলের এক কর্মী নিহত হয়েছেন। রোববার উত্তরার ৪৭ নম্বর ওয়ার্ডে এ ঘটনা ঘটে। যুবদলের নিহত ওই কর্মীর নাম সোহেল। জানা যায়, বিএনপির নেতা কফিলউদ্দিন ও যুবদলের সাবেক সহসভাপতি এসএম জাহাঙ্গীরের গ্রুপের মধ্যে এ সংঘর্ষ হয়। সমকাল, ২৮ অক্টোবর ২০২৪

## ১৫. দামুড়হুদায় দু'গ্রুপের সংঘর্ষে আহত বিএনপি নেতার মৃত্যু



চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদায় আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দু'গ্রুপের সংঘর্ষে আহত ওয়ার্ড বিএনপি নেতা সুলতান আহমেদের মৃত্যু হয়েছে। বুধবার রাত ৯টায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন তার মৃত্যু হয়। নিহত সুলতান দামুড়হুদার নাটুদহ ইউনিয়নের খলিশা গ্রামের মৃত আফসার আলীর ছেলে ও ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড (গচিয়ারপাড়া) বিএনপির যুগ্ম সম্পাদক ছিলেন। যুগান্তর, ৩১ অক্টোবর ২০২৪

**১৬. যশোরে যুবদল কর্মীকে হত্যার অভিযোগে মামলা, ছাত্রদল নেতা আসামি**



যশোরের ঝিকরগাছা উপজেলায় যুবদল কর্মী পিয়াল হাসানকে (২৮) কুপিয়ে হত্যার অভিযোগে মামলা হয়েছে। আজ রোববার দুপুরে নিহত পিয়ালের বাবা কিতাব আলী বাদী হয়ে ঝিকরগাছা থানায় হত্যা মামলা করেন। মামলায় ঝিকরগাছা পৌর ছাত্রদলের আহ্বায়ক শামীম রেজাসহ ১০ জনের নাম উল্লেখ করা হয়। আর অজ্ঞাতনামা আসামি করা হয়েছে আরও ছয় থেকে সাতজনকে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, পূর্বশত্রুতার জেরে গতকাল শনিবার দুপুরে ঝিকরগাছা রেলস্টেশনের পাশে ৮ থেকে ১০ জন পিয়ালকে ধাওয়া দেন। পিয়াল দৌড়ে পাশের বিদ্যালয়ে গিয়ে আশ্রয় নেন। পরে সেখানে তাঁকে কুপিয়ে হত্যা করা হয়। প্রথম আলো, ১০ নভেম্বর ২০২৪

**১৭. মাদারীপুরে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে নিহতের ঘটনায় মামলা**

মাদারীপুরের শিবচরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে হিরু মাতুব্বর (৩৫) নামের এক ব্যক্তি নিহতের ঘটনায় মামলা হয়েছে। ১১ নভেম্বর সোমবার রাত দুটার দিকে শিবচর থানায় তাঁর বাবা এসকেন্দার মাতুব্বর বাদী হয়ে মামলাটি করেন। মামলায় ৬৫ জনকে এজাহারভুক্ত ও ৬০ থেকে ৭০ জনকে অজ্ঞাতপরিচয় আসামি করা হয়েছে। ওই মামলায় সুমন নামের এক তরুণকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ ও স্থানীয় কয়েকজন বাসিন্দার সূত্রে জানা গেছে, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দত্তপাড়া ইউনিয়ন বিএনপির নেতা মালেক মোল্লা ও টুকু ফরাজির মধ্যে বিরোধ চলে আসছিল। গত রোববার রাতে উভয় পক্ষের লোকজনের মধ্যে সংঘর্ষ হয়। প্রথম আলো, ১২ নভেম্বর ২০২৪

**১৮. নোয়াখালীতে দলীয় প্রতিপক্ষের ছুরিকাঘাতে যুবদল নেতা নিহত**



নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় দোকানের জায়গা ভরাটকে কেন্দ্র করে দলীয় প্রতিপক্ষের হামলায় এক যুবদল নেতা নিহত হয়েছেন। তাঁর নাম ইউনুছ আলী (৩৯)। গতকাল বৃহস্পতিবার দুপুরে চরফকিরা ইউনিয়নের দিয়ারা বালুয়া গুচ্ছগ্রাম ঘাটে এ ঘটনা ঘটে। এতে আহত হয়েছেন ইউনুছ আলীর অপর তিন ভাই। ইউনুছ স্থানীয় ওয়ার্ড যুবদলের সাবেক সভাপতি ছিলেন। তার ভগ্নিপতি মো: আলমগীর বলেন, গতকাল দুপুরের দিকে তাঁর শ্যালক ইউনুছ আলী গুচ্ছগ্রাম ঘাটে তাঁদের ভাড়া নেওয়া দোকানের একটি জায়গায় মাটি ফেলতে যান। সেখানে তাঁর ওপর হামলা করে মুছাপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শাহজাহান

ও উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মনছুরুল হকের লোকজন। একপর্যায়ে হামলাকারীদের একজন তাঁর শ্যালকের পেটে ছুরিকাঘাত করেন। প্রথম আলো, ১৫ নভেম্বর ২০২৪

**১৯. পাবনায় আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দুই পক্ষে সংঘর্ষে একজন নিহত**



পাবনায় আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষে একজন নিহত ও পাঁচজন আহত হয়েছেন। আজ শনিবার সকালে জেলা সদরের হিমাইতপুর ইউনিয়নের বেতেপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। সংঘর্ষে নিহত ব্যক্তির নাম জালাল উদ্দিন (৪০)। তিনি হিমাইতপুর ইউনিয়নের কাজীপাড়া গ্রামে শুকুর আলীর ছেলে। স্থানীয় লোকজন ও প্রত্যক্ষদর্শীদের সঙ্গে কথা বলে জানা গেছে, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে দীর্ঘদিন ধরে হিমাইতপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জেলা বিএনপির সদস্য মুন্তাজ আলীর সঙ্গে ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাসেমের বিরোধ চলছে। দুই পক্ষের সমর্থকদের মধ্যে প্রায়ই বাগবিতণ্ডা ও মারধরের ঘটনা ঘটে। প্রথম আলো, ১৬ নভেম্বর ২০২৪

**২০. লালমোহনে বাজারের ইজারা নিয়ে সংঘর্ষে আহত যুবদল নেতার মৃত্যু**



ভোলার লালমোহন উপজেলায় একটি বাজারের খাজনা আদায় ও আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত যুবদলের এক নেতা মারা গেছেন। বৃহস্পতিবার সকালে ঢাকা মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। মারা যাওয়া যুবদল নেতার নাম মো: তৈয়বুর রহমান (৩৫)। তিনি উপজেলার বদরপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড যুবদলের সাধারণ সম্পাদক ছিলেন এবং একই এলাকার মাকসুদুল্লাহর ছেলে। প্রথম আলো, ২১ নভেম্বর ২০২৪

**২১. সিলেটে যুবদল কর্মীকে কুপিয়ে হত্যা, বিচার চেয়ে লাশ নিয়ে সড়ক অবরোধ**



সিলেট নগরের শাহপরান এলাকায় প্রতিপক্ষের ধারালো অস্ত্রের আঘাতে বিলাল আহমদ মুন্সী (৩৫) নামের এক যুবদল কর্মী নিহত হন। এ ঘটনার প্রতিবাদে ২৬ নভেম্বর মঙ্গলবার দুপুরে লাশ নিয়ে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন স্থানীয় বাসিন্দারা। নিহত বিলাল আহমদ নগরের ৩৪ নম্বর ওয়ার্ডের খাদিম বহর আবাসিক এলাকার জহুরুল ইসলামের ছেলে।

বিলায় পেশায় রংমিস্ত্রি এবং ওয়ার্ড যুবদলের কর্মী। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, কিছুদিন আগে দুই স্কুলছাত্রের ঝগড়া আর তর্কাতর্কির জেরে শাহপরান এলাকায় যুবদল-ছাত্রদলের নেতৃত্বে স্থানীয় মানুষের মধ্যে দুটি পক্ষ তৈরি হয়। এ নিয়ে উভয় পক্ষে মনোমালিন্য ও উত্তেজনা চলছিল। এরই জেরে সোমবার রাতে দুই পক্ষে সংঘর্ষ হয়। এ সময় যুবদল-ছাত্রদলের কিছু নেতা-কর্মী ধারালো অস্ত্র দিয়ে বিলাল হোসেনকে উপর্যুপরি কুপিয়ে আহত করে। প্রথম আলো, ২৬ নভেম্বর ২০২৪



**২২. বিএনপির দু'গ্রুপে আধিপত্য বিস্তারের বলি লাভলু**

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রদলের দুগ্রুপের সংঘর্ষে মানিকগঞ্জের ঘিওর উপজেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক লাভলু মিয়া (৪০) নিহত হয়েছে। এ ঘটনায় আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৫ জন। সোমবার বেলা ১২টার দিকে ঘিওর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চত্বরে এ ঘটনা ঘটে। যুগান্তর, ৯ ডিসেম্বর ২০২৪

**২৩. ঝিনাইদহে সংঘর্ষে বিএনপি কর্মীর মৃত্যু, বাড়ি ভাঙচুর**

ঝিনাইদহের শৈলকুপায় দুপক্ষের সংঘর্ষে বাদশা মোল্লা (৪৪) নামে আহত এক বিএনপি কর্মীর মৃত্যু হয়েছে। সোমবার (৯ ডিসেম্বর) সকালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন থেকে তার মৃত্যু হয়। বাদশা মোল্লা ওই গ্রামের রাহেন মোল্লার ছেলে। তিনি বিএনপি কর্মী ছিলেন। স্থানীয়রা জানান, এলাকায় সামাজিক আধিপত্য বিস্তার নিয়ে দীঘলগ্রামের মোক্তার মোল্লার সমর্থকদের সঙ্গে মাহাতাব মোল্লার সমর্থকদের বিরোধ চলে আসছিলো। এরই জেরে গত শুক্রবার (৬ ডিসেম্বর) উভয় পক্ষের সমর্থকদের মধ্যে সংঘর্ষ হয়। এতে মোক্তার মোল্লার সমর্থক বাদশা মোল্লা গুরুতর আহত হন। সোমবার সকালে চিকিৎসাধীন অবস্থায় সেখানে তার মৃত্যু হয়। সময় টিভি, ৯ ডিসেম্বর ২০২৪



**২৪. মাগুরায় পূর্ব বিরোধের জের ধরে যুবককে কুপিয়ে হত্যা**

মাগুরার সদর উপজেলার বেরইল পলিতা গ্রামে শরিফুল ইসলাম (৩৬)নামে এক যুবককে পূর্ব বিরোধের জের ধরে কুপিয়ে হত্যা করা হয়েছে। তিনি ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি আকবর হোসেনের ছেলে। বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) দুপুরে এ ঘটনা ঘটে। শরিফুল ইসলাম বেরইল পলিতা বাজারে সঞ্জিবনের সেলুনে বসে ছিলেন। এমন সময় ইউনিয়ন পরিষদের বর্তমান মেম্বার বিএনপি নেতা রাজা গাজীর সমর্থকরা সেখানে গিয়ে ধারালো অস্ত্র

দিয়ে তার ওপর হামলা চালালে গুরুতর জখম হয়। ঘটনার পর হাসপাতালে নেওয়ার পথেই তার মৃত্যু হয়। তথ্যসূত্রঃ ঢাকা পোস্ট, ১৯ ডিসেম্বর ২০২৪

**২৫. নরসিংদীতে বিএনপির ২ গ্রুপের সংঘর্ষে আহত শ্রমিকদল নেতার মৃত্যু**



নরসিংদীর পাঁচদোনায় বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে আহত এক শ্রমিকদল নেতা ২৪ ডিসেম্বর মারা গেছেন। নিহত আলম মিয়া (৫৫) পাঁচদোনা ইউনিয়ন শ্রমিক দলের সাধারণ সম্পাদক ছিলেন। তার মৃত্যুর খবরে কর্মী-সমর্থকরা আজ বিকেলে প্রায় এক ঘণ্টা ঢাকা-সিলেট মহাসড়ক অবরোধ করে রাখেন। পুলিশ ও স্থানীয়রা জানান, পাঁচদোনা ইউনিয়ন বিএনপির সহসভাপতি লাল মিয়া ওরফে লালু মেম্বার এবং বিএনপির সমর্থক মোসাদ্দেক হোসেনের সমর্থকদের মধ্যে গত ১৮ ডিসেম্বর এ সংঘর্ষ হয়। এতে আলম মিয়া মাথায় গুরুতর আঘাত পান। ডেইলি স্টার, ২৪ ডিসেম্বর ২০২৪

**২৬. রূপগঞ্জে বিএনপির নেতা-কর্মীদের মারধরে ছাত্রদল নেতা নিহত**



নারায়ণগঞ্জের রূপগঞ্জে বিএনপি নেতাকর্মীদের মারধরে পাভেল মিয়া (৩০) নামের ছাত্রদলের এক নেতা নিহত হয়েছেন। এ ঘটনার জেরে বিএনপির এক নেতা ও তাঁর অনুসারীদের বাড়িতে আগুন দেওয়া হয়েছে। গতকাল মঙ্গলবার রাতে উপজেলার কাঞ্চন পৌরসভা এলাকায় এ ঘটনা ঘটে। নিহত পাভেল কাঞ্চন পৌরসভা ছাত্রদলের সদ্য সাবেক আহ্বায়ক। তিনি পৌরসভার কৃষ্ণনগর এলাকার ইদ্রিস আলীর ছেলে। পুলিশ, নিহতের পরিবার ও স্থানীয় বিএনপি নেতাকর্মীদের সঙ্গে কথা বলে জানা যায়, গতকাল রাতে শুভ নামের পৌরসভা স্বেচ্ছাসেবক লীগের এক নেতার সঙ্গে কাঞ্চন পৌর সেচ্ছাসেবক দলের সদস্যসচিব আমিনুল ইসলামের কথা কাটাকাটি হয়। এর জেরে শুভর পক্ষ নিয়ে আমিনুল ইসলামের সঙ্গে মুঠোফোনে তর্কে জড়ান পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মো: বায়জীদ। একপর্যায়ে উভয় পক্ষ উত্তেজিত হয়ে পরস্পরকে কাঞ্চন পৌরসভা কার্যালয়ের সামনে আসতে বলে। রাত সাড়ে ১০টার দিকে মো: বায়জীদ, তাঁর অনুসারী জাহাঙ্গীরসহ কয়েকজন আমিনুল ইসলামকে খুঁজতে পৌরসভার সামনে আসেন। এ সময় পৌর কার্যালয় এলাকায় একটি মন্দিরের অনুষ্ঠানে যোগ দিতে এসেছিলেন পাভেল মিয়া। এ সময় একা পেয়ে দলবল নিয়ে পাভেলকে মারধর করেন বায়জীদ। পরে চিকিৎসাধীন অবস্থায় পাভেল মারা যান। প্রথম আলো, ২৫ ডিসেম্বর ২০২৪

## ২৭. কুড়িগ্রামে 'সালিশে হামলায়' যুবদল নেতা নিহত, বিএনপির নেতাকর্মীরা



কুড়িগ্রামের উলিপুরে সালিশে প্রতিপক্ষের হামলায় এক যুবদল নেতার মৃত্যুর অভিযোগ উঠেছে। শুক্রবার সন্ধ্যায় উলিপুর থানার গোলঘরে চলা সালিশের পর এ হামলা ও মৃত্যুর ঘটনায় নিহতের বাবা বাদি হয়ে শনিবার হত্যা মামলা করেছেন বলে জানিয়েছেন উলিপুর থানার ওসি জিল্লুর রহমান। মামলায় আসামি হিসেবে জেলা কৃষকদলের যুগ্ম আহ্বায়ক আবু জাফর সোহেল রানা ও সাবেক ছাত্রদল নেতা ফিরোজ কবির কাজলসহ ২০ জনের নামোল্লেখ করা হয়েছে। মারা যাওয়া আশরাফুল আলম (৪০) পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক। তিনি জেলা বিএনপির সাবেক সভাপতি ও সদ্য ঘোষিত জেলা আহ্বায়ক কমিটির সদস্য তাসভিরুল ইসলামের অনুসারী। বিডিনিউজ২৪, ২৮ ডিসেম্বর ২০২৪



## ২৮. মাদারীপুরে তিন খুন

মাদারীপুরের কালকিনি উপজেলায় আধিপত্য বিস্তার নিয়ে বাবা-ছেলেসহ তিনজনকে হত্যার ঘটনা ঘটেছে। হাতবোমার আঘাতে ইউপি সদস্য আক্তার শিকদার (৪২) ও তাঁর ছেলে মারুফ শিকদার (২০) এবং দিনমজুর সিরাজুল চৌকিদার (৩৫) নিহত হন। আহত হন আরও অন্তত ১০ জন। এ ঘটনার তিন দিন পর দুটি মামলা হয়েছে। দুই মামলাতেই উপজেলার বাঁশগাড়ী ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান মোস্তাফিজুর রহমানকে আসামি করা হয়েছে। এ ছাড়া হত্যাকাণ্ডের পর এলাকায় অভিযান চালিয়ে আটক দুজনকে এসব মামলায় গ্রেপ্তার দেখানো হয়েছে। তাঁরা হলেন বাঁশগাড়ী এলাকার বাসিন্দা শান্ত হাওলাদার ও মোতালেব হোসেন। মামলার প্রধান আসামি মোস্তাফিজুর রহমান বাঁশগাড়ী ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক। তিনি পরপর দুবার স্বতন্ত্র প্রার্থী হয়ে ওই ইউপিতে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। প্রথম আলো, ৩০ ডিসেম্বর ২০২৪

## ২৯. পায়ের রগ কাটার পর কুপিয়ে হত্যা করা হয় শ্রমিক দল নেতা আরমানকে



পায়ের রগ কাটার পর কুপিয়ে হত্যা করা হয় চট্টগ্রামের সীতাকুণ্ড উপজেলার ছলিমপুর ইউনিয়ন শ্রমিক দল নেতা মীর আরমান হোসাইনকে। রগ কাটার বিষয়টি প্রথমে পরিবার না জানলেও শনিবার ডাক্তারি পরীক্ষায় (ময়নাতদন্তে) বিষয়টি উঠে এসেছে। নিহত আরমানের শ্যালক মোহাম্মদ

আরিফ বলেন, অধিপত্য বিস্তার ও দলীয় কোন্দলের শিকার হয়েছেন আরমান। হত্যাকারী আল আমিন ও তার সহযোগীরা স্থানীয় ইউনিয়ন যুবদলের সাবেক সভাপতি মো: রোকন উদ্দিনের অনুসারী। সমকাল, ৫ জানুয়ারি ২০২৫

### ৩০. তাড়াইলে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, ছুরিকাঘাতে এক নেতা নিহত



কিশোরগঞ্জের তাড়াইল উপজেলা বিএনপির সম্মেলন ঘিরে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আবুল হাসান ওরফে রতন (৫৫) নামের এক নেতা নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অন্তত পাঁচজন। ১২ জানুয়ারি রোববার বেলা ১১টার দিকে তাড়াইল উপজেলার রাউতি ইউনিয়নের বানাইল বাজারে এ ঘটনা ঘটে। সংঘর্ষে নিহত আবুল হাসান রাউতি ইউনিয়ন বিএনপির সভাপতি। স্থানীয় বাসিন্দা ও দলীয় সূত্রে জানা যায়, আগামী বুধবার তাড়াইল উপজেলা বিএনপির সম্মেলনকে কেন্দ্র করে ইউনিয়ন বিএনপির সভাপতি আবুল হাসান ও সদস্য গিয়াসউদ্দিনের মধ্যে বাগ্‌বিতণ্ডা হয়। প্রথম আলো, ১২ জানুয়ারি ২০২৫

### ৩১. বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে প্রাণ গেলো যুবদল কর্মীর

চট্টগ্রামের মীরসরাই উপজেলা সদরে চলমান মাসব্যাপী বাণিজ্য মেলায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে বাগবিতণ্ডার জেরে হওয়া সংঘর্ষে জাহেদ হোসেন মুন্না (২০) নামে এক যুবদল কর্মী নিহত হয়েছেন। সোমবার (১৩ জানুয়ারি) রাত সাড়ে ১০টার দিকে মীরসরাই স্টেডিয়ামে বাণিজ্য মেলায় মীরসরাই পৌরসভা বিএনপির সদস্য সচিব জাহিদ হোসাইনের অনুসারীদের সঙ্গে যুবদলের আহ্বায়ক কামরুল হাসানের অনুসারীদের বাগবিতণ্ডা হয়। ঘটনায় দুই পক্ষের পাঁচ জন আহত হয়েছেন। বাংলা ট্রিবিউন, ১৪ জানুয়ারি ২০২৫

### ৩২. যুবদল নেতা আকরামের গুলিতে খুন মঞ্জু মিয়া



নরসিংদী সদর উপজেলার পাইকারি কাপড়ের হাট শেখেরচর-বাবুরহাটের একটি দোকানঘরে ইন্টারনেট সংযোগ দিচ্ছিলেন মঞ্জু মিয়া আর বখতিয়ার উদ্দিন। খবর পেয়ে সমর্থকদের নিয়ে সেখানে যান যুবদল নেতা আকরাম হোসেন। ওই এলাকায় ইন্টারনেট ব্যবসার নিয়ন্ত্রণ নিতে চাওয়া আকরাম কোমর থেকে পিস্তল বের করে বখতিয়ার ও মঞ্জুকে গুলি করেন। হাসপাতালে নেওয়ার পথেই মঞ্জু মারা যান। প্রথম আলো, ১৭ জানুয়ারি ২০২৫

### ৩৩. ‘সেলফ ডিফেন্স স্টিক’ দিয়ে সাবেক যুবদল নেতার মারধরে বৃদ্ধের মৃত্যু



চট্টগ্রামে সন্দ্বীপ উপজেলায় মাথায় ‘সেলফ ডিফেন্স স্টিক’ দিয়ে আঘাত করে এক বৃদ্ধকে হত্যার অভিযোগ উঠেছে। নিহত ব্যক্তির স্বজনদের অভিযোগ, স্থানীয় যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক মোঃ সুমন ওই বৃদ্ধকে হত্যা করেছেন। সোমবার বেলা পৌনে একটার দিকে এ ঘটনা ঘটে। নিহত ব্যক্তির নাম আইছুব জাহাঙ্গীর (৬২)। তিনি উপজেলার গাছুয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের দৌলতেরগো বাড়ির বাসিন্দা। প্রথম আলো, ২০ জানুয়ারি ২০২৫

### ৩৪. রাউজানে ব্যবসায়ীকে গুলি করে হত্যা



কারও হাতে কিরিচ, কারও হাতে আগ্নেয়াস্ত্র। সবারই মুখোশ পরা। ধীরপায়ে হেঁটে চলছেন গ্রামীণ একটি রাস্তায়। চট্টগ্রামের রাউজানে গুলি করে ব্যবসায়ী জাহাঙ্গীর আলমকে হত্যার পর এভাবেই হেঁটে চলে যেতে দেখা যায় সন্ত্রাসীদের। একটি বাড়ির সিসিটিভি ফুটেজে এই দৃশ্য ধরা পড়েছে। গত শুক্রবার জুমার নামাজ আদায় করতে বাড়ির মসজিদে যাওয়ার পথে গুলি করে হত্যা করা হয় জাহাঙ্গীর আলমকে। তিনি উপজেলার নোয়াপাড়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের আসদ আলী মাতব্বরপাড়া গ্রামের সাবেক ইউপি সদস্য আবু সৈয়দের ছেলে। চট্টগ্রাম নগরের খাতুনগঞ্জে শুঁটকির পাইকারি ব্যবসা করতেন জাহাঙ্গীর। পুলিশ ও স্থানীয় বাসিন্দাদের সূত্রে জানা গেছে, রাউজানের নোয়াপাড়া ইউনিয়নে গত ১৮ আগস্ট থেকে এ পর্যন্ত ৩৫ বার গোলাগুলি, সংঘর্ষ, মারামারি এবং কাউকে তুলে নিয়ে যাওয়ার মতো ঘটনা ঘটেছে। এলাকায় আধিপত্য বিস্তার করতে বিএনপির স্থানীয় দুটি পক্ষের দ্বন্দ্বের জেরে এসব ঘটনা ঘটেছে বলে দাবি পুলিশের। এসব ঘটনায় মামলা হয়েছে ২০টি বেশি। প্রথম আলো, ২৮ জানুয়ারি ২০২৫

### ৩৫. নাঙ্গলকোটে স্বেচ্ছাসেবক দল নেতাকে পিটিয়ে হত্যা, অভিযোগ বিএনপির আরেক পক্ষের বিরুদ্ধে



কুমিল্লার নাঙ্গলকোট উপজেলায় দলীয় কোন্দল ও বিরোধে সেলিম ভূঁইয়া (৪৫) নামে স্বেচ্ছাসেবক দলের একজন নেতাকে পিটিয়ে হত্যা করা হয়েছে। আজ শনিবার বেলা আড়াইটার দিকে উপজেলার বাঙ্গডডা বাজার এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত পাঁচজন। স্থানীয় বিএনপির একটি পক্ষের হামলায় অপর পক্ষের ওই স্বেচ্ছাসেবক দলের নেতা নিহত হয়েছেন বলে জানা

গেছে। নিহত সেলিম ভূঁইয়া উপজেলার হেসাখাল ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক। তিনি একই ইউনিয়নের দায়েমছাতি খিলপাড়া এলাকার আবদুল খালেকের ছেলে। দলীয় সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে নাঙ্গলকোটে বিএনপির রাজনীতিতে চেয়ারপারসনের সাবেক উপদেষ্টা ও সাবেক সংসদ সদস্য আবদুল গফুর ভূঁইয়ার সঙ্গে উপজেলা বিএনপির সাবেক সভাপতি মোবাশ্বের আলম ভূঁইয়ার দলীয় কোন্দল ও বিরোধ চলে আসছে। আজকের ঘটনায় নিহত স্বেচ্ছাসেবক দলের নেতা সেলিম ভূঁইয়া সাবেক সংসদ সদস্য আবদুল গফুর ভূঁইয়ার অনুসারী হিসেবে পরিচিত। প্রথম আলো, ১ ফেব্রুয়ারি ২০২৫

### ৩৬. বিএনপির কর্মীকে 'পিটিয়ে হত্যা'



চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলার ভুজপুরে বিএনপি কর্মী মো: শহীদকে (৩২) পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। শনিবার রাতে দাঁতমারা ইউনিয়নের বড় বেতুয়া সেলিমের দোকান এলাকায় এ ঘটনা ঘটে। জানা গেছে, সাইফুল ইসলামের বাড়ি কুমিল্লা জেলায়। আওয়ামী লীগ সরকারের পতনের পর শহীদ বড় বেতুয়া এলাকায় আমান নামের এক বন্ধুর বাড়িতে থাকতেন। তিনি চট্টগ্রাম উত্তরজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও ফটিকছড়ি উপজেলা বিএনপির নেতা মো: সরোয়ার আলমগীরের অনুসারী ছিলেন। স্থানীয় বিএনপি নেতা-কর্মীদের দাবি, শহীদকে পরিকল্পিতভাবে উপজেলা বিএনপির এক নেতার গ্রুপের লোকজন পিটিয়ে হত্যা করেছে। আধিপত্য বিস্তারকে কেন্দ্র করেই এ হত্যাকাণ্ড। ঘটনার পর বিএনপি একাংশের কর্মীরা গা ঢাকা দিয়েছেন। স্থানীয় লোকজন জানান, উপজেলা বিএনপির নেতা মো: সরোয়ার আলমগীর ও আজিম উল্লাহ বাহার চৌধুরীর অনুসারীদের আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ দীর্ঘদিনের। সমকাল, ২ ফেব্রুয়ারি ২০২৫

### ৩৭. ঝিনাইদহে আধিপত্য বিস্তার নিয়ে দুই পক্ষের সংঘর্ষ, একজনকে হত্যা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার হাকিমপুর গ্রামে বিএনপির আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে মোশাররফ হোসেন (৩৫) নামের একজন নিহত হয়েছেন। আজ মঙ্গলবার সকাল ৮টার দিকে হাকিমপুর গ্রামের মাঠের মধ্যে তাঁকে কুপিয়ে হত্যা করা হয়। নিহত মোশাররফ ওই গ্রামের খাবির মণ্ডলের ছেলে ও বিএনপির কর্মী বলে জানা গেছে। এ ঘটনায় আরও ৭ থেকে ৮ জন আহত হয়েছেন। প্রথম আলো, ১১ ফেব্রুয়ারি ২০২৫

### ৩৮. বগুড়ায় বিএনপি নেতার হামলায় আহত যুবদল নেতার মৃত্যু

বগুড়ার সোনাতলায় বিএনপি নেতা ও তার অনুসারীদের হামলার পর চিকিৎসাধীন



অবস্থায় এক যুবদল নেতার মৃত্যুর অভিযোগ উঠেছে। নিহত রাশেদুল হাসান (২৭) সোনাতলা উপজেলার পাকুল্লা ইউনিয়ন যুবদলের সদস্য। শুক্রবার (১৪ ফেব্রুয়ারি) বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় প্রাণ হারান তিনি। হাসপাতাল পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক হারুনার রশিদ এ তথ্য নিশ্চিত করেছেন। অভিযোগ রয়েছে, ৭ ফেব্রুয়ারি সন্ধ্যায় পাকুল্লা বাজারে রাশেদুলের ওপর হামলা করেন ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুল হান্নান বাটালু ও তার লোকজন। ইত্তেফাক, ১৫ ফেব্রুয়ারি ২০২৫

**৩৯. বাগেরহাটে সম্মেলন ঘিরে সংঘর্ষে আহত বিএনপি নেতার মৃত্যু**



বাগেরহাটের কচুয়ায় বিএনপির সম্মেলন ঘিরে সংঘর্ষের ঘটনায় আহত বিএনপি নেতা শওকত হোসেন (৫০) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। বৃহস্পতিবার রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। ১১ ফেব্রুয়ারি উপজেলার ধোপাখালী ইউনিয়ন বিএনপির কমিটি গঠন নিয়ে দেপাড়া বাজার এলাকায় নিজ দলের দুই পক্ষের সংঘর্ষে তিনি গুরুতর আহত হন। নিহত শওকত হোসেন কচুয়া উপজেলার ছিটাবাড়ি গ্রামের ইমান উদ্দিন শেখের ছেলে। তিনি কচুয়া উপজেলার ধোপাখালী ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড বিএনপির নবনির্বাচিত সাধারণ সম্পাদক ছিলেন। প্রথম আলো, ২০ ফেব্রুয়ারি ২০২৫

**৪০. শেরপুরে আধিপত্য বিস্তার নিয়ে দ্বন্দ্বে বিএনপি নেতা নিহত**



শেরপুর সদর উপজেলায় অভ্যন্তরীণ দ্বন্দ্বের জেরে দলীয় প্রতিপক্ষের হামলায় আহত বিএনপি নেতার মৃত্যু হয়েছে। মঙ্গলবার রাত ১টার দিকে ঢাকার কুর্মিটোলা হাসপাতালে তিনি মারা যান। এর আগে ওই দিন বিকালে সদর উপজেলার কামারিয়া ইউনিয়নের ভীমগঞ্জ এলাকায় তার ওপর হামলা হয়। নিহত জাকারিয়া বাদল (৪৭) সদর উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও শেরপুর সরকারি কলেজের ছাত্র সংসদের এজিএস পদে ছিলেন। যুগান্তর, ২৬ ফেব্রুয়ারি ২০২৫


**৪১. বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত ব্যক্তির মৃত্যু**

বাগেরহাটের চিতলমারীতে বিএনপির দলীয় কোন্দলের জেরে সংঘর্ষে আহত কৃষক নুর ইসলাম শেখ (৪৮) মারা গেছেন। গতকাল বুধবার রাত ৮টায়



রাজধানীর একটি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। নিহত নুর ইসলাম শেখ উপজেলার কলাতলা ইউনিয়নের চরচিংগড়ী গ্রামের জলিল শেখের ছেলে। পুলিশ ও স্থানীয় বাসিন্দারা জানায়, কলাতলা ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড বিএনপির সম্মেলনকে কেন্দ্র করে গোলাম কিবয়িরা মাস্টার ও মোস্তাফিজুর রহমান কচি পক্ষের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। আজকের পত্রিকা, ২৭ ফেব্রুয়ারি ২০২৫

## ৪২. বরিশালে যুবদল নেতাকে কুপিয়ে হত্যা



বরিশাল নগরের কাউনিয়া হাউজিং এলাকায় জমি বিক্রিসংক্রান্ত বিরোধ নিয়ে এক যুবদল নেতাকে কুপিয়ে হত্যার ঘটনা ঘটেছে। হামলাকারীদের ধারালো অস্ত্রের কোপে আরও একজন আহত হয়েছেন। রোববার রাত আটটার দিকে কাউনিয়া শের-ই-বাংলা মাধ্যমিক বিদ্যালয়ের পেছনে এ ঘটনা ঘটে। নিহত মো: সুরুজ গাজী (৩৫) কাউনিয়া হাউজিং এলাকার কাঞ্চন গাজীর ছেলে। তিনি বরিশাল সিটি করপোরেশনের ৩ নম্বর ওয়ার্ড যুবদলের যুগ্ম আহ্বায়ক ছিলেন। আহত নয়ন গাজী কাউনিয়া হাউজিং এলাকার তসলিম গাজীর ছেলে। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, হাউজিং এলাকার বাসিন্দা ও স্থানীয় ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের নেতা মো: শাহীন হাওলাদার ওরফে সোনা শাহীনের সঙ্গে যুবদল নেতা সুরুজ গাজীর জমি বিক্রিসংক্রান্ত বিরোধ চলছিল। প্রথম আলো, ২ মার্চ ২০২৫

## ৪৩. চুয়াডাঙ্গায় বিএনপি নেতা রফিকুল হত্যাকাণ্ডে দলের তিন নেতাকে বহিষ্কার



চুয়াডাঙ্গার সদর উপজেলার তিতুদহ ইউনিয়ন বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক রফিকুল ইসলাম (মল্লিক) খুনের ঘটনায় অভিযুক্ত দলের তিন নেতাকে বহিষ্কার করা হয়েছে। গতকাল রোববার রাতে দর্শনা থানা বিএনপির সভাপতি খাজা আবুল হাসনাত ও সাধারণ সম্পাদক আহাম্মদ আলীর যৌথ স্বাক্ষরিত চিঠিতে এ তথ্য জানানো হয়। বহিষ্কৃত তিন নেতা হলেন তিতুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি মিলন মিয়া, সাধারণ সম্পাদক আবুল হোসেন (টোটন) ও যুগ্ম সাধারণ সম্পাদক আবদুল খালেক। প্রথম আলো, ১০ মার্চ ২০২৫

**৪৪. বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, নিহত ১**

সুনামগঞ্জের মধ্যনগর উপজেলা সীমান্তে ভারতীয় পাথরবাহী গাড়ি থেকে চাঁদা আদায়ে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে মোহাম্মদ আলী (৬৫) নামে এক বৃদ্ধ নিহত হয়েছেন ও বেশ কয়েকজন আহত হয়েছেন। ইত্তেফাক, ১১ মার্চ ২০২৫

**৪৫. বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত নেতার মৃত্যু**




রাজশাহীর তানোর উপজেলায় দুই পক্ষের সংঘর্ষে আহত বিএনপি নেতা গানিউল ইসলামের (৫০) মৃত্যু হয়েছে। বুধবার (১২ মার্চ) বিকেল পৌনে ৩টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। নিহত গানিউল ইসলাম তানোর উপজেলার মোহনপুর গ্রামের মৃত সাজ্জাদ হোসেনের ছেলে। তিনি তানোর উপজেলার পাচন্দ ইউনিয়ন বিএনপির সদস্য। ঢাকা পোস্ট. ১২ মার্চ ২০২৫

**৪৬. আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষ: আহত জিয়া মঞ্চের নেতার মৃত্যু, গ্রেপ্তার ৩**



বাগেরহাটের চিতলমারীতে প্রভাব বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে আহত উপজেলা জিয়া মঞ্চের সভাপতি নিজাম কাজী (৪৫) মারা গেছেন। আজ বুধবার বেলা ১১টার দিকে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় নিজাম কাজী মারা যান। এ ঘটনায় নিজামের বড় ভাই বিএনপি নেতা মো: জামাল কাজী বাদী হয়ে থ ানায় মামলা করেছেন। পুলিশ মামলার প্রধান আসামি মো: সাইফুল মোল্লাসহ তিনজনকে গ্রেপ্তার করেছে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, একটি ফেসবুক পোস্টকে কেন্দ্র করে গতকাল মঙ্গলবার রাত ৯টায় উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য মো: জামাল কাজী ও হিজলা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রার্থী মো: সাইফুল মোল্লার লোকজনের সঙ্গে সংঘর্ষ হয়। আজকের পত্রিকা, ১২ মার্চ ২০২৫

**৪৭. রাউজানে যুবদল নেতাকে পিটিয়ে হত্যার অভিযোগ**



চট্টগ্রামের রাউজানে কমর উদ্দিন টিটু নামে সৌদি প্রবাসী এক যুবদল কর্মীকে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ মার্চ) রাত সাড়ে ৯টার দিকে উপজেলার হলদিয়া ইউনিয়নে আমির হাটে বাজারে এই ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, কমর উদ্দিন টিটু হলদিয়া ইউনিয়ন

যুবদলের রাজনীতির সঙ্গে জড়িত ছিল। তিনি স্থানীয় যুবদল নেতা জামাল উদ্দিন তালুকদারের অনুসারী ছিলেন। গত শুক্রবার ওই ইউনিয়নে বিএনপির উদ্যোগে ইফতার মাহফিল আয়োজন করা হয়। সেখানে তিনি স্থানীয় বাজার ইফতার মাহফিল ও মাটিকাটা নিয়ে সমালোচনা করেন। এটিকে কেন্দ্র করে স্বদলীয় বিএনপি নেতাকর্মীদের সঙ্গে তার তর্কবিতর্ক হয়। এতেই ক্ষিপ্ত হয়ে তাকে মারতে শুরু করেন প্রতিপক্ষের নেতাকর্মীরা। পরে রাতেই হাসপাতালে তার মৃত্যু ঘটে। ইত্তেফাক, ১৬ মার্চ ২০২৫

### ৪৮. রূপগঞ্জের চনপাড়ায় মাদক কারবার নিয়ে যুবদলের দুই পক্ষের সংঘর্ষে একজন নিহত



নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার চনপাড়া পুনর্বাসনকেন্দ্রে মাদক কারবারের নিয়ন্ত্রণ ও আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে যুবদলের দুই পক্ষের সংঘর্ষে হাসিব নামে এক যুবক নিহত হয়েছেন। পুলিশ ও স্থানীয় প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল রাত সাড়ে ১০টার দিকে তারাবিহর নামাজের পর রবিন নামের এক চিহ্নিত মাদক ব্যবসায়ীকে আটক করেন চনপাড়া সাংগঠনিক ইউনিয়ন যুবদলের সভাপতি মনির দেওয়ানের অনুসারীরা। তাঁকে স্থানীয় যুবদলের কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। রবিনকে ছাড়িয়ে নিতে আসেন ইউনিয়ন যুবদলের সাংগঠনিক সম্পাদক আবদুল করিম এবং ২ নম্বর ওয়ার্ড যুবদলের সভাপতি গোলাম রাব্বানী। এ নিয়ে উভয় পক্ষের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। পরে তা দফায় দফায় সংঘর্ষে রূপ নেয়। হাসিবের বড় ভাই যুবদল কর্মী বাবু জানান, সংঘর্ষ চলার সময় হাসিব গুলিবিদ্ধ হন। প্রথম আলো, ১৯ মার্চ ২০২৫

### ৪৯. যুবদলের দুই পক্ষের দ্বন্দ্বে কর্মী নিহত, এক নেতা বহিষ্কার



ময়মনসিংহের গফরগাঁও উপজেলার পাগলা থানা এলাকায় যুবদলকর্মী মেহেদী হাসান রাকিব (২৫) হত্যার ঘটনায় দক্ষিণ জেলা যুবদলের সদস্য ইয়াছিন খানকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। বুধবার (১৯ মার্চ) দুপুরে যুবদল কেন্দ্রীয় কমিটির সহ-দফতর সম্পাদক মিনহাজুল আবেদিন ভুইয়া স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। গত সোমবার (১৭ মার্চ) রাত সাড়ে ১০ দিকে উপজেলার নিগুয়ারী ইউনিয়নে ত্রিমোহনী পল্টন মোড় এলাকায় বিলের মাটি কাটা নিয়ে দ্বন্দ্বে মেহেদী হাসান রাকিবকে পিটিয়ে হত্যা করে ইয়াসিন খানসহ তার সঙ্গীরা। একই ঘটনায় গুলিবিদ্ধ হয় সাবিদ নামে আরও একজন। জনকণ্ঠ, ১৯ মার্চ ২০২৫

**৫০. দলীয় প্রতিপক্ষের ছুরিকাঘাতে যুবদল কর্মী নিহত**



চট্টগ্রামের ফটিকছড়িতে ছুরিকাঘাতে মোহাম্মদ রমজান আলী নামে এক যুবদল কর্মী নিহত হয়েছেন। পুলিশ জানিয়েছে, যুবদলের দুই পক্ষের কর্মীদের মধ্যে মারামারির এক পর্যায়ে ছুরিকাঘাতে হতাহত হওয়ার ঘটনা ঘটেছে। এ ঘটনায় অভিযান চালিয়ে চার যুবদলের কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁরা হলেন মুহাম্মদ হাসান (২৩), মুহাম্মদ মহিম (২০), মুহাম্মদ ফোরকান (১৯) ও পেয়ার আহমদ (২৭)। গ্রেপ্তার ব্যক্তিরা সবাই দাঁতমারা ইউনিয়নের বাসিন্দা। গতকাল মঙ্গলবার রাত সাড়ে নয়টার দিকে উপজেলার ভুজপুর থানার শান্তিরহাট বাজারে এ ঘটনা ঘটে। প্রথম আলো, ১৯ মার্চ ২০২৫

**৫১. মনপুরায় ছাত্রদল নেতা নিহত, ৩৫ জনকে আসামি করে মামলা**

ভোলার মনপুরা উপজেলার দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নে বন্যা নিয়ন্ত্রণ বাঁধের তীর



সংরক্ষণকাজ নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে সাবেক ছাত্রদল নেতার মৃত্যুর ঘটনায় ৩৫ জনকে আসামি করে হত্যা মামলা হয়েছে। পুলিশ মামলার ৪ আসামিকে গ্রেপ্তার করেছে। স্থানীয় সূত্রের দাবি, সংঘর্ষ হয়েছে ভোলা-৪ আসনের সাবেক সংসদ সদস্য নাজিমউদ্দিন আলম ও যুবদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোহাম্মদ নুরুল ইসলামের (নয়ন) পক্ষের লোকজনের মধ্যে। নিহত রাশেদের বড় ভাই মো: আজাদ ২০ জনকে আসামি করে হত্যা মামলা করেছেন। মামলায় অজ্ঞাতনামা আসামি করা হয়েছে আরও ১৫ জনকে। প্রথম আলো, ২০ মার্চ ২০২৫

**৫২. ধামরাইয়ে 'রাজনৈতিক বিরোধে' বিএনপি নেতাকে কুপিয়ে হত্যা**



ঢাকার ধামরাই উপজেলায় বিএনপির স্থানীয় এক নেতাকে কুপিয়ে হত্যা করেছে সন্ত্রাসীরা। ২০ মার্চ বৃহস্পতিবার বেলা ১১টার দিকে উপজেলার গাংগুটিয়া ইউনিয়নের জালসা এলাকায় এ ঘটনা ঘটে। নিহত আবুল কাশেমের (৫৫) বাড়ি উপজেলার গাংগুটিয়া ইউনিয়নের জালসা এলাকায়। তিনি গাংগুটিয়া ইউনিয়ন বিএনপির সহসভাপতি ছিলেন। রাজনৈতিক বিরোধের জেরে তাঁকে হত্যা করা হয়েছে বলে ধারণা স্বজন ও পুলিশের। গাংগুটিয়া ইউনিয়ন বিএনপির সভাপতি মোজাম্মেল হক প্রথম আলোকে বলেন, স্থানীয় বিএনপির একটি অংশের সঙ্গে প্রভাব বিস্তার করা নিয়ে কাশেমের বিরোধ ছিল। সেই বিরোধের জেরেই এ ঘটনা ঘটেছে। প্রথম আলো, ২০ মার্চ ২০২৫

**৫৩. সিরাজগঞ্জে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে আহত ছাত্রদল নেতার মৃত্যু**



সিরাজগঞ্জের চৌহালি উপজেলায় বিএনপির দুই গ্রুপের ইফতার মাহফিলকে কেন্দ্র করে সংঘর্ষে আহত ছাত্রদল নেতার মৃত্যু হয়েছে। এই ঘটনায় দুই নেতার দলীয় সদস্যপদ স্থগিত এবং তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে জেলা বিএনপি। নিহত ছাত্রদল নেতার নাম কবির হোসেন (২৮)। তিনি এনায়েতপুর থানার সদিয়া চাঁদপুর ইউনিয়নের ২নং ওয়ার্ড ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক। পুলিশ ও স্থানীয়রা জানায়, মঙ্গলবার বিকেলে সদিয়া চাঁদপুর ইউনিয়নের করোনা বাজারে ইফতারের আয়োজন করেন ইউনিয়ন বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও ইউপি সদস্য রওশন আলী। অপরদিকে চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ইফতার মাহফিলের আয়োজন করেন ২নং ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি করিম মোল্লা। এ সময় দুই পক্ষের লোকজন সংঘর্ষে জড়িয়ে পড়েন। ডেইলি স্টার, ২০ মার্চ ২০২৫

**৫৪. মাদারীপুরে শ্রমিক দল নেতাকে কুপিয়ে হত্যা**



মাদারীপুরে পৌর শ্রমিক দলের একাংশের সভাপতি শাকিল মুন্সিকে (৩০) কুপিয়ে হত্যা করা হয়েছে। গতকাল রোববার রাত ১০টার দিকে সদর উপজেলার নতুন মাদারীপুর এলাকায় এ ঘটনা ঘটে। মূল সন্দেহভাজন যুবলীগ থেকে শ্রমিক দলে যোগ দেওয়া লিটন হাওলাদারকে আটক করতে পারেনি পুলিশ। মাদারীপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান আক্তার হাওলাদারের ছোট ভাই যুবলীগ নেতা লিটন হাওলাদারকে সম্প্রতি মাদারীপুর পৌর শ্রমিক দলের সভাপতি করা হয়। এ কমিটি গঠনকে কেন্দ্র করে সদর উপজেলা শ্রমিক দলের একাংশের সভাপতি শাকিল মুন্সির সঙ্গে দ্বন্দ্বের সৃষ্টি হয় লিটন হাওলাদারের। লিটন যুবলীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন। তিনি চাঁদাবাজি, লুটপাট, হত্যা, সংঘর্ষসহ একাধিক মামলার আসামি হওয়ায় এ কমিটির বিরোধিতা করেন শাকিল মুন্সি। সমকাল, ২৪ মার্চ ২০২৫

**৫৫. ছাত্রদল নেতা আশিক খাঁ হত্যাকাণ্ড: দুই বিএনপি নেতাকে বহিষ্কার**



কিশোরগঞ্জের কটিয়াদীতে কলেজের কমিটি গঠনকে কেন্দ্র করে ছাত্রদল নেতা আশিক খাঁ খুনের ঘটনায় দুই বিএনপি নেতাকে বহিষ্কার করেছে জেলা বিএনপি। সোমবার জেলা বিএনপির দপ্তর সম্পাদক মীর কামরুল হাসান স্বাক্ষরিত এক

সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। দলীয় পদ থেকে অব্যাহতিপ্রাপ্ত নেতারা হলেন- কটিয়াদী উপজেলা বিএনপির সহসভাপতি ও সহকারী অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট আশিকুজ্জামান নজরুল এবং উপজেলার চান্দপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ও কিশোরগঞ্জ জজ কোর্টের এপিপি অ্যাডভোকেট রিয়াজুল ইসলাম সেবক। সমকাল, ২৬ মার্চ ২০২৫

### ৫৬. মিরসরাইয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে যুবকের মৃত্যু



চট্টগ্রামের মিরসরাইয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় মোহাম্মদ জাবেদ (৩৪) নামের এক যুবক নিহত হয়েছেন। নিহত জাবেদ চট্টগ্রাম শহরের বায়েজিদ থানা এলাকার বাসিন্দা জাহাঙ্গীর আলমের ছেলে। আজ বুধবার বেলা ১১টায় উপজেলার বারইয়ারহাট পৌর বাজারের শান্তিরহাট রাস্তার মাথায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। মিরসরাই স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক জানান, নিহত জাবেদের শরীরে ধারালো অস্ত্রের আঘাত ছিল। দলীয় সূত্রে জানা গেছে, ২৪ মার্চ মিরসরাই উপজেলা, মিরসরাই পৌরসভা ও বারইয়ারহাট পৌরসভা বিএনপির নতুন আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়। এই তিন কমিটি ঘোষণার পর থেকে উপজেলাজুড়ে বিএনপির দুই পক্ষের মধ্যে উত্তেজনা চলছিল। প্রথম আলো, ২৬ মার্চ ২০২৫

### ৫৭. তানোরে বিএনপির দুপক্ষের সংঘর্ষে আহত ব্যক্তির মৃত্যু

রাজশাহীর তানোরে বিএনপির দুপক্ষের সংঘর্ষের ঘটনায় আহত নেকশার আলী (৩৫) নামের এক ব্যক্তি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। নিহত নেকশার আলী তানোরের চান্দুড়িয়া ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি ও ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মফিজ উদ্দিনের অনুসারী ছিলেন নেকশার। গত ২৭ মার্চ সন্ধ্যায় মফিজ উদ্দিনের অনুসারীদের সঙ্গে ইউনিয়ন বিএনপির বর্তমান সভাপতি আজাদ আলীর অনুসারীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে মফিজের পক্ষের ছয়জন ও আজাদের পক্ষের নয়জন আহত হয়েছিলেন। যুগান্তর, ১ এপ্রিল ২০২৫

### ৫৮. চট্টগ্রাম নগরে বিএনপির দুই গ্রুপে সংঘর্ষ, গুলিবিদ্ধ জিহাদ মারা গেছেন



চট্টগ্রামে ঈদের শুভেচ্ছা ব্যানার টাঙানোকে কেন্দ্র করে মহানগর বিএনপির দুপক্ষে সংঘর্ষের ঘটনায় গুলিবিদ্ধ যুবকের মৃত্যু হয়েছে। আজ বৃহস্পতিবার (৩ এপ্রিল) ভোরে নগরের বেসরকারি একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। নিহত যুবকের নাম মো: জিহাদ


(২৭)। তিনি নগরের লালখান বাজার এলাকার বাসিন্দা। তিনি নগর বিএনপির যুগ্ম আহ্বায়ক আব্দুল হালিম শাহ আলমের অনুসারী। ২১ মার্চ রাত আটটার দিকে নগরের জিইসি মোড় এলাকায় ঈদ শুভেচ্ছা ব্যানার টাঙানো নিয়ে মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক আব্দুল হালিম শাহ আলমের অনুসারী ও নগর ছাত্রদলের সদস্যসচিব শরিফুল ইসলামের অনুসারীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় উভয়পক্ষের মধ্যে গুলিবিনিময়ের ঘটনা ঘটে। দেশ রূপান্তর, ৩ এপ্রিল ২০২৫

### ৫৯. মাগুরায় আহত যুবদল নেতার মৃত্যু, বিএনপি নেতার বাড়িতে আগুন



মসজিদের আদায়কৃত টাকার হিসাব চাওয়াকে কেন্দ্র করে মাগুরার শ্রীপুরে বিরোধের জেরে হামলায় আহত যুবদল নেতা মুন্সী মিরান হোসেন (৪৩) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে ক্ষুব্ধ এলাকাবাসী অভিযুক্ত বিএনপি নেতার বাড়িতে আগুন ধরিয়ে দেন। মাগুরার শ্রীপুর উপজেলার নাকোল মল্লিকপাড়া জামে মসজিদে মুসল্লিদের কাছ থেকে উত্তোলিত টাকার হিসাব চাওয়াকে কেন্দ্র করে গত ৩০ মার্চ রাতে যুবদল নেতা মুন্সী মিরান হোসেনের সঙ্গে মসজিদ কমিটির সাবেক সভাপতি ও স্থানীয় ওয়ার্ড বিএনপি নেতা, সাবেক ইউপি সদস্য জামিরুল ইসলামের বাগবিতণ্ডা হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, সেই সময় জামিরুল ইসলামের সমর্থকরা মিরান হোসেনকে বেধড়ক মারধর করে। এতে তিনি গুরুতর আহত হন। ৬ দিন চিকিৎসার পর শনিবার রাতে তার মৃত্যু হয়। ইত্তেফাক, ৬ এপ্রিল ২০২৫

### ৬০. রায়পুরে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে নিহত ২



লক্ষ্মীপুরের রায়পুরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় সাইজুদ্দিন (৩৫) ও আবু খাঁ (৫০) নামে দুজন নিহত এবং উভয়পক্ষের ২০ জন আহত হয়েছেন। সোমবার উপজেলার ২ নম্বর চরবংশী ইউনিয়নের চর গাছিয়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত সাইজুদ্দিন উপজেলার ২ নম্বর চরবংশী ইউনিয়নের পুরান বেড়ি দেওয়ান বাড়ির হানিফ দেওয়ানের ছেলে ও আবু খাঁ একই ইউনিয়ের খাঁ বাড়ির বদু খাঁর ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, সরকার পতনের পর ফারুক কবিরাজ ও শামিম গ্রুপের মধ্যে মাছঘাট ও চরের জমি দখল নিয়ে কয়েকবার সংঘর্ষ হয়। আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের সংঘর্ষের ঘটনায় দুজন নিহত হন। আহত হন উভয়পক্ষের ২০ জন। আহতদের জেলা সদর হাসপাতালে ও ঢাকায় ভর্তি করা হয়েছে। ঢাকা টাইমস, ৮ এপ্রিল ২০২৫

**৬১. দু'পক্ষের সংঘর্ষে একজন নিহত বিএনপির ২ নেতার পদ স্থগিত**

সিরাজগঞ্জের শাহজাদপুরে সরকারি খাস খতিয়ানের জমি দখলকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে সংঘর্ষে মদিন মোল্লা (৫৫) নামে একজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ২০ জন। সংঘর্ষ চলাকালে বেশ কয়েকটি বসতবাড়িতে হামলা ও ভাঙচুরের ঘটনাও ঘটে। এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে রুপবাটি ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন লিটন ও সাবেক যুগ্ম সম্পাদক আব্দুল হালিম সেখের দলীয় পদ স্থগিত করেছে সিরাজগঞ্জ জেলা বিএনপি। সমকাল, ১৩ এপ্রিল ২০২৫

**৬২. বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত একজনের মৃত্যু**



লক্ষ্মীপুরের রায়পুর উপজেলার উত্তর চরবংশী ইউনিয়নে বিএনপির দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় আহত হয়ে চিকিৎসাধীন এক ব্যক্তি মারা গেছেন। সোমবার বেলা দেড়টার দিকে ঢাকার একটি হাসপাতালে মারা যান তিনি। নিহত ব্যক্তির নাম জসিম উদ্দিন ব্যাপারী (৩৮)। তিনি রায়পুর উপজেলার উত্তর চরবংশী ইউনিয়নের চরবংশী গ্রামের ফজলুল করিম ব্যাপারীর ছেলে। তিনি স্বেচ্ছাসেবক দলের কর্মী ছিলেন এবং উত্তর চরবংশী ইউনিয়ন বিএনপির সহসভাপতি মো: ফারুক কবিরাজের অনুসারী হিসেবে পরিচিত। প্রথম আলো, ১৪ এপ্রিল ২০২৫

**৬৩. রাজশাহীতে প্রতিপক্ষের হামলায় আহত বিএনপি কর্মীর মৃত্যু**

রাজশাহীর দুর্গাপুর উপজেলায় প্রতিপক্ষের হামলায় আহত বিএনপিকর্মী মকবুল হোসেন চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে। ১৫ এপ্রিল মঙ্গলবার বিকেলে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়। নিহত মকবুল হোসেন উপজেলার দেলুয়াবাড়ি ইউনিয়নের আমগ্রাম গ্রামের বাসিন্দা ছিলেন। গত সোমবার বিকেলে বিয়ের দাবিতে এক নারীর অবস্থানকে কেন্দ্র করে স্থানীয়ভাবে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষ বাঁধে। মকবুলের স্বজনরা জানান, ওই সময় ধারালো অস্ত্রের আঘাতে তিনি গুরুতর আহত হন। ইনকিলাব, ১৭ এপ্রিল ২০২৫

**৬৪. ভাত খাওয়ার সময় যুবদলকর্মীকে গুলি করে হত্যা**



চট্টগ্রামের রাউজানে এক যুবদলকর্মীকে গুলি করে হত্যার ঘটনা ঘটেছে। ১৯ এপ্রিল শনিবার দিবাগত রাত দেড়টার দিকে উপজেলার বাগোয়ান ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের গরিব উল্লাহপাড়া গ্রামের ভান্ডারী কলোনির একটি বাসায় ভাত খাওয়ার সময় সন্ত্রাসীরা তাঁকে গুলি করে হত্যা করেন। এ

ঘটনায় একই দলের প্রতিপক্ষের লোকজন জড়িত বলে সন্দেহ নিহত ব্যক্তির পরিবারের। নিহত যুবদলকর্মীর নাম মুহাম্মদ মানিক আবদুল্লাহ (৩৬)। গত বছরের অক্টোবরে তিনি দেশে আসেন। স্থানীয় রাজনীতিতে বিএনপির কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান গিয়াস উদ্দিন কাদের চৌধুরীর অনুসারী হিসেবে পরিচিত মানিক আবদুল্লাহ। প্রথম আলো, ২০ এপ্রিল ২০২৫

**৬৫. আরিফ হত্যার নেপথ্যে শীর্ষ সন্ত্রাসী সুব্রত গ্যাং!**



রাজধানীর হাতিরঝিল থানাধীন মোড়লগলি এলাকায় দুর্বৃত্তদের গুলিতে আহত আরিফ সরদার (৩৫) মারা গেছেন। সোমবার সকালে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন তিনি। প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগী পরিবারের সঙ্গে কথা বলে জানা যায়, শীর্ষ সন্ত্রাসী সুব্রত গ্যাংয়ের সদস্যরা আরিফকে পরিকল্পিতভাবে হত্যার উদ্দেশ্যে গুলি করেন। মূলত এলাকায় আধিপত্য বিস্তার, মাদক ও চাঁদাবাজিতে বাধা দেওয়াকে কেন্দ্র করে তাদের মধ্যে বিরোধের সৃষ্টি হয়। পরে তাকে বাসা থেকে ডেকে নিয়ে গ্যাংয়ের সদস্যরা গুলি করে। আরিফের দুলাভাই নুর ইসলাম যুগান্তরকে বলেন, ঠিক কী কারণে আরিফকে গুলি করা হয়েছে; তার সঠিক তথ্য এখনো আমরা জানতে পারিনি। তবে ধারণা করছি তিনি বিএনপির স্থানীয় একটি গ্রুপের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। ফলে অন্য গ্রুপের লোকেরা তাকে হত্যার জন্য গুলি করছে। যুগান্তর, ২২ এপ্রিল ২০২৫

**৬৬. বদরগঞ্জে বিএনপির কর্মী লাভলু হত্যার আসামি বিএনপি নেতা গ্রেফতার**



রংপুরের বদরগঞ্জ পৌর শহরের একটি টিনের দোকানকে কেন্দ্র করে ৫ এপ্রিল দুপুরে দুই পক্ষের সংঘর্ষে বিএনপির কর্মী লাভলু মিয়া (৫২) নিহত হন। এ ঘটনায় তাঁর ছেলে রায়হান কবির বাদী হয়ে পরদিন স্থানীয় কালুপাড়া ইউপির চেয়ারম্যান শহিদুল হকসহ ১২ জনের নাম উল্লেখ করে থানায় হত্যা মামলা করেন। লাভলু হত্যা মামলার এজাহারনামীয় আসামি বিএনপি নেতা ভুট্টু লোহানীকে (৪৮) গ্রেপ্তার করে গোয়েন্দা পুলিশ (ডিবি)। রংপুর নগরের টাউন হল চত্বরের পাশ থেকে গ্রেপ্তারের পর আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। ভুট্টু লোহানী বদরগঞ্জ পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক এবং মামলার ১৫ নম্বর আসামি। পুলিশ আসামি নয়ন কুমার সাহা (২১) ও মোরছালিন (৫০) নামের দুজনকে গ্রেপ্তার করে কারাগারে পাঠিয়েছে। প্রথম আলো, ২৩ এপ্রিল ২০২৫

**৬৭. গাইবান্ধায় বিএনপির হামলায় বাদশা মিয়ার মৃত্যু, বিচারের দাবিতে বিক্ষোভ**
গাইবান্ধার সুন্দরগঞ্জে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে বিএনপি নেতাকর্মীদের হামলায় গুরুতর আহত বাদশা মিয়া (৫৫) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। নিহতের স্বজনদের অভিযোগ, উপজেলা বিএনপির সদস্য সচিব মাহমুদুল ইসলাম প্রামাণিকের নির্দেশে বাদশা মিয়াকে নৃশংসভাবে কুপিয়ে হত্যা করা হয়। এ ঘটনায় দ্রুত বিচার দাবি করেছেন তারা। মঙ্গলবার (২২ এপ্রিল) সন্ধ্যায় উপজেলার ছাপড়হাটি ইউনিয়নের মন্ডলহাট এলাকায় মানববন্ধন ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন নিহতের স্বজন, রাজনৈতিক নেতাকর্মী ও এলাকাবাসী। ফিনান্সিয়াল এক্সপ্রেস, ২৩ এপ্রিল ২০২৫

**৬৮. ঝিনাইদহে বিএনপি'র দুই পক্ষের সংঘর্ষ, নিহত ১**



ঝিনাইদহ সদরের দিঘিরপাড় এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে দুই পক্ষের সংঘর্ষে ৩০ এপ্রিল মোশাররফ হোসেন (৪৫) নামের এক ব্যক্তি মারা গেছেন। নিহত মোশাররফ হোসেন ওই গ্রামের সমসের আলী মোল্লার ছেলে। জানা গেছে, দিঘিরপাড় গ্রামে মোশাররফ হোসেন ও কুদ্দুস মোল্লার মধ্যে জমি নিয়ে বিরোধ চলছিল। এরা দুজনই আগে আওয়ামী লীগের রাজনীতি করতেন। ৫ আগস্টের পর তাঁরা বিএনপিতে যোগ দেন। তাঁদের মধ্যে মোশাররফ হোসেন স্থানীয় বিএনপি নেতা শাহাবুর রহমানের পক্ষে এবং কুদ্দুস মোল্লা অপর বিএনপি নেতা মাহাবুর আলী মল্লিকের পক্ষে সমর্থন দেন। ফলে মোশাররফ ও কুদ্দুসের বিরোধ রাজনৈতিক বিরোধে রূপ নেয়। তারই জেরে আজ দুপুরে শাহাবুর রহমান ও মাহাবুর আলীর সমর্থকদের মধ্যে দিঘিরপাড় গ্রামে সংঘর্ষ শুরু হয়। এতে উভয় পক্ষের অন্তত ২১ জন আহত হন। পরে তাঁদের মধ্যে কয়েকজনকে সদর হাসপাতালে নিলে চিকিৎসক মোশাররফ হোসেনকে মৃত ঘোষণা করেন। আজকের পত্রিকা, ৩০ এপ্রিল ২০২৫

**৬৯. বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে আহত যুবকের মৃত্যু**
ঝিনাইদহে আধিপত্য বিস্তারের জেরে বিএনপির দুই সংঘর্ষের ঘটনায় নাহিদ হোসেন (২৫) নামের আহত এক যুবকের মৃত্যু হয়েছে। পুলিশ ও স্থানীয়রা জানায়, গত ২৮ এপ্রিল দিঘিরপাড় গ্রামে আধিপত্য বিস্তার নিয়ে স্থানীয় বিএনপির দুটি গ্রুপ সংঘর্ষে জড়িয়ে পড়ে। ওই দিন হামলায় ঘটনাস্থলে মোশাররফ মোল্লা নামের এক বিএনপিকর্মী নিহত হন। কালের কণ্ঠ, ৫ মে ২০২৫

**৭০. বাজার দখল নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত ব্যক্তির মৃত্যু**
যশোরের ঝিকরগাছায় বাজার দখলকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে



আহত আশাদুল হক আশার (৪০) মৃত্যু হয়েছে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রোববার তিনি মারা যান। শনিবার ঝিকরগাছার ছুটিপুর বাজারের জামতলা মোড়ে দলের দুপক্ষের সংঘর্ষে তিনি আহত হন। সমকাল, ১২ মে ২০২৫

**৭১. বিএনপির দুই পক্ষের সংঘর্ষে যুবক নিহত, আহত ১০**

রাজশাহীর দুর্গাপুরে দুইপক্ষের সংঘর্ষে হাসিবুর রহমান (২৫) নামের এক যুবক নিহত হয়েছেন। বুধবার রাতে উপজেলার মাড়িয়া ইউনিয়নের হোজা অনন্তকান্দি দক্ষিণপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। সংঘর্ষে উভয়পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছেন। নিহত ওই যুবকের বাবার নাম আবুল কাশেম। বরেন্দ্রের ডিপ টিউবওয়েল নিয়ে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে এ ঘটনা ঘটে বলে জানা গেছে। এদিকে বৃহস্পতিবার সকালে ওই ঘটনাকে কেন্দ্র করে ঘরবাড়ি এবং দোকানপাটে ব্যাপক ভাঙচুর ও লুটপাট করা হয়েছে বলেও অভিযোগ উঠেছে যুগান্তর, ১৫ মে ২০২৫

**৭২. শরীয়তপুরে প্রতিপক্ষের হামলায় স্বেচ্ছাসেবক দলের নেতা নিহত**

শরীয়তপুরের গোসাইরহাটে আধিপত্য বিস্তার নিয়ে পূর্বশত্রুতার জেরে আবুল কাশেম মোতাইত (৪৫) নামের স্বেচ্ছাসেবক দলের এক নেতাকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়েছে। ২১ মে বুধবার দুপুরে উপজেলার কুচাইপট্টি ইউনিয়নের চরমাইঝারা এলাকায় এ ঘটনা ঘটে। নিহত আবুল কাশেম স্বেচ্ছাসেবক দলের কুচাইপট্টি ইউনিয়ন কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মেঘনা নদীতে মাছ শিকার ও চরাঞ্চলের খাসজমি দখলে রাখা নিয়ে স্থানীয় মোতাইত ও খাঁ পরিবারের বিরোধ দীর্ঘদিনের। আধিপত্য বিস্তার নিয়ে তাদের মধ্যে প্রায়ই সংঘর্ষ হয়। আজ দুপুরে মোতাইত পরিবারের একটি নৌকা নদীতে নামানো নিয়ে খাঁ পরিবারের সদস্যদের সঙ্গে ঝগড়া হয়। তখন কুচাইপট্টি ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক আবুল কাশেম খাঁ পরিবারের সদস্যদের গালাগাল করেন। এ ঘটনার জেরে কুচায়পট্টি সেরু মার্কেট এলাকায় কাশেমের ওপর হামলা করেন কাসেম আলী খাঁর সমর্থকেরা। তাঁকে কুপিয়ে ও পিটিয়ে রক্তাক্ত অবস্থায় রাস্তার পাশে ফেলে যান তাঁরা। প্রথম আলো, ২১ মে ২০২৫

**৭৩. নেত্রকোনায় শফিক হত্যায় বিএনপির ২৮ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা**

নেত্রকোনার দুর্গাপুরে বিএনপির এক পক্ষের হামলায় অপর পক্ষের শফিকুল ইসলাম (৪৫) নিহতের ঘটনায় মামলা হয়েছে। শনিবার বিকেলে নিহতের

ছোটভাই খাইরুল ইসলাম বাদী হয়ে হত্যা মামলাটি দায়ের করেন। এতে উপজেলা বিএনপির যুগ্মআহ্বায়ক জামাল উদ্দিনসহ বিএনপির অন্তত ২৮ জন নেতাকর্মীকে আসামী করা হয়। এছাড়া অজ্ঞাত আসামী করা হয় আরও ৯০ জনকে। ওই মামলায় পুলিশ তাজুল ইসলাম নামের একজনকে (৪৫) গ্রেপ্তার করেছে। তাজুল উপজেলা যুবদলের সদস্য। তিনি মামলার ১৬ নম্বর আসামি। আর নিহত শফিকুল ইসলাম বাকলজোড়া আব্বাছনগর এলাকার বাসিন্দা। তিনি একটি কাঠের মিলে শ্রমিকের কাজ করতেন। জনকণ্ঠ, ২৪ মে ২০২৫

**৭৪. বিএনপির এক পক্ষের হামলায় যুবদল কর্মী নিহত, আহত ২**

চট্টগ্রামের সীতাকুণ্ডে বিএনপির এক পক্ষের হামলায় আরেক পক্ষের এক যুবদল কর্মী নিহত হয়েছেন। আহত অবস্থায় উদ্ধার করে গতকাল বুধবার রাত ১১টার দিকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে তাঁকে মৃত ঘোষণা করেন চিকিৎসক। নিহত ব্যক্তির নাম কলিম উদ্দিন। তিনি উপজেলার বারৈয়াঢালা ইউনিয়নের ছোট দারোগাহাট বাজারের বাসিন্দা ও স্থানীয়ভাবে যুবদলের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন। এ ঘটনায় আহত দুজন হলেন সাদ্দাম হোসেন ও সেলিম উদ্দিন। প্রথম আলো, ২৯ মে ২০২৫

**৭৫. ঝিনাইদহে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, নিহত ২**

ঝিনাইদহের কালীগঞ্জে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে মহব্বত আলী (৫৫) ও ইউনুছ আলী (৬২) নামের দুই ব্যক্তি নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন আরও অন্তত সাতজন। ১ জুন রোববার সকালে এ সংঘর্ষের ঘটনা ঘটে। স্থানীয় লোকজন জানান, উপজেলার জামাল ইউনিয়নে দীর্ঘদিন ধরে বিএনপির দুই পক্ষের মধ্যে বিরোধ চলে আসছে। এক পক্ষের নেতৃত্ব দেন ওই ইউনিয়ন পরিষদের (ইউপি) সাবেক চেয়ারম্যান নজরুল ইসলাম এবং অপর পক্ষের নেতৃত্বে রয়েছেন ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি মাহফুজুর রহমান। প্রথম আলো, ১ জুন ২০২৫/ প্রথম আলো, ৪ জুন ২০২৫

**৭৬. যশোরে ককটেল বিস্ফোরণে বিএনপি কর্মী নিহত**



যশোরের শার্শা উপজেলায় প্রতিপক্ষের ককটেল হামলায় আব্দুল হাই (৫০) নামের এক বিএনপি কর্মীর মৃত্যু হয়েছে। গতকাল শনিবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের ডুবপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত আব্দুল হাই ডুবপাড়া এলাকার বাসিন্দা এবং স্থানীয় বিএনপির লিটন গ্রুপের কর্মী বলে জানা গেছে। স্থানীয়দের ভাষ্য অনুযায়ী, ঘটনার সূত্রপাত হয় সকালে ঈদের জামাতে অংশগ্রহণকে কেন্দ্র

করে। ঈদগাহ মাঠে নামাজ পড়া নিয়ে স্থানীয় ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সিনিয়র সহসভাপতি জামসুরের ছেলে আবু সাইদ (৩৫) ও নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগপন্থি কয়েকজন সমর্থককে বাধা দেওয়া হয় জামাতে অংশ নেওয়ার। এ সময় আব্দুল হাই প্রতিবাদ জানান। ঘটনার জেরে রাতে আবু সাইদসহ কয়েকজন মোটরসাইকেলে এসে তাকে লক্ষ্য করে ককটেল ছুড়ে পালিয়ে যায় বলে অভিযোগ করেন স্থানীয়রা। দেশ রূপান্তর, ৮ জুন ২০২৫

**৭৭. বাগেরহাটে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে নিহত ২**

বাগেরহাটের মোল্লাহাট উপজেলার সিংগাতী গ্রামে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে দুইজনের মৃত্যু হয়েছে। শনিবার সন্ধ্যায় গোপালগঞ্জ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজিজুর রহমান চৌধুরী (৪০) এবং রাতে মুরসালিন চৌধুরী (৩০ নামে বিএনপির দুই কর্মী নিহত হয়। নিহত আজিজুর রহমান চৌধুরী সিংগাতী গ্রামের মোশারফ হোসেন চৌধুরীর ছেলে। নিহত দু'জনই বিএনপির এরশাদ চৌধুরী গ্রুপের সদস্য। বিএনপির ঘণ্টাব্যাপী ওই সংঘর্ষে নারীসহ অন্তত ৪০ জন আহত হয়। মোল্লাহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শফিকুল আসলাম জানান, সিংগাতী এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির মাসুম চৌধুরী গ্রুপের সাথে বিএনপির এরশাদ চৌধুরীর সমর্থকদের দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। বাংলাদেশ প্রতিদিন, ৮ জুন ২০২৫

**৭৮. রূপগঞ্জে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, গুলিবিদ্ধ হয়ে যুবকের মৃত্যু**



নারায়ণগঞ্জের রূপগঞ্জে এক ছাত্রলীগ নেতাকে আটক করাকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে মামুন ভূইয়া (৩২) নামের এক যুবক গুলিবিদ্ধ হয়ে নিহত হয়েছেন। মঙ্গলবার (১০ জুন) বিকেলে উপজেলার ভুলতা ইউনিয়নের মাঝিপাড়া এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। পরে রাতে চিকিৎসাধীন অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ওই যুবকের মৃত্যু হয়। নিহত মামুন মাঝিপাড়া এলাকার আব্দুল মন্নাফের ছেলে এবং ভুলতা ইউনিয়ন যুবদলের সাংগঠনিক সম্পাদক বাদল ভূইয়ার ছোট ভাই। তিনি পেশায় একজন গ্যাস সিলিন্ডার ব্যবসায়ী। ইত্তেফাক, ১১ জুন ২০২৫

**৭৯. শরীয়তপুরে ছাত্রদলের দু'গ্রুপের সংঘর্ষে নিহত ইয়াসিনের বাড়িতে চলছে শোকের মাতম**

শরীয়তপুরের ভেদরগঞ্জে ছাত্রদলের দু'গ্রুপের সংঘর্ষে গুরুতর আহত মাদ্রাসার



ছাত্র ইয়াসিন মৃধা ফারদিন(১৫) ঢাকার কাকরাইলের অরোরা স্পেশালাইজড হাসপাতালে ৮ দিন চিকিৎসাধীন থাকার পর শুক্রবার (১৩ জুন) বিকেল ৪ টা ১০ মিনিটের সময় মারা গেছেন। সে স্থানীয় গৈড্যা এম এস ফাজিল মাদ্রাসার দশম শ্রেণির শিক্ষার্থী ছিল। এ ঘটনায় নিহতের মা ফরিদা ইয়াসমিন বাদী হয়ে ভেদরগঞ্জ থানায় একটি মামলা দায়ের করেছেন। ফরিদা ইয়াসমিন বলেন, আমার ছেলেকে পৌরসভা যুবদলের সভাপতি এসকেন্দার ছৈয়াল, তার ছোট ভাই রাশেদ ছৈয়ালসহ ১০/১২ জন মিলে পিটিয়ে মারাত্তক আহত করে। ঘটনার পর ৯ দিন পেরিয়ে গেলেও রহস্যজনক কারণে পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি। ইনকিলাব, ১৪ জুন ২০২৫



**৮০. নরসিংদীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে গুলিবিদ্ধ ছাত্রদল কর্মী মৃত্যু**

নরসিংদীর পলাশে বিএনপির দুই পক্ষের সংঘর্ষের সময় গুলিবিদ্ধ ইসমাইল হোসেন (২৬) ছয় দিন চিকিৎসাধীন থ াকার পর মারা গেছেন। ২১ জুন শনিবার বেলা দুইটার দিকে রাজধানীর ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। নিহত ইসমাইল হোসেন পলাশ উপজেলা ছাত্রদলের কর্মী ছিলেন। খোঁজ নিয়ে জানা গেছে, পলাশ উপজেলা বিএনপিতে দলের স্থায়ী কমিটির সদস্য আবদুল মঈন খানের একচ্ছত্র প্রভাব। তাঁর হয়ে নির্বাচনী এলাকার সবকিছু সামলান পিএস বাহাউদ্দিন মিল্টন। এদিকে সদ্যগঠিত জেলা বিএনপির পূর্ণাঙ্গ কমিটিতে সহসাংগঠনিক সম্পাদক পদ পান ফজলুল কবির (জুয়েল)। পদ পেয়ে নিজের কর্মীদের নিয়ে এলাকায় মহড়া দিতে আসেন। এ সময় দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। ইসমাইল মঈন খান পক্ষের কর্মী। প্রথম আলো, ২১ জুন ২০২৫

**৮১. নারায়ণগঞ্জে অটোস্ট্যান্ড দখল নিয়ে আড়াই ঘণ্টার ব্যবধানে ২ জন খুন**





নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় আধিপত্য বিস্তার ও অটোরিকশার স্ট্যান্ড দখল নিয়ে বিরোধের জেরে আড়াই ঘণ্টার ব্যবধানে দুজনকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়েছে। বিএনপির দুই পক্ষের মধ্যে চলমান বিরোধ থেকেই এ ঘটনা ঘটেছে বলে জানিয়েছে পুলিশ। ২১ জুন শনিবার বন্দর

উপজেলার সিরাজদৌল্লাহ্ ক্লাব মাঠের সামনে প্রতিপক্ষের হামলায় নিহত হন মেহেদী হাসান (৩০) ও আবদুল কুদ্দুস (৫৫)। জানা গেছে, বন্দর রেললাইন এলাকার একটি অটোরিকশার স্ট্যান্ড দখলকে কেন্দ্র করে কয়েক দিন ধরে সাবেক কাউন্সিলর ও বহিষ্কৃত বিএনপি নেতা হান্নান সরকারের অনুসারী বাবু-মেহেদী এবং মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক ও সাবেক কাউন্সিলর আবুল কাউসারের অনুসারী রনি-জাফর পক্ষের মধ্যে উত্তেজনা চলছিল। বাংলা ট্রিবিউন/প্রথম আলো, ২২ জুন ২০২৫

## ৮২. দোহারে বিএনপি নেতাকে গুলি করে হত্যা



ঢাকার দোহার উপজেলায় হারুনুর রশিদ ওরফে হারুন মাষ্টার (৬৫) নামে এক বিএনপি নেতাকে গুলি করে হত্যা করা হয়েছে। তিনি দোহার নয়াবাড়ী ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি। বুধবার (২ জুলাই) সকাল ৬টার দিকে বাহ্রা স্কুলের কাছে এ ঘটনাটি ঘটে। নিহত হারুনুর রশিদ ওরফে হারুন মাষ্টার বাহ্রা গ্রামের সিরাজ উদ্দিনের ছেলে। স্থানীয় সূত্র জানায়, সকালে নামাজ পড়ে বাড়ির পাশে নদীর ধারে হাটতে গেলে তিন যুবক এসে হঠাৎ গুলি করে চলে যায়। বিএনপির এক নেতা নাম প্রকাশ না করার শর্তে জানান, কিছুদিন যাবত নয়াবাড়ীতে বিএনপির দুটি গ্রুপের মধ্যে দ্বন্দ্ব চলে আসছিলো। সেই জের হিসেবে ঘটতে পারে। জনকণ্ঠ, ২ জুলাই ২০২৫

## ৮৩. দৌলতপুরে ভিজিএফের কার্ড নিয়ে দ্বন্দ্বে বিএনপিকর্মী নিহত, গ্রেপ্তার ১

কুষ্টিয়ার দৌলতপুরে সরকারি সহায়তা কর্মসূচি 'ভিজিএফ'-এর কার্ড নিয়ে দ্বন্দ্বের জেরে ছুরিকাঘাতে আব্দুল আজিজ (৩৫) নামে এক বিএনপি কর্মী নিহত হয়েছেন। বুধবার (২ জুলাই) রাত ১০টার দিকে উপজেলার মথুরাপুর স্কুল বাজার এলাকায় এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। ঘটনার পর র‍্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্প অভিযান চালিয়ে মাহাবুল মাস্টার (৫২) নামে এক বিএনপি নেতাকে গ্রেপ্তার করেছে। স্থানীয় সূত্রে জানা গেছে, ভিজিএফ কার্ডের আবেদন করা নিয়ে আব্দুল আজিজের সঙ্গে কলেজপাড়া এলাকার রফিকুল ইসলামের ছেলে পলাশের কথাকাটাকাটি হয়। এক পর্যায়ে পলাশ ছুরি দিয়ে আজিজকে উপর্যুপরি আঘাত করে। নিহত আজিজ বিএনপি নেতা ফরজ উল্লাহর অনুসারী ছিলেন। অন্যদিকে অভিযুক্ত পলাশ স্থানীয় বিএনপি নেতা মাহাবুল মাস্টারের অনুসারী এবং তাঁর ভাতিজা। ইত্তেফাক, ৩ জুলাই ২০২৫

## ৮৪. রাউজানে যুবদল নেতাকে গুলি করে পাহাড়ি পথে পালিয়ে যান বোরকা পরা সন্ত্রাসীরা



একজনের হাতে অগ্নেয়াস্ত্র। আরও চার পাঁচজন বোরকা পরা একটি অটোরিকশা থেকে এদিক-ওদিক হাঁটাহাটি করে আবার আরেকটি অটোরিকশায় উঠছে। মুখে সবারই মুখোশ পরা। পরে তাঁরা দ্রুত চলে যান পাহাড়ি পথে। চট্টগ্রামের রাউজানে যুবদল নেতাকে গুলি করে হত্যার পর এভাবেই চলে যেতে দেখা যায় সন্ত্রাসীদের। পাশের একটি বাড়ির সিসিটিভি ক্যামেরা ফুটেজে এই দৃশ্য ধরা পড়েছে। ৬ জুলাই রোববার দুপুরের দিকে আত্মীয়ের জানাজার নামাজ পড়া শেষে বাড়ি ফেরার পথে উপজেলার কদলপুর ইউনিয়নের ইশান ভট্টের হাটে গুলি করে হত্যা করা হয় যুবদল নেতা মুহাম্মদ সেলিমকে। সেলিম ২০২২ সালে গঠিত কমিটিতে ইউনিয়ন যুবদলের সদস্যসচিব ছিলেন। রাজনৈতিক ও নিজেদের মধ্যে আধিপত্য বিস্তার নিয়ে এ ঘটনা বলে ধারণা পুলিশ ও স্থানীয় বাসিন্দাদের। প্রথম আলো, ৭ জুলাই ২০২৫

## ৮৫. বিএনপি-যুবদলের দ্বন্দ্বে ছাত্রদল নেতা খুন, গ্রামজুড়ে লুট



দুই গোষ্ঠীর আধিপত্য বিস্তারের জেরে ছাত্রদল নেতা সোহরাব মিয়া হত্যাকাণ্ডের পর ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরের চাতলপাড় ইউনিয়নের কাঠালকান্দি এখন এক ভুতুড়ে গ্রামে পরিণত হয়েছে। প্রতিশোধের আগুনে পুড়ছে বাড়ি, চলছে অবাধে লুটপাট। গ্রেফতার এড়াতে এবং পাল্টা হামলার ভয়ে গ্রাম ছেড়েছে অন্তত শতাধিক পরিবার। তাদের কেউ আশ্রয় নিয়েছেন আত্মীয়-স্বজনের বাড়িতে, আবার কারও ঠাঁই হয়েছে খোলা আকাশের নিচে। নাসিরনগর উপজেলার চাতলপাড় ইউনিয়ন বিএনপির সভাপতি মোল্লা গোষ্ঠীর মোতাহার মিয়া ও যুবদলের সভাপতি উল্টা গোষ্ঠীর মো: গিয়াস উদ্দিনের মধ্যে আধিপত্য নিয়ে বিরোধ চলে আসছিল। এরই জেরে গত শনিবার (৫ জুলাই) দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ হয়। ওই সংঘর্ষে ইউনিয়ন ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক মোল্লা গোষ্ঠীর মো: সোহরাব মিয়া নিহত হন। জাগো নিউজ, ৯ জুলাই ২০২৫

## ৮৬. পুরান ঢাকায় নৃশংস হত্যাকাণ্ড: যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের চারজনকে বহিষ্কার

পুরান ঢাকায় ভাঙারি ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগকে হত্যার ঘটনাকে



‘লোমহর্ষক ও নৃশংসতম’ বলে আখ্যায়িত করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, কোনো দুষ্কৃতিকারীর অপরাধের দায় বিএনপি নেবে না। তিনি বলেন, ‘আইনশৃঙ্খলা বাহিনীকে অনুরোধ করব, দোষীদের অবিলম্বে গ্রেপ্তার করে সুষ্ঠু তদন্তের মাধ্যমে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে।’ ঘটনার ভিডিও ফুটেজে যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের কয়েকজন নেতাকর্মীর জড়িত থাকার প্রমাণ পাওয়া গেছে জানিয়ে সালাহউদ্দিন আহমদ জানান, তাদেরকে সংগঠন থেকে আজীবনের জন্য বহিষ্কার করা হয়েছে। ১২ জুলাই শুক্রবার সন্ধ্যায় পৃথকভাবে যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দল এক বিজ্ঞপ্তিতে জানায়, বহিষ্কৃত চারজন হলেন–যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাবেক জলবাছুবিষয়ক সহসম্পাদক রজ্জব আলী (পিন্টু), ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের যুগ্ম আহ্বায়ক সাবাহ করিম (লাকি), চকবাজার থানা ছাত্রদলের সদস্যসচিব অপু দাস এবং স্বেচ্ছাসেবক দলের নেতা কালু ওরফে ‘স্বেচ্ছাসেবক কালু’। ইত্তেফাক, ১২ জুলাই ২০২৫

### ৮৭. পিরোজপুরে দলীয় সংঘর্ষে ছাত্রদল কর্মীর মৃত্যু



পিরোজপুরের মঠবাড়িয়ায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রদল কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় বৃহস্পতিবার (১৭ জুলাই) চিকিৎসাধীন অবস্থায় আহত এক ছাত্রদল কর্মীর মৃত্যু হয়েছে। এর আগে বুধবার (১৬ জুলাই) রাতে উপজেলার নিউমার্কেট প্রিন্স হোটেলের সামনে এ সংঘর্ষের ঘটনাটি ঘটে। মৃত্যু হওয়া ছাত্রদল কর্মীর নাম মো: মুবিন (২৩)। তিনি মঠবাড়িয়া পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের মো: মহারাজের ছেলে। কালবেলা, ১৭ জুলাই ২০২৫

### ৮৮. বদরগঞ্জে ‘মানিক বাহিনীর’ হামলায় আহত শফিকুল মারা গেছেন



রংপুরের বদরগঞ্জে মানিক বাহিনীর হামলায় আহত শফিকুল ইসলাম (৬০) ৩ মাস ২০ দিন চিকিৎসাধীন থাকার পর মারা গেছেন। ২৫ জুলাই শুক্রবার বেলা ১১টার দিকে তিনি রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান। শফিকুল ইসলামের বাড়ি বদরগঞ্জের লোহানীপাড়া ইউনিয়নের কাঁচাবাড়ি গ্রামে। গত ৫ এপ্রিল একটি দোকানঘর দখলকে কেন্দ্র করে বিএনপির সাবেক নেতা ও রংপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য মোহাম্মদ আলী সরকারের অনুসারীদের ওপর শহিদুল হক ওরফে মানিক ও তাঁর

ছেলে তানভীর আহম্মেদ ওরফে তমালের নেতৃত্বে থাকা 'মানিক বাহিনী' হামলা চালায় বলে অভিযোগ। শহিদুল হক বদরগঞ্জের কালুপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। ওই দিনের ঘটনায় লাভলু মিয়া নামের এক বিএনপি কর্মী মারা যান। প্রথম আলো, ২৫ জুলাই ২০২৫

## ৮৯. মুরাদনগরে কুপিয়ে ৩ জনকে হত্যায় বিএনপি নেতা গ্রেপ্তার



কুমিল্লার মুরাদনগরে দুই সন্তানসহ নারীকে কুপিয়ে ও পিটিয়ে হত্যার ঘটনায় উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক শাহ আলম সরকারকে গ্রেপ্তার করেছেন জেলা পুলিশের গোয়েন্দা শাখার (ডিবি) সদস্যরা। গতকাল সোমবার রাত সাড়ে আটটার দিকে উপজেলার আকুবপুর ইউনিয়নে পীর কাশিমপুর গ্রাম থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। শাহ আলম একই এলাকার বাসিন্দা ও সাবেক আকুবপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) সাবেক চেয়ারম্যান। ডিবি পুলিশের তদন্ত কর্মকর্তার দাবি, প্রাথমিক তদন্তে ওই ঘটনার সঙ্গে সম্পৃক্ততা মেলায় শাহ আলমকে গ্রেপ্তার করা হয়েছে। তিনি ওই তিন খুনের মামলায় এজাহারনামীয় আসামি। ৩ জুলাই সকালে উপজেলার কড়ইবাড়ি গ্রামে মা, ছেলেমেয়েসহ একই পরিবারের তিনজনকে পিটিয়ে হত্যা করা হয়। নিহত ব্যক্তিরা হলেন ওই গ্রামের রোকসানা বেগম (৫৩), তাঁর ছেলে রাসেল মিয়া (৩৫) ও মেয়ে তাসপিয়া আক্তার (২৯)। পরদিন রাতে ৩৮ জনের নাম উল্লেখ করে অজ্ঞাতপরিচয় ২০ থেকে ২৫ জনকে আসামি করে উপজেলার বাঙ্গরা বাজার থানায় মামলা করেন রোকসানার বড় মেয়ে রিক্তা আক্তার। প্রথম আলো, ২৯ জুলাই ২০২৫

## ৯০. বরিশালে রগ কেটে লিটু হত্যা মামলায় স্বেচ্ছাসেবক দল নেতা গ্রেপ্তার



৩১ জুলাই স্বেচ্ছাসেবক দলের সাবেক নেতা লিটুর দুই পায়ের রগ কেটে, কুপিয়ে ও ডান হাত বিচ্ছিন্ন করে পুকুরে চুবিয়ে হত্যা করা হয়। বরিশাল সদর উপজেলায় নিজ দলের সাবেক নেতাকে কুপিয়ে হত্যার মামলার মহানগর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ককে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার বিকালে নগরের পশ্চিম কাউনিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয় বলেছেন বরিশাল মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) পরিদর্শক সগীর হোসেন। গ্রেপ্তার মো: রিয়াজ মাহমুদ খান মিল্টন (৪৬) ওই এলাকার প্রয়াত শাহজাহান

খানের ছেলে। মিল্টন মহানগর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক বলে জানিয়েছেন আহ্বায়ক মশিউর রহমান মঞ্জু। বিডিনিউজ২৪, ৬ আগস্ট ২০২৫

**৯১. ছাত্রদল কর্মী জয় হত্যার ঘটনায় ওয়ার্ড সেচ্ছাসেবক দলের সাবেক সদস্য সচিব আটক**



পঞ্চগড় শহরের সিনেমা হল মার্কেট এলাকায় পূর্ব শত্রুতার জেরে ছাত্রদল কর্মী জাবেদ উমর জয়তে ছুরি মেরে হত্যা করে ছাত্রদল কর্মী ফারাজ ইসলাম আল আমিন। হত্যাকাণ্ডের ঘটনায় পঞ্চগড় পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড সেচ্ছাসেবক দলের সাবেক সদস্য সচিব ইসমাইল হোসেন ঝুনু (২৪)-কে আটক করে পুলিশ। বৃহস্পতিবার (৭ আগস্ট) সকালে জেলা শহরের কায়েতপাড়া এলাকা থেকে আত্মগোপনে থাকা অবস্থায় তাকে আটক করা হয়। পঞ্চগড় পৌর সেচ্ছাসেবক দলের সদস্য সচিব মাহাফুজার রহমান রতন বলেন, ঝুনু ৬ নম্বর ওয়ার্ড সেচ্ছাসেবক দলের সাবেক সদস্য সচিব ছিলেন। আমরা তাকে ২০২২ সালেই সংগঠন থেকে বহিষ্কার করেছি। চ্যানেল ২৪, ৮ আগস্ট ২০২৫

**৯২. সিলেটে যুবদল কর্মীকে হত্যার অভিযোগ ছাত্রদলের সাবেক নেতার বিরুদ্ধে**



সিলেটের গোলাপগঞ্জে ছুরিকাঘাতে রনি হোসাইন (৩০) নামে এক যুবদল কর্মীকে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে পোস্ট দেওয়াকে কেন্দ্র করে হত্যা করা হয়েছে। শনিবার (১০ আগস্ট) দিবাগত রাত ১২টার দিকে জেলার গোলাপগঞ্জ পৌর শহরের কদমতলী এলাকায় এ ঘটনা ঘটে। এ হত্যার সঙ্গে গোলাপগঞ্জ উপজেলার ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক শেখ রাজুর জড়িত থাকার অভিযোগ উঠেছে। স্থানীয় সূত্রে জানা যায়, শনিবার রাত ১১টার দিকে সিলেটের গোলাপগঞ্জ উপজেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক শেখ রাজুকে নিয়ে ফেসবুকে একটি পোস্ট দেন যুবদল কর্মী রনি হোসাইন। পোস্টে রাজুর বিরুদ্ধে পরকীয়ার অভিযোগ এনে তার সঙ্গে এক নারীর অন্তরঙ্গ ছবি প্রকাশ করেন রনি। এর ঘণ্টাখানেক পর রাত ১২টার দিকে গোলাপগঞ্জ পৌরসদরের কদমতলা এলাকায় ছুরিকাঘাতে খুন হন তিনি। ইত্তেফাক, ১০ আগস্ট ২০২৫

**৯৩. আধিপত্য বিস্তার নিয়ে যুবদলের দুই গ্রুপের সংঘর্ষে নিহত ১**

কিশোরগঞ্জে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে যুবদলের দুই গ্রুপের সংঘর্ষে হিমেল মিয়া (৩০) নামে একজন নিহত হয়েছেন। এ ঘটনায় গুলিবিদ্ধ হয়েছেন আরও

অন্তত ১০ জন। হিমেল মিয়া বৌলাই এলাকার হাবিবুর রহমানের ছেলে। শুক্রবার (২২ আগস্ট) বেলা ১১টায় কিশোরগঞ্জ সদর উপজেলার বৌলাই এলাকায় এ ঘটনা ঘটে। জাগো নিউজ, ২২ আগস্ট ২০২৫

**৯৪. পাবনায় দু'পক্ষের সংঘর্ষে যুবদল নেতা নিহত**



পাবনা সদর উপজেলার গয়েশপুরে দুই পক্ষের সংঘর্ষে মেহেদী মাসুদ পাভেল মোল্লা (৪০) নামে এক যুবদল নেতা নিহত হয়েছেন। শনিবার (২৩ আগস্ট) রাত ১০টার দিকে এ ঘটনা ঘটে। এ সময় ইমরান সজিব মোল্লা নামের আরেকজন আহত হন। নিহত পাভেল গয়েশপুর ইউনিয়ন যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক এবং ইসলামপুর গ্রামের মৃত মুসলেম মাস্টারের ছেলে। আহত ইমরান একই এলাকার আব্দুর সবুর মোল্লার ছেলে। তারা পরস্পর চাচাতো ভাই। ইত্তেফাক, ২৪ আগস্ট ২০২৫

**৯৫. শরীয়তপুরে বিএনপি নেতা হত্যা মামলার আসামির মাটিচাপায় লাশ উদ্ধার**



শরীয়তপুরের জাজিরায় আলমাস সরদার (৩২) নামের এক যুবকের অর্ধগলিত লাশ উদ্ধার করেছে পুলিশ। ২৮ আগস্ট বৃহস্পতিবার গভীর রাতে উপজেলার উমরদি মাদবরকান্দি এলাকার একটি বাগান থেকে মাটিচাপা অবস্থায় তার লাশ পাওয়া যায়। আলমাস উমরদি মাদবরকান্দি গ্রামের মৃত সহন সরদারের ছেলে। তিনি বিএনপি নেতা খবির উদ্দিন সরদার হত্যা মামলার আসামি ছিলেন। গত মঙ্গলবার রাতে উপজেলার বড়কান্দি ইউনিয়নের বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক খবির উদ্দিনকে কুপিয়ে হত্যা করা হয়। ওই ঘটনায় আলমাসসহ ১৮ জনকে আসামি করে খবিরের ভাই দানেশ সরদার বুধবার রাতে জাজিরা থানায় হত্যা মামলা করেন। এক দিন পরই আলমাসের অর্ধগলিত লাশ উদ্ধার করা হয়। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, জাজিরা উপজেলার বড়কান্দি ইউনিয়নের উমরদি মাদবরকান্দি এলাকায় একটি জামে মসজিদ কমিটি নিয়ে আলমাস সরদারের পরিবার ও খবির সরদারের পরিবারের মধ্যে বিরোধ চলছিল। প্রথম আলো, ২৯ আগস্ট ২০২৫

**৯৬. নেত্রকোণায় পাল্টাপাল্টি হামলায় বিএনপি নেতা দোজাহান মিয়াসহ ৩ জন নিহত**

নেত্রকোনায় সদর উপজেলায় পাল্টাপাল্টি হামলায় এক সাবেক ইউপি সদস্যসহ ৩ জন নিহত হয়েছেন। গতকাল শনিবার (৩১ আগস্ট) উপজেলার মৌগাতি এলাকায় দিবাগত রাত সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন, মৌগাতি ইউনিয়নের জামাটি গ্রামের সাবেক ইউপি সদস্য দোজাহান মিয়া, নূর

মোহাম্মদ, রফিক মিয়া। পুলিশ জানায়, শনিবার রাতে বিএনপির কাউন্সিল থেকে ফেরার পথে প্রতিপক্ষের লোকজন দোজাহান মিয়াকে কুপিয়ে হত্যার করে। পরে খবর পেয়ে দোজাহানের লোকজন প্রতিপক্ষের বাড়িতে হামলা চালায়। যমুনা টিভি, ৩১ আগস্ট ২০২৫

**৯৭. মেহেরপুরে বিএনপির দু'পক্ষের বাগবিতণ্ডায় একজন নিহত, আটক ৩**

মেহেরপুরে বিএনপির দুপক্ষের সমর্থকদের বাগবিতণ্ডার মাঝে পড়ে মফেজ আলী নামের এক কৃষক নিহত হয়েছেন। নিহত মফেজ আলী মেহেরপুর সদর উপজেলার কালিগাংনী গ্রামের ভিটাপাড়া এলাকার জামাল আলীর ছেলে। মঙ্গলবার (২ সেপ্টেম্বর) রাত ৯টার দিকে কালিগাংনী গ্রামের ঘোনারমোড় নামকস্থানে এই ঘটনা ঘটে। ঢাকা পোস্ট, ৩ সেপ্টেম্বর ২০২৫

**৯৮. দৌলতপুরে বিএনপির দুই গ্রুপে সংঘর্ষে নিহত ১**



কুষ্টিয়ার দৌলতপুরে জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে স্থানীয় বিএনপি'র দুই গ্রুপের সংঘর্ষে গুরুতর আহত বাবুল আক্তার (৫৫) নামে একজন চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। শনিবার (৬ সেপ্টেম্বর) বেলা আড়াইটার দিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। নিহত বাবুল আক্তার বিএনপি কর্মী এবং ঢাকা মহানগর (উত্তরর) যুবদলের আহ্বায়ক শরীফ উদ্দিন জুয়েলের কর্মী। হামলাকারী আলম হোসেন সম্প্রতি পিয়ারপুর ইউনিয়ন বিএনপির সম্পাদক হয়েছেন। ইত্তেফাক, ৭ সেপ্টেম্বর ২০২৫

**৯৯. নরসিংদীতে দুই পক্ষের সংঘর্ষে বৃদ্ধের পর গুলিতে প্রাণ গেল গৃহবধূরও**

নরসিংদী সদরের চরাঞ্চল আলোকবালীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে বৃদ্ধ নিহতের পরদিনই দুর্বৃত্তদের এলোপাতাড়ি গুলিতে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। ১৯ সেপ্টেম্বর শুক্রবার দুপুরে আলোকবালী ইউনিয়নের বীরগাঁও গ্রামের সাতপাড়া এলাকায় এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। নিহত গৃহবধূর নাম ফেরদৌসী বেগম (৩৫)। তিনি আলোকবালী ইউনিয়নের বীরগাঁও গ্রামের মাঝি রয়েস আলীর স্ত্রী। এর আগের দিন বিএনপির দুই পক্ষের সংঘর্ষের সময় গুলিবিদ্ধ হয়ে ইদন মিয়া নামে এক বৃদ্ধ নিহত হন। প্রথম আলো, ১৯ সেপ্টেম্বর ২০২৫

**১০০. নরসিংদীতে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে গুলিতে নিহত ১, আহত ৫**

নরসিংদী সদর উপজেলার আলোকবালীতে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে একজন নিহত হয়েছেন। আহত

হয়েছেন অন্তত পাঁচ জন। ১৮ সেপ্টেম্বর বৃহস্পতিবার ভোর ৫টার দিকে এ ঘটনা ঘটে বলে জানায় পুলিশ। স্থানীয়রা জানায়, আলোকবালী ইউনিয়ন বিএনপি আহ্বায়ক শাহ আলম চৌধুরী ও বহিষ্কৃত সদস্য সচিব আব্দুল কাইছুম মিয়া গ্রুপের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। উভয় গ্রুপের মধ্যেই আওয়ামী লীগের নেতা-কর্মীরা রয়েছেন। সংঘর্ষে নিহত ইদন মিয়া (৫৫) মুরাদনগর গ্রামের বাসিন্দা ও ৭ নং ওয়ার্ড জামায়াতের আমির আল-আমিন মারুফের বাবা। ডেইলি স্টার, ১৮ সেপ্টেম্বর ২০২৫

**১০১. সুনামগঞ্জে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে নিহত ১, আহত ১০, আটক ৪**

সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলায় বিএনপির ওয়ার্ড কমিটি গঠনকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে সংঘর্ষে সেজাউল ইসলাম ওরফে (৩৫) নামে একজন নিহত এবং অন্তত ১০ জন আহত হয়েছেন। শুক্রবার (১৯ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১টার দিকে উপজেলার সদর ইউনিয়নের লক্ষ্মীপুর গ্রামে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্র জানায়, জামালগঞ্জ সদর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান সাজ্জাদ মাহমুদ তালুকদার ও বর্তমান ইউপি সদস্য কামরুল ইসলামের অনুসারীদের মধ্যে দীর্ঘদিন ধরে দ্বন্দ্ব চলছিল। তথ্যসূত্র: সময় টিভি, ১৯ সেপ্টেম্বর ২০২৫

**১০২. নরসিংদীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, গুলিতে যুবদল নেতা নিহত**



নরসিংদী সদরের চরাঞ্চলে আবারও বিএনপির দুই পক্ষের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে যুবদলের স্থানীয় এক নেতা নিহত হয়েছেন। ২৯ সেপ্টেম্বর সোমবার সকালে সদর উপজেলার আলোকবালী ইউনিয়নের মুরাদনগরে এ ঘটনা ঘটে। নিহত ব্যক্তির নাম সাদেশ হোসেন (৪২)। তিনি একই এলাকার বাসিন্দা ও ইউনিয়ন যুবদলের যুগ্ম আহ্বায়ক ছিলেন। ১৮ ও ১৯ সেপ্টেম্বর একই এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে স্থানীয় বিএনপির দুই পক্ষের পৃথক সংঘর্ষের ঘটনায় ইদন মিয়া (৬০) ও ফেরদৌসী বেগম (৩৫) নামের দুজন নিহত হন। প্রথম আলো, ২৯ সেপ্টেম্বর ২০২৫

**১০৩. কৃষক দল নেতাকে পিটিয়ে হত্যা, বিএনপি কর্মী গ্রেপ্তার**



বরিশালের আলোচিত কৃষক দল নেতা আব্দুল লতিফ হাওলাদারকে পিটিয়ে হত্যা মামলার ২ নম্বর আসামি বিএনপি কর্মী তুহিন হাওলাদারকে (৫০) ভোলা থেকে গ্রেপ্তার করেছে র‍্যাব-৮। সোমবার (২৯ সেপ্টেম্বর) ভোরে ভোলার দৌলতখান উপজেলার উত্তর জয়নগর ইউনিয়ন

থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত তুহিন হাওলাদার বরিশালের বানারীপাড়া থানার সৈয়দকাঠি ইউনিয়নের করফাকর গ্রামের মৃত সামসুল হকের ছেলে এবং স্থানীয় বিএনপি কর্মী বলেও জানায় র‍্যাব। এর আগে গত ২৭ সেপ্টেম্বর বিকেলে বানারীপাড়া থানার সৈয়দকাঠি ইউনিয়নের করফাকর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে আব্দুল লতিফ হাওলাদারকে পিটিয়ে হত্যা করা হয়। ঢাকা পোস্ট, ২৯ সেপ্টেম্বর ২০২৫

### ১০৪. সীতাকুণ্ডে সংঘর্ষে নিহতের ঘটনায় যুবদল নেতাকে বহিষ্কার



চট্টগ্রামের সীতাকুণ্ডের জঙ্গল সলিমপুরের আলিনগর এলাকায় আধিপত্য বিস্তারের উদ্দেশ্যে সংঘর্ষের ঘটনায় একজন নিহত হয়েছে। ৪ অক্টোবর শনিবার ভোরে একদল সশস্ত্র ব্যক্তি দেশি অস্ত্র ও বন্দুক নিয়ে দোকান ও স্থাপনায় হামলা করে। এ সময় প্রতিপক্ষের লোকজন হামলাকারীদের ঘেরাও করে মারধর করলে ঘটনাস্থলে খলিলুর রহমান নামের এক ব্যক্তি নিহত হন। নিহত খলিল চট্টগ্রাম নগরের চান্দগাঁও থানাধীন এলাকায় ভাড়া বাসায় থাকতেন। এ ঘটনায় আহত হন আরও ১৪ জন। এ ঘটনায় জড়িত থাকায় চট্টগ্রাম উত্তর জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক রোকন উদ্দিনকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। প্রথম আলো, ৭ অক্টোবর ২০২৫

### ১০৫. বিএনপি কর্মীকে গুলি করে হত্যার ঘটনায় দুই দিন পর মামলা



চট্টগ্রামে ব্যস্ততম সড়কে গুলি করে আবদুল হাকিম (৫২) নামের বিএনপির এক কর্মীকে খুনের ঘটনায় হাটহাজারী থানায় একটি মামলা করা হয়েছে। ৯ অক্টোবর বৃহস্পতিবার রাত ১০টার দিকে নিহত আবদুল হাকিমের স্ত্রী তাসফিয়া আলম বাদী হয়ে অজ্ঞাতপরিচয় ব্যক্তিদের বিরুদ্ধে মামলাটি করেন। এর আগে গত মঙ্গলবার সন্ধ্যায় চট্টগ্রাম-কাপ্তাই সড়কের মদুনাঘাট পুলিশ তদন্তকেন্দ্রের মাত্র ২০০ মিটার দূরে একটি প্রাইভেট কারে থাকা আবদুল হাকিমকে প্রকাশ্যে গুলি করে হত্যা করেন একদল অস্ত্রধারী। আবদুল হাকিম ২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ সরকার পতনের পর রাউজানের সাবেক সংসদ সদস্য, বিএনপির কেন্দ্রীয় কমিটির সাবেক ভাইস চেয়ারম্যান গিয়াস উদ্দিন কাদের চৌধুরীর সঙ্গে রাজনীতিতে সক্রিয় হন। প্রথম আলো, ১০ অক্টোবর ২০২৫

## ১০৬. নাচোলে বিএনপির দুই পক্ষের দ্বন্দ্বে দুই ভাই নিহত

চাঁপাইনবাবগঞ্জের নাচোলে বিএনপির দুই পক্ষের দ্বন্দ্বের জেরে হামলায় দুই ভাই নিহত হওয়ার ঘটনায় থানায় হত্যা মামলা করা হয়েছে। ১৫ অক্টোবর বুধবার দিবাগত রাত ১২টার দিকে নিহত মিলন আলীর ছেলে সাদেশ আলী বাদী হয়ে মামলাটি করেন। গত মঙ্গলবার নাচোল উপজেলার মারকইল এলাকায় বিএনপির সাবেক সংসদ সদস্য আমিনুল ইসলামের সমর্থকদের সঙ্গে বিএনপি নেতা আবদুস সালাম ও আবু তাহেরের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের বিরোধের জেরে ওই ঘটনা ঘটে। এতে অন্তত ১৪ জন আহত হন। তাঁদের মধ্যে গতকাল সন্ধ্যায় মিলন আলী ও রাতে আলম আলী নামের দুই ভাই রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। প্রথম আলো, ১৬ অক্টোবর ২০২৫

## ১০৭. যুবদলের দুই গ্রুপের সংঘর্ষে আহত বৃদ্ধ মারা গেছেন



নারায়ণগঞ্জের আড়াইহাজারে বিরোধের জেরে যুবদলের দুই পক্ষের সংঘর্ষে আব্দুল বাতেন মিয়া (৬৫) নামে এক বৃদ্ধ নিহত হয়েছেন। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকালে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এর আগে, বুধবার সন্ধ্যায় উপজেলা সাতগ্রাম ইউনিয়নের রসুলপুর এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সাতগ্রাম ইউনিয়ন যুবদলের সভাপতি রেজাউল করিমের ছোট ভাই হাসান মিয়ার সঙ্গে ওই ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ড যুবদলের সিনিয়র সহ-সভাপতি শাহজাহান মিয়া এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ রয়েছে। বাংলা ট্রিবিউন, ১৬ অক্টোবর ২০২৫

## ১০৮. শৈলকুপায় বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে সমর্থকের মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কামান্না গ্রামে বিএনপি'র দুই গ্রুপের বিরোধের জেরে মন্টু বিশ্বাস (৫১) নামে এক সমর্থকের মৃত্যু হয়েছে। তিনি বিএনপি'র জামির গ্রুপের সমর্থক ছিলেন। নিহতের ভাতিজা লিমন বিশ্বাস অভিযোগ করেন, তাদের এক ভাই আশরাফুল ইসলাম একজন মুক্তিযোদ্ধা। তিনি গ্রামে এসে ঘরবাড়ি তৈরি করছিলেন। এ সময় প্রতিপক্ষ শহীদ মিয়ার ছেলে মাখন মুক্তিযোদ্ধা আশরাফুলকে নিয়ে কটূক্তি করেন। এ ঘটনাকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে উত্তেজনা দেখা দেয়। মঙ্গলবার সন্ধ্যায় এ নিয়ে কামান্না গ্রামের বিএনপি নেতা আবু তালেব ও মুকুলের সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাঁধে। ইনকিলাব, ২২ অক্টোবর ২০২৫

## ১০৯. সাভারে আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষ: হামলায় নিহত ১, আহত ৮



ঢাকার সাভারে প্রতিপক্ষের হামলায় আবু সাঈদ (৫৫) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন। আহত হয়েছেন বনগাঁও ইউনিয়ন বিএনপির সহসাংগঠনিক সম্পাদকসহ অন্তত আটজন। ২২ অক্টোবর বুধবার রাতে বনগাঁও ইউনিয়নের বেরাইদ এলাকায় এই রক্তক্ষয়ী সংঘর্ষ হয়। পুলিশ ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, জিয়া মঞ্চের নবগঠিত ঢাকা জেলা কমিটির যুগ্ম আহ্বায়ক ও সাভার থানা কমিটির সদস্যসচিব জাকির হোসেনের সঙ্গে বনগাঁও ইউনিয়ন বিএনপির সহসাংগঠনিক সম্পাদক বাবুল হোসেনের বিরোধ দীর্ঘদিনের। আজকের পত্রিকা, ২৩ অক্টোবর ২০২৫

## ১১০. চট্টগ্রামে গভীর রাতে যুবদলের দুই পক্ষের গোলাগুলি, ছাত্রদল কর্মী নিহত



চট্টগ্রামে গভীর রাতে যুবদলের দুই পক্ষের মধ্যে গোলাগুলিতে এক ছাত্রদল কর্মী নিহত হয়েছেন। তাঁর নাম মো: সাজ্জাদ (২২)। ব্যানার ছেঁড়াকে কেন্দ্র করে ২৭ অক্টোবর সোমবার দিবাগত রাত দুইটার দিকে নগরের বাকলিয়া এক্সেস রোডের বগার বিলমুখ এলাকায় এ ঘটনা ঘটে। নিহত সাজ্জাদ নগর যুবদলের বিলুপ্ত কমিটির সাবেক সাংগঠনিক সম্পাদক (বহিষ্কৃত) এমদাদুল হক বাদশার অনুসারী। দলীয় সূত্র বলছে, এমদাদুল ও নগর ছাত্রদলের সাবেক সভাপতি গাজী সিরাজ উল্লাহর অনুসারীদের মধ্যে এই গোলাগুলির ঘটনা ঘটে। গোলাগুলির ঘটনায় জড়িত সিরাজের অনুসারী বোরহান উদ্দিন নগর ছাত্রদলের সাবেক আপ্যায়নবিষয়ক সম্পাদক। প্রথম আলো, ২৮ অক্টোবর ২০২৫

## ১১১. রাউজানে যুবদল কর্মী হত্যার ঘটনায় ছাত্রদলের দুই জন গ্রেফতার



চট্টগ্রামের রাউজানে যুবদল কর্মী আলমগীর ওরফে আলম (৫০) নিহতের ঘটনায় সোমবার (২৭ অক্টোবর) রাতে নিহতের বাবা আবদুস সত্তার বাদী হয়ে মামলা করেন। মামলায় ২১ জনের নাম উল্লেখসহ ৫-৬ জনকে অজ্ঞাত আসামি করা হয়েছে। পুলিশ এ ঘটনায় জড়িত সন্দেহে দুই জনকে গ্রেফতার করেছে। তারা হলেন- চট্টগ্রাম উত্তর জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক রাসেল খান এবং ছাত্রদল কর্মী হৃদয়। গত শনিবার (২৫ অক্টোবর) বিকাল ৫টার দিকে উপজেলার পৌরসভার রশিদারপাড়া সড়কে আলমের মোটরসাইকেল গতিরোধ করে এলোপাতাড়ি গুলি করে পালিয়ে যায়। পরে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। বাংলা ট্রিবিউন, ২৯ অক্টোবর ২০২৫

### ১১২. মুন্সিগঞ্জে বিএনপির দুই পক্ষের বিরোধে তুহিন দেওয়ানকে গুলি করে হত্যা



মুন্সিগঞ্জ সদর উপজেলার চরাঞ্চলে বিএনপির দুই পক্ষের বিরোধের জেরে এক তরুণকে গুলি করে হত্যা করা হয়েছে। গতকাল রোববার রাতে উপজেলার মোল্লাকান্দি ইউনিয়নের মুন্সিকান্দি এলাকায় এ ঘটনা ঘটে। নিহত তরুণের নাম তুহিন দেওয়ান (২২)। তিনি মোল্লাকান্দি ইউনিয়ন কৃষক লীগের সভাপতি ও দক্ষিণ বেহেরকান্দি এলাকার সেলিম দেওয়ানের ছেলে। বিবদমান দুটি পক্ষের একটির নেতৃত্বে আছেন ইউনিয়ন বিএনপির সভাপতি ওয়াহিদ রায়হান ও জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আতিক মোল্লা। অপর পক্ষের নেতৃত্বে আছেন সদর উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক উজির আহমেদ। নিহত তুহিন দেওয়ান ওয়াহিদ-আতিক মোল্লাদের সমর্থক ছিলেন। প্রথম আলো, ৩ নভেম্বর ২০২৫

### ১১৩. গৌরীপুরে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে ছাত্রদল নেতার মৃত্যু



ময়মনসিংহ-৩ (গৌরীপুর) আসনে বিএনপির মনোনয়ন নিয়ে দ্বন্দ্বের জেরে দুই পক্ষের সংঘর্ষে ছাত্রদলের এক কর্মী মারা গেছেন। রবিবার (৯ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে মারা যান তিনি। মৃত ছাত্রদলকর্মীর নাম তানজিন আহমেদ আবিদ (৩০)। তিনি ময়মনসিংহ নগরীর দৌলত মুন্সিরোড এলাকার মৃত আবুল হোসেনের ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, ময়মনসিংহ-৩ (গৌরীপুর) আসনে বিএনপির দলীয় মনোনয়ন পান জাতীয় নির্বাহী কমিটির সদস্য ইঞ্জিনিয়ার এম ইকবাল হোসেন। ফলে মনোনয়নবঞ্চিত হন উপজেলা বিএনপির আহ্বায়ক তায়েবুর রহমান হিরণ। দুই পক্ষের সমাবেশে যাওয়ার পথে দুই পক্ষ মুখোমুখি হলে সংঘর্ষে জড়ায়। কালের কণ্ঠ, ৯ নভেম্বর ২০২৫

### ১১৪. মুন্সিগঞ্জে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, গুলিতে নিহত ২

মুন্সিগঞ্জে সদরে মোল্লাকান্দি ইউনিয়নে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে প্রতিপক্ষের গুলিতে আরিফ মীর ও রায়হান খান নামের দুইজন নিহত হয়েছে। সোমবার ভোর ৭টার দিকে ইউনিয়নের চরডুমুরিয়া এলাকায় এ ঘটনা ঘটে। গুলিবিদ্ধ হওয়ার দুদিন পর রায়হান হাসপাতালে মারা যায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে এলাকায় জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আতাউর রহমান মল্লিক ও এলাকার ইউনিয়ন বিএনপি সাবেক সহ-সভাপতি আওলাদ হোসেন গ্রুপের বিরোধ চলমান ছিল। যমুনা টিভি, ১০ নভেম্বর ২০২৫/ডেইলি স্টার, ১২ নভেম্বর ২০২৫

## ১১৫. বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে প্রবাসী নিহত



ঝিনাইদহে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে মাহাবুবুর রহমান (৩৫) নামে একজন নিহত হয়েছেন। শনিবার সকাল সাড়ে নয়টার দিকে সদর উপজেলার পদ্মাকর ইউনিয়নের কালা লক্ষ্মীপুর গ্রামে এই সংঘর্ষের ঘটনা ঘটে। নিহত মাহাবুবুর রহমান ও কম্বোডিয়া প্রবাসী। তুচ্ছ ঘটনা নিয়ে পদ্মাকর ইউনিয়নের ২নং ওয়ার্ড বিএনপির সাংগঠনিক সম্পাদক হুমায়ন বিশ্বাস ও ওয়ার্ড বিএনপির কর্মী জিয়ারুল ইসলাম গ্রুপের সমর্থকদের মধ্যে সকাল সাড়ে নয়টার দিকে সংঘর্ষ শুরু হয়। এ সময় হুমায়ন বিশ্বাস গ্রুপের লোকজন দেশীয় ধারালো অস্ত্র দিয়ে প্রবাসী মাহাবুবুর রহমানকে কুপিয়ে মারাত্মক আহত করে। আমার দেশ, ১৫ নভেম্বর ২০২৫

## ১১৬. লক্ষ্মীপুরে বিএনপি নেতাকে কুপিয়ে ও গুলি করে খুন, ছাত্রদল কর্মীর বিরুদ্ধে অভিযোগ



লক্ষ্মীপুরের চন্দ্রগঞ্জের পশ্চিম লতিফপুর এলাকায় ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আবুল কালামকে ১৫ নভেম্বর শনিবার কুপিয়ে ও গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। তিনি চন্দ্রগঞ্জ ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ছিলেন। পুলিশের ধারণা, আধিপত্য বিস্তারের দ্বন্দ্বে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছে। নিহতের স্ত্রী ফেরদৌসী আক্তার এ হত্যাকাণ্ডের জন্য ছাত্রদলের কর্মী কাউছার হোসেন ওরফে ছোট কাউছারেরকে দায়ী করেছেন। প্রথম আলো, ১৫ নভেম্বর ২০২৫

## ১১৭. বরিশালে মিষ্টি বিতরণ অনুষ্ঠানে ছুরিকাঘাতে ছাত্রদল নেতা নিহত



ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায়ের পর বরিশালের বাবুগঞ্জ উপজেলায় মিষ্টি বিতরণ অনুষ্ঠানে ছুরিকাঘাতে এক ছাত্রদল নেতা নিহত হয়েছেন। ১৭ নভেম্বর সোমবার সন্ধ্যায় উপজেলার জাহাঙ্গীরনগর ইউনিয়নের আগরপুর স্টিলব্রিজ এলাকায় ঘটনা ঘটে। নিহত ছাত্রদল নেতার নাম রবিউল ইসলাম (৩০)। তিনি বাবুগঞ্জের জাহাঙ্গীরনগর ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি ছিলেন। বাবুগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহিরুল ইসলাম বলেন, মিষ্টি বিতরণ অনুষ্ঠানে ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি রবিউল ইসলাম এবং স্বেচ্ছাসেবক দল নেতা মো: আউয়াল হাওলাদার, মো: রাসেল ও মো: শাকিলের মধ্যে বাগ্‌বিতণ্ডা হয়।

একপর্যায়ে একই ইউনিয়নের স্বেচ্ছাসেবক দল নেতা আউয়াল হাওলাদার ছাত্রদল নেতা রবিউল ইসলামের ওপর হামলা চালান। প্রথম আলো, ১৭ নভেম্বর ২০২৫

### ১১৮. অভ্যন্তরীণ কোন্দলেই পল্লবীতে যুবদল নেতা গোলাম কিবরিয়াকে হত্যা



অভ্যন্তরীণ কোন্দলের কারণেই রাজধানীর পল্লবীতে যুবদল নেতা গোলাম কিবরিয়াকে হত্যা করা হয়েছে। এ ঘটনায় আটক একজনকে গ্রেফতারের পর এ তথ্য উঠে এসেছে। শিগগির হত্যাকাণ্ডের সাথে জড়িত বাকীদের গ্রেফতার করে উন্মোচিত করা হবে মূল রহস্য। জানিয়েছেন ডিএমপি'র ডিসি তালেবুর রহমান। শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায় পরবর্তী সময়ে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে ডিএমপি কঠোর অবস্থানে আছে বলেও জানান তিনি। মাত্র কয়েক সেকেন্ডের মধ্যে রাজধানীর মিরপুরে দোকানে ঢুকে গুলি করা হয় পল্লবী থানা যুবদলের সদস্য সচিব গোলাম কিবরিয়াকে। এসএ টিভি, ১৮ নভেম্বর ২০২৫

### ১১৯. যুবদল কর্মীর হাতে বিএনপি কর্মী খুন

লক্ষ্মীপুরের রামগঞ্জে চিহ্নিত সন্ত্রাসীদের দাবিকৃত দুই লাখ টাকা চাঁদা না দেওয়ায় আনোয়ার হোসেন নামের এক বিএনপি কর্মীকে ধারালো অস্ত্র দিয়ে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করেছে মো: ইউসুফ নামের এক যুবদল কর্মী। মঙ্গলবার (২৫ নভেম্বর) সকাল ৭টার দিকে উপজেলার ভোলাকোট ইউনিয়নের সাহারপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। আনোয়ারের স্ত্রী ফারজানা আক্তার সাথীসহ স্বজনরা জানায়, আনোয়ার তার শ্যালককে বিদেশে পাঠানোর জন্য একটি সংস্থা থেকে দুই লাখ টাকা নেন। বিষয়টি জানতে পেরে ইউনিয়ন যুবদলের কর্মী মো: ইউসুফসহ আরও তিনজন ওই টাকা চাঁদা হিসেবে দাবি করে। গত দুই-তিন দিন ধরে তারা দোকানে এসে নিয়মিত হুমকি দিচ্ছিল। ইত্তেফাক, ২৫ নভেম্বর ২০২৫

### ১২০. ব্রাহ্মণবাড়িয়ায় সাবেক ছাত্রদল নেতাকে গুলি করে হত্যা, অভিযোগ স্বেচ্ছাসেবক দলের নেতার বিরুদ্ধে



ব্রাহ্মণবাড়িয়ায় বাড়ি থেকে ডেকে নিয়ে ছাত্রদলের সাবেক এক নেতাকে গুলি করে হত্যা করা হয়েছে। ২৭ নভেম্বর বৃহস্পতিবার মধ্যরাতে শহরের কান্দিপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। তাঁর পরিবারের অভিযোগ, স্থানীয় স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক দেলোয়ার হোসেন ও তাঁর সহযোগীরা তাঁকে হত্যা করেছেন। নিহত সাদ্দাম হোসেন সদর উপজেলা ছাত্রদলের সাবেক সদস্য। প্রথম আলো, ২৮ নভেম্বর ২০২৫


**১২১. দুই গ্রুপের সংঘর্ষে বিএনপি কার্যালয় ভাঙচুর, নিহত ১**

নরসিংদীর রায়পুরায় দুই গ্রুপের সংঘর্ষে ভাঙচুর করা হয়েছে বিএনপির কার্যালয়। সোমবার দুপুরে নিলক্ষা ইউনিয়নের দড়িগাও দক্ষিণপাড়া এলাকায় এ ঘটনা ঘটেছে। এ সময় শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ছবি পড়ে থাকতে দেখা গেছে। এ সময় গুলিতে মারা গেছেন মামুন মিয়া নামে এক যুবক। এছাড়াও দুইজন গুলিবিদ্ধসহ আহত হয়েছেন ১০ জন। নিহত মামুন মিয়া নাজিমউদ্দীন গ্রুপের সমর্থক। আধিপত্য বিস্তার নিয়ে নাজিম উদ্দীন মেম্বার ও আলাল মুন্সি গ্রুপের সমর্থকদের মধ্যে ভয়াবহ সংঘর্ষ হয়েছে। বার্তা বাজার, ৮ ডিসেম্বর ২০২৫

**১২২. মাগুরায় বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে নিহত ১**

মাগুরায় হাজরাপুর ইউনিয়নের রামনগর গ্রামে বিএনপির দুই গ্রুপের হামলা পাল্টা হামলায় আহত হয়ে আজিজুল ইসলাম (৩৮) নামের এক ব্যক্তি চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। এর ফলে আরও সংঘর্ষে অন্তত ৫০ জন আহত হয়েছে। এ ঘটনায় ৬ জনকে আটক করেছে পুলিশ। গত ৬ নভেম্বর স্থানীয় রাজনৈতিক আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ইউনিয়ন বিএনপি নেতা মতিয়ার রহমান ও শহিদুল মন্ডলের সমর্থকদের মধ্যে কথা কাটাকাটির পরে সংঘর্ষে আজিজুর রহমান গুরুতর আহত হন। চ্যানেল আই, ৮ ডিসেম্বর ২০২৫

**১২৩. যুবদল কর্মী নয়নকে কুপিয়ে হত্যা, বাড়িতেও আগুন দিল প্রতিপক্ষরা**



চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার নয়ালাভাঙ্গা ইউনিয়নের বাবুপুর মোড়ে দুর্বৃত্তদের ধারালো অস্ত্রের হামলায় মো: নয়ন আলী নামে এক বিএনপি কর্মী নিহত হয়েছেন। সোমবার (৮ ডিসেম্বর) সন্ধ্যায় এ ঘটনা ঘটে। স্থানীয় ও পুলিশ সূত্র জানায়, পূর্বশত্রুতার জেরে রবিবার সন্ধ্যায় বাবুপুর মোড়ে নয়ন আলীর ওপর অতর্কিত হামলা চালায় প্রতিপক্ষরা। স্থানীয় সূত্রের দাবি, নিহত নয়ন আলী স্থানীয় বিএনপি নেতা আশরাফের ঘনিষ্ঠ ছিলেন এবং তার বিরুদ্ধে মাদক ব্যবসা, চাঁদাবাজি, এমনকি ধর্ষণের অভিযোগও ছিল। একাধিক স্থানীয় সূত্র বলছে, চাঁদা ও মাদক ব্যবসা নিয়ে বিরোধ এবং দলের অভ্যন্তরীণ গ্রুপিংয়ের জেরে বিএনপি নেতা আশরাফেরই প্রতিপক্ষ গ্রুপ এই হত্যাকাণ্ড এবং পরবর্তী অগ্নিসংযোগে জড়িত থাকতে পারে। ডেইলি ক্যাম্পাস, ৮ ডিসেম্বর ২০২৫

**১২৪. হবিগঞ্জে বিএনপি'র দুই গ্রুপের সংঘর্ষে নিহত ১, আহত শতাধিক**

হবিগঞ্জে ফেসবুকের একটি স্ট্যাটাসকে কেন্দ্র করে দুই গ্রামের বাসিন্দাদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। ৯ ডিসেম্বর মঙ্গলবার দুপুরে আজমিরীগঞ্জ উপজেলার আনন্দপুর ও কাকাইলছেও গ্রামের বাসিন্দাদের মধ্যে এই সংঘর্ষে রাসেল মিয়া নামে একজন নিহত ও শতাধিক আহত হয়। পুলিশ জানায়, কুমোদপুর গ্রামের বাসিন্দা ও কাকাইলছেও ইউনিয়ন শ্রমিক দলের সভাপতি হান্নান মিয়া তাঁর ফেসবুক আইডিতে কিশোরগঞ্জ-৪ আসনে বিএনপির মনোনীত প্রার্থী ফজলুর রহমানকে নিয়ে একটি স্ট্যাটাস দেন। তাঁর বিরুদ্ধে অভিযোগ, ওই স্ট্যাটাসে তিনি স্থানীয় এক বিএনপি নেতার উদ্দেশে ইঙ্গিতপূর্ণ মন্তব্য করেন। প্রথম আলো, ৯ ডিসেম্বর ২০২৫

**১২৫. ছাত্রদলের সংঘর্ষ: ৪ দিন লড়ে হেরে গেলেন কলেজছাত্র সাকিব**



রাজধানীর তেজগাঁও কলেজ ছাত্রাবাসে মাদক সেবন ও নিয়ন্ত্রণ নিয়ে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে আহত হয়ে আইসিউতে ৪ দিন লড়ে না ফেরার দেশে চলে গেলেন উচ্চমাধ্যমিকের ছাত্র সাকিবুল হাসান রানা। বুধবার (১০ ডিসেম্বর) হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। এর আগে, শনিবার (৬ ডিসেম্বর) রাতে তেজগাঁও কলেজ ছাত্রাবাসে মাদক সেবন ও নিয়ন্ত্রণ নিয়ে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটে। এতে তিনজন গুরুতর আহত হয়ে সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হন। আহত তিনজন হলেন সাকিবুল হাসান রানা (বিজ্ঞান বিভাগ, সেশন ২০২৪-২৫), হৃদয় আহমেদ (মানবিক বিভাগ, সেশন ২০২৪-২৫) এবং আইডিয়াল কলেজের শিক্ষার্থী জান্নাত (মানবিক বিভাগ, সেশন ২০২৫-২৬)। দেশ রূপান্তর, ১০ ডিসেম্বর ২০২৫

**১২৬. বিএনপির দুই পক্ষের সংঘর্ষে ছুরিকাঘাতে ছাত্রদল কর্মীর মৃত্যু**



চট্টগ্রামের মিরসরাইয়ে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনায় ছুরিকাঘাতে গাজী তাহমিদ খান নামে এক ছাত্রদল কর্মী নিহত হয়েছেন। বুধবার সন্ধ্যায় সংঘর্ষের পর রাত সাড়ে ১২টার দিকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে তাঁর মৃত্যু হয়। তিনি বারইয়ারহাট পৌর বাজার এলাকায় ছিলেন। নিহত তাহমিদ ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশের জোরারগঞ্জ থানা শাখার সাবেক সাংগঠনিক সম্পাদক ছিলেন। নিরাপদ সড়ক আন্দোলন মিরসরাই উপজেলা শাখার যুগ্ম সদস্যসচিব এবং সাম্প্রতিক সময়ে বারইয়ারহাট পৌরসভা ছাত্রদলের রাজনীতিতে সক্রিয় হন। ইত্তেফাক, ১১ ডিসেম্বর ২০২৫

# ছবিতে বিএনপি ও তার অঙ্গ সংগঠনের হাতে হত্যা-খুন





(বাঁয়ে) ময়মনসিংহের গফরগাঁওয়ে আধিপত্য বিস্তার নিয়ে পৃথক ঘটনায় জসিম উদ্দীন ও সবুজ আকন্দ নামে যুবদলের দুই কর্মী নিহত হয়েছেন। প্রথম আলো, ৮ আগস্ট ২০২৪। (ডানে) আধিপত্য বিস্তারে নড়াইলের লোহাগড়ায় মিরান শেখ (৪২) ও জিয়ারুল শেখ (৩৫) নামে দুই ভাইকে কুপিয়ে হত্যা উপজেলা যুবদলের আহ্বায়ক খান মাহমুদুল। সময় টিভি, ১১ সেপ্টেম্বর ২০২৪





(বাঁয়ে) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ১৮ সেপ্টেম্বর বুধবার বিকেল থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত তিন দফায় পিটিয়ে বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সাবেক শিক্ষার্থী ও জাবি শাখা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক শামীম মোল্লাকে হত্যা করে ছাত্রদলের নেতাকর্মীরা। ডেইলি স্টার, ১৯ সেপ্টেম্বর ২০২৪। (ডানে) পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলায় বিএনপি নেতাকর্মী ডাকাতির ঘটনা ঘটায়। তাদের আক্রমণে আহত নৈশ্য প্রহরী লাবু ইসলাম নিহত হন। এ ঘটনায় আটককৃতরা হলেন- দেবীগঞ্জ সদরের পৌর যুবদলের সিনিয়র যুগ্ম আহবায়ক আজিজুল বারী সোহেল, সাবেক ছাত্রলীগের সদস্য সাজু, শ্রমিক দলের জাকির হোসেন, সমির উদ্দীন, হৃদয় ওরফে বেলি। ইনকিলাব, ২৪ অক্টোবর ২০২৪






(বাঁয়ে) ঝিনাইদহের শৈলকুপায় বিএনপির দু'পক্ষের সংঘর্ষে বাদশা মোল্লা নামে আহত এক বিএনপি কর্মীর মৃত্যুতে স্বজনদের আহাজারি। সময় টিভি, ৯ ডিসেম্বর ২০২৪। (ডানে) নরসিংদীর রায়পুরায় গুলি করে অন্তঃসত্ত্বা গৃহবধূ শান্তা ইসলামকে হত্যা মামলার প্রধান আসামি জেলা যুবদলের সদস্য সোহেল ও তাঁর সহযোগীদের দ্রুত গ্রেপ্তারের দাবিতে বিক্ষোভ করেছেন তাঁর স্বজন ও এলাকাবাসী। আজকের পত্রিকা, ১৬ ফেব্রুয়ারি ২০২৫





(বাঁয়ে) বাগেরহাটের কচুয়ায় বিএনপির সম্মেলন ঘিরে সংঘর্ষের ঘটনায় আহত বিএনপি নেতা শওকত হোসেন চিকিৎসাধীন অবস্থায় মারা যান। প্রথম আলো, ২০ ফেব্রুয়ারি ২০২৫। (ডানে) বরিশাল নগরের কাউনিয়া হাউজিং এলাকায় জমি বিক্রিসংক্রান্ত বিরোধ নিয়ে ৩ নম্বর ওয়ার্ড যুবদলের যুগ্ম আহ্বায়ক মো: সুরুজ গাজীকে কুপিয়ে হত্যার ঘটনা ঘটেছে। প্রথম আলো, ২ মার্চ ২০২৫





(বাঁয়ে) নেত্রকোণার দুর্গাপুর উপজেলায় একটি খামারের পাহারাদার জয়নাল উদ্দিনকে হত্যা করে গরু লুটের ঘটনায় কাকৈরগড়া ইউনিয়ন যুবদলের সদস্যসচিব আব্দুল আউয়ালসহ তিনজনকে গ্রেপ্তার করে পুলিশ। বিডিনিউজ২৪, ১১ মার্চ ২০২৫। (ডানে) রাজশাহীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে নিহত রিকশাচালক গোলাম হোসেন রকি। ডেইলি স্টার, ১২ মার্চ ২০২৫



রাজশাহীর তানোরে বিএনপির দুপক্ষের সংঘর্ষের ঘটনায় আহত নেকশার আলী (৩৫) নামের এক ব্যক্তি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। যুগান্তর, ১ এপ্রিল ২০২৫



রাজশাহীর দুর্গাপুরে বিএনপির দুইপক্ষের সংঘর্ষে হাসিবুর রহমান (২৫) নামের এক যুবক নিহত হয়েছেন। যুগান্তর, ১৫ মে ২০২৫






(বাঁয়ে) রাজশাহীর পুঠিয়া উপজেলায় আত্মগোপন থেকে বাড়ি ফিরে নির্যাতনের শিকার অলিউজ্জামান ওরফে মন্টু নামের এক আওয়ামী লীগ নেতাকে বিদ্যুতের খুঁটির সঙ্গে বেঁধে বেধড়ক পিটিয়ে হত্যা করেছে বিএনপির নেতাকর্মীরা। প্রথম আলো, ২৩ মে ২০২৫। (ডানে) নেত্রকোনার দুর্গাপুরে বিএনপির এক পক্ষের হামলায় অপর পক্ষের শফিকুল ইসলাম হত্যার অভিযোগে যুবদলের সদস্য তাজুল ইসলামকে গ্রেপ্তার করে পুলিশ। জনকণ্ঠ, ২৪ মে ২০২৫





(বাঁয়ে) বগুড়ায় স্কুলপড়ুয়া মেয়েকে বিয়ে দিতে রাজি না হওয়ায় রিকশাচালক বাবা মোঃ শাকিল মিয়াকে তুলে নিয়ে পিটিয়ে হত্যা করে জেলা স্বেচ্ছাসেবক দলের সহসাধারণ সম্পাদক জিতু ইসলাম এবং তাঁর সহযোগী মতিউর রহমান। প্রথম আলো, ১৫ জুন ২০২৫। (ডানে) বরিশালের বাকেরগঞ্জে ডাকাত আখ্যা দিয়ে মব সৃষ্টি করে কৃষক সোহেল খানকে পিটিয়ে হত্যার ঘটনায় কবাই ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সহ-সভাপতি শাহিন হাওলাদার, তার ভাই শামিম হাওলাদার ও সওকত খানকে আটক করে পুলিশ। যুগান্তর, ২৯ সেপ্টেম্বর ২০২৫



৯ জুলাই রাজধানীর পুরান ঢাকার মিটফোর্ড হাসপাতালের সামনে ভাঙারি ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগকে পাথর মেরে হত্যা করে যুবদল ও স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মীরা। এ ঘটনা কয়েকজনকে বহিষ্কার করে দলটি। বাংলা ট্রিবিউন, ১৬ জুলাই ২০২৫



নারায়ণগঞ্জে শহরে আবু হানিফ নামে এক যুবককে পিটিয়ে ও ইট দিয়ে থেঁতলে হত্যার ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। মারধরে জড়িতরা মহানগর যুবদলের সদস্য সচিব শাহেদ আহমেদের অনুসারী। সমকাল, ২৪ অক্টোবর ২০২৫

## তৃতীয় অধ্যায়

# চাঁদাবাজি ও দুর্নীতি

# চাঁদাবাজি ও দুর্নীতি

২০০১ সালে বিএনপি শাসনামলে টানা পাঁচ বছর দুর্নীতিতে চ্যাম্পিয়ান ছিল। এই দল ও এর অঙ্গসংগঠনের সঙ্গে 'চাঁদাবাজি' শব্দটিও ওৎপ্রোৎভাবে জড়িত। টেম্পুস্ট্যান্ড থেকে বাসস্ট্যান্ড, সদরঘাট থেকে বন্দর, পরিবহন খাত থেকে সাবরেজিস্ট্রি অফিস, বাজার, শিল্পকারখানা ও শিক্ষাপ্রতিষ্ঠান–প্রায় সর্বত্রই দলটির নেতাকর্মীদের চাঁদাবাজির খবর পাওয়া গেছে। গণমাধ্যমে প্রকাশিত অনুসন্ধান ও প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ২০২৪ সালের আগস্ট থেকে ২০২৫ সালের ১৮ ডিসেম্বর পর্যন্ত অন্তত ৫০টির বেশি জেলায় শতাধিক অভিযুক্ত ব্যক্তি চাঁদাবাজির অভিযোগে শনাক্ত, গ্রেপ্তার বা দলীয় শাস্তির মুখে পড়েছেন। একই সময়ে ভুক্তভোগী সাধারণ মানুষের সংখ্যা কয়েক হাজারে পৌঁছেছে–যাদের মধ্যে ক্ষুদ্র ব্যবসায়ী, পরিবহন শ্রমিক, ঠিকাদার, কৃষক ও শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মকর্তা রয়েছেন। বহু ঘটনায় চাঁদা না দেওয়ায় হামলা, কাজ বন্ধ, লুটপাট ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগ উঠেছে, যা রাজনৈতিক শৃঙ্খলা, আইনের শাসন ও সাধারণ মানুষের নিরাপত্তা নিয়ে গুরুতর প্রশ্ন তুলছে।

**১. চাঁদাবাজকে আটকাল ছাত্ররা, ছাড়াতে এসে আটক যুবদল নেতা**



পুরান ঢাকার সদরঘাট এলাকায় চাঁদাবাজি করার অভিযোগে এক ব্যক্তিকে আটক করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। আটক ব্যক্তিকে ক্যাম্পাসে এনে প্রধান ফটকের পাল্লার সঙ্গে বেঁধে রাখেন তাঁরা। আটক ব্যক্তিকে যুবদল নেতা পরিচয়ে হাসান নামে এক ব্যক্তি ছাড়াতে এলে তাঁকেও আটক করেন শিক্ষার্থীরা। হাসান নিজেকে চাঁদপুর শহরের ৭ নম্বর ওয়ার্ড যুবদলের যুগ্ম আহ্বায়ক পরিচয় দেন শিক্ষার্থীদের। পরে দুই ব্যক্তিকে সেনাবাহিনীর সদস্যদের হাতে তুলে দেওয়া হয়। বুধবার বিকেলে জগন্নাথ বিশ্ববিদ্যালয় এলাকায় এ ঘটনা ঘটে। প্রথম আলো, ৮ আগস্ট ২০২৪

**২. ঝালকাঠিতে লুটপাট ও চাঁদাবাজির অভিযোগে দুই যুবদল নেতাকে বহিষ্কার**

ঝালকাঠিতে হামলা, লুটপাট ও চাঁদাবাজির অভিযোগে যুবদলের দুই নেতাকে বহিষ্কার করেছে কেন্দ্রীয় কমিটি। ওই দুই নেতা হলেন জেলা যুবদলের আহ্বায়ক মো: শামীম তালুকদার ও নলছিটি উপজেলা যুবদলের আহ্বায়ক মো: সালাউদ্দিন শাহীন। ৯ আগস্ট বিজ্ঞপ্তিটিতে উল্লেখ করা হয়েছে, দলীয় শৃঙ্খলাপরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগে ঝালকাঠি জেলা যুবদলের আহ্বায়ক মো: শামীম তালুকদার ও নলছিটি উপজেলা যুবদলের আহ্বায়ক মো: সালাউদ্দিন

শাহীনকে প্রাথমিক সদস্যপদসহ দল থেকে বহিষ্কার করা হয়েছে। তথ্যসূত্র: প্রথম আলো, ১০ আগস্ট ২০২৪

**৩. বাঘা সাবরেজিস্ট্রি অফিসে চাঁদাবাজি বন্ধ হয়নি, আ.লীগের জায়গায় বিএনপি**

রাজশাহীর বাঘা সাবরেজিস্ট্রি অফিসের দলিল লেখক সমিতির নামে অতিরিক্ত চাঁদা আদায়ের অভিযোগ ছিল। পাঁচ বছর ধরে আওয়ামী লীগের সদ্য সাবেক সংসদ সদস্যের এসএমএসে সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হতেন। চাঁদাবাজিকে কেন্দ্র দুই পক্ষের সংঘর্ষে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খুন হলেও বন্ধ হয়নি চাঁদাবাজি। ৫ আগস্ট সরকার পরিবর্তনের পর সেই সভাপতি ও সাধারণ সম্পাদকের জায়গায় বসেছেন বিএনপির দুই নেতা। সমিতির সভাপতির দায়িত্ব নিয়েছেন বাঘা উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি মজিবুর রহমান (জুয়েল) ও সাধারণ সম্পাদকের দায়িত্ব নিয়েছেন উপজেলা জিয়া পরিষদের সাবেক সাধারণ সম্পাদক শাহীন মণ্ডল। প্রথম আলো, ১৫ আগস্ট ২০২৪

**৪. ছাত্রদল নেতাকে বিকেলে অব্যাহতির আদেশ, রাতে স্থগিত**



এক নারীর কাছে চাঁদা দাবির অভিযোগে বিকেলে সংগঠন থেকে অব্যাহতি দেওয়া হয় ইউনিয়ন ছাত্রদলের সভাপতিকে। তবে রাত হতেই সেই অব্যাহতিপত্র আবার স্থগিত করা হয়েছে। ১৬ আগস্ট শুক্রবার এ ঘটনা ঘটেছে লক্ষ্মীপুরের রায়পুর উপজেলায়। বিকেলে উপজেলার উত্তর চরবংশী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি আদনান হাবিবকে দলীয় পদ থেকে অব্যাহতি দিয়ে নোটিশ ইস্যু করা হয়। এতে সই করেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মাহফুজুর রহমান ও সদস্যসচিব আবদুল্লাহ আল রহমান। রাতে ওই দুজনের স্বাক্ষরিত পৃথক নোটিশে অব্যাহতির আদেশ স্থগিত করা হয়েছে। প্রথম আলো, ১৭ আগস্ট ২০২৪

**৫. পরিবহনে চাঁদাবাজির হাতবদল, আওয়ামী লীগ থেকে বিএনপি**

বছরে অন্তত ১ হাজার ৮৮৫ কোটি টাকা চাঁদা ওঠে। সাইফুল, শিমুল বিশ্বাস, কফিল সক্রিয়। রাজধানীর ইস্কাটনে বহুতল ভবন ইউনিক হাইটসের চতুর্থ তলায় ঢাকা সড়ক পরিবহন ও বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির কার্যালয়টি বেশ সুসজ্জিত ও সুপরিসর। আওয়ামী লীগ সরকারের আমলে এখান থেকেই দেশের পরিবহন খাত নিয়ন্ত্রণ করা হতো। ছাত্র আন্দোলনের মুখে সরকার পতনের পর ১৩ আগস্ট কার্যালয়টির নিয়ন্ত্রণে নিয়েছেন বিএনপিপন্থী পরিবহন নেতারা। প্রথম আলোর অনুসন্ধানে এসেছে, সারা দেশে পরিবহন খাত থেকে

মালিক ও শ্রমিক সংগঠনের নামে প্রায় দুই হাজার কোটি টাকার চাঁদা তোলা হয়। প্রথম আলো, ২২ আগস্ট ২০২৪

**৬. ফরিদপুরে স্বেচ্ছাসেবক নেতার 'চাঁদাবাজি'র প্রতিবাদ করায় সমন্বয়ককে হুমকি**

ফরিদপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোজাম্মেল হোসেনের (মিঠু) বিরুদ্ধে প্রাণনাশের হুমকির অভিযোগ করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক জনি বিশ্বাস (২৬)। মোজাম্মেল হোসেন গত বৃহস্পতিবার রাতে শহরের আলীপুরের বাদামতলী সড়কের ভাড়াটিয়া ও পৌরসভার স্যানিটারি ইন্সপেক্টর মামুন অর রশিদের কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি করেন। পরে টাকার অঙ্ক কমিয়ে দেড় লাখ টাকার দাবি করেন তিনি। বিষয়টি জানতে পেরে জনি বিশ্বাস প্রতিবাদ জানান। চাঁদাবাজির এই ঘটনার প্রতিবাদ করায় তাঁকে মুঠোফোনে প্রাণনাশের হুমকি দেন জেলা স্বেচ্ছাসেবক দলের এই নেতা। প্রথম আলো, ২৪ আগস্ট ২০২৪

**৭. শিমুলিয়া ঘাটের নিয়ন্ত্রণ নিয়ে চাঁদা তুলছেন বিএনপির নেতা-কর্মীরা**

মুন্সিগঞ্জ লৌহজং উপজেলার শিমুলিয়া ফেরিঘাট, মাছঘাট ও ট্রলারঘাট দখলে নিয়েছেন বিএনপির নেতা-কর্মীরা। তাঁরা বৈধ ইজারাদারের লোকজনকে মারধর করে ঘাট থেকে বের করে দিয়ে সেখান থেকে টাকা তুলছেন। উপজেলার কুমারভোগ ইউনিয়ন বিএনপির সভাপতি কাউসার তালুকদারের নেতৃত্বে তাঁর অনুসারীরা এ কাজ করছেন বলে অভিযোগ পাওয়া গেছে। প্রথম আলো, ২৯ আগস্ট ২০২৪

**৮. মহড়া চাঁদাবাজি মারধরে নগর ভবনে অস্থিরতা**

ছাত্র-জনতার অভ্যুত্থানে ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন হয়। এর দুদিন আগে গোপনে দেশ ছাড়েন মেয়র (এখন সাবেক) শেখ ফজলে নূর তাপস। এমন পরিস্থিতিতে সিটি করপোরেশনের বিভিন্ন উন্নয়নকাজের নিয়ন্ত্রণ ও বিভিন্ন দপ্তর থেকে সুবিধা নেওয়ার চেষ্টা করছেন ছাত্রদল, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের কিছু নেতাকর্মী। তাদের সঙ্গে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন শ্রমিক কর্মচারী ইউনিয়ন ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়নের নেতারাও রয়েছেন। সিটি করপোরেশন সূত্র বলছে, শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি এস এম মোশারফ হোসেন, জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক আরিফুজ্জামান ও সূত্রাপুর থানা স্বেচ্ছাসেবক দলের সাবেক আহ্বায়ক মেহেদী হাসান নগর ভবন নানাভাবে প্রভাব বিস্তারের চেষ্টা করছেন। প্রথম আলো, ৩০ আগস্ট ২০২৪

**৯. মামলা থেকে নাম বাদ দিতে বিএনপি নেতার চাঁদার অভিযোগ, অডিও ভাইরাল**



ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলা বিএনপির আহ্বায়ক মহসিন আহমেদ ভূঁইয়ার বিরুদ্ধে মামলার আসামি তালিকা থেকে নাম বাদ দিতে এক আওয়ামী লীগ নেতার কাছ থেকে চাঁদা দাবির অভিযোগ উঠেছে। উপজেলার পত্তন ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য হৃদয় আহমেদ ওরফে জালালের কাছে তিনি এই চাঁদা দাবি করেন বলে অভিযোগ। এ বিষয়ে দুই নেতার কথোপকথনের ২ মিনিট ৪১ সেকেন্ডের একটি অডিও রেকর্ডিং সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। প্রথম আলো, ৩০ আগস্ট ২০২৪

**১০. সরকার পরিবর্তনে শিল্পকারখানায় চাঁদাবাজিরও হাতবদল**

কয়েকজন শিল্প উদ্যোক্তা বলেন, ইতিমধ্যে বিভিন্ন কারখানার ঝুট ব্যবসার নিয়ন্ত্রণ নিয়েছেন বিএনপির নেতাকর্মীরা। কোথাও কোথাও নিজেদের মধ্যে সমঝোতা না হওয়ায় তাঁরা নিয়ন্ত্রণ নিতে পারেননি। বিএনপির নেতাদের নামে কিছু ব্যবসায়ীর কাছে মোটা অঙ্কের নগদ টাকা চাওয়ার ঘটনাও ঘটছে। আবার গা ঢাকা দেওয়া আওয়ামী লীগ নেতাদের কেউ কেউ নামে-বেনামে ফোন করে ঝুটের ব্যবসা টিকিয়ে রাখতে হুমকি দিচ্ছেন। তাই রাজনীতির পটপরিবর্তন হলেও চাঁদাবাজি থেকে আদৌ মুক্তি মিলবে কি না, এ নিয়ে শঙ্কায় আছেন ব্যবসায়ীরা। প্রথম আলো, ৩১ আগস্ট ২০২৪

**১১. বরিশাল তিন চাকার যানের স্ট্যান্ড থেকে চাঁদা নিতে হামলা, আহত ১২**

তিন চাকার যানের চালকদের অভিযোগ, রূপাতলী বাস শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক ও শ্রমিক দলের ২৫ নম্বর ওয়ার্ড শ্রমিক দলের সহসভাপতি কালাম চৌধুরীসহ তাদের লোকজন টার্মিনালের প্রতিটি বাস থেকে প্রতিবার টার্মিনাল থেকে ছাড়তে ১০০-১২০ টাকা করে চাঁদা তোলা শুরু করেন। শুধু বাসই নয়, তারা তিন চাকার যান থেকেও  চাঁদা আদায়ের চেষ্টা চালান। কিন্তু তিন চাকার যানের চালকেরা চাঁদা দিতে অস্বীকৃতি জানালে তাদের ওপর চাপ প্রয়োগ করেন কালাম চৌধুরীর লোকজন। পরে তিন চাকার যানের চালকেরা পুনরায় বিএনপি নেতা রাজীব মোল্লার কাছে যান এবং বিষয়টি তাঁকে জানান। এ ঘটনায় কালাম চৌধুরীর লোকজন ক্ষুব্ধ হন এবং শুক্রবার রাত পৌনে ১০টার দিকে তিন চাকার যানের স্ট্যান্ডে হামলা চালান। এ সময় তাঁরা চালকদের বেধড়ক পিটিয়ে আহত এবং বেশ কয়েকটি ইজিবাইক ভাঙচুর করেন। ওই সংঘর্ষে গুরুতর আহত সাতজনকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে ছয়জনের পরিচয় পাওয়া গেছে।

তাঁরা হলেন রূপাতলী এলাকার সাগর (৩০), আরিফ (৩০), কালাম হোসেন (৪২), রাজু (৩৫), কবির হোসেন (৪২) ও আবুল হোসেন (৪০)। প্রথম আলো, ৩১ আগস্ট ২০২৪

**১২. জামালপুরে আওয়ামী লীগের 'রাজত্ব' এখন বিএনপির দখলে**

সরকার পতনের পর জামালপুরে দীর্ঘ ১৬ বছর ধরে আওয়ামী লীগের দখলে থাকা বাসস্ট্যান্ড, সিএনজিস্ট্যান্ড, বাজার, বালুমহালসহ বিভিন্ন স্থাপনা একে একে দখলে নিচ্ছেন বিএনপির নেতা-কর্মীরা। বিএনপি দখল, চাঁদাবাজি, লুটপাট থেকে বিরত থাকতে নেতা-কর্মীদের কঠোর নির্দেশনা দিলেও তা কাজে আসছে না। গত ১৮ আগস্ট শরিফপুর ইউনিয়নের জয়রামপুর এলাকার একটি বালুমহাল দখলে নিতে ইউনিয়ন বিএনপির সভাপতি মিজানুর রহমান ও সাধারণ সম্পাদক রফিকুল ইসলামের সঙ্গে জেলা যুবদলের সদস্যসচিব মোঃ সুহেলের অনুসারীদের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়া হয়। এ সময় সুহেলের অনুসারী শরিফপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সাবেক আহ্বায়ক রেজাউল করিমের ঘরবাড়ি ভাঙচুর করা হয়। প্রথম আলো, ৩ সেপ্টেম্বর ২০২৪

**১৩. বিএনপির ভাইস চেয়ারম্যান আযম খানের বিরুদ্ধে চাঁদা দাবির অভিযোগ**



বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান আহমেদ আযম খানের বিরুদ্ধে এক শিল্পপতি চাঁদা দাবির অভিযোগ করেছেন। চাঁদা দিতে রাজি না হওয়ায় ওই শিল্পপতির টাঙ্গাইল শহরের বাড়িতে হামলা চালিয়ে ভাঙচুর করা হয়। এ ঘটনায় তিনি থানায় অভিযোগ করেছেন। চাঁদা দাবির অভিযোগ আনা ওই শিল্পপতির নাম মনির আহমেদ। তিনি এশিয়াটিক কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তাঁর বাড়ি টাঙ্গাইল শহরের পূর্ব আদালতপাড়ায়। মনিরের ঢাকা, গাজীপুর ও টঙ্গীতে শিল্পপ্রতিষ্ঠান রয়েছে। বুধবার সন্ধ্যায় মনির তাঁর বাসভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন। প্রথম আলো, ৪ সেপ্টেম্বর ২০২৪

**১৪. কুষ্টিয়ায় চাঁদা তোলা নিয়ে দ্বন্দ্বে বিএনপির দুই পক্ষের মারামারি, আহত ৮**



কুষ্টিয়ার দৌলতপুর সাব-রেজিস্ট্রার কার্যালয়ে চাঁদা তোলা নিয়ে দ্বন্দ্বে বিএনপির দুই পক্ষের নেতা-কর্মীদের মধ্যে মারামারির ঘটনা ঘটেছে। এতে অন্তত আটজন আহত হয়েছেন। উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক জাফর ইকবালের অভিযোগ, উপজেলা ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের কতিপয় নেতা-কর্মী এই চাঁদাবাজির সঙ্গে জড়িত।

তাঁর বাবা দৌলতপুর উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক আকবর আলীর নাম ভাঙিয়ে এই চাঁদাবাজি করা হচ্ছিল। তিনি ও তাঁর বাবা চাঁদাবাজির প্রতিবাদ জানান। বিষয়টি শেষ পর্যন্ত উপজেলা বিএনপির শীর্ষ নেতাদের পর্যন্ত গড়ায়। প্রথম আলো, ৪ সেপ্টেম্বর ২০২৪

**১৫. দলের কলাবাগান থানার আহ্বায়কের বিরুদ্ধে চাঁদাবাজির মামলা দিল ছাত্রদল**




চাঁদাবাজির অভিযোগে রাজধানীর কলাবাগান থানা ছাত্রদলের আহ্বায়ক ওবায়দুল ইসলামের (সৈকত) বিরুদ্ধে মামলা করেছে কেন্দ্রীয় ছাত্রদল। সংগঠনের কেন্দ্রীয় জ্যেষ্ঠ যুগ্ম সাধারণ সম্পাদক শ্যামল মালুম আজ বৃহস্পতিবার কলাবাগান থানায় বাদী হয়ে মামলাটি করেন। এর আগে ওবায়দুল ইসলামকে ছাত্রদল থেকে বহিষ্কার করা হয়।মামলার অভিযোগে বলা হয়, ২ সেপ্টেম্বর আনুমানিক সাড়ে ১২টার দিকে ওবায়দুল ইসলাম ১৫ থেকে ২০ জন ব্যক্তিকে সঙ্গে নিয়ে পান্থপথ মোড় সংলগ্ন 'চাঁদপুর স্টোর' নামের একটি দোকানে হামলা চালান। তাঁরা দোকানমালিকের কাছ থেকে ৬০ হাজার টাকা ছিনিয়ে নেন। প্রথম আলো, ৫ সেপ্টেম্বর ২০২৪

**১৬. কলমাকান্দায় চাঁদাবাজির অভিযোগে বিএনপি নেতাকে বহিষ্কার**

নেত্রকোনার কলমাকান্দা উপজেলায় চাঁদাবাজি ও দলীয় শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগে কৈলাটি ইউনিয়ন বিএনপির যুববিষয়ক সম্পাদক জুয়েল ভূঁইয়াকে প্রাথমিক সদস্যপদসহ দল থেকে বহিষ্কার করা হয়েছে। জুয়েল ভূঁইয়া যদি কোথাও কোনো ধরনের বিশৃঙ্খলা, সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা বা চাঁদাবাজির চেষ্টা করেন, তাহলে তাঁকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে সোপর্দ করার অনুরোধ জানানো হচ্ছে। প্রথম আলো, ৬ সেপ্টেম্বর ২০২৪

**১৭. চাঁদাবাজির অভিযোগে যুবদল নেতা আটক**



চাঁদাবাজির অভিযোগে যুবদলের এক নেতাকে আটক করেছে পুলিশ। শনিবার (৭ সেপ্টেম্বর) বিকেল ৩টার দিকে চট্টগ্রাম নগরের হালিশহর থানার বড়পুল এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক যুবদল নেতার নাম ফজলুল করিম। তিনি সীতাকুণ্ড উপজেলা যুবদলের আহ্বায়ক। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, নগরের হালিশহরে আবুল খায়ের গ্রুপের স্ক্র্যাপ গাড়ি আটকে রেখে চাঁদা দাবি করেন ফজলুল করিম। হালিশহর থানার ডিউটি অফিসার উপ-পরিদর্শক (এসআই) রাজিব বলেন, ফজলুল করিম থানা হাজতে আছেন। তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হচ্ছে। চ্যানেল ২৪, ৭ সেপ্টেম্বর ২০২৪

### ১৮. রাজধানীতে মধ্যরাতে চাঁদাবাজি করতে গিয়ে শ্রমিক দল নেতা আটক



রাজধানী ঢাকার বৃহৎ কারওয়ান বাজারে চাঁদাবাজি করতে গিয়ে ছাত্র-জনতার হাতে আটক হলেন তেজগাঁও থানা শ্রমিক দলের আহ্বায়ক জালাল আহমেদ। জালাল আহমেদ কারওয়ান বাজারে চাঁদাবাজি করতে গেলে তাকে ছাত্র-জনতা আটক করে প্রথমে। পরে চাঁদাবাজির কারণ জানতে চাওয়ার একপর্যায়ে উপস্থিত সাধারণ মানুষ মারধর করেন তাকে। এ অবস্থায় ঘটনাস্থলে উপস্থিত শিক্ষার্থীরা জালাল আহমেদকে উদ্ধার করে তেজগাঁও থানা পুলিশকে বিষয়টি অবহিত করেন এবং পরে ঘটনাস্থলে পুলিশে এলে সোপর্দ করা হয় তাকে। চ্যানেল ২৪, ১০ সেপ্টেম্বর ২০২৪

### ১৯. যশোরে চাঁদার জন্য বীর মুক্তিযোদ্ধার বাড়িতে হামলা-লুটপাটের অভিযোগ বিএনপি নেতাদের বিরুদ্ধে

আওয়ামী লীগ সরকার পতনের পর চাঁদার দাবিতে যশোর সদর উপজেলার খাজুরা গ্রামের বীর মুক্তিযোদ্ধা আবদুল খালেক মোল্লার বাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাট চালানো হয়েছে বলে অভিযোগ উঠেছে। স্থানীয় কয়েকজনের সঙ্গে জমি নিয়ে বিরোধের জেরে বিএনপি নেতাদের ইন্ধনে এ হামলা হয় বলে ওই মুক্তিযোদ্ধা অভিযোগ করেন। ১০ সেপ্টেম্বর মঙ্গলবার দুপুরে প্রেসক্লাব যশোরের মিলনায়তনে সংবাদ সম্মেলন করে বীর মুক্তিযোদ্ধা আবদুল খালেক মোল্লা এ অভিযোগ করেন। সংবাদ সম্মেলনে তাঁর পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। গত ৬ আগস্ট হামলার ঘটনায় ১৮ আগস্ট যশোরের আদালতে একটি মামলা করেন তিনি। আবদুল খালেক মোল্লা অভিযোগ করে বলেন, লুটপাটের সময় তিনি লেবুতলা ইউনিয়ন বিএনপির সভাপতি মনোয়ারুল ইসলামকে মুঠোফোনে হামলা বন্ধ করার জন্য অনুরোধ করেন। কিন্তু তিনি অনুরোধ না রেখে ‘ভাঙছে ভাঙুক’ বলেছেন বলে তিনি দাবি করেন। প্রথম আলো, ১০ সেপ্টেম্বর ২০২৪

### ২০. ঝিকরগাছায় চাঁদা না পেয়ে সরকারি চাল লুট, ‘হুমকির মুখে’ মামলার ১ নম্বর আসামির নাম পরিবর্তন

৫ আগস্ট সরকার পতনের পর স্থানীয় হাফিজুর রহমান, রজব আলী, মোঃ নাহিদ, মোঃ মিজান ও মোঃ ওয়াসিম খাদ্যবান্ধব কর্মসূচির পরিবেশক হাসান আলীর গুদামে গিয়ে দুই লাখ টাকা চাঁদা দাবি করেন। ওই চাঁদা না দেওয়ায় গত সোমবার বেলা ১১টার দিকে দেশি অস্ত্র নিয়ে ১০০ থেকে ১৫০ জন উপজেলার হাড়িয়া নিমতলা এলাকায় অবস্থিত তাঁর গুদামে গিয়ে হামলা করে ৩০ কেজি বস্তার ৩০৫ বস্তা চাল লুট করে নিয়ে যায়। এ ছাড়া, নগদ টাকা লুট ও আসবাবপত্র ভাঙচুর করা হয়। ঘটনার পর পরিবেশক হাসান আলী

নাভারণ ইউনিয়ন পরিষদের (ইউপি) সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন বিএনপির আহ্বায়ক মো: খায়রুজ্জামানকে ১ নম্বর আসামি করে থানায় একটি লিখিত অভিযোগ দেন। এরপর বিএনপি নেতাদের অব্যাহত হুমকি ও চাপের মুখে তিনি খায়রুজ্জামানের নাম বাদ দিয়ে দেন। প্রথম আলো, ১১ সেপ্টেম্বর ২০২৪

**২১. পদত্যাগপত্রে সই করানোর অভিযোগে বিএনপির ৫ নেতা বিরুদ্ধে মামলা**

পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার একটি মাদ্রাসায় চাঁদা দাবি ও জোর খাটিয়ে প্রতিষ্ঠানপ্রধানের পদত্যাগপত্রে সই আদায়ের অভিযোগে বিএনপির পাঁচ নেতা-কর্মীর বিরুদ্ধে মামলা হয়েছে। গতকাল বুধবার বিকেলে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালতে মামলার আবেদন করেন মজিদবাড়িয়া হোসাইনিয়া দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট মাওলানা মো: হাবিবুর রহমান। মামলায় মজিদবাড়িয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো: মোজাম্মেল হোসেন মৃধাসহ পাঁচজনকে আসামি করা হয়েছে। অন্য আসামিরা হলেন মো: মজনু মৃধা, মো: দুলাল মৃধা, মো: আবদুল করিম ও মো: মাসুদ। প্রথম আলো, ১২ সেপ্টেম্বর ২০২৪

**২২. পুরান ঢাকায় ব্যবসায়ীদের ওপর 'বিএনপি নেতাদের' হামলা, আহত ১০**

চাঁদাবাজিকে কেন্দ্র করে পুরান ঢাকার ইসলামপুরের বিক্রমপুর গার্ডেন সিটির সভাপতিসহ ব্যবসায়ীদের ওপর হামলা চালিয়েছেন স্থানীয় "বিএনপির নেতাকর্মীরা"। জানা যায়, মঙ্গলবার বিক্রমপুর গার্ডেন সিটির সভাপতি বাবুল হোসেন বাবুর কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি করা হয়। এরই জের ধরে বুধবার ইসলামপুরে তাকে একা পেয়ে মারধর করেন "বিএনপি নেতাকর্মীরা"। ব্যবসায়ীরা বলেন, "আমাদের মার্কেটের সভাপতি বাবু ভাইয়ের ওপর হামলার পর বিএনপির দুই শতাধিক লোক আমাদের মার্কেটে এসে হামলা চালায়। তাদের হাতে ছুড়ি, রামদাসহ দেশীয় অস্ত্র ছিল। এরা সদরঘাটের টোকাইদের নিয়ে আমাদের ওপর হামলা চালায়। তথ্যসূত্র:ঢাকা ট্রিবিউন, ১২ সেপ্টেম্বর ২০২৪

**২৩. খুলনায় চাঁদাবাজির অভিযোগে বিএনপির ৪ নেতাকে কারণ দর্শানোর নোটিশ**

খুলনার তেরখাদা উপজেলায় চাঁদাবাজির অভিযোগে উপজেলা বিএনপির চার নেতাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার খুলনা জেলা বিএনপির আহ্বায়ক আমীর এজাজ খান ও সদস্যসচিব এস এম মনিরুল হাসানের যৌথ স্বাক্ষরে তাদের প্রত্যেককে আলাদাভাবে কারণ দর্শানোর নোটিশ দেন।কারণ দর্শানোর নোটিশ পাওয়া নেতারা হলেন তেরখাদা উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক বাবু মোল্লা, সদস্য ফেরদৌস মেম্বার, গাউস মোল্লা ও রবিউল ইসলাম।কারণ দর্শানো নোটিশে বলা হয়েছে, শেখ হাসান আল মামুন

নামের জনৈক ব্যক্তিকে মারধর করে মুক্তিপণ হিসেবে ১৩ লাখ টাকা চাঁদা দাবি করেন তাঁরা। দুই লাখ টাকা তাঁরা সোনালী ব্যাংকের মাধ্যমে নিয়েছেন এবং বাকি ১১ লাখ টাকার জন্য চাপ প্রয়োগ অব্যাহত রাখেন। প্রথম আলো, ১৩ সেপ্টেম্বর ২০২৪

## ২৪. চাঁদা দাবি করা কৃষক দলের সেই নেতাকে বহিষ্কার



মামলার আসামির তালিকা থেকে নাম বাদ দিতে স্বেচ্ছাসেবক লীগের এক নেতার কাছে দুই লাখ টাকা চাঁদা দাবির একটি অডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর লক্ষ্মীপুরের রায়পুর উপজেলা কৃষক দলের এক নেতাকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। তাঁর নাম জসিম চৌধুরী। বহিষ্কারের আগে উপজেলার বামনী ইউনিয়ন কৃষক দলের সদস্যসচিব পদে ছিলেন তিনি। প্রথম আলো, ১৩ সেপ্টেম্বর ২০২৪

## ২৫. হামলা-চাঁদাবাজির অভিযোগ, মির্জাগঞ্জে বিএনপির তিন নেতাকে অব্যাহতি

পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলায় বিএনপির কেন্দ্রীয় নির্দেশনা অমান্য করে চাঁদাবাজি, ভাঙচুর ও মারামারিতে জড়িত থাকার অভিযোগে দলটির তিন নেতাকে অব্যাহতি দেওয়া হয়েছে। অব্যাহতি পাওয়া তিন নেতা হলেন উপজেলার মজিদবাড়িয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো: মোজাম্মেল হোসেন, আমড়াগাছিয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শাহজাদা খান ও উপজেলা বিএনপি গ্রাম সরকারবিষয়ক সম্পাদক ও মির্জাগঞ্জ ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের সদস্য মো: গোলাম সরোয়ার হাওলাদার। প্রথম আলো, ১৯ সেপ্টেম্বর ২০২৪

## ২৬. চাঁদা না পেয়ে ঠিকাদারকে পিটিয়ে আহত, ছাত্রদল-যুবদলের ১৬ নেতা-কর্মীর বিরুদ্ধে মামলা

বরিশালের আগৈলঝাড়া উপজেলায় চাঁদা না পেয়ে এক ঠিকাদারকে পেটানোর অভিযোগে স্থানীয় যুবদল ও ছাত্রদলের ১৬ নেতা-কর্মীর বিরুদ্ধে মামলা হয়েছে।মামলার বাদী ঠিকাদারের নাম আতাহার সরদার। অন্যদিকে অভিযুক্ত উল্লেখযোগ্য নেতা-কর্মীরা হলেন রত্নপুর ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক মনিরুজ্জামান ইসমাইল, ৮ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক লাল মিয়া হাওলাদার, ছাত্রদলের জেলা যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল ও তাদের সহযোগী ফরিদ হাওলাদার, মিঠু হাওলাদার, আরাফাত হাওলাদার, আবু সাঈদ প্রমুখ। প্রথম আলো, ২৩ সেপ্টেম্বর ২০২৪

**২৭. দখল-চাঁদাবাজিসহ বিএনপি নেতার বিরুদ্ধে প্রধান উপদেষ্টাকে ৭ অভিযোগ**



সরকার পতনের পর উত্তরায় চাঁদাবাজি, দখলদারিত্ব ও অনৈতিক কর্মকাণ্ড বেড়েছে। স্থানীয় বাসিন্দারা আওয়ামী লীগ নেতাকর্মীদের অত্যাচার থেকে রেহাই পেলেও সেখানে চাঁদাবাজির নতুন সিন্ডিকেটের উদ্ভব হয়েছে। নানা অভিযোগে নাম উঠে আসছে বিএনপি ও এর অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাদের। বিএনপির শীর্ষ নেতাদের কাছে ছাড়াও প্রধান উপদেষ্টার দপ্তরেও তাদের বিরুদ্ধে একাধিক লিখিত অভিযোগ জমা পড়েছে। সবশেষ বুধবার (২৫ সেপ্টেম্বর) প্রধান উপদেষ্টার কাছে উত্তরা-পশ্চিম থানা বিএনপির সিনিয়র যুগ্ম-আহ্বায়ক আজমল হুদা মিঠুর বিরুদ্ধে এমন একটি অভিযোগ জমা পড়েছে। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, ঢাকা মহানগর উত্তর বিএনপির আহ্বায়ক ও সদস্যসচিবকেও একই অভিযোগ দেওয়া হয়েছে। উত্তরা-পশ্চিম থানার জনগণের পক্ষে দুলাল আহমেদ নামে একজন ব্যবসায়ী এ অভিযোগ দিয়েছেন। জাগো নিউজ, ২৫ সেপ্টেম্বর ২০২৪

**২৮. রূপগঞ্জে চাঁদা না পেয়ে ব্যবসায়ীর বাড়িতে হামলা-লুটপাট, অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে**

নারায়ণগঞ্জের রূপগঞ্জে মোতালেব মিয়া নামের এক ব্যবসায়ীর বাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে। এ সময় তাঁর পরিবারের তিনজনকে কুপিয়ে জখম করা হয়েছে। মারধর করা হয়েছে তাঁর অন্তঃসত্ত্বা স্ত্রীকে। গতকাল মঙ্গলবার উপজেলার দাউদপুর বীর হাটাবো এলাকায় এ ঘটনা ঘটে। মোতালেব মিয়ার অভিযোগ, চাঁদা না পেয়ে জেলা ছাত্রদলের সাবেক সহসভাপতি সুলতান মাহমুদ ও তাঁর অনুসারীরা এই ভাঙচুর ও লুটপাট করেছেন। প্রথম আলো, ৯ অক্টোবর ২০২৪

**২৯. সিরাজগঞ্জে ব্যবসায়ীর কাছে চাঁদা দাবি, বিএনপি নেতার বিরুদ্ধে মামলা**

সিরাজগঞ্জের কাজীপুর উপজেলার সোনামুখী ইউনিয়ন বিএনপির সভাপতি দোলা সরকারসহ সাতজনের নাম উল্লেখ করে মামলা হয়েছে। তাদের বিরুদ্ধে ককটেল বিস্ফোরণ, হামলা, লুটপাট, ভাঙচুর ও চাঁদাবাজির অভিযোগ আনা হয়েছে।আজ বুধবার বেলা ১১টার দিকে সিরাজগঞ্জ দ্রুত বিচার ট্রাইব্যুনালে এ মামলা করেন রানা আহম্মেদ নামের এক ব্যবসায়ী। তিনি স্থানীয় সোনামুখী বাজারের মেসার্স মেহেনত ট্রেডার্স নামের একটি প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী। মামলার অন্য আসামিরা হলেন একই ইউনিয়নের কৃষ্ণগোবিন্দপুর (পাঁচগাছি) গ্রামের আবু বাসির, সবুজ সরকার, মনি সরকার, সোহেল রানা, মাহিম ও আবদুল হান্নান। প্রথম আলো, ৯ অক্টোবর ২০২৪

### ৩০. হাতবদল হয়ে পরিবহনে এখন বিএনপির দুই সাইফুলের চাঁদাবাজি

বিএনপির দুই সাইফুলের চাঁদাবাজি চলছে রাজধানীর মহাখালী বাস টার্মিনালে। এই টার্মিনাল থেকেই দিনে সাড়ে ১০ লাখ টাকা চাঁদা আদায় করা হচ্ছে। এই সাইফুলদের একজন ঢাকা মহানগর উত্তর বিএনপির সাবেক আহ্বায়ক সাইফুল আলম নিরব। আরেকজন হলেন কুমিল্লা উত্তর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক সাইফুল আলম। রাজনৈতিক ও পরিবহন খাতের সূত্রগুলো বলছে, রাজনৈতিক পটপরিবর্তনের পর ঢাকা সড়ক পরিবহন মালিক সমিতি দখলে নেন কুমিল্লা বিএনপির সাইফুল। তিনি আহ্বায়ক কমিটি গঠন করে দেশের পরিবহন খাত নিয়ন্ত্রণ করছেন। আর ঢাকা উত্তর বিএনপির সাবেক নেতা সাইফুল আলম নিরব মহাখালী বাস টার্মিনালের বাইরে তেজগাঁও ট্রাক টার্মিনাল, তেজগাঁও শিল্পাঞ্চল, কারওয়ান বাজার ও শেরেবাংলা নগর এলাকায় একক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছেন। প্রথম আলো, ১৪ অক্টোবর ২০২৪

### ৩১. কোটি টাকা চাঁদা দাবির মামলায় বিএনপি নেতা 'কিং আলী' গ্রেপ্তার



চট্টগ্রামে একটি ব্যবসাপ্রতিষ্ঠানে গিয়ে ভাঙচুর, লুটপাট ও কোটি টাকা চাঁদা দাবির অভিযোগে করা মামলায় এক বিএনপি নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। তাঁর নাম মামুন আলী ওরফে 'কিং আলী'। মামুন আলী নগর বিএনপির সাবেক সদস্য। প্রথম আলো, ১৮ অক্টোবর ২০২৪

### ৩২. চাঁদা না পেয়ে দোকান ও বসতঘর ভাঙচুরের অভিযোগ

নোয়াখালী সুবর্ণচর উপজেলায় দাবি করা চাঁদা না পেয়ে দোকান ও ভবনে হামলা, ভাঙচুর ও লুটপাটের অভিযোগ পাওয়া গেছে। এ সময় হামলায় আহত হয়েছেন কমপক্ষে ছয়জন। হামলার শিকার চর মধ্যম বাগ্গা গ্রামের কামাল হোসেন (৬০) প্রথম আলোকে বলেন, স্থানীয় পাংখার বাজার কমিউনিটি ক্লিনিক-সংলগ্ন এলাকায় তাঁর বসতবাড়ি ও একটি দোকানের ভিটা রয়েছে। দোকানের ভিটায় তিনি ভাঙারি মালামালের ব্যবসা করেন। গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর জসিম উদ্দিন ও মাইন উদ্দিন নামের বিএনপির দুই নেতা তাঁর ভিটা থেকে তাঁকে উচ্ছেদের পরিকল্পনা করেন এবং নানা হুমকি দিতে থাকেন। দোকান ও ভিটা দখলে রাখতে চাইলে তাদের ৫ লাখ টাকা চাঁদা দিতে হবে বলে জানান। গত শুক্রবার জসিম উদ্দিন ও মাইন উদ্দিন পুনরায় তাঁর কাছে দাবি করা চাঁদার টাকা চান। তখন তিনি টাকা দিতে অস্বীকার করেন। এতে ক্ষিপ্ত হয়ে শনিবার দুপুর আনুমানিক ১২টার দিকে জসিম উদ্দিন ও মাইন উদ্দিন দলবল নিয়ে এসে তাঁর বাজারের ভিটা দখলের চেষ্টা চালান। প্রথম আলো, ২০ অক্টোবর ২০২৪

### ৩৩. হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট: আটক ছাত্রদল নেতা




চাঁদা না পেয়ে হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট করে নিয়ে যাওয়ার অভিযোগে এক ছাত্রদল নেতাসহ দুই যুবককে আটক করেছে সেনাবাহিনী। মঙ্গলবার ভোরে জেলা শহরের অজহর রোড এলাকা থেকে তাদের আটক করা হয়। আটকৃতরা হচ্ছে, জুনু খান মিলকী (৩৫) ও সমীরণ তালুকদার (৩২)। জুনু খান মিলকী পৌর ছাত্রদলের আহ্বায়ক বলে জানা গেছে। জনকণ্ঠ, ২২ অক্টোবর ২০২৪

### ৩৪. বরিশালে চাঁদা না পেয়ে ব্যবসায়ীকে মারধরের অভিযোগ, বিএনপির চার নেতা-কর্মী গ্রেপ্তার

চাঁদা চেয়ে না পাওয়ায় এক ব্যবসায়ীকে মারধরের অভিযোগে বরিশালের গৌরনদী পৌর বিএনপির আহ্বায়ক এস এম জাকির হোসেনসহ বিএনপি-যুবদলের চার নেতা-কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। ওই চারজন হলেন গৌরনদী পৌর বিএনপির আহ্বায়ক এস এম জাকির হোসেন (শরীফ), পৌর বিএনপির সদস্য ফরহাদ শরীফ, বিএনপির কর্মী নাজমুল হাসান (মিঠু) ও যুবদল কর্মী সজীব শরীফ। ভুক্তভোগী ব্যক্তির বরাত দিয়ে পুলিশ জানায়, শুক্রবার রাতে বিএনপির কর্মী নাজমুল হাসান টরকী বন্দরের ফ্লেক্সিলোড ব্যবসায়ী এস এম জামিল হাসান (মিঠু) সিকদারকে ফোন করে ব্যবসা চালিয়ে যাওয়ার জন্য দেড় লাখ টাকা চাঁদা দাবি করেন। কিন্তু ব্যবসায়ী জামিল হাসান তাদের দাবি করা টাকা দিতে অস্বীকৃতি জানান। এতে ক্ষুব্ধ হয়ে ব্যবসায়ী জামিল হাসানের বাসায় গিয়ে তাঁকে মারধর করা হয়। প্রথম আলো, ২৩ অক্টোবর ২০২৪

### ৩৫. মামলা থেকে বাদ দিতে বিএনপি নেতা বললেন, 'আমার এই নম্বরে এক লাখ টাকা পাঠায়ে দেন'

নওগাঁর বদলগাছী উপজেলা বিএনপির সহযুব সম্পাদক বেলাল হোসেনের (সৌখিন) বিরুদ্ধে মামলার আসামির তালিকা থেকে নাম বাদ দিতে এক আওয়ামী লীগ নেতার কাছ থেকে চাঁদা দাবির অভিযোগ উঠেছে। উপজেলা আওয়ামী লীগের সাবেক অর্থ সম্পাদক শামসুল আলম খানের কাছে তিনি এই চাঁদা দাবি করেন বলে অভিযোগ। প্রথম আলো, ৭ নভেম্বর ২০২৪

### ৩৬. চাঁদার অভিযোগে নাটোরে বিএনপির ১৫ নেতাকর্মীর নামে মামলা, গ্রেপ্তার ১

নাটোরের বড়াইগ্রামে এক ব্যবসায়ী ও তাঁর পরিবারের সদস্যদের মারধর করার ঘটনায় বিএনপি ও এর সহযোগী সংগঠনের ১৫ নেতা-কর্মীর নামে মামলা হয়েছে। মামলায় অজ্ঞাতনামা আরও ১৫ জনকে আসামি করা হয়েছে। মামলার এজাহারে

বাদী অভিযোগ করেন, রাজনৈতিক পটপরিবর্তনের পর থেকে আসামিরা তাঁর জামাতা উজ্জ্বল কুমার মণ্ডলের কাছে দুই লাখ টাকা চাঁদা দাবি করে আসছিলেন। চাঁদা দিতে না পারায় তিনি ঢাকায় পালিয়ে গিয়ে আত্মগোপন করেছিলেন। ২০ নভেম্বর বিকেলে উজ্জ্বল বাড়িতে যান। আসামি ইকবাল হোসেনের নেতৃত্বে আসামিরা বাড়ি ঘেরাও করেন। আসামি জালাল ভূঁইয়া তাঁর বুকে পিস্তল ঠেকিয়ে পকেট থেকে দুই হাজার টাকা বের করে নেন। বাকি টাকা দিতে না পারায় আসামিরা লোহার পাইপ ও রড দিয়ে পিটিয়ে তাঁর বাঁ হাত, বাঁ পা ও বুকের হাড় ভেঙে ফেলেন। তাঁকে রক্ষা করতে গেলে আসামিরা তাঁর মায়ের বুকে লাথি মেরে ফেলে দেন। অন্তঃসত্ত্বা স্ত্রী সুবর্ণা মণ্ডল তাঁকে রক্ষা করতে গেলে আসামি জালাল ভূঁইয়া তাঁকে লাথি মারেন। প্রথম আলো, ২৫ নভেম্বর ২০২৪

**৩৭. বিএনপি নেতা পরিচয়ে ইটভাটায় চাঁদাবাজি, ধরা পড়লেন টাকাসহ**



চট্টগ্রামের রাউজানে বিএনপি নেতা পরিচয়ে একটি ইটভাটায় চাঁদাবাজির অভিযোগে আবু জাফর (৪৫) নামের এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ। তাঁর কাছ থেকে চাঁদা হিসেবে আদায় করা ৫০ হাজার নগদ টাকাও পাওয়া গেছে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে। পুলিশ জানায়, রাউজান ব্রিকস ম্যানুফ্যাকচার (আরবিএম) নামে একটি ইটভাটায় গিয়ে নিজেকে বিএনপি নেতা পরিচয় দিয়ে ৩০ লাখ টাকা চাঁদা দাবি করেন আবু জাফর। একপর্যায়ে ইটভাটাটির মালিক এস এম শহিদুল্লাহ তাঁকে ৫০ হাজার টাকা চাঁদা দেন। আবু জাফর আরও টাকা দাবি করলে জরুরি সেবা নম্বর ৯৯৯-এ ফোন করেন ইটভাটা মালিক। খবর পেয়ে পুলিশ চাঁদার ৫০ হাজার টাকাসহ আবু জাফরকে হাতেনাতে আটক করেন। ইটভাটার মালিক দাবি করেছেন, এর আগেও ওই ইটভাটা থেকে ২০ হাজার টাকা চাঁদা নিয়েছিলেন আবু জাফর। প্রথম আলো, ২ ডিসেম্বর ২০২৪

**৩৮. ফেনীতে চাঁদার দাবিতে উন্নয়নকাজ বন্ধ, এক্সকাভেটরে আগুন**

ফেনীর ফাজিলপুর ইউনিয়নের ফাজিলপুর-বটতলি-আর বি হাট সড়কে ২৩ কোটি টাকা ব্যয়ে সংস্কারকাজ চলছিল। প্রকল্পের কাজ চলার সময় ঠিকাদারের কাছে চাঁদা দাবি করা হয়েছিল। চাঁদা না পেয়ে সড়কের কাজ বন্ধের পাশাপাশি ঠিকাদারের ৬০ লাখ টাকা দামের এক্সকাভেটরে (মাটি কাটার যন্ত্র) আগুন দেয় দুর্বৃত্তরা। এ ঘটনায় ঠিকাদার আমজাদ হোসেনের প্রতিষ্ঠানের কর্মকর্তা ইমরুল হাবিব চৌধুরী ৭ ডিসেম্বর ফেনী মডেল থানায় মামলা করেন। মামলায় স্থানীয় ছাত্রদল ও যুবদলের কয়েকজন নেতা-কর্মীকে আসামি করা হয়।মামলার এজাহারে বাদী ইমরুল হাবিব চৌধুরী উল্লেখ করেন, এলাকার চিহ্নিত সন্ত্রাসী ও

চাঁদাবাজ মুরাদ সিদ্দিকী, কামরুল ইসলাম ভূঁইয়া, সজীবুল ইসলাম পাটোয়ারী, ইমাম সিদ্দিকী, মীর মোহাম্মদ আলী সবুজ ওরফে মীর সবুজ সড়কের সংস্কার কাজ শুরুর পর থেকে বিভিন্ন সময় চাঁদা দাবি করে আসছিলেন। চাঁদা না পেয়ে আসামিরা কাজ বন্ধ করে দেন। এরপর রাতের অন্ধকারে এক্সকাভেটরে আগুন দেন তাঁরা। প্রথম আলো, ৮ ডিসেম্বর ২০২৪

**৩৯. মতলব উত্তরে বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজি ও মাছ লুটের অভিযোগ**
চাঁদপুরের মতলব উত্তর উপজেলায় ছেংগারচর পৌর বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম প্রধানের বিরুদ্ধে এক জেলের কাছ থেকে ২ লাখ টাকা চাঁদা আদায় এবং তাঁর পুকুরের ৫০ লক্ষাধিক টাকার মাছ লুট করে নিয়ে যাওয়ার অভিযোগ পাওয়া গেছে।অভিযোগকারী ওই জেলের নাম লক্ষ্মণ চন্দ্র দাস (৪৫)। তাঁর বাড়ি উপজেলার কেশাইরকান্দি এলাকায়। অভিযুক্ত জাহাঙ্গীর আলম প্রধানের বাড়ি উপজেলার রুহিতারপাড় এলাকায়। তিনি উপজেলার ছেংগারচর পৌর বিএনপির সাধারণ সম্পাদক। প্রথম আলো, ১৮ ডিসেম্বর ২০২৪

**৪০. ডিবি পরিচয়ে চাঁদাবাজি করতে গিয়ে আটক এসআই-ছাত্রদল নেতা**



গোয়েন্দা পুলিশ (ডিবি) পরিচয়ে চাঁদাবাজির সময় পুলিশের এক উপপরিদর্শক (এসআই) ও ছাত্রদল নেতাকে আটক করে গণধোলাই দিয়েছে জনতা। গ্রেপ্তাররা হলেন- জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার কাজিরহাট থানার এসআই রেদোয়ান ও বরিশাল মহানগর ছাত্রদলের সহ-সভাপতি রাসেল আকন। সমকাল, ২৩ ডিসেম্বর ২০২৪

**৪১. চাঁদা না দেয়ায় জামায়াত নেতার রগ কেটে দিল**
চট্টগ্রামের সীতাকুণ্ডে চাঁদা না দেওয়ায় জামায়াতে ইসলামীর এক নেতার পায়ের রগ কেটে হাত ভেঙে দেওয়া হয়েছে।আহত জামায়াত নেতার নাম আবুল কালাম আজাদ। তিনি সীতাকুণ্ড পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড জামায়াতের যুব বিভাগের সভাপতি। সোমবার ভোররাত ৩টার দিকে পৌরসভার হাসান গোমস্তা এলাকায় আবুল কালামের নিজ ব্যবসাপ্রতিষ্ঠানের খামারে মুরগির বাচ্চা নিয়ে আসে একটি পিকআপভ্যান। এসময় স্থানীয় বিএনপি নেতা মোহাম্মদ আলীর ছোট ভাই জাফরসহ কয়েকজন অস্ত্রধারী এসে এক লাখ টাকা চাঁদা দাবি করে মুরগিসহ পিকআপভ্যানটি আটকে দেয়। তখন তারা চালককে মারধর করেন। জনকণ্ঠ, ২৪ ডিসেম্বর ২০২৪

**৪২. আজিমপুর কবরস্থানে চাঁদাবাজির মামলায় বিএনপি নেতা আমিন গ্রেপ্তার**



রাজধানীর আজিমপুর কবরস্থানে চাঁদাবাজির মামলায় ২৩ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আমিনুল ইসলাম আমিনকে গ্রেপ্তার করেছে সেনাবাহিনী।এ বিষয়ে ২৩ ডিসেম্বর কালবেলায় 'আজিমপুর কবরস্থানে চাঁদাবাজি, আটক ৫' শিরোনামে সংবাদ প্রকাশ করে। মঙ্গলবার (৩১ ডিসেম্বর) রাতে রাজধানীর নিউ পল্টন এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরে তাকে লালবাগ থানায় সোপর্দ করা হয়। কালবেলা, ১ জানুয়ারি ২০২৫

**৪৩. ১০ লাখ টাকা চাঁদা দাবির কল রেকর্ড ভাইরাল, বিএনপি নেতা বহিষ্কার**



লালমনিরহাটে পাটগ্রাম উপজেলায় ১০ লাখ টাকা চাঁদা দাবির কল রেকর্ড ভাইরালের পর দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে আরিফ হাসান জজ নামে এক বিএনপি নেতাকে বহিষ্কার করা হয়েছে। উপজেলা বিএনপির আহ্বায়ক আলহাজ আব্দুল করিম প্রধান বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে গতকাল উপজেলা বিএনপির আহ্বায়ক আলহাজ আব্দুল করিম প্রধান ও সিনিয়র যুগ্ম-আহ্বায়ক আলহাজ শপিকার রহমানের নির্দেশক্রমে এ সিদ্ধান্ত হয়। বহিষ্কৃত আরিফ হাসান উপজেলার শ্রীরামপুর ইউনিয়ন বিএনপির সহ-কোষাধ্যক্ষ পদে ছিলেন। ঢাকা পোস্ট, ৪ জানুয়ারি ২০২৫

**৪৪. ময়মনসিংহে পরিবহন থেকে চাঁদাবাজির অভিযোগে ছাত্রদল নেতা গ্রেপ্তার**

ময়মনসিংহের গৌরীপুরে পরিবহন থেকে চাঁদাবাজির অভিযোগে উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আল ইমরান খানসহ তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার ছাত্রদল নেতা আল ইমরান ছাড়াও অন্য দুজন হলেন জুনায়েত আহম্মেদ (২৩) ও মোঃ মিলন মিয়া (৪৮)। প্রথম আলো, ৬ জানুয়ারি ২০২৫

**৪৫. নেত্রকোনায় চাঁদাবাজির বিরুদ্ধে মানববন্ধনে শ্রমিক দলের হামলা**

নেত্রকোনা জেলা জাতীয়তাবাদী শ্রমিক দলের সাধারণ সম্পাদক তারিফুর রহমান ওরফে রিপনের বিরুদ্ধে বিভিন্ন পরিবহনের মালিক ও শ্রমিকদের কাছ থেকে চাঁদা আদায়ের অভিযোগ উঠেছে। এ ঘটনার প্রতিবাদে ভুক্তভোগীদের মানবন্ধনে হামলার ঘটনা ঘটেছে। তারিফুর রহমানের লোকজন এ হামলা চালিয়েছেন বলে জানিয়েছেন মানববন্ধনে অংশগ্রহণকারীরা। প্রথম আলো, ৭ জানুয়ারি ২০২৫

**৪৬. চুয়াডাঙ্গায় চাঁদাবাজির মামলায় গ্রেপ্তার বিএনপি নেতাকে দল থেকে বহিষ্কার**

চুয়াডাঙ্গা শহরে নির্মাণাধীন ভবনের মালিকের কাছে চাঁদা দাবির অভিযোগে করা মামলায় গ্রেপ্তার বিএনপির নেতা জাহিদুল ইসলাম সোহেলকে (সোহেল রানা)



দল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। গতকাল বুধবার রাতে চুয়াডাঙ্গা পৌর বিএনপির জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গা পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ছিলেন। নির্মাণাধীন বাড়ির মালিক নুরুজ্জামানের স্ত্রী আরিফা পারভীনের করা চাঁদাবাজির মামলায় গত মঙ্গলবার রাতে জাহিদুলকে গ্রেপ্তার করা হয়। প্রথম আলো, ৯ জানুয়ারি ২০২৫

## ৪৭. 'যুবদল নেতার মাসিক চাঁদার টার্গেট ৫০ লাখ টাকা'



সুনামগঞ্জে চাঁদা না পেয়ে ঠিকাদারকে মারধরের অভিযোগ উঠেছে আরিফ রব্বানী হিমেল নামে এক যুবদল নেতার বিরুদ্ধে। যুবদল নেতা হিমেলের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ তুলেছেন ব্যবসায়ীসহ স্থানীয় বিএনপির কিছু নেতাকর্মীও। অপরদিকে নাম প্রকাশে অনিচ্ছুক বিএনপির এক নেতা বলেন, 'হিমেল গড়ে এক থেকে দেড়লাখ টাকা চাঁদা তোলেন বিভিন্ন খাত থেকে। মাসে ৫০ লাখ টাকার টার্গেট করে প্রতিদিন বিভিন্ন অফিসে দলবল নিয়ে হানা দেন। এ জন্য তিনি একেকজনকে দিয়েছেন একেক দায়িত্ব। হিমেলের আপন ফুফাতো ভাই আলমগীর নিয়ন্ত্রণ করেন সীমান্তের চোরাচালান। ছাত্রদলের সদস্যসচিব কোহিনূর অবৈধ বালুর ব্যবসা নিয়ন্ত্রণ করেন।' কালবেলা, ৯ জানুয়ারি ২০২৫

## ৪৮. পুলিশ পরিচয়ে 'নিখোঁজ' দুজনকে 'উদ্ধার করে' চাঁদা দাবি, পিটিয়ে ছাত্রদল নেতাকে পুলিশে সোপর্দ



দিনাজপুরে নিখোঁজের জিডির (সাধারণ ডায়েরি) সূত্র ধরে এক তরুণ ও তরুণীকে 'উদ্ধার করে' দিয়ে পুলিশ পরিচয়ে চাঁদা দাবির অভিযোগ উঠেছে এক ছাত্রদল নেতার বিরুদ্ধে। ছাত্রদলের ওই নেতার নাম আব্দুর রাজ্জাক (৩৫)। তিনি সদর উপজেলার নহনা গ্রামের বাসিন্দা এবং সদর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক। আটক অপরজন হলেন ছাত্রদলের কর্মী একই এলাকার শাহাদত হোসেনের ছেলে মো: আপেল (২২)। এ ঘটনায় ইমন চন্দ্র বর্মন (২২) নামের ওই তরুণের বাবা বাদী হয়ে কোতোয়ালি থানায় মামলা করেছেন। প্রথম আলো, ১০ জানুয়ারি ২০২৫

## ৪৯. সিংড়ায় চাঁদা নেওয়ার সময় বিএনপি নেতাসহ দুইজন আটক

উপজেলার জামতলী বাসস্ট্যান্ডে দীর্ঘদিন থেকে আখের শরবত বিক্রি করে আসছিলেন তেরবাড়িয়া গ্রামের ইউনুস আলী। তার কাছ থেকে প্রতিদিন ১০০

টাকা করে চাঁদা নেন চৌগ্রাম ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সিনিয়র সহ-সভাপতি তেরবাড়িয়া গ্রামের জিয়ারুল প্রামাডুক ও তার ভাতিজা আসিফ আলী। চাঁদা দিতে না পেরে বাধ্য হয়ে প্রায় এক মাস ধরে শরবতের ব্যবসা বন্ধ রাখে ইউনুস আলী। শুক্রবার বিকেলে বিএনপি নেতা জিয়ারুল পুনরায় চাঁদা দিয়ে ব্যবসা শুরু করতে বলেন। এরপর সিএনজি চালক জিয়ার কাছ থেকে ২০ টাকা চাঁদা নেয় বিএনপি নেতা জিয়ারুল প্রামাণিক ও আসিফ আলী। বিষয়টি সেনাবাহিনীর টহল দলকে জানালে চাঁদার টাকাসহ তাদেরকে আটক করে থানায় সোপর্দ করে। জাগো নিউজ, ১১ জানুয়ারি ২০২৫

**৫০. যুবদল নেতার বিরুদ্ধে যুবককে মেরে ২ লাখ টাকা চাঁদা আদায়ের অভিযোগ**

নওগাঁর রাণীনগরে চাঁদার দাবিতে আলমগীর হোসেন (৩৫) নামে প্রবাস ফেরত এক যুবককে ব্যাপক মারধর করার অভিযোগ উঠেছে ইউনিয়ন যুবদলের এক নেতা ও তার বাহিনীর বিরুদ্ধে। চাঁদার দাবিকৃত টাকার মধ্যে দুই লাখ টাকা দেওয়ার পর আলমগীরকে ফেরত পেয়েছে পরিবার। তার পরিবারের অভিযোগ, উপজেলার একডালা ইউনিয়ন যুবদলের যুগ্ন আহবায়ক ইমরানের (৩২) নেতৃত্বে আলমগীরকে বাড়ি থেকে তুলে নিয়ে একটি শ্মশানঘাটে তাকে ব্যাপক মারধর ও নির্যাতন করা হয়েছে। যুগান্তর, ১১ জানুয়ারি ২০২৫

**৫১. যুবদল নেতা রনির বিরুদ্ধে দখল, চাঁদাবাজিসহ নানা অভিযোগ**

শরীয়তপুরের নড়িয়া উপজেলায় এক যুবদল নেতার বিরুদ্ধে জমি দখল, চাঁদাবজি, পুলিশের কাছ থেকে আসামি ছিনতাইসহ নানা অভিযোগ পাওয়া গেছে। এমনকি থানা পুলিশের এক এসআইকে পিটিয়ে হাত-পা ভেঙে দিয়েছেন বলেও অভিযোগ। অভিযুক্ত রনি মাঝি উপজেলা যুবদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও উপজেলার বাহির কুশিয়া এলাকার মৃত হায়দার আলী মাঝির ছেলে। প্রতিদিনের বাংলাদেশ, ১১ জানুয়ারি ২০২৫

**৫২. স্থানীয়দের আতঙ্ক বিএনপি নেতা মাসুম মিনা**



পিরোজপুরের নাজিরপুরের সেখমাঠিয়া ইউনিয়নের স্থানীয় বাসিন্দাদের কাছে আতঙ্কের এক নাম বিএনপি নেতা মাসুম মিনা। ইতিমধ্যে তিনি গড়ে তুলেছেন এক বিশাল বাহিনী। এই বাহিনীর মাধ্যমে বিভিন্ন অপকর্ম চালিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে।এ বিষয়ে উপজেলা বিএনপি, উপজেলা নির্বাহী অফিসার, থানা ও নাজিরপুর প্রেস ক্লাবে ভুক্তভোগী রেজাউল ইসলাম একটি লিখিত অভিযোগ করেছেন।স্থানীয়রা জানান, গত ৫ আগস্টের পর মাসুম মিনা বাহিনীর উত্থান ঘটে। জোর করে জমি দখল,

চাঁদাবাজি, মারামারি, অমানবিক নির্যাতন, জোরপূর্বক জমির ফসল কেটে নেওয়া ও খাসজমি দখলের অভিযোগ উঠেছে এই বাহিনীর বিরুদ্ধে। কালের কণ্ঠ, ১২ জানুয়ারি ২০২৫

**৫৩. 'সিদ্ধান্ত হয়েছে বিআরটিসি কাউন্টার বিএনপি ভোগ করবে'**



পটুয়াখালীর কুয়াকাটা পৌর বিএনপির সাধারণ সম্পাদক মো: মতিউর রহমানের মোবাইল ফোনে বাস কাউন্টার দখলে নেওয়ার কথোপকথনের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে তাঁকে বলতে শোনা যায়, 'বিএনপি ও অঙ্গসংগঠন মিল্লা চূড়ান্ত সিদ্ধান্ত হইছে, এখানে বিআরটিসির কুয়াকাটা এবং তুলাতলির কাউন্টার ৯ ওয়ার্ডের বিএনপির কমিটি মিল্লা ভোগ করবে।' আজকের পত্রিকা, ১৩ জানুয়ারি ২০২৫

**৫৪. সমন্বয়ক পরিচয়ে ইডেনের দুই ছাত্রীর চাঁদাবাজি, ইন্ধনে ছাত্রদল নেত্রী!**

সমন্বয়ক পরিচয়ে রাজধানীর ইডেন মহিলা কলেজের দুই ছাত্রীর বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ তুলেছে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবাদানকারী একটি প্রতিষ্ঠান। অভিযুক্ত ওই দুই ছাত্রী হলেন সমাজ বিজ্ঞানের মাস্টার্সের জাকিয়া ও ইসলামের ইতিহাসের শিফা। তারা কলেজের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব হলের ৯২৮ নম্বর ও ৯০৪ নম্বর কক্ষের আবাসিক শিক্ষার্থী। এ ঘটনায় অভিযুক্তদের ইন্ধনদাতা হিসেবে কলেজ শাখা ছাত্রদলের আহ্বায়ক রেহেনা আক্তার শিরিনের নাম এসেছে। ডেইলি ক্যাম্পাস, ১৫ জানুয়ারি ২০২৫

**৫৫. চাঁদা না দেয়ায় কোটি টাকার নির্মাণসামগ্রী লুটে নিলেন বিএনপি নেতা**

নারায়ণগঞ্জের সোনারগাঁউপজেলার জামপুরের কদমতলী এলাকায় আনোয়ার হোসেনের মালিকানাধীন এ.এন.জেড টেক্সটাইল মিলসের ভবন নির্মাণ কাজ চলছিল। নির্মাণাধীন কাজ চলমান থাকা অবস্থায় কয়েকদিন আগে একদল সন্ত্রাসী প্রথমে ২৫ লাখ পরে ৩০ লাখ টাকা চাঁদা দাবি করে। প্রতিষ্ঠানটির মালিক তাদের চাঁদা দিতে অস্বীকার জানালে বুধবার সকালে বিএনপি নেতা পরিচয় দানকারী আশরাফ ভূঁইয়ার নেতৃত্বে ৪-৫শ সন্ত্রাসী এসে ভাঙচুর ও হামলা চালায়। এ সময় শ্রমিকদের মারধর করে ৩৪ টন রড, ৭০০ বস্তা সিমেন্ট ও ৩০ টন আইভীম লুট, প্রায় ৫ হাজার ইট ট্রাকে করে লুটে নেয় যার মূল্য কোটি টাকার উপরে। দেশ রূপান্তর, ১৬ জানুয়ারি ২০২৫

**৫৬. গোপালগঞ্জে চাঁদাবাজির অভিযোগে বিএনপি নেতার বিরুদ্ধে মামলা**

গোপালগঞ্জে কাশিয়ানীতে চাঁদাবাজির অভিযোগে বিএনপি নেতা নিয়ামুল হোসেন



মিলনের বিরুদ্ধে মামলা হয়েছে। বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) দুপুরে শিল্পী বেগম নামে এক নারী মামলাটি করেন। নিয়ামুল হোসেন মিলন উপজেলা বিএনপির সহ-যুববিষয়ক সম্পাদক। তিনি উপজেলা মহেশপুর ইউনিয়নের বাথানডাঙ্গা এলাকার বাসিন্দা। জাগো নিউজ, ১৭ জানুয়ারি ২০২৫

**৫৭. রাঙামাটির বাঘাইছড়ি উপজেলা বিএনপির সভাপতিসহ ৯ নেতার পদ স্থগিত**



চাঁদাবাজি ও অন্যান্য অভিযোগে রাঙামাটির বাঘাইছড়ি উপজেলা সভাপতি ওমর আলীসহ ৯ নেতাকর্মীর পদ স্থগিত করেছে জেলা বিএনপি। রাঙামাটি জেলা বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি আবু নাছির ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মামুনুর রশিদ স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, দলের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি ও দলের ভাবমূর্তি বিনষ্ট করাসহ দলের নীতি ও আদর্শপরিপন্থি বিভিন্ন অপকর্মে লিপ্ত থাকার সুস্পষ্ট অভিযোগে বাঘাইছড়ি উপজেলা বিএনপির সভাপতি মোঃ ওমর আলী, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোঃ নুর উদ্দিন, পৌর যুবদলের সদস্য নুর কবির, উপজেলা ছাত্রদলের সদস্যসচিব নুরুল ইসলাম জিন্নাত, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইমরান হোসেন জুম্মান, কাচালং কলেজ ছাত্রদলের সদস্যসচিব সারওয়ার গাজী, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক শাহাদাৎ মোল্লা, পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক আব্দুর রহমান ও উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আমির হোসেনকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত তাদের দলীয় সকল পদ-পদবি স্থগিত করা হয়েছে। বাংলা ট্রিবিউন, ১৭ জানুয়ারি ২০২৫

**৫৮. চাঁদার জন্য মৎস্য ব্যবসায়ী সমিতির নেতাকে মারধরের অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে**

গাইবান্ধার গোবিন্দগঞ্জে চাঁদার জন্য মৎস্য ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আব্দুল আউয়ালকে মারধরের অভিযোগ উঠেছে উপজেলা ছাত্রদলের আহ্বায়ক সৈয়দ আলামিন রনির বিরুদ্ধে।মারধরের শিকার আব্দুল আউয়াল অভিযোগ, ছাত্রদলের রনিসহ কয়েকজন এসে ২০ হাজার টাকা চাঁদা দাবি করে। চাঁদা দিতে অপারগতা প্রকাশ করলে আমাকে কিল-ঘুষি মারতে থাকেন। একপর্যায়ে রনিকে ১০ হাজার টাকা দিতে বাধ্য হই। তখন মারধর থামায়। বাজারের লোকজন বিষয়টি দেখেছে। সমকাল, ১৭ জানুয়ারি ২০২৫

**৫৯. খাদ্যগুদামে একজনকে টেনেহিঁচড়ে বের করছেন স্বেচ্ছাসেবক দল নেতা, ভিডিও ভাইরাল**

ময়মনসিংহের ফুলপুর উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে স্বেচ্ছাসেবক দলের নেতা একজনকে চেয়ার থেকে টানাটানি করছেনএমন একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে।আজ শনিবার ছড়িয়ে পড়া ভিডিওটির ক্যাপশনে দাবি করা হয়, 'চাঁদাবাজির স্বর্গরাজ্যে বিএনপির সন্ত্রাস অব্যাহত! ময়মনসিংহের ফুলপুর উপজেলা স্বেচ্ছাসেবক দলের "আহ্বায়ক" (হবে সদস্যসচিব) দেলোয়ার হোসেনের নেতৃত্বে ফুলপুর খাদ্যগুদামে চাঁদা চাওয়ায় তা দিতে অস্বীকৃতি জানালে কর্মকর্তাদের মারধর, অফিস ও ফার্নিচার ভাঙচুর করা হয়।' প্রথম আলো, ১৮ জানুয়ারি ২০২৫

**৬০. পটুয়াখালীতে চাঁদার দাবিতে হামলার অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে**



পটুয়াখালীর দুমকী উপজেলার যুবদল নেতা মিজানুর রহমান লাল মিয়ার বিরুদ্ধে চাঁদার টাকা না পেয়ে বসতঘরে হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে। বুধবার (২২ জানুয়ারি) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে উপজেলার আঙ্গারিয়া ইউনিয়নের সাতানি গ্রামে এ ঘটনা ঘটে। এ বিষয়ে স্থানীয় থানায় অভিযোগ দায়ের করতে ব্যর্থ হয়ে চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলা দায়ের করা হয়েছে। মামলার বাদী মুদি ব্যবসায়ী মো: বেল্লাল হোসেন জানান, যুবদল নেতা লাল মিয়া ও তার সহযোগীরা তার কাছে ২ লাখ টাকা চাঁদা দাবি করে আসছিলেন। টাকা না দেওয়ায় লাল মিয়া, সাবু ও সাইফুলসহ ১০-১২ জনের একটি দল দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা নিয়ে তার বাড়িতে হামলা চালায়। তারা এলোপাতাড়ি ভাঙচুর, স্বর্ণালঙ্কার ও নগদ টাকা লুট করে এবং তাকে প্রাণনাশের হুমকি দেয়। বার্তা২৪, ২৩ জানুয়ারি ২০২৫

**৬১. এক টেম্পোস্ট্যান্ডে বছরে কোটি টাকার চাঁদাবাজি, এখন বিএনপির নামে চলে**

একসময় আওয়ামী লীগের নাম দিয়ে চাঁদা আদায় করা হলেও এখন আদায় হচ্ছে বিএনপির নাম ব্যবহার করে। চট্টগ্রাম নগরের অন্যতম ব্যস্ত এলাকা শাহ আমানত সেতু মোড়। দক্ষিণ চট্টগ্রামের জেলা-উপজেলাগুলো থেকে নগরে প্রবেশ করতে হয় এই মোড় হয়েই। এই মোড় থেকে একটি সড়ক মেরিনার্স রোড ও ফিরিঙ্গীবাজার হয়ে নগরের কোতোয়ালি এলাকার দিকে চলে গেছে। এই রুটে প্রতিদিন অন্তত ২০০টি অটোটেম্পো চলাচল করে। এসব টেম্পো থেকে আদায় করা হয় মাসে লাখ টাকার চাঁদা। প্রথম আলো, ২৫ জানুয়ারি ২০২৫

**৬২. পটুয়াখালীতে বিএনপির ২ নেতার বিরুদ্ধে চাঁদা দাবির অভিযোগ**

পটুয়াখালীর দুমকিতে এক নারীর কাছে বিএনপির দুই স্থানীয় নেতা দুই লাখ টাকা চাঁদা দাবি করেছেন বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় গত শুক্রবার দুমকি থানায় লিখিত অভিযোগ দিয়েছেন জাকিয়া বেগম নামের ওই নারী। অভিযোগকারী জাকিয়া বেগম উপজেলার জলিশা এলাকার বাসিন্দা। অন্যদিকে অভিযুক্ত দুই নেতা হলেন দুমকি উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মো: জাকির হাওলাদার ও স্বেচ্ছাসেবক দলের সদস্য জি এম অলিউর রহমান। প্রথম আলো, ২৮ জানুয়ারি ২০২৫

**৬৩. রাজধানীতে চাঁদা না দেওয়ায় বিএনপি নেতার বিরুদ্ধে হামলার অভিযোগ**

রাজধানীর বংশাল থানাধীন কসাইটুলী এলাকায় নিউ পলি হোটেল অ্যান্ড রেস্টুরেন্টে চাঁদা না দেওয়ায় স্থানীয় বিএনপি নেতাকর্মী এবং কিশোর গ্যাংয়ের বিরুদ্ধে হামলার অভিযোগ উঠেছে। হামলায় দোকানটির প্রায় দেড় থেকে দুই লক্ষ টাকার ক্ষতি হয়েছে এবং একজন গুরুতর আহত হয়েছেন।অভিযোগ রয়েছে, ৩২ নম্বর ওয়ার্ড বিএনপি নেতা সুমন পারভেজ, তার ভাই বিল্লাল, সিয়াম বিজয়সহ ৮-১০ জন সশস্ত্র অবস্থায় রেস্টুরেন্টে প্রবেশ করে ভাঙচুর চালায়। দোকানের ম্যানেজার রফিক মিয়া (৬০) গুরুতর আহত হন। তার মাথায় শিলের আঘাত লাগে এবং তাৎক্ষণিকভাবে তাকে চিকিৎসার জন্য মিটফোর্ড হাসপাতালে নেওয়া হয়। বর্তমানে তিনি বাসায় আছেন। যুগান্তর, ২৯ জানুয়ারি ২০২৫

**৬৪. চাঁদা না দেয়ায় নির্মাণকাজ বন্ধের অভিযোগ, বিএনপি নেতার বিরুদ্ধে মামলা**



সিরাজগঞ্জের চৌহালী উপজেলা বিএনপির সভাপতি জাহিদ মোল্লাকে চাঁদা না দেওয়ায় দলের আরেক নেতার বাড়ির নির্মাণকাজ বন্ধ করে দেওয়ার বলে অভিযোগ উঠেছে। ভুক্তভোগী ওসমান আলী বলেন, 'যমুনা নদীর ভাঙনে পৈত্রিক বসতবাড়ি বিলীন হওয়ায় খাসকাউলিয়া ইউনিয়নের কুরকি পূর্বপাড়ায় শ্বশুরবাড়ি থেকে প্রাপ্ত ২৭ শতক জায়গায় বেশ কিছুদিন আগে বসতবাড়ি করে বসবাস করছি। সম্প্রতি সেখানেই একটি টিনের ঘরের পাকা দেওয়াল নির্মাণ শুরু করেছি। এ অবস্থায় প্রতিহিংসার কারণে ১ জানুয়ারি সকালে ২০/২৫ জন লোকজনকে সঙ্গে নিয়ে এসে প্রতিবেশী জাহিদ মোল্লা ৩ লাখ টাকা চাঁদা দাবি করেন। চাঁদা দিতে অস্বীকার করায় তিনি জোরপূর্বক ৩টি সাদা স্ট্যাম্পে স্বাক্ষর নেন এবং টাকা পরিশোধ না করা পর্যন্ত দেওয়াল নির্মাণকাজ বন্ধ রাখার নির্দেশ দেন। অমান্য করলে মারধর ও প্রাণনাশের হুমকিও দেন তিনি। কালের কণ্ঠ, ৩০ জানুয়ারি ২০২৫

**৬৫. বিএনপির নেতাদের চাঁদাবাজির কারণে কুষ্টিয়ার মোকামে চালের দাম বাড়ছে**
বিএনপির নেতাদের চাঁদাবাজির কারণে কুষ্টিয়ার খাজানগর মোকামে চালের দাম বাড়ছে বলে অভিযোগ করেছেন দলের একাংশের নেতারা। কুষ্টিয়া জেলা বিএনপির আহ্বায়ক কমিটি বাতিলের দাবিতে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশ থেকে তাঁরা এ অভিযোগ করেন। তবে জেলা বিএনপি চাঁদাবাজির অভিযোগ অস্বীকার করেছে। কুষ্টিয়া সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি বশিরুল আলম চাঁদ বলেন, এই কমিটি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশ মানে না। তারা নিজেদের মতো চলে। মামা-ভাগনের কমিটি বাতিল না হওয়ায় আন্দোলন তীব্র থেকে তীব্রতর হবে। প্রথম আলো, ৩০ জানুয়ারি ২০২৫

**৬৬. 'চাঁদা না দেওয়ায় যুবদল নেতা আমার বাস পুড়িয়ে দিয়েছে'**
পাবনায় চাঁদা দিতে না চাওয়ায় বাস পুড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে যুবদল নেতার বিরুদ্ধে। শুক্রবার (৩১ জানুয়ারি) দিনগত রাত সাড়ে ৩টার দিকে মালিগাছা ইউনিয়নের শংকরপুর এলাকায় তামিম ট্রাভেলস নামের যাত্রীবাহী ওই বাস পোড়ানোর ঘটনা ঘটেছে। জাগো নিউজ, ১ ফেব্রুয়ারী ২০২৫

**৬৭. বিএনপির ২৭ নেতাকর্মীর বিরুদ্ধে চাঁদাবাজি ও ছিনতাইয়ের অভিযোগ**
বগুড়ার ধুনট উপজেলায় মাসব্যাপী গ্রামঢু আনন্দ মেলায় মারধরের ঘটনায় দুই ইউপি চেয়ারমানসহ বিএনপির ২৭ নেতাকর্মীর বিরুদ্ধে চাঁদাবাজি ও ছিনতাইয়ের পাল্টাপাল্টি অভিযোগ করা হয়েছে। পৃথক দুটি অভিযোগে আসামিরা হলেন উপজেলার গোসাইবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাসুদুল হক বাচ্চু, ভান্ডারবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বেলাল হোসেন বাবু, ভান্ডারবাড়ী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম, যুগ্ম সম্পাদক মোহাম্মাদ আলী, মন্নাফ সরকার, ইউনিয়ন যুবদলের যুগ্ম আহ্বায়ক রফিকুল ইসলাম, জহুরুল ইসলাম। কালের কণ্ঠ, ২ ফেব্রুয়ারী ২০২৫

**৬৮. শাহজাহানপুরে বিএনপি নেতার বিরুদ্ধে দোকানে চাঁদাবাজির অভিযোগ**
রাজধানী শাহজাহানপুর থানা বিএনপির এক নেতার বিরুদ্ধে দোকান মালিকদের কাছ থেকে চাঁদা আদায়ের অভিযোগ উঠেছে। চাঁদা না দিলে পিটিয়ে হাড় ভেঙে গুঁড়িয়ে দেওয়ার হুমকিও দিচ্ছেন আশরাফ নামে ওই নেতা। প্রবাসী সাংবাদিক জুলকারনাইন সায়ের তার ফেসবুক পেজে এসব তথ্য তুলে ধরেছেন।বিএনপির জাতীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য এবং ঢাকা মহানগর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক মির্জা খোকনের অত্যন্ত ঘনিষ্ঠ আশরাফ বর্তমানে শাহজাহানপুর থানা বিএনপির সাধারণ সম্পাদক পদ প্রার্থী বলে ফেসবুক পোস্টে উল্লেখ করেন জুলকারনাইন সায়ের। ঢাকা টাইমস, ৩ ফেব্রুয়ারী ২০২৫

**৬৯. ছাত্রদল নেতার কণ্ঠসদৃশ অডিও ফাঁস 'আমাক চিনো না, মাদারগঞ্জের আন্ডারগ্রাউন্ডটা আমিই নিয়ন্ত্রণ করি'**

জামালপুরের মাদারগঞ্জ উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক নাজমুল ইসলাম খানের কণ্ঠসদৃশ কথোপকথনের একটি অডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ৫ মিনিট ১৫ সেকেন্ডের অডিওতে ইউনিয়ন যুবলীগের রাজনীতিতে জড়িত উপজেলা শহরের এক ব্যবসায়ীর কাছ থেকে তাঁকে দুই লাখ টাকা চাঁদা দাবি করতে শোনা যায়। প্রথম আলো, ৫ ফেব্রুয়ারী ২০২৫

**৭০. ছাত্রদলের নেতা-কর্মীর বিরুদ্ধে ফুচকার দোকানে চাঁদা দাবির অভিযোগ**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভ্রাম্যমাণ ফুচকা-চটপটির দোকানে চাঁদা দাবির অভিযোগ উঠেছে শাখা ছাত্রদলের কয়েকজন নেতা-কর্মীর বিরুদ্ধে। আজ রোববার বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা চলাকালে বটতলা এলাকায় কয়েকটি ভ্রাম্যমাণ দোকানে বিভিন্ন হারে চাঁদা দাবি করেন তাঁরা। ছাত্রদলের কয়েকজন নেতা-কর্মী ও ভুক্তভোগী দোকানদারদের সঙ্গে কথা বলে জানা যায়, রোববার ছাত্রদলের কয়েকজন নেতা-কর্মী এসব দোকানদারের কাছে যান। তাঁরা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা চলাকালে ভ্রাম্যমাণ দোকান বসা বন্ধ আছে বলে জানান। তবে তাদের প্রতিদিন এক হাজার বা দেড় হাজার টাকা করে দিলে নির্বিঘ্নে তাঁরা ব্যবসা করতে পারবেন এবং কোনো ধরনের সমস্যা হলে তাঁরা দেখবেন বলে আশ্বাস দেন। তবে দোকানদারেরা তৎক্ষণাৎ টাকা দিতে অস্বীকৃতি জানান। অভিযুক্ত ব্যক্তিরা পরে যেকোনো সময় টাকা নিতে আসবেন বলে জানান। প্রথম আলো, ৯ ফেব্রুয়ারী ২০২৫

**৭১. প্রবাসীর মেয়েকে জিম্মি করে চাঁদা দাবি, ছাত্রদল নেতা গ্রেপ্তার**



বগুড়ার ধুনট উপজেলায় এক প্রবাসীর মেয়েকে জিম্মি রেখে ৫০ হাজার টাকা চাঁদা দাবি করে না পেয়ে বাড়ির আসবাব ভাঙচুর করার অভিযোগ উঠেছে ছাত্রদল নেতার বিরুদ্ধে। এ ঘটনায় করা মামলায় আল-আমিন (২৭) নামের ওই ছাত্রদল নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।তিনি ধুনট উপজেলার নিমগাছি ইউনিয়ন ছাত্রদলের সভাপতি প্রার্থী। কালের কণ্ঠ, ১০ ফেব্রুয়ারী ২০২৫

**৭২. চাঁদাবাজির অভিযোগে আটক দুই ছেলেসহ বিএনপি নেতাকে ছাড়াতে থানার সামনে বিক্ষোভ, সড়ক অবরোধ**

নাটোরের লালপুর উপজেলায় চাঁদাবাজির অভিযোগে ওয়ার্ড বিএনপির নেতাসহ তাঁর দুই ছেলেকে আটকের প্রতিবাদে থানার সামনে দফায় দফায় বিক্ষোভ ও

মহাসড়ক অবরোধ করেছেন কর্মী-সমর্থকেরা। আটক ব্যক্তিরা হলেন লালপুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপির যুগ্ম আহ্বায়ক খোকন খাঁ, তাঁর দুই ছেলে ছাত্রদল কর্মী অনিক খাঁ ও ফিরোজ খাঁ। স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, আজ সকাল আটটার দিকে বিএনপির কর্মী-সমর্থকেরা তাদের মুক্তির দাবিতে লালপুর থানার সামনে বিক্ষোভ করেন। কিছুক্ষণ পর পুলিশের আশ্বাসে অবরোধ তুলে নেন অবরোধকারীরা। প্রথম আলো, ১৫ ফেব্রুয়ারী ২০২৫

**৭৩. মামলার ভয় দেখিয়ে বিএনপি নেতার চাঁদাবাজি**



মৌলভীবাজারের বড়লেখায় মামলায় ফাঁসানোর ভয় দেখিয়ে এক বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ উঠেছে। ভুক্তভোগীদের অভিযোগ, ইতিমধ্যে ছয়জনের কাছ থেকে পৌনে ২ লাখ টাকা হাতিয়ে নেওয়া হয়েছে। অভিযুক্ত নেতার নাম ফয়সল আহমদ সাগর। তিনি উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য। আজকের পত্রিকা, ১৯ ফেব্রুয়ারী ২০২৫

**৭৪. কলেজছাত্রকে জিম্মি করে ছাত্রদল কর্মীর বিরুদ্ধে চাঁদা আদায়ের অভিযোগ**



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে বইমেলায় ঘুরতে আসা রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের এক শিক্ষার্থী এবং তার বান্ধবীকে জিম্মি করে চাঁদা আদায়ের অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল কর্মী ও তার সহযোগীদের বিরুদ্ধে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় পুলিশ ফাঁড়ির মাধ্যমে রংপুর মেট্রোপলিটন পুলিশের তাজহাট থানায় লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগী শিক্ষার্থী। সেইসঙ্গে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে চাঁদা আদায় সংক্রান্ত স্ক্রিনশট থানায় জমা দিয়েছেন তিনি। বাংলা ট্রিবিউন, ১৯ ফেব্রুয়ারী ২০২৫

**৭৫. শ্রীপুরে অস্ত্রসহ দলবল নিয়ে যুবদল নেতার চাঁদাবাজির ঘটনায় ৪জন গ্রেপ্তার**

গাজীপুরের শ্রীপুর উপজেলার এমসি বাজারে যুবদল নেতার নেতৃত্বে সশস্ত্র অবস্থায় বাজার দখলে নিয়ে চাঁদা তোলার ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল শনিবার দেশি অস্ত্রসহ দলবল নিয়ে শ্রীপুরের এমসি বাজারে এসে চাঁদা তোলেন উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য জাহাঙ্গীর আলম। প্রকাশ্যে চাঁদাবাজির ঘটনায় ওই বাজারের ব্যবসায়ী হযরত আলী বাদী হয়ে একটি মামলা করেন। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন উপজেলার মুলাইদ মধ্যপাড়া গ্রামের দুলাল উদ্দিনের ছেলে হাসেম (৩৯), আইনুদ্দিনের ছেলে আসাদুল ইসলাম (২৪), ছমির উদ্দিনের ছেলে সুমন মিয়া (২৮) এবং টেপিরবাড়ি গ্রামের

দেওচালা এলাকার মো: মাইজ উদ্দিনের ছেলে হৃদয় হাসান (২৬)। তবে মূল আসামি যুবদল নেতা জাহাঙ্গীর আলম ঘটনার পর থেকে পলাতক।চাঁদা তোলার সময় জাহাঙ্গীরের সঙ্গে অন্তত ৪০ জন ছিলেন। তাদের বেশির ভাগের হাতে ছিল রামদা, লোহার রড, ছুরি ও অন্যান্য দেশি অস্ত্র। তাঁরা হঠাৎ এসে বাজার নিয়ন্ত্রণের ঘোষণা দিয়ে চাঁদা তোলা শুরু করেন। ব্যবসায়ীদের কাছ থেকে ৩০০ থেকে ১০০০ টাকা করে চাঁদা নেওয়া হয়। প্রথম আলো, ২৩ ফেব্রুয়ারী ২০২৫

**৭৬. চাঁদাবাজির অভিযোগে যুবদল নেতা গ্রেফতার**

রাজধানীর মিরপুরে চাঁদাবাজির অভিযোগে আসিফ সিকদার নামে এক যুবদল নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। ছাত্রদলের সাবেক সদস্য সচিব ও একই ওয়ার্ড যুবদলের সভাপতি পদপ্রার্থী। যুগান্তর, ২৪ ফেব্রুয়ারী ২০২৫

**৭৭. চাঁদাবাজি নিয়ে ফেসবুকে লেখা সাংবাদিককে মারধর বিএনপি নেতা বহিষ্কার**

চাঁদাবাজি ও জমি দখল নিয়ে ফেসবুকে লেখালেখি করায় ঠাকুরগাঁওয়ে এক সাংবাদিককে মারধর করার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপির এক নেতার বিরুদ্ধে। মারধরের শিকার সাংবাদিকের নাম মামুন অর রশিদ। তাঁকে মারধর করার অভিযোগ ওঠা বিএনপি নেতার নাম জোবায়দুল হক চৌধুরী। তিনি ঠাকুরগাঁও সদর উপজেলার আখানগর ইউনিয়ন বিএনপির সহসভাপতি। প্রথম আলো, ২৬ ফেব্রুয়ারী ২০২৫

**৭৮. নরসিংদীতে যুবদল নেতার বিরুদ্ধে রেলের কর্মকর্তা-কর্মচারীদের লাঞ্ছিত করার অভিযোগ**

চাঁদা দাবি করে না পেয়ে শহর যুবদলের এক নেতা নরসিংদী রেলস্টেশনের কর্মকর্তা ও কর্মচারীদের লাঞ্ছিত করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। অভিযুক্ত ওই নেতার নাম মাহমুদুল হাসান চৌধুরী (সুমন)। তিনি নরসিংদী শহর যুবদলের আহ্বায়ক। ওই লিখিত অভিযোগে বলা হয়েছে, মাহমুদুল হাসান চৌধুরী সুমন ও তাঁর সহযোগী ব্যক্তিরা স্টেশনের কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে নিয়মিত খারাপ ব্যবহার করেন। রেলস্টেশনের ভিআইপি কক্ষে মাদক ও জুয়ার আসর বসান এবং যাত্রীদের সঙ্গে অসদাচরণ করেন। প্রথম আলো, ২৭ ফেব্রুয়ারী ২০২৫

**৭৯. সিলেটে চাঁদা না দেওয়ায় হকারকে তুলে নেওয়ার অভিযোগ, যুবদল নেতাকে বহিষ্কার**

সিলেটে যুবদল নেতাকে চাঁদা না দেওয়ায় হকারকে তুলে নেওয়ার অভিযোগে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন ব্যবসায়ীরা। গতকাল শুক্রবার রাত সাড়ে আটটার দিকে সিলেট নগরের জিন্দাবাজার এলাকায় এ ঘটনা ঘটে। প্রথম আলো, ১ মার্চ ২০২৫

**৮০. উজিরপুরে সেতুর কাজে চাঁদা না পেয়ে হামলার অভিযোগ কৃষক দল ও ছাত্রদল নেতার বিরুদ্ধে**

বরিশালের উজিরপুর উপজেলায় একটি সেতু নির্মাণকাজের ঠিকাদার ও উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক অভিযোগ করেছেন, তাঁর কাছে স্থানীয় কৃষক দল ও ছাত্রদলের দুই নেতা চাঁদা দাবি করেছেন। চাঁদা না দেওয়ায় নির্মাণকাজের শ্রমিকদের ওপর এই দুজনের নেতৃত্বে হামলা চালানো হয়েছে। অভিযুক্ত দুজন হলেন উজিরপুর উপজেলা কৃষক দলের সদস্যসচিব স্বপন মল্লিক ও উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মনির হোসেন সরদার। মামলার বাদী হলেন উজিরপুর উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক রফিকুজ্জামান ওরফে লিটন। প্রথম আলো, ২ মার্চ ২০২৫

**৮১. 'আওয়ামী লীগরে দিতাম ৫০ টাকা, এখন ১০০ দিতে চাইছি, তাতেও তারা রাজি না'**



"আগে ৫০ টাকা দিতাম, আমরা বরজোর ১০০ টাকা দিতে পারব, এর অতিরিক্ত আমরা দিতে পারবো না"- হকার আমির আলীর কণ্ঠে ক্ষোভ, কারণ ফুটপাতে ৫০ ইঞ্চি জায়গার জন্য বছরে গুনতে হবে দেড় লাখ টাকা। আমির আলী আরও বলেন, "এখানে আছি ৩৫ বছর যাবত। এই বাইতুল মোকাররমে বহু আইছে, বহু গেছে। এরকম অত্যাচার আর কখনো হয় নাই। তাই আমরা কই, আমরা কই, স্বাধীন কইরা লাইছি, স্বাধীন কইরা লাইছি, আমরা কি স্বাধীন করলাম?" জনকণ্ঠ, ৩ মার্চ ২০২৫

**৮২. চাঁদা দাবির অভিযোগে স্বেচ্ছাসেবক দল নেতা আটক**

বরগুনার তালতলীতে তরমুজ বিক্রিতে চাঁদা দাবি করায় উপজেলা স্বেচ্ছাসেবক দলের এক নেতাকে আটক করেছে পুলিশ। আটক স্বেচ্ছাসেবক দলের ওই নেতার নাম মো: জহিরুল ইসলাম (৩১)। তিনি তালতলী উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়কের দায়িত্ব পালন করছেন।মামলার বাদী মো: রাকিব জানান, তার বাড়ি পটুয়াখালীর কলাপাড়া উপজেলায়। তিনি তালতলীতে তরমুজ আবাদ করেছেন। কয়েক দিন আগে তিনি এক পাইকারের কাছে তার ক্ষেতে উৎপাদিত তরমুজ বিক্রি করেন। পাইকার আজ (৪ মার্চ) দুপুরে ক্ষেত থেকে তরমুজ নিতে এলে জহিরুল তার লোকজন নিয়ে ২০ হাজার টাকা চাঁদা দাবি করে। বিষয়টি তিনি তালতলী থানা পুলিশকে জানান। এ সময় তালতলী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থলে এসে জহিরুলকে আটক করে। কালবেলা, ৫ মার্চ ২০২৫

## ৮৩. মুঠোফোনে লাউডস্পিকার দিয়ে চাঁদা চাচ্ছিলেন যুবদল নেতা, 'ভিডিও করায়' মারধর

কুমিল্লার নাঙ্গলকোটে মুঠোফোনে লাউডস্পিকার দিয়ে চাঁদা চাইছিলেন যুবদলের এক নেতা। এ দৃশ্য ঘটনাস্থলে থাকা কেউ একজন মুঠোফোনে ভিডিও ধারণ করেন। পরে একজন সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে পোস্ট করলে মুহূর্তেই মধ্যে সেটি ছড়িয়ে পড়ে। চাঁদা দাবির ঘটনায় আবদুর রহিম নামের ওই যুবদল নেতাকে এরই মধ্যে দল থেকে বহিষ্কার করা হয়েছে। এদিকে আবদুর রহিমের সন্দেহ, ছড়িয়ে পড়া ভিডিওটি ধারণ করেছেন জসিম উদ্দিন নামের এক ব্যবসায়ী। পরে আবদুর রহিমের নেতৃত্বে রড ও লাঠিসোঁটা দিয়ে জসিমকে বেধড়ক মারধরের ঘটনা ঘটে। পরে আহত জসিমকে নাঙ্গলকোট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। প্রথম আলো, ৬ মার্চ ২০২৫

## ৮৪. কিশোরগঞ্জে যুবদল নেতাকে পেটালেন জিয়া পরিষদ ও প্রজন্ম দলের নেতা-কর্মীরা

চাঁদাবাজির অভিযোগ এনে কিশোরগঞ্জের মিঠামইন উপজেলা যুবদলের সভাপতি নৌশাদ শিকদারকে নিজ দলের নেতা-কর্মীরা পিটিয়েছেন। শহীদ জিয়া পরিষদের সাংগঠনিক সম্পাদক টুটুল মিয়া ও জিয়া প্রজন্ম দলের যুগ্ম আহ্বায়ক মো: সজীবের নেতৃত্বে ১০ থেকে ১২ জন নৌশাদকে পিটিয়েছেন বলে অভিযোগ উঠেছে। স্থানীয় সূত্রে জানা যায়, গতকাল দুপুরে মিঠামইন বাজারে শিকদার গেস্টহাউসের নিচতলায় নৌশাদ শিকদারকে দেখেই লাঠি দিয়ে বেধড়ক পেটাতে থাকেন টুটুল ও সজীবের নেতৃত্বে থাকা ১০ থেকে ১২ জন। পরে লোকজন আহত নৌশাদকে উদ্ধার করে মিঠামইন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। প্রথম আলো, ৭ মার্চ ২০২৫

## ৮৫. নোয়াখালীতে চাঁদাবাজি ও দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে বিএনপির তিন নেতাকে অব্যাহতি

নোয়াখালীর কবিরহাট, সদর ও হাতিয়া উপজেলায় বিএনপির তিন নেতাকে দলের প্রাথমিক সদস্যপদসহ সব দলীয় পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। চাঁদাবাজি, দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে তাদের বিরুদ্ধে ওই ব্যবস্থা নেওয়া হয়েছে। আজ শুক্রবার জেলা বিএনপির সদস্যসচিব মো: হারুনুর রশিদ স্বাক্ষরিত পৃথক বিজ্ঞপ্তির মাধ্যমে তাদের বিরুদ্ধে ওই শাস্তির কথা জানানো হয়। অব্যাহতিপ্রাপ্ত তিন বিএনপির নেতা হলেন কবিরহাট উপজেলার বাটইয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবদুল কাদের ওরফে জসিম, সদর উপজেলা বিএনপির সহসভাপতি নুরুল আমিন ও হাতিয়া উপজেলার তমরুদ্দি ইউনিয়ন বিএনপির সভাপতি তানভির হায়দার ওরফে তান্না। প্রথম আলো, ৭ মার্চ ২০২৫

**৮৬. জামালপুরে চাঁদাবাজির অভিযোগে বিএনপির আটক দুই নেতাকে দল থেকে অব্যাহতি**

জামালপুর সদর উপজেলার মেষ্টা ইউনিয়ন বিএনপির দুই নেতাকে দলের প্রাথমিক সদস্যপদসহ সব দলীয় পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। আজ শনিবার বিকেলে সদর উপজেলা বিএনপির সভাপতি মো: সফিউর রহমান ও সাধারণ সম্পাদক মো: রুহুল আমিনের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। অব্যাহতি পাওয়া নেতারা হলেন মেষ্টা ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক মো: ফরমান ও সহসাংগঠনিক সম্পাদক হুমায়ুন কবীর ওরফে পলাশ। তাদের দুজনের বাড়ি সদর উপজেলার মেষ্টা ইউনিয়নের ফকিরপাড়া গ্রামে। তাঁরা দুজনের সদর থানা হাজতে রয়েছেন। প্রথম আলো, ৮ মার্চ ২০২৫

**৮৭. বরিশালে বীর মুক্তিযোদ্ধার ব্যবসা প্রতিষ্ঠান দখলের চেষ্টার অভিযোগ দুই যুবদল নেতার বিরুদ্ধে**

বরিশালের উজিরপুরে চাঁদা না পেয়ে বিএনপির ব্যানার টাঙিয়ে এক সাংবাদিকের দোকান দখলের চেষ্টার অভিযোগ উঠেছে দুই যুবদল নেতার বিরুদ্ধে। উপজেলার শিকারপুর ইউনিয়ন বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের কার্যালয়ের দুই দফা ব্যানার টানিয়ে দোকানটি দখলে নেওয়ার চেষ্টা হয়েছে বলে দোকান মালিক মো: মাহফুজুর রহমান মাসুম অভিযোগ করেছেন। মাসুম ওই এলাকার বীর মুক্তিযোদ্ধা মাহাবুবুর রহমানের সন্তান এবং উজিরপুর উপজেলা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক। বিডিনিউজ২৪, ৯ মার্চ ২০২৫

**৮৮. সোনালী ব্যাংকের কর্মকর্তাকে ডেকে নিয়ে 'চাঁদাবাজি, মারধর', শ্রমিক দল নেতা গ্রেপ্তার**

সোনালী ব্যাংকের কর্মকর্তাকে ডেকে নিয়ে চাঁদাবাজি, মারধর এবং জোর করে স্ট্যাম্পে স্বাক্ষর করিয়ে অর্থ আদায়ের চেষ্টার অভিযোগে জাতীয়তাবাদী শ্রমিক দলের নেতাসহ দুজনকে গ্রেপ্তার করে পুলিশের কাছে হস্তান্তর করেছে যৌথ বাহিনী। তাঁরা হলেন শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক ও সিবিএর সভাপতি মোহাম্মদ জাকির হোসেন (৫৯) এবং তাঁর সহযোগী সিবিএর জ্যেষ্ঠ সহসভাপতি সিরাজ উদ্দিন (৫৫)। প্রথম আলো, ১১ মার্চ ২০২৫

**৮৯. কিশোরগঞ্জে বিএনপির দলীয় পরিচয়ে হকারদের কাছে চাঁদা দাবির অভিযোগ, গ্রেপ্তারের দাবিতে মানববন্ধন**

কিশোরগঞ্জে বিএনপির দলীয় নেতাকর্মী পরিচয়ে হকারদের কাছ থেকে চাঁদা নেয়ার অভিযোগ উঠেছে। অভিযুক্তরা হলেন, জেলা শ্রমিক দলের সিনিয়র যুগ্ন-সাধারণ সম্পাদক ও পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক নাদিম মাহমুদ

হারুন, পৌর সেচ্ছাসেবক দলের সদস্যসচিব জাকারিয়া মাহমুদ ঝুমন, ছাত্রলীগ কর্মী সুমন মাহমুদ, মাদক কারবারি ওমর ফারুক। ইনকিলাব, ১২ মার্চ ২০২৫

**৯০. যুবদল নেতা বললেন 'বাঁচতে চাইলে দ্রুত এক লাখ টাকা বিকাশ করো'**

নোয়াখালীর কবিরহাট উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক আনোয়ার হোসেন নয়নের বিরুদ্ধে প্রকাশ্যে চাঁদাবাজির অভিযোগ উঠেছে। তিনি আইন মন্ত্রণালয়ের এক কর্মচারীকে মোবাইল ফোনে বলেন, 'বাঁচতে চাইলে দ্রুত এক লাখ টাকা বিকাশ করো।'অভিযুক্ত আনোয়ার হোসেন নয়ন কবিরহাট পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের ফতেহজঙ্গপুর গ্রামের মৃত আবদুল মান্নানের ছেলে। তিনি জেলা যুবদলের ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক এবং কবিরহাট উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক। জাগো নিউজ, ১৫ মার্চ ২০২৫

**৯১. চাঁদা না পেয়ে শ্রমিকদের পেটালেন যুবদল নেতা**

লক্ষ্মীপুরে বেড়িবাঁধ সংস্কারকাজের ঠিকাদারের কাছ থেকে চাঁদা না পেয়ে ছয় শ্রমিককে পেটানোর অভিযোগ উঠেছে যুবদল নেতা আনোয়ার সম্রাটের বিরুদ্ধে। সম্রাট সদর চররমনী মোহন ইউনিয়ন যুবদলের সহসভাপতি ও স্থানীয় মনপুরা এলাকার বাসিন্দা। আহতরা হলেন কাসেম সর্দার, ইসলাম সর্দার, জাহের সর্দারসহ তিনজন ভেকু চালক। কাশেম সর্দার বলেন, 'শনিবার সকালে কাজ শুরু করার পর লোকজন এসে কাজে বাধা দেয়। কাজ বন্ধ না করায় সম্রাট এসে লাঠি দিয়ে এলোপাতাড়ি আমাদের পিটিয়ে আহত করে।' কালের কণ্ঠ, ১৫ মার্চ ২০২৫

**৯২. নেত্রকোনায় চাঁদা না পেয়ে ব্যবসায়ীকে কোপানোর অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে**

নেত্রকোনার মোহনগঞ্জে চাঁদা না পেয়ে এক ব্যবসায়ীকে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে যুবদল নেতার বিরুদ্ধে। আহত ওই ব্যবসায়ীর নাম জসিম উদ্দিন (৩৫)। তিনি ঢাকায় রিক্রুটিং এজেন্সি মেসার্স আফিফ ইন্টারন্যাশনালের স্বত্বাধিকারী। অভিযুক্ত যুবদল নেতার নাম ফয়সাল আহমেদ ওরফে খোকন। তিনি পৌর যুবদলের সদস্যসচিব। আহত ব্যবসায়ী বর্তমানে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছেন। তথ্যসূত্র:প্রথম আলো, ১৫ মার্চ ২০২৫

**৯৩. চাঁদাবাজির অভিযোগে যুবদল-ছাত্রদলের ৪ নেতাকে গণপিটুনির পর পুলিশে সোপর্দ**

রাজধানীর শান্তিনগর এলাকায় চাঁদাবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে যুবদল-ছাত্রদলের ৪ নেতাকে গণপিটুনি দিয়ে পুলিশের হাতে তুলে দিয়েছে জনতা।



আটকৃতরা হলেন আল মাহমুদ রাজ, মাহিদুর জামান ওরফে মোহন হোসেন, নুর আলম ও মো: মাসুদ। স্থানীয়দের উদ্ধৃত করে পুলিশ জানায়, গ্রেপ্তারকৃতরা ঢাকা দক্ষিণ যুবদলের নেতা নয়নের সহযোগী। রাজ ওই এলাকার মাদক ব্যবসায়ী। তার ১০-১২ জনের ক্যাডার বাহিনী রয়েছে। তাদের কাছে রয়েছে অবৈধ অস্ত্র। এ ছাড়া গ্রেপ্তারকৃত মাহিদুর রহমান ওরফে মোহন হোসেন ঢাকা কলেজ ছাত্রদলের সদস্য ও নয়নের শ্যালক বলে পরিচয় দেন। কালের কণ্ঠ, ১৭ মার্চ ২০২৫

**৯৪. আক্তারের 'মাস্টারিতে' ঘরছাড়া বিএনপির নেতাকর্মীরাও**

ভাড়ায় সিএনজিচালিত অটোরিকশা চালিয়ে চলছিল গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার বাসিন্দা হানিফের সংসার। দুই ছেলেমেয়ে নিয়ে সংসারে টানাপোড়েন থাকলেও সুখে-শান্তিতেই দিন কাটছিল তার। তবে বিপত্তি ঘটে স্ত্রী নুরজাহানের সঙ্গে ময়লা পানি ফেলা নিয়ে প্রতিবেশীর। প্রতিবেশী শ্রীপুর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আক্তার মাস্টারের বোন ফারজানা। ৫ আগস্ট ফারজানা লোকজন নিয়ে কয়েক দফায় মারধর করেন হানিফ ও তার স্ত্রীকে। তাতেও ক্ষোভ মেটেনি। অটোরিকশা চালক হানিফকে আওয়ামী লীগ নেতা সাজিয়ে ঠুকে দেন হত্যা মামলা। এজাহারে তার বিরুদ্ধে বিজিবির কাছ থেকে অস্ত্র ছিনতাই করে একজনকে গুলি করে হত্যার অভিযোগ আনা হয়। তবে এই হানিফ কিংবা নুরজাহান একাই নন, শ্রীপুরের গ্রামে গ্রামে এমন অনেক ভুক্তভোগী রয়েছেন। বাদ যাননি বিএনপির নেতাকর্মীরাও। কালবেলা, ১৯ মার্চ ২০২৫

**৯৫. চাঁদা না পেয়ে মারপিট ও থানায় বিএনপি নেতাকর্মীর হামলা, গ্রেপ্তার ৫**

জয়পুরহাটের ক্ষেতলালে থানায় হামলা এবং চাঁদা না পেয়ে চার যুবককে মারপিটের অভিযোগে স্থানীয় বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে পৃথকভাবে দুটি মামলা হয়েছে। ইতিমধ্যে ৫ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তাররা হলেন- বিএনপি কর্মী দেলোয়ার হোসেন (৪৭), বিপ্লব হোসেন (৪০), ফারুক হোসেন (৩২), উজ্জল হোসেন (৩৪) ও সজিব হোসেন (২৮)।মামলার পর থেকে অভিযুক্ত বিএনপি নেতা মেহেদি আশিক পার্থ দলবলসহ পলাতক আছেন। কালের কণ্ঠ, ১৯ মার্চ ২০২৫

**৯৬. চাঁদা না দেওয়ায় মাদ্রাসার পুকুরে খননকাজ বন্ধ, হেফাজতের বিক্ষোভ**

চাঁদা না দেওয়ায় চট্টগ্রামের রাউজানের বাগোয়ান ইউনিয়নের লাম্বুরহাট হোসাইনিয়া জামিউল উলুম মাদ্রাসার পুকুর খননের কাজ বন্ধ করে দেওয়ার

অভিযোগ পাওয়া গেছে। ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিরা বিএনপির কর্মী বলে দাবি করেছেন স্থানীয় লোকজন। এর আগে গতকাল মঙ্গলবার রাতে ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় খননকাজে নিয়োজিত এক্সকাভেটরের (খননযন্ত্র) চালককে মারধর করে গাড়ির চাবি ছিনিয়ে নেয় অস্ত্রধারী কয়েকজন ব্যক্তি। এ সময় উত্তেজিত লোকজন মুহাম্মদ এনাম (৩৫) নামের একজনকে আটক করে পুলিশে সোপর্দ করেন। এ ঘটনায় রাতে মামলা দায়ের হলে পুলিশ মুহাম্মদ রাকিব (২৭) নামের আরও একজনকে গ্রেপ্তার করে। প্রথম আলো, ১৯ মার্চ ২০২৫

### ৯৭. ভবন করতে হলে কৃষকদল নেতাকে লিখে দিতে হবে একটি ফ্লোর



কক্সবাজার শহরের বাসিন্দা ওমর ফারুক হুদা। সম্প্রতি পৈতৃক সম্পত্তিতে একটি ভবন নির্মাণ করতে চান তিনি। তবে এতে বাধা দেন জেলা কৃষকদলের আহ্বায়ক গিয়াস উদ্দিন আফসেল। ওমর ফারুকের দাবি, বহুতল ভবন নির্মাণ করতে হলে একটি ফ্লোর লিখে দিতে হবে, এমন শর্ত দিয়েছেন আফসেল। আর না দিলে শিক্ষার্থীদের দিয়ে পুরো জায়গা দখল করার হুমকি দিয়েছেন তিনি। তবে অভিযোগ অস্বীকার করে ওই কৃষকদল নেতা। যুগান্তর, ২২ মার্চ ২০২৫


### ৯৮. বগুড়ায় উপজেলা বিএনপির নেতাসহ ১৩ জনের বিরুদ্ধে চাঁদাবাজির মামলা



বগুড়ার ধুনট উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রফিকুল ইসলামসহ (শাহীন) ১৩ জনের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগে মামলা হয়েছে। সমন্বিত গ্রাম উন্নয়ন সংস্থা নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠনের চেয়ারম্যান ও মেসার্স খোকন ট্রেডার্সের স্বত্বাধিকারী শরিফুল ইসলাম বাদী হয়ে আজ শনিবার ধুনট থানায় মামলাটি করেন। প্রথম আলো, ২২ মার্চ ২০২৫

### ৯৯. পটুয়াখালীতে স্বেচ্ছাসেবক ও যুবদলের ২ নেতা বহিষ্কার





পটুয়াখালীর মহিপুরে দলীয় শৃঙ্খলা পরিপন্থি কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে স্বেচ্ছাসেবক দলের ৭ নং লতাচাপলি ইউনিয়ন শাখার আহ্বায়ক মো: আল-আমিন হোসেন বিপ্লব ও ১১নং ডালবুগঞ্জ ইউনিয়নের ৪নং ওয়ার্ড যুবদলের সাধারণ সম্পাদক আমান উল্লাহকে বহিষ্কার করা হয়েছে। জানা গেছে, বহিষ্কৃত ওয়ার্ড যুবদলের সাধারণ সম্পাদক আমান উল্লাহ গত ৫ আগস্ট সরকার পতনের পরে এলাকায় বিভিন্ন

অপকর্মে জড়িয়ে পড়েন। সম্প্রতি তার ফেসবুক আইডি থেকে ১ মিনিট ৫১ সেকেন্ডের একটি ভিডিও ভাইরাল হয়। ওই ভিডিওতে ইউনিয়নের দায়িত্বশীল কয়েকজন সিনিয়র নেতার নাম ধারে এবং ইউপি চেয়ারম্যান হেদায়েত উল্লাহ জিহাদিকে মারধরের কথা বলতে শোনা যায়। চ্যানেল ২৪, ২৪ মার্চ ২০২৫

### ১০০. জবি ছাত্রদলের দুই নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ



জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রদলের দুই নেতার বিরুদ্ধে একই বিশ্ববিদ্যালয়ের দুই জুনিয়র শিক্ষার্থীর কাছে চাঁদা দাবি ও দোকান দখলের অভিযোগ উঠেছে। অভিযুক্তরা হলেন- জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক রাশেদ বিন হাসিম ও ওমর ফারুক। দৈনিক ৫০০ টাকা চাঁদা দিতে অস্বীকার করায় দোকানের মালামাল নিয়ে যান তারা। অভিযুক্ত ওমর ফারক অ্যাকাউন্ট অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের ১২ ব্যাচের ও রাশেদ বিন হাসিব ৮ম ব্যাচের শিক্ষার্থী। দুইজনই ছাত্রদলের কেন্দ্রীয় নির্বাহী সংসদের সহসভাপতি কাজী জিয়া উদ্দিন বাসেতের অনুসারী বলে জানা যায়। ভুক্তভোগী শিক্ষার্থীরা হলেন- নৃবিজ্ঞান বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আনিকা, নিশু, তানভীর, জোবায়ের ও শিহাব প্রান্ত। যুগান্তর, ২৫ মার্চ ২০২৫

### ১০১. কুমিল্লায় চাঁদাবাজির অভিযোগে আটক শ্রমিক দল নেতাকে ছাড়াতে থানায় হামলা, গ্রেপ্তার ৬

কুমিল্লার মুরাদনগরে সিএনজিচালিত অটোরিকশা স্ট্যান্ডে চাঁদাবাজির অভিযোগে আবুল কালাম নামের শ্রমিক দলের এক নেতাকে আটক করে পুলিশ। পরে তাঁকে ছাড়িয়ে নিতে যুবদল নেতার নেতৃত্বে থানায় হামলা করার অভিযোগ উঠেছে। এ সময় থানায় থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা-কর্মীদের ওপরেও হামলা করা হয় বলে অভিযোগ। এতে অন্তত ১৫ জন আহত হন। অভিযুক্ত যুবদল নেতার নাম মাসুদ রানা। তিনি উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক। প্রথম আলো, ২৫ মার্চ ২০২৫

### ১০২. পুড়ে যাওয়া মার্কেটের মালিকের কাছে চাঁদা চেয়েছিলেন যুবদল নেতা, অডিও ভাইরাল

খুলনা নগরীর পিকচার প্যালেস মোড়ে পুড়ে যাওয়া অস্থায়ী মার্কেটের মালিক রাসেল মিয়ার সঙ্গে যুবদল নেতা নাজমুল হুদা সাগরের চাঁদা চাওয়ার একটি অডিও রেকর্ড সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। গত ১৯ মার্চ আগুনে

পিকচার প্যালেস সুপার মার্কেট পুড়ে যায়। সাগর খুলনা মহানগর যুবদলের সদ্য সাবেক কমিটির সাধারণ সম্পাদক। যুবদলের ওই কমিটির সভাপতি মাহাবুব হাসান পিয়ারু গত ২৩ মার্চ রাতে মুক্তিপণের দাবিতে এক ব্যবসায়ীকে অপহরণ মামলায় গ্রেপ্তার হয়ে কারাগারে আছেন। সমকাল, ২৬ মার্চ ২০২৫

**১০৩. জামালপুরে মসজিদের চাঁদাকে কেন্দ্র করে বিএনপির হামলা, আহত ৭**

জামালপুরে মসজিদের চাঁদা আদায়কে কেন্দ্র করে বিএনপি নেতার বিরুদ্ধে মসজিদ পরিচালনা কমিটির সভাপতির ওপর হামলার অভিযোগ উঠেছে।এই ঘটনায় উভয় পক্ষের সাতজন আহত হয়েছেন। মসজিদে জুমার নামাজের সময় মসজিদের ভেতরে জোরপূর্বক মসজিদের মাসিক চাঁদা বৃদ্ধির জন্য ওই এলাকার বাসিন্দা ভ্যানচালক চাঁন মিয়াকে চাপ দেন মেস্টা ইউনিয়ন বিএনপির সহসভাপতি ও মসজিদ কমিটির উপদেষ্টা আমজাদ মিয়া। বিএনপির নেতা মাসিক চাঁদা ১০০ টাকা থেকে বৃদ্ধি করে ১৫০ টাকা করার জন্য বললে চাঁন মিয়া অপারগতা প্রকাশ করেন। এ সময় হাসিল গৌরীপুর জামে মসজিদ পরিচালনা কমিটির সভাপতি রফিকুল ইসলাম রফিক চাঁদার বিষয়ে চাঁন মিয়ার পক্ষ নিলে বিএনপি নেতা আমজাদ মিয়ার সঙ্গে তর্কবিতর্ক হয়। একপর্যায়ের চাঁদার বিষয়টি নিয়ে দুই পক্ষের মধ্যে উত্তেজনা দেখা দেয় এবং ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। ওই ঘটনার জেরে সন্ধ্যার দিকে মসজিদ কমিটির সভাপতি ও তার দুই ভাই ইফতারসামগ্রী কিনে বাড়ি ফেরার পথে মসজিদের কিছুটা অদূরে তাদের ওপর হামলার ঘটনা ঘটে। খবরের কাগজ, ২৯ মার্চ ২০২৫

**১০৪. নরসিংদীতে চাঁদা না পেয়ে শ্রমিক দল নেতার বিরুদ্ধে ব্যবসায়ীকে মারধরের অভিযোগ**

নরসিংদীতে চাঁদা না পেয়ে এক ব্যবসায়ীকে মারধরের অভিযোগ উঠেছে স্থানীয় এক শ্রমিক দল নেতার বিরুদ্ধে। ভুক্তভোগী ফার্নিচার ব্যবসায়ী আমির হোসেন ওরফে সাদ্দাম (৩০)। যাঁর বিরুদ্ধে মারধরের অভিযোগ উঠেছে, তিনি হলেন মেহেদী সরকার (৩৭)। তিনি একই এলাকার বাসিন্দা ও হাজীপুর ইউনিয়ন শ্রমিক দলের সাধারণ সম্পাদক। প্রথম আলো, ১২ এপ্রিল ২০২৫

**১০৫. আ.লীগ চাঁদা নিতো ২০০, ছাত্রদল নেতা চাইলেন ৫০০**

চট্টগ্রামের ফটিকছড়িতে এক বালু ব্যবসায়ীর কাছ থেকে চাঁদা দাবির অভিযোগ উঠেছে পৌরসভা ছাত্রদলের আহ্বায়ক একরাম চৌধুরীর বিরুদ্ধে। প্রতি গাড়ি ৫০০ টাকা চাঁদা দাবির একটি অডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে ছাত্রদল নেতা একরামকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে চট্টগ্রাম উত্তর জেলা ছাত্রদল। কালবেলা, ১৬ এপ্রিল ২০২৫

## ১০৬. দানের টাকা ভাগ চাইলেন বিএনপি নেতা, রাজি না হওয়ায় মিথ্যা চাঁদাবাজি মামলা

নাটোরের গুরুদাসপুর উপজেলার ধারাবারিষা ইউনিয়নের শিধুলী হাটের দানের টাকার ভাগ চেয়ে বিএনপি নেতা আব্দুল আজিজের দেয়া প্রস্তাব প্রত্যাখ্যান করায় মাদরাসা পরিচালনা কমিটির আটজন সদস্যের বিরুদ্ধে মিথ্যা চাঁদাবাজির মামলা দায়েরের করা হয়েছে। ওই মামলায় গত মঙ্গলবার (১৫ এপ্রিল) ৮ জন গ্রেপ্তার হয়ে বর্তমানে কারাগারে রয়েছেন। এই ঘটনার প্রতিবাদ ও কারাবন্দি ব্যক্তিদের নিঃশর্ত মুক্তির দাবিতে শুক্রবার (১৮ এপ্রিল) সকাল ১০টায় 'শিধুলী, চলনালী, পোয়ালশুড়া হযরত ওসমান (র.) হাফেজিয়া ও কওমি মাদরাসা' প্রাঙ্গণে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। চ্যানেল ২৪, ১৮ এপ্রিল ২০২৫

## ১০৭. বিএনপি নেতার কাছে ছাত্রদল নেতার চাঁদা দাবি, বালুমহালে হামলা

চট্টগ্রামের কর্ণফুলীতে স্থানীয় এক বিএনপি নেতা ও বালুমহালের মালিকের কাছ থেকে ১০ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে চট্টগ্রাম দক্ষিণ জেলা ছাত্রদলের আহ্বায়ক রবিউল হোসেনের বিরুদ্ধে। চাঁদা না পাওয়ায় আজ বুধবার দুপুরে রবিউলের লোকজন বালুমহালে হামলা চালিয়ে আটজনকে আহত করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে।বালুমহালের মালিক মোবিনুর রশীদ চৌধুরী বড়উঠান ইউনিয়ন বিএনপির সহসভাপতি, তাঁর ভাই আমিনুর রশীদ চৌধুরী ৪ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি এবং মোহাম্মদ নাছির ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক বলে জানা গেছে। প্রথম আলো, ২৩ এপ্রিল ২০২৫

## ১০৮. চাঁদাবাজির ঘটনায় শ্রীপুর ছাত্রদলের আহ্বায়ক বহিষ্কার



চাঁদাবাজির ঘটনায় অভিযুক্ত শ্রীপুর উপজেলা জাতীয়তাবাদী ছাত্রদল আহ্বায়ক মুন্সী ইয়াসিন আলী সোহেলকে সাংগঠনিক পদ থেকে বহিষ্কার করা হয়েছে।রোববার বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় কমিটির দপ্তর সম্পাদক জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত বহিষ্কারাদেশ জেলা নেতাদের কাছে পাঠানো হয়েছে। যুগান্তর, ২৭ এপ্রিল ২০২৫

## ১০৯. ২০ লাখ টাকা চাঁদা চেয়ে মারধর, ছাত্রদল নেতার বিরুদ্ধে লাইভে এসে চাচার অভিযোগ

চট্টগ্রামের রাউজানে উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক মুরাদুল আলমের (৩৫) বিরুদ্ধে ফেসবুক লাইভে এসে চাঁদাবাজি ও মারধরের অভিযোগ করেছেন তাঁর চাচা নুরুল আমিন। গতকাল রোববার এই ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। এরপর চাঁদাবাজি ও মারধরের ঘটনায়

মুরাদুলকে অভিযুক্ত করে তাঁর আরেক চাচা মুহাম্মদ এসকান্দর থানায় লিখিত অভিযোগ দেন গতকাল রাতে। প্রথম আলো, ২৮ এপ্রিল ২০২৫

**১১০. টেন্ডারের আগেই মাছবাজার দখলে নিয়ে চাঁদা আদায় দুই বিএনপি নেতার**

চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) একটি মাছ বাজারের টেন্ডার প্রক্রিয়া শুরু করেছে মাত্র। পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আজ (২৯ এপ্রিল) থেকে ফরম বিক্রি শুরু হওয়ার কথা। কিন্তু এর আগেই চট্টগ্রামের বৃহৎ এই মাছ বাজারটি (চাক্তাই নতুন ফিশারি ঘাট) দখলে নিয়েছেন বিএনপির দুই নেতা। মাছ বাজারের দুই পাশে ঝুলিয়ে দিয়েছেন তাদের ছবি সংবলিত সাইনবোর্ড। বিএনপির আলোচিত এই দুই নেতা হচ্ছেন- চট্টগ্রাম সিটি করপোরেশনের ১৯ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ও মহানগর বিএনপির সাবেক যুগ্ম সধারণ সম্পাদক ইয়াছিন চৌধুরী আছু ও মহানগর বিএনপির সাবেক উপদেষ্টা ও ১৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি মোহাম্মদ নবাব খান। যুগান্তর, ২৯ এপ্রিল ২০২৫

**১১১. কুয়াকাটায় পর্যটককে মারধর ও টাকা ছিনতাই, যুবদল নেতাসহ গ্রেপ্তার ৩**

পর্যটন নগরী কুয়াকাটায় ব্লু বার্ড নামে এক আবাসিক হোটেলে পর্যটককে আটকে রেখে মারধরের অভিযোগ উঠেছে। এ ঘটনায় ভুক্তভোগী পর্যটক বাদী হয়ে মঙ্গলবার (৬ এপ্রিল) দুপুরে মহিপুর থানায় একটি মামলা করছেন। এ ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।পর্যটক তুহিন ঢাকা মিরপুর এলাকার শেওড়াপাড়া বাসিন্দা আব্দুস সোবহানের ছেলে। গ্রেপ্তাররা হলেন- কুয়াকাটা পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড যুবদলের সভাপতি ও আবাসিক হোটেলের মালিক মোঃ বেল্লাল হোসেন (৪৫), তার সহযোগী রিয়াজ (২৪) শাকিল (২৪)। অপর সহযোগী ইউসুফ হাওলাদার (২৭) পলাতক রয়েছে। দেশ রূপান্তর, ৬ মে ২০২৫

**১১২. রাজশাহী বিএনপির শীর্ষ নেতাদের বিরুদ্ধে দখল, চাঁদাবাজিসহ নানা অভিযোগ একাংশের নেতাদের**

রাজশাহী মহানগর বিএনপির চিহ্নিত নেতারা বেআইনিভাবে প্রতিষ্ঠান জবরদখল, ভূমি-ভবন দখল, অযাচিত প্রশাসনিক হস্তক্ষেপ, চাঁদাবাজিসহ নানা অপকর্মে জড়িয়ে পড়েছেন বলে অভিযোগ করেছেন একাংশের নেতারা। আজ রোববার সকালে নগরের একটি কমিউনিটি সেন্টারে 'বাংলাদেশ জাতীয়তাবাদী দল, অঙ্গ ও সহযোগী সংগঠন রাজশাহীর' ব্যানারে আয়োজিত সংবাদ সম্মেলন থেকে এই অভিযোগ করা হয়।সংবাদ সম্মেলনে বলা হয়, 'আমরা জানতে পেরেছি যে বিপুল পরিমাণ টাকা লেনদেনের বিনিময়ে নগর বিএনপির আহ্বায়ক এরশাদ আলী (ইশা), জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক নজরুল হুদা ও সদস্যসচিব মামুনুর রশিদ রাজশাহীতে জুলাই বিপ্লবে হামলা, খুন এবং বিএনপি অফিস ও নেতাকর্মীদের

ওপর হামলায় জড়িত এজাহারভুক্ত বিভিন্ন আসামিকে আটক না করতে পুলিশ-প্রশাসনসহ বিভিন্ন মহলে তদবির করছেন। আবার মামলার ভয় দেখিয়ে তাদের নেতৃত্বে অনেক অরাজনৈতিক নিরপরাধ ব্যক্তি ও ব্যবসায়ীদের কাছ থেকেও টাকা আদায় করা হচ্ছে।'প্রথম আলো, ১১ মে ২০২৫

### ১১৩. চাঁদা দাবির অভিযোগে ছাত্রদল-যুবদল নেতাসহ আটক ১০

গাজীপুরে ছাত্রদল ও যুবদলের ১০ নেতাকর্মীকে আটক করা হয়েছে। নগরের পোড়াবাড়ীর মাস্টারবাড়ি এলাকা থেকে স্থানীয় একটি সমবায় সমিতির ব্যবস্থাপকের কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি ও হত্যার হুমকির অভিযোগে রোববার (১১ মে) দুপুরে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়েছে। আটককৃতরা হলেন- গাজীপুর মহনগর ছাত্রদলের দপ্তর সম্পাদক ও সদর উপজেলার ভাওয়াল গাজীপুর গ্রামের বোরহান উদ্দিন, মহানগর যুবদলের আহ্বায়ক সদস্য ও দক্ষিণ সালনা এলাকার বাসিন্দা ইসমাইল হোসেন, মহানগর যুবদলের সদস্য বাওরাইদ এলাকার মকবুল হোসেন, ভোলা সদরের ইলিসা গ্রামের মোঃ জাহাঙ্গীর, দক্ষিণ সালনা এলাকার কবির হোসেন, বরিশালের বাকেরগঞ্জ উপজেলার দেওলি গ্রামের শফিকুল ইসলাম, ঢাকার রূপনগর এলাকার মহিউদ্দিন, রংপুরের কোতয়ালি থানার শাহিন ভূঁইয়া, ভোলার বাগার হাওলা গ্রামের পলাশ হাওলাদার ও নীলফামারির সৈয়দপুর থানার খিয়ারপাড়া গ্রামের রেজাউল করিম। ইত্তেফাক, ১২ মে ২০২৫

### ১১৪. 'চাঁদা চাইতে গিয়ে' গণপিটুনির শিকার যুবদল-কৃষক দলের ৩ নেতা

সিরাজগঞ্জের রায়গঞ্জে পুকুর খননকারীর কাছে চাঁদা চাইতে গেলে যুবদল ও কৃষক দলের তিন নেতাকে আটকে রেখে বিক্ষুব্ধ জনতা গণপিটুনি দিয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ সংক্রান্ত কয়েকটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। আহতরা হলেন- সলঙ্গা থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক আব্দুল মোমিন, সদস্য রোকনুজ্জামান ও সলঙ্গা থানা কৃষক দলের সদস্যসচিব সোবহান আলী। সমকাল, ১৭ মে ২০২৫

### ১১৫. দায়িত্ব পেয়েই 'অনিয়ম-দুর্নীতিতে' যুবদলের আহ্বায়ক মাসুদ রানা



মানিকগঞ্জ সদর উপজেলার গড়পাড়া ইউনিয়ন পরিষদের (ইউপি) ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক দেওয়ান মাসুদ রানার বিরুদ্ধে দায়িত্ব গ্রহণের পর থেকেই অনিয়ম, দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগ উঠেছে। এ বিষয়ে ইউপির নয়জন সদস্য জেলা প্রশাসক ও সদর ইউএনওর কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। অভিযোগপত্রে তাঁরা মাসুদ

রানার অব্যাহতি চেয়ে নতুন প্যানেল চেয়ারম্যান অথবা প্রশাসক নিয়োগের দাবি করেছেন। আজকের পত্রিকা, ১৮ মে ২০২৫

**১১৬. মিরসরাইয়ে কারখানায় চাঁদা ও মারধরের অভিযোগে যুবদল নেতা গ্রেপ্তার**

চট্টগ্রামের মিরসরাইয়ে জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চলের একটি কারখানায় চাঁদা দাবি ও কর্মকর্তাদের মারধরের অভিযোগে এক যুবদল নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। তাঁর নাম শওকত আকবর ওরফে সোহাগ। গতকাল সোমবার রাতে মিরসরাইয়ে জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল থেকে তাঁকে গ্রেপ্তার করে পুলিশ। এ ঘটনায় আজ মঙ্গলবার সকালে জোরারগঞ্জ থানায় মামলা করেছে কারখানা কর্তৃপক্ষ। শওকত আকবর মিরসরাই উপজেলার কাটাছড়া ইউনিয়নের বাড়িয়াখালী গ্রামের মৃত মফিজুর রহমানের ছেলে। তিনি চট্টগ্রাম উত্তর জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক। প্রথম আলো, ২০ মে ২০২৫

**১১৭. চাঁদাবাজির অভিযোগ বাগেরহাটের বিএনপি নেতাকে কারণ দর্শানো নোটিশ**

চাঁদাবাজিসহ অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগে বাগেরহাট জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য কাজী খায়রুজ্জামানকে (শিপন) কারণ দর্শানো নোটিশ দিয়েছে দলটির কেন্দ্রীয় কমিটি। বুধবার বিএনপির কেন্দ্রীয় জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। কাজী খায়রুজ্জামান বাগেরহাট-৪ (মোরেলগঞ্জ-শরণখোলা) আসন থেকে বিএনপির মনোনয়নপ্রত্যাশী হিসেবে দীর্ঘদিন ধরে প্রচার চালিয়ে আসছেন। প্রথম আলো, ২১ মে ২০২৫

**১১৮. চাঁদা না দেওয়ায় চালককে 'মারধরের পর থুতু চাটালেন' ছাত্রদল নেতা**



মানিকগঞ্জে চাঁদা দিতে অস্বীকৃতি জানিয়ে মারধরের শিকার হয়েছেন সিএনজি চালক মো: অন্তর মিয়া (৩৩)। এ সময় তাকে প্রকাশ্যে অন্যের থুতু চাটানোর অভিযোগ উঠেছে ছাত্রদলের সাবেক নেতা মো: নবীনের (৩৫) বিরুদ্ধে। এ ঘটনায় আহত সিএনজিচালক হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। সোমবার (১৯ মে) দুপুরে মানিকগঞ্জ বাসস্ট্যান্ড এলাকায় সাবেক ছাত্রদল নেতা নবীনের ব্যক্তিগত অফিসে এই ঘটনা ঘটে। আহত অন্তর মিয়া মানিকগঞ্জ সদর উপজেলার গড়পাড়া ইউনিয়নের বাঙ্গালা গ্রামের মৃত বাবু মিয়ার ছেলে। তিনি মানিকগঞ্জ বাসস্ট্যান্ড থেকে মানিকগঞ্জ-সিংগাইর-হেমায়েতপুর আঞ্চলিক সড়কে সিএনজি চালান। ঢাকা পোস্ট, ২১ মে ২০২৫

### ১১৯. চাঁদা না দেয়ায় চিকিৎসকের ওপর হামলা, ছাত্রদলের ৫ নেতা মামলা



ফরিদপুরে মধুখালীতে চাঁদা না দেয়ায় চিকিৎসকের ওপর সন্ত্রাসী হামলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় ছাত্রদলের পাঁচ নেতাকে আসামি করে মামলা দায়ের করা হয়েছে। জানা গেছে, মধুখালী উপজেলায় বিভিন্ন ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে দীর্ঘদিন ধরে একটি চক্র নিয়মিতভাবে চাঁদা আদায় করে আসছে। তারা চিকিৎসকদের নিম্নমানের ওষুধ লেখাতেও চাপ দেয়। চাঁদা না দেয়ায় সম্প্রতি ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী রেজিস্ট্রার ডা. ইমতিয়াজ হোসেন অর্ক হামলার শিকার হন। চ্যানেল ২৪, ২১ মে ২০২৫

### ১২০. চাঁদা দাবিকে কেন্দ্র করে ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষ, আহত ৫

নাটোরের বড়াইগ্রামে মাদরাসা সুপারের কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি ও অভিভাবক সমাবেশে দাওয়াত না দেয়াকে কেন্দ্র করে ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষে পাঁচজন আহত। বৃহস্পতিবার (২২ মে) দুপুরে উপজেলার তিরাইল ইসলামিয়া দাখিল মাদরাসা মাঠে এ সংঘর্ষের ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, সম্প্রতি মাদরাসার চাকরীচ্যুত সুপার মাওলানা আবুল হোসাইন সাঈদী আদালতের রায় পেয়ে পুনরায় যোগদান করেন। কিন্তু মাঝগাঁও ইউনিয়ন ছাত্রদলের সভাপতি শিহাবউদ্দিন শিমুল বলেন মাদরাসায় আসতে হলে ১০ লাখ টাকা চাঁদা দিতে হবে। এদিকে, বৃহস্পতিবার মাদরাসায় অভিভাবক সমাবেশ চলাকালে শিমুল ও তার অনুসারীরা গিয়ে সুপারের মাদরাসায় আসার প্রতিবাদ করেন এবং তাকে দাওয়াত না দেয়ায় অভিভাবক সমাবেশ বন্ধ করে দেন। এ সময় ইউনিয়ন ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক সাইফুল ইসলাম ও তার অনুসারীরা তাদের বাধা দিলে উভয় পক্ষে সংঘর্ষ বাধে। দেশ রূপান্তর, ২২ মে ২০২৫

### ১২১. পশুর হাটে চাঁদাবাজির মামলায় বিএনপি ও বৈষম্যবিরোধী নেতা গ্রেপ্তার, পরে জামিন

কুড়িগ্রামের যাত্রাপুর পশুর হাট থেকে ইজারার রসিদ ছাড়া অবৈধভাবে চাঁদা তোলার অভিযোগে করা মামলায় মো: মাহাবুব রহমান (৫৮) ও মো: আলমগীর (২৭) নামের দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার মাহাবুব রহমান কুড়িগ্রাম সদর উপজেলা বিএনপির আহ্বায়ক ও বেলগাছা ইউনিয়ন পরিষদের (ইউপি) সাবেক চেয়ারম্যান এবং মো: আলমগীর কুড়িগ্রাম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সংগঠক। প্রথম আলো, ২৮ মে ২০২৫

### ১২২. চাঁদা না দেওয়ায় ব্যবসায়ীর হাতের রগ কেটে দেওয়ার অভিযোগ বিএনপি কর্মীর বিরুদ্ধে

নোয়াখালীর হাতিয়া উপজেলায় চাঁদা না পেয়ে মো: নবীর উদ্দিন নামে এক ব্যবসায়ীর হাতের কবজি কেটে দেওয়ার অভিযোগ উঠেছে এক বিএনপি কর্মীর বিরুদ্ধে। ভুক্তভোগী নবী উদ্দিন হাতিয়া উপজেলার হরণী ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের পূর্ব রসূলপুর গ্রামের নবীর মিস্ত্রি বাড়ির মৃত মো: হোসেনের ছেলে। তিনি বর্তমানে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (পঙ্গু হাসপাতালে) চিকিৎসাধীন রয়েছেন। অভিযুক্ত ফারুক খলিফা (৪৫) একই ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের পশ্চিম রসূলপুর গ্রামের মো: জাবের খলিফার ছেলে। তিনি বিএনপির কর্মী বলে জানা গেছে। ইত্তেফাক, ২৯ মে ২০২৫

### ১২৩. চাঁদা না দেওয়ায় বিএনপি নেতার হাত-পা ভেঙে দিলেন ছাত্রদল নেতা

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে ১০ লাখ টাকা চাঁদা না দেওয়ায় আবদুল মতিন মুন্সী নামের এক বিএনপি নেতার হাত-পা ভাঙার অভিযোগ উঠেছে সাবেক ছাত্রদল নেতা মো: ফারুক আহমেদের বিরুদ্ধে। এ ঘটনায় গতকাল শম্ভুপুরা ইউনিয়ন ছাত্রদলের সাবেক সহসভাপতি ফারুকসহ ১০ জনের নাম উল্লেখ করে ভুক্তভোগীর মেয়ে মহিতুন নেছা (৩৬) সোনারগাঁ থানায় লিখিত অভিযোগ করেছেন। আহত মতিন মুন্সী সোনারগাঁ উপজেলা বিএনপির সহ-ধর্মবিষয়ক সম্পাদক ও শম্ভুপুরা ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক। ইত্তেফাক, ৩০ মে ২০২৫

### ১২৪. কেন্দুয়ায় বাসস্ট্যান্ডে চাঁদাবাজি, বিএনপির দুই নেতা গ্রেপ্তার

নেত্রকোনার কেন্দুয়ায় বাসস্ট্যান্ডে চাঁদাবাজির অভিযোগে দুই বিএনপি নেতাকে হাতেনাতে আটক করেছে সেনাবাহিনী। তবে অভিযান টের পেয়ে তাদের সহযোগীরা পালিয়ে যান। গতকাল বুধবার রাত পৌনে ১২টার দিকে কেন্দুয়া পৌর শহরের নতুন বাসস্ট্যান্ড এলাকায় এ অভিযান চালায় সেনাবাহিনী। আটক দুই নেতাকে পরে থানায় করা চাঁদাবাজি মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতে পাঠিয়েছে পুলিশ। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন কেন্দুয়া উপজেলা বিএনপির সাবেক সহসম্পাদক মো: আব্দুল আউয়াল খান (৬৫) ও পৌর শ্রমিক দলের ধর্মবিষয়ক সম্পাদক আনিছুর রহমান কাদিল (৩৫)। আজকের পত্রিকা, ১২ জুন ২০২৫

### ১২৫. চাঁদাবাজির প্রতিবাদে তা'মীরুল মিল্লাতের শিক্ষার্থীকে মারধর, বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে অভিযোগ

ভোলার বোরহানউদ্দিন উপজেলার টবগী ইউনিয়নের নতুন হাকিমউদ্দিন বাজারে চাঁদাবাজি প্রতিরোধের চেষ্টা করায় এক মাদ্রাসা শিক্ষার্থী হামলার শিকার হয়েছেন। অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি, ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীরা

পরিকল্পিতভাবে এ হামলা চালিয়েছেন। আহত শিক্ষার্থী মুজাহিদুল ইসলাম (২২) গাজীপুরের টঙ্গীর তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসার ফাজিল দ্বিতীয় বর্ষের ছাত্র। শনিবার (১৪ জুন) সন্ধ্যায় বাজারে চাঁদাবাজির বিরুদ্ধে অবস্থান নেন তিনি। ব্যবসায়ীদের চাঁদা দিতে নিষেধ করলে তার ওপর হামলার আশঙ্কা বুঝতে পেরে হামলাকারীদের ভিডিও ধারণ করতে গেলে তাকে মারাত্মকভাবে মারধর করা হয় ও মোবাইল ফোন ছিনিয়ে নেওয়া হয়। ডেইলি ক্যাম্পাস, ১৪ জুন ২০২৫

**১২৬. চাঁদাবাজির সময় টাকাসহ হাতেনাতে আটক স্বেচ্ছাসেবক দল নেতা**




জামালপুরে চাঁদাবাজির অভিযোগে হাবিবুর রহমান (৩৫) নামে স্বেচ্ছাসেবক দলের এক নেতাকে হাতেনাতে আটক করেছে যৌথবাহিনী। এসময় তার কাছে ৫০ হাজার টাকা পাওয়া যায়। গ্রেফতার হাবিবুর রহমান জামালপুর পৌর এলাকার শাহপুর মহল্লার স্থায়ী বাসিন্দা। তিনি জামালপুর শহর স্বেচ্ছাসেবক দলের সদস্য। এর আগেও কিছু অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে আলোচনায় এসেছিলেন তিনি। বাংলা ট্রিবিউন, ২১ জুন ২০২৫

**১২৭. প্রবাসীর দিকে বন্দুক তাক, সামনে দাঁড়ালেন স্ত্রী**



নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলার সাদিপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি শাহজাহান ভূঁইয়ার বিরুদ্ধে চাঁদা দাবির অভিযোগ উঠেছে। স্থানীয় সূত্রে জানা যায়, আমগাঁওয়ের প্রবাসী তাঁর বাড়ির পাশের পুকুর এক সপ্তাহ আগে মাছ চাষ করার জন্য প্রস্তুত করেন। বিএনপি নেতা শাহজাহান ভূঁইয়া ও তাঁর লোকজন প্রবাসীর কাছে ৫ লাখ টাকা চাঁদা দাবি করেন। দাবি করা চাঁদা দিতে অস্বীকার করায় আজ দুপুরে শাহজাহানের নেতৃত্বে আলিফ ভূঁইয়া ও ফারজানা করিমসহ ১০-১২ জন তাঁকে মারধর করেন। একপর্যায়ে শাহজাহান বন্দুক তাক করে গুলি করে হত্যার হুমকি দেন। এ সময় তাঁর স্ত্রী ফাহমিদা পারভীন এগিয়ে এলে তাঁকে পিটিয়ে আহত করা হয়। সমকাল, ২২ জুন ২০২৫

**১২৮. চাঁদা না পেয়ে ৮ দিন ইউনিয়ন পরিষদ তালাবদ্ধ রেখেছেন বিএনপি নেতা!**



ইউনিয়ন বিএনপির সভাপতিসহ ৮ জনের বিরুদ্ধে অভিযোগ এনে চেয়ারম্যান সোহরাব হোসেন বাবুল মৃধা জানান, ২০ জুন তারা আমার কাছে দশ লাখ টাকা দাবি করেন। প্রকাশ্যেই ঘোষণা করেছে চাঁদা না দিলে রাস্তাঘাটে আমাকে পেলে মেরে

ফেলবে, বাড়িঘর পুড়িয়ে দিবে। তারা দলবল নিয়ে ২২ জুন অস্ত্রশস্ত্র নিয়ে মহড়া দেন এবং ২৩ জুন ইউনিয়ন পরিষদে তালা ঝুলিয়ে দেন। এই কাজে স্থানীয়রা আপত্তি জানালে তাদেরকেও দেখে নেওয়ার হুমকি দেওয়া হয়েছে। ঘটনায় অভিযুক্তরা হলেন, দপদপিয়া ইউনিয়ন বিএনপির সভাপতি নাজমুল আহসান নান্টু মল্লিক ও তার ভাই ইকবাল মল্লিক। তাদের সহযোগী, রিপন মল্লিক, উজ্জ্বল মল্লিক এবং জসিম হাওলাদার। ঢাকা মেইল, ৩০ জুন ২০২৫

**১২৯. বরগুনায় চাঁদাবাজির অভিযোগকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, আহত ১৪**

বরগুনার তালতলী উপজেলায় চাঁদাবাজির অভিযোগকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। আজ মঙ্গলবার বেলা ১১টার দিকে তালতলী উপজেলা শহরের সদর সড়কে এ ঘটনায় উভয় পক্ষের অন্তত ১৪ জন আহত হয়েছেন। তাদের মধ্যে গুরুতর আহত চারজনকে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। প্রথম আলো, ১ জুলাই ২০২৫

**১৩০. বরিশালে চাঁদা না পেয়ে বিএনপি নেতাকে হাতুড়িপেটা কর্মীর**

বরিশালের গৌরনদীতে চাঁদার টাকা না পেয়ে বিএনপির এক কর্মীর বিরুদ্ধে দলের এক নেতাকে হাতুড়িপেটা করার অভিযোগ পাওয়া গেছে। গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে স্থানীয়রা হাসপাতালে ভর্তি করেছেন বলে ভুক্তভোগীর স্বজনরা জানিয়েছেন। ভুক্তভোগী নেতার নাম আবদুল কাদের সরদার। তিনি হাপানিয়ার গ্রামের বাসিন্দা ও বিএনপির সাবেক সাধারণ সম্পাদক। আমার দেশ, ১ জুলাই ২০২৫

**১৩১.পাটগ্রাম থানায় 'বিএনপির নেতাকর্মীদের' হামলা-ভাঙচুর, আসামি ছিনতাই**

পাথরমহালের রয়্যালটির নামে চাঁদা আদায়ের অভিযোগে ইজারাদারের দুই কর্মচারীকে ভ্রাম্যমাণ আদালতে সাজা দেওয়ার ঘটনাকে কেন্দ্র করে লালমনিরহাটের পাটগ্রাম থানায় হামলা হয়েছে। গতকাল বুধবার রাত সাড়ে ১০টার দিকে ২০০ থেকে ২৫০ জনের একটি দল থানায় ঢুকে ভাঙচুর করে সাজাপ্রাপ্ত ওই দুজনকে ছিনিয়ে নিয়ে যায়। অভিযোগ উঠেছে, বিএনপি ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা এই হামলা চালিয়েছেন। প্রথম আলো, ৩ জুলাই ২০২৫

**১৩২. যুবদল নেতার চাঁদাবাজির জন্য ব্যবহৃত ওয়াকিটকিসহ বড় ভাই আ.লীগ নেতা গ্রেফতার**



রাজধানীর মোহাম্মদপুরে বহিষ্কৃত যুবদল নেতা চাঁদাবাজির জন্য ব্যবহৃত ওয়াকিটকিসহ তার আপন বড় ভাই আওয়ামী লীগ নেতাকে গ্রেফতার করে যৌথ বাহিনী। শুক্রবার ভোরে মোহাম্মদপুরের লালমাটিয়ার একটি বাসায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।স্থানীয় সূত্রে জানা যায়, বিএনপি থেকে বহিষ্কৃত জাহিদ হোসেন মোড়ল ঢাকা মহানগর উত্তর যুবদলের যুগ্ম আহ্বায়ক ছিলেন। মোহাম্মদপুরের বিভিন্ন এলাকায় তিনি তার বাহিনী দিয়ে সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত ছিলেন। এছাড়াও, তার আপন বড় ভাই দেলেয়ার হোসেন ঢাকা মহানগর ৩২ নম্বর ওয়ার্ড লালমাটিয়া বয়েজ ইউনিট আওয়ামী লীগের সহ-সভাপতি ছিলেন। সরকার পতনের পর আওয়ামী লীগের বিভিন্ন নেতাদের সঙ্গে যোগাযোগ করে মোটা অঙ্কের চাঁদা দাবি করতেন। কেউ চাঁদা না দিলে এসব নেতাকর্মীকে ছোট ভাই জাহিদ মোড়ল ও তার বাহিনীর লোকজন দিয়ে হত্যা মামলাসহ বিভিন্ন মামলা করিয়েছে। যুগান্তর, ৪ জুলাই ২০২৫

**১৩৩. রেস্ট হাউজে 'নারীসহ' ওসি, আটক করে 'চাঁদা দাবি' ছাত্রদল নেতার**

যশোর শহরের পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) রেস্ট হাউজে 'নারীসহ ওসিকে আটকে চাঁদা দাবির' ঘটনায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ঘটনার সিসিটিভি ফুটেজ সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি আরও আলোচিত হয়ে ওঠে। অভিযোগের তীর ছাত্রদলের এক নেতার দিকে, যিনি ৫-৬ জন সহযোগী নিয়ে সেখানে হানা দেন। ইত্তেফাক, ৬ জুলাই ২০২৫

**১৩৪. গাজীপুরে চাঁদাবাজির অভিযোগে বিএনপির চার নেতা বহিষ্কার**

শিল্পকারখানায় চাঁদাবাজিসহ দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও দলের নীতি, আদর্শ ও সংহতি পরিপন্থী কর্মকাণ্ডের অভিযোগে গাজীপুর মহানগর বিএনপির চার নেতাকে বহিষ্কার করা হয়েছে। ওই চার নেতা হলেন গাজীপুর মহানগর বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক রাকিব উদ্দিন সরকার (পাপ্পু), গাজীপুর মহানগর স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব আবদুল হালিম মোল্লা, গাজীপুর মহানগর বিএনপির সাবেক সদস্য জিয়াউল হাসান (স্বপন) ও টঙ্গী পূর্ব থানা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব সিরাজুল ইসলাম (সাথী)। প্রথম আলো, ৬ জুলাই ২০২৫

**১৩৫. দল বেঁধে রাতে বাসায় ঢুকে বলে, 'তুই আওয়ামী লীগ করিস, বাঁচতে হলে ২০ লাখ টাকা দে'**

রাজধানীর মিরপুরের পশ্চিম মনিপুরে ছাত্রদল ও যুবদলের ১০-১৫ জনের একটি

দল গতকাল রোববার রাতে একটি বাসায় যায়। ৫৬ বছর বয়সী সিরাজুল ইসলাম নামের ওই ব্যক্তি একসময় শ্রমিক লীগ করতেন। রাত ১০টায় তাঁর বাসায় ঢুকে ছাত্রদল ও যুবদলের নেতারা বলেন, 'তুই আওয়ামী লীগ করিস, আওয়ামী ফ্যাসিস্টের লোক, তোরে পুলিশ ধরাইয়া দেব, বাঁচতে হলে ২০ লাখ টাকা দে।' এরপর চলতে থাকে তাদের ভয়ভীতি ও হুমকি প্রদান, অন্যদিকে সিরাজুলের পরিবারের পক্ষ থেকে কাকুতি-মনতি। রাত তিনটার সময় ওই বাসা থেকে পাঁচ লাখ টাকা নিয়ে বের হন ছাত্রদল ও যুবদলের নেতা-কর্মীরা। ছাত্রদলের মিরপুর থানার যুগ্ম আহ্বায়ক তাবিত আহমেদ আনোয়ার, জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক মো: আতিকুর রহমান, ৭ নম্বর ওয়ার্ড যুবদল নেতা মো: রতন মিয়া, ছাত্রদল কর্মী মো: ইসমাইল হোসেন ও অন্যরা। প্রথম আলো, ৭ জুলাই ২০২৫

**১৩৬. বান্দরবানে জোরপূর্বক টোল আদায়, যুবদল নেতার বিরুদ্ধে মানববন্ধন**

বান্দরবান সদর উপজেলার বাঘমারা বাজারে বাজার ফান্ডের ইজারাদার কর্তৃক টোল ট্যাক্স আদায়ের নামে রাস্তা দিয়ে চলাচলকারী বিভিন্ন মালামাল বহনকারী যানবাহন থেকে জোরপূর্বক চাঁদা আদায়ের অভিযোগ উঠেছে বান্দরবান জেলা যুবদলের সাধারণ সম্পাদক আরিফ চৌধুরীর বিরুদ্ধে। এখন, ৭ জুলাই ২০২৫

**১৩৭. কুড়িগ্রামে বিএনপি ও আ' লীগ নেতাদের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ**

কুড়িগ্রামের রৌমারী উপজেলায় বিএনপি ও আওয়ামী লীগের কয়েকজন নেতার বিরুদ্ধে অবসরপ্রাপ্ত এক সেনাসদস্যের কাছ থেকে ৫০ হাজার টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে। এ ঘটনায় গতকাল বুধবার ভুক্তভোগী মোতালেব হোসেন থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন।লিখিত অভিযোগে মোতালেব হোসেন দাবি করেন, গত মঙ্গলবার রাত সাড়ে ৯টার দিকে বন্দবেড় ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক মনিবুর রহমান, উপজেলা তাঁতী দলের সাধারণ সম্পাদক আবদুল বাছেদ ও বন্দবেড় ইউনিয়নের স্থানীয় আওয়ামী লীগ নেতা আলতাফ হোসেনের নেতৃত্বে একদল লোক তাঁর দোকানে গিয়ে ৫০ হাজার টাকা চাঁদা দাবি করেন। তিনি চাঁদা দিতে অস্বীকার করলে তাঁকে গালাগাল করার পাশাপাশি মারধর করা হয়। প্রথম আলো, ১০ জুলাই ২০২৫

**১৩৮. চাঁদা দাবির অভিযোগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদল নেতার বিরুদ্ধে**



কখনো টাকা উদ্ধার, কখনো বা অবৈধভাবে গাছ ছাড়িয়ে নিয়ে দেওয়ার আশ্বাস দিয়ে টাকা দাবি। সম্প্রতি এসব কারণে একাধিক জায়গায় চাঁদা দাবির অভিযোগ উঠেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শাখা ছাত্রদলের সাবেক অর্থ সম্পাদক হাসান আহমেদের বিরুদ্ধে। জানা গেছে, হাসান চবির অর্থনীতি

বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতকোত্তরের শিক্ষার্থী। স্নাতকোত্তের শিক্ষার্থী হওয়া সত্ত্বেও তার আসন রয়েছে বিশ্ববিদ্যালয়ের অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান হলে। ডেইলি ক্যাম্পাস, ১১ জুলাই ২০২৫

**১৩৯. ঢাকার যুবদল নেতার বিরুদ্ধে শরীয়তপুরের পরিবহনে চাঁদাবাজির অভিযোগ, এক্সপ্রেসওয়ে অবরোধ**

ঢাকা-শরীয়তপুর রুটে চলাচলকারী একটি পরিবহন কোম্পানির কাছ থেকে ৫০ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে রাজধানীর যাত্রাবাড়ী থানা যুবদলের সাবেক এক নেতার বিরুদ্ধে। চাঁদা না পেয়ে গত বুধবার থেকে ওই নেতার সমর্থকেরা 'শরীয়তপুর সুপার সার্ভিস' নামের ওই কোম্পানির কোনো বাস যাত্রাবাড়ীতে ঢুকতে দিচ্ছে না বলে অভিযোগ। অভিযুক্ত যুবদল নেতার নাম মুশফিকুর রহমান ওরফে ফাহিম। তিনি যাত্রাবাড়ী থানা যুবদলের সাবেক সহসভাপতি। শরীয়তপুরের বাস মালিক ও শ্রমিকদের অভিযোগ, মুশফিকের সমর্থকেরা গত তিন দিনে তাদের ১০টি বাস ভাঙচুর ও ১২ জন শ্রমিককে পিটিয়ে আহত করেছেন। প্রথম আলো, ১২ জুলাই ২০২৫

**১৪০. শেরপুরে চাঁদাবাজির অভিযোগে যুবদল নেতাকে সংগঠন থেকে বহিষ্কার**

চাঁদাবাজির অভিযোগে শেরপুর জেলা যুবদলের সহসাংগঠনিক সম্পাদক ও পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মোঃ হোসেন আলীকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। আজ রোববার কেন্দ্রীয় যুবদলের সভাপতি আবদুল মোনায়েম (মুন্না) ও সাধারণ সম্পাদক মোঃ নূরুল ইসলাম (নয়ন) স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, দলীয় পরিচয় ব্যবহার করে বেআইনি কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাড়ুত হওয়ায় হোসেন আলীকে বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান জানানো হয়। প্রথম আলো, ১৩ জুলাই ২০২৫

**১৪১. চাঁদা না পেয়ে বৃদ্ধকে কুপিয়ে জখম, বিএনপি কর্মী সুফিয়ান গ্রেপ্তার**

ভোলার বোরহানউদ্দিনে বিএনপি কর্মী মোঃ সুফিয়ানকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (১৪ জুলাই) সকালে থানা এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়।এর আগে গতকাল রোববার 'ভোলায় চাঁদার দাবিতে বৃদ্ধকে কুপিয়ে জখম, অভিযোগ বিএনপির কর্মীর বিরুদ্ধে' শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদ প্রকাশের পর গতকাল রাতেই থানায় মামলা হয়।পুলিশ জানায়, আজ সকালে বোরহানউদ্দিন থানা এলাকায় অবস্থান করছিলেন মোঃ সুফিয়ান। খবর পেয়ে পুলিশ অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করে। সুফিয়ান বিএনপির একজন সক্রিয় কর্মী। বার্তা বাজার, ১৪ জুলাই ২০২৫

**১৪২. প্রবাসীর কাছে চাঁদা চেয়ে কারাগারে বিএনপি নেতা**

ফ্রান্সপ্রবাসী তরুণ শিল্প উদ্যোক্তা মো: হাফিজুর রহমানের দায়ের করা চাঁদাবাজির মামলায় মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য শেখ জসিম উদ্দিনকে কারাগারে পাঠিয়েছে আদালত। ইত্তেফাক, ১৪ জুলাই ২০২৫

**১৪৩. কুমিল্লায় সিআইডি সেজে চাঁদাবাজি, শ্রমিকদল নেতাসহ গ্রেপ্তার ৫**

কুমিল্লার চান্দিনায় দিন দুপুরে এক প্রবাসীকে সিআইডি পরিচয়ে বাড়ি থেকে তুলে নিয়ে যাওয়ার ঘটনা ঘটেছে। এসময় লুট করা হয় প্রায় ৯ ভরি স্বর্ণালংকার, আইফোন। পরে প্রবাসীর স্ত্রীকে ফোন করে ২ লাখ টাকা মুক্তিপণ দাবি করে চক্রটি। এ ঘটনার কয়েক ঘণ্টার মধ্যে পৃথক অভিযানে চান্দিনা পৌরসভা শ্রমিকদল নেতাসহ পাঁচজনকে গ্রেপ্তার করা হয়। ইত্তেফাক, ১৫ জুলাই ২০২৫

**১৪৪. চাঁদা না দেওয়ায় ধর্ষণের চেষ্টা, যুবদল নেতা গ্রেপ্তার**



কুমিল্লায় এক মাছ ব্যবসায়ীর কাছে দুই লাখ টাকা চাঁদা দাবি করে না পেয়ে তার স্ত্রীর বড় বোনকে ধর্ষণচেষ্টার অভিযোগে ফারুক হোসেন (৪৮) নামে এক যুবদল নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারকৃত ফারুক হোসেন জেলার বরুড়া উপজেলার খোশবাস দক্ষিণ ইউনিয়ন যুবদলের সাবেক সহ-সভাপতি। তিনি শ্রীরামপুর এলাকার রোশন আলীর ছেলে। তিনি বর্তমানের বিএনপির সক্রিয় রাজনীতির সঙ্গে জড়িত। ঢাকা পোস্ট, ১৫ জুলাই ২০২৫

**১৪৫. রাজধানীতে ওলামা দল নেতার বিরুদ্ধে চাঁদা দাবির অভিযোগ**

ঢাকার তুরাগ থানার বাদালদি এলাকায় এক পানি ব্যবসায়ীর কাছে চাঁদা দাবি ও হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে বিএনপির সহযোগী সংগঠন জাতীয়তাবাদী ওলামা দলের এক নেতার বিরুদ্ধে। এতে ভয়ে এলাকা ছেড়ে পালিয়েছেন ওই ব্যবসায়ী ও তাঁর পরিবার।জানা যায়, তুরাগের বাদালদি এলাকার পানি ব্যবসায়ী হান্নান মিয়ার কাছ থেকে ২ লক্ষ টাকা চাঁদা দাবি করেন ঢাকা মহানগর উত্তর জাতীয়তাবাদী ওলামা দলের যুগ্ম আহ্বায়ক এম এম আশরাফুল আলম। এই ঘটনার একটি কল রেকর্ড এরই মধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে।ছড়িয়ে পড়া কল রেকর্ড হতে জানা যায়, চাঁদা না দিলে হান্নান মিয়ার বিরুদ্ধে মিথ্যা মামলায় নাম ঢুকিয়ে ফাঁসিয়ে দেওয়া, পুলিশি হয়রানি করা, এলাকার লোকজন দিয়ে হয়রানি করা হবে বলে ভয় দেখানো হয়। আর ২ লক্ষ টাকা দিলে কোনো মামলায় নাম দেওয়া হবে না, বরং থানা পুলিশ, এলাকার লোকজন সব ম্যানেজ করে আপোষ মীমাংসার করে দিবে আশরাফুল। সময়ের কণ্ঠস্বর, ১৭ জুলাই ২০২৫

**১৪৬. বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজির মামলা, গ্রেপ্তারে অভিযানে পুলিশ**
আশুলিয়ার ধামসোনা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আসাদুল হক দুলাল ডাক্তারের বিরুদ্ধে চাঁদাবাজি, ডাকাতি, হত্যাচেষ্টা, লুটপাট ও অস্ত্র আইনে মামলা হয়েছে।প্রবাসী মরিয়ম ইয়াসমিনের অভিযোগ, আশুলিয়া থানাধীন দক্ষিণ গাজীর চট এলাকায় তার বাসভবনে একাধিকবার দুলালের নেতৃত্বাধীন সন্ত্রাসী বাহিনী হামলা চালিয়েছে। মামলায় বলা হয়, দীর্ঘদিন ধরে আসাদুল হক দুলাল তার রাজনৈতিক পরিচয় ও প্রভাব ব্যবহার করে সাধারণ মানুষ ও ব্যবসায়ীদের কাছ থেকে নিয়মিত চাঁদা আদায় করে আসছেন। বার্তা বাজার, ১৯ জুলাই ২০২৫

**১৪৭. চাঁদা না পেয়ে দুই ব্যবসায়ীকে কোপালো শ্রমিকদল নেতা**
ফেনীতে চাঁদা না দেয়ায় দুই ব্যবসায়ীকে কুপিয়ে হত্যাচেষ্টার অভিযোগ উঠেছে এক শ্রমিকদল নেতার বিরুদ্ধে। সংশ্লিষ্টসূত্রে জানা গেছে, লস্করহাট বাজারের মাছ ব্যবসায়ী শাহআলম ও তার ভাই ফল ব্যবসায়ী মোহাম্মদ হানিফের কাছে চাঁদা দাবি করে ইউনিয়ন শ্রমিকদল নেতা মোহাম্মদ কিবরিয়া। দাবি করা চাঁদা না দেয়ায় শনিবার দুপুরে তাদের ব্যবসা প্রতিষ্ঠানে এসে প্রকাশ্যে কুপিয়ে জখম করে কিবরিয়া ও তার সহযোগীরা। আহতরা স্থানীয় দক্ষিণ লক্ষ্মীপুর গ্রামের নুর করিমের ছেলে। তারা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। অভিযুক্ত কিবরিয়া মোটবী ইউনিয়নের দক্ষিণ লক্ষ্মীপুর গ্রামের মমতাজ মিয়ার ছেলে ও ইউনিয়ন শ্রমিকদলের নেতা। আমার দেশ, ২০ জুলাই ২০২৫

**১৪৮. বিএনপি নেতার চাঁদা না দেওয়ায় মারধরের অভিযোগ সাবেক সৈনিকের**
নোয়াখালীর সুবর্ণচরে চাঁদা না দেওয়ায় এক অবসরপ্রাপ্ত সেনা সদস্যকে পরিকল্পিতভাবে ফাঁসিয়ে শালিসে পিটিয়ে আহত ও অর্থদণ্ড করার অভিযোগ উঠেছে। রোববার (২০ জুলাই) বিকেলে চরজব্বর থানার সামনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব অভিযোগ করেন ভুক্তভোগী অবসরপ্রাপ্ত সেনা সার্জেন্ট মো: হেলাল উদ্দিন।হেলাল উদ্দিন বলেন, “আমি কিছুদিন আগে একটা জমি ৭০ লাখ টাকা বিক্রি করেছি। স্থানীয় বিএনপির নেতারা বিষয়টি জানতে পেরে আমার কাছে চাঁদা চায়। সেনাবাহিনীর সাবেক সদস্য হয়েও চাঁদা দিলে দেশের অস্থিরতা ফুটে উঠবে তাই আমি চাঁদা দেইনি। এরপর গত ১৫ জুলাই বিকেল সাড়ে ৩টায় বিএনপি নেতা আব্দুর রহমান খোকনের নাম বলে আমাকে ঘুম থেকে ডেকে নেওয়া হয়। প্রথমেই আমার কাছে ১০ লাখ টাকা চায় আর মারধর করতে থাকে। আমি টাকা দিতে অস্বীকৃতি জানালে মারধরের তীব্রতা আরও বেড়ে যায়। তারপর মাদরাসা পড়ুয়া ৯ বছর বয়সী এক শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ তোলা হয়। ঢাকা পোস্ট, ২০ জুলাই ২০২৫

### ১৪৯. দোহারে চাঁদাবাজির মামলায় যুবদল কর্মী গ্রেপ্তার

ঢাকার দোহার উপজেলার মৈনটঘাটে বালুমহাল ও পরিবহন খাত থেকে ২০ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগে দোহার থানায় একটি মামলা হয়েছে। মামলার বাদী হয়েছেন দোহারের একটি পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) জাহাঙ্গীর আলম। এ মামলায় পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে। অজ্ঞাতনামা ২০-২৫ জনকে আসামি করা হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিদের মধ্যে রয়েছেন যুবদল কর্মী রিপন খলিফা। প্রথম আলো, ২১ জুলাই ২০২৫

### ১৫০. ৫ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে



সাতক্ষীরার শ্যামনগর উপজেলার হরিনগর এলাকায় অবস্থিত এক হাজার বিঘা জমির মৎস্য খামার 'প্যান্ডামিক ফিসারিজ লিমিটেড'-এ হামলা ও লুটপাটের অভিযোগ উঠেছে। প্রতিষ্ঠানটির চেয়ারম্যান এ এম সাইদুর রহমান অভিযোগ করেছেন, উপজেলা যুবদলের আহ্বায়ক শফিকুল ইসলাম দুলুর নেতৃত্বে চাঁদার দাবিতে এই ঘটনা ঘটেছে।অভিযোগে তিনি উল্লেখ করে বলেন, কয়েকমাস আগে হামলা ও লুটপাটের নেতৃত্ব দানকারী শ্যামনগর যুবদলের আহবায়ক শফিকুল ইসলাম দুলু ৫ লক্ষ টাকা চাঁদা দিতে বাধ্য করছিল। পরে আবার ৩ কোটি টাকা চাঁদা দাবি করে। চাঁদা না দেওয়ায় গত ১৬ জুলাই থেকে ১৯ জুলাই পর্যন্ত দফায় দফায় আমার মৎস খামারে লুটপাট হয়েছে। দখলবাজি ও লুটপাটে আমার অপূরণীয় ক্ষতিগ্রস্থ। ডেইলি ক্যাম্পাস, ২১ জুলাই ২০২৫

### ১৫১. চাঁদা না পেয়ে ইউপি ভবনে তালা, ছাত্রদলের দুই নেতাকে পুলিশে দিলেন বিএনপির নেতা-কর্মীরা

শেরপুর সদরে একটি ইউনিয়ন পরিষদে ঢুকে প্যানেল চেয়ারম্যানের কাছে চাঁদা দাবির অভিযোগে ছাত্রদলের দুই নেতাকে ধরে পুলিশে সোপর্দ করেছেন বিএনপি ও অঙ্গসংগঠনের স্থানীয় নেতা-কর্মীরা। গ্রেপ্তার দুজন হলেন উপজেলার বড় ঝাউয়েরচর এলাকার বাসিন্দা ও লছমনপুর ইউনিয়ন ছাত্রদলের সাবেক সভাপতি সবুজ আহাম্মেদ (৩৫) এবং কৃষ্ণপুর দড়িপাড়া এলাকার বাসিন্দা ও একই ইউনিয়ন ছাত্রদলের বর্তমান সভাপতি আল আমিন ইসলাম (২৬)। গতকাল রাত তিনটার দিকে শেরপুর থানায় তাদের বিরুদ্ধে একটি মামলা করেন একই ইউপির প্যানেল চেয়ারম্যান ও মহিলা দলের নেত্রী আলেয়া বেগম। প্রথম আলো, ২৪ জুলাই ২০২৫

**১৫২. চাঁদার জন্য ব্যবসায়ীকে অপহরণের পর টর্চার সেলে নির্যাতনের অভিযোগে মামলা**

রাজশাহীতে যুবদল ও ছাত্রদলের দুই নেতার নামে এক আবাসন ব্যবসায়ীকে অস্ত্রের মুখে অপহরণ, নির্যাতন, চাঁদা দাবি এবং ভয় দেখিয়ে ফাঁকা চেক ও স্ট্যাম্পে সই নেওয়ার অভিযোগে মামলা হয়েছে। গত বুধবার (২৩ জুলাই) দিবাগত রাতে নগরের বোয়ালিয়া থানায় মামলাটি হয়েছে। মামলার বাদীর নাম মোস্তাফিজুর রহমান। তাঁর প্রতিষ্ঠানের নাম গ্রীন প্লাজা রিয়েল এস্টেট লিমিটেড। এজাহারে প্রধান আসামি করা হয়েছে রাজশাহী জেলা যুবদলের সাবেক আহ্বায়ক মোজাদ্দেদ জামানী ওরফে সুমনকে (৪৮)। ২ নম্বর আসামি রাজশাহী সরকারি সিটি কলেজ ছাত্রদলের সদস্যসচিব এমদাদুল হক ওরফে লিমন (২৬)। প্রথম আলো, ২৫ জুলাই ২০২৫

**১৫৩. চাঁদা না পেয়ে বিএনপি নেতার বিরুদ্ধে পুকুরের মাছ লুটের অভিযোগ**

সিরাজগঞ্জের তাড়াশে বিএনপির এক নেতার বিরুদ্ধে চাঁদা না পেয়ে দিনদুপুরে ৩২ বিঘা আয়তনের পুকুরের মাছ লুটের অভিযোগ উঠেছে। অভিযুক্ত আমিনুর রহমান ওরফে টুটুল উপজেলা বিএনপির সদ্য বিলুপ্ত কমিটির সাধারণ সম্পাদক। এ ঘটনায় আবদুস সালাম নামের এক ব্যক্তি ১৮ জুলাই তাড়াশ থানায় ও ২৩ জুলাই জেলা প্রশাসক বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন। আবদুস সালামের বাড়ি সিরাজগঞ্জ পৌর শহরের বাহিরগোলা এলাকায়। তিনি পেশায় মাছ ব্যবসায়ী। প্রথম আলো, ২৫ জুলাই ২০২৫

**১৫৪. চাঁদা দাবি ২০ লাখ, পেয়েছিলেন এক লাখ, বাকি টাকার জন্য নারীকে মারধর বিএনপি নেতার**



গাজীপুরের টঙ্গীতে চাঁদা না পেয়ে এক নারী ও তার স্বামীকে মারধরের অভিযোগ উঠেছে স্থানীয় এক বিএনপির এক নেতার বিরুদ্ধে। অভিযুক্ত ব্যক্তি টঙ্গী পশ্চিম থানা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও সাবেক কাউন্সিলর জাহাঙ্গীর আলম। ওই নারীর অভিযোগ, বিশ লাখ টাকা চাঁদা দাবি করে এক লাখ দেওয়া বাকি টাকার জন্য তাকে ও তার স্বামীকে মারধর করেন স্থানীয় এই নেতা। জানা যায়. ভুক্তভোগী শিরিন আক্তার ও তার স্বামী আব্দুল কাদের স্থানীয় যুবদলের একজন কর্মী। ডেইলি ক্যাম্পাস, ২৭ জুলাই ২০২৫

**১৫৫. বিএনপি কর্মীর করা চাঁদাবাজির মামলায় বিএনপি নেতা গ্রেপ্তার**

চাঁদপুরের মতলব উত্তর উপজেলার ছেংগারচর পৌর বিএনপির সহসভাপতি ও চাঁদপুর জেলা বিএনপির সদস্য আবদুল মান্নান লস্করকে গ্রেপ্তার করা হয়েছে।

মারামারি ও চাঁদাবাজির আইনে স্থানীয় বিএনপির এক কর্মীর করা মামলায় তাঁকে গ্রেপ্তার করা হয় বলে জানিয়েছে পুলিশ। প্রথম আলো, ২৯ জুলাই ২০২৫

**১৫৬. মতলবের দুই বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজি-দখলদারির অভিযোগ, দল থেকে বহিষ্কার**

চাঁদপুরের মতলব উত্তর ও মতলব দক্ষিণ উপজেলার বিএনপির দুই নেতাকে দলের সব পর্যায়ের পদ থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল মঙ্গলবার রাতে বিএনপির কেন্দ্রীয় কমিটির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। চাঁদাবাজি, দখলদারি ও ভয়ভীতি প্রদর্শনসহ নানা ধরনের অপকর্মে লিপ্ত থাকার অভিযোগে ওই দুজনের বিরুদ্ধে এ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে বলে ওই সংবাদ বিজ্ঞপ্তি ও দলীয় সূত্রে জানা গেছে। বহিষ্কৃত নেতারা হলেন মতলব উত্তর উপজেলার ছেংগারচর পৌর বিএনপির সহসভাপতি আবদুল মান্নান লস্কর ও মতলব দক্ষিণ উপজেলা বিএনপির সহসভাপতি আনোয়ার হোসেন ভূঁইয়া। এর মধ্যে মতলব উত্তরের আবদুল মান্নান লস্করকে চাঁদাবাজির মামলায় গত সোমবার রাতে গ্রেপ্তার করে পুলিশ। প্রথম আলো, ৩০ জুলাই ২০২৫

**১৫৭. বিএনপির স্থাপিত বাক্সে জমা পড়ল দলীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ**

দলীয় নেতাদের চাঁদাবাজি, দখলবাজিসহ যেকোনো অপকর্মের বিষয়ে জানতে ও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য কুষ্টিয়ায় বিএনপির স্থাপতি অভিযোগ বাক্সে দলীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে ট্রাকস্ট্যান্ড থেকে চাঁদাবাজি ও ক্লাব দখলের অভিযোগ জমা পড়েছে। বুধবার দুপুরে কুষ্টিয়া প্রেসক্লাবে গণমাধ্যমকর্মীদের উপস্থিতিতে প্রকাশ্যে বাক্সটি খুলে অভিযোগ পড়ে শোনান কুষ্টিয়া জেলা বিএনপির সদস্যসচিব জাকির হোসেন সরকার। এর আগে ২১ জুলাই কুষ্টিয়া প্রেসক্লাবের নিচে ফটকের পাশে দলীয় নেতা-কর্মীদের চাঁদাবাজি, দখলবাজি ও সন্ত্রাসী কার্যকলাপের বিষয়ে জানতে ও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অভিযোগ বাক্স স্থাপন করেছিল জেলা বিএনপি। প্রথম আলো, ৩০ জুলাই ২০২৫

**১৫৮. বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদা না পেয়ে দোকানে লুটপাটের অভিযোগ**



পিরোজপুরের নাজিরপুরে চাঁদা না পেয়ে এক ব্যবসায়ীর দোকানে লুটপাটের অভিযোগ উঠেছে শেখমাটিয়া ইউনিয়ন বিএনপির আহ্বায়ক শাফিকুল ইসলাম শাফিকের বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী মো: মোস্তফা আলী সেখ গত ২৯ এপ্রিল পুলিশ সদর দপ্তরসহ একাধিক সরকারি দপ্তরে লিখিত

অভিযোগ করেন।লিখিত অভিযোগ সূত্রে জানা যায়, সৌদি আরব থেকে ফিরে মোস্তফা আলী সেখ তার পৈতৃক সম্পত্তিতে প্রায় ১৫ লাখ টাকা বিনিয়োগে একটি ভবন নির্মাণ করে রড ও সিমেন্টের ব্যবসা শুরু করেন। ব্যবসা শুরুর কিছু দিনের মধ্যেই স্থানীয় মো: মোজাহিদুল ইসলাম দুই লাখ টাকা চাঁদা দাবি করেন। চাঁদা দিতে অস্বীকৃতি জানালে গত ২০ মার্চ সকাল ১০টার দিকে মোজাহিদুল ইসলাম, তার ভাই বিএনপি নেতা শাফিকুল ইসলাম শাফিক এবং ভুক্তভোগী মোস্তফা আলী শেখের চাচাতো ভাই এসকেন্দার আলী সেখসহ স্থানীয় আরও ২৫ থেকে ৩০ জন সন্ত্রাসী নিয়ে দোকানের পেছনের দেয়াল ভেঙে ভেতরে প্রবেশ করেন। এ সময় দোকানে থাকা সিসিটিভি ক্যামেরা, রড, সিমেন্ট, নগদ এক লাখ টাকা এবং লেপ-তোশকসহ অন্যান্য মালামাল লুট করা হয়। এমনকি লেপ-তোশকে আগুন ধরিয়ে দিয়ে সন্ত্রাসীরা আনন্দ করেন বলে অভিযোগে উল্লেখ করা হয়। ঢাকা পোস্ট, ৩১ জুলাই ২০২৫

## ১৫৯. ব্যবসায়ীকে বুকসমান বালুতে পুঁতে নির্যাতন, টাকা আদায়, অভিযোগ বিএনপি নেতা ও সাংবাদিকের বিরুদ্ধে

যশোরের অভয়নগরে এক ব্যবসায়ীকে অস্ত্রের মুখে জিম্মি করে বুকসমান বালুতে পুঁতে রেখে কয়েক দফায় চার কোটি টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে পদ স্থগিত হওয়া স্থানীয় এক বিএনপি নেতা ও এক সাংবাদিকের বিরুদ্ধে। এ ঘটনায় ব্যবসায়ীর স্ত্রী সেনা ক্যাম্পে লিখিত অভিযোগ দিয়েছেন। ভুক্তভোগী ব্যবসায়ী শাহনেওয়াজ কবীর ওরফে টিপু নওয়াপাড়া এলাকার জাফ্রিদী এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী। অভিযোগে তিনি বলেন, গত বছরের ২ সেপ্টেম্বর সকাল ১০টার দিকে সৈকত হোসেন ওরফে হিরা নামে এক ব্যক্তি তাঁর স্বামীকে কৌশলে নওয়াপাড়া পৌর বিএনপির (পদ স্থগিত) সাংগঠনিক সম্পাদক আসাদুজ্জামান জনির ব্যক্তিগত কার্যালয়ে নিয়ে যান। সেখানে আসাদুজ্জামান তাঁকে মারধর করেন এবং অস্ত্রের মুখে জিম্মি করে দুই কোটি টাকা দাবি করেন। এরপর আসমা খাতুন সাউথ বাংলা ব্যাংক থেকে আসাদুজ্জামানের প্রতিষ্ঠানের হিসাবে দুই কোটি টাকা পাঠান। টাকা পেয়ে তাঁরা শাহনেওয়াজ কবীরকে ছেড়ে দেন। আসমা খাতুন অভিযোগে বলেন, গত বছরের ১৮ সেপ্টেম্বর সকাল ৯টার দিকে তাঁর স্বামী চলিশিয়া থেকে মোটরসাইকেলে নওয়াপাড়া বাজারে যাওয়ার পথে সৈকত তাঁর পথ রোধ করেন। এরপর বেলা ৩টা পর্যন্ত তাঁর মুঠোফোন বন্ধ পাওয়া যায়। পরে জানতে পারেন, তাঁর স্বামীকে বিএনপি নেতা আসাদুজ্জামানের কনা ইকোপার্কে নেওয়া হয়েছে। আসমা সেখানে গেলে জনি, সম্রাট হোসেন ও নওয়াপাড়া প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মফিজ উদ্দিন তাঁর ওপর আগ্নেয়াস্ত্র ঠেকিয়ে হামলা চালান। এরপর শাহনেওয়াজ কবীরের বুক পর্যন্ত গর্ত খুঁড়ে বালু

চাপা দিয়ে আরও দুই কোটি টাকা চাঁদা দাবি করেন বলে অভিযোগ করেন আসমা খাতুন। প্রথম আলো, ২ আগস্ট ২০২৫

**১৬০. টাঙ্গাইলে 'কিলার গ্রুপ' লেখা প্যাডে চাঁদা দাবি, বিএনপির ৫ নেতা গ্রেপ্তার**

টাঙ্গাইলে এক মৎস্য খামারির কাছে ৫ লাখ চাঁদা দাবির অভিযোগে বিএনপির ৫ নেতা-কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন টাঙ্গাইল শহর বিএনপির সাংগঠনিক সম্পাদক ও পৌরসভার ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি জুবায়ের আহমেদ, শহর বিএনপির ধর্মবিষয়ক সম্পাদক ও ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি গোলাম রাব্বানী, শহর বিএনপির সদস্য ও ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক শাহ আলম মিয়া এবং দলটির কর্মী আবদুল্লাহ আল মামুন ও সাব্বির মিয়া। অন্যদিকে অভিযোগকারী ব্যক্তির নাম আজহারুল ইসলাম। প্রথম আলো, আগস্ট ২০২৫

**১৬১. সিদ্ধিরগঞ্জে চাঁদাবাজির অভিযোগে গ্রেপ্তার বিএনপির দুই নেতাকে ৩০ দিনের আটকাদেশ**

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে চাঁদাবাজির অভিযোগে গ্রেপ্তার মহানগর শ্রমিক দলের সভাপতি এস এম আসলাম এবং জেলা তরুণ দলের সভাপতি টি এইচ তোফাকে ৩০ দিনের আটকাদেশে কারাগারে পাঠানো হয়েছে। এস এম আসলাম নারায়ণগঞ্জ মহানগর শ্রমিক দলের সভাপতির পাশাপাশি সিদ্ধিরগঞ্জ থানা বিএনপির সহসভাপতির দায়িত্বও পালন করছেন। অন্যদিকে টি এইচ তোফা জেলা তরুণ দলের সভাপতি ও সিদ্ধিরগঞ্জ থানা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক। প্রথম আলো, ৭ আগস্ট ২০২৫

**১৬২. বিএনপি-ছাত্রদল নেতাসহ ৭ জনের বিরুদ্ধে চাঁদাবাজি-লুটের মামলা**

নড়াইলের কালিয়া পৌর বিএনপির সাধারণ সম্পাদক ও পৌর ছাত্রদলের আহ্বায়কসহ সাতজনের বিরুদ্ধে চাঁদাবাজি ও মালামাল লুটের অভিযোগে মামলা করেছেন এক নারী। মামলার আসামিরা হলেন, কালিয়া পৌর বিএনপির সাধারণ সম্পাদক সেলিম রেজা ইউসুফ, পৌর কৃষকদলের আহ্বায়ক গোলাম রসুল মান্দার শেখ, পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইমরান শেখ ওরফে খোকন, পৌর ছাত্রদলের আহ্বায়ক মিকাইল ওরফে ধলু শেখ, ইনামুল শেখ ওরফে কালু, মিরাজ শেখ ও সাদ্দাম শেখ।মামলার এজাহার সূত্রে জানা যায়, বাদীর স্বামী আকিজ শেখ কালিয়া পৌরসভার কালিয়া মোড়ে রড সিমেন্টের ব্যবসা শুরু করেন। বাদীর স্বামী বিদেশে যাওয়ার পর তার দেবর লিকু শেখ দোকানটি পরিচালনা করে আসছিলেন।গত বছর ১০ আগস্ট আসামিরা দোকানে গিয়ে লিকু শেখের কাছে পাঁচ লাখ টাকা চাঁদা দাবি করেন। এর এক বছর পর

গত ২ আগস্ট আসামিরা আবার বাদীর দোকানে চড়াও হয়ে তার দেবরকে মারপিট করে দোকান থেকে রড, সিমেন্ট ও নগদ টাকা এবং দোকানের সামনে থাকা অব্যবহৃত তিনটি ট্রলিসহ ১২ লাখ ২৪ হাজার টাকার মালামাল নিয়ে যায়। জাগো নিউজ, ৭ আগস্ট ২০২৫

**১৬৩. পিরোজপুরে চাঁদাবাজি মামলায় সাবেক যুবদল নেতা গ্রেপ্তার**


পিরোজপুর জেলা যুবদলের বহিষ্কৃত আহ্বায়ক মারুফ হাসান ওরফে মারুফ পোদ্দারকে চাঁদাবাজির মামলায় গ্রেপ্তার করেছে যৌথ বাহিনী। গত বছরের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পর মারুফ বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের কাছ থেকে চাঁদা আদায় করে আসছিলেন। মামলার এজাহারে বলা হয়েছে, সম্প্রতি মারুফ মামলার বাদী জুয়েল শেখ ও তাঁর ব্যবসায়িক সহযোগী রিপনের কাছে ৫ লাখ টাকা চাঁদা দাবি করেন। পাশাপাশি প্রতি মাসে ১ লাখ টাকা চাঁদা দেওয়ার কথাও বলেন। চাঁদা না দেওয়ায় তাদের মারধর ও খুনজখমের হুমকি দেন মারুফ। ৫ আগস্ট দুপুরে মারুফের নেতৃত্বে মিরন, মিলনসহ কয়েকজন অস্ত্রশস্ত্র নিয়ে শহরের বলেশ্বর ব্রিজসংলগ্ন জুয়েলের মালিকানাধীন 'মেসার্স রুমু এন্টারপ্রাইজ'-এর সামনে গিয়ে চাঁদা দাবি করেন। অস্বীকার করায় মারুফ হকস্টিক দিয়ে জুয়েলকে পেটাতে থাকেন। রিপন বাধা দিলে তিনিসহ অন্যরা লাঠি ও রড দিয়ে দুজনকে মারধর করেন। প্রথম আলো, ৯ আগস্ট ২০২৫

**১৬৪. ১ লাখ টাকা চাঁদা না পেয়ে গাজীপুরের পোশাক শ্রমিককে পেটাল ছাত্রদল**



গাজীপুরের টঙ্গীতে চাঁদা না দেওয়ায় বাহারুল ইসলাম (৩০) নামে এক পোশাক শ্রমিককে মারধরের অভিযোগ উঠেছে ছাত্রদলের সাবেক এক নেতার বিরুদ্ধে। অভিযুক্ত শাহাদাত হোসেন ওরফে দিপু দেওয়ান টঙ্গী পশ্চিম থানা ছাত্রদলের সাবেক যুগ্ম আহ্বায়ক এবং আসন্ন কমিটির সাধারণ সম্পাদক পদপ্রার্থী। বাহারুলের অভিযোগ, প্রায় ছয় মাস আগে তিনি ২.৫ কাঠা জমির ওপর বাড়ি নির্মাণ করে পরিবারসহ বসবাস করেন। ছাত্রদল নেতা দিপু গত কয়েকদিন ধরে এক লাখ টাকা চাঁদা দাবি করে আসছে। চাঁদা দিতে অস্বীকৃতি জানালে সে ক্ষিপ্ত হয়ে ওঠে।বাহারুল জানান, ৫ আগস্ট কারখানা বন্ধ থাকায় সকাল প্রায় সাড়ে ১০টায় তিনি ভাদাম বাজারে বাজার করতে যান। এ সময় দিপু তাকে রাস্তায় পেয়ে আবারও এক লাখ টাকা চাঁদা দাবি করে। তিনি অস্বীকৃতি জানালে, ছাত্রদল নেতা হাতে থাকা কাঠের বাটাম দিয়ে এলোপাতাড়ি মারধর করে শরীরের বিভিন্ন স্থানে নীলাফুলা জখম করে। ডেইলি ক্যাম্পাস, ৯ আগস্ট ২০২৫

## ১৬৫. স্কুল শিক্ষকের দায়েরকৃত চাঁদাবাজি মামলায় উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়কসহ ৩ জন কারাগারে



পিরোজপুরের নেছারাবাদে স্কুল শিক্ষকের দায়ের করা চাঁদাবাজি মামলায় নেছারাবাদ উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়ক মো: ইমরান খন্দকারসহ তিনজনকে জেল হাজতে পাঠিয়েছে পিরোজপুর জেলা দায়রা আদালত। আসামী অপর তিনজনের নাম মো: ইকরাম খন্দকার, শেখ রাহাত হোসেন (রাসেল), মো: মিজান খন্দকার। মামলার এজাহার সূত্রে জানা গেছে, আসামীরা এলাকার চিহ্নিত চাঁদাবাজ। আসামীদের মধ্যে শেখ রাহাত হোসেন রাসেল বিগত আওয়ামী লীগ আমলে উপজেলার সমুদয়কাঠিতে সন্ত্রাসের রাম রাজত্ব করত। ৫ আগস্টের পর উভয় আসামী এলাকায় মাদক ব্যবসা সহ অন্যের জমি দখল ও চাঁদাবাজি করত। জনকণ্ঠ, ১০ আগস্ট ২০২৫

## ১৬৬. ব্যাংক দখল ও টিভি চ্যানেলে চাঁদাবাজিতে যুবদল নেতা নয়ন



আওয়ামী লীগ সরকারের পতনের পরপরই বেপরোয়া হয়ে উঠেছেন ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের সদস্য সচিব রবিউল ইসলাম নয়নের বিরুদ্ধে দখল, চাঁদাবাজির নানান অভিযোগের পর এবার ইসলামী ব্যাংক দখলেরও অভিযোগ উঠেছে। আওয়ামী লীগ সরকারের পতনের পরপরই বেপরোয়া হয়ে ওঠেন তিনি।অভিযোগ রয়েছে, এস আলম গ্রুপের হয়ে মোটা টাকার বিনিময়ে নয়ন ও তার অনুসারীরা এই ব্যাংক দখলে ভাড়াটে হিসেবে কাজ করে। ব্যাংক দখলে তিনি আগ্নেয়াস্ত্র ব্যবহার করেন। এসময় ৬ ব্যাংক কর্মকর্তা তার ছোড়া গুলিতে আহত হন। এর আগে তার বিরুদ্ধে একটি বেসরকারি টেলিভিশন দখলচেষ্টার অভিযোগ রয়েছে। টিভির মালিকানা নিয়ে ঝামেলা থাকায় একটি পক্ষকে সমর্থন জানিয়ে মোটা অঙ্কের টাকা নিয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে।দলটির নেতা-কর্মীরা জানান, সরকার বিরোধী আন্দোলনে তার বিতর্কিত ভূমিকার কারণে বিভিন্ন সময় সংবাদের শিরোনাম হন যুবদল নেতা নয়ন। সাংবাদিক না হয়েও প্রেস লেখা জ্যাকেট পরে গাড়িতে অগ্নিসংযোগের ঘটনায় পুরো দলকে কাঠগড়ায় দাঁড় করিয়ে দেন তিনি। বাংলাদেশ জার্নাল, ১১ আগস্ট ২০২৫

## ১৬৭. 'টর্চার সেলে' নির্যাতন চালানো ছাত্রদল নেতা গ্রেপ্তার, দল থেকে অব্যাহতি

ময়মনসিংহের তারাকান্দায় চাঁদাবাজি ও মারপিটের অভিযোগে করা মামলায় ছাত্রদলের এক নেতা ও তাঁর দুই সহযোগীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার ছাত্রদল নেতার নাম হিজবুল আলম ওরফে জিয়েস। তিনি বানিহালা ইউনিয়নের মাঝিয়ালি গ্রামের মঞ্জুরুল ইসলামের ছেলে ও একই ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক। প্রথম আলো, ১২ আগস্ট ২০২৫

## ১৬৮. ৪ কোটি টাকা চাঁদাবাজি, বিএনপি নেতা জনি গ্রেফতার



যৌথ বাহিনীর অভিযানে যশোরের অভয়নগর উপজেলার আলোচিত বিএনপি নেতা আসাদুজ্জামান জনি গ্রেফতার হয়েছেন। একইসঙ্গে তার সহযোগী চলিশিয়া ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য তুহিনকে আটক করেছে করা হয়েছে। তার বিরুদ্ধে এক ব্যবসায়ীকে অপহরণ করে নির্যাতন ও হত্যার হুমকি দিয়ে চার কোটি টাকা চাঁদা আদায়ের অভিযোগ রয়েছে। পুলিশ জানিয়েছে, দীর্ঘদিন ধরে জনি পলাতক ছিলেন। গত বছরের জুলাই মাসে নওয়াপাড়ার এক ব্যবসায়ীর স্ত্রী আসমা খাতুন অভিযোগ করেন যে, তার স্বামীকে অপহরণ করে অস্ত্রের মুখে জিম্মি করা হয়। চাঁদা না দিলে তাকে হত্যার হুমকি দেওয়া হয়েছিল। এরপর তাকে বালুতে বুক পর্যন্ত পুঁতে রেখে কয়েক দফায় ৪ কোটি টাকা চাঁদা আদায় করা হয়। বাংলা ট্রিবিউন, ১৪ আগস্ট ২০২৫

## ১৬৯. চাঁদা দিতে না পারায় ব্যবসায়ীর মেয়েকে অপহরণের হুমকি, সাবেক ছাত্রদল নেতা গ্রেপ্তার

কুমিল্লার দেবীদ্বারে ছাত্রদলের সাবেক এক নেতার বিরুদ্ধে এক ব্যবসায়ীর কাছ থেকে চাঁদাবাজির অভিযোগ উঠেছে। কয়েক দিন চাঁদা দেওয়ার পর আর টাকা দিতে না পারায় ব্যবসায়ীকে হত্যা ও তাঁর স্কুলপড়ুয়া মেয়েকে অপহরণের হুমকি দেওয়া হয় বলে অভিযোগ। গ্রেপ্তার ছাত্রদল নেতার নাম ওবায়দুল ইসলাম ওরফে হৃদয় (২৫)। তিনি দেবীদ্বার পৌর ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও দেবীদ্বারের গুনাইঘর গ্রামের বাসিন্দা। ভুক্তভোগী ব্যবসায়ীর নাম আমির হোসেন। প্রথম আলো, ১৫ আগস্ট ২০২৫

## ১৭০. হবিগঞ্জে চাঁদাবাজির অভিযোগে ছাত্রদল নেতাসহ দুজন সেনাবাহিনীর হাতে আটক

চাঁদাবাজির অভিযোগে হবিগঞ্জের মাধবপুর উপজেলা ছাত্রদলের সদস্যসচিব জামিল চৌধুরীসহ দুজনকে আটক করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

পুলিশ সূত্রে জানা গেছে, গত বুধবার দুপুরে মাধবপুর উপজেলার গাজীপুর গ্রামে স্বজনের বাড়িতে বেড়াতে আসেন ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর উপজেলার ধরমন্ডল গ্রামের অরূপ চৌধুরী (৩০) ও তাঁর স্ত্রী রাহেলা আখতার (২২)। বেড়ানো শেষে একই দিন বেলা সাড়ে তিনটার দিকে মোটরসাইকেলযোগে বাড়ি ফিরছিলেন তাঁরা। উপজেলার গাজীপুর গ্রামের সেতুর কাছে আসার পর ছাত্রদলের নেতা জামিল চৌধুরীর নেতৃত্বে পাঁচ থেকে সাতজন ব্যক্তি তাদের গতি রোধ করেন। মস্থানীয় সূত্র জানায়, জামিল চৌধুরী অরূপ চৌধুরীকে আওয়ামী লীগ পরিবারের সদস্য হিসেবে আখ্যা দিয়ে তাদের পুলিশে দেওয়ার ভয় দেখান। একপর্যায়ে জামিল তাদের কাছে পাঁচ লাখ টাকা চাঁদা দাবি করেন। পরে অরূপ চৌধুরী মুঠোফোন ব্যাংকিংয়ের মাধ্যমে দেড় লাখ টাকা দিয়ে ছাড়া পান। প্রথম আলো, ১৫ আগস্ট ২০২৫

**১৭১. বিএনপি নেতা জিয়ার বিরুদ্ধে চাঁদাবাজিসহ অভিযোগের পাহাড়**

পাবনার ফরিদপুরে জিয়াউর রহমান জিয়া নামে এক বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজি, দখলবাজি, আওয়ামী ঘনিষ্ঠতাসহ নানা অভিযোগ তুলেছেন স্থানীয় বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা। অভিযুক্ত জিয়াউর রহমান ফরিদপুর উপজেলা বিএনপির স্থগিত কমিটির সদস্যসচিব। নেতাকর্মীদের দাবি, জিয়া অদৃশ্য কোনো শক্তিতে অপ্রতিরোধ্য হয়ে উঠেছেন। তার বিরুদ্ধে ভয়ে মুখ কেউ মুখ খুলতে সাহস করছেন না। এজন্য হাইকমান্ডের কাছে অভিযোগ দিয়েছেন তারা।জানা যায়, জিয়াউর রহমান জিয়া ফরিদপুর উপজেলা যুবলীগের সাবেক দপ্তর সম্পাদক ছিলেন। ২০১৩ সালে তিনি বিএনপিতে যোগ দেন। পরে ইউপি চেয়ারম্যান নির্বাচিত হন। বর্তমানে উপজেলা বিএনপির স্থগিত কমিটির সদস্যসচিব তিনি। জাগো নিউজ, ১৫ আগস্ট ২০২৫

**১৭২. প্রবাসীকে কুপিয়ে জখমের অভিযোগে বিএনপি নেতার বিরুদ্ধে মামলা, প্রতিবাদে হরতাল**

রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও বড়ুক সমিতির সাবেক সভাপতি খোন্দকার মশিউল আজম ওরফে চুন্নুর বিরুদ্ধে প্রবাসীকে কুপিয়ে জখম ও চাঁদাবাজির অভিযোগে মামলা হয়েছে। এর প্রতিবাদে আজ মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলা সদর বাজারে অর্ধদিবস হরতাল পালিত হচ্ছে। প্রথম আলো, ১৯ আগস্ট ২০২৫

**১৭৩. 'আমি পৌর বিএনপির সম্পাদক, ডিআইজির বইনতে, আমি খাবু না তো ক্যারা খাব'**

জামালপুরের মাদারগঞ্জ উপজেলা পৌর বিএনপির সাধারণ সম্পাদক খালেদ

মাসুদ তালুকদারের (সুহেল) কথোপকথনের একটি অডিও ফেসবুকে ছড়িয়ে পড়েছে। ৬ মিনিট ১০ সেকেন্ডের ওই অডিওতে শোনা যায়, চাঁদাবাজি, বালু ব্যবসার নিয়ন্ত্রণসহ বিভিন্ন বিষয় নিয়ে কয়েকজন কথা বলছেন। তিনি পুলিশের ময়মনসিংহ রেঞ্জের সাবেক উপমহাপরিদর্শকের (ডিআইজি) আশরাফুর রহমানের ভগ্নিপতি। ছড়িয়ে পড়া অডিওতে শোনা যায় খালেদ মাসুদ বলেন, '৬ লাখ টাকা এককালীন দিছে, আর এক লাখ করে প্রতি মাসে দিবার লাগছে।' তখন তাঁকে পাশ থেকে আরেকজন বলছিলেন, 'তুমি (খালেদ মাসুদ তালুকদার) ডিআইজিকে পচাবার লাগছ।' তখন খালেদ বলেন, 'আমি ডিআইজির নাম করেই খাই। আমি পৌর বিএনপির সাধারণ সম্পাদক ও আমি ডিআইজির বইনতে (ভগ্নিপতি), আমি খাবু না তে (তো) ক্যারা খাব। প্রথম আলো, ১৯ আগস্ট ২০২৫

## ১৭৪. চাঁদার টাকা যায় প্রশাসন ও বিএনপি নেতাদের পকেটে

নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার চরএলাহী ঘাটের চাঁদাবাজির টাকা যায় জেলা-উপজেলার শীর্ষ প্রশাসনিক কর্মকর্তা ও রাজনৈতিক নেতাদের পকেটে। এ নিয়ে একটি বিস্ফোরক অডিও ভাইরাল হয়েছে সামাজিক যোগাযোগমাধ্যমে। নির্ভরযোগ্য সূত্র জানায়, চরএলাহী ঘাটটি সরকারি বিধিমত ইজারা নিয়েছিলেন ওই ইউনিয়নের যুবলীগ সাধারণ সম্পাদক শেখ বেলাল। গণ-অভ্যুত্থানের পর ঘাটটির নিয়ন্ত্রণ নেন উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক নুরুল আলম সিকদারের নেতৃত্বে তার অন্যতম অনুসারীরা। এ নিয়ে বিএনপির দুপক্ষের আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে চরএলাহী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আবদুল মতিন তোতা ও চরফকিরা ইউনিয়নের যুবদল নেতা এরশাদ মাঝি খুন হন। এ ধারাবাহিকতায় এখনও সংঘর্ষ, দাঙ্গা-হাঙ্গামা, ধর্ষণ, দখল, লুটতরাজ অব্যাহত রয়েছে। প্রথম আলো, ১৯ আগস্ট ২০২৫

## ১৭৫. পীরগাছায় চাঁদাবাজির অভিযোগে ছাত্রদল নেতা গ্রেফতার



রংপুরের পীরগাছায় চাঁদাবাজির অভিযোগে ইটাকুমারী ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক শামিম হোসেনকে (৩০) গ্রেফতার করেছে থানা পুলিশ। পুলিশ ও মামলার এজাহার সূত্রে জানা যায়, উপজেলার অন্নদানগর ইউনিয়নের হরিচরন আমতলা এলাকায় সরকারি একটি আমগাছ নিলামে কিনেছিলেন স্থানীয় ব্যবসায়ী সেকেন্দার আলী। কিন্তু গাছটি কাটতে গেলে শামিমসহ কয়েকজন বাধা দেন এবং ৫০ হাজার টাকা চাঁদা দাবি করেন। পরে সেকেন্দার আলী থানায় মামলা করলে পুলিশ শামিমকে গ্রেফতার করে। যুগান্তর, ২৭ আগস্ট ২০২৫

## ১৭৬. নাটোরে বিএনপির কর্মীদের বিরুদ্ধে প্রবাসীর বাসায় ঢুকে 'মব' তৈরি করে চাঁদাবাজির অভিযোগ

নাটোরের বড়াইগ্রাম উপজেলায় এক প্রবাসীর বাসায় ঢুকে 'মব' তৈরি করে তিন লাখ টাকা চাঁদাবাজির অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপির কয়েকজন কর্মীর বিরুদ্ধে। মামলায় পাঁচজনের নাম উল্লেখ করে ১১ জনকে আসামি করা হয়। আসামিরা স্থানীয় বিএনপি নেতাদের সঙ্গে চলাফেরা করেন। বড়াইগ্রাম থানা ও স্থানীয় সূত্রে জানা গেছে, ভুক্তভোগী প্রবাসীর স্ত্রী ছেলেমেয়ের পড়ালেখার প্রয়োজনে উপজেলা সদরের একটি বাসায় ভাড়া থাকেন। গত শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে বিএনপির কয়েকজন কর্মী জোর করে তাঁর বাসায় ঢোকেন। তাঁরা ওই নারীর এক আত্মীয়কে বেঁধে তাঁর সঙ্গে প্রবাসীর স্ত্রীর পরকীয়া সম্পর্ক রয়েছে বলে অভিযোগ তোলেন। একপর্যায়ে অভিযুক্ত ব্যক্তিরা তাদের দুজনকে একসঙ্গে করে ছবি ও ভিডিও ধারণ করেন। পরে তাঁরা ওই নারীর কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি করেন। চাঁদা না দিলে ভিডিও ও ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ার হুমকি দেন। এরপরও ভুক্তভোগী নারী টাকা দিতে রাজি না হলে তাঁকে শারীরিক নির্যাতন করা হয়। নিরুপায় হয়ে তিনি তাঁর তিন ভরি স্বর্ণালংকার শহরের একটি জুয়েলারি দোকানে বন্ধক রেখে তিন লাখ টাকা দেন। বাকি সাত লাখ টাকা তিন দিনের মধ্যে পরিশোধ করবেন জানালে অভিযুক্ত ব্যক্তিরা বাসা থেকে চলে যান। প্রথম আলো, ২৮ আগস্ট ২০২৫

## ১৭৭. যশোরে চাঁদার জন্য এক পরিবারের ৫ জনকে কোপাল বিএনপি নেতা, নিহত ১



যশোরের মনিরামপুরে পাঁচ হাজার টাকা চাঁদা দাবি করে না পেয়ে এক পরিবারের পাঁচ জনকে কুপিয়ে ও পিটিয়ে আহত করার ঘটনা ঘটেছে। মনিরামপুর পৌর বিএনপির শ্রম বিষয়ক সম্পাদক ছাব্বির হোসেন ওরফে বড় ছাব্বিরের নেতৃত্বে এই হামলা চালানো হয়েছে বলে জানা গেছে। শুক্রবার (২৯ আগস্ট) দিবাগত মধ্যরাতে ঢাকায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মিন্টু হোসেন (৪০) নামে এক ভ্যান চালকের মৃত্যু হয়েছে। নিহত মিন্টু হাকোবা গ্রামের আব্দুল আজিজের ছেলে। হামলার শিকার মিন্টুর দুই ভাই সেন্টু ও পিকুল যশোর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। তাদের মধ্যে সেন্টুর অবস্থা আশঙ্কাজনক। ইত্তেফাক, ৩০ আগস্ট ২০২৫

### ১৭৮. প্রেমিক যুগল থেকে আদায় করা ৫০ হাজার টাকা নিয়ে ছাত্রদল-স্বেচ্ছাসেবক দলের সংঘর্ষ

প্রেমিক যুগল থেকে আদায় করা ৫০ হাজার টাকা নিয়ে বিরোধের জেরে গাইবান্ধার গোবিন্দগঞ্জের কামারদহ ইউনিয়ন ছাত্রদল সভাপতি মাহমুদ হাসানের সার ও কীটনাশকের দোকানে ভাঙচুর করেছেন স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মীরা। এ সময় উভয় পক্ষের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। সোমবার (১ সেপ্টেম্বর) সন্ধ্যা ৬টার দিকে ইউনিয়নের চাপড়িগঞ্জ বাজারে এ ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের অন্তত ১৪ জন আহত হয়েছেন বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা যায়, সম্প্রতি উপজেলার বান্না গ্রামে এক প্রেমিক যুগলকে আটক করে সালিশ ডেকে ৫০ হাজার টাকা নিয়ে বিষয়টি মীমাংসা করেন উপজেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক হাসানুর ইসলাম রিপন। ওই টাকা নিয়ে ছাত্রদল নেতা মাহমুদ হাসানের সঙ্গে রিপনের বিরোধ শুরু হয়। এর জের ধরে রিপন তার লোকজন নিয়ে মাহমুদের দোকানে হামলা চালান। এ সময় দোকানে থাকা লোকজন বাধা দিলে উভয়পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। বাংলা ট্রিবিউন, ২ সেপ্টেম্বর ২০২৫

### ১৭৯. অটোরিকশা স্ট্যান্ডে চাঁদাবাজির অভিযোগের পর বিএনপি নেতাকে বহিষ্কার

লক্ষ্মীপুরের রায়পুর উপজেলায় একটি অটোরিকশা স্ট্যান্ডে চাঁদাবাজির অভিযোগ ওঠার পর এক বিএনপি নেতাকে দল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। তাঁর নাম হুমায়ুন কবির। তিনি রায়পুর পৌর বিএনপির ১ নম্বর ওয়ার্ডের সাংগঠনিক সম্পাদক পদে ছিলেন। এর আগে গত সোমবার রায়পুর অটোরিকশা স্ট্যান্ডে চাঁদাবাজির অভিযোগ তুলে হুমায়ুন কবিরকে মারধর করেন চালক-শ্রমিকেরা। একপর্যায়ে পালিয়ে আত্মরক্ষা করেন তিনি। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমেও ছড়িয়ে পড়ে। প্রথম আলো, ১০ সেপ্টেম্বর ২০২৫

### ১৮০. চাঁদা না পেয়ে মারধর, তাঁতী দলের নেতাকে গ্রেপ্তারের দাবিতে থানায় অবস্থান গ্রামবাসীর

রাজশাহীর বাগমারায় চাঁদা না পেয়ে এক ব্যক্তিকে মারধরের অভিযোগ উঠেছে ইউনিয়ন তাঁতী দলের এক নেতার বিরুদ্ধে। মারধরে আহত নারায়ণ ভবানী (৫৫) নামের ওই ব্যক্তি বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন। ঘটনার পর গ্রামের লোকজন তাঁতী দলের নেতাকে গ্রেপ্তারের দাবিতে থানা চত্বরে গিয়ে অবস্থান নেন। পরে জড়িত ব্যক্তিকে গ্রেপ্তারের আশ্বাস দিলে তাঁরা থানা ত্যাগ করেন। অভিযুক্ত নবাব হোসেন ওরফে বাচ্চু (৩০) জাতীয়তাবাদী তাঁতী দলের গোবিন্দপাড়া ইউনিয়ন শাখার যুগ্ম সাধারণ সম্পাদক। তাঁর বিরুদ্ধে চাঁদাবাজিসহ নানা অভিযোগ আছে বলে জানিয়েছেন পুলিশ, স্থানীয় জনপ্রতিনিধি ও বাসিন্দারা। প্রথম আলো, ১৬ সেপ্টেম্বর ২০২৫

### ১৮১. সিলেটে চাঁদাবাজি মামলায় মহানগর ছাত্রদল নেতা কারাগারে



চাঁদাবাজি ও হুমকি-ধমকির মামলায় সিলেট মহানগর ছাত্রদলের নেতা ফাহিম আহমদকে গ্রেফতারের পর কারাগারে পাঠিয়েছে পুলিশ। ফাহিম শামীমাবাদ আবাসিক এলাকার বাসিন্দা এস এম হানিফের ছেলে ও সিলেট মহানগর ছাত্রদলের ছাত্রবিষয়ক সম্পাদক। পুলিশ জানান, ২০২৩ সালে দায়েরকৃত একটি মামলায় ফাহিমের বিরুদ্ধে ওয়ারেন্ট জারি হয়েছে। সেই ওয়ারেন্টে তাকে গ্রেফতার করা হয়। ফাহিমের বিরুদ্ধে চাঁদাবাজি ছাড়াও শামীমাবাদ আবাসিক এলাকায় এক প্রবাসীর বাসা দখলের অভিযোগ রয়েছে বলে পুলিশ জানিয়েছে। নয়া দিগন্ত, ১৬ সেপ্টেম্বর ২০২৫

### ১৮২. এক বছরে কোটিপতি উখিয়ার যুবদল নেতা



কক্সবাজারের উখিয়ার যুবদল নেতা আরফাত চৌধুরী দখল, চাঁদাবাজি, চোরাচালান ও পাহাড় কেটে মাটি বিক্রি করে এক বছরেই কয়েক কোটি টাকার মালিক বনে গেছেন। সমুদ্র পথে মিয়ানমারে বিক্রি নিষিদ্ধ বিভিন্ন পণ্য পাচার করে বিনিময়ে ইয়াবা আনছেন। গত বছরের ৫ আগস্ট পটপরিবর্তনের পর এক বছরে তিনি গাড়ি-বাড়ি করেছেন। উখিয়ার যেখানেই দখল বা দাঙ্গা-হাঙ্গামা, সেখানেই উঠে আসে আরফাতের নাম। নিবন্ধন ছাড়া তিনি উখিয়া ডিগ্রি কলেজের শিক্ষকও হয়েছেন।উখিয়া উপজেলা যুবদল ও ছাত্রদলের সাবেক আহ্বায়ক এবং জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আরফাত চৌধুরী ৫ আগস্টের পর অপরাধ জগতের অঘোষিত 'সম্রাট' হিসাবে আবির্ভূত হয়েছেন। তার বিরুদ্ধে মাদক বাণিজ্য, পাহাড়কাটা, চাঁদাবাজি, দখলবাজি, থানায় দালালি, মামলা বাণিজ্য, ভূমি অফিস ও ইউএনও অফিসসহ পরিবহন সেক্টরে একচ্ছত্র আধিপত্য বিস্তারের অভিযোগ রয়েছে। তিনি তার অপকর্মকে জায়েজ করতে একেক সময় একেক পরিচয় ব্যবহার করেন। কখনো কলেজ শিক্ষক, কখনো সাংবাদিক, কখনো শ্রমিক নেতা, কখনো যুবদল নেতা হিসাবে পরিচয় দেন। স্থানীয়ভাবে তিনি 'ডাম্পার আরফাত' নামেও পরিচিত। তবে সব পরিচয়কে ছাপিয়ে নতুন পরিচয় পেয়েছেন 'লাঠিয়াল বাহিনীর নেতা' হিসাবে। যুগান্তর, ১৭ সেপ্টেম্বর ২০২৫

### ১৮৩. আ.লীগ নেত্রীকে রক্ষায় কোরআন ছুঁয়ে ২ লাখ চাঁদা নিলো বিএনপি নেতা

কক্সবাজার শহরে আলোচিত-সমালোচিত এক নিষিদ্ধ আওয়ামী লীগ নেত্রীকে রক্ষার আশ্বাস দিয়ে দুই লাখ টাকা চাঁদা নিয়েছেন বিএনপি নেতা নুর উদ্দিন।

পবিত্র কোরআন শরীফ মাথায় রেখে বর্তমান সরকারের সময়ে সকল ধরনের মামলা, মব ও রাজনৈতিক, সামাজিক সমস্যা থেকে বাঁচানোর শপথ করে সেই টাকা গ্রহণ করার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘুরে বেড়াচ্ছে। অভিযুক্ত নুর উদ্দিন শহরের ১ নম্বর ওয়ার্ডের পূর্ব শাখার সাধারণ সম্পাদক। গোপনে ভিডিওটি ধারণ করা হয়েছে শহরের ১ নম্বর ওয়ার্ডের সমিতি পাড়ার আওয়ামী লীগ নেত্রী রোজিনা আক্তারের বসত ঘরে। সেই ভিডিওতে রোজিনা ও অভিযুক্ত নূর উদ্দিনকে দেখা যাচ্ছে। ওইসময় রাজনৈতিক ও পুলিশি হয়রানি থেকে রক্ষা করার আশ্বাস দিতে মাথায় কোরআন নিয়ে শপথ বাক্য পাঠ করছেন নুর উদ্দিন। এরপর রোজিনার হাত থেকে নগদ দুই লাখ টাকাও বুঝে নিচ্ছেন তিনি। দেশ রূপান্তর, ১৮ সেপ্টেম্বর ২০২৫

**১৮৪. ৩ লাখ টাকা চাঁদা নিলেন বিএনপি নেতা, বক্তব্য জানতে চাইলে সাংবাদিককে বললেন, 'আপনার কাছ থেকেও নেব'**



রাজশাহীর বাঘা উপজেলার এক কিটনাশক ব্যবসায়ীর কাছ থেকে তিন লাখ টাকা চাঁদা নেওয়া এবং প্রাণনাশের হুমকির অভিযোগ উঠেছে বাউসা ইউনিয়ন বিএনপির সভাপতি মো: রেজাউল করিমের বিরুদ্ধে। এ বিষয়ে মন্তব্য নিতে যোগাযোগ করা হলে সাংবাদিককে অকথ্য ভাষায় গালিগালাজ করে বলেন, 'চাঁদা নিয়েছি, আপনার কাছ থেকেও নেবো'। ভুক্তভোগীর নাম মো: রবিউল হাসান। তিনি একই এলাকার ব্যবসায়ী। রবিউল অভিযোগ করে বলেন, আদালতের নির্দেশে পূর্বের একটি জের মামলা আপস-মীমাংসা হওয়ার পরও বিবাদী মো: রেজাউল করিম পূর্ব শত্রুতার জেরে তার কাছ থেকে পুনরায় তিন লাখ টাকা চাঁদা দাবি করেন। তিনি বলেন, চাঁদা দিতে অস্বীকৃতি জানালে রেজাউল করিম একাধিকবার তাকে প্রাণনাশের হুমকি দেন, যার অডিও প্রমাণ তার মোবাইলে সংরক্ষিত রয়েছে। হুমকি দিয়ে তিনি ইতোমধ্যে তার কাছ থেকে এক লাখ টাকা ব্যাংকের মাধ্যমে আদায় করেছেন বলেও জানান রবিউল। এছাড়া দুই লাখ টাকা ক্যাশ নিয়েছেন। ডেইলি ক্যাম্পাস, ১৯ সেপ্টেম্বর ২০২৫

**১৮৫. ফরিদপুরে হামলা ও চাঁদাবাজির মামলায় গ্রেপ্তারের পর যুবদল নেতা বহিষ্কার**

ফরিদপুরে মাহিন্দ্র স্ট্যান্ডে চাঁদাবাজি, হামলা ও ভাঙচুরের ঘটনায় গ্রেপ্তারের পর জেলা যুবদলের সহসভাপতি মাসুদুর রহমান ওরফে লিমনকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। আজ বুধবার সন্ধ্যায় যুবদলের কেন্দ্রীয় সহদপ্তর সম্পাদক মিনহাজুল ইসলাম ভূঁইয়া স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, দলীয় নীতি ও আদর্শপরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার

সুস্পষ্ট অভিযোগে ফরিদপুর জেলা যুবদলের সহসভাপতি মাসুদুর রহমানকে প্রাথমিক সদস্যপদসহ সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় সভাপতি আবদুল মোনায়েম (মুন্না) ও সাধারণ সম্পাদক মোহাম্মদ নূরুল ইসলাম (নয়ন) ইতিমধ্যে এ সিদ্ধান্ত কার্যকর করেছেন। প্রথম আলো, ২৪ সেপ্টেম্বর ২০২৫

**১৮৬. চাঁদাবাজির মামলায় সাবেক যুবদল নেতা গ্রেপ্তার**



বগুড়ার শেরপুরে চাঁদাবাজি ও মারধরের অভিযোগে করা মামলায় সাবেক যুবদলের নেতা মোঃ আরমান আলীকে (৩০) গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার আরমান শেরপুর উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য ছিলেন। থানা সূত্রে জানা গেছে, ২০ সেপ্টেম্বর সকালে শেরুয়া দহপাড়া এলাকায় সংঘটিত হামলা ও চাঁদাবাজির ঘটনায় ভুক্তভোগী মোঃ জালু বাদী হয়ে শেরপুর থানায় মামলা করেন। এজাহারে বলা হয়, আসামিরা সংঘবদ্ধ হয়ে দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে বাদী ও তাঁর পরিবারের সদস্যদের ওপর হামলা চালায়। এতে তাঁরা গুরুতর আহত হন এবং নগদ অর্থ ছিনিয়ে নেওয়া হয়। আজকের পত্রিকা, ২৭ সেপ্টেম্বর ২০২৫

**১৮৭. চাঁদাবাজির মামলায় ছাত্রদলের ৪ নেতাকর্মী জেলহাজতে**

নাটোরের বনপাড়ার বনরুপা আবাসিক এলাকায় প্রবাসীর স্ত্রীকে জিম্মি করে চাঁদাবাজির ঘটনায় ছাত্রদলের চার নেতাকর্মীর জামিন নামঞ্জুর করে জেলহাজতে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত।পুলিশ ও ভুক্তভোগীর পরিবার সূত্রে জানা যায়, বনরুপা আবাসিক এলাকার খাদিজা খাতুন নামের এক প্রবাসীর স্ত্রীকে জিম্মি করে ১০ লাখ টাকা চাঁদা দাবি করেন পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ইকবাল ও পৌর ছাত্রদলের সক্রিয় কর্মী বিধান, কামরুল ও রনি। এমনকি অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগ তুলে তাৎক্ষণিকভাবে তাকে গহনা বিক্রি করে ৩ লাখ টাকা চাঁদা দিতে বাধ্য করা হয়। এ ঘটনায় ভুক্তভোগীর পক্ষ থেকে মামলা করা হলে বড়াইগ্রাম থানা পুলিশ তদন্তসাপেক্ষে ঘটনার সত্যতা পায়। কালের কণ্ঠ, ৩০ সেপ্টেম্বর ২০২৫

**১৮৮. বিএনপি নেতার কাছে চাঁদা চাইলেন যুবদল নেতা, থানায় অভিযোগ**

রাজশাহীতে এক যুবদল নেতার বিরুদ্ধে বিএনপির এক নেতার কাছে পাঁচ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে। এ ঘটনায় নগরীর রাজপাড়া থানায় লিখিত অভিযোগ ও কলরেকর্ড থেকে জানা গেছে, বিএনপি নেতা মইফুল ইসলাম চাঁদা দিতে না চাইলে যুবদল নেতা মোফাজ্জল হোসেন শুভ ওরফে কুরুল তাকে

হুমকি দিয়ে বলেছেন, 'তোকে যেখানে পাব, সেখানেই কুপিয়ে মারব।' অভিযুক্ত মোফাজ্জল রাজশাহী মহানগর যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য আর মইফুল ইসলাম শহরের ১৪ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি। হুমকির পর বিএনপি নেতা মইফুল ইসলাম নগরীর রাজপাড়া থানায় যুবদল নেতা মোফাজ্জল ও তার ক্যাডার বাহিনীর ছয় সদস্যের নাম উল্লেখসহ অজ্ঞাতনামা ২০/২৫ জনের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। ইত্তেফাক, ১ অক্টোবর ২০২৫

### ১৮৯. ফেনীতে নিজামের 'ঘাটলা' এখন বিএনপির ঘরে ঘরে

ফেনী শহরের মাস্টারপাড়ার লমি হাজারী বাড়ির সামনে ছোট্ট একটি পুকুর। শানবাঁধানো ঘাট। আছে ছাউনি। স্থানীয় কয়েকজন সেখানে গোসল করছিলেন। পাশের মাঠে একজন ঝালমুড়ি বিক্রি করছিলেন। আরেকজন বিক্রি করছেন পেয়ারা ও জাম্বুরামাখা। এখানে এমন দৃশ্য ২০২৪ সালের ৫ আগস্টের আগে ছিল কল্পনাতীত। যে পুকুরঘাটের কথা বলা হচ্ছে, সেটি ছিল ফেনী ২ আসনের সাবেক সংসদ সদস্য নিজামউদ্দিন হাজারীর 'ঘাটলা'। এখানে বসে ঠিকাদারি কাজ বণ্টন, বিভিন্ন খাতের চাঁদাবাজির হিসাব, দলীয় ও স্থানীয় বিবাদ মীমাংসাসহ নানা কার্যক্রম পরিচালনা করতেন তিনি। জেলার বিভিন্ন এলাকার নানা শ্রেণীপেশার মানুষকে এই ঘাটলায় হাজিরা দিতে হতো। স্থানীয়ভাবে বলা হতো 'ঘাটলার শাসন' ।২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের সঙ্গে সঙ্গে অন্য অনেকের মতো নিজাম হাজারীও পালিয়ে যান। তারপর থেকে নিজাম হাজারীর ঘাটলা এখন বিএনপির ঘরেঘরে। প্রথম আলো, ১ অক্টোবর ২০২৫

### ১৯০. মনপুরায় জেলেদের জিম্মি করে চাঁদাবাজির অভিযোগে যুবদলের সাবেক নেতা গ্রেপ্তার

ভোলার মনপুরা উপজেলায় জেলেদের জিম্মি করে চাঁদাবাজির অভিযোগে যুবদলের সাবেক এক নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার ইসমাইল মুন্সি (৩৫) দক্ষিণ সাকুচিয়া ইউনিয়ন যুবদলের সাবেক প্রচার সম্পাদক। এর আগে গত বৃহস্পতিবার রাতে হানিফ রাঢ়ী নামের এক জেলে চাঁদাবাজি ও মারধরের অভিযোগে ইসমাইল মুন্সিসহ চারজনের বিরুদ্ধে মনপুরা থানায় মামলা করেন। মামলার অন্য তিন আসামি- নোমান মুন্সি, কিরণ ঢালী ও হেলাল মাঝি এখনো পলাতক। মামলার এজাহারে উল্লেখ করা হয়, গত বুধবার উপজেলার চরপাতালিয়ার ভেড়ার খালসংলগ্ন মেঘনা নদীতে মাছ ধরছিলেন হানিফ রাঢ়ীসহ কয়েকজন জেলে। হঠাৎ স্পিডবোটে ইসমাইল মুন্সিসহ চার আসামি এসে জেলেদের নৌকায় উঠে মারধর শুরু করেন। তাঁরা জেলেদের বিরুদ্ধে অবৈধভাবে হরিণের মাংস বহন ও বিষ প্রয়োগে মাছ ধরার অভিযোগ তুলে দুই লাখ টাকা চাঁদা দাবি করেন। চাঁদা না দিলে প্রাণনাশের হুমকি দেন। একপর্যায়ে

আসামিরা জেলেদের জিম্মি করে আড়তদারের কাছ থেকে ৬০ হাজার টাকা আদায় করেন এবং নৌকায় থাকা প্রায় ৫০ হাজার টাকার ইলিশ মাছ ছিনিয়ে নিয়ে যান। প্রথম আলো, ৪ অক্টোবর ২০২৫

**১৯১. চাঁদা না দেওয়ায় স্কুলে তালা দিলেন স্বেচ্ছাসেবক দল নেতা**

জামালপুর সদর উপজেলার দিগপাইত ইউনিয়নে চাঁদা না দেওয়ার জেরে একটি বিদ্যালয়ের মূল ফটকে তালা ঝুলিয়ে দিয়েছেন স্থানীয় স্বেচ্ছাসেবক দলের সভাপতি মকবুল হোসেন (ভুট্টো)। স্থানীয় সূত্রে জানা যায়, দিগপাইত ইউনিয়নের সাইফুল ইসলাম মেধা সিঁড়ি মডেল স্কুলের কর্তৃপক্ষের কাছে গত কয়েকদিন ধরে চাঁদা দাবি করে আসছিলেন মকবুল হোসেন। কিন্তু স্কুল কর্তৃপক্ষ অর্থ দিতে অস্বীকৃতি জানালে সোমবার (৬ অক্টোবর) ক্ষুব্ধ হয়ে তিনি বিদ্যালয়ের প্রধান ফটকে তালা লাগিয়ে দেন। ডেইলি ক্যাম্পাস, ৭ অক্টোবর ২০২৫

**১৯২. বিএনপির প্রয়াত মহাসচিব খন্দকার দেলোয়ারের পরিবারের কাছে 'চাঁদাবাজির ঘটনায়' মামলা**

রাজধানীর মগবাজার এলাকায় বিএনপির সাবেক মহাসচিব প্রয়াত খন্দকার দেলোয়ার হোসেনের পরিবারের সদস্যদের অস্ত্রের মুখে জিম্মি করে চাঁদা আদায়ের অভিযোগ পাওয়া গেছে। অভিযুক্ত ব্যক্তিরা নিজেদের স্থানীয় যুবদল নেতাকর্মী বলে পরিচয় দিয়েছেন বলে অভিযোগে বলা হয়েছে। অভিযোগে বলা হয়েছে, শুক্রবার রাতে যুবদলের কর্মী হিসেবে পরিচয় দেওয়া শাওন (২৫), হাবিব (৩৫), সাজিদ (২২) ও সানি (৩৫) তাদের ফ্ল্যাটে গিয়ে এক লাখ টাকা চাঁদা দাবি করেন। এ সময় শাওন কোমরে থাকা অস্ত্র দেখিয়ে তানজিন হামিদকে ভয়ভীতি দেখান। তানজিন হামিদ বলেন, 'তারা আমাদের পরিচয় জানার পর আরও খারাপ আচরণ করেছে। এমনকি বাচ্চাদের সঙ্গেও খারাপ ব্যবহার করেছে। বাসায় নগদ টাকা না থাকায় তারা ব্যাংকের বুথ থেকে টাকা তুলে দিতে বাধ্য করেছে।' প্রথম আলো, ৭ অক্টোবর ২০২৫

**১৯৩. পদ্মায় মাছ-বালু লুট ও চাঁদাবাজিকে কেন্দ্র করে সংঘর্ষ, গুলিবিদ্ধ ৯**

কুষ্টিয়ার কুমারখালীর পদ্মা নদীতে অবৈধভাবে মাছ ধরা, বালু উত্তোলন ও জেলেদের কাছ থেকে চাঁদা উত্তোলন নিয়ে স্থানীয় দুই পক্ষের দফায় দফায় গোলাগুলির ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের অন্তত ৯ জন গুলিবিদ্ধ হয়েছেন। এসময় বেশকিছু বাড়িতে ভাঙচুর ও লুটপাট করা হয়। আহতরা হলেন বের কালোয়া গ্রামের আনারুলের ছেলে আকরাম হোসেন, দুলাল শেখের ছেলে রাজিব শেখ, আলম মন্ডলের ছেলে আলামিন মন্ডল, বজলু শেখের ছেলে রুহুল আমীন, কুদ্দুস শেখের ছেলে আশিকুর রহমান ও কেরায় শেখের ছেলে তাজিম শেখ। জাগো নিউজ, ৯ অক্টোবর ২০২৫

**১৯৪. যশোরে চাঁদা না পেয়ে কৃষককে কুপিয়ে জখম, অভিযোগ বিএনপির কর্মীদের বিরুদ্ধে**

যশোরের মনিরামপুরে চাঁদা না পাওয়ায় এক কৃষককে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখমের অভিযোগ উঠেছে। আহত কৃষকের নাম আহাদ আলী দফাদার (৭০)। বর্তমানে তিনি যশোর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। পরিবারের অভিযোগ, ছেলে সবুজ আহম্মেদের কাছে চাঁদা না পেয়ে স্থানীয় বিএনপির কর্মীরা তাঁর বাবা আহাদ আলীকে কুপিয়ে জখম করেছেন। সবুজ আহম্মেদ শ্যামকুড় ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের (ইউপি) সদস্য। তিনি ইউনিয়ন যুবলীগের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। প্রথম আলো, ১০ অক্টোবর ২০২৫

**১৯৫. ঢাবির ছাত্রদল নেতার গ্রেপ্তার নিয়ে পুলিশের রাখঢাক, দুপুরে জামিন**

চাঁদাবাজি, অপহরণ ও মারধর করে মুক্তিপণ আদায়ের চেষ্টার অভিযোগে একটি মামলায় ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের জ্যেষ্ঠ যুগ্ম সাধারণ সম্পাদক নাছির উদ্দিন শাওন গতকাল শুক্রবার দুপুরে গ্রেপ্তার হন। শেখ নাঈম আহমেদ নামের একজন ট্রাভেল এজেন্ট চাঁদাবাজি, অপহরণ ও মারধর করে মুক্তিপণ আদায়ের চেষ্টার অভিযোগে বৃহস্পতিবার দিবাগত গভীর রাতে গুলশান থানায় মামলাটি করেন। মামলায় নাছির ছাড়াও আসামি হিসেবে মোহাম্মদ ইদ্রিস, মোহাম্মদ হেলাল নামের দুজনের নাম উল্লেখ করা হয়। পাশাপাশি ৮-১০ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়েছে। নাছির প্রথম আলোকে বলেন, মোহাম্মদ ইদ্রিস ও মোহাম্মদ হেলাল চট্টগ্রাম দক্ষিণ স্বেচ্ছাসেবক দলের রাজনীতির সঙ্গে জড়িত। প্রথম আলো, ১২ অক্টোবর ২০২৫

**১৯৬. 'ছোট ছোট চাঁন্দাবাজি আমি হইতে দিছি, ১৭ বছর আমার নেতা-কর্মী কিছু খায় নাই'**



সম্প্রতি দলের কতিপয় নেতা-কর্মীর চাঁদাবাজি প্রসঙ্গে বরিশাল-২ (বানারীপাড়া-উজিরপুর) আসনে মনোনয়নপ্রত্যাশী বিএনপির কেন্দ্রীয় সদস্য এবং উজিরপুর উপজেলা শাখার সভাপতি সরদার সরফুদ্দিন সান্টু যেখানে বলেন, 'আমি থাকি আর না থাকি, আপনারা এক থাকেন, দল ক্ষমতায় না গেলে কিচ্ছু পাবেন না। এই কয়দিনে যা হইছে, গত এক বছরে ছোট ছোট চাঁন্দাবাজি যা হইছে, এটা আমি হইতে দিছি। আমি কেন হইতে দিছি? এজন্য দিছি যে ১৭ বছর আমার নেতা-কর্মী কিছু খায় নাই।' বাংলানিউজ২৪, ১৪ অক্টোবর ২০২৫

**১৯৭. 'চাঁদা না দেওয়ায়' রাস্তা বন্ধ করলেন বিএনপির দুই নেতা**

চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলায় চার লাখ টাকা চাঁদা না দেওয়ায় চলাচলের রাস্তা বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠেছে বিএনপি ও স্বেচ্ছাসেবক দলের দুই নেতার বিরুদ্ধে। অভিযুক্ত ব্যক্তিরা হলেন মো: নুরুজ্জামান বেপারী ও আশিকুর রহমান। নুরুজ্জামান বেপারী নারায়ণপুর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক এবং আশিকুর রহমান উপজেলা স্বেচ্ছাসেবক দলের কার্যকরী কমিটির সদস্য। লিখিত অভিযোগকারী স্বপন প্রধানের বাড়িও একই গ্রামে। প্রথম আলো, ১৫ অক্টোবর ২০২৫

**১৯৮. চাঁদা না পেয়ে গাজীপুরে রিসোর্টে বন্ধ করে দেওয়ার অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে**

দাবি করা চাঁদা না পেয়ে গাজীপুর মহানগরীর টেক কাথোরা এলাকার একটি রিসোর্ট বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠেছে এক বিএনপি নেতার বিরুদ্ধে। গত বুধবার সকালে রিসোর্টের প্রধান ফটকে এক ট্রাক বালু ফেলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়। হুমকি দেওয়া হয়েছে ওই রিসোর্টের কর্মকর্তা ও কর্মচারীদের। যাঁর বিরুদ্ধে রিসোর্ট বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠেছে, তিনি হলেন মো: রাসেল রানা। তিনি গাজীপুর সিটি করপোরেশনের ২০ নম্বর ওয়ার্ড বিএনপির আহ্বায়ক এবং টেক কাথোরা এলাকার বাসিন্দা। প্রথম আলো, ১৭ অক্টোবর ২০২৫

**১৯৯. চাঁদা না পেয়ে ইমামকে মারধর ও স্ত্রীকে শ্লীলতাহানির অভিযোগে ছাত্রদল নেতা গ্রেপ্তার**

নেত্রকোনার দুর্গাপুরে চাঁদা না পেয়ে মসজিদের ইমামকে মারধর ও তাঁর স্ত্রীকে শ্লীলতাহানির অভিযোগে মো: জহিরুল (২৭) নামে এক ছাত্রদল নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ।এর আগে গতকাল শনিবার রাতে এ ঘটনায় ছাত্রদল নেতা জহিরুলসহ তিনজনের বিরুদ্ধে থানায় মামলা করেন ভুক্তভোগী ইমাম আব্দুল্লাহ আল মামুন। অন্য আসামিরা হলেন উপজেলার সুতিয়াপাড়া গ্রামের মো: পলাশ (২৬) ও মো: রুবেল (৩৫)। গ্রেপ্তার মো: জহিরুল দুর্গাপুর ইউনিয়ন ছাত্রদলের সম্পাদকমণ্ডলীর সদস্য ছিলেন। আজকের পত্রিকা, ১৯ অক্টোবর ২০২৫

**২০০. বিএনপি কর্মী পরিচয়ে জামায়াত নেতার কাছে চাঁদা দাবি ও হত্যার হুমকি, থানায় অভিযোগ**

পিরোজপুরের নেছারাবাদে মো: মাহবুব হোসেন নামে এক জামায়াত নেতার কাছে এক লাখ টাকা চাঁদা দাবি ও রাজনীতি ছাড়তে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। অভিযোগকারী মাহবুব হোসেন বাংলাদেশ জামায়াতে ইসলামী নেছারাবাদ উপজেলার সমুদয়কাঠি ইউনিয়নের সেক্রেটারি। চাঁদা না দিলে তাঁকে

হত্যা করে লাশ খালে ফেলে দেওয়ার হুমকিও দেওয়া হয়েছে বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। অভিযোগে বলা হয়েছে, কামাল ও হাফিজুর দীর্ঘদিন ধরে মাহবুব হোসেনের কাছে চাঁদা দাবি করে আসছেন। টাকা না দিলে রাজনীতি ছাড়তে হবে এবং না মানলে তাঁকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়। আজকের পত্রিকা, ২০ অক্টোবর ২০২৫

**২০১. শরীয়তপুরে ট্রাকচালকদের কাছ থেকে 'চাঁদা আদায়', দুজনকে আটক**

শরীয়তপুরে ট্রাকচালকদের কাছ থেকে চাঁদা আদায় করার সময় দুজনকে আটক করা হয়েছে। স্থানীয় এক যুবদল নেতা আবদুর রশিদ হাওলাদার ও নারায়ণ পোদ্দার নামের দুই ব্যক্তিকে আটক করে পুলিশে দেওয়া হয়। শরীয়তপুর সদরের পালং মডেল থানা সূত্র জানায়, শরীয়তপুর-মাদারীপুর সড়কের মনোহর বাজার মোড় হয়ে চট্টগ্রাম অঞ্চল ও জেলার বিভিন্ন অঞ্চলের যানবাহন চলাচল করে। কয়েক দিন ধরে সদর উপজেলার মনোহর বাজার মোড় এলাকায় কয়েক ব্যক্তি ট্রাক থেকে চাঁদা আদায় করছিলেন। প্রথম আলো, ২০ অক্টোবর ২০২৫

**২০২. জেলেদের জিম্মি করে ৫০ হাজার টাকার চাঁদা দাবি, ১০ হাজারে মুক্তি**

পটুয়াখালীর দশমিনায় দেশীয় অস্ত্রের মুখে জেলেদের জিম্মি করে ৫০ হাজার টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে এক ছাত্রদল নেতার বিরুদ্ধে। পরে ১০ হাজার টাকা চাঁদার বিনিময়ে ওই জেলেদের মুক্তি দেওয়া হয়। এমন ঘটনা ঘটেছে উপজেলার চর বোরহান ইউনিয়নের পাগলার বাজার এলাকায়। অভিযুক্ত ছাত্রদলনেতার নাম মোঃ রেজাউল গাজী। সে চর বোরহান ইউনিয়ন ছাত্রদলের সভাপতি। এনটিভি অনলাইন, ২১ অক্টোবর ২০২৫

**২০৩. পুলিশকে 'জিম্মি করে চাঁদা দাবি', স্বেচ্ছাসেবক দলের নেতাসহ গ্রেপ্তার ২**

কুমিল্লার দেবিদ্বারে আবু কাউছার নামে এক পুলিশ সদস্যকে আটকে রেখে ২ লাখ টাকা চাঁদা দাবির মামলায় দেবিদ্বার পৌর স্বেচ্ছাসেবক দলের সাবেক সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন বিল্লু ও তার সহযোগী জালাল উদ্দিনকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ ও মামলার এজাহার সূত্রে জানা যায়, পুলিশ সদস্য আবু কাউছারকে সম্প্রতি তার আপন চাচি আমেনা বেগম জমি কেনার কথা বলে দেবিদ্বার সদরে ডেকে আনেন। ছোট আলমপুর এলাকার একটি জমি দেখানোর পর জমি পছন্দ না হওয়ায় কাউছার চলে যেতে চান। তবে তাকে আলমপুর ক্বারীমিয়া মাদ্রাসা সংলগ্ন আব্দুল বারেক ভিলার পঞ্চম তলায় নিয়ে যান আমেনা বেগম। সেখানে পৌঁছানোর পরই বিল্লালের নেতৃত্বে হেলাল খান ও কামাল হোসেনসহ কয়েকজন মিলে কাউছারকে একটি কক্ষে আটকে রাখে। কিছুক্ষণ পর তার সাবেক স্ত্রী তাছলিমা আক্তার সেখানে উপস্থিত হন। তারা

সবাই মিলে কাউছারের বিভিন্ন ভিডিও ধারণ করে ২০ লাখ টাকা দেনমোহরে আবারও বিয়ে করতে চাপ সৃষ্টি করেন। বিয়ে করতে অস্বীকৃতি জানালে মারধর ও ভিডিও ফাঁসের হুমকি দেন এবং পরে ২ লাখ টাকা চাঁদা দাবি করেন। ইত্তেফাক, ২১ অক্টোবর ২০২৫

## ২০৪. বিএনপি নেতার বিরুদ্ধে ১০ লাখ টাকা চাঁদা দাবি কৃষকদল নেতার

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় মোগড়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও মোগড়া ইউনিয়ন বিএনপি'র সভাপতি মো: নান্নু মিয়ার বিরুদ্ধে ১০ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ এনে সংবাদ সম্মেলন করেছে বালু ইজারাদার ও উপজেলা কৃষকদলের সদস্য সচিব মোঃ বাহাদুর হোসেন তিতাস। বৃহস্পতিবার (২৩ অক্টোবর) দুপুরে পৌর শহরের মসজিদ পাড়া নিজ অফিসে সংবাদ সম্মেলন করে এ অভিযোগ করেন সিনান এন্টারপ্রাইজ এর স্বত্বাধিকারী মো: বাহাদুর হোসেন তিতাস। দেশ রূপান্তর, ২৩ অক্টোবর ২০২৫

## ২০৫. বিএনপি ও যুবদল নেতার ১০ লাখ টাকা চাঁদা দাবি: ভিডিও-অডিও ফেসবুকে ভাইরাল



সিলেটের কানাইঘাটের এক পাথর ব্যবসায়ীকে মামলা থেকে অব্যাহতি দেওয়ার নামে ১০ লাখ টাকা চাঁদা দাবির গুরুতর অভিযোগ উঠেছে উপজেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক জাকারিয়া হাবিব জাকু এবং জেলা যুবদলের সহ-সাংস্কৃতিক সম্পাদক গিয়াস উদ্দিনের বিরুদ্ধে। চাঁদা দাবির ভিডিও ও অডিও রেকর্ড সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়েছে। অভিযোগকারী কয়ছর আহমদ কানাইঘাট উপজেলার ৩নং দিঘীরপাড় ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সাবেক মেম্বার ও একজন প্রতিষ্ঠিত পাথর ব্যবসায়ী। জনকণ্ঠ, ২৪ অক্টোবর ২০২৫

## ২০৬. রাঙ্গাবালীতে যুবদল নেতার তাণ্ডবে অতিষ্ঠ এলাকাবাসী



পটুয়াখালীর রাঙ্গাবালী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড যুবদলের সভাপতি মো: রুমানের বিরুদ্ধে জমি দখল, নারী কেলেঙ্কারি, চাঁদাবাজি, নির্যাতনের অভিযোগ উঠেছে।গত বছরের ৫ আগস্টের পর থেকে এলাকাবাসীর ত্রাসে পরিণত হয়েছেন তিনি। নাম প্রকাশ না করার শর্তে ভুক্তভোগীরা বলেছেন, আমরা সাধারণ মানুষ, কখনও আওয়ামী লীগ করিনি। কিন্তু আমাদেরকে বলা হয়েছে, আমরা নাকি

আওয়ামী লীগ করি, আমাদের নামে মামলা হয়েছে। আসলে আমাদের নামে কোনো মামলা হয়নি। আমাদের কাছ থেকে ৫ থেকে ১০ হাজার টাকা করে চাঁদা নেওয়া হয়েছে। ঢাকা মেইল, ২৪ অক্টোবর ২০২৫

**২০৭. নেত্রকোনায় শ্রমিক দল নেতার বিরুদ্ধে জেলের নৌকা আটকে চাঁদা দাবির অভিযোগ**

নেত্রকোনার খালিয়াজুরিতে ধনু নদে মাছ ধরতে যাওয়া এক জেলের নৌকা আটকে পাঁচ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে স্থানীয় শ্রমিক দল নেতা কামরুল মিয়ার বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী জেলে গতকাল শনিবার খালিয়াজুরি থানায় লিখিত অভিযোগ করেছেন। অভিযোগে কামরুল মিয়াসহ অন্তত ১৫ জনের নাম উল্লেখ করা হয়েছে। অভিযুক্ত কামরুল মিয়া খালিয়াজুরি উপজেলার গাজীপুর ইউনিয়ন শ্রমিক দলের সভাপতি। তিনিসহ অন্য অভিযুক্ত ব্যক্তিরা পাঁচহাট গ্রামের বাসিন্দা। অভিযোগকারী জেলে মো: মামুন মিয়াও একই গ্রামের বাসিন্দা। প্রথম আলো, ২৬ অক্টোবর ২০২৫

**২০৮. চাঁদা না দেওয়ায় দোকানে হামলার অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে**

নওগাঁর আত্রাইয়ে চাঁদা না পেয়ে ছাত্রদল নেতার নেতৃত্বে দলবেঁধে একটি ঔষধের দোকানে হামলা, ভাঙচুর ও ব্যবসীকে মারধরের অভিযোগ উঠেছে। এরআগে সোমবার (২০ অক্টোবর) বিকেলে উপজেলার পতিসর বাজারে মুক্তি ফার্মেসীর স্বত্বাধিকারী ফিরোজ কবির ও তার ভাই একরামুল হকের ওপর এই হামলার ঘটনা ঘটে। এতে গুরুতর আহত হয় তারা। প্রকাশ্যে এমন হামলার ঘটনার পর থেকেই স্থানীয়দের মাঝে এক ধরনের আতঙ্ক বিরাজ করছে। এদিকে হামলার ঘটনায় ওই ছাত্রদল নেতাসহ কয়েকজনের নাম উল্লেখ করে অজ্ঞাত আর ১০-১২ জনের নামে থানায় মামলা করা হয়েছে। হামলাকারীরা ওই ছাত্রদল নেতার নাম রিফাত হোসেন। তিনি আত্রাই মোল্লা আজাদ মেমোরিয়াল সরকারি কলেজ শাখা ছাত্রদলের সভাপতি। সময়ের কন্ঠস্বর, ২৮ অক্টোবর ২০২৫

**২০৯. বিএনপি নেতার বিরুদ্ধে বিচার-সালিশের নামে টাকা আত্মসাৎসহ নানা অনিয়ম-দুর্নীতির অভিযোগ**



চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলার ২নং নায়েরগাঁও দক্ষিণ ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদের বিরুদ্ধে একের পর এক দুর্নীতি, অনিয়ম ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ উঠেছে। সম্প্রতি ঐ ইউনিয়নের বিভিন্ন জায়গায় পোস্টার লাগানো হয়েছে, সেখানে দেখা যায়, তিনি বিভিন্নভাবে সাধারণ মানুষের সঙ্গে

প্রতারণা করে বিপুল অর্থসম্পদের মালিক হয়েছেন। মতলব দক্ষিণ থানার অফিসার ইনচার্জের (ওসি) নামে একজন ভুক্তভোগীর কাছ থেকে টাকা হাতিয়ে নেওয়া, বন বিভাগের গাছ কেটে বিক্রি করা, ন্যায্যমূল্যের চাল গোপনে বাইরে বিক্রি, সাধারণ মানুষকে ভয়ভীতি দেখিয়ে অর্থ আদায় এবং বিচার-সালিশের নামে টাকা আত্মসাৎসহ একাধিক অনিয়মে জড়িত। জনকণ্ঠ, ২ নভেম্বর ২০২৫

**২১০. দশমিনায় যুবদল নেতার বিরুদ্ধে সংখ্যালঘুর দোকান দখল ও চাঁদা দাবি**

পটুয়াখালীর দশমিনায় এক সংখ্যালঘূ পরিবারের দোকানঘর দখল করে আড়াই লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে এক যুবদল নেতার বিরুদ্ধে। দশমিনা উপজেলা প্রেসক্লাব ভবনে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মন্দিরা রানী শীল। তিনি বলেন, ২০২৪ সালের আগস্টের পর থেকে স্থানীয় হানিফ সিকদারের ছেলে ও দশমিনা সদর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক পদপ্রার্থী কামরুজ্জামান টিপু (৪০) দলীয় প্রভাব খাটিয়ে দশমিনা সদর ইউনিয়নের আরজবেগী বাজারে তাদের জমি দখলের পায়তারা চালিয়ে আসছেন।সম্প্রতি কামরুজ্জামান টিপু ও তার ৫-৬ জন সহযোগী আরজবেগী প্রধান সড়কের পাশে কিছু জমি নিজেদের দাবি করে ওই জমি ছেড়ে দেওয়ার জন্য হুমকি-ধামকি প্রদান করেন। পরে শালিশ বৈঠকের নামে ভয়ভীতি দেখিয়ে টিপু মন্দিরা রানীর মা সবিতা রানী শীলের কাছ থেকে ২৮ হাজার টাকা নিয়ে সাদা কাগজে স্বাক্ষর করিয়ে নেন। অভিযোগ রয়েছে, ওই কাগজে দুটি দোকানঘরের দুটি কক্ষ বিক্রির মিথ্যা বিবরণ দিয়ে গত ১ অক্টোবর ২০২৫ তারিখে দোকানগুলো দখল করে তালা ঝুলিয়ে দেন টিপু। জনকণ্ঠ, ৩ নভেম্বর ২০২৫

**২১১. নির্বাচনডা হোক তোরে মাইরা ফেলামু, স্বেচ্ছাসেবক দল নেতার অডিও**



এক হাজার টাকা দিবি ক্যান, যা কইছি তাই দিবি। খালি নির্বাচনডা হোক, পরে তোরে মাইরা ফেলামু; মোবাইলে বস্তির এক বাসিন্দাকে এভাবেই গালিগালাজসহ হুমকির অভিযোগ উঠেছে রুপনগর থানা স্বেচ্ছাসেবক দলের নব নির্বাচিত কমিটির যুগ্ম আহবায়ক ও ৬ নম্বর ওয়ার্ড (আঞ্চলিক) স্বেচ্ছাসেবক দলের সভাপতি হারুন অর রশিদের বিরুদ্ধে। তিনি বিএনপির কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক আমিনুল হকের অনুসারি। যুগান্তর, ৩ নভেম্বর ২০২৫

**২১২. সরকারি রাস্তার কাজে স্বেচ্ছাসেবকদল নেতার চাঁদা দাবির অভিযোগ**

বগুড়ার গাবতলী উপজেলায় মহিষাবান ইউনিয়নের কনিপাড়া গ্রামে রাস্তার নির্মাণকাজকে কেন্দ্র করে স্বেচ্ছাসেবকদল নেতাসহ তিনজনের বিরুদ্ধে চাঁদাবাজি,



হুমকি-ধামকি ও মারধরের চেষ্টা করার অভিযোগ উঠেছে। অভিযুক্তরা হলেন, গাবতলী উপজেলা মহিষাবান ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ও কনিপাড়া গ্রামের উজ্জ্বল হোসেন (৩২), একই এলাকার এলাকার সিদ্দিক (৩০) ও দিলু (৩৫)। দেশ রূপান্তর, ৯ নভেম্বর ২০২৫

**২১৩. বিএনপির সম্ভাব্য প্রার্থী আইনুল হকের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ**

রাজনৈতিক 'ট্যাগ' দিয়ে কলেজ শিক্ষককে হয়রানির অভিযোগ উঠেছে সিরাজগঞ্জ-৩ (রায়গঞ্জ) আসনে বিএনপির সম্ভাব্য প্রার্থী আইনুল হকের বিরুদ্ধে। শিক্ষকের কাছে ১০ লাখ টাকা চাঁদা নেওয়ার পর আরও ১০ লাখ টাকা দাবি করা হয়েছে। চাঁদা না দেওয়ায় কলেজে যেতে বাধা দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেছেন ওই শিক্ষক। সমকাল, ৯ নভেম্বর ২০২৫

**২১৪. শ্রমিক দল সভাপতির বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগে বিক্ষোভ**

পাবনার চাটমোহর উপজেলা শ্রমিক দলের সভাপতি মোস্তাজ আহমেদের বিরুদ্ধে চাঁদাবাজি, জমি ও জলাশয় দখলসহ বিভিন্ন অনিয়মের অভিযোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে বিএনপি ও এর সহযোগী সংগঠনের একাংশের নেতা-কর্মীরা। সমাবেশে বক্তারা অভিযোগ করেন, শ্রমিক দলের সভাপতি পরিচয় ব্যবহার করে মোস্তাজ আহমেদ দীর্ঘদিন ধরে চাঁদাবাজি, এলাকায় সালিসের নামে অর্থ আদায়, জমি ও জলাশয় দখল, থানায় দালালি এবং নিজ দলের নেতা-কর্মীদের ওপর নির্যাতনসহ বিভিন্ন অপকর্ম করছেন। তথ্যসূত্র:আজকের পত্রিকা, ১০ নভেম্বর ২০২৫

**২১৫. ছাত্রদল নেতার বালুর ড্রেজারে ভাঙচুর ও চাঁদাবাজির অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে**




গাজীপুরের টঙ্গীতে বালুর ড্রেজার ব্যবসায়ী মোঃ লুৎফর রহমান রাজু ওপর স্থানীয় একদল সন্ত্রাসীর বিরুদ্ধে চাঁদাবাজি ও হামলার অভিযোগ করেছেন। অভিযোগ সূত্রে জানা যায়, টঙ্গীর বড় দেওড়া এলাকার বাসিন্দা লুৎফর রহমান রাজু, যিনি টঙ্গী পশ্চিম থানা ছাত্রদলের সাবেক আহ্বায়ক সদস্য। দীর্ঘদিন ধরে বালু ব্যবসার সঙ্গে জড়িত তিনি। সম্প্রতি একই এলাকার মোঃ জাহাঙ্গীর (৫২), মোঃ মনির হোসেন, মোঃ আব্বাসসহ আরও ১০-১৫ জন অজ্ঞাতনামা ব্যক্তি তার কাছে নিয়মিত চাঁদা দাবি করে আসছিলেন। চাঁদা দিতে অস্বীকৃতি জানালে গতকাল সোমবার (১১ নভেম্বর)

সকাল সাড়ে ১১টার দিকে তারা দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে রাজুর ড্রেজার ঘাটে হামলা চালায়, ভাঙচুর করে এবং প্রাণনাশের হুমকি দেয় বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। এতে ব্যবসায়ীর উল্লেখযোগ্য আর্থিক ক্ষয়ক্ষতি হয়। ডেইলি ক্যাম্পাস, ১১ নভেম্বর ২০২৫

**২১৬. সারাদেশে চাঁদাবাজিতে বিএনপির পোলাপান**

বিতর্ক যেন পিছু ছাড়ছে না নারায়ণগঞ্জ-৩ (সোনারগাঁ-সিদ্ধিরগঞ্জ) আসনে বিএনপির মনোনয়ন পাওয়া প্রার্থী আজহারুল ইসলাম মান্নানকে।'আজহারুল ইসলাম মান্নানের পক্ষে কাজ করবেন। ব্যত্যয় হলে অবস্থা খারাপ হয়ে যাবে' নেতাকর্মীদের উদ্দেশে তাঁর জামাতা মাসুম বিল্লাহর এমন হুমকির রেশ কাটতে না কাটতেই সামাজিক মাধ্যমে ছড়িয়েছে খোদ মান্নানের মোবাইল ফোনে কথোপকথনের একটি অডিও। যেখানে নিজের বিরুদ্ধে চাঁদাবাজি, দখলবাজির অভিযোগের জবাব দেওয়ার এক পর্যায়ে মান্নান বলেন, সারা বাংলাদেশেই বিএনপির পোলাপান করে। ঢাকাতে মির্জা আব্বাসের পোলাপান হগল (সবাই) করে, দেখতে চান আপনে? সম্প্রতি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া এই কথোপকথন একজন সাংবাদিক ও আজহারুল ইসলাম মান্নানের। সমকাল, ১২ নভেম্বর ২০২৫

**২১৭. গাজীপুরে বিএনপি নেতার 'চাঁদাবাজির' ভিডিও ভাইরালের পর বাড়িছাড়া**



গাজীপুর মহানগর বিএনপির সভাপতি মো: শওকত হোসেন সরকারের টাকা লেনদেনের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছিল। অভিযোগ উঠেছে, তিনি চাঁদার টাকা লেনদেন করেছিলেন। গোপনে ধারণ করা ওই ভিডিও ছড়িয়ে পড়ার পর বিএনপি নেতার ভয়ে বাড়িছাড়া দলের এক কর্মী। অন্যদিকে শওকত হোসেনের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ আনার পর থেকে বাড়িছাড়া দলের আরেক কর্মী। ভুক্তভোগী দুজন হলেন কাশিমপুর থানা স্বেচ্ছাসেবক দলের সদস্য শেখ শহিদুল ইসলাম ও কাশিমপুর থানার জিয়া মঞ্চের সভাপতি আফজাল হোসেন। এর মধ্যে ছড়িয়ে পড়া ভিডিওতে মহানগর বিএনপির সভাপতি শওকত হোসেন সরকারের সঙ্গে আফজাল হোসেনকে দেখা গিয়েছিল। প্রথম আলো, ১৩ নভেম্বর ২০২৫

**২১৮. আজিমপুর কবরস্থানে চাঁদাবাজির অভিযোগে বিএনপি নেতা গ্রেপ্তার**

রাজধানীর আজিমপুর পুরাতন কবরস্থানে চাঁদাবাজির অভিযোগে ২৩ নম্বর ওয়ার্ড বিএনপির সহ-সভাপতি আরমান মিয়াকে গ্রেপ্তার করেছে পুলিশ। লালবাগ থানার



অফিসার ইনচার্জ (ওসি) মোস্তফা বিষয়টি নিশ্চিত করে বলেন, এ ঘটনায় গ্রেপ্তারকৃতের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাকি আসামিদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনা হবে। ইত্তেফাক, ১৬ নভেম্বর ২০২৫

**২১৯. কুষ্টিয়ায় পদ্মা নদীতে চাঁদা তুলতে গিয়ে নিখোঁজ শ্রমিক দল নেতা**

কুষ্টিয়ায় পদ্মা নদীতে বালুবাহী ট্রলারে চাঁদা তুলতে গিয়ে আরেক ট্রলারের ধাক্কায় পানিতে পড়ে নিখোঁজ হয়েছেন জেলা শ্রমিক দলের যুগ্ম-সম্পাদক আবেদুর রহমান আন্নু (৫৬)। তবে আন্নুর পরিবারের পক্ষ থেকে এটিকে পরিকল্পিত ঘটনা বলে দাবি করা হচ্ছে। স্থানীয় সূত্র জানায়, রোববার বেলা ১১টার দিকে কুষ্টিয়া জেলা শ্রমিক দলের যুগ্ম-সম্পাদক আবেদুর রহমান আন্নুসহ কয়েকজন একটি ছোট নৌকায় করে পদ্মা নদীতে বালুবাহী ট্রলার থেকে টাকা তুলতে যান। পদ্মা নদীর গোপীনাথপুর এলাকায় পৌঁছুলে একটি বড় বালু বোঝাই ট্রলার হঠাৎ করে ওই ছোট নৌকাটিকে ধাক্কা দিলে সেটি ডুবে যায়। এ সময় নৌকার মাঝি এবং অন্যরা বালু বোঝাই ট্রলারে উঠে প্রাণ রক্ষা করতে পারলেও শ্রমিকদল নেতা আবেদুর রহমান আন্নু স্রোতের টানে ভেসে যান। পরে স্থানীয় ডুবুরিরা উদ্ধারকাজে ব্যর্থ হলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে খবর দেয়া হয়। আমার দেশ, ১৬ নভেম্বর ২০২৫

**২২০. রাজশাহীতে গ্রেপ্তারের পর স্বেচ্ছাসেবক দল নেতাকে বহিষ্কার, চাঁদাবাজিসহ নানা অভিযোগ**

রাজশাহীতে গ্রেপ্তার হওয়ার পর স্বেচ্ছাসেবক দল নেতা রফিকুল ইসলামকে (৩০) দল থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল রোববার জেলা স্বেচ্ছাসেবক দলের পক্ষ থেকে এ ব্যবস্থা নেওয়া হয়। রফিকুল রাজশাহী জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ছিলেন। প্রথম আলো, ১৭ নভেম্বর ২০২৫

**২২১. পটুয়াখালীতে ঠিকাদারের ওপর হামলা, ছাত্রদল নেতাসহ ৬ জনের বিরুদ্ধে মামলা**



পটুয়াখালীর মির্জাগঞ্জে চাঁদা না দেয়ায় ঠিকাদার বশির আলমের ওপর সন্ত্রাসী হামলার অভিযোগে একটি মামলা দায়ের করা হয়েছে। মামলায় উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আবুল বাশার মোকলেছসহ ছয়জনকে আসামি করা হয়ছে। অন্য আসামিরা হলেন- সাইফুল, হাসান রাড়ি, মাসুম হাওলাদার, হাফিজুর রাড়ি ও সেজান জাকির। এছাড়া আরও ১০-১৫ জনকে অজ্ঞাত আসামি করা হয়েছে। মামলায় বশির আলম উল্লেখ করেছেন, ঘটনার আগে অভিযুক্তরা তার কাছে ২০ লাখ টাকা চাঁদা দাবি করে। টাকা না দিলে তাকে 'চিরতরে শেষ করে দেয়া হবে' বলে হুমকি দেয়া হয়। বার্তা বাজার, ১৭ নভেম্বর ২০২৫

## ২২২. দুর্নীতি লুকাতে বিএনপি নেতাকে অধ্যক্ষ নিয়োগ

কক্সবাজার সিটি কলেজের বিদায়ী অধ্যক্ষ ও আওয়ামী লীগ এমপি এথিন রাখাইনের স্বামী ক্যাথিং অংয়ের দুর্নীতি ও অর্থ আত্মসাতের ঘটনা ধামাচাপা দিতে উঠেপড়ে লেগেছে একটি চক্র। জ্যেষ্ঠতা লঙ্ঘন করে বিএনপি নেতা এমএম আকতার উদ্দিন চৌধুরীকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ দেওয়ার অভিযোগ তুলেছেন কলেজের শিক্ষক-কর্মচারীরা। একই সঙ্গে তার ওই পদে থাকার সুযোগ নেই বলে অভিমত দেয় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) দুই সদস্যের তদন্ত কমিটি। শিক্ষকদের অভিযোগ, কলেজের শিক্ষক-কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের সাত কোটি ৪৩ লাখ টাকা আত্মসাৎ এবং ২০০৭ থেকে ২৪ সালের অক্টোবর পর্যন্ত ১৫৩ শিক্ষকসহ মোট ২০০ কর্মকর্তা-কর্মচারীর ৯ কোটি ৫৮ লাখ টাকা বেতন বকেয়া রেখে গেছেন ক্যাথিং অং। এসব দুর্নীতি ধামাচাপা দিতেই জেলা বিএনপির দপ্তর সম্পাদক আকতার উদ্দিন চৌধুরীকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ দেওয়া হয়েছে। আমার দেশ, ২১ নভেম্বর ২০২৫

## ২২৩. গোপালগঞ্জে বিএনপি নেতার চাঁদা তোলার ভিডিও ভাইরাল, ক্ষোভ


গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলায় মেলার স্টলে এক বিএনপি নেতার চাঁদাবাজির একটি ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হয়েছে। ওই ভিডিওতে উপজেলার সাদুল্লাপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি সুখরঞ্জন ওরফে ধলুকে মেলার দোকান থেকে চাঁদার টাকা তুলতে দেখা যায়। বিষয়টি নিশ্চিত করেছেন সাদুল্লাপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক অনিমেষ গাইন। সমকাল, ২২ নভেম্বর ২০২৫

## ২২৪. চাঁদা না পেয়ে মারধর, মামলায় ছাত্রদলের ২ নেতাকর্মী গ্রেফতার



বরিশালের গৌরনদীতে দাবিকৃত ৫ লাখ টাকা চাঁদা না পেয়ে ব্যবসায়ীর স্ত্রীসহ ৩ নারীকে পিটিয়ে আহত করার ঘটনায় পৌর ছাত্রদলের ৪ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করেছে ভুক্তভোগী পরিবার। গ্রেফতাররা হলেন- পৌরসভার লাখেরাজ কসবা এলাকার মিজান আকনের ছেলে পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মেহেদী আকন (৩৫), টরকীরচর এলাকার ইউসুফ আলী হাওলাদারের ছেলে পৌর ছাত্রদলের  কর্মী শওকত হাওলাদার (৩৮)। যুগান্তর, ২২ নভেম্বর ২০২৫

# ছবিতে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের চাঁদাবাজি






(বাঁয়ে) আওয়ামী লীগ সরকার পতনের পর চাঁদার দাবিতে যশোর সদর উপজেলার খাজুরা গ্রামের বীর মুক্তিযোদ্ধা আবদুল খালেক মোল্লার বাড়িতে বিএনপি নেতাদের ইন্ধনে হামলা, ভাঙচুর ও লুটপাট চালানোর ঘটনায় সংবাদ সম্মেলন করে ভুক্তভোগীরা। প্রথম আলো, ১০ সেপ্টেম্বর ২০২৪। (ডানে) চাঁদা না পেয়ে হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট করে নিয়ে যাওয়ার অভিযোগে পৌর ছাত্রদলের আহ্বায়ক জুনু খান মিলকীসহ দুই যুবককে আটক করে সেনাবাহিনী। জনকণ্ঠ, ২২ অক্টোবর ২০২৪





(বাঁয়ে) চাঁদা চেয়ে না পাওয়ায় এক ব্যবসায়ীকে মারধরের অভিযোগে বরিশালের গৌরনদী পৌর বিএনপির আহ্বায়ক এস এম জাকির হোসেনসহ বিএনপি-যুবদলের চার নেতা-কর্মী গ্রেপ্তার। প্রথম আলো, ২৩ অক্টোবর ২০২৪। (ডানে) চট্টগ্রামের রাউজানে বিএনপি নেতা পরিচয়ে একটি ইটভাটায় চাঁদাবাজির অভিযোগে আবু জাফর নামের এক ব্যক্তিকে আটক করে পুলিশ। প্রথম আলো, ২ ডিসেম্বর ২০২৪





(বাঁয়ে) চাঁদপুরের মতলব উত্তর উপজেলায় ছেংগারচর পৌর বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম প্রধানের বিরুদ্ধে এক জেলের কাছ থেকে ২ লাখ টাকা চাঁদা আদায় এবং তাঁর পুকুরের ৫০ লক্ষাধিক টাকার মাছ লুট করায় সংবাদ সম্মেলন

ভুক্তভোগীদের। প্রথম আলো, ১৮ ডিসেম্বর ২০২৪। (ডানে) চট্টগ্রামের সীতাকুণ্ডে চাঁদা না দেওয়ায় ৬ নম্বর ওয়ার্ড জামায়াতের যুব বিভাগের সভাপতি আবুল কালাম আজাদের পায়ের রগ কেটে হাত ভেঙে দিয়েছে স্থানীয় বিএনপি নেতা মোহাম্মদ আলীর ছোট ভাই জাফরসহ কয়েকজন অস্ত্রধারী। জনকণ্ঠ, ২৪ ডিসেম্বর ২০২৪






(বাঁয়ে) রাজধানীর আজিমপুর কবরস্থানে চাঁদাবাজির মামলায় ২৩ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আমিনুল ইসলাম আমিনকে গ্রেপ্তার করে সেনাবাহিনী। কালবেলা, ১ জানুয়ারি ২০২৫। (ডানে) ময়মনসিংহের গৌরীপুরে পরিবহন থেকে চাঁদাবাজির অভিযোগে উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আল ইমরান খানসহ তিনজন গ্রেপ্তার। প্রথম আলো, ৬ জানুয়ারি ২০২৫






(বাঁয়ে) সিংড়া উপজেলার জামতলী বাসস্ট্যান্ডে আখের শরবত বিক্রেতা ইউনুস আলীর কাছ থেকে চাঁদা নেয়ার সময় আটক চৌগ্রাম ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সিনিয়র সহ-সভাপতি জিয়ারুল প্রামাণিক ও তার ভাতিজা আসিফ আলী। জাগো নিউজ, ১১ জানুয়ারি ২০২৫। (ডানে) নওগাঁর রাণীনগরে চাঁদার দাবিতে আলমগীর হোসেন নামে প্রবাস ফেরত এক যুবককে ব্যাপক মারধর করার অভিযোগ উঠেছে একডালা ইউনিয়ন যুবদলের যুগ্ন আহবায়ক ইমরান ও তার বাহিনীর বিরুদ্ধে।যুগান্তর, ১১ জানুয়ারি ২০২৫






(বাঁয়ে) বরিশালের উজিরপুরে চাঁদা না পেয়ে বিএনপির ব্যানার টাঙিয়ে এক সাংবাদিকের দোকান দখলের চেষ্টার অভিযোগ উঠেছে দুই যুবদল নেতার বিরুদ্ধে। বিডিনিউজ২৪,

৯ মার্চ ২০২৫। (ডানে) জামালপুরে মসজিদের চাঁদা আদায়কে কেন্দ্র করে বিএনপি নেতা আমজাদ মিয়ার বিরুদ্ধে মসজিদ পরিচালনা কমিটির সভাপতি রফিকুল ইসলাম রফিকের ওপর হামলার অভিযোগ উঠেছে। এই ঘটনায় উভয় পক্ষের সাতজন আহত হয়েছেন। খবরের কাগজ, ২৯ মার্চ ২০২৫





(বাঁয়ে) নাটোরের গুরুদাসপুর উপজেলার ধারাবারিষা ইউনিয়নের শিধুলী হাটের দানের টাকার ভাগ চেয়ে বিএনপি নেতা আব্দুল আজিজের দেয়া প্রস্তাব প্রত্যাখ্যান করায় মাদরাসা পরিচালনা কমিটির আটজন সদস্যের বিরুদ্ধে মিথ্যা চাঁদাবাজির মামলা দায়েরের করা হয়েছে। চ্যানেল ২৪, ১৮ এপ্রিল ২০২৫। (ডানে) মানিকগঞ্জে চাঁদা দিতে অস্বীকৃতি জানিয়ে ছাত্রদলের সাবেক নেতা মো: নবীনের হাতে মারধরের শিকার সিএনজি চালক মো: অন্তর মিয়া। ঢাকা পোস্ট, ২১ মে ২০২৫






নারায়ণগঞ্জে এক প্রবাসীর কাছে চাঁদা না পেয়ে সোনারগাঁ উপজেলার সাদিপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি শাহজাহান ভূঁইয়া বন্দুক হাতে নিয়ে তাকে গুলি করে হত্যার হুমকি দেন। সমকাল, ২২ জুন ২০২৫। (ডানে) রাজধানীর মোহাম্মদপুরে বহিষ্কৃত যুবদল নেতা চাঁদাবাজির জন্য ব্যবহৃত ওয়াকিটকিসহ তার আপন বড় ভাই আওয়ামী লীগ নেতাকে গ্রেফতার করে যৌথ বাহিনী। যুগান্তর, ৪ জুলাই ২০২৫



চাঁদার দাবিতে বৃদ্ধকে কুপিয়ে জখম করায় ভোলার বোরহানউদ্দিনে বিএনপি কর্মী মো: সুফিয়ানকে গ্রেপ্তার করে পুলিশ। বার্তা বাজার, ১৪ জুলাই ২০২৫




ফেনীতে চাঁদা না দেয়ায় দুই ব্যবসায়ীকে কুপিয়ে হত্যাচেষ্টার অভিযোগ উঠেছে এক শ্রমিকদল নেতা মোহাম্মদ কিবরিয়ার বিরুদ্ধে। আমার দেশ, ২০ জুলাই ২০২৫। (ডানে) নোয়াখালীর সুবর্ণচরে চাঁদা না দেওয়ায় বিএনপি নেতা আব্দুর রহমান খোকনের বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেন অবসরপ্রাপ্ত সেনা সার্জেন্ট মো: হেলাল উদ্দিন।ঢাকা পোস্ট, ২০ জুলাই ২০২৫




চাঁদার আদায়ের আভিযোগে যৌথ বাহিনীর অভিযানে যশোরের অভয়নগর উপজেলার আলোচিত বিএনপি নেতা আসাদুজ্জামান জনি গ্রেফতার হয়েছেন। বাংলা ট্রিবিউন, ১৪ আগস্ট ২০২৫। (ডানে) রাজশাহীর বাঘা উপজেলার এক কিটনাশক ব্যবসায়ীর কাছ থেকে তিন লাখ টাকা চাঁদা নেওয়া এবং প্রাণনাশের হুমকির অভিযোগ উঠেছে বাউসা ইউনিয়ন বিএনপির সভাপতি মো: রেজাউল করিমের বিরুদ্ধে। ডেইলি ক্যাম্পাস, ১৯ সেপ্টেম্বর ২০২৫




জামালপুর সদর উপজেলার দিগপাইত ইউনিয়নে চাঁদা না দেওয়ার জেরে একটি বিদ্যালয়ের মূল ফটকে তালা ঝুলিয়ে দিয়েছেন স্থানীয় স্বেচ্ছাসেবক দলের সভাপতি মকবুল হোসেন (ভুট্টো)। ডেইলি ক্যাম্পাস, ৭ অক্টোবর ২০২৫। (ডানে) জামালপুরে

চাঁদাবাজি করার সময় ৫০ হাজার নগদ টাকাসহ হাবিবুর রহমান (৩৫) নামে এক স্বেচ্ছাসেবক দল নেতাকে আটক করেছে যৌথ বাহিনীর সদস্যরা। বাংলা ট্রিবিউন, ২১ জুন ২০২৫






(বাঁয়ে) পটুয়াখালীর দশমিনায় এক সংখ্যালঘু পরিবারের দোকানঘর দখল করে আড়াই লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক পদপ্রার্থী কামরুজ্জামান টিপুর বিরুদ্ধে। জনকণ্ঠ, ৩ নভেম্বর ২০২৫। (ডানে) পাবনার চাটমোহর উপজেলা শ্রমিক দলের সভাপতি মোস্তাজ আহমেদের বিরুদ্ধে চাঁদাবাজি, জমি ও জলাশয় দখলসহ বিভিন্ন অনিয়মের অভিযোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে বিএনপি ও এর সহযোগী সংগঠনের একাংশের নেতা-কর্মীরা। আজকের পত্রিকা, ১০ নভেম্বর ২০২৫।







(বাঁয়ে) রাজধানীর আজিমপুর পুরাতন কবরস্থানে চাঁদাবাজির অভিযোগে ২৩ নম্বর ওয়ার্ড বিএনপির সহ-সভাপতি আরমান মিয়াকে গ্রেপ্তার করেছে পুলিশ। ইত্তেফাক, ১৬ নভেম্বর ২০২৫। (ডানে) বরিশালের গৌরনদীতে দাবিকৃত ৫ লাখ টাকা চাঁদা না পেয়ে ব্যবসায়ীর স্ত্রীসহ ৩ নারীকে পিটিয়ে আহত করার ঘটনায় পৌর ছাত্রদলের ৪ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করেছে ভুক্তভোগী পরিবার। গ্রেফতাররা হলেন- পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মেহেদী আকন ও ছাত্রদলের  কর্মী শওকত হাওলাদার। যুগান্তর, ২২ নভেম্বর ২০২৫


# চতুর্থ অধ্যায়

# বিএনপি, যুবদল ও ছাত্রদলের সন্ত্রাসী কর্মকাণ্ড

## ■ অস্ত্রবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ড

জুলাই বিপ্লব পরবর্তী সময়ে দেশের বিভিন্ন জেলায় বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের অস্ত্রবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের ধারাবাহিক ঘটনা জনমনে গভীর উদ্বেগ সৃষ্টি করেছে। যৌথ বাহিনীর অভিযানে আগ্নেয়াস্ত্র উদ্ধার, চাঁদাবাজি, গোলাগুলি ও দলীয় কোন্দলে খুন-প্রায় প্রতিদিনই বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নামে এসব খবর গণমাধ্যমের শিরোনাম হচ্ছে। কোথাও বাজার দখল, কোথাও ব্যবসায়ী হত্যা, আবার কোথাও দলের অভ্যন্তরীণ বিরোধে অস্ত্রের ব্যবহার রাজনীতিকে সহিংসতার দিকে ঠেলে দিচ্ছে। এসব ঘটনায় শুধুদেশের আইনশৃঙ্খলার অবনতি ঘটছে না, বরং দল হিসেবে বিএনপির রাজনৈতিক নৈতিকতা নিয়েও গুরুতর প্রশ্ন উঠেছে।বিএনপি ও তার অঙ্গ সংগঠনের দ্বারা সংগঠিত উল্লেখযোগ্য কিছু অস্ত্রবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের চিত্র তুলে ধরা হলো;

### ১. পটুয়াখালীর মির্জাগঞ্জে আগ্নেয়াস্ত্রসহ বিএনপি নেতা গ্রেপ্তার




পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. জাহাঙ্গীর ফরাজী আগ্নেয়াস্ত্রসহ গ্রেপ্তার হয়েছেন। ৭ নভেম্বর বৃহস্পতিবার ভোরে সেনাবাহিনীর বিশেষ অভিযানে উপজেলার সুবিদখালী এলাকার নিজ বাড়ি থেকে গ্রেপ্তার হন তিনি। এ সময় তার ঘর থেকে একটি অত্যাধুনিক ৭.৬৫ এমএম পিস্তল, ম্যাগাজিন ও দুটি গুলি উদ্ধার করা হয়। প্রথম আলো, ৭ নভেম্বর ২০২৪

### ২. ময়মনসিংহে ছাত্রদল নেতাকে গ্রেপ্তার করতে গিয়ে হামলার শিকার পুলিশ, এসআই আহত



ময়মনসিংহ নগরীতে ছাত্রদলের এক নেতা বিদেশি পিস্তল সংরক্ষণ করছেন, এমন খবর পেয়ে পুলিশের একটি দল অভিযান চালায়। তাকে অস্ত্রসহ আটকের পর পুলিশ সদস্যদের ওপর হামলা চালান তার অনুসারীরা। এ সময় ভাঙচুর করা হয় পুলিশের দুটি গাড়ি। আহত হন এক উপপরিদর্শক (এসআই)। আটক ওই ছাত্রদল নেতার নাম বুলবুল আহমেদ ওরফে সজীব। পুলিশ জানায়, তাকে ধরার জন্য ২০ জানুয়ারি সোমবার বিকেল সাড়ে পাঁচটার দিকে নগরের বলাশপুর মরাখোলা এলাকায় অভিযান চালিয়ে বুলবুলকে আটক করে জেলা পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি)। তাকে তল্লাশি করে একটি বিদেশি পিস্তল, পাঁচ রাউন্ড গুলি ও একটি ম্যাগাজিন উদ্ধার করে পুলিশ। বুলবুল ময়মনসিংহ মহানগর ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক। প্রথম আলো, ২১ জানুয়ারি ২০২৫

**৩. শ্রীপুরে অস্ত্রসহ দলবল নিয়ে যুবদল নেতার চাঁদাবাজির ঘটনায় চারজন গ্রেপ্তার**

গাজীপুরের শ্রীপুর উপজেলার এমসি বাজারে যুবদল নেতার নেতৃত্বে সশস্ত্র অবস্থায় বাজার দখলে নিয়ে চাঁদা তোলার ঘটনায় চারজনকে গ্রেপ্তার করে পুলিশ। ২৩ ফেব্রুয়ারি রোববার ভোররাতে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে গ্রেপ্তারকৃতদের মধ্যে একজনের কাছ থেকে একটি রামদা জব্দ করেছে পুলিশ। আগের দিন শনিবার দেশি অস্ত্রসহ দলবল নিয়ে শ্রীপুরের এমসি বাজারে এসে চাঁদা তোলেন উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদ্য বহিষ্কৃত সদস্য জাহাঙ্গীর আলম। ওই ঘটনার পর যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটি তাকে দলের সব পদ থেকে বহিষ্কার করে। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন হাসেম, আসাদুল ইসলাম, সুমন মিয়া এবং হৃদয় হাসান। তবে মূল আসামি যুবদল নেতা জাহাঙ্গীর আলম ঘটনার পর থেকে পলাতক। প্রথম আলো, ২৩ ফেব্রুয়ারি ২০২৫

**৪. দৌলতদিয়া যৌনপল্লি থেকে আগ্নেয়াস্ত্রসহ জেলা যুবদলের সাবেক সভাপতি গ্রেপ্তার**




রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলায় পিস্তলসহ জেলা যুবদলের সাবেক সভাপতি আবুল হাসেম সুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ২২ ফেব্রুয়ারি শনিবার দিবাগত রাতে উপজেলার দৌলতদিয়া যৌনপল্লির একটি বাড়ি থেকে পুলিশ তাকে গ্রেপ্তার করে। আবুল হাসেম সুজন যে যুবদলের নেতা ছিলেন, বিষয়টি নিশ্চিত করেছেন রাজবাড়ী জেলা বিএনপির বর্তমান যুগ্ম আহ্বায়ক ও জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক রেজাউল করিম শিকদার পিন্টু। প্রথম আলো, ২৩ ফেব্রুয়ারি ২০২৫

**৫. নোয়াখালীতে অস্ত্রসহ বিএনপি নেতা গ্রেপ্তার**



নোয়াখালীর কোম্পানীগঞ্জের বসুরহাটে আবুল হোসেন (৪৭) নামের এক বিএনপি নেতাকে অস্ত্রসহ গ্রেপ্তার করেছে যৌথ বাহিনী। আবুল হোসেন বসুরহাট পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক। ২৪ ফেব্রুয়ারি সোমবার ভোরে নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার বসুরহাট পৌরসভার চৌকিদার বাড়ি থেকে তাকে অস্ত্রসহ গ্রেপ্তার করেছে যৌথবাহিনী। প্রথম আলো, ২৪ ফেব্রুয়ারি ২০২৫

**৬. ব্যবসায়ী খুনের মামলায় অস্ত্রসহ দুই যুবদল কর্মী গ্রেপ্তার**



চট্টগ্রামের রাউজানে ব্যবসায়ী মুহাম্মদ জাহাঙ্গীর আলমকে গুলি করে হত্যার ঘটনায় যুবদলের দুই কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। তারা হলেন আরাফাত মামুন (৪৮) ও বিপ্লব বড়ুয়া (৩৫)।

দুজনই উপজেলার বাগোয়ান ইউনিয়নের বাসিন্দা। ৪ মার্চ মঙ্গলবার দিবাগত রাত আড়াইটার দিকে বাগোয়ান ইউনিয়নের গরিবউল্লাহপাড়ার একটি বাড়ি থেকে দুজনকে গ্রেপ্তার করা হয়। তাঁদের কাছ থেকে একটি বিদেশি পিস্তল ও একটি দেশে তৈরি বন্দুক উদ্ধার হয়েছে। প্রথম আলো, ৫ মার্চ ২০২৫

**৭. শ্রমিক দলের কেন্দ্রীয় নেতা জাকির হোসেন অস্ত্রসহ গ্রেফতার**

রাজধানীর মতিঝিল এলাকায় বিদেশি পিস্তলসহ শ্রমিক দল কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ও সোনালী ব্যাংকের সিবিএ নেতা জাকির হোসেনকে গ্রেফতার করেছে যৌথ বাহিনী। মঙ্গলবার (১১ মার্চ) দুপুরে তাকে গ্রেফতার করে বিকালে মতিঝিল থানায় হস্তান্তর করা হয়। তার বিরুদ্ধে অস্ত্র আইনে একটি মামলা দায়ের করা হয়েছে। বাংলা ট্রিবিউন, ১১ মার্চ ২০২৫

**৮. বিএনপি'র দু'গ্রুপের কোন্দল ভয়ঙ্কর হয়ে উঠেছে চট্টগ্রামের রাউজান**

রাউজান উপজেলা হয়ে উঠেছে ভয়ঙ্কর এক জনপদ। গত ৫ই আগস্টের পর ঘটেছে একের পর এক গা শিউরে ওঠার মতো ভয়ঙ্কর অপরাধ। রাত নামলেই ফাঁকা গুলির আওয়াজ শোনা যাচ্ছে। দিনে দুপুরে গুলি করে মারা হচ্ছে মানুষ। চলছে জমি দখল। নদী থেকে তোলা হচ্ছে বালু। দোকানপাট, ব্যবসা প্রতিষ্ঠান থেকে নেয়া হচ্ছে চাঁদা। চুন থেকে পান খসলেই হামলা হচ্ছে ঘরবাড়িতে। হামলা থেকে বাদ যাচ্ছে না মসজিদ মাদ্রাসাও। বিএনপি'র দুই নেতার অনুসারীরা কখনো নিজেরা লিপ্ত খুনোখুনিতে। গত ছয় মাসে ৫ খুন আর অর্ধশত গোলাগুলির ঘটনা ঘটেছে। বিএনপি'র ভাইস চেয়ারম্যান গিয়াস উদ্দিন কাদের চৌধুরী ও উত্তর জেলা বিএনপি'র আহ্বায়ক গোলাম আকবর খন্দকার অনুসারীদের মধ্যে এ ঘটনা ঘটেছে। মানবজমিন, ২৩ মার্চ ২০২৫

**৯. বিএনপি নেতার বাড়ি থেকে অস্ত্র ও গুলি উদ্ধার, গ্রেপ্তার ২**



কুষ্টিয়ার ভেড়ামারায় উপজেলায় বিএনপির এক নেতার বাড়িতে অভিযান চালিয়ে অস্ত্র ও গুলিসহ দুজনকে গ্রেপ্তার করেছে সেনাবাহিনী। এ সময় তাদের কাছ থেকে একটি দেশীয় ওয়ান শুটার গান, একটি দেশীয় পিস্তল ও ১১ রাউন্ড গুলি উদ্ধার করা হয়। সোমবার (২৪ মার্চ) সকালে ভেড়ামারা থানায় অস্ত্রসহ আসামিদের হস্তান্তর করে সেনাবাহিনী। গ্রেপ্তার আসামিরা হলেন- উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও সাবেক উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক রোকনুজ্জামান রোকন ও তার ভাই বিএনপি নেতা কাকন। কালবেলা, ২৪ মার্চ ২০২৫

## ১০. বিএনপি নেতার বাড়ি থেকে অস্ত্র ও গুলি উদ্ধার, আটক ৩



কুষ্টিয়ার খোকসা উপজেলার ওসমানপুর ইউনিয়নে এক বিএনপি নেতার বাড়িতে অভিযান চালিয়ে বিদেশি রিভলবার, গুলি ও দেশীয় অস্ত্র উদ্ধার করেছে সেনাবাহিনী। এ ঘটনায় ওই নেতা, তার ভাই ও ভাতিজাসহ তিনজনকে আটক করা হয়েছে। সোমবার (২৪ মার্চ) ভোররাতে অভিযানে একটি বিদেশি পিস্তল, ৫টি পিস্তলের গুলি এবং বেশ কিছু দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। আটক শহিদুল ইসলাম ওসমানপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি এবং খোকসা ইউনিয়নের সাবেক মেম্বার। তার ভাই জিল্লুর রহমান এবং অপরজন জুবায়ের ইসলাম জ্যাকী, খোকসা উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম আহ্বায়ক ছিলেন। কালের কণ্ঠ, ২৫ মার্চ ২০২৫

## ১১. নাটোরে বিএনপি অফিসে সেনাবাহিনীর অভিযান, অস্ত্রসহ গ্রেপ্তার ১

নাটোরের সিংড়ায় বিএনপির একটি অফিসে সেনাবাহিনীর অভিযানে দেশীয় অস্ত্রসহ আলহাজ্ব কুদ্দুস আকন্দ (৫৫) নামে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। রোববার (১১ মে) দিবাগত রাতে সিংড়া উপজেলার সুকাশ ইউনিয়নের বামিহাল বাজারে এ ঘটনা ঘটে। আটককৃত আলহাজ্ব আব্দুল কুদ্দুস আকন্দ (৫৫) বামিহাল গ্রামের মৃত খোকা আনন্দের ছেলে। জানা যায়, আব্দুল কুদ্দুস নিজেকে ইউনিয়ন বিএনপির মৎস্যজীবী দলের সভাপতি দাবি করেন। ঢাকা পোস্ট, ১২ মে ২০২৫

## ১২. চুয়াডাঙ্গায় অস্ত্রসহ ছাত্রদল নেতা আটক



চুয়াডাঙ্গায় আগ্নেয়াস্ত্র ও দেশীয় অস্ত্রসহ ছাত্রদল নেতা নাজমুল আরেফিন কিরণকে (৩৪) আটক করেছে সেনাবাহিনী। বৃহস্পতিবার (১৯ জুন) ভোরে অভিযান চালিয়ে নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়। নাজমুল আরেফিন কিরণ শহরের গুলশানপাড়ার মৃত জিন্নাত আলীর ছেলে। তিনি জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক। কালের কণ্ঠ, ১৯ জুন ২০২৫

## ১৩. কক্সবাজারে অস্ত্রসহ যুবদল নেতা গ্রেফতার



কক্সবাজারের রামুতে শীর্ষ সন্ত্রাসী ও শাহীনুর রহমান শাহীন প্রকাশ শাহীন ডাকাতের সেকেন্ড ইন কমান্ড এবং যুবদল নেতা মুবিনুর রহমান রুবেল (২৮)-কে অস্ত্রসহ গ্রেফতার করেছে যৌথ বাহিনী। জানা গেছে, রামু উপজেলার গর্জনিয়া ইউনিয়নের ৬

নম্বর ওয়ার্ডের মাঝির কাটার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। তিনি ওই এলাকার নূরুল আলমের পুত্র এবং গর্জনিয়া ইউনিয়ন যুবদলের সিনিয়র সহ-সভাপতি। বাংলাদেশ প্রতিদিন, ১৯ জুন ২০২৫

## ১৪. অস্ত্রসহ গ্রেফতার বিএনপি নেতা বুলবুল ও যুবদল নেতা তৌহিদ বহিষ্কার



অস্ত্র ও মাদকের মামলায় গ্রেফতারের পর খুলনার ৩০ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি মো. সালাউদ্দিন মোল্লা বুলবুলকে দলীয় পদ থেকে অব্যাহতি এবং একই ওয়ার্ড যুবদলের সাবেক আহ্বায়ক শেখ তৌহিদুর রহমান তৌহিদকে বহিষ্কার করা হয়েছে। রোববার (২২ জুন) রাতে বিএনপির মিডিয়া সেলের মাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, দলীয় শৃঙ্খলা ভঙ্গ এবং সংগঠনবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। সময় টিভি, ২২ জুন ২০২৫

## ১৫. নোয়াখালীতে যৌথ বাহিনীর অভিযানে অস্ত্রসহ যুবদল নেতা গ্রেপ্তার

নোয়াখালীর চাটখিল উপজেলার রামনারায়ণপুর ইউনিয়নে অভিযান চালিয়ে



ইউনিয়ন যুবদলের সভাপতিকে অস্ত্রসহ গ্রেপ্তার করেছে যৌথ বাহিনী। তার নাম জাহিদুল ইসলাম ওরফে রুবেল (৩৮)। গোপন সংবাদের ভিত্তিতে ২৪ জুন মঙ্গলবার ভোরে ইউনিয়নের ধর্মপুর গ্রামের বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার জাহিদুল ধর্মপুর গ্রামের মৃত হোসেন চৌধুরীর ছেলে। প্রথম আলো, ২৪ জুন ২০২৫

## ১৬. কুমিল্লায় বিদেশি পিস্তলসহ বিএনপি নেতা আটক



কুমিল্লায় বিদেশি পিস্তলসহ খোকন মিয়া নামে বিএনপির এক নেতাকে আটক করেছে সেনাবাহিনী। ৪ জুলাই শুক্রবার ভোরে কুমিল্লা আদর্শ সদর উপজেলার চাঁনপুর নাজির মসজিদ রোড এলাকা থেকে তাকে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে একটি খালি ম্যাগাজিন উদ্ধার করা হয়। আটক খোকন মিয়া কুমিল্লা আদর্শ সদর উপজেলার পাঁচথুপি ইউনিয়ন চাঁনপুর গ্রামের বাসিন্দা ও বিএনপির সাধারণ সম্পাদক। প্রথম আলো, ৪ জুলাই ২০২৫

## ১৭. সুপ্রিম কোর্টের ভেতর থেকে অস্ত্রসহ বিএনপি নেতা আটক

সুপ্রিম কোর্টের ভেতর থেকে বৈধ অস্ত্রসহ বিএনপির বরিশাল মহানগরীর সদস্য

সচিব মো. জিয়াউদ্দিন শিকদারসহ দুজনকে আটক করেছে পুলিশের স্পেশাল ব্রাঞ্চ (এসবি)। রোববার (৩ আগস্ট) আলাদা সময়ে তাদের আটক করা হয়। আটক ব্যক্তি রাজধানীর সূত্রাপুরের রুপচান লেনের প্রেস ব্যবসায়ী মোল্লা মোসলেহ এলাহী (৫৭)। তবে সকাল ১০টার দিকে আটকের পর ডিএমপির সুপ্রিম কোর্ট ইউনিট মুচলেকা নিয়ে তাকে ছেড়ে দিয়েছে। সময় টিভি, ৩ আগস্ট ২০২৫

**১৮. লক্ষ্মীপুরে অস্ত্রসহ সাবেক যুবদল নেতা গ্রেপ্তার**



লক্ষ্মীপুরে যৌথ বাহিনীর অভিযানে একটি একনলা বন্দুকসহ জেলা যুবদলের সাবেক নেতা এ কে এম ফরিদ উদ্দিনকে গ্রেপ্তার হয়েছেন। তিনি জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক পদে ছিলেন। ১০ আগস্ট রোববার দিবাগত রাত একটার দিকে সদর উপজেলার পালেরহাট এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। প্রথম আলো, ১১ আগস্ট ২০২৫

**১৯. ফেনীতে অস্ত্রসহ আটক দুই ছাত্রদল নেতা**



ফেনীতে যৌথবাহিনীর অভিযানে অস্ত্রসহ দুই ছাত্রদল নেতাকে আটক করা হয়েছে। শুক্রবার রাতে সদর উপজেলার ফাজিলপুর এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। আটকরা হলেন, জেলা ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক ইমাম হোসেন (৩২) ও ফেনী সদর উপজেলা ছাত্রদলের সদ্য সাবেক যুগ্ম আহ্বায়ক মুরাদ হোসেন (৩০)। যৌথবাহিনী সূত্র জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সেনাবাহিনী ও পুলিশ যৌথ অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। তাদের কাছ থেকে দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। দেশ রূপান্তর, ১৬ আগস্ট ২০২৫

**২০. থানা থেকে লুট হওয়া অস্ত্র-গুলিসহ বিএনপি নেতা গ্রেপ্তার**

বাগেরহাটের মোংলা থেকে অস্ত্রসহ কামাল হাওলাদার (৪৫) নামে বিএনপির এক নেতাকে গ্রেপ্তার করে চট্টগ্রাম মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। এসময় তার কাছ থেকে ৮ রাউন্ড গুলি উদ্ধার করা হয়। বুধবার (২৭ আগস্ট) বিকেলে মোংলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। পরে মালগাজি এলাকায় তার গ্রামের বাড়িতে তল্লাশি চালিয়ে উদ্ধার করা হয় একটি চায়না পিস্তল ও ৮ রাউন্ড গুলি। কামাল স্থানীয় বিএনপির রাজনীতিতে সক্রিয়। ইত্তেফাক, ২৮ অগাস্ট ২০২৫

**২১. যৌথ বাহিনীর অভিযানে অবৈধ অস্ত্রসহ স্বেচ্ছাসেবক দল নেতা গ্রেপ্তার**



ফরিদপুরে অবৈধ অস্ত্রসহ মাহফুজুর রহমান সবুজ (৩৯) নামের স্বেচ্ছাসেবক দলের এক নেতাকে গ্রেপ্তার করে যৌথ বাহিনী। শনিবার (১৩ সেপ্টেম্বর) ভোররাতে শহরের আলিপুর সবুজের বাড়ি থেকে সেনাবাহিনী ও পুলিশ যৌথ অভিযান চালিয়ে অবৈধ ডাবল ব্যারেল গান (মেইড ইন ইউএসএ) উদ্ধার করে। পরে অস্ত্রটি কোতোয়ালি থানায় হস্তান্তর করা হয়েছে। গ্রেপ্তার মাহফুজুর রহমান সবুজ ফরিদপুর মহানগর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব। কালের কণ্ঠ, ১৩ সেপ্টেম্বর ২০২৫

**২২. লক্ষ্মীপুরে অস্ত্রসহ যুবদল নেতা আটক**



লক্ষ্মীপুরে অভিযান চালিয়ে যুবদল নেতা মো. বিল্লাল হোসেনকে (৫৫) আটক করেছে সেনাবাহিনী। এ সময় তার কাছ থেকে একটি দেশীয় এলজি অস্ত্র উদ্ধার করা হয়। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) ভোররাতে সদর উপজেলার দক্ষিণ হামছাদী ইউনিয়নের গোপীনাথপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে। বিল্লাল হোসেন গোপীনাথপুর গ্রামের মৃত আবুল কাশেমের ছেলে ও সদর উপজেলা (পশ্চিম) যুবদলের সিনিয়র সদস্য। বাংলা ট্রিবিউন, ১৮ সেপ্টেম্বর ২০২৫

**২৩. জিয়া মঞ্চের নেতার বাসা থেকে অস্ত্রসহ ৩ সন্ত্রাসী গ্রেপ্তার**



ঢাকার আশুলিয়া থানা জিয়া মঞ্চের সদস্য সচিব রিপন শিকদারের বাসা থেকে তিন সন্ত্রাসীকে গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার থানার ঘোষবাগ পূর্বপাড়া মহল্লায় রিপনের বাসা থেকে তাদের আটক করা হয়। এ সময় ওই বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশি ও বিদেশি অস্ত্র উদ্ধার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন কুষ্টিয়া জেলার সদর থানার শহিদুল ইসলামের ছেলে সাজ্জাদ হোসেন বিশাল, লালমনিরহাট জেলার সদর থানার রইচ উদ্দিনের ছেলে নাজমুল হোসেন এবং ঝিনাইদহ জেলার মহেশপুর থানার আহসান হাবিবের ছেলে শিপন রহমান। বিডি টুডে, ১০ অক্টোবর ২০২৫

**২৪. বিএনপি নেতার বাড়িতে মিলল রাইফেল ও গুলি**

লক্ষ্মীপুরের রায়পুর উপজেলার দক্ষিণ চরবংশী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল আজিজের বাড়ি থেকে একটি রাইফেল ও ছয় রাউন্ড গুলি



উদ্ধার করেছে যৌথ বাহিনী। ২০ অক্টোবর সোমবার সকালে সেনাবাহিনী ও পুলিশ যৌথভাবে এই অভিযান চালায়। তবে অভিযানের সময় বিএনপি নেতা আজিজ বাড়িতে ছিলেন না। এ সময় তার ঘর থেকে অস্ত্র ও গুলি উদ্ধার হয়। প্রথম আলো, ২০ অক্টোবর ২০২৫

**২৫. চট্টগ্রামে অস্ত্রসহ ছাত্রদল নেতা গ্রেপ্তার**



পটিয়া উপজেলায় অভিযান চালিয়ে বিদেশি অস্ত্রসহ ২ জনকে গ্রেপ্তার করেছে চট্টগ্রাম জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। মঙ্গলবার (২১ অক্টোবর) দুপুরে পটিয়া পৌরসভার ডাকবাংলো টু হাইদগাঁও বিওসি রোড এলাকায় বিশেষ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার হয়েছেন- সাইদুল ইসলাম ফয়সাল (২৫) ও মো. সালাউদ্দিন (৩৬)। এর মধ্যে সাইদুল ইসলাম চট্টগ্রাম মহানগরের কোতোয়ালী থানা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক। বাংলানিউজ২৪, ২১ অক্টোবর ২০২৫

**২৬. বিএনপি কর্মীর বাড়ি থেকে ১১টি বন্দুক, ২৭টি দা-ছুরি উদ্ধার**

চট্টগ্রামের রাউজানের নোয়াপাড়া ইউনিয়নের এক বিএনপির কর্মীর বাড়িতে ৩০ অক্টোবর অভিযান চালিয়ে বন্দুকসহ বিপুল পরিমাণ ধারালো অস্ত্র উদ্ধার করেছে র‍্যাব। উদ্ধার করা অস্ত্রের মধ্যে রয়েছে ১১টি বন্দুক, ২৭টি দেশি ধারালো অস্ত্র, ৮টি ক্রিকেট স্ট্যাম্প ও ১৫টি কার্তুজ। বিএনপির ওই কর্মীর নাম মুহাম্মদ কামাল(৫০)। তিনি সাবেক ইউপি চেয়ারম্যান খায়েজ আহমদের ছেলে ও বিএনপির কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান (পদ স্থগিত) গিয়াস উদ্দিন কাদের চৌধুরীর অনুসারী। এ ঘটনায় বিএনপির ওই কর্মীসহ তিনজনকে গ্রেপ্তার করেছে র‍্যাব। প্রথম আলো, ৩০ অক্টোবর ২০২৫

**২৭. রাউজানে বিএনপির দুই পক্ষের মধ্যে গোলাগুলি, গুলিবিদ্ধ পাঁচ নেতা-কর্মী**

চট্টগ্রামের রাউজানে বিএনপির দুই পক্ষের মধ্যে ফের সংঘর্ষ ও গোলাগুলির ঘটনা ঘটেছে। এ সময় পাঁচ নেতাকর্মী গুলিবিদ্ধ হয়েছেন। ৫ নভেম্বর বুধবার দিবাগত রাত ১২টার দিকে উপজেলার বাগোয়ান ইউনিয়নের কোয়েপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। গুলিবিদ্ধ তিনজন জেলা বিএনপির আহ্বায়ক (বিলুপ্ত কমিটি) গোলাম আকবরের অনুসারী। বাকি দুজন বিএনপির কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান (পদ স্থগিত) গিয়াস উদ্দিন কাদের চৌধুরীর অনুসারী। প্রথম আলো, ৬ নভেম্বর ২০২৫

### ২৮. বিএনপির মনোনয়নপ্রত্যাশী সাবেক ছাত্রদল নেতা অস্ত্রসহ গ্রেপ্তার



গাজীপুরের শ্রীপুরে অস্ত্রসহ ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক এনামুল হক মোল্লা (৪৮) ও তার সাত সহযোগীকে গ্রেপ্তার করেছে যৌথবাহিনী। বৃহস্পতিবার (৬ নভেম্বর) ভোরে ভবরমী ইউনিয়নের বরকুল গ্রামের এনামুলের বাড়িতে অভিযান চালিয়ে তাদেরকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন, শ্রীপুর উপজেলার বরমী ইউনিয়নের বরকুল গ্রামের মৃত আবদুল আহাদের ছেলে বরমী ইউনিয়ন ছাএদলের সাবেক সাধারণ সম্পাদক এনামুল হক মোল্লা (৪৮), তার সহযোগী শওকত মীর, জাহিদ, মোস্তফা, সিদ্দিক, বুলবুল এবং তোফাজ্জল। প্রতিদিনের বাংলাদেশ, ৬ নভেম্বর ২০২৫

### ২৯. কেরানীগঞ্জে বিএনপির মিছিলে গুলি ছোড়ার অভিযোগ, পাল্টাপাল্টি দোষারোপ দুই পক্ষের

ঢাকার কেরানীগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ঢাকা 'লকডাউন' কর্মসূচির প্রতিবাদে বিএনপির বিক্ষোভ মিছিলে ফাঁকা গুলির ছোড়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় স্থানীয় বিএনপির দুই পক্ষ পরস্পরের বিরুদ্ধে অভিযোগ তুলছে। বুধবার দুপুর ১২টার দিকে দক্ষিণ কেরানীগঞ্জের তেঘরিয়া ইউনিয়নের পশ্চিমদী এলাকায় প্রয়াত চেয়ারম্যান লুৎফর মোল্লার বাড়ির সামনে ঘটনাটি ঘটে। পুলিশ ঘটনাস্থল থেকে গুলির একটি খোসা উদ্ধার করেছে। দক্ষিণ কেরানীগঞ্জ থানা বিএনপির এক পক্ষের নেতৃত্বে রয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। অপর পক্ষের নেতৃত্বে রয়েছেন কেন্দ্রীয় যুবদলের সহসভাপতি রেজাউল কবির (পল)। প্রথম আলো, ১৩ নভেম্বর ২০২৫

### ৩০. বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে কিশোর গুলিবিদ্ধ

মুন্সীগঞ্জ সদর উপজেলার চরাঞ্চলের মোল্লাকান্দি ইউনিয়নে বিএনপি সমর্থিত দুই গ্রুপের সংঘর্ষে এক কিশোর গুলিবিদ্ধ হয়েছে। গুলিবিদ্ধ কিশোরের নাম নাজাত মোল্লা (১৭)। সে সদর উপজেলার পূর্ব মাকহাটি গ্রামের দুইখ্যা মোল্লার ছেলে। শুক্রবার (১৪ নভেম্বর) বিকেলে মাকহাটি, কংসপুরা ও আশুরান এলাকায় ফের জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আতিক মল্লিক ও ইউনিয়ন বিএনপির সভাপতি ওয়াহিদ রায়হান গ্রুপের সমর্থকদের মধ্যে পূর্ব বিরোধের জের ধরে সংঘর্ষ হয়। এ সময় অস্ত্র নিয়ে গোলাগুলিতে কিশোর গুলিবিদ্ধ হয়। ঢাকা পোস্ট, ১৫ নভেম্বর ২০২৫

### ৩১. একে-৪৭ হাতে মহড়া, সিসিটিভি লাগিয়ে ৫ কিমি জুড়ে নজরদারি

চট্টগ্রামের রাউজান উপজেলার কদলপুর ইউনিয়নজুড়ে আবারও আতঙ্কের নাম

ডাকাত আলম। একজন ভয়ংকর অস্ত্রধারী ডাকাত থেকে রাজনৈতিক আশ্রয়ে রক্ষা পাওয়া এই আলম একসময় আওয়ামী লীগের সাবেক স্থানীয় সংসদ সদস্য ফজলে করিম চৌধুরীর ঘনিষ্ঠ সহযোগী ছিলেন। পালাবদলে তিনি এখন বিএনপির এক প্রভাবশালী নেতার 'ডানহাত' হয়ে এলাকায় একচ্ছত্র আধিপত্য বিস্তার করছেন। নতুন রাজনৈতিক ছাতার নিচে আলম পুনরায় শক্তিশালী হয়ে উঠেছে- এমন অভিযোগ স্থানীয়দের। তার রয়েছে ২২ সদস্যের একটি সংগঠিত বাহিনী, যাদের হাতে বৈধ-অবৈধ ভারী অস্ত্র, আধুনিক যোগাযোগ সরঞ্জাম এবং গোটা এলাকায় ছড়ানো নজরদারি ব্যবস্থার দাপট। আমার দেশ, ২৪ নভেম্বর ২০২৫

**৩২. মেহেরপুরে অস্ত্রসহ যুবদল নেতা আটক**



মেহেরপুরে সেনাবাহিনীর অভিযানে একটি ওয়ানশুটার পিস্তলসহ গাংনী পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মনিরুজ্জামান মনিকে আটক করা হয়েছে। রোববার দিবাগত রাত ২টা থেকে সোমবার সকাল ৬টা পর্যন্ত সেনাবাহিনীর একটি দল অভিযান পরিচালনা করে। অভিযানে গাংনী ক্যাম্পের সেনাসদস্যরা পশ্চিম মালসাদহ এলাকায় মনিরুজ্জামানের বাড়ির ছাদ থেকে অস্ত্রটি উদ্ধার করেন। বাংলাদেশ প্রতিদিন, ২৪ নভেম্বর ২০২৫

**৩৩. ককটেল ও পেট্রোল বোমাসহ যুবদল নেতা আটক**



যশোরে এক যুবদল নেতার বাড়িতে অভিযান চালিয়ে সাতটি ককটেল, তিনটি পেট্রোল বোমা ও বেশ কিছু ধারালো অস্ত্রসহ যুবদল নেতা আল মাসুদ রানাকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার (২৫ নভেম্বর) সকাল সাড়ে ছয়টার দিকে শহরের রায়পাড়া এলাকায় অভিযান পরিচালনা করে যশোর কোতয়ালী মডেল থানার পুলিশ। এসময় তাকে আটক করা হয়। আটককৃত আল মাসুদ রানা শহরের চাঁচড়া রায়পাড়া, রাজা বরদাকান্ত রোড এলাকার নজরুল ইসলামের ছেলে এবং ৬ নম্বর ওয়ার্ড যুবদলের সাধারণ সম্পাদক। বার্তা২৪, ২৫ নভেম্বর ২০২৫

**৩৪. কুমিল্লায় অস্ত্রসহ যুবদল ও ছাত্রদলের দুই কর্মী আটক**



কুমিল্লার নাঙ্গলকোটে অস্ত্রসহ যুবদল এবং ছাত্রদলের দুই কর্মীকে আটক করেছে যৌথবাহিনী। মঙ্গলবার (২৫ নভেম্বর) গভীর রাতে উপজেলার ঢালুয়া ইউনিয়নের চিওড়া তেজের বাজার এলাকায় অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, ঢালুয়া ইউনিয়নের চিওড়া গ্রামের দেলোয়ার হোসেনের ছেলে আনোয়ার হোসেন (৩০) ও একই এলাকার আলী হোসেনের ছেলে নাসির (২৩)। তাদের মধ্যে আনোয়ার হোসেন ইউনিয়ন সক্রিয় যুবদলের কর্মী এবং নাসির ছাত্রদলের কর্মী। তারা উভয়ে কুমিল্লা-১০ (লালমাই-নাঙ্গলকোট) আসনে বিএনপির মনোনীত প্রার্থী আব্দুল গফুর ভূঁইয়ার অনুসারী বলে জানা গেছে। ঢাকা পোস্ট, ২৬ নভেম্বর ২০২৫

### ৩৫. অস্ত্রসহ বিএনপি নেতা গ্রেফতার



কুমিল্লার তিতাস উপজেলার মজিদপুর ইউনিয়নের ৭ নং ওয়ার্ড বিএনপির কৃষি বিষয়ক সম্পাদক মো.মান্নান ভূঁইয়াকে (৫৮) অস্ত্রসহ গ্রেফতার করেছে যৌথবাহিনী। শুক্রবার (২৯ নভেম্বর) রাত ১০টার দিকে সাহাপুর গ্রামের পশ্চিমপাড়ার নিজ বাসা থেকে গ্রেফতার করা হয়েছে বলে তিতাস থানা পুলিশ জানিয়েছে। গ্রেফতারকৃত বিএনপি নেতা ওই ওয়ার্ডের মৃত মোহাম্মদ আলী ভূঁইয়ার ছেলে। গ্রেফতারকৃত ব্যক্তির বাসার বহিঃ বাথরুমের ছাদ থেকে বস্তাবন্দি দেশীয় তৈরী পাইপ গান সদৃশ্য ১টি, সিসা কার্তুজ ৫টি, দুটি রামদা, ১টি পুরাতন চাপাতি ও ১টি লম্বা ছোড়া এবং ঘর থেকে দুই লাখ তেষট্টি হাজার টাকা উদ্ধার করা হয়েছে। যুগান্তর, ২৯ নভেম্বর ২০২৫

### ৩৬. অস্ত্রসহ ছাত্রদল নেতা গ্রেপ্তার



রাজবাড়ী সদর উপজেলার শহীদওহাবপুর ইউনিয়নের নিমতলা গ্রামে গোপন তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে অস্ত্রসহ ছাত্রদল নেতা আলাউদ্দিন পাটোয়ারীকে (২৮) গ্রেপ্তার করেছে রাজবাড়ী সদর সেনাবাহিনী ক্যাম্পের একটি টিম। সোমবার (১ ডিসেম্বর) ভোর সাড়ে ৪টা থেকে ৬টা পর্যন্ত দীর্ঘ অভিযান চালিয়ে তার নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার হওয়া আলাউদ্দিন পাটোয়ারী শহীদওহাবপুর ইউনিয়নের নিমতলা গ্রামের শুকুর পাটোয়ারীর ছেলে এবং রাজবাড়ী সদর উপজেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক। জানা যায়, আলাউদ্দিনের বাড়িতে তল্লাশি চালিয়ে তার কাছ থেকে একটি 'মেড ইন জার্মানি' লেখা ৬-শর্টের বিদেশি রিভলভার এবং একটি রামদা উদ্ধার করা হয়। বার্তা বাজার, ১ ডিসেম্বর ২০২৫

**৩৭. বহিষ্কারাদেশ তুলে নেওয়ার পর আবারও পিস্তলসহ গ্রেফতার স্বেচ্ছাসেবক দল নেতা**




দলীয় বহিষ্কারাদেশ তুলে নেওয়ার দুই সপ্তাহ পর মাগুরায় যৌথবাহিনীর হাতে বিদেশি পিস্তল ও গুলিসহ গ্রেফতার হয়েছেন জেলা জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি আশরাফুজ্জামান শামিম। মঙ্গলবার (২ ডিসেম্বর) যৌথবাহিনীরা সদস্যরা মাগুরা শহরের ভায়না গ্রামের চোপদারপাড়ার বাড়ি থেকে শামিমকে গ্রেফতার করে। এ সময় তার কাছ থেকে ১১ রাউন্ড তাজা গুলিসহ একটি চায়না পিস্তল উদ্ধার করা হয়। বার্তা বাজার, ২ ডিসেম্বর ২০২৫

**৩৮. বিদেশি পিস্তল ও গুলিসহ স্বেচ্ছাসেবক দল নেতা গ্রেপ্তার**



মাগুরায় যৌথবাহিনীর হাতে বিদেশি পিস্তল ও গুলিসহ গ্রেপ্তার হয়েছেন জেলা জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি আশরাফুজ্জামান শামিম। মঙ্গলবার (২ ডিসেম্বর) গোপন সংবাদের ভিত্তিতে যৌথবাহিনীর সদস্যরা মাগুরা শহরের ভায়না এলাকার চোপদারপাড়ায় অভিযান চালিয়ে বাড়ি থেকে শামিমকে গ্রেপ্তার করে। এ সময় তার কাছ থেকে ১১ রাউন্ড তাজা গুলিসহ একটি চায়না পিস্তল উদ্ধার করা হয়। ঢাকা পোস্ট, ৩ ডিসেম্বর ২০২৫

**৩৯. যৌথ বাহিনীর অভিযানে অস্ত্র ও মাদকসহ আটকের পর বহিষ্কৃত যুবদল নেতার মৃত্যু**



যশোরের কেশবপুরে যৌথ বাহিনীর অভিযানে আটক বহিষ্কৃত যুবদল নেতা উজ্জ্বল বিশ্বাস মারা গেছেন। শুক্রবার (৫ ডিসেম্বর) রাতে যশোর কেন্দ্রীয় কারাগারে অসুস্থ হয়ে পড়লে হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। এর আগে, বৃহস্পতিবার রাতে যৌথ বাহিনীর অভিযানে অস্ত্র, গুলি ও মাদকসহ উজ্জ্বল বিশ্বাস এবং আরও তিনজনকে আটক করা হয়। নিহত উজ্জ্বল বিশ্বাস কেশবপুর উপজেলার আলতাপোলের নাজির বিশ্বাসের ছেলে। তিনি যুবদলের বহিষ্কৃত নেতা ছিলেন। যশোর কেন্দ্রীয় কারাগারের জেলার আবিদ আহম্মেদ মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। বার্তা বাজার,৬ ডিসেম্বর ২০২৫

# ছবিতে বিএনপির অস্ত্রবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ড







(বাঁয়ে) পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. জাহাঙ্গীর ফরাজী আগ্নেয়াস্ত্রসহ গ্রেপ্তার। প্রথম আলো, ৭ নভেম্বর ২০২৪। (ডানে) ময়মনসিংহ নগরীতে ছাত্রদলের নেতা বুলবুল আহমেদ ওরফে সজীব বিদেশি পিস্তলসহ আটক। প্রথম আলো, ২১ জানুয়ারি ২০২৫





(বাঁয়ে) গাজীপুরের শ্রীপুর উপজেলার এমসি বাজারে যুবদলের আহ্বায়ক কমিটির সদ্য বহিষ্কৃত সদস্য জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সশস্ত্র অবস্থায় বাজার দখলে নিয়ে চাঁদা তোলার ঘটনায় চারজনকে গ্রেপ্তার করে পুলিশ। প্রথম আলো, ২৩ ফেব্রুয়ারি ২০২৫। (ডানে) রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলায় পিস্তলসহ জেলা যুবদলের সাবেক সভাপতি আবুল হাসেম সুজনকে গ্রেপ্তার। প্রথম আলো, ২৩ ফেব্রুয়ারি ২০২৫






(বাঁয়ে) নোয়াখালীর কোম্পানীগঞ্জের বসুরহাটে আবুল হোসেন নামের এক বিএনপি নেতাকে অস্ত্রসহ গ্রেপ্তার করে যৌথ বাহিনী। প্রথম আলো, ২৪ ফেব্রুয়ারি ২০২৫। (ডানে) চট্টগ্রামের রাউজানে ব্যবসায়ী মুহাম্মদ জাহাঙ্গীর আলমকে গুলি করে হত্যার ঘটনায় যুবদলের দুই কর্মী আরাফাত মামুন ও বিপ্লব বড়ুয়া গ্রেপ্তার। প্রথম আলো, ৫ মার্চ ২০২৫





(বাঁয়ে) কুষ্টিয়ার ভেড়ামারায় উপজেলায় বিএনপির এক নেতার বাড়িতে অভিযান চালিয়ে অস্ত্র ও গুলিসহ উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও সাবেক উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক রোকনুজ্জামান রোকন ও তার ভাই বিএনপি নেতা কাকনকে গ্রেপ্তার করে সেনাবাহিনী। কালবেলা, ২৪ মার্চ ২০২৫। (ডানে) কুষ্টিয়ার খোকসা উপজেলার ওসমানপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি শহিদুল ইসলমের বাড়িতে অভিযান চালিয়ে বিদেশি রিভলবার, গুলি ও দেশীয় অস্ত্র উদ্ধার করেছে সেনাবাহিনী। কালের কণ্ঠ, ২৫ মার্চ ২০২৫







(বাঁয়ে) চুয়াডাঙ্গায় আগ্নেয়াস্ত্র ও দেশীয় অস্ত্রসহ জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল আরেফিন কিরণকে আটক করে সেনাবাহিনী। কালের কণ্ঠ, ১৯ জুন ২০২৫। (ডানে) কক্সবাজারের রামুতে শীর্ষ সন্ত্রাসী ও শাহীনুর রহমান শাহীন প্রকাশ শাহীন ডাকাতের সেকেন্ড ইন কমান্ড এবং যুবদল নেতা মুবিনুর রহমান রুবেল (২৮)-কে অস্ত্রসহ গ্রেফতার করে যৌথ বাহিনী। বাংলাদেশ প্রতিদিন, ১৯ জুন ২০২৫





(বাঁয়ে) খুলনায় দেশী-বিদেশী অস্ত্র এবং ইয়াবাসহ নগরীর ৩০নং ওয়ার্ড বিএনপ্রি সভাপাতি সালাউদ্দিন মোল্লা বুলবুল ও সাবেক যুবদল কর্মী শেখ মোহাম্মাদ তৌহিদুর রহমানকে আটক করেছে যৌথবাহিনী। সময় টিভি, ২২ জুন ২০২৫। (ডানে) নোয়াখালীর চাটখিল উপজেলার রামনারায়ণপুর ইউনিয়নে অভিযান চালিয়ে ইউনিয়ন যুবদলের সভাপতি জাহিদুল ইসলাম ওরফে রুবেলকে অস্ত্রসহ গ্রেপ্তার করে যৌথ বাহিনী। প্রথম আলো, ২৪ জুন ২০২৫





(বাঁয়ে) কুমিল্লায় বিদেশি পিস্তলসহ খোকন মিয়া নামে বিএনপির এক নেতাকে আটক করে সেনাবাহিনী। প্রথম আলো, ৪ জুলাই ২০২৫। (ডানে) লক্ষ্মীপুরে যৌথ বাহিনীর অভিযানে একটি একনলা বন্দুকসহ জেলা যুবদলের সাবেক নেতা এ কে এম ফরিদ উদ্দিনকে গ্রেপ্তার হয়েছেন। প্রথম আলো, ১১ আগস্ট ২০২৫






(বাঁয়ে) ফেনীতে যৌথবাহিনীর অভিযানে অস্ত্রসহ জেলা ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক ইমাম হোসেন ও ফেনী সদর উপজেলা ছাত্রদলের সদ্য সাবেক যুগ্ম আহ্বায়ক মুরাদ হোসেনকে আটক করা হয়েছে। দেশ রূপান্তর, ১৬ অগাস্ট ২০২৫। (ডানে) ফরিদপুরে অবৈধ অস্ত্রসহ মাহফুজুর রহমান সবুজ নামের মহানগর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিবকে গ্রেপ্তার করে যৌথ বাহিনী। কালের কণ্ঠ, ১৩ সেপ্টেম্বর ২০২৫।





(বাঁয়ে) লক্ষ্মীপুরে অভিযান চালিয়ে দেশীয় এলজি অস্ত্রসহ যুবদল নেতা মো. বিল্লাল হোসেনকে আটক করেছে সেনাবাহিনী। বাংলা ট্রিবিউন, ১৮ সেপ্টেম্বর ২০২৫। (ডানে) ঢাকার আশুলিয়া থানা জিয়া মঞ্চের সদস্য সচিব রিপন শিকদারের বাসা থেকে তিন সন্ত্রাসীকে দেশি ও বিদেশি অস্ত্রসহ গ্রেপ্তার করেছে পুলিশ। বিডি টুডে, ১০ অক্টোবর ২০২৫






(বাঁয়ে) লক্ষ্মীপুরের রায়পুর উপজেলার দক্ষিণ চরবংশী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল আজিজের বাড়ি থেকে একটি রাইফেল ও ছয় রাউন্ড গুলি উদ্ধার করে যৌথ বাহিনী। প্রথম আলো, ২০ অক্টোবর ২০২৫। (ডানে) চট্টগ্রামের রাউজানের নোয়াপাড়া ইউনিয়নের বিএনপি কর্মী মুহাম্মদ কামালের বাড়িতে অভিযান চালিয়ে ১১টি বন্দুক, ২৭টি দেশি ধারালো অস্ত্র, ৮টি ক্রিকেট স্ট্যাম্প ও ১৫টি কার্তুজ উদ্ধার করে র‍্যাব। প্রথম আলো, ৩০ অক্টোবর ২০২৫






(বাঁয়ে) গাজীপুরের শ্রীপুরে অস্ত্রসহ ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক এনামুল হক মোল্লা ও তার সাত সহযোগীকে গ্রেপ্তার করে যৌথবাহিনী। প্রতিদিনের বাংলাদেশ, ৬ নভেম্বর ২০২৫। (ডানে) মেহেরপুরে সেনাবাহিনীর অভিযানে একটি ওয়ানশুটার পিস্তলসহ গাংনী পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মনিরুজ্জামান মনিকে আটক করা হয়। বাংলাদেশ প্রতিদিন, ২৪ নভেম্বর ২০২৫





(বাঁয়ে) যশোরে ৬ নম্বর ওয়ার্ড যুবদলের সাধারণ সম্পাদক আল মাসুদ রানার বাড়িতে অভিযান চালিয়ে সাতটি ককটেল, তিনটি পেট্রোল বোমা ও বেশ কিছু ধারালো অস্ত্রসহ যুবদল নেতা আল মাসুদ রানাকে আটক করে পুলিশ। বার্তা২৪, ২৫ নভেম্বর ২০২৫। (ডানে) কুমিল্লার নাঙ্গলকোটে অস্ত্রসহ যুবদল এবং ছাত্রদলের দুই কর্মী আনোয়ার হোসেন ও নাসিরকে আটক করে যৌথবাহিনী। ঢাকা পোস্ট, ২৬ নভেম্বর ২০২৫


(বাঁয়ে) কুমিল্লার তিতাস উপজেলার মজিদপুর ইউনিয়নের ৭ নং ওয়ার্ড বিএনপির কৃষি বিষয়ক সম্পাদক মো.মান্নান ভূইয়াকেঅস্ত্রসহ গ্রেফতার করে যৌথবাহিনী। যুগান্তর, ২৯ নভেম্বর ২০২৫। (মাঝে) রাজবাড়ী সদর উপজেলার শহীদওহাবপুর ইউনিয়নের নিমতলা গ্রামে গোপন তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে অস্ত্রসহ ছাত্রদল নেতা আলাউদ্দিন পাটোয়ারীকে গ্রেপ্তার করে সেনাবাহিনী। বার্তা বাজার, ১ ডিসেম্বর ২০২৫। (ডানে) ফরিদপুরের বোয়ালমারীতে ইয়াবা ও বোমা তৈরির সরঞ্জামসহ শামীম বিন ইসমাইল (২২) নামে এক ছাত্রদল নেতাকে আটক করে যৌথবাহিনী। আমার দেশ, ১৬ডিসেম্বর ২০২৫

## ■ ধর্ষণ

বিএনপি ও তার অঙ্গসংগঠনের একাধিক নেতাকর্মীর বিরুদ্ধে ধর্ষণ ও যৌন সহিংসতার অভিযোগ জনমনে গভীর উদ্বেগ সৃষ্টি করেছে। বিভিন্ন সংবাদমাধ্যম ও আদালত-নথিতে উঠে এসেছে—স্কুলছাত্রী, গৃহবধূ ও তরুণীদের ওপর সংঘটিত অপরাধের ঘটনা। অপরাধ সংগঠিত হওয়ার পর কোথাও দলীয় শাস্তির ঘোষণা এলেও বহু ঘটনায় কার্যকর জবাবদিহি নিশ্চিত হয়নি বলে অভিযোগ রয়েছে। এসব ঘটনা কেবল নারীর নিরাপত্তাই নয়, রাজনীতির নৈতিকতা, আইনের শাসন ও সামাজিক ন্যায়বিচারকেও প্রশ্নবিদ্ধ করে। জুলাই বিপ্লবের ৫০০ দিনে (১৮ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত) বিএনপি ও তার অঙ্গসংগঠনের একাধিক নেতাকর্মীর হাতে ৭২ জন নারী ধর্ষণের শিকার হয়েছেন। এসব ধর্ষণের ঘটনায় জড়িত বিএনপির ৮৫ জন নেতাকর্মী।

**বিএনপি ও অঙ্গ সংগঠন কর্তৃক ধর্ষণ**

**ধর্ষণের শিকার - ৭২ জন**

**ধর্ষক - ৮৫ জন**

### ১. যশোরে বিএনপি নেতাদের বিরুদ্ধে ধর্ষণের মামলা তুলে নিতে হুমকি

গত ১৩ সেপ্টেম্বর দুপুরে বাঘারপাড়া বারভাগ আলিয়া মাদ্রাসার পেছনে একটি বাগানে পাঁচ বছরের এক শিশুকে এক কিশোর ধর্ষণ করে। ঘটনার পরদিন বাঘারপাড়া থানায় ভুক্তভোগী শিশুর নানা বাদী হয়ে ধর্ষণের অভিযোগে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। এ ঘটনার পর থেকেই স্থানীয় বিএনপির নেতারা মামলা তুলে নিতে চাপ সৃষ্টি করছেন বলে অভিযোগ করেছেন শিশুটির পরিবারের সদস্যরা। ওই শিশুর পরিবারের সদস্যদের অভিযোগ, আসামিপক্ষের কাছ থেকে মোটা অঙ্কের টাকা নিয়ে মামলা তুলে নিতে চাপ সৃষ্টি করছেন উপজেলার জামদিয়া ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক মাহবুব বিশ্বাস ও স্থানীয় বিএনপি নেতা সেলিম রেজা। প্রথম আলো, ১৮ সেপ্টেম্বর ২০২৪

### ২. হত্যা মামলায় নাম দেওয়ার ভয় দেখিয়ে ধর্ষণের অভিযোগ বিএনপি নেতা



কলেজ পড়ুয়া ছেলেকে হত্যা মামলায় নাম ঢুকিয়ে দেওয়ার ভয় দেখিয়ে ডেকে এনে জোরপূর্বক ধর্ষণের অভিযোগ উঠেছে আশুলিয়া থানা বিএনপির সহসভাপতি আমিনুল ইসলাম পিয়ার আলীর বিরুদ্ধে। ধর্ষণের শিকার আওয়ামী যুব মহিলা

লীগের সাবেক নেত্রী। অভিযুক্ত বিএনপি নেতা আমিনুল ইসলাম পিয়ার আলী আশুলিয়া বিএনপির থানা কমিটির সহসভাপতি ও সভাপতি প্রার্থী। প্রতিদিনের বাংলাদেশ, ২৭ সেপ্টেম্বর ২০২৪

**৩. স্কুলছাত্রীকে ধর্ষণ, সালিশে ৪০ হাজার টাকায় রফার চেষ্টা বিএনপি নেতার**

বাগেরহাটের ফকিরহাট উপজেলায় নবম শ্রেণি পড়ুয়া এক স্কুল ছাত্রীকে তুলে নিয়ে ধর্ষণের ঘটনা ৪০ হাজার টাকায় আপস-রফা করার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতা ও সাবেক ইউপি সদস্য হুমায়ুন মোড়ল ও কামরানের বিরুদ্ধে। স্থানীয়ভাবে সালিশের নামে ধর্ষকের বাড়ির সামনের রাস্তায় ডেকে নিয়ে ওই কিশোরীর বাবার কাছ থেকে ফাঁকা (কিছু না লেখা) স্ট্যাম্পে জোরপূর্বক স্বাক্ষর নেয় তারা। পরে মেয়ের বাবার হাতে ৪০ হাজার টাকা ধরিয়ে দেওয়ার ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, ধর্ষণের অভিযোগ ওঠা যুবক গৌরঙ্গের একাধিক বিয়ে আছে। তার বিরুদ্ধে বিভিন্ন সময়ে মেয়েদের উত্যক্ত করাসহ নানা অভিযোগও রয়েছে। সমকাল, ১ অক্টোবর ২০২৪

**৪. স্কুল ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মৎস্যজীবি দলের সভাপতিকে অব্যাহতি**



পটুয়াখালীর বাউফলের মদনপুর ইউনিয়নের মধ্য মদনপুর গ্রামের চতুর্থ শ্রেণির এক স্কুল ছাত্রীকে (১০) ধর্ষণের অভিযোগে ইউনিয়ন মৎস্যজীবী দলের সভাপতি আনোয়ার হোসাইনকে (৪৫) দল থেকে অব্যহতি দিয়েছে উপজেলা কমিটি। ধর্ষিত ছাত্রীর ভগ্নিপতি অভিযোগ করেন, ধর্ষিতা শিশু ও তার বাবা-মা থানায় উপস্থিত হয়ে ওসিকে বিস্তারিত জানিয়েছেন। তারপরেও রহস্যজনক কারণে এজাহারে ধর্ষণের কথা উল্লেখ করা হয়নি। এমনকি লিখিত এজাহারটি তাদেরকে পড়ে শুনানো হয়নি। নিউজ টুয়েন্টিফোর, ১৫ অক্টোবর ২০২৪

**৫. গাজীপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতির বিরুদ্ধে ধর্ষণ মামলা**



গাজীপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমরান হোসেন শিশিরের নামে থানায় ধর্ষণ মামলা হয়েছে। তাকে জড়িয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে এক নারীর ভিডিও প্রকাশের পর দলীয় পদ হারানোর তিন দিনের মাথায় তার বিরুদ্ধে মামলা হলো। বাদী এজাহারে উল্লেখ করেন, তিনি কাপাসিয়া ডিগ্রি কলেজে পড়াকালীন সময়ে শিশিরের সঙ্গে পরিচয় হয়। সেই সুবাদে ২০১৯ সাল থেকে বাদীর বাড়িতে তার আসা-যাওয়া ছিল। একপর্যায়ে বাদীকে প্রেমের প্রস্তাব দিলে তাদের মধ্যে

ঘনিষ্ঠতা বাড়ে। ঢাকায় এবং গাজীপুরের বিভিন্ন স্থানে ঘুরতে নিয়ে বাদীর সঙ্গে শারীরিক সম্পর্ক স্থাপনের চেষ্টা করতো শিশির। প্রথমে ২০১৯ সালের ১২ সেপ্টেম্বর কাপাসিয়ার রাওনাট বাজার সংলগ্ন শিশিরের বন্ধু মেহেদী হাসানের ফাঁকা বাড়িতে বাদীকে নিয়ে ধর্ষণ করা হয়। এরপর উত্তরার ৬ নম্বর সেক্টরে একটি আবাসিক হোটেলে এবং শ্রীপুরের ফাওগান ইকো রিসোর্টে বহুবার নিয়ে বাদীকে ধর্ষণ করা হয়। বাদী অভিযোগ করেন, সরকার পতনের একদিন পর ৬ আগস্ট শিশিরকে আবারও বিয়ের কথা বললে তিনি সম্পর্কের বিষয়টি পুরোপুরি অস্বীকার করে বসেন। এমনকি মুখ খুললে বাদীকে ভাড়াটে খুনি দিয়ে হত্যার হুমকি দিয়ে সব ধরনের যোগাযোগ বন্ধ করে দেন শিশির। পরবর্তীতে প্রতিকার পেতে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতির কাছে এসব বিষয়ে অভিযোগ করেন বাদী। সময় টিভি, ১৬ অক্টোবর ২০২৪

**৬. নীলফামারীতে অনৈতিক কাজের সময় হাতেনাতে আটক কৃষকদল নেতা**



সৌদি আরবে প্রবাসী এক ব্যক্তির স্ত্রীর সঙ্গে পরকীয়া করতে গিয়ে স্থানীয়দের হাতে আটক হয় মমিনুর ইসলাম নামে এক কৃষকদল নেতা। জাতীয়তাবাদী কৃষক দলের গোমনাতী ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের সভাপতির দ্বায়ীত্বে রয়েছে বলে জানান মমিনুর রহমান। ওই ইউনিয়নের খাল পাড়ার এলাকার এক প্রবাসীর স্ত্রীর সাথে ঘটনাটি ঘটেছে। আমার বার্তা, ১৮ অক্টোবর ২০২৪

**৭. নোয়াখালীর দুর্গম চরে মা ও মেয়েকে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় মামলা, গ্রেপ্তার ২ যুবদল কর্মী**



নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার চর এলাহী ইউনিয়নের একটি দুর্গম চরে মা ও মেয়েকে ঘর থেকে তুলে নিয়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় থানায় মামলা হয়েছে। মামলায় ছয়জনকে আসামি করা হয়েছে। তাঁরা হলেন মো: হারুন ও মো: হাসান। আসামিরা স্থানীয় যুবদলের রাজনীতির সঙ্গে জড়িত। মামলার অন্য আসামিরা হলেন সাইফুল ইসলাম, মো: রাজিব ওরফে রাজু, মহম্মদ রাশেদ, মো: হারুন ও মো: হাসান। নারীর অভিযোগ, যুবকদের মধ্যে তিনজন তাকে টেনে নিয়ে যান বাড়ির পুকুর পাড়ে। আর তিনজন তাঁর মেয়েকে বসতঘরের পাশের রান্নাঘরের সামনে নিয়ে যান। এরপর তাকে পুকুর পাড়ে এবং মেয়েকে রান্নাঘরের সামনে রাত তিনটা পর্যন্ত ধর্ষণ করেন ওই যুবকেরা। প্রথম আলো, ২৭ অক্টোবর ২০২৪

**৮. বিয়ের প্রলোভনে কিশোরীর সঙ্গে প্রতারণা, ছাত্রদল নেতা বহিষ্কার**



গাজীপুরের কালিয়াকৈরে বিয়ের প্রলোভন দেখিয়ে এক কিশোরীর সঙ্গে অনৈতিক সম্পর্ক স্থাপন ও টাকা হাতিয়ে নেয়ার অভিযোগে একজন ছাত্রদল নেতাকে বহিষ্কার করেছে সংগঠনের কেন্দ্রীয় কমিটি। বহিষ্কৃত ছাত্রদল নেতা হলেন, গাজীপুরের কালিয়াকৈর পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সারোয়ার হোসেন হৃদয়। ঢাকা টাইমস, ১৩ নভেম্বর ২০২৪

**৯. ঘুরতে আসা তরুণীকে তুলে নিয়ে রাতভর ধর্ষণ, যুবদল নেতা গ্রেপ্তার**



বরিশাল সদরের রূপাতলী এলাকায় ঘুরতে আসা এক তরুণীকে তুলে নিয়ে আটকে রেখে রাতভর ধর্ষণের অভিযোগ উঠেছে ইরমান আলী শোভন নামে এক যুবদল নেতার বিরুদ্ধে। অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। উল্লেখ্য, ইমরানের বিরুদ্ধে রূপাতলী এলাকায় ব্যাপক চাঁদাবাজি, শ্রমিক মারধর করার মতো অভিযোগ আছে। এছাড়া রূপাতলী এলাকার মাদক সিন্ডিকেটও তার দখলে বলেও স্থানীয়ভাবে জানা গেছে। ঢাকা ট্রিবিউন, ২১ নভেম্বর ২০২৪

**১০. ধর্ষণ মামলার আসামি ছাত্রদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক!**



ধর্ষণ মামলার আসামি এম এ আসিফ চৌধুরী লিমনকে চট্টগ্রাম মহানগর ছাত্রদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক করা হয়েছে। বৃহস্পতিবার (৫ জানুয়ারি) ছাত্রদলের সভাপতি কাজী রওনকুল ইসলাম শ্রাবণ ও সাধারণ সম্পাদক সাইফ মাহমুদ জুয়েল এই অনুমোদন দেন। গত বছরের ৭ সেপ্টেম্বর চট্টগ্রাম নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুন্যাল-৪ এর বিচারক মো: জামিউল হায়দারের আদালতে মামলাটি করেন ফেনী জেলার সদর থানার এক তরুণী। বাংলানিউজ২৪, ৫ জানুয়ারি ২০২৫

**১১. কুমিল্লায় সড়ক থেকে তুলে নিয়ে দুই নারীকে ধর্ষণ যুবদল নেতার**

কুমিল্লার নাঙ্গলকোটে সড়ক থেকে তুলে নিয়ে স্থানীয় যুবদল নেতার নেতৃত্বে দুই নারীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে জানা যায়, ৯ জানুয়ারি দুপুরে উপজেলার বাঙ্গড্ডা ইউনিয়নে একটি স'মিলের ভেতর এ ঘটনা ঘটে। অভিযুক্তরা হলেন, উপজেলার বাঙ্গড্ডা ইউনিয়নের যুবদল নেতা মো: মহসিন। অন্যজন হলেন স'মিলের মালিক খোকন মিয়া। বাকিদের পরিচয় জানাতে পারেননি ভুক্তভোগী নারীরা। জাগো নিউজ, ১৩ জানুয়ারি, ২০২৫

### ১২. স্বামীকে পিটিয়ে গৃহবধূর শ্লীলতাহানি, অভিযুক্ত ছাত্রদল নেতা



বাউফল উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মুনঈমূল ইসলাম মিরাজের বিরুদ্ধে মাসুদ হাওলাদারও ও তার স্ত্রী রত্না বেগমকে পিটিয়ে জখম ও শ্লীলতাহানীর অভিযোগ পাওয়া গেছে।এ ঘটনায় ওই ছাত্রদলের নেতাসহ ৮ জনকে উল্লেখ করে এবং ৫-৬ জনকে অজ্ঞাত আসামী করে আজ মঙ্গলবার (১৪ জানুয়ারি) সকালে বাউফল থানায় একটি এজাহার দাখিল করা হয়েছে। পুলিশ ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে স্বেচ্ছাসেবক দলের নেতা আনোয়ার হাওলাদার (৪২) ও জুয়েল হাওলাদারকে (৩০) গ্রেপ্তার করেছে। জনকণ্ঠ, ১৪ জানুয়ারি ২০২৫

### ১৩. স্কুলছাত্রকে বলাৎকারের অভিযোগে বিএনপি নেতার বিরুদ্ধে মামলা



সিরাজগঞ্জের চৌহালীতে স্কুলছাত্রকে যৌন নির্যাতনের অভিযোগে উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুয়েল রানা ফকিরের (৪৫) নামে মামলা দায়ের হয়েছে। এর আগে রোববার রাতে একই কারণে উপজেলা বিএনপি জুয়েল রানাকে শোকজ করে। শোকজ পত্রে বলা হয়েছে, ফকির মো: জুয়েল রানার বিরুদ্ধে শিশু ধর্ষণের অভিযোগ উঠছে। ইত্তেফাক, ১৪ জানুয়ারি ২০২৫

### ১৪. কলেজছাত্রীকে তুলে নেওয়ার অভিযোগে ছাত্রদল নেতা আটক



নোয়াখালীর চাটখিলে এক কলেজছাত্রীকে (১৭) তুলে নিয়ে বিয়ে করার অভিযোগে মো: সাইফুল ইসলাম রনি (২৮) নামের এক ছাত্রদল নেতাকে আটক করেছে পুলিশ। মো: সাইফুল ইসলাম রনি উপজেলার বদলকোট ইউনিয়নের রেজ্জাকপুর গ্রামের বাসিন্দা। সে চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারি ডিগ্রি কলেজ ছাত্রদলের সদস্য সচিব এবং বর্তমানে উপজেলা ছাত্রদলের সভাপতি প্রার্থী। ছাত্রীর মা বলেন, 'আমার মেয়ে চাটখিল মহিলা ডিগ্রি কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্রী। স্থানীয় এক প্রবাসীর সঙ্গে আনুষ্ঠানিকভাবে তার বিয়ে ঠিক হয়েছে। গত ৬ জানুয়ারি সাইফুল ইসলাম রনি আমার মেয়েকে ভুল বুঝিয়ে বাড়ি থেকে তুলে নিয়ে যায়। পরে থানায় অভিযোগ দিলে পুলিশ তাদের ঢাকা থেকে উদ্ধার করে।' আমাদের সময়, ১৫ জানুয়ারি ২০২৫

**১৫. পৌর ছাত্রদলের আহ্বায়কের বিরুদ্ধে ধর্ষণ মামলা**



বরিশালের বাকেরগঞ্জ পৌর ছাত্রদলের আহ্বায়ক মো: রুহুল আমিনের (৩৪) নামে থানায় ধর্ষণ মামলা হয়েছে। বুধবার (২২ জানুয়ারি) রাত ১১ টা ২৫ মিনিটে বাকেরগঞ্জ থানায় ৩১ বছর বয়সী ওই নারী এ মামলা করেছেন বলে নিশ্চিত করেন থানার অফিসার ইনচার্জ মো: সফিকুল ইসলাম। অভিযুক্ত বাকেরগঞ্জ পৌর ছাত্রদলের আহ্বায়ক মো: রুহুল আমিন হাওলাদার বরিশাল জেলার বাকেরগঞ্জ পৌরসভার ৫নং ওয়ার্ডের সাহেবগঞ্জ মাদ্রাসা রোড এলাকার মোতাহার হাওলাদারের ছেলে। যুগান্তর, ২৩ জানুয়ারি ২০২৫

**১৬. দুপুরে ছাত্রদল নেতার হাতে হেনস্তা, রাতে 'আত্মহত্যা' কলেজছাত্রীর**



পটুয়াখালীর বাউফলে বন্ধুর সঙ্গে রেস্তোরাঁয় খাবার খেতে গিয়ে ছাত্রদল নেতার নেতৃত্বে কয়েকজন তরুণের হাতে হেনস্তার শিকার হন এক কলেজ ছাত্রী। এ ঘটনার পর ওই ছাত্রী 'আত্মহত্যা' করেছেন বলে অভিযোগ করেছে পরিবার।নিহত ছাত্রীর নাম সম্পা ওরফে ইতি দাস (১৯)। তিনি দাসপাড়া গ্রামের সমীর দাসের মেয়ে এবং বরিশালের সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের স্নাতক প্রথম বর্ষের শিক্ষার্থী ছিলেন। এর আগে সোমবার দুপুরে উপজেলা সদরের পাবলিক মাঠ সংলগ্ন একটি রেস্তোরাঁয় ইতি দাস ও তার বন্ধুকে হেনস্তা করেন ছাত্রদল নেতা হৃদয় রায়হান ও তার সহযোগীরা। স্থানীয়রা জানান, অভিযুক্তরা ছাত্রদলের নেতাকর্মী। ডেইলি ক্যাম্পাস, ৪ ফেব্রুয়ারি ২০২৫

**১৭. রাতে নারীর ঘরে ঢুকে পিটুনি খেলেন মৎস্যজীবী দল নেতা, ভিডিও ভাইরাল**

ভোলার চরফ্যাসনে গভীর রাতে নারীর ঘরে ঢুকে গণধোলাইয়ের শিকার হয়েছেন শশীভূষণ থানা মৎস্যজীবী দলের সভাপতি মিজান মুনসী। শুক্রবার চরকলমী ইউনিয়নের বকসীবাজার এলাকায় এ ঘটনা ঘটে। সমকাল, ১৬ ফেব্রুয়ারি ২০২৫

**১৮.ধর্ষণ মামলার আসামি ছিনতাইয়ের অভিযোগ বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে**

ভোলার চরফ্যাশনে পুলিশ তদন্ত কেন্দ্রে হামলা চালিয়ে সংঘবদ্ধ ধর্ষণ মামলার আসামিকে ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে। খোঁজ নিয়ে জানা যায়, এক তরুণীকে সংঘবদ্ধ ধর্ষণের ভিডিও ধারণ করে এক বছর পর সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা হয়। এর প্রতিবাদে গত মঙ্গলবার ওই তরুণী দক্ষিণ আইচা থানায় সংঘবদ্ধ ধর্ষণ ও পর্নোগ্রাফি আইনে মামলা করেন। পুলিশ জানায়, মামলার পর ঢালচর তদন্তকেন্দ্রের ইনচার্জ উপ-পরিদর্শক আনোয়ার হোসেনের নেতৃত্বে পুলিশ ধর্ষণ মামলার ৩ নং আসামি

ইসমাইলকে তার ৯ নং ওয়ার্ডের বাড়ি থেকে গ্রেপ্তার করে। এই খবর ছড়িয়ে পরার পর ঢালচর ইউনিয়ন যুবদলের সভাপতি শাহ আলম ফরাজী, সহ-সভাপতি মোক্তার ফরাজি, স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি ফেরদাউস, জিয়া পরিষদের সভাপতি মামুনের নেতৃত্বে স্থানীয় বিএনপির একাংশের শতাধিক কর্মী-সমর্থক বিক্ষোভ মিছিল করে তদন্ত কেন্দ্রে ঢুকে পড়েন এবং সেখান থেকে ইসমাইলকে ছিনিয়ে নিয়ে যান। ডেইলি ক্যাম্পাস, ১লা মার্চ ২০২৫

**১৯. কলেজছাত্রীকে ধর্ষণ চেষ্টার অভিযোগে ছাত্রদল নেতার বিরুদ্ধে মামলা**



ফরিদপুরের আলফাডাঙ্গা উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আব্দুল্লাহ্ আল মিলনের (২৬) নামে এক কলেজছাত্রীকে (১৯) ধর্ষণ চেষ্টার ঘটনায় থানায় মামলা হয়েছে।মামলা সূত্রে জানা যায়, ওই শিক্ষার্থীর সাথে এক তরুণের প্রেমের সম্পর্ক ছিল। কিন্তু ছাত্রদল নেতা এ ব্যাপারে বাধা সৃষ্টি করে। এ ব্যাপারে আলোচনার জন্য গত বৃহস্পতিবার (৬ মার্চ) দুপুরের দিকে ওই শিক্ষার্থী ছাত্রদল নেতা মিলনের বাড়িতে যায়। এসময় মিলন ওই ছাত্রীকে ঘরের ভেতর নিয়ে ধর্ষণের চেষ্টা চালায়। পরে তার চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এলে তাকে ছেড়ে দেয় ছাত্রদল নেতা। এরপর বৃহস্পতিবার দিবাগত রাতে ওই শিক্ষার্থী উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আব্দুল্লাহ আল মিলন (২৬) ও তার দুই সহযোগী রবিউল ইসলাম (৩৪) এবং সোহেল শেখের (৩৩) নামে ধর্ষণ চেষ্টা মামলা দায়ের করেন। প্রথম আলো, ৭ মার্চ ২০২৫

**২০. বাকেরগঞ্জে সড়কে নারীকে মারধরের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে**



বরিশালের বাকেরগঞ্জ উপজেলায় বাগ্‌বিতণ্ডার জেরে এক নারীকে সড়কে প্রকাশ্যে মারধরের ঘটনা ঘটেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে এ সংক্রান্ত একটি ভিডিও ছড়িয়ে পড়লে স্থানীয় লোকজনের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। বাকেরগঞ্জ পৌর শহরের সদর রোডের একটি তৈরি পোশাকের দোকানে ওই নারীকে মারধরের ঘটনা ঘটে। মারধর করা ব্যক্তি দোকানটির মালিক জাকির হোসেন। তিনি বাকেরগঞ্জ পৌরসভার ২ নম্বর ওয়ার্ড বিএনপির সহ-সভাপতি। ইত্তেফাক, ৯ মার্চ ২০২৫

**২১. ছাত্রদল নেতাসহ দুজনের বিরুদ্ধে ধর্ষণচেষ্টা মামলা**

পাবনার চাটমোহরে নবম শ্রেণির এক ছাত্রীকে অপহরণ ও ধর্ষণচেষ্টার অভিযোগে ছাত্রদল নেতাসহ দুজনকে আসামি করে মামলা করা হয়েছে। আসামিরা



হলেন হরিপুর ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ও তেবাড়িয়া মোল্লাপাড়া গ্রামের তোজাম্মেল হোসেন তজুর ছেলে রতন হোসেন (২৫) এবং তার সহযোগী একই গ্রামের মহসিন হোসেনের ছেলে মামুন হোসেন (১৮)। কালের কণ্ঠ, ১২ মার্চ ২০২৫

**২২. সৎ ভাইয়ের স্ত্রীকে ধর্ষণ চেষ্টার অভিযোগে বিএনপি নেতার বিরুদ্ধে মামলা**



খুলনা সিটি করপোরেশনের ১৮ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ও সোনাডাঙ্গা থানা বিএনপির সভাপতি হাফিজুর রহমান মনির বিরুদ্ধে তার সৎ ভাইয়ের স্ত্রীকে ধর্ষণ চেষ্টার অভিযোগে আদালতে মামলা দায়ের করা হয়েছে।আদালত সূত্রে জানা গেছে, তার সৎ ভাইয়ের স্ত্রী গত ১৯ ফেব্রুয়ারি খুলনার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩-এ অভিযোগ দায়ের করেন। ডেইলি ক্যাম্পাস, ১৩ মার্চ ২০২৫

**২৩. কিশোরীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ, ছাত্রদল নেতাসহ আটক ৪**



যশোরের ঝিকরগাছায় কিশোরীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে ৪ যুবককে আটক করেছে পুলিশ। আটকরা হলেন- গদখালী ইউনিয়নের পটুয়াপাড়া গ্রামের মিজানুর রহমানের ছেলে ইয়াসিন আরাফাত (২২), জাকির হোসেনের ছেলে জাবেদ হোসেন (২৮), শরিফুল ইসলামের ছেলে মামুন হোসেন বাপ্পি (২১) ও উজ্জল হোসেনের ছেলে আমিনুর রহমান (২০)। আটকদের মধ্যে মামুন হোসেন বাপ্পি গদখালী ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক এবং ইয়াসির আরাফাত দপ্তর সম্পাদক। দেশ রূপান্তর, ১৭ মার্চ ২০২৫

**২৪. ছাত্রলীগ নেত্রীকে ধর্ষণচেষ্টার অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে**



আমতলী উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক ইমরান খাঁনের বিরুদ্ধে ধর্ষণচেষ্টার অভিযোগ এনে মামলা করেছেন উপজেলা ছাত্রলীগের উপ-ছাত্র বিষয়ক সম্পাদক ফাতিমাতুজ জোহরা মৈতি। সোমবার (১৭মার্চ) ছাত্রলীগ নেত্রী ফাতিমাতুজ জোহরা মৈতি বাদি হয়ে বরগুনা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনালে এ মামলা দায়ের করেন। ছাত্রলীগ নেত্রীর দায়েরকৃত এ মামলাকে হয়রানিমূলক আখ্যা করে প্রতিবাদ ও প্রত্যাহারের দাবি জানিয়েছে বিএনপি ও সহযোগী সংগঠন। যায়যায়দিন, ২১ মার্চ ২০২৫

## ২৫. ঠাকুরগাঁওয়ে বিএনপি নেতার বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা



ঠাকুরগাঁওয়ে চাকরির প্রলোভন দেখিয়ে ধর্ষণের অভিযোগে আবু তালেব (৪৫) নামে এক বিএনপির নেতার বিরুদ্ধে ধর্ষণ মামলা করেছেন এক ভুক্তভোগী। ভুক্তভোগীর বাসা দিনাজপুর জেলার বীরগঞ্জ থানার মধুবনপুর গ্রামে। অভিযুক্ত আবু তালেব সদর উপজেলার আকচা ইউনিয়নের বিএনপির সাধারণ সম্পাদক। মামলা বিবরণে যানা যায়, ভুক্তভোগী প্রায় ৩ বছর আগে বিএনপি নেতা আবু তালেবের সাথে মোবাইল ফোনের মাধ্যমে পরিচয় হয়। একপর্যায়ে চাকরি দেবার কথা বলে ওই ভুক্তভোগীর সাথে সম্পর্ক গভীর করেন বিএনপির ওই নেতা। পরে চাকরির প্রলোভন দেখিয়ে একাধিকবার বীরগঞ্জসহ বিভিন্ন স্থানে ধর্ষণ করে। গনকন্ঠ, ২৫ মার্চ ২০২৫

## ২৬. নারীকে ঘুমের ওষুধ খাইয়ে যৌন নির্যাতন, বিএনপি নেতা গ্রেফতার



রাজধানীর আজিমপুর এলাকা থেকে বিএনপির এক নেতাকে গ্রেফতার করেছে সেনাবাহিনী। এক নারীকে ঘুমের ওষুধ খাইয়ে যৌন নির্যাতন, গোপন ভিডিও ধারণ ও পাঁচ লাখ টাকা মুক্তিপণ দাবির অভিযোগে শনিবার রাতেতাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার হওয়া আলতাফ হোসেন মিঠু ৩১ নাম্বার ওয়ার্ড বিএনপির কোষাধ্যক্ষ পদে রয়েছেন বলে জানা গেছে। যুগান্তর, ৩০ মার্চ ২০২৫

## ২৭. পিরোজপুরে ধর্ষণের অভিযোগে ছাত্রদল নেতা বহিষ্কার





অপহরণ ও ধর্ষণের অভিযোগে পিরোজপুরের নেছারাবাদে ছাত্রদল নেতা মো: রুবেল হাওলাদারকে বহিষ্কার করা হয়েছে। সোমবার (৭ এপ্রিল) নেছারাবাদ উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো: ইমরান হোসেন সজিব ও সদস্যসচিব মো: জিয়াউল হক সজিব স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। মো: রুবেল হাওলাদার উপজেলার দৈহারী ইউনিয়ন ছাত্রদল সহসাংগঠনিক সম্পাদক ছিলেন। সময় টিভি, ৮ এপ্রিল ২০২৫

## ২৮. ব্রাহ্মণবাড়িয়ায় নারীকে সংঘবদ্ধ ধর্ষণ, যুবদল নেতার হুমকিতে বাড়িছাড়া

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলায় এক বিধবা নারীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে মামলা দায়েরের পর মামলাটি তুলে নিতে তাকে ও তার ছেলেকে হত্যার হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে উপজেলা যুবদল নেতা আবু কাউছার



আহমেদের বিরুদ্ধে। গত ৪ এপ্রিল রাতে ওই নারীর বাড়িতে এ ঘটনা ঘটে। এ ঘটনার এক সপ্তাহ পর ১০ এপ্রিল তিনি ব্রাহ্মণবাড়িয়া নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে অভিযুক্তদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন। ডেইলি স্টার, ১৬ এপ্রিল ২০২৫

## ২৯. ধর্ষণ করেন ছেলে, গর্ভপাত করান কৃষকদল নেতা বাবা



ঝিনাইদহের শৈলকূপায় উপজেলা কৃষকদল নেতার ছেলের বিরুদ্ধে বিয়ের প্রলোভনে এক নারীকে ধর্ষণ ও জোরপূর্বক গর্ভপাতের অভিযোগ উঠেছে। অভিযোগ তদন্ত করে পুলিশ প্রাথমিকভাবে সত্যতা পেয়েছে বলে নিশ্চিত করেছেন মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই সম্রাট মন্ডল।মামলার এজাহার ও ভুক্তভোগী নারী সূত্রে জানা গেছে, দুই বছর ধরে ওই নারীর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন নাজমুল খন্দকার নামের এক যুবক। নাজমুল খন্দকার শৈলকূপা উপজেলা কৃষকদলের সদস্য সচিব কামরুল ইসলামের ছেলে। তাদের সম্পর্কের বিষয়টি নাজমুলের পরিবারের সবাই জানার পরে তারা ওই সম্পর্ক মেনে নেয়। এরপর ওই নারী নাজমুলের বাড়িতে নিয়মিত যাতায়াত শুরু করেন। এক পর্যায়ে ভুক্তভোগী নারী গর্ভবর্তী হয়ে পড়লে নাজমুল ও তার বাবা ক্ষিপ্ত হয়ে ওঠেন। তারা কৌশলে ওই নারীকে ঝিনাইদহ শহরের হামদহ এলাকার রয়েল ক্লিনিকে ভর্তি করে গর্ভপাত ঘটান। জাগো নিউজ, ৩ মে ২০২৫

## ৩০. নেত্রকোনায় গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে ছাত্রদল নেতাকে বহিষ্কার



নেত্রকোনায় অ্যাম্বুলেন্স থামিয়ে এক গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগের পর পূর্বধলা উপজেলা ছাত্রদলের আহ্বায়ক সালমান রহমানকে দলীয় পদ থেকে বহিষ্কার করা হয়েছে। মঙ্গলবার দুর্গাপুর পৌরসভার বিরিশিরি এলাকা থেকে পুলিশ তাকে গ্রেপ্তার করে। ওই কলেজছাত্রী দুর্গাপুর থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। প্রথম আলো, ৮ মে ২০২৫


## ৩১. নেত্রকোনায় গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে ছাত্রদল নেতাকে বহিষ্কার



নেত্রকোনায় অ্যাম্বুলেন্স থামিয়ে এক গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগের পর পূর্বধলা উপজেলা ছাত্রদলের আহ্বায়ক সালমান রহমানকে দলীয় পদ থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যায় দলীয় শৃঙ্খলাভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগ

এনে কেন্দ্রীয় ছাত্রদলের দপ্তর সম্পাদক জাহাঙ্গীর আলমের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বৃহস্পতিবার সকালে নেত্রকোনা জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক অনিক মাহবুব চৌধুরী এ তথ্য নিশ্চিত করে বলেন, সালমান রহমানের বিরুদ্ধে দলীয় শৃঙ্খলাপরিপন্থী কাজের সুনির্দিষ্ট অভিযোগ থাকায় কেন্দ্রীয় কমিটি তাকে দলীয় পদ থেকে বহিষ্কার করেছে। প্রথম আলো, ৮ মে ২০২৫

### ৩২. বিএনপি নেতার বিরুদ্ধে অন্তঃসত্ত্বা নারীকে ধর্ষণচেষ্টার অভিযোগ



টাঙ্গাইলের ভূঞাপুরে তোতা মোল্লা নামে ওয়ার্ড বিএনপির এক নেতার বিরুদ্ধে অন্তঃসত্ত্বা এক নারীকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে। এ ঘটনায় বুধবার (৭ মে) ভুক্তভোগী ওই নারী বাদী হয়ে ভূঞাপুর থানায় মামলা দায়ের করেছেন। অভিযুক্ত তোতা মোল্লা উপজেলার গাবসারা ইউনিয়নের ৮নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক। জানা গেছে, উপজেলার কুঠিবয়ড়া গ্রামে গত শুক্রবার বিকেলে ভুক্তভোগী নারী বাড়িতে রান্না করছিলেন। তিনি একাই ছিলেন। এই সুযোগে প্রতিবেশী বিএনপি নেতা তোতা মোল্লা বাড়িতে ঢুকে কথা বলার একপর্যায়ে ওই নারীকে জড়িয়ে ধরে ধর্ষণের চেষ্টা করেন। ঢাকা মেইল, ৮ মে ২০২৫

### ৩৩. তুলে নিয়ে ধর্ষণের মামলায় বিএনপি নেতা গ্রেপ্তার



এক নারীকে তুলে নিয়ে আটকে রেখে একাধিকবার ধর্ষণ এবং সেই ঘটনার ভিডিও ধারণের অভিযোগে দায়ের করা মামলায় গোপাল ঘোষ নামে এক বিএনপি নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। তিনি রাজধানীর মতিঝিল থানার ১০ নম্বর ওয়ার্ড বিএনপির সদস্য। এদিকে, গ্রেপ্তার হওয়ার পর গোপাল ঘোষ কারাগারে বসেই স্বজন এবং স্থানীয় কিশোর গ্যাংয়ের মাধ্যমে ভুক্তভোগী নারীকে মামলা তুলে নেওয়ার জন্য হুমকি দিচ্ছেন বলে অভিযোগ উঠেছে। মামলা না তুলে নিলে জামিনে বের হয়ে তিনি ভুক্তভোগীকে প্রকাশ্যে হত্যার হুমকি দিয়েছেন বলেও অভিযোগ পাওয়া গেছে। কালবেলা, ৯ মে ২০২৫

### ৩৪. ধর্ষণ মামলা তুলে নিতে তরুণীকে বিএনপির সাবেক এমপির হুমকি

ধর্ষণ মামলা তুলে নিতে ভুক্তভোগী তরুণীকে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে সাবেক এমপি ও বরিশাল জেলা বিএনপির আহ্বায়ক আবুল হোসেন খানের বিরুদ্ধে। শনিবার (১০ মে) দুপুরে বরিশাল রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন ভুক্তভোগী ওই তরুণী। লিখিত বক্তব্যে তিনি



বলেন, বাকেরগঞ্জ পৌর ছাত্রদলের আহ্বায়ক রুহুল আমিন বিয়ের প্রতিশ্রুতি দিয়ে দীর্ঘদিন ধরে শারীরিক সম্পর্ক গড়ে তোলেন। একপর্যায়ে প্রতারণার শিকার হয়ে আমি গত ২২ জানুয়ারি বাকেরগঞ্জ থানায় রুহুলের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা দায়ের করি। ছবিতে সর্ববামে আবুল হোসেন খান, মাঝে ধর্ষক রুহুল আমিন ও বায়ে ভুক্তভোগী। জাগো নিউজ, ১০ মে ২০২৫

**৩৫. যুবদল নেতার বিরুদ্ধে ত্রিপুরা কিশোরীর শ্লীলতাহানির অভিযোগ**



চট্টগ্রামের মিরসরাইয়ের এক যুবদল নেতার বিরুদ্ধে বসতঘরে ঢুকে এক ত্রিপুরা কিশোরীকে শ্লীলতাহানির অভিযোগ পাওয়া গেছে। ওই যুবদল নেতার নাম মোঃ আবুল কাশেম (৩৭)। প্রথম আলো, ১২ মে ২০২৫

**৩৬. ধর্ষণ চেষ্টার অভিযোগে তানোরে বিএনপি নেতার ভাই গ্রেফতার**



রাজশাহীর তানোরে আদিবাসী এক নারীকে ধর্ষণ চেষ্টার অভিযোগে খাইরুল ইসলাম (৪৫) নামের একজনকে গ্রেফতার করেছে মুণ্ডুমালা তদন্ত কেন্দ্রের পুলিশ। অভিযুক্ত খাইরুলের বাড়ি উপজেলার বাঁধাইড় ইউপির নারায়নপুর গ্রামে। সে উপজেলার বাধাঁইড় ইউপির সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা কামরুজ্জামান হেনার ভাই। জনকণ্ঠ, ১৫ মে ২০২৫

**৩৭. প্রতিবন্ধী তরুণীকে ধর্ষণ, বিএনপি নেতার সালিসে ৬ হাজার টাকায় রফা!**

ঠাকুরগাঁওয়ের রানীশংকৈলে এক প্রতিবন্ধী তরুণীকে ধর্ষণের অভিযোগ উঠেছে একরামুল মুন্সি (৪৮) নামে এক বৃদ্ধের বিরুদ্ধে। এ ঘটনায় ৬ হাজার টাকায় আপস মীমাংসা করার অভিযোগ উঠেছে স্থানীয় এক বিএনপি নেতার বিরুদ্ধে। কালের কণ্ঠ, ২৩ মে ২০২৫

**৩৮. ধর্ষণের ভিডিও প্রকাশের হুমকি, চাঁদাবাজিতে জড়িত ৩ ছাত্রদল নেতা**

দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ছাত্রদলের ৩ নেতাকে বহিষ্কার করা হয়েছে। অভিযুক্তরা হলেন বরিশাল জেলা শাখার সহ সভাপতি মোঃ সবুজ আকন, চুয়াডাঙ্গা জেলা শাখার সহ সভাপতি তৌহিদুজ্জামান তৌহিদ এবং যশোর জেলা শাখার বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক সাইফুল ইসলাম রাফা। ২০২২ সালের ডিসেম্বর মাসে ফেসবুকের নিজস্ব আইডি থেকে ওই তরুণীকে বন্ধুত্বের অনুরোধ পাঠান রাফা। ধীরে ধীরে তাদের মধ্যে বন্ধুত্ব গড়ে ওঠে। এক পর্যায়ে রাফা ওই

তরুণীর মোবাইল ও হোয়াটসঅ্যাপ নম্বর সংগ্রহ করে নিয়মিত যোগাযোগ করতে থাকেন। পরে বিয়ের প্রলোভন দেখিয়ে তার সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন। ডেইলি ক্যাম্পাস, ২৫ মে ২০২৫

**৩৯. চাঁদা না দিলে প্রবাসীর স্ত্রীকে ধর্ষণের হুমকি যুবদল নেতার!**



নোয়াখালীর কবিরহাট উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক আনোয়ার হোসেন নয়নের বিরুদ্ধে এক প্রবাসীর স্ত্রীকে প্রকাশ্যে চাঁদা দাবি ও ধর্ষণের হুমকির অভিযোগ উঠেছে। এ ঘটনায় ভুক্তভোগী নারী কবিরহাট থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। দেশীয় অস্ত্র হাতে প্রবাসীর স্ত্রীকে প্রকাশ্যে হুমকি দিচ্ছেন আনোয়ার হোসেন নয়ন। তিনি বিএনপির অঙ্গ সংগঠন জেলা যুবদলের ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক এবং কবিরহাট উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন। সময় টিভি, ২৫ মে ২০২৫

**৪০. ধর্ষণের অভিযোগের পর বরিশালে ছাত্রদল নেতাকে বহিষ্কার**



বরিশালে স্কুলছাত্রীকে ধর্ষণের মামলায় অভিযুক্ত আসামি জেলা ছাত্রদলের সহসভাপতি সবুজ আকনকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। রবিবার (২৫ মে) ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির দপ্তর সম্পাদক মো: জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সবুজের বিরুদ্ধে সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগের ভিত্তিতে ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির বহিষ্কারের সিদ্ধান্ত অনুমোদন করেছেন। এর আগে গত ১৯ মে সবুজের বিরুদ্ধে বরিশালের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে মামলা করেন ভুক্তভোগী ছাত্রীর মা। ইত্তেফাক, ২৬ মে ২০২৫


**৪১. কলেজছাত্রীকে ধর্ষণের অভিযোগে উপজেলা ছাত্রদল নেতা গ্রেপ্তার**



নেত্রকোণার দুর্গাপুর উপজেলায় এক কলেজ ছাত্রীকে ধর্ষণের অভিযোগে উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ফয়সাল আহমেদ দুর্জয়কে (২৫) গ্রেপ্তার করেছে পুলিশ। ওই কলেজছাত্রী দুর্গাপুর থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। তিনি উল্লেখ করেছেন, সম্প্রতি এক কলেজছাত্রের সঙ্গে তার বিয়ে ঠিক হয়েছে এবং

দুর্জয় তার হবু স্বামীর বন্ধু। সেভাবেই তিনি দুর্জয়কে চিনতেন। গত সোমবার ওই কলেজছাত্রী তার হবু স্বামীর সঙ্গে বিরিশিরি বেড়াতে যান এবং দুর্জয়ের পরামর্শে একটি হোটেলে ওঠেন। মঙ্গলবার দুপুরে তার হবু স্বামী দোকানে গেলে সে সময় দুর্জয় হোটেলের কক্ষে আসেন এবং তাকে ধর্ষণ করেন। ডেইলি স্টার, ৩০ মে ২০২৫

**৪২. 'জিন্দিগি বরবাদ করে দিমু'- থানার ভেতরে নারীকে বিএনপি নেতার হুমকি**



রাজধানীর আদাবর থানায় মামলার বাদী এক নারীকে হেনস্তা ও হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে বিএনপি নেতা লেদু হাসানের বিরুদ্ধে। আদাবর থানার ভেতরে ভুক্তভোগী বাদীকে ওই বিএনপি নেতার হেনস্তা করার একটি ভিডিও শুক্রবার ফেসবুকে ছড়িয়ে পড়েছে। ওই ভিডিওতে দেখা যায়, দলবল নিয়ে থানার ভেতরে পুলিশের সঙ্গে নানা বিষয়ে কথা বলছেন লেদু হাসান। আর তাদের অদূরেই বসা দুজন নারী। যাদের একজন একটি মামলার বাদী। কালের কণ্ঠ, ৩০ মে ২০২৫

**৪৩. কিশোরীকে ধর্ষণ ও গর্ভপাত ঘটানোর অভিযোগ সাবেক বিএনপি নেতা**

সিরাজগঞ্জের বেলকুচিতে কিশোরীকে ধর্ষণ ও গর্ভপাত ঘটানোর অভিযোগ উঠেছে। ধুকুরিয়া বেড়া ইউনিয়নের লক্ষ্মীপুর গ্রামের সাবেক বিএনপি নেতা বাবর আলী মেম্বারের বিরুদ্ধে এ অভিযোগ করেছে ভুক্তভোগী কিশোরীর পরিবার।গত রোজার ঈদের আগে বাবর আলী কিশোরীকে ধর্ষণ করেন। কিশোরী অন্তঃসত্ত্বা হওয়ার বিষয়টি জানাজানি হয়। এরপর বাবর আলী ভ্রূণ নষ্ট করতে ওষুধপথ্য কিনে দেন। এসব কারণে ২৯ মে কিশোরীর পেটে প্রচণ্ড ব্যথা শুরু হয়। বাবর আলী তাকে চিকিৎসকের কাছে নিয়ে অবৈধভাবে গর্ভপাত ঘটিয়ে বাড়িতে পাঠিয়ে দেন। সমকাল, ৩ জুন ২০২৫

**৪৪. বগুড়ায় নারী নির্যাতনের ঘটনায় সহযোগীসহ বিএনপি নেতা গ্রেফতার**



নারীকে অমানুষিকভাবে নির্যাতন করে জামাইয়ের বাড়িতে লুকিয়ে থেকেও পার পেলেন না ইউনিয়ন বিএনপি নেতা শাহিনুর রহমান রানু। অবশেষে সহযোগীসহ পুলিশের হাতে ধরা পড়েছেন তিনি। নারী নির্যাতনের ঘটনায় প্রধান আসামি হওয়ায় জামাইয়ের বাড়িতে তিনি লুকিয়ে ছিলেন। দৈনিক করতোয়া, ১৭ জুন ২০২৫

**৪৫. প্রবাসীর স্ত্রীকে ভাগিয়ে নিয়ে ছাত্রদল নেতার প্রতারণার অভিযোগ**



বরিশালের মুলাদীতে টাকা-স্বর্ণালংকারসহ প্রবাসীর স্ত্রীকে ভাগিয়ে নিয়ে প্রতারণার অভিযোগ উঠেছে ছাত্রদল নেতা ইব্রাহীম সিকদারের বিরুদ্ধে। বিয়ের প্রলোভনে ৩ মাস আটকে রেখে ধর্ষণ করার অভিযোগে সংবাদ সম্মেলন করেছেন প্রবাসীর স্ত্রী। এ ঘটনায় বুধবার প্রবাসীর স্ত্রী ইব্রাহীম সিকদারসহ ৪ জনের বিরুদ্ধে মুলাদী থানায় অভিযোগ করেছেন। যুগান্তর, ২৬ জুন ২০২৫

**৪৬. স্বামীকে বেঁধে স্ত্রীকে শ্রমিকদল-ছাত্রদল নেতাদের সংঘবদ্ধ ধর্ষণ**



ভোলার তজুমদ্দিন উপজেলায় শ্রমিক দল, যুবদল, কলেজ ছাত্রদলের কয়েকজন নেতা-কর্মীর বিরুদ্ধে গৃহবধূকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগে মামলা হয়েছে। ভুক্তভোগী ওই গৃহবধূর স্বামী তজুমদ্দিন উপজেলার একটি ইউনিয়নের বাসিন্দা। তবে ঢাকায় থাকেন। তিনি দুই বিয়ে করেছেন। ওই ব্যক্তি বলেন, ১৪-১৫ দিন আগে তিনি ঢাকা থেকে বাড়ি আসেন। পরে গত শনিবার দ্বিতীয় স্ত্রী তাকে তাঁর বাসায় ডেকে নেন। সেখানে রাতের বেলা উপজেলা শ্রমিক দলের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ ফরিদ উদ্দিন, যুবদল কর্মী মোঃ আলাউদ্দিন, তজুমদ্দিন সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি মোঃ রাসেল আহমেদ ওরফে রাসেল রানাসহ পাঁচ-ছয়জনের একটি দল ঘরের ভেতর প্রবেশ করে। তাঁরা এসেই মারধর করেন। দ্বিতীয় স্ত্রী সংসার করবেন না উল্লেখ করে তাঁরা চার লাখ টাকা দিতে চাপ দেন। তবে তিনি এত টাকা দিতে পারবেন না জানালে আবার রড-হাতুড়ি দিয়ে রানের ওপর, হাতে-পিঠে মারতে থাকেন। তাকে অন্য একটি ঘরে আটকে রেখে রাতভর শারীরিক নির্যাতন করেন। প্রথম আলো, ২ জুলাই ২০২৫

**৪৭. স্কুলছাত্রীকে দলবদ্ধ ধর্ষণ, টাকায় ধামাচাপার চেষ্টা বিএনপির কর্মীদের**

নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলায় অষ্টম শ্রেণির এক ছাত্রীকে দলবদ্ধ ধর্ষণের ঘটনা টাকা দিয়ে ধামাচাপার চেষ্টার অভিযোগ উঠেছে। বিএনপির দুই কর্মী ওই কিশোরীর পরিবারকে ১ লাখ ২০ হাজার টাকা নিয়ে ঘটনা মীমাংসার জন্য চাপ দেন। এ ঘটনায় গত সোমবার ওই কিশোরীর মা সোনারগাঁ থানায় লিখিত অভিযোগ করেছেন। ধর্ষণের অভিযোগ ওঠা ব্যক্তিরা হলেন আব্দুল্লাহ, লাল চান মিয়া ও ফয়েজ ভূঁইয়া। ওই ঘটনা মীমাংসার চেষ্টার অভিযোগ ওঠা বিএনপির দুই কর্মী হলেন আক্কাস আলী ও সাত্তার আলী। আজকের পত্রিকা, ৯ জুলাই ২০২৫

**৪৮. প্রবাসীর স্ত্রীর ঘরে বিএনপি নেতা, গাছে বেঁধে রাখলেন স্থানীয়রা**



মানিকগঞ্জের দৌলতপুরে অনৈতিক সম্পর্কে জড়িত থাকার অভিযোগে এক বিএনপি নেতা ও প্রবাসীর স্ত্রীকে সারারাত গাছের সঙ্গে বেঁধে রাখলেন এলাকাবাসী। প্রবাসীর স্ত্রীর ঘর থেকে স্থানীয়দের হাতে আটক ব্যক্তির নাম সিরাজুল ইসলাম মুনজেল (৪৫)। তিনি উপজেলার ধামশ্বর ইউনিয়ন বিএনপির দপ্তর সম্পাদক। প্রবাসীর স্ত্রী দুই সন্তানের জননী। সিরাজুল ইসলাম মনজেলও দুই সন্তানের জনক। জাগো নিউজ, ১২ জুলাই ২০২৫

**৪৯. গাজীপুরে ধর্ষণ মামলায় বিএনপি নেতা কারাগারে**



গাজীপুর মহানগরে দশম শ্রেণীর এক শিক্ষার্থীকে অপহরণ ও ধর্ষণের মামলায় কাশিমপুর থানা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক তাহাজ উদ্দিন মোল্লাকে (৪৫) কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। আদালত সূত্রে জানা গেছে, গত ৪ এপ্রিল কাশিমপুর এলাকায় দশম শ্রেণীর এক শিক্ষার্থীকে বাড়ির পাশ থেকে অপহরণ করে ধর্ষণ করেন তাহাজ উদ্দিন। সময় টিভি, ১৪ জুলাই ২০২৫

**৫০. চাঁদা না দেওয়ায় ধর্ষণের চেষ্টা, যুবদল নেতা গ্রেপ্তার**



কুমিল্লায় এক মাছ ব্যবসায়ীর কাছে দুই লাখ টাকা চাঁদা দাবি করে না পেয়ে তার স্ত্রীর বড় বোনকে ধর্ষণচেষ্টার অভিযোগে ফারুক হোসেন (৪৮) নামে এক যুবদল নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারকৃত ফারুক হোসেন জেলার বরুড়া উপজেলার খোশবাস দক্ষিণ ইউনিয়ন যুবদলের সাবেক সহ-সভাপতি। তিনি শ্রীরামপুর এলাকার রোশন আলীর ছেলে। তিনি বর্তমানের বিএনপির সক্রিয় রাজনীতির সঙ্গে জড়িত। ঢাকা পোস্ট, ১৫ জুলাই ২০২৫

**৫১. ধর্ষণের দায়ে বরিশালে বিএনপি নেতার যাবজ্জীবন**

বরিশাল সদর উপজেলায় ১৩ বছরের শিশুকে ধর্ষণের দায়ে বিএনপি নেতা রাসেল শরীফকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। বুধবার (২৩ জুলাই) বরিশাল নারী ও শিশু নির্যাতন দমন আদালতের বিচারক রকিবুল ইসলাম এই রায় দেন। ঢাকা পোস্ট, ২৩ জুলাই ২০২৫

**৫২. ধর্ষণচেষ্টার অভিযোগে মামলার পর বিরামপুরে ছাত্রদল নেতা বহিষ্কার**

দিনাজপুরের বিরামপুরে কলেজপড়ুয়া এক তরুণীকে (১৮) ধর্ষণচেষ্টার



অভিযোগে মামলার পর ছাত্রদলের এক নেতাকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। ওই নেতার নাম মো: আবদুল্লাহ (৩৫)। তিনি ছাত্রদলের বিরামপুর উপজেলা শাখার যুগ্ম আহ্বায়ক ছিলেন। প্রথম আলো, ২৫ জুলাই ২০২৫

**৫৩. ধর্ষণ করতে গিয়ে ধরা খেল ছাত্রলীগ থেকে ছাত্রদল নেতা হওয়া রকি**



ঢাকার ধামরাইয়ে রকি মিয়া ওরফে দুদু নামে এক ব্যক্তির বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ উঠেছে। সংশ্লিষ্টরা বলছেন, স্বামী পরিত্যক্তা ওই নারীকে ধর্ষণ করেছেন রকি। পরে তাকে ধরে ফেলে স্থানীয়রা। এরপর পাঁচ লাখ টাকা কাবিনে ওই নারীকে বিয়ে করেন তিনি।আওয়ামী আমলে ছাত্রলীগের রাজনীতিতে যুক্ত থাকা রকি বর্তমানে ছাত্রদল করছেন। এখন তিনি উপজেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক পদের প্রার্থী। যুগান্তর, ১৩ অগাস্ট ২০২৫

**৫৪. সিংগাইরে ইউনিয়ন ছাত্রদল সভাপতি রউফুলকে বহিষ্কার**



সিংগাইর উপজেলার ধল্লা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি মো: রউফুল মুন্সিকে অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে বহিষ্কার করা হয়েছে।শুক্রবার (১৫ আগস্ট) মানিকগঞ্জ জেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক মো: শোয়েব হোসেন স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এই বহিষ্কারের ঘোষণা দেওয়া হয়। বহিষ্কৃত রউফুল মুন্সি সিংগাইর উপজেলার ধল্লা ইউনিয়নের ফোর্ডনগর গ্রামের বাসিন্দা। যুগান্তর, ১৬ অগাস্ট ২০২৫

**৫৫. বগুড়ায় ধর্ষণ চেষ্টার অভিযোগ, বিএনপি নেতাকে বহিষ্কার**



বগুড়ার শেরপুর থানায় বিএনপি নেতা লিটন আজমের (৪০) বিরুদ্ধে ধর্ষণ চেষ্টার অভিযোগ দিয়েছেন এক নারী। শনিবার (২৩ আগস্ট) ওই নারী বাদী হয়ে অভিযোগটি দেন। রবিবার (২৪ আগস্ট) লিটনকে বহিষ্কার করেছে বিএনপি। শেরপুর উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক মোয়াজ্জেম হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে। অভিযুক্ত লিটন শেরপুর উপজেলার খামারকান্দি ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক। তিনি ঝাঁজর গ্রামের মৃত আবুল কাশেমের ছেলে। রাইজিংবিডি, ২৫ অগাস্ট ২০২৫

### ৫৬. কালিয়াকৈরে কলেজ ছাত্রদল নেতার বিরুদ্ধে বিয়ের প্রলোভনে ধর্ষণের অভিযোগ, মামলা দায়েরের দাবি



গাজীপুরের কালিয়াকৈরে বিয়ের প্রলোভন দেখিয়ে এক তরুণীকে একাধিকবার ধর্ষণ এবং পরে হুমকি-ধমকি দেওয়ার অভিযোগ উঠেছে কালিয়াকৈর কলেজ শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজ্জাদ হোসেন আকাশের বিরুদ্ধে। ভুক্তভোগী তরুণী ইতোমধ্যে থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। অভিযোগ অনুযায়ী, ১৫ জুলাই ২০২৪ বিকেল ৫:৩০ থেকে রাত ৮টা পর্যন্ত আকাশ সোহাগ পল্লী রিসোর্টে একটি রুম ভাড়া নিয়ে ভুক্তভোগী নারীর ইচ্ছার বিরুদ্ধে একাধিকবার শারীরিক সম্পর্ক স্থাপন করেন। ক্রাইম রিপোর্ট ২৪, ১সেপ্টেম্বর ২০২৫

### ৫৭. মৎস্যজীবী দল নেতার বিরুদ্ধে গৃহবধূকে ধর্ষণের অভিযোগ



পটুয়াখালীর বাউফল উপজেলা মৎস্যজীবী দলের নেতা মোঃ হারুন হাওলাদার (৪৫) এর বিরুদ্ধে এক গৃহবধূকে ধর্ষণ ও শ্লীলতাহানির অভিযোগ উঠেছে। দলীয় সূত্রে জানা গেছে, হারুন হাওলাদার কালাইয়া ইউনিয়ন মৎস্যজীবী দলের যুগ্ম সাধারণ সম্পাদক। অভিযোগ সূত্রে জানা গেছে, ওই গৃহবধূর স্বামী নদীতে মাছ শিকার করতে গেলে হারুন হাওলাদার ১০ আগস্ট রাত দুইটার দিকে ঘরে ঢুকে ধর্ষণের চেষ্টা করেন। গৃহবধূ চিৎকার করলে আশপাশের লোকজন এগিয়ে আসলে তিনি পালিয়ে যান। এনপিবি নিউজ, ১৩ সেপ্টেম্বর ২০২৫

### ৫৮. কলেজছাত্রী ও বাবাকে বিবস্ত্র করে নির্যাতনের অভিযোগ, ছাত্রদলের ২ নেতা বহিষ্কার



পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলার চরমোন্তাজ ইউনিয়নে এক কলেজছাত্রী ও তার বৃদ্ধ বাবাকে বিবস্ত্র করে মারধরের অভিযোগ উঠেছে স্থানীয় ছাত্রদল নেতাদের বিরুদ্ধে। অভিযুক্ত দুই নেতাকে সংগঠন থেকে বহিষ্কার করেছে জেলা ছাত্রদল। নির্যাতনের শিকার শিক্ষার্থী (২৩) গলাচিপা ডিগ্রি কলেজের তৃতীয় বর্ষের শিক্ষার্থী। ভুক্তভোগী শিক্ষার্থীর অভিযোগ করেন, স্থানীয় ওয়ার্ড বিএনপির নেতা রেজাউল মাতব্বরের ছেলে সায়মুন মাতব্বর (২৩) তাকে নানা ইঙ্গিতপূর্ণ কথা বলেন। প্রতিবাদ করলে সায়মুন লোহার রড দিয়ে তার মাথায় আঘাত করেন। এ সময় এগিয়ে এলে তার বাবাকেও মারধর করা হয়। পরে সায়মুনের সঙ্গে যোগ দেন তার চাচাতো ভাই চরমোন্তাজ ইউনিয়ন ছাত্রদলের সভাপতি তারিকুল ইসলাম মিঠুন। সময় টিভি, ২৭ সেপ্টেম্বর ২০২৫

### ৫৯. স্কুল ছাত্রকে বলাৎকারের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে



বরিশালের গৌরনদীতে এক কলেজছাত্রকে (১৭) বলাৎকারে অভিযোগে গৌরনদী মডেল থানায় দায়ের করা মামলার প্রধান আসামি মাসুদ সরদারকে গ্রেপ্তার করেছে বরিশাল র‍্যাব-৮ এর সদস্যরা। গ্রেপ্তার মাসুদ কলেজ ছাত্র বলাৎকার মামলার প্রধান আসামি। স্থানীয়ভাবে তিনি কিং মাসুদ নামে পরিচিত এবং খাঞ্জাপুর ইউনিয়ন ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি মোসলেম সরদারের ছেলে। মাসুদ নিজেও ইউনিয়ন বিএনপির সদস্য। ইত্তেফাক, ১০ অক্টোবর ২০২৫

### ৬০. ধর্ষণে অন্তঃসত্ত্বা প্রতিবন্ধী, বিএনপি নেতা গ্রেফতার




টাঙ্গাইলের কালিহাতীতে বাক ও শ্রবণ প্রতিবন্ধী এক তরুণীকে ধর্ষণের ঘটনায় এক বিএনপি নেতাকে (৫৫) গ্রেফতার করেছে র‍্যাব। গ্রেফতার ইসমাইল হোসেন কালিহাতী উপজেলার নারান্দিয়া ইউনিয়নের আব্দুল হামিদের ছেলে। তিনি ওই ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ছিলেন। জাগো নিউজ, ১৩ অক্টোবর ২০২৫

### ৬১. ফেনীতে শিশু ধর্ষণের অভিযোগে সাবেক যুবদল নেতা গ্রেপ্তার



ফেনীর সোনাগাজীতে ১৩ বছর বয়সী এক শিশুকে ধর্ষণ ও ভিডিও ধারণের অভিযোগে যুবদলের এক সাবেক নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার যুবদল নেতার নাম মো: আবুল বাশার (৩৮)। তিনি নবাবপুর ইউনিয়ন যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক। প্রথম আলো, ১৫ অক্টোবর ২০২৫

### ৬২. শিশু ধর্ষণের মামলায় শ্রমিক দল নেতা গ্রেপ্তার



টাঙ্গাইলের সখীপুর উপজেলায় আট বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে করা মামলায় ফজলু মিয়া (৪০) নামে এক শ্রমিক দল নেতাকে গ্রেপ্তার করা হয়েছে।পুলিশ ও দলীয় সূত্রে জানা গেছে, গ্রেপ্তার ফজলু মিয়া উপজেলার দাড়িয়াপুর ইউনিয়ন শ্রমিক দলের যুগ্ম-আহ্বায়ক। ঘটনার পর থেকে তিনি পলাতক ছিলেন। মামলা হওয়ার পর তাকে দলীয় পদ থেকে বহিষ্কার করা হয়। ঘটনার দিন দুপুর ১২টার দিকে ভুক্তভোগী শিশুর মা বাদী হয়ে সখীপুর থানায় নারী ও শিশু নির্যাতন আইনে তাঁর বিরুদ্ধে মামলা করেছিলেন। ইত্তেফাক, ১৮ অক্টোবর ২০২৫

### ৬৩. গৃহবধূকে ধর্ষণের অভিযোগে যুবদল নেতা বহিষ্কার



গৃহবধূকে ধর্ষণের অভিযোগ ওঠার পর দিনাজপুরের বিরামপুর পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক রাজু আহমেদকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া এ ঘটনায় ওই যুবদল নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (২২ অক্টোবর) রাতে জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি আবদুল মোনায়েম মুন্না এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ নূরুল ইসলাম নয়ন এই বহিষ্কারের সিদ্ধান্ত কার্যকর করেছেন বলে যুবদলের সহ-দপ্তর সম্পাদক মিনহাজুল ইসলাম ভূঁইয়া স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়। জাগো নিউজ, ২৩ অক্টোবর ২০২৫

### ৬৪. গৃহবধূকে ধর্ষণের অভিযোগ, যুবদল নেতাসহ ৩ জনের বিরুদ্ধে মামলা



গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলায় এক গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় স্থানীয় যুবদল নেতা মশিউর রহমানসহ তিন জনের বিরুদ্ধে থানায় মামলা করা হয়েছে। ভুক্তভোগী নারীর অভিযোগ, মশিউর রহমান ও তার সহযোগী জব্বারুল ইসলাম এবং আরেক অপরিচিত ব্যক্তি তাকে ধর্ষণ করেছে। গত শনিবার রাতে ভুক্তভোগী বাদী হয়ে গোবিন্দগঞ্জ থ ানায় মামলা করেন। এর আগে ১৯ অক্টোবর রাতে উপজেলার তালুককানুপুর ইউনিয়নে ধর্ষণের ঘটনা ঘটে। বাংলা ট্রিবিউন, ২৮ অক্টোবর ২০২৫

### ৬৫. এনজিও কর্মীকে ধর্ষণচেষ্টা মামলায় বিএনপি নেতা কারাগারে



এনজিও কর্মীকে ধর্ষণচেষ্টার মামলায় লালমনিরহাটের আদিতমারী উপজেলার ভেলাবাড়ী ইউনিয়ন বিএনপির সভাপতি ও স্থানীয় বিদ্যালয়ের সহকারী শিক্ষক গোলাম কিবরিয়া রিপন (৪২) এবং তার সহযোগী চান মিয়াকে (৪৩) কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। মামলার এজাহারে বলা হয়েছে, ব্র্যাকের ক্রেডিট অফিসার হিসেবে কর্মরত এক নারীকে বিয়ের প্রতিশ্রুতি ভঙ্গের ঘটনায় স্থানীয় বিএনপি নেতা রিপনের কাছে বিচার চান। রিপন সহযোগী চান মিয়ার বাড়িতে আশ্রয়ের পরামর্শ দেন। পরে ওই বাড়িতে থেকে তিনি রিপন ও চান মিয়ার ধর্ষণচেষ্টার শিকার হন বলে অভিযোগ করেন। দেশ রূপান্তর, ২৯ অক্টোবর ২০২৫

## ৬৬. ছাত্রদল নেতা আমানুল্লাহ আমানের বিরুদ্ধে মানিকগঞ্জে ধর্ষণ ও নারী নির্যাতন মামলা



মানিকগঞ্জ জেলা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে ছাত্রদলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক আমানুল্লাহ আমানের বিরুদ্ধে ধর্ষণ ও নারী নির্যাতনের মামলা হয়েছে। বৃহস্পতিবার (৬ নভেম্বর) ট্রাইব্যুনালে মামলাটি দায়ের করেন ভুক্তভোগী নারী। মামলার নম্বর মিস পিটিশন ১৪১/২৫। মামলার অভিযোগে বলা হয়, অভিযুক্ত আমান দীর্ঘদিন ধরে প্রভাব খাটিয়ে ভুক্তভোগীকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করে আসছিলেন। বিষয়টি গোপন রাখার জন্য বিভিন্নভাবে ভয়ভীতি ও হুমকি দেন বলেও অভিযোগ রয়েছে। আজাদির ডাক, ৭ নভেম্বর ২০২৫

## ৬৭. মাদারীপুর-৩ আসনে বিএনপির মনোনীত প্রার্থীর বিরুদ্ধে ধর্ষণ মামলা



ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মাদারীপুর-৩ আসনের মনোনীত প্রার্থী ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-গণশিক্ষা বিষয়ক সম্পাদক আনিসুর রহমান তালুকদার খোকনের বিরুদ্ধে এক নারীকে ধর্ষণের অভিযোগ উঠেছে।এ ঘটনায় ঢাকা জজ কোর্টে মামলা দায়ের করা হয়েছে। ঘটনার পর নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী ২০০৩)-এর ৯(১) ধারায় দায়ের করা হয় এবং আদালতের নির্দেশে উত্তরখান থানায় মামলা নং-১ (১১)২৫ হিসেবে রেকর্ড করা হয়েছে। গত শুক্রবার (৭ নভেম্বর) দুপুরে রাজধানীর একটি হোটেলে সংবাদ সম্মেলনে ভুক্তভোগী নারী এ অভিযোগ করেন। সংবাদ সম্মেলনে ভুক্তভোগী নারীর পরিবার জানায়, ২২ অক্টোবর সকাল ১০টার দিকে ধানমন্ডি ২৭ নম্বর সড়কে বাংলাদেশ আই হসপিটালের সামনে আনিসুর রহমান তালুকদার খোকনের নিজস্ব গাড়িতে উঠতে বলেন ওই নারীকে। পরবর্তীতে সকাল ১১টার দিকে তিনি ভুক্তভোগী নারীকে নিয়ে উত্তরখানের চামুরখান এলাকার 'তালুকদার বাড়ি' নামে একটি ফ্ল্যাটে যান। সেখানে চাকরির শর্তের কথা বলে অভিযুক্ত ব্যক্তি অনৈতিক প্রস্তাব দেন। নারী প্রতিবাদ জানিয়ে ফ্ল্যাট থেকে বের হতে চাইলে তাকে জোরপূর্বক রুমে নিয়ে দরজা বন্ধ করে দেন। নারীকে জোরপূর্বক শারীরিকভাবে লাঞ্ছিত করেন। ডেইলি ক্যাম্পাস, ৮ নভেম্বর ২০২৫

## ৬৮. মধ্যরাতে নারীর রুম থেকে যুবদল নেতাসহ আটক ৩

লক্ষ্মীপুরের রায়পুর উপজেলাধীন ১নং উত্তর চর আবাবিল ইউনিয়নের হায়দরগঞ্জে নারীসহ ৩ জনকে আটক করেছে স্থানীয়রা। আটককৃতরা হলেন রাজু, ফরহাদ




ও আসলাম। রাজু আহমেদ ১নং উত্তর চর আবাবিল ইউনিয়ন শ্রমিকদলের সিনিয়র সহ সভাপতি। আর ফরহাদ ও আসলাম যুবদল কর্মী বলে জানান স্থানীয়রা। এনপিবি নিউজ, ১৫ নভেম্বর ২০২৫

**৬৯. নাতি বউকে ধর্ষণের অভিযোগে বিএনপি নেতা আটক!**



নাটোরে কৌশলে বাড়িতে ডেকে নিয়ে প্রতিবেশী নাতি বউকে ধর্ষণের অভিযোগে স্থানীয় বিএনপি নেতা ইসমাইল হোসেন (৫৫)কে গণপিটুনির পর পুলিশের হাতে তুলে দিয়েছে এলাকাবাসী। ভুক্তভোগীর স্বামী কাওসার মজুমদার বাদী হয়ে নাটোর থানায় মামলা দায়ের করেছেন। মামলা ও পুলিশ সূত্রে জানা যায়, সদরের চিনিকলসংলগ্ন তেবাড়িয়া ইউনিয়নের জংলি গ্রামের বাসিন্দা ও স্থানীয় ওয়ার্ড বিএনপির সহ-সভাপতি ইসমাইল হোসেন বৃহস্পতিবার সকাল পৌনে আটটার দিকে নিজের স্ত্রীর নাম ভেঙে কৌশলে প্রতিবেশী নাতি বউকে তার স্বামীর মাধ্যমে বাড়িতে ডেকে আনেন। বাড়িতে এসে ভুক্তভোগী দেখেন তার দাদী শাশুড়ি বাড়িতে নেই। এ সময় ইসমাইল জোর করে মুখ বেঁধে তাকে ধর্ষণ করেন। জনকণ্ঠ, ১৫ নভেম্বর ২০২৫

**৭০. বিএনপি কর্মীর বিরুদ্ধে ভিক্ষুককে ধর্ষণচেষ্টার অভিযোগ**



নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলার সাদীপুর বাইশটেকি গ্রামে আজিমউদ্দিন নামের এক বিএনপি কর্মীর বিরুদ্ধে মধ্য বয়সি এক ভিক্ষুককে জোরপূর্বক ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে। বিগত চারদিন বিচারের আশ্বাস দিয়ে সোনারগাঁ থানা বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক সোহেল রানা এ ঘটনাটি ধাপাচাপা দেওয়ার চেষ্টা চালায়। ভুক্তভোগী ওই ভিক্ষুক সর্বশেষ গত শনিবার রাতে বাদী হয়ে সোনারগাঁ থানায় একটি অভিযোগ দায়ের করেন। যুগান্তর, ৩০ নভেম্বর ২০২৫

# ছবিতে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের ধর্ষণনামা






(বাঁয়ে) বরিশাল সদরের রূপাতলী এলাকায় ঘুরতে আসা এক তরুণীকে তুলে নিয়ে আটকে রেখে রাতভর ধর্ষণের অভিযোগেআটক যুবদলের নেতা ইরমান আলী শোভন। ঢাকা ট্রিবিউন, ২১ নভেম্বর ২০২৪। (ডানে) পটুয়াখালীর বাউফলের মদনপুর গ্রামের চতুর্থ শ্রেণির এক স্কুল ছাত্রীকে ধর্ষণের ঘটনায় ইউনিয়ন মৎস্যজীবী দলের সভাপতি আনোয়ার হোসাইনকে গ্রেফতারের দাবিতে এলাকাবাসীর মানববন্ধন।যুগান্তর, ১৭ অক্টোবর ২০২৪





(বাঁয়ে) সৌদি আরবে প্রবাসী এক ব্যক্তির স্ত্রীর সঙ্গে পরকীয়া করতে গিয়ে স্থানীয়দের হাতে আটক হয় মমিনুর ইসলাম নামে এক কৃষকদল নেতা। জাতীয়তাবাদী কৃষক দলের গোমনাতী ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের সভাপতির দায়িত্বে রয়েছে বলে জানান মমিনুর রহমান। ওই ইউনিয়নের খাল পাড়ার এলাকার এক প্রবাসীর স্ত্রীর সাথে ঘটনাটি ঘটেছে। আমার বার্তা, ১৮ অক্টোবর ২০২৪। (ডানে) নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার চর এলাহী ইউনিয়নের একটি দুর্গম চরে মা ও মেয়েকে ঘর থেকে তুলে নিয়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় থানায় মামলা হয়েছে। মামলায় ছয়জনকে আসামি করা হয়েছে। তাঁরা হলেন মো: হারুন ও মো: হাসান। আসামিরা স্থানীয় যুবদলের রাজনীতির সঙ্গে জড়িত। মামলার অন্য আসামিরা হলেন সাইফুল ইসলাম, মো: রাজিব ওরফে রাজু, মহম্মদ রাশেদ, মো: হারুন ও মো: হাসান। প্রথম আলো, ২৭ অক্টোবর ২০২৪



বরিশালের বাকেরগঞ্জ উপজেলায় বাগবিতণ্ডার জেরে এক নারীকে সড়কে প্রকাশ্যে মারধর করছে বাকেরগঞ্জ পৌরসভার ২ নম্বর ওয়ার্ড বিএনপির সহ-সভাপতি। ইত্তেফাক, ৯ মার্চ ২০২৫






(বাঁয়ে) নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় মা-মেয়েকে সংঘবদ্ধ ধর্ষণ মামলার আসামি ইব্রাহিম তোতাকে নিয়ে ভোটার অন্তর্ভুক্তি ক্যাম্প পরিদর্শন করেছেন উপজেলা বিএনপির আহ্বায়ক নুরুল আলম শিকদার। আমাদের সময়, ১৬ মার্চ ২০২৫। (ডানে) যশোরের ঝিকরগাছায় কিশোরীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে গদখালী ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক মামুন হোসেন বাপ্পি, দপ্তর সম্পাদক ইয়াসিন আরাফাত, জাবেদ হোসেন ও আমিনুর রহমান আটক। দেশ রূপান্তর, ১৭ মার্চ ২০২৫







(বাঁয়ে) এক নারীকে ঘুমের ওষুধ খাইয়ে যৌন নির্যাতন, গোপন ভিডিও ধারণ ও পাঁচ লাখ টাকা মুক্তিপণ দাবির অভিযোগে রাজধানীর আজিমপুর থেকে ৩১ নাম্বার ওয়ার্ড বিএনপির কোষাধ্যক্ষ আলতাফ হোসেন মিঠুকে গ্রেফতার করে সেনাবাহিনী। যুগান্তর, ৩০ মার্চ ২০২৫। (ডানে) ধর্ষণ মামলা তুলে নিতে ভুক্তভোগী তরুণীকে হুমকি দেওয়ার ঘটনায় সাবেক এমপি ও বরিশাল জেলা বিএনপির আহ্বায়ক আবুল হোসেন খানের বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেন ওই তরুণী। জাগো নিউজ, ১০ মে ২০২৫






(বাঁয়ে) ঢাকার ধামরাইউপজেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক পদের প্রার্থী রকি মিয়া ওরফে দুদু নামে এক ব্যক্তির বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ উঠেছে। যুগান্তর, ১৩ আগস্ট ২০২৫। (ডানে) টাঙ্গাইলের কালিহাতীতে বাক ও শ্রবণ প্রতিবন্ধী এক তরুণীকে ধর্ষণের ঘটনায় ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ইসমাইল হোসেনকে গ্রেফতার করেছে র‍্যাব। জাগো নিউজ, ১৩ অক্টোবর ২০২৫।






(বাঁয়ে) লক্ষ্মীপুরের রায়পুর উপজেলাধীন ১নং উত্তর চর আবাবিল ইউনিয়নের হায়দরগঞ্জে নারীর রুম থেকে ইউনিয়ন শ্রমিকদলের সিনিয়র সহ সভাপতি রাজু আহমেদ, যুবদলকর্মী ফরহাদ ও আসলামকে গ্রেফতার করা হয়। এনপিবি নিউজ, ১৫ নভেম্বর ২০২৫। (ডানে) চট্টগ্রামের মিরসরাইয়ে স্বামী ও সন্তানদের হত্যার হুমকি দিয়ে এক গৃহবধূকে ধর্ষণের অভিযোগে যুবদল নেতা মো: জাবেদ হোসেনকে গ্রেফতার করে পুলিশ। বার্তা বাজার, ২৪ নভেম্বর ২০২৫



(বাঁয়ে) মানিকগঞ্জ জেলা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে ছাত্রদলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক আমানুল্লাহ আমানের বিরুদ্ধে ধর্ষণ ও নারী নির্যাতনের মামলা দায়ের করেন ভুক্তভোগী নারী। আজাদির ডাক, ৭ নভেম্বর ২০২৫।

## ■ টেন্ডারবাজি

সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন জেলায় বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে টেন্ডারবাজির বিস্তৃত অভিযোগ সামনে এসেছে। দরপত্র জমা দিতে বাধা, টেন্ডার বক্স দখল, জাল কাগজে কাজ বাগানো, এমনকি টেন্ডার দখলকে কেন্দ্র করে সংঘর্ষ, ককটেল বিস্ফোরণ ও প্রাণহানির ঘটনাও ঘটেছে। কোথাও ঠিকাদারকে প্রকাশ্যে হুমকি, কোথাও সেনা সদস্য অপহরণের অভিযোগ-সব মিলিয়ে টেন্ডারকে ঘিরে সহিংসতা ও লুটপাট নতুন মাত্রা পেয়েছে। বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের টেন্ডারবাজির কিছু উল্লেখযোগ্য চিত্র তুলে ধরা হলো;

**১. যুবদলের এক নেতার কবজায় ১০ স্কুলের টেন্ডার!**



কুমিল্লায় যুবদল নেতা দেলোয়ার হোসেনের বিরুদ্ধে একাই ১০ স্কুলের টেন্ডার নিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে। এতে দল থেকে তাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। শনিবার (১৯ অক্টোবর) যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-দফতর সম্পাদক মিনহাজুল ইসলাম ভূঁইয়া স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। দেলোয়ার হোসেন জেলার বুড়িচং উপজেলা যুবদলের সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন। কুমিল্লা দক্ষিণ জেলা যুবদলের সদস্য সচিব ফরিদ উদ্দিন শিবলু জাগো নিউজকে কারণ দর্শানোর বিষয়টি নিশ্চিত করেছেন। জাগো নিউজ, ২০ অক্টোবর ২০২৪

**২. দরপত্র জমাদানে বাধা দেওয়ায় যুবদলের ৩ নেতা বহিষ্কার, কমিটি বিলুপ্ত**



লালমনিরহাটে দরপত্র (টেন্ডার) জমাদানে বাধা দেওয়ার অভিযোগে আটক ও পরে মুক্তি পাওয়া যুবদল নেতা জাহাঙ্গীর আলম জুলহাসসহ (৪০) তিন যুবদল নেতাকে বহিষ্কার এবং লালমনিরহাট জেলা যুবদল কমিটিকে বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার (৩১ অক্টোবর) কেন্দ্রীয় যুবদলের সহ-দপ্তর সম্পাদক মিনহাজুল ইসলাম ভূঁইয়া স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে। এর আগে বুধবার (৩০ অক্টোবর) দুপুরে লালমনিরহাট সদর হাসপাতাল চত্বরে যুবদল নেতা জুলহাসকে দরপত্র জমাদানে বাধা দেওয়ার অভিযোগে আটক করে পুলিশে সোপর্দ করেন সেনাসদস্যরা। ঢাকা পোস্ট, ১ নভেম্বর ২০২৪

### ৩. ফরিদপুরে জব্দ করা বালুর টেন্ডার ঘিরে সংঘর্ষ, আহত ৩

ফরিদপুরের ভাঙ্গায় আড়িয়াল খাঁ নদে অবৈধভাবে উত্তোলনের পর জব্দ করা বালুর টেন্ডারকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে আহত হয়েছেন তিনজন। মঙ্গলবার সকাল ১০টার দিকে কাউলিবেড়া ইউনিয়নের চরমুকডুবা সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন এলাকায় এ সংঘর্ষ হয় বলে জানিয়েছেন ভাঙ্গা থানার ওসি মোকছেদুর রহমান। ৫ অগাস্টের পর আড়িয়াল খাঁ থেকে অবৈধভাবে বালু উত্তোলন করার অভিযোগে মাসখানেক আগে চরমুকডুবা গ্রামের বাসিন্দা মাইনুল ইসলাম রিপনকে গ্রেপ্তার করেছিল পুলিশ। রিপন ভাঙ্গা উপজেলা পরিষদের সর্বশেষ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী ছিলেন। তিনি সম্প্রতি জামিনে মুক্তি পেয়েছেন। অন্যদিকে রিপনের গ্রেপ্তারের পর বালু উত্তোলনের নেতৃত্ব দেওয়ার অভিযোগ ওঠে কাউলিবেড়া ইউনিয়নের মোটরা গ্রামের বাসিন্দা বিএনপি সমর্থক রবিউল জোয়ার্দার রনি বিরুদ্ধে। বিডিনিউজ২৪, ১০ ডিসেম্বর ২০২৪

### ৪. টেন্ডার ছাড়াই রাসিকের সংস্কার কাজ করছেন যুবদল নেতা

৫ আগস্ট আওয়ামী সরকারের পতনের পর পরই সিটি করপোরেশনে তাণ্ডব চালানো হয়। লুটপাট ও অগ্নিসংযোগ করা হয় নগর ভবনে। এতে ২১ কোটি ১১ লাখ ৬৫ হাজার ৪৯ টাকার ক্ষয়ক্ষতি হয়। সম্প্রতি এসবেরই সংস্কার কাজ শুরু হয়েছে। কিন্তু নিয়ম-নীতি অনুসরণ করা হচ্ছে না বলে অভিযোগ উঠে। জেলা যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক ও নগরীর দড়িখড়বোনা এলাকার বিএনপি নেতা ইয়াহিয়া খান মিলু বেশিরভাগ কাজ করছেন। অভিযানে দুদক দল ফরিদা ইয়াসিমন, মাইসা এন্টারপ্রাইজ ওবং শাহরিন এন্টারপ্রাইজ নামের তিনটি ঠিকাদারি প্রতিষ্ঠানের কাগজ পেয়েছেন। মাইসা এন্টারপ্রাইজের স্বত্ত্বাধিকারী ইয়াহিয়া খান মিলু। শাহরিন এন্টারপ্রাইজের কাগজপত্রে স্বত্বাধিকারী হিসেবে এমএম মাহফুজুর রহমান নাম লেখা আছে। তবে মোবাইল নম্বরে ফোন করে দেখা গেছে, নম্বরটি তার নয় ।এই কাজের কাগজ জাল হিসেবে মনে করা হচ্ছে জানিয়ে দুদক কর্মকর্তা আমির হোসাইন বলেন, 'যারা কাজ পেয়েছে একই ব্যক্তি মনে হচ্ছে। স্বামী-স্ত্রীর আলাদা আলাদা নামে ঠিকাদারি প্রতিষ্ঠান। সমকাল, ২ জানুয়ারি ২০২৫

### ৫. টেন্ডার বক্স দখল নিয়ে বিএনপির দু'গ্রুপের সংঘর্ষ, আহত ৬

বগুড়ার সোনাতলায় টেন্ডার বক্স দখল নিয়ে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে অন্তত ৬ জন আহত হয়েছে। বৃহস্পতিবার (৬ মার্চ) দুপুরে উপজেলা পরিষদ চত্বরে এই ঘটনা ঘটে। যায়যায়দিন, ৬ মার্চ ২০২৫

**৬. রাজশাহীতে টেন্ডার নিয়ে যুবদল-ছাত্রদলের সংঘর্ষ**

রাজশাহীতে বালুমহালের টেন্ডার জমা দেওয়া নিয়ে যুবদল ও ছাত্রদলের দুই পক্ষের সংঘর্ষ হয়েছে। ১৮ মার্চ মঙ্গলবার দুপুর ১টার দিকে রাজশাহী জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, এদিন রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয়ে চারঘাট, পবা, গোদাগাড়ী ও কাটাখালীর চারটি বালুমহাল ইজারার টেন্ডার জমা দেওয়ার শেষ দিন ছিল। তবে নির্ধারিত সময়ের শেষ মুহূর্তে টেন্ডার বাক্স সিলগালা করার প্রস্তুতি চলছিল। এ সময় মহানগর যুবদলের যুগ্ম আহ্বায়ক নাজির হাসানের নেতৃত্বে ১০-১৫ জন এসে টেন্ডার জমা দিতে চান। সেখানে টেন্ডার বাক্সের সামনে কাটাখালী পৌরসভা ছাত্রদলের সভাপতি ফয়সাল আহমেদের নেতৃত্বে অনুসারীরা টেন্ডার জমা দিতে আপত্তি তোলেন। বিষয়টি নিয়ে উভয়পক্ষের মধ্যে বিতর্কের একপর্যায়ে হাতাহাতি শুরু হয়। এ সময় ডিসি অফিস চত্বরে আসা লোকজন আতঙ্কে ছোটাছুটি শুরু করে। আমাদের সময়, ১৮ মার্চ ২০২৫

**৭. টেন্ডার বাগাতে সেনা সদস্যকে অপহরণ**

টেন্ডার দখল করতে গিয়ে সেনাবাহিনীর এক কর্মকর্তাকে অপহরণ, মারধর ও ছিনতাইয়ের অভিযোগ উঠেছে বরিশাল বিএনপির ১২ প্রভাবশালী নেতাকর্মীর বিরুদ্ধে। এ ঘটনায় বিএনপি ও ছাত্রদলের তিন নেতাকে আটক করে পুলিশে দিয়েছে সেনাসদস্যরা। যুগান্তর, ২৬ মার্চ ২০২৫

**৮. রাজশাহীর পবায় বাক্স থেকে হাটের দরপত্র লুট, সংঘর্ষ, ককটেল ও গুলি**

রাজশাহীর পবা উপজেলার হাটবাজারের দরপত্র জমা নিয়ে সংঘর্ষের ঘটনা ঘটেছে। বাক্স ভেঙে দরপত্র লুট করা হয়েছে। ৮-১০টি ককটেল বিস্ফোরণের সঙ্গে গুলির শব্দও শোনা গেছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে। অভিযোগ উঠেছে, বিএনপির দুই পক্ষের মধ্যে এই সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় পেটে ছুরিকাহত হয়ে শাকিলুর রহমান নামে এক যুবদল নেতা রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হয়েছেন। শাকিলুর রাজশাহী নগরের শাহ মখদুম থানা যুবদলের সাবেক যুগ্ম সম্পাদক। প্রথম আলো,৩ ফেব্রুয়ারি ২০২৫

**৯. রাজশাহীতে বালুমহালের টেন্ডারকে কেন্দ্র করে যুবদল-ছাত্রদলের সংঘর্ষ**

রাজশাহীতে বালুমহালের টেন্ডারকে কেন্দ্র করে যুবদল ও ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় এক যুবদল কর্মী আহত হয়েছেন। আহত যুবদলকর্মীর নাম রায়হান (২৫)। রাজশাহী মেট্রোপলিটন পুলিশর মুখপাত্র সাবিনা ইয়াসমিন দুই পক্ষের সংঘর্ষের বিষয়টি নিশ্চিত করেছেন। জাগো নিউজ, ১৮ মার্চ ২০২৫

**১০. রাজশাহীতে টেন্ডার নিয়ে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, আহত ৮**

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে রাজশাহীর পুঠিয়ায় বিএনপির দুই গ্রুপের সংঘর্ষের ঘটনা ঘটেছে। সংঘর্ষে অন্তত ৮ জন আহতের খবর পাওয়া গেছে। সংঘর্ষে আহতরা বর্তমানে পুঠিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন। স্থানীয় সূত্র ও পুলিশ জানায়, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পুঠিয়া উপজেলার বিএনপির দুই গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে। এদের এক পক্ষের নেতৃত্বে রয়েছেন উপজেলা বিএনপির নেতা সাবেক মেয়র আল মামুন খানের লোকজন, অন্য পক্ষের নেতৃত্বে রয়েছে বিএনপি নেতা ফারুক রায়হানের লোকজন। ইত্তেফাক, ১৫ মে ২০২৫

**১১. ১৭ বছর খাইনি, এবার খাব: টেন্ডার জমা দেওয়া ঠিকাদারকে বললেন বিএনপি নেতা**



আমরা ১৭ বছর খাইতে পারিনি, এখন খাবো। ঠিকাদার শাহজাহান আলী ফোন ধরতেই এ কথা বললেন মাহবুবুর রহমান রুবেল। দরপত্র জমা দিয়ে গাছ কেনায় নওগাঁর মান্দা উপজেলার ঠিকাদার শাহজাহান আলীকে এভাবেই শাসিয়েছেন রাজশাহী নগরের রাজপাড়া থানা বিএনপির সদ্য সাবেক যুগ্ম আহ্বায়ক রুবেল। ঠিকাদার শাহজাহান আলীও বিএনপির রাজনীতি করেন। তিনি মান্দা উপজেলা ছাত্রদলের সাবেক সহসভাপতি ও ইউনিয়ন বিএনপির সাবেক সদস্য। আজকের পত্রিকা, ২০ মে ২০২৫

**১২. টেন্ডার নিয়ে সীতাকুণ্ডে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, স্বেচ্ছাসেবক দল নেতা নিহত**



চট্টগ্রামের সীতাকুণ্ডে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে কলিম উদ্দিন (৩৮) নামে এক স্বেচ্ছাসেবক দলের নেতা নিহত হয়েছেন। আহত হয়েছেন শাখাওয়াত (৩২) নামে অপর এক যুবদল কর্মী। বুধবার (২৮ মে) রাত সাড়ে ১১টায় উপজেলার বড় দারোগারহাট বাজারে এ সংঘর্ষের ঘটনা ঘটে।নিহত কলিম উদ্দিন, বিএনপি নেতা শরিফের অনুসারী এবং বারৈয়ারঢালা ইউনিয়নের পূর্ব লালানগর গ্রামের ৫ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক ছিলেন। আহত শাখাওয়াত যুবদলের নেতা ইসমাইলের অনুসারী বলে জানা গেছে। ঢাকা ট্রিবিউন, ২৯ মে ২০২৫

**১৩. নারায়ণগঞ্জে পশুর হাটের টেন্ডার নিয়ে সংঘর্ষ, আহত ৫**


নারায়ণগঞ্জের সদর উপজেলার কোরবানির পশু বিক্রির হাটের টেন্ডার (দরপত্র) বিক্রি নিয়ে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ফতুল্লা থানা যুবদলের সদস্য সচিব ও স্বেচ্ছাসেবক দল নেতাসহ অন্তত পাঁচজন আহত হয়েছেন।গতকাল বুধবার সকাল সাড়ে ১১টায় কয়লাঘাট পশুর হাটের দরপত্র কিনে বাইরে বের হওয়ার সাথে সাথে ফতুল্লা থানা বিএনপি নেতা লাভলুর ওপর হামলা করে গোগনগর ইউনিয়ন পরিষদের মেম্বার রুবেলের অনুসারীরা। পুলিশের সামনে তাকে মাটিতে ফেলে কিল ঘুষি মেরে দরপত্র ছিনিয়ে নেয়। নয়া দিগন্ত,২৯ মে২০২৫

**১৪. টেন্ডার নিয়ে বিরোধ, বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে সাবেক উপজেলা চেয়ারম্যানকে মারধরের অভিযোগ**



টেন্ডার নিয়ে বিরোধের জেরে নারায়ণগঞ্জ মহানগর বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও বন্দর উপজেলার সাবেক চেয়ারম্যান আতাউর রহমান মুকুলকে (৬৮) বিএনপির একটি গ্রুপের নেত-কর্মীরা মারধর করেছেন বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় সোনারগাঁ বিএনপির সহসভাপতি বজলুর রহমানের দিকে অভিযোগের আঙুল উঠেছে। বজলুল সাবেক প্রতিমন্ত্রী রেজাউল করিমের অনুসারী বলে জানা গেছে। আজকের পত্রিকা,২৯ জুন ২০২৫

**১৫. হাসপাতালে খাবারের টেন্ডার নিয়ে যুবদল-ছাত্রদল নেতার মারামারি**



সুনামগঞ্জের তাহিরপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের (হাসপাতাল) রোগীদের খাবার সরবরাহের টেন্ডার নিয়ে হাসপাতালের ভেতর মারামারিতে জড়িয়ে পড়লেন বিএনপির যুবদল-ছাত্রদল নেতা। এ ঘটনায় উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আবুল হাসান রাসেল মাথায় রক্তাক্ত জখম হলে তাকে সিলেটের এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। যুগান্তর, ৭ আগস্ট ২০২৫

## ■ লুটপাট ও দখলদারিত্ব

বিএনপির বহু নেতা-কর্মীর বিরুদ্ধে দেশের বিভিন্ন স্থানে নদী-খাল, কৃষিজমি, দোকানঘর, এমনকি সরকারি জায়গা পর্যন্ত দখলের অভিযোগ ছড়িয়ে পড়েছে। কোথাও পুকুর ও মাছ লুট, কোথাও আবার ত্রাণের টাকা আত্মসাৎ, চাল লুট কিংবা চাঁদাবাজির মতো ঘটনা নিয়মিতই প্রকাশ্যে এসেছে। স্থানীয় প্রশাসনের শিথিল নজরদারি ও দলীয় আধিপত্য বিস্তারের প্রতিযোগিতা এই দখলদারিত্বকে আরও বেপরোয়া করে তুলেছে। ফলে সাধারণ মানুষ অন্যায়ের শিকার হয়ে দৈনন্দিন জীবনে নিরাপত্তাহীনতা ও ভয় নিয়ে দিন কাটাচ্ছেন। বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের লুটপাট ও দখলদারিত্বের উল্লেখযোগ্য কিছু ঘটনা তুলে ধরা হয়েছে।

**১. বিএনপি নেতাদের বিরুদ্ধে নদী-খাল-চিংড়ি ঘের দখলের অভিযোগ**

এত বছর ধরে আওয়ামী লীগের দখলে থাকা বিভিন্ন সরকারি নদী-খাল, চিংড়ি ও মৎস্য ঘেরের পাশাপাশি ব্যক্তি মালিকানাধীন ঘেরও এখন দখল নেওয়ার অভিযোগ উঠেছে বিএনপির এক শ্রেণির নেতাকর্মীদের বিরুদ্ধে। বাগেরহাট সদর উপজেলার হোজির নদী, যার দৈর্ঘ্য প্রায় সাড়ে ৮ কিলোমিটার। ৫ আগস্ট সরকারের পতনের পরদিনই ওই নদী দখলে নেয় বিএনপি ও যুবদলের ইউনিয়নের নেতাকর্মীরা। দখলবাজদের মধ্যে ডেমা ইউনিয়নের বিএনপি নেতা রসুল শেখ, বিএনপি কর্মী পান্না হাওলাদার, বাবুল শেখ, আনিস শেখের নাম জানা গেছে। নিউএজ, ৪ সেপ্টেম্বর ২০২৪

**২. নওগাঁয় জমি দখল: বিএনপি নেতার বিরুদ্ধে থানায় বিএনপির জিডি**



নওগাঁর পোরশা উপজেলার সাবেক সহসভাপতি ও বর্তমানে তেঁতুলিয়া ইউনিয়ন বিএনপির সদস্য তৌফিক শাহ চৌধুরীর বিরুদ্ধে কৃষকের জমি দখলের অভিযোগে থানায় জিডি করা হয়েছে। বুধবার দিবাগত রাতে বিএনপির পক্ষে বিএনপির রাজশাহী বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক এ এইচ এম ওবায়দুর রহমান চন্দন এই জিডি দায়ের করেন। মানবজমিন, ৫ সেপ্টেম্বর ২০২৪

**৩. এবার সেই বিএনপি নেত্রীর বিরুদ্ধে ভবন দখলের অভিযোগ**



পুকুর দখলের অভিযোগ ওঠার পর দলীয় পদ স্থগিত হওয়া কেন্দ্রীয় বিএনপির বিভাগীয় সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট বিলকিস জাহান শিরিনের বিরুদ্ধে এবার বাড়ি দখলের অভিযোগ উঠেছে। এ ঘটনায় বাড়ির মালিক দাবি

করা এবিএম সালাউদ্দিন খান মাথা গোঁজার ঠাঁই হারিয়ে পথে পথে ঘুরছেন। বাংলানিউজ২৪, ৬ সেপ্টেম্বর ২০২৪

**৪. বন্যার্তের ত্রাণের টাকা আত্মসাতের অভিযোগ ২ যুবদল নেতার বিরুদ্ধে**



বন্যার্তের জন্য সংগ্রহ করা ত্রাণের টাকার দুই-তৃতীয়াংশ আত্মসাতের অভিযোগ উঠেছে যশোরের বাঘারপাড়া উপজেলা যুবদলের দুই শীর্ষ নেতার বিরুদ্ধে। রোববার (৮ সেপ্টেম্বর) জেলা যুবদলের সভাপতি ও সাধারণ সম্পাদক বরাবর সাবেক ১৮ জন নেতার স্বাক্ষরিত একটি অভিযোগপত্র পাঠানো হয়েছে। অভিযুক্তরা হলেন- বাঘারপাড়া উপজেলা যুবদলের আহ্বায়ক এখলাচ হোসেন এবং সদস্যসচিব বিল্লাল বিশ্বাস। অভিযোগপত্রে উল্লেখ করা হয়েছে, কেন্দ্রীয় সংগঠনের সিদ্ধান্ত অনুযায়ী ঘোষিত কর্মসূচির আওতায় উপজেলা যুবদল এবং উপজেলার ৯টি ইউনিয়নের নেতৃবৃন্দদের সমন্বয়ে সভা হয়। বন্যার্তদের সাহায্যের জন্য প্রতিটি ইউনিয়ন থেকে ১০ হাজার টাকা করে উপজেলা যুবদলের আহ্বায়ক একলাচ হোসেন এবং সদস্যসচিব বিল্লাল বিশ্বাসের কাছে জমা দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। সেই টাকা তারা আত্মসাৎ করে। ঢাকা পোস্ট, ৯ সেপ্টেম্বর ২০২৪

**৫. নওগাঁয় বিএনপি নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ**

এলজিইডির অবসরপ্রাপ্ত কর্মকর্তা শফিকুল ইসলামের জমি দখল করে স্থাপনা নির্মাণের অভিযোগ ওঠেছে নওগাঁর রানীনগর উপজেলায় বিএনপির নেতা সোলেমান আলীর বিরুদ্ধে। বৃহস্পতিবার নওগাঁ শহরের প্যারিমোহন রোডের সাধারণ গ্রন্থাগারে সংবাদ সম্মেলন করে শফিকুল ইসলাম এই অভিযোগ করেন। বিডিনিউজ২৪,১০ অক্টোবর ২০২৪

**৭. বিএনপি নেতাদের বিরুদ্ধে পুকুর দখল ও মাছ লুটের অভিযোগ**



সিরাজগঞ্জের তাড়াশ উপজেলা বিএনপির শীর্ষ তিন নেতার বিরুদ্ধে পুকুর দখল ও মাছ লুট করে নেওয়ার অভিযোগে উঠেছে। এমনকি দখল ও লুটের পর ভুক্তভোগীদের বাড়ি থেকেও বিতাড়িত করা হয়েছে। বর্তমানে তারা অন্যত্র বসবাস করছেন। অভিযুক্তরা হলেন-তাড়াশ উপজেলা বিএনপির সভাপতি স. ম আফসার আলী, সাধারণ সম্পাদক টুটুল ও সাংগঠনিক সম্পাদক সাইদুর রহমান। অভিযোগকারী রাশিদা সুলতানা তাড়াশ উপজেলার দেশীগ্রাম ইউনিয়নের পশ্চিম পাইকড়া

গ্রামের আব্দুর রাজ্জাক ও দিলারা বেগম দম্পত্তির বড় মেয়ে। কালের কণ্ঠ, ১৪ অক্টোবর ২০২৪

**৮. সিলেটে দিনে বালু, রাতে পাথর লুট, নেপথ্যে বিএনপি নেতারা**

প্রশাসনের 'ঢিলেঢালা' নজরদারির কারণে সিলেটের কোম্পানীগঞ্জের ভোলাগঞ্জ ও গোয়াইনঘাটের জাফলং পাথর কোয়ারি থেকে নির্বিচারে পাথর লুট চলছে। কোয়ারিসংলগ্ন নদ-নদী থেকে অবৈধভাবে তোলা হচ্ছে বালু। এতে বিএনপির স্থানীয় কয়েকজন নেতার পৃষ্ঠপোষকতা আছে বলে অভিযোগ উঠেছে। প্রশাসনের তথ্যমতে, সরকার পতনের পর দুই সপ্তাহে দুটি কোয়ারি থেকে অন্তত ১৪০ কোটি টাকার পাথর লুট হয়েছে। দুটি কোয়ারি থেকে এখনো রাতের বেলা পাথর নিয়ে যাওয়ার পাশাপাশি দিনে প্রকাশ্যে বালু লুট চলছে। প্রথম আলো, ১৭ অক্টোবর ২০২৪

**৯. হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট: আটক ছাত্রদল নেতা**




নেত্রকোনায় চাঁদা না পেয়ে হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট করে নিয়ে যাওয়ার অভিযোগে এক ছাত্রদল নেতাসহ দুই যুবককে আটক করেছে সেনাবাহিনী। মঙ্গলবার ভোরে জেলা শহরের অজহর রোড এলাকা থেকে তাদের আটক করা হয়। আটকৃতরা হচ্ছে- জুনু খান মিলকী (৩৫) ও সমীরণ তালুকদার (৩২)। জুনু খান মিলকী পৌর ছাত্রদলের আহ্বায়ক বলে জানা গেছে। বাসা শহরের নিউটাউন এলাকায়। আর সমীরণ তালুকদার বলাইনগুয়া এলাকার বাসিন্দা। জনকণ্ঠ, ২২ অক্টোবর ২০২৪

**১০. বিএনপির সাইনবোর্ড লাগিয়ে আওয়ামী লীগ নেতার জমি ও ৯টি দোকানঘর দখলের অভিযোগ**

বাগেরহাটের মোরেলগঞ্জে প্রয়াত এক আওয়ামী লীগ নেতার জমিসহ ৯টি দোকানঘর দখলের অভিযোগ পাওয়া গেছে মোরেলগঞ্জ পৌর বিএনপির ৪ নম্বর ওয়ার্ড সভাপতি আমির আলী তালুকদার ও তাঁর সন্ত্রাসী বাহিনীর বিরুদ্ধে। মোরেলগঞ্জ সরকারি সিরাজ উদ্দিন মেমোরিয়াল কলেজের সাবেক অধ্যক্ষ ও উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি প্রয়াত শাহবুদ্দিন তালুকদারের ছেলে মাহমুদুল হাসান এ অভিযোগ করেন। প্রথম আলো, ২৩ অক্টোবর ২০২৪

**১১. ফরিদপুরে বিএনপি নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ**

ফরিদপুর সদরে ইউপি চেয়ারম্যানের জমি দখল করে দোকান ঘর নির্মাণের অভিযোগ উঠেছে আলিয়াবাদ ইউনিয়ন বিএনপির সভাপতি নুরু মণ্ডল ও তার সহযোগীদের বিরুদ্ধে। আমাদের সময়, ২৪ অক্টোবর ২০২৪

## ১২. বিএনপি নেতার বিরুদ্ধে ১৬৮ বস্তা সরকারি চাল লুটের অভিযোগ



যশোরের শার্শায় খাদ্যবান্ধব কর্মসূচির আওতার ১৬৮ বস্তা চাল লুটের অভিযোগ উঠেছে সরোয়ার মোল্লা নামের এক বিএনপি নেতার বিরুদ্ধে। এ ঘটনায় উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করা হয়েছে। বৃহস্পতিবার (১৪ নভেম্বর) গোগা ইউনিয়ন বিএনপি নেতা আব্দুল হামিদ সরদার এ অভিযোগ করেন। অভিযুক্ত সরোয়ার মোল্লা গোগা ইউনিয়ন বিএনপির যুগ্ম-আহ্বায়ক। অভিযোগ সূত্রে জানা গেছে, গোগা ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড কালিয়ানি গ্রামে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ডিলার ছিলেন শাহাজান আলী। ৫ আগস্টের পর তিনি গা ঢাকা দেন। এরপর থেকে গ্রামের কিছু মানুষ স্বেচ্ছায় স্বেচ্ছাসেবক হিসেবে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারের কার্যক্রম দেখাশোনা করছেন। বৃহস্পতিবার সকালে চাল বিতরণের আগে ইউনিয়ন বিএনপির যুগ্ন-আহ্বায়ক সরোয়ার মোল্লা গোডাউনের তালা খুলে ১৬৮ বস্তা চাল নিয়ে চলে যান। ফলে এলাকার অসহায়-দরিদ্ররা চাল নিতে পারেননি। জাগো নিউজ, ১৫ নভেম্বর ২০২৪

## ১৩. বিএনপি নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ



চট্টগ্রামে পাহাড়তলী বিএনপির সাধারণ সম্পাদক জসিম উদ্দিন জিয়ার বিরুদ্ধে এক প্রকৌশলীর জমি দখলের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার দুপুরে নগরীর একটি রেস্টুরেন্টে আয়োজিত সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন প্রকৌশলী মশিউর রহমান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে প্রকৌশলী মশিউর রহমান বলেন, পাহাড়তলী থানাধীন সরাইপাড়া গ্রীনভিউ আবাসিক এলাকার ২ নম্বর রোডের ৩৪ নম্বর বাড়িতে দীর্ঘদিন ধরে বসবাস করে আসছি। আমার বাসার কাছে উত্তর গ্রীনভিউ আবাসিক এলাকার কাজী বাড়ি রোডে বিএস ১০৪৭ দাগে আমার পাঁচ শতক জমির একটা প্লট রয়েছে। যার বিএস নামজারি খতিয়ান নং-২৫৫৫। জমির সব কাগজপত্র আপডেট থাকার সত্ত্বেও ৬ অক্টোবর পাহাড়তলী থানা বিএনপির সাধারণ সম্পাদক জসিম উদ্দিন জিয়া দেশীয় অস্ত্রে সজ্জিত দল নিয়ে আমার জায়গা দখলে নেয়। যুগান্তর, ২২ নভেম্বর ২০২৪

## ১৪. বিএনপি নেতার নেতৃত্বে ধান লুটের অভিযোগ

রাতের আঁধারে জোরপূর্বক দখলীয় জমির পাকা ধান বিএনপি নেতা ডালিম হাওলাদার ও তার সহযোগীরা কেটে নিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। আমতলী সাংবাদিক ইউনিয়ন কার্যালয়ে মঙ্গলবার দুপুরে এক সংবাদ সম্মেলনে


এ অভিযোগ করেন শিক্ষক মনিরুজ্জামান বাবুল হাওলাদার। সংবাদ সম্মেলনে মনিরুজ্জামান বলেন, উপজেলা বিএনপির সদস্য সচিব তুহিন মৃধার নেতৃত্বে ডালিম হাওলাদার ও তার সহযোগীরা এ ধান কেটে নিয়েছেন। যুগান্তর, ২৪ ডিসেম্বর ২০২৪

**১৫. সরকারি জমি দখল করে স্থাপনা নির্মাণ বিএনপি নেতার, সাংবাদিককে হুমকি**



নাটোরের গুরুদাসপুরের সোনাবাজু বাজারে সরকারি জায়গা দখল করে অবৈধভাবে আরসিসি স্থাপনা নির্মাণ করছেন মিজানুর সরদার (৪৫) নামের এক বিএনপি নেতা। নিয়মনীতির তোয়াক্কা না করে প্রকাশ্যে তিনি স্থায়ীভাবে দোকানঘর নির্মাণের কাজ করছেন। কালের কণ্ঠ, ১লা জানুয়ারি ২০২৫

**১৬. যুবদল নেতা রনির বিরুদ্ধে দখল, চাঁদাবাজি ও আসামি ছিনতাইসহ নানা অভিযোগ**



শরীয়তপুরের নড়িয়া উপজেলায় যুবদল নেতা রনির বিরুদ্ধে জমি দখল, চাঁদাবজি, পুলিশের কাছ থেকে আসামি ছিনতাইসহ নানা অভিযোগ পাওয়া গেছে। এমনকি থানা পুলিশের এক এসআইকে পিটিয়ে হাত-পা ভেঙে দিয়েছেন বলেও অভিযোগ। উপজেলার ঘড়িসার মডার্ন সিটির মালিক নাজির হোসেনের অভিযোগ, ঘড়িসার এলাকার সাড়ে ৮ একর জমি কিনে ১২০টি প্লট তৈরি করেন। সেখানে ৪০টির মতো প্লট বিক্রিও করেন। ৫ আগস্টের পর রনি মাঝি তাদের অফিসটি দখল করে নেয়। যারা প্লট কিনেছেন, তাদের ভয়ভীতি দেখিয়ে চাঁদা আদায় করছে। প্রতিদিনের বাংলাদেশ, ১১ জানুয়ারি ২০২৫

**১৭. চরের জমি দখলের অভিযোগ বিএনপি নেতাদের বিরুদ্ধে, কৃষকদের বিক্ষোভ**

লক্ষ্মীপুরের রায়পুরে চরের প্রায় ১৩০০ একর জমি দখল করতে বিএনপি নেতারা জোট বেঁধে নেমেছে বলে অভিযোগ উঠেছে। ইতিমধ্যে জোরপূর্বক চাষ যোগ্য জমি দখল করে লাল পতাকাও লাগিয়ে দিয়েছে বলে অভিযোগ জানিয়েছেন কৃষকরা। এ ঘটনায় সোমবার (২০ জানুয়ারি) সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলা শহরে দস্যুদের কবল থেকে জমি দখলমুক্ত চেয়ে প্রতিবাদ সমাবেশ করেছেন কৃষকরা। সমাবেশ থেকে বলা হয়, রায়পুর উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মোস্তফা গাজী, মোবারক আলী, বাদশা গাজী ও দক্ষিণ চরবংশী ইউনিয়ন বিএনপির সভাপতি হারুনুর রশিদ হাওলাদার, বিএনপি নেতা ফারুক কবিরাজ, উপজেলা কৃষকদলের সদস্য সচিব জিএম শামিম দলবল নিয়ে চরে দস্যুতা করছেন। ডেইলি ক্যাম্পাস, ২১ জানুয়ারি ২০২৫

**১৮. জামায়াত নেতার মাছ লুটের পর বিক্রি, বিএনপির ২ জন বহিষ্কার**

জামায়াত নেতার গাড়িভর্তি মাছ লুট করে বিক্রির অভিযোগে যশোরের মনিরামপুরে বিএনপির দুই জনকে বহিষ্কার করা হয়েছে। সোমবার জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট সৈয়দ সাবেরুল হক সাবু এক প্রেস বিজ্ঞপ্তিতে তাদের বহিষ্কারের তথ্য জানিয়েছেন। বহিষ্কৃতরা হলেন- নেহালপুর ইউনিয়ন বিএনপির সদস্য মাহাবুবুর রহমান ও ওয়ার্ড বিএনপির সদস্য রাজিব। সমকাল, ২১ জানুয়ারি ২০২৫

**১৯. রাঙ্গামাটি জেলা বিএনপি'র সদস্য শাহ আলম মুরাদের বিরুদ্ধে প্রতিবন্ধী জমি দখলের অভিযোগ**



বিএনপি'র রাঙ্গামাটি জেলার কমিটির সদস্য, লংগদু উপজেলা শাখার কমিটির সদস্য, শাহ আলম মুরাদের বিরুদ্ধে জমি দখলের অভিযোগ পাওয়া গেছে। রাঙ্গামাটি জেলার বিভিন্ন বিএনপি নেতাকর্মীর সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে শাহ আলম মুরাদের বিরুদ্ধে একাধিক পোস্ট দেওয়া হয়েছে এ নিয়ে এলাকায় চাঞ্চল্যকর সৃষ্টি হয়েছে বলেও জানা গেছে। গত-১৬ বছরের স্বৈরাচার হাসিনার আমলে আওয়ামী লীগের নেতাকর্মীর সাথে মিটিং মিছিলে উপস্থিত ছিলেন শাহ আলম মুরাদ এমন ঘটনায় ভুক্তভোগী প্রতিবন্ধী আফজালের মেয়ে লাইজু জানান, আমার পরিবারের বাবা প্রতিবন্ধী হওয়ার কারণে এই সুযোগ কাজে লাগিয়ে শাহ আলম মুরাদ ও সাবেদ আলী আমাদের সম্পত্তি দখল করেন এবং আমরা এই অসহায় হয়ে পড়েছি আমরা সঠিক বিচার চাই। সকালের সময়, ২৩ জানুয়ারি ২০২৫

**২০. রেলে আ'লীগের রাজত্ব বিএনপির দখলে**



রেলওয়ে শ্রমিক দলের দুই গ্রুপের সাধারণ সম্পাদক এম আর মঞ্জুর ও পেয়ার আহমেদ। আধিপত্য বিস্তারে নিজেদের মধ্যে কোন্দলে জড়ানোর পাশাপাশি রেলকে বিভিন্নভাবে নিয়ন্ত্রণ করছেন এই দুই গ্রুপের নেতাকর্মীরা। এখন আর তাদের টেবিলে পাওয়া যায় না। কাজ ফেলে তারা দলবল নিয়ে এক অফিস থেকে আরেক অফিসে ঘুরে বেড়াচ্ছেন। রেলওয়ে পূর্বাঞ্চলের সদরদপ্তর সিআরবি এবং পাহাড়তলীতে (সিসিএস ও কারখানা) টেন্ডার নিয়ন্ত্রণ ও চাঁদাবাজির অভিযোগ উঠেছে দুই যুবদল নেতার বিরুদ্ধে। তারা হলেন নগরীর খুলশী থানার যুবদলের আহ্বায়ক হেলাল হোসেন ওরফে পিচ্চি হেলাল ও নগর যুবদলের সদস্য সাখাওয়াত কবির সুমন ওরফে ক্যাডি সুমন। সমকাল, ২৮ জানুয়ারি ২০২৫

## ২১. খুলনায় নিয়ন্ত্রণহীন বিএনপি নেতাকর্মীরা, দখল হয়ে যাচ্ছে দোকানপাট ঘাট ঘের জমি বালুমহাল

গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে খুলনা মহানগরীসহ উপজেলাগুলোতে বেড়েছে বিএনপি নেতাকর্মীদের দখলের দৌরাত্ম্য। দোকানপাট, খেয়াঘাট, মৎস্য ঘের, জায়গাজমি, বালুমহালসহ সর্বত্র দখলের প্রতিযোগিতা শুরু হয়েছে। এদিকে বিএনপি নেতাকর্মীদের তৎপরতা নিয়ন্ত্রণে গঠন করা হয়েছে মনিটরিং সেল। যেখানে প্রায় দুইশ অভিযোগ জমা পড়েছে। বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে নগর ও জেলার শতাধিক নেতাকর্মীকে শোকজ এবং ২০/২৫ জনকে বহিষ্কার করা হয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে দলীয় শৃঙ্খলা ভঙ্গের কারণ দেখানো হয়েছে। এছাড়া কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী গত ১৯ সেপ্টেম্বর জেলা বিএনপির কমিটি বিলুপ্ত করা হলেও বহাল রয়েছে নগর বিএনপির কমিটি। খুব দ্রুতই নগর বিএনপির কমিটি সম্মেলনের মাধ্যমে পুনরায় গঠন করা হবে বলে দলীয় সূত্র জানিয়েছে। অনুসন্ধানে খুলনা মহানগরের তুলনায় জেলার ৯টি উপজেলায় বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে দখল ও লুটপাটের অভিযোগ বেশি পাওয়া গেছে। তবে দখলের বিষয়টি 'ওপেন সিক্রেট' হলেও মুখ খুলতে ভয় পাচ্ছেন ভুক্তভোগীরা। তবে সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে যে দখলগুলো বেশি প্রচার হয়েছে তার বিরুদ্ধে দলের শীর্ষ নেতারা বহিষ্কার ও শোকজসহ নানা পদক্ষেপ নিয়েছেন। যুগান্তরের অনুসন্ধানে একাধিক দখলের বিষয়ে খোঁজ নিলে অনেক ভুক্তভোগী সরাসরি বিএনপি নেতাকর্মীদের নির্দেশনায় দখলের বিষয়ে অভিযোগ করেছেন।

অভিযোগ রয়েছে, মহানগরীর খানজাহান আলী থানা এলাকার শিরোমনি বিআইডব্লিউটিএ সার গুদামের ঘাট ইজারার টেন্ডার জমা দেওয়ার সময় খুলনা জেলা প্রশাসক কার্যালয়ে থানা বিএনপির সাবেক আহ্বায়ক কাজী মিজানুর রহমানের লোকজন বাধা দেন। একই এলাকায় বেসরকারি উন্নয়ন সংস্থা প্রশিকার ৫০ কোটি টাকার সম্পত্তি দখলের অভিযোগ রয়েছে থানার সাবেক আহ্বায়ক কাজী মিজান ও সাবেক ছাত্রদল নেতা মাসুম বিল্লাহর বিরুদ্ধে।

নগরীর ২১নং ওয়ার্ডের একটি ঘাট সাবেক এক আওয়ামী লীগ নেতার কাছ থেকে লিখে নিয়েছেন স্থানীয় বিএনপির এক নেতা। আওয়ামী লীগ নেতা চৌধুরী মিনহাজ উজ জামান সজল যুগান্তরকে বলেন, আমি যে ঘাটটি ইজারা নিয়েছিলাম সেটার মূল্য পরিশোধ করে বিএনপির এক নেতা ঘাটটি নিয়েছেন। এছাড়া ওয়ার্ডটির আওয়ামী লীগ অফিসও দখল করা হয়েছে। এদিকে নগরীর রেলওয়ে মার্কেটের ভেতর ডাক্তার বাড়ি নামে খ্যাত পুরাতন একটি ভবন দখলের অভিযোগ উঠেছে।

এদিকে খুলনার সোনাডাঙ্গা বাস টার্মিনালের 'জেলা বাস-মিনিবাস কার্যালয়' দখল করে 'খুলনা বিভাগীয় বাস-মিনিবাস মালিক সমিতি' নামে পরিচালিত হচ্ছে। সংগঠনের নেতৃত্বে রয়েছেন বিএনপি সমর্থকরা। এছাড়া 'রূপসা-বাগেরহাট বাস-মিনিবাস কোচ ও মাইক্রোবাস মালিক সমিতি' কার্যালয়টি এখন চালাচ্ছেন রূপসা উপজেলা নেতারা। এছাড়া ঘাট দখলসহ ঠিকাদারি কাজে বাধা দেওয়ার অভিযোগ রয়েছে খালিশপুর থানা বিএনপির এক নেতার বিরুদ্ধে। পাইকগাছা উপজেলার কপিলমুনি বাজারে শতাধিক দোকানপাট ভাঙচুর ও লুটপাটের অভিযোগ উঠেছে জেলা বিএনপির সাবেক সদস্য শাহাদাৎ হোসেন ডাবলুর বিরুদ্ধে। এ ঘটনায় তাকে শোকজ করা হয়েছে বলে জেলা বিএনপির সাবেক সদস্য সচিব মনিরুল হাসান বাপ্পী নিশ্চিত করেছেন।

গত ১০ জানুয়ারি উপজেলার বোয়ালিয়া ব্রিজের কাছে হিতামপুর মৌজায় প্রায় ৫০ বিঘা ঘের দখলের অভিযোগ মিলেছে পৌরসভা বিএনপির সাধারণ সম্পাদক মোস্তফা মোড়লের বিরুদ্ধে। দিঘলিয়া উপজেলায় সেনহাটি মৌজার গোয়ালপাড়া এলাকায় ইসমাইল হোসেনের এক আত্মীয়দের বসতবাড়ির জমি দখল, দিঘলিয়ার নগর ফেরিঘাট নিয়ন্ত্রণসহ বিভিন্ন পর্যায়ের নেতাদের হুমকিসহ ভয়ভীতি দেওয়ার অভিযোগ মিলেছে উপজেলা বিএনপির আহ্বায়ক সাইফুর রহমান মিন্টু মোল্লার বিরুদ্ধে। ফেরিঘাট নিয়ে মারামারির ঘটনায় তার বিরুদ্ধে মামলাও হয়েছে।

কয়রা উপজেলার মহারাজপুর ইউনিয়নের প্রায় ১০০ বিঘা জমি দখলের অভিযোগ উঠেছে উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক সাঈদ বিশ্বাসের বিরুদ্ধে। গত ১৯ জানুয়ারি তার অনুসারীরা জমিটি দখল করেন। এ বিষয়ে সাঈদ বিশ্বাস বলেন, তার ভাবমূর্তি নষ্ট করার জন্য এমন প্রচারণা করা হয়েছে। কোনো জমি বা খাল দখল হয়নি। এদিকে কয়রা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক নুরুল আমিন বাবুলকে নানাবিধ অভিযোগের ঘটনায় দল থেকে বহিষ্কার করা হয়। এছাড়া কয়রায় বাজারে দোকান লুটপাটের ঘটনায় তার বিরুদ্ধেও মামলা হয়েছে।

বটিয়াঘাটা উপজেলার দশগেট সংলগ্ন বালুমহালটি বর্তমানে নিয়ন্ত্রণে আছে বিএনপি ও যুবদলের নেতাদের। এর আগে যুবলীগের কেন্দ্রীয় নেতা শেখ সোহেলের বন্ধু বালুমহালটি পরিচালনা করতেন। তবে বালুমহালের সঙ্গে জড়িত বটিয়াঘাটা উপজেলা যুবদলের সদস্য সচিব বাহাদুর মুন্সী যুগান্তরকে বিষয়টি অস্বীকার করে বলেন, তিনি এর সঙ্গে জড়িত নন। জেলা বিএনপির সাবেক কয়েকজন নেতা এটার নিয়ন্ত্রণ করেন। ফুলতলা উপজেলার সিকিরহাটের মন্দিরের ঘাটটি ৫ আগস্টের পর বন্ধ করে দেওয়ার কথা স্বীকার করেন উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক শেখ সাব্বির হোসেন রানা।

ডুমুরিয়া উপজেলা বিএনপির আহ্বায়ক মোল্লা মোশাররফ হোসেন মফিজকে গত ১ সেপ্টেম্বর দলীয় শৃঙ্খলাভঙ্গের কারণে তার পদ থেকে অব্যাহতি দেওয়া হয়। এর আগে তার গ্রামের পুরোনো বাড়ি থেকে আওয়ামী লীগ নেতার একটি গাড়ি উদ্ধারের ঘটনায় তোলপাড় সৃষ্টি হয়েছিল।

তেরখাদা উপজেলায় শেখ হাসান আল মামুন নামে এক ব্যক্তিকে মারধর করে ১৩ লাখ টাকা লুট করেন বিএনপি নেতাকর্মীরা। মামুন জেলা বিএনপির আহ্বায়ক ও সদস্য সচিবের কাছে এ ব্যাপারে লিখিত অভিযোগ করেন। এর প্রেক্ষিতে গত ১২ সেপ্টেম্বর তেরখাদা উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক বাবু মোল্লা, সদস্য ফেরদৌস মেম্বার, গাউস মোল্লা ও রবিউল ইসলাম লাকুকে শোকজ করা হয়। রূপসা উপজেলায় জেলা কৃষক দলের সাধারণ সম্পাদক আবু সাঈদের নেতৃত্বে একটি প্রতিষ্ঠানে কয়েক কোটি টাকা লুটের অভিযোগ দেওয়া হয়েছে কেন্দ্রীয় বিএনপির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর কাছে। দাকোপ উপজেলার চালনা পৌরসভার সাবেক নেতা শেখ শাকিল আহমেদ দিলুও যুগ্ম মহাসচিবের কাছে লিখিত অভিযোগ করেন যে, উপজেলার তিলডাঙ্গায় তার ঘের লুট করেন স্থানীয় বিএনপি নেতা মোজাফফর গং। যুগান্তর, ২৮ জানুয়ারি ২০২৫

### ২২. বিএনপি নেতা পরিচয়ে সরকারি জমি দখল, বাড়ি নির্মাণের চেষ্টা

গাজীপুরের পূবাইলে আফজাল হোসেনের বিরুদ্ধে বিএনপির নেতা পরিচয়ে সরকারি খাসজমি দখল করে বাড়ি নির্মাণ চেষ্টার অভিযোগ উঠেছে। দখল কাজে বাড়ি নির্মাণ করতে সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার-শনিবারকে বেছে নেন তিনি। তিনি নিজেকে কার্ডধারী সাংবাদিক পরিচয় দেন বলে জানা গেছে। এ বিষয়ে জানতে চাইলে বিএনপি নেতা আফজাল হোসেন জানান, কালকে কলেরবাজার বিএনপির মিটিং আছে আপনার দাওয়াত। জমির বিষয়ে সাক্ষাতে কথা বলব। যুগান্তর, ৩১ জানুয়ারি ২০২৫

### ২৩. যাত্রীছাউনি দখল করে বিএনপি নেতার মুদি দোকান

ঝিনাইদহ সদরের যাত্রীদের সুবিধার্থে নির্মাণ করা জেলা পরিষদের যাত্রী ছাউনি গত ৫ আগস্ট দেশের রাজনৈতিক পটপরিবর্তনের পরে ওই যাত্রী ছাউনিটি বিএনপি নেতা গোলাম সরোয়ার দখল করে জিয়াউরকে দেন। পরে তিনি সেখানে মুদি দোকান খুলে বসেন। কালের কণ্ঠ, ১ ফেব্রুয়ারি ২০২৫

### ২৪. সারসহ ট্রলি আটক, অভিযোগের তীর দুই বিএনপি নেতার দিকে

চুয়াডাঙ্গার জীবননগরে ইউনিয়ন পরিষদের সারবোঝাই একটি ট্রলি আটক করেছে স্থানীয়রা। মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে উপজেলার বাঁকা ইউনিয়নে এ ঘটনা ঘটে। বাঁকা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক

আবুল বাশার ও ইউনিয়ন বিএনপির সহসভাপতি খাদেমুল খোকন এ ঘটনায় জড়িত বলে অভিযোগ উঠেছে। সার আটকের পর বাঁকা ইউনিয়ন যুবদলের আহ্বায়ক রাজা ফেসবুকে লেখেন, 'বাঁকা ইউনিয়ন বিএনপির সেক্রেটারি মো: আবুল বাশার ও সহসভাপতি মো: খাদেমুল ইসলাম খোকন ভুয়া প্রকল্প করে মাটিভর্তি জৈব সার বাঁকা ইউনিয়ন পরিষদে নিয়ে আসে। বিষয়টি মিডিয়ায় প্রচার হওয়ায় ৪ ফেব্রুয়ারি রাত আনুমানিক ৮টার দিকে ট্রলি ভর্তি করে পাচার করার সময় জনতার ধাওয়ায় গাড়িসহ ধরা খায়। কালবেলা, ৫ ফেব্রুয়ারি ২০২৫

**২৫. আওয়ামী লীগ স্টাইলে লুটপাট করছেন কুষ্টিয়া জেলা বিএনপির নেতারা**

গত ৪ নভেম্বর জেলা বিএনপির আহ্বায়ক কমিটি গঠনের পর থেকে পদবঞ্চিত নেতা-কর্মীরা কমিটি বাতিলের দাবিতে করে আসছেন। এক সংবাদ সম্মেলনে কুষ্টিয়া জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক শামিমুল হাসান বলেন, 'আওয়ামী লীগ ফ্যাসিস্ট সরকারের আমলে যে স্টাইলে রাজনীতি করেছে, হানিফ-আতা (আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া-৩ আসনের এমপি মাহবুব উল আলম হানিফ এবং চাচাতো ভাই পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সদর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আতাউর রহমান) তাঁদেরই যোগসাজশে বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যবসা-বাণিজ্য দখল করছেন কুষ্টিয়া জেলা বিএনপির আহ্বায়ক কুতুব উদ্দিন আহমেদ ও সদস্যসচিব প্রকৌশলী জাকির হোসেন সরকার।' প্রথম আলো, ৫ ফেব্রুয়ারি ২০২৫

**২৬. বাউফলে তরমুজভর্তি ট্রলার ছিনতাইয়ের মামলায় যুবদল কর্মীসহ গ্রেপ্তার ৩**

পটুয়াখালীর বাউফল উপজেলার নদীবেষ্টিত চন্দ্রদ্বীপ ইউনিয়নে চাঁদার দাবিতে কৃষকের তরমুজভর্তি ট্রলার ছিনতাই ও চাঁদাবাজির অভিযোগে হওয়া মামলায় তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। পাশাপাশি ছিনতাই হওয়া পাঁচশ তরমুজ উদ্ধার করে ওই কৃষকের ছেলেকে বুঝিয়ে দিয়েছে পুলিশ। গ্রেপ্তার আসামিরা হলেন উপজেলার নাজিরপুর ইউনিয়নের যুবদল কর্মী মো: সাইফুল, মো: মেহেদী হাসান (২০) ও গোলাম মুর্তজা (৪০)। এর মধ্যে মামলার প্রধান আসামি সাইফুলকে ২৬ ফেব্রুয়ারি বুধবার রাতে এবং মেহেদী ও মুর্তজাকে ১ মার্চ শনিবার সকালে গ্রেপ্তার করা হয়েছে। সাইফুল নাজিরপুর ইউনিয়ন ছাত্রদলের সাবেক সভাপতি। দলীয় শৃঙ্খলাভঙ্গের দায়ে তাঁকে উপজেলা ছাত্রদল বহিষ্কার করেছে। প্রথম আলো, ১ মার্চ ২০২৫

**২৭. মাছ লুটের অভিযোগে ছাত্রদল নেতাসহ গ্রেপ্তার ৩**

নেত্রকোনার খালিয়াজুরীতে মাছ লুট মামলায় ছাত্রদল দুই নেতাসহ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার (৪ মার্চ) হ্যান্ড ট্রলি দিয়ে মাছ নিয়ে যাওয়ার সময় তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তাররা হলেন খালিয়াজুরী সদর ইউনিয়ন

ছাত্রদলের সহ-সভাপতি সাব্বির ইবনে মাসুম (২৭), সাংগঠনিক সম্পাদক আজহারুল আলম সাগর (২৮), অপরজন রাহিমুল মিয়া (২৪)। তারা সবাই খালিয়াজুরী উপজেলার লক্ষ্মীপুর গ্রামের বাসিন্দা। কালের কণ্ঠ, ৪ মার্চ ২০২৫

## ২৮. ডিলারের ট্রলি থামিয়ে চাল লুট, বিএনপি নেতার পদ স্থগিত



যশোরের শার্শায় খাদ্যবান্ধব কর্মসূচির এক ডিলারের ১৫৫ বস্তা চাল লুটের অভিযোগ উঠেছে। এ ঘটনার জন্য উপজেলা বিএনপির সহসভাপতি ও কায়বা ইউনিয়ন পরিষদের (ইউপি) সাবেক চেয়ারম্যান রুহুল কুদ্দুস ও তার ভাই ইবাদুল ইসলাম কালুকে দায়ী করেন ভুক্তভোগী। ৫ মার্চ বুধবার এ ঘটনার পর প্রশাসনের চাপে চাল ফেরত দেন তারা। তবে রাতেই যশোর জেলা বিএনপি রুহুল কুদ্দুসের দলীয় পদ স্থগিত করে। সমকাল, ৬ মার্চ ২০২৫

## ২৯. বিএনপি নেতার বিরুদ্ধে মসজিদের চাল আত্মসাতের অভিযোগ, প্রতিবাদ করায় মারধর

পাবনার চাটমোহরে একটি মসজিদের চাউল আত্মসাতের প্রতিবাদ করায় স্থানীয়দের মারধর করেছেন ফৈলজানা ইউনিয়ন বিএনপি সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম। শুক্রবার (৭ মার্চ) ফৈলজানা ইউনিয়নের কদমতলী মিনাজ মোড় এলাকায় এ ঘটনা ঘটে। আহতরা হলেন কদমতলী মিনাজ মোড় গ্রামের জয়নাল আবেদীনের স্ত্রী সালমা খাতুন, তার শিশু সন্তান সোহেল ও আলাউদ্দিন আলীর স্ত্রী আলপনা খাতুন। আহত সালমা খাতুন বলেন, 'মিনাজ মোড় জামে মসজিদে দুই টন চাল বরাদ্দ পাওয়া যায়। সেই চাল বিক্রি করে টাকা আত্মসাৎ করেন সাইফুল, মতিন গং। তার প্রতিবাদ করেছিলেন আমার স্বামীসহ এলাকার অনেকে। সেই ক্ষোভে সকালে এসে তারা আমাদের বাড়িঘরে হামলা চালায়। তাদের বাধা দিতে গেলে লাঠি দিয়ে বেধড়ক মারধর করেন তারা। কালের কণ্ঠ, ৭ মার্চ ২০২৫

## ৩০. বরিশালে বীর মুক্তিযোদ্ধার ব্যবসা প্রতিষ্ঠান দখলের চেষ্টার অভিযোগ দুই যুবদল নেতার বিরুদ্ধে

বরিশালের উজিরপুরে চাঁদা না পেয়ে বিএনপির ব্যানার টাঙিয়ে এক সাংবাদিকের দোকান দখলের চেষ্টার অভিযোগ উঠেছে উপজেলা যুবদলের দুই যুগ্ম-আহ্বায়ক মো: জালিস মাহমুদ মৃধা ও রুহুল কুদ্দুস হাওলাদারের বিরুদ্ধে। অভিযুক্ত দোকান মালিক মো: মাহফুজুর রহমান মাসুম ওই এলাকার বীর মুক্তিযোদ্ধা মাহাবুবুর রহমানের সন্তান এবং উজিরপুর উপজেলা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক। বিডিনিউজ২৪, ৯ মার্চ, ২০২৫

**৩১. লুট করা ২৪ গরু মিলল বিএনপি নেতার বাড়িতে**

নেত্রকোনার মদনে হাওরের সড়ক থেকে ২৪টি গরু লুটের ঘটনা ঘটেছে। খবর পেয়ে যৌথবাহিনী অভিযান চালিয়ে স্থানীয় বিএনপি নেতার বাড়ি থেকে লুটের গরুগুলো উদ্ধার করেছে। পরে সেগুলোকে মালিকের হাতে বুঝিয়ে দেওয়া হয়েছে। ১১ মার্চ মঙ্গলবার বিকেলে মদন উপজেলায় গোবিন্দশ্রী গ্রামের সড়ক থেকে গরুগুলো লুটের ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, খালিয়জুরী থেকে এক নারী পিকআপে করে তার ১৯টি গরু নিয়ে আটপাড়ার দিকে যাচ্ছিলেন। মঙ্গলবার বিকেলে গোবিন্দশ্রী সড়কে পৌঁছলে কয়েকজন ব্যক্তি পিকআপ থামিয়ে জোরপূর্বক গরুগুলো নিয়ে যায়। খবর পেয়ে পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা স্থানীয়দের নিয়ে উদ্ধার অভিযানে নামে। পরে রাতে গোবিন্দশ্রী ইউনিয়ন বিএনপির দপ্তর সম্পাদক মাহমুদুল হাসান মান্নার বাড়ি থেকে ১৯টি গরু উদ্ধার করা হয়। বাকি গরুগুলোও বিএনপির অন্যান্য নেতাকর্মীদের বাড়ি থেকে উদ্ধার করা হয়। কালবেলা, ১২ মার্চ ২০২৫

**৩২. সাইনবোর্ড লাগিয়ে বিএনপি নেতার জমি দখল**

কুয়াকাটা পৌর বিএনপির দপ্তর সম্পাদকের বিরুদ্ধে দলটির নাম ভাঙিয়ে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের জমিতে সাইনবোর্ড-পিলার বসিয়ে জমি দখল ও বাণিজ্যের অভিযোগ করা হয়েছে। ১২ মার্চ বুধবার সকাল ১০টার দিকে কুয়াকাটা প্রেস ক্লাবের হলরুমে এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন কুয়াকাটা পৌর বিএনপির সভাপতি আব্দুল আজিজ মুসুল্লি। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন কুয়াকাটা পৌর বিএনপির সহসভাপতি হাবিবুর রহমান হাওলাদার, সাধারণ সম্পাদক মতিউর রহমান, ওয়ার্ড বিএনপির নেতাকর্মীসহ বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। সমকাল, ১৩ মার্চ, ২০২৫

**৩৩. জলমহাল দখল, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়কের পদ স্থগিত**



মৌলভীবাজার সদর উপজেলার কনকপুর ইউনিয়নের ধলী বিল (হুরু হাওর) জলমহালের সেচে পানি কমিয়ে মাছ লুণ্ঠনের অভিযোগ উঠেছে মৌলভীবাজার জেলার স্বেচ্ছাসেবক দল সভাপতি জি এম এ মুক্তাদির রাজুর বিরুদ্ধে। এ ঘটনার পর তার পদ স্থগিত করেছে কেন্দ্রীয় কমিটি। বৃহস্পতিবার (১৩ মার্চ) বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের দপ্তর সম্পাদক আব্দুল্লাহ আল মামুনের স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে পদটি স্থগিত করা হয়। কালবেলা, ১৪ মার্চ, ২০২৫

**৩৪. ১৫০ একর সরকারি জমি দখল করে ভাড়া দিলেন বিএনপি নেতা**

সিলেটের কোম্পানীগঞ্জে উপজেলা বিএনপির সভাপতি মো: সাহাব উদ্দিনের বিরুদ্ধে প্রায় ১৫০ একর সরকারি জমি দখলের অভিযোগ উঠেছে। তাঁর দখলে থাকা জমি তিনি পাথর ব্যবসায়ীদের কাছে ভাড়া দিয়েছেন। দুই বছর আগে অভিযান চালিয়ে তাঁর দখলে থাকা জমি উদ্ধার করেছিল স্থানীয় প্রশাসন। তবে পরিবর্তিত পরিস্থিতির সুযোগ নিয়ে গত ৫ আগস্ট বিকেলে তিনি আবার সেই জমি দখলে নেন। বাংলাদেশ প্রতিদিন, ১৭ মার্চ, ২০২৫

**৩৫. বিসিসির নামে ব্যবসা প্রতিষ্ঠান ভেঙে মালামাল লুট বিএনপি নেতার**



বরিশালে একটি ব্যবসা প্রতিষ্ঠান গুঁড়িয়ে দিয়ে লুটপাট ও মালিকের স্ত্রীর ওপর হামলার অভিযোগ উঠেছে মহানগর বিএনপির বহিষ্কৃত নেতা ফিরোজ আহমেদের বিরুদ্ধে। তিনি মহানগর বিএনপির সদস্যসচিব জিয়া উদ্দিন সিকদারের শ্বশুর। শুক্রবার (২১ মার্চ) রাত সাড়ে ১০টার দিকে সিটি করপোরেশনের ২৪নং ওয়ার্ডের ধান গবেষণা সড়কের একতা লেনে এই ঘটনা ঘটে। এসময় প্রতিষ্ঠান মালিকের স্ত্রীকে মারধর করা হয়। জাগো নিউজ, ২৩ মার্চ ২০২৫

**৩৬. জমির মাটি কেটে ইটভাটায় বিক্রি, বিএনপি নেতাকে লাখ টাকা জরিমানা**



অনুমতি ছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশ থেকে মাটি কেটে শিক্ষার্থীদের চলাচলে বিঘ্ন ঘটানোর অপরাধে বিএনপি নেতা আছলাম মজুমদারকে এক লাখ টাকা জরিমানা করা হয়েছে। বৃহস্পতিবার (১৭ এপ্রিল) বিকেলে কুমিল্লার লালমাই উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হিমাদ্রী খীসা ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই দণ্ডাদেশ দেন। আছলাম মজুমদার একজন মাটি ব্যবসায়ী ও লালমাই উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক। স্থানীয়রা জানান, কয়েকমাস ধরে বিএনপির এই নেতা উত্তর ধনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন কয়েকটি কৃষি জমি ও ফিসারিজের মাটি কেটে ইটভাটায় বিক্রি করেছিলেন। এর আগে ১৯ মার্চ একই অপরাধে অন্য একটি ভ্রাম্যমাণ আদালত তাকে ৫০ হাজার টাকা জরিমানা করেছিলেন। ভয়েস অব ইন্ডিপেনডেন্স, ১৯ এপ্রিল ২০২৫

**৩৭. আওয়ামী লীগের পর এবার বিএনপি নেতাদের বিরুদ্ধে বালু লুটের অভিযোগ**

জামালপুরের মাদারগঞ্জ উপজেলায় সীমান্তবর্তী যমুনা নদী থেকে প্রতিমাসে কোটি কোটি টাকার বালু লোপাট হওয়ার অভিযোগ উঠেছে। অবাধে এই বালু

উত্তোলনের ফলে নদী ভাঙ্গন বাড়ার পাশাপাশি পরিবেশের মারাত্মক ক্ষতি হচ্ছে। বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কাজলা ইউনিয়নের জামথল এলাকায় অবস্থিত অবৈধ বালু ব্যাবসা দীর্ঘ ১৬ বছর থেকে কয়েকজন আওয়ামী লীগ নেতার দখলে ছিল। এখন এই ব্যবসা বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কাজলা ইউনিয়ন বিএনপির সভাপতি ইসহাক ও তার দলের নেতাকর্মী এবং জামারপুরের মাদারগঞ্জ উপজেলার বিএনপির কতিপয় নেতা ও পৌর বিএনপির শীর্ষ নেতাদের দখলে রয়েছে বলে অভিযোগ উঠেছে। ইত্তেফাক, ২৭ এপ্রিল ২০২৫

**৩৮. গাজীপুরে ডাকঘর দখল করে বিএনপির অফিস**

গাজীপুরে চান্দনা ডাকঘর দখল করে গড়ে উঠা স্বেচ্ছাসেবক ও যুবদলের কার্যালয়ে উচ্ছেদ অভিযান চালিয়েছে গাজীপুর সিটি করপোরেশন। অভিযানের নেতৃত্ব দেন গাজীপুর সিটি করপোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মাহমুদা আক্তার। এ সময় ব্যানার ছিঁড়ে ফেলার পাশাপাশি রং করা নাম ফলক মুছে ভবনটিতে আঞ্চলিক টিকাদান চালুর সিদ্ধান্ত নেয়া হয়। সময় টিভি, ১৩ মে ২০২৫

**৩৯. চাঁপাইনবাবগঞ্জ কলেজের জমি দখল করে বিএনপি নেতাদের দোকান নির্মাণের অভিযোগ**

চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুর উপজেলার বাঙ্গাবাড়ী ইউনিয়নের বাঙ্গাবাড়ী ইউনুস স্মরণী স্কুল ও কলেজের জমিতে অবৈধভাবে বিএনপি নেতাদের বিরুদ্ধে দোকানঘর নির্মাণের অভিযোগ উঠেছে। বুধবার (২১ মে) সকালে বাঙ্গাবাড়ী কলেজের অধ্যক্ষ মো: মোস্তফা কামাল দোকানঘর নির্মাণে বাধা দিলে বাঙ্গাবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহিদুল ইসলামের ভাই পরিচয় দাবি করা ও ইউনিয়ন যুবদলের যুগ্ম আহ্বায়ক মো: ইমাম হোসেন তাঁর দলবল নিয়ে সেখানে উপস্থিত হন। আজকের পত্রিকা, ২২ মে ২০২৫

**৪০. স্কুলের দরজা-জানালা বিক্রি করে টাকা ভাগাভাগি করে নিলেন বিএনপি নেতারা**



সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ভবনের লোহার দরজা, জানালা ও রড বিক্রি করে টাকা ভাগাভাগি করে নেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপির ৩ নেতার বিরুদ্ধে। জানা গেছে, যশোর সদরের দেয়াড়া ইউনিয়নের এফএমবি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ভবনের মালামাল বিক্রি করে লক্ষাধিক টাকা ভাগাভাগি করেন ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আমির হোসেন, দেয়াড়া

ইউনিয়ন বিএনপির যুব বিষয়ক সম্পাদক শাহ আলম সাগর এবং বিএনপি নেতা আমিন হোসেন। ডেইলি ক্যাম্পাস, ২৩ মে ২০২৫

**৪১. ইজারার আগেই হাট দখলে বিএনপি নেতারা**

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে নারায়ণগঞ্জের ফতুল্লায় ১৫টি অস্থায়ী পশুর হাট বসানোর সিদ্ধান্ত নিয়েছে উপজেলা প্রশাসন। অস্থায়ী এসব হাটের সিডিউল এখনও বিক্রি শুরু হয়নি, কিন্তু তার আগেই অধিকাংশ হাটের নিয়ন্ত্রণ নিয়ে নিয়েছেন স্থানীয় বিএনপি নেতারা। তারা হাটগুলোতে খুঁটি বসানো থেকে শুরু করে ত্রিপল টানিয়ে হাসিল আদায়ের কাউন্টার পর্যন্ত প্রস্তুত করে ফেলেছেন। ইতোমধ্যে সাইনবোর্ডে পশুর হাটের ইজারাদার হিসেবে ফতুল্লা থানা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক নজরুল ইসলাম পান্না মোল্লা এবং কাশীপুর হাটখোলা পশুর হাটের পরিচালক হিসেবে কাশীপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মঈনুল হোসেন রতন ও সাধারণ সম্পাদক আরিফ মন্ডলের নামে পোস্টার করা হয়েছে। আমার দেশ, ২৭ মে ২০২৫

**৪২. শেরপুরে ৮৫ বস্তা সরকারি চালসহ বিএনপি নেতা গ্রেপ্তার**

শেরপুরের নকলায় ৮৫ বস্তা সরকারি চালসহ মো: শাহজাহান (৪৯) নামের এক ব্যক্তিকে আটক করেছে যৌথ বাহিনী। ২৯ মে বৃহস্পতিবার রাতে চর অষ্টধর ইউনিয়নের দরবারচর গ্রাম থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। আটক শাহজাহান চর অষ্টধর ইউনিয়নের চরবসন্তী পূর্বপাড়া গ্রামের বাসিন্দা। তিনি চর অষ্টধর ইউনিয়ন শাখা বিএনপির সাধারণ সম্পাদক। আজকের পত্রিকা, ৩০ মে ২০২৫

**৪৩. ৭১ টন সরকারি চাল জব্দের ঘটনায় ছাত্রদলের ৭ নেতাকর্মী কারাগারে**

সিরাজগঞ্জ সদর ও রায়গঞ্জ উপজেলায় অভিযান চালিয়ে হতদরিদ্রদের জন্য বরাদ্দ করা ৭১ টন সরকারি চাল জব্দের ঘটনায় ছাত্রদলের ৭ নেতাকর্মীকে গ্রেপ্তারের পর কারাগারে প্রেরণ করা হয়েছে। শুক্রবার (৩০ মে) সন্ধ্যায় গ্রেপ্তার ব্যক্তিদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে বলে রায়গঞ্জ থানার ওসি মাসুদ রানা জানান। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন- সিরাজগঞ্জ জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ আলাউদ্দিন, রায়গঞ্জের নিমগাছি অনার্স কলেজ শাখা ছাত্রদলের সভাপতি রাকিব হোসেন, সহসভাপতি আইয়ুব আলী, সোনাখাড়া ইউনিয়ন ছাত্রদলের সহসভাপতি সাদ্দাম হোসেন, সহসভাপতি আব্দুল মতিন এবং তাদের সহযোগী ফিরোজ ও ইমরান। ইত্তেফাক, ৩১ মে ২০২৫

**৪৪. ফেনীতে চিকিৎসকের চেম্বার ভাঙচুর-লুটপাট করলেন যুবদল নেতা**

ফেনীর সোনাগাজীতে এক চিকিৎসকের চেম্বারে হামলা-ভাঙচুর ও লুটপাট চালানোর অভিযোগ উঠেছে ইকবাল হোসেন নামের স্থানীয় এক যুবদলের নেতা

ও তার সহযোগীদের বিরুদ্ধে। শুক্রবার রাতে উপজেলার বগাদানা ইউনিয়নের দুর্গাপুর গ্রামের চক্ষু চিকিৎসক গোলাম রসুলের চেম্বারে এ ঘটনা ঘটে। এতে চিকিৎসকের বোনসহ দুজন আহত হয়েছেন। অভিযুক্ত ইকবাল হোসেন সোনাগাজী উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক ও আড়কাইম গ্রামের পাটোয়ারী বাড়ির আব্দুল খালেকের ছেলে। বাংলা ট্রিবিউন, ১৪ জুন ২০২৫

**৪৫. ছাত্রদল সভাপতির দখলে তিন সিটের রুম, ছাত্রত্ব শেষেও ছাড়ছেন না হোস্টেল**



রংপুর মেডিকেল কলেজ ও ছাত্রদল সভাপতি ডা. আল মামুন রাজনীতি নিষিদ্ধ রংপুর মেডিকেল কলেজে ছাত্রত্ব শেষ হওয়ার পরেও দলীয় প্রভাব খাটিয়ে তিন সিটের একটি রুম দখলে রাখার অভিযোগ উঠেছে কলেজ শাখা ছাত্রদলের সভাপতি ডা. আল মামুনের বিরুদ্ধে। এদিকে আবাসন সুবিধার অভাবে শিক্ষার্থীদের জন্য প্রশাসন থেকে গণরুম চালু করা হয়েছে। ডেইলি ক্যাম্পাস, ২১ জুন ২০২৫

**৪৬. বিএনপি নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ**

রৌমারীতে বিএনপি নেতার বিরুদ্ধে জমি দখল করে টিনের দোচালা ঘর নির্মাণের অভিযোগ উঠেছে। অভিযুক্ত সহিবর রহমান রৌমারী সদর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক। গতকাল শুক্রবার দুপুরে সাংবাদিকদের কাছে অভিযোগ করেন ভুক্তভোগী আলমগীর হোসেন। সমকাল, ২১ জুন ২০২৫

**৪৭. যৌথবাহিনীর অভিযান বিএনপি নেতার গুদামে ৩০৪ বস্তা সরকারি চাল**

নেত্রকোনার কেন্দুয়ায় যৌথবাহিনীর অভিযানে ৩০০ বস্তা সরকারি চাল উদ্ধার হয়েছে। খাদ্যপণ্যগুলো ছিল পৌর বিএনপির সভাপতি খোকন আহমেদের হেফাজতে। অবৈধভাবে মজুত করার অভিযোগে সেগুলো জব্দ করা হয়। গোপন সংবাদের ভিত্তিতে গত শুক্রবার রাতে পৌর শহরের বাদে আঠারো বাড়ি এলাকার মেসার্স নাহার ট্রেডার্সের গুদামে এ অভিযান চলে। তবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উপস্থিতি টের পেয়ে পালিয়ে যান বিএনপি নেতা খোকন। আমার দেশ, ২১ জুন ২০২৫

**৪৮. জব্দকৃত অন্য ব্যবসায়ীর ফুডকার্ট হাতিয়ে নিলেন রাবি ছাত্রদল কর্মী**



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) এস্টেট দপ্তর থেকে এক ব্যবসায়ীর ফুডকার্ট হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল কর্মী হাসিবুল ইসলাম হাসিবের বিরুদ্ধে। তিনি মিথ্যা তথ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের আইডি কার্ড

ব্যবহার করে প্রশাসনিক অনুমতি ছাড়াই স্টোর শাখা থেকে ফুডকার্টটি সংগ্রহ করেন। তবে জানাজানির পর সাংবাদিকের ফোনকল পেয়ে ওই ব্যবসায়ীকে তা আবার ফেরত দেন। ডেইলি ক্যাম্পাস, ১৩ জুলাই ২০২৫

**৪৯. রেল স্টেশনের কক্ষ দখল করে বিএনপি নেতার অফিস!**

রাতেই খুলে যায় তালা, পরিত্যক্ত কক্ষ হয়ে ওঠে 'অঘোষিত পার্টি অফিস' এমন দৃশ্য এখন প্রায় নিয়মিত রাজশাহী বিশ্ববিদ্যালয় রেল স্টেশনে। স্টেশনের একটি পরিত্যক্ত কক্ষ হঠাৎ পরিষ্কার-পরিচ্ছন্ন করে নতুনভাবে সাজিয়ে তোলা হয়েছে। টেবিল-চেয়ার বসিয়ে সেখানে চলছে নিয়মিত রাজনৈতিক আড্ডা। স্থানীয়দের অভিযোগ, এটি এখন ব্যবহার হচ্ছে রাজনৈতিক কর্মকাণ্ডের জন্য। যার নেতৃত্বে রয়েছেন বিএনপির মহানগর মতিহার থানার সভাপতি মো: একরাম আলী। ঢাকা পোস্ট, ১৫ জুলাই ২০২৫

**৫০. কক্সবাজারে যুক্তরাষ্ট্রপ্রবাসী বিশ্ববিদ্যালয় শিক্ষকের বাড়িতে লুট বিএনপি নেতা-কর্মীদের**

জমি সংক্রান্ত বিরোধের জেরে কক্সবাজারে বিএনপি নেতা রহিম উদ্দিন সিকদারের নিহত হওয়ার ঘটনায় যুক্তরাষ্ট্র প্রবাসী বিশ্ববিদ্যালয় শিক্ষক ড. জাহেদ আরমানের বাড়িতে হামলা চালিয়ে লুটপাট করেছে দলটির স্থানীয় নেতা-কর্মীরা। মঙ্গলবার (১৫ জুলাই) গভীর রাতে সদর উপজেলার ভারুয়াখালী ইউনিয়নের মশরফ পাড়ায় এ ঘটনা ঘটেছে। এই ভাঙচুর-লুটপাটে নেতৃত্ব দেন স্থানীয় ইউনিয়ন বিএনপির সভাপতি শফিকুর রহমান সিকদার। এ ঘটনায় ভুক্তভোগী পরিবারের সদস্যরা জেলা পুলিশ সুপার বরাবর একটি অভিযোগ দায়ের করেছেন। ড. জাহেদ আরমান বর্তমানে যুক্তরাষ্ট্রের একটি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক হিসেবে কর্মরত রয়েছেন। ডেইলি ক্যাম্পাস, ১৬ জুলাই ২০২৫

**৫১. চাঁদা না পেয়ে বিএনপি নেতার বিরুদ্ধে পুকুরের মাছ লুটের অভিযোগ**

সিরাজগঞ্জের তাড়াশে বিএনপির এক নেতার বিরুদ্ধে চাঁদা না পেয়ে দিনদুপুরে ৩২ বিঘা আয়তনের পুকুরের মাছ লুটের অভিযোগ উঠেছে। অভিযুক্ত আমিনুর রহমান ওরফে টুটুল উপজেলা বিএনপির সদ্য বিলুপ্ত কমিটির সাধারণ সম্পাদক। এ ঘটনায় আবদুস সালাম নামের এক ব্যক্তি ১৮ জুলাই তাড়াশ থানায় ও ২৩ জুলাই জেলা প্রশাসক বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন। আবদুস সালামের বাড়ি সিরাজগঞ্জ পৌর শহরের বাহিরগোলা এলাকায়। তিনি পেশায় মাছ ব্যবসায়ী। প্রথম আলো, ২৫ জুলাই ২০২৫

### ৫২. মতলবের দুই বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজি-দখলদারির অভিযোগ, দল থেকে বহিষ্কার

চাঁদাবাজি, দখলদারি ও ভয়ভীতি প্রদর্শনসহ নানা ধরনের অপকর্মে লিপ্ত থাকার অভিযোগে চাঁদপুরের মতলব উত্তর ও মতলব দক্ষিণ উপজেলার বিএনপির দুই নেতাকে দলের সব পর্যায়ের পদ থেকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত নেতারা হলেন মতলব উত্তর উপজেলার ছেংগারচর পৌর বিএনপির সহসভাপতি আবদুল মান্নান লস্কর ও মতলব দক্ষিণ উপজেলা বিএনপির সহসভাপতি আনোয়ার হোসেন ভূঁইয়া। মতলব উত্তরের আবদুল মান্নান লস্করকে চাঁদাবাজির মামলায় গত সোমবার রাতে গ্রেপ্তার করে পুলিশ। প্রথম আলো, ৩০ জুলাই ২০২৫

### ৫৩. বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদা না পেয়ে দোকানে লুটপাটের অভিযোগ



পিরোজপুরের নাজিরপুরে চাঁদা না পেয়ে এক ব্যবসায়ীর দোকানে লুটপাটের অভিযোগ উঠেছে শেখমাটিয়া ইউনিয়ন বিএনপির আহ্বায়ক শাফিকুল ইসলাম শাফিকের বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী মো: মোস্তফা আলী সেখ গত ২৯ এপ্রিল পুলিশ সদর দপ্তরসহ একাধিক সরকারি দপ্তরে লিখিত অভিযোগ করেন। ঢাকা পোস্ট, ৩১ জুলাই ২০২৫

### ৫৪. হতদরিদ্র নারীদের ভাতার চাল ছিনিয়ে নিলেন বিএনপির কর্মীরা

যশোরের শার্শা উপজেলার উলাশী ইউনিয়নে সরকারি খাদ্য সহায়তা কর্মসূচির (ভিডব্লিউভি) আওতায় হতদরিদ্র নারীদের মধ্যে বিতরণকৃত চাল ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতা আমিনুর রহমান নেদার অনুসারীদের বিরুদ্ধে। বৃহস্পতিবার (৩১ জুলাই) বিকেলে উপজেলার রামপুর ধলদা গ্রামের মোড়ে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, ভিডব্লিউভি তালিকাভুক্ত নারী সদস্যদের প্রত্যেককে উলাশী ইউনিয়ন পরিষদ থেকে তিন বস্তা করে চাল দেওয়া হয়। নারীরা চাল ভ্যানে করে বাড়ি নিয়ে যাওয়ার পথে ধলদা মোড়ে ভ্যান থামিয়ে জোরপূর্বক চাল ছিনিয়ে নেওয়ার অভিযোগ ওঠে ধলদা গ্রামের নজরুল ইসলামের ছেলে ইয়ানুর, রাজ্জাক বিশ্বাসের ছেলে মিজানুর বিশ্বাস, সুরত আলীর ছেলে মশিয়ার ও আতিয়ার বিশ্বাসের ছেলে রফিকুলের বিরুদ্ধে। স্থানীয়দের দাবি, তারা সবাই শার্শা উপজেলা বিএনপির সহসভাপতি আমিনুর রহমান নেদার ঘনিষ্ঠ। ইত্তেফাক, ১ আগস্ট ২০২৫

### ৫৫. বিএনপি-ছাত্রদল নেতাসহ ৭ জনের বিরুদ্ধে চাঁদাবাজি-লুটের মামলা

নড়াইলের কালিয়া পৌর বিএনপির সাধারণ সম্পাদক ও পৌর ছাত্রদলের আহ্বায়কসহ সাতজনের বিরুদ্ধে চাঁদাবাজি ও মালামাল লুটের অভিযোগে



মামলা করেছেন এক নারী। মঙ্গলবার (৫ আগস্ট) রাতে কালিয়া পৌরসভার ছোট কালিয়া গ্রামের আকিজ শেখের স্ত্রী রহিমা খানম এ মামলা করেন। মামলার আসামিরা হলেন, কালিয়া পৌর বিএনপির সাধারণ সম্পাদক সেলিম রেজা ইউসুফ, পৌর কৃষকদলের আহ্বায়ক গোলাম রসুল মান্দার শেখ, পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইমরান শেখ ওরফে খোকন, পৌর ছাত্রদলের আহ্বায়ক মিকাইল ওরফে ধলু শেখ, ইনামুল শেখ ওরফে কালু, মিরাজ শেখ ও সাদ্দাম শেখ। জাগো নিউজ, ৭ আগস্ট ২০২৫

### ৫৬. মসজিদের টাকা আত্মসাৎ, সেই বিএনপি নেতাকে বহিষ্কার



নেত্রকোনার বারহাট্টায় মসজিদের টাকা আত্মসাৎ, সড়কের খোয়া লুট এবং অন্যান্য অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে সিংধা ইউনিয়ন বিএনপির সহ-মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক নুরুল ইসলাম টিপন মিয়াকে (৫০) সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে। উপজেলা বিএনপির সভাপতি মো: মোস্তাক আহমেদ এবং সাধারণ সম্পাদক আশিক আহমেদ কমলের স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে শুক্রবার (৮ আগস্ট) এ বহিষ্কারের ঘোষণা দেওয়া হয়। আমার দেশ, ৯ আগস্ট ২০২৫


### ৫৭. ব্যাংক দখল ও টিভি চ্যানেলে চাঁদাবাজিতে যুবদল নেতা নয়ন



আওয়ামী লীগ সরকারের পতনের পরপরই বেপরোয়া হয়ে উঠেছেন ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের সদস্য সচিব রবিউল ইসলাম নয়নের বিরুদ্ধে দখল, চাঁদাবাজির নানান অভিযোগের পর এবার ইসলামী ব্যাংক দখলেরও অভিযোগ উঠেছে। আওয়ামী লীগ সরকারের পতনের পরপরই বেপরোয়া হয়ে ওঠেন তিনি। এর আগে তার বিরুদ্ধে একটি বেসরকারি টেলিভিশন দখলচেষ্টার অভিযোগ রয়েছে। বাংলাদেশ জার্নাল, ১১ আগস্ট ২০২৫

### ৫৮. সাদাপাথর লুটের মামলায় সিলেটে পদ স্থগিত হওয়া বিএনপি নেতা সাহাব উদ্দিন গ্রেপ্তার

সিলেটের কোম্পানীগঞ্জের সাদাপাথর লুটের মামলায় বিএনপি নেতা সাহাব উদ্দিনকে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-৯)। ১ সেপ্টেম্বর শনিবার রাতে নগরের আম্বরখানা এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। সাহাব



উদ্দিন কোম্পানীগঞ্জ উপজেলা বিএনপির সভাপতি ছিলেন। গত ১১ আগস্ট কেন্দ্রীয় বিএনপি 'চাঁদাবাজি, দখলবাজিসহ বিএনপির নীতি ও আদর্শ পরিপন্থী অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে' ওই নেতার পদ স্থগিত করে। প্রথম আলো, ১৪ সেপ্টেম্বর ২০২৫

**৫৯. মাছ লুটকারী ছাত্রদল নেতা হলেন সভাপতি**



রাজশাহীর বাগমারায় পুকুরের মাছ লুট, চাঁদাবাজি ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগে উপজেলা আহ্বায়কের পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে ছাত্রদল নেতা মহব্বত হোসেনকে। তাকেই আবার মোহনগঞ্জ ডিগ্রি কলেজ কমিটির সভাপতি করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক আব্দুল হাই সিদ্দিক সরকার স্বাক্ষরিত একটি চিঠিতে ৭ সেপ্টেম্বর এ সিদ্ধান্ত জানানো হয়। যুগান্তর, ১৮ সেপ্টেম্বর ২০২৫

**৬০. বগুড়ায় বিএনপি নেতার স্ত্রীর গোডাউন সিলগালা, ১১৯ বস্তা চাল জব্দ**

বগুড়ার আদমদীঘি উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচির চালের বস্তা বদল করে পাচারের সময় জনতার হাতে আটকের পর গোডাউন সিলগালা করেছেন ভ্রাম্যমাণ আদালত। শুক্রবার (১৯ সেপ্টেম্বর) দুপুরে উপজেলা সদরের ব্রিজ মোড়ে তালুকদার শপিং কমপ্লেক্সের একটি গোডাউন থেকে ১১৯ বস্তা চাল জব্দ ও গোডাউন সিলগালা করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) মাহমুদা সুলতানা। দেশ টিভি, ১৯ সেপ্টেম্বর ২০২৫

**৬১. শার্শায় পেট্রোল পাম্প দখলচেষ্টার অভিযোগ, বিএনপির সেই নেতা বহিষ্কার**



যশোরের শার্শা উপজেলার বাগআঁচড়ায় একটি পেট্রোল পাম্প জোরপূর্বক দখলচেষ্টার অভিযোগে ইউনিয়ন বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক আনোয়ার হোসেনকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়াও তার সঙ্গে দলের কোনো পর্যায়ের নেতাকর্মীর সম্পর্ক না রাখার নির্দেশও দেয়া হয়েছে। সোমবার (২২ সেপ্টেম্বর) রাতে জেলা বিএনপির সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন খোকনের সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন। যমুনা টিভি, ২২ সেপ্টেম্বর ২০২৫

**৬২. রাজশাহীতে বিদ্যালয়ের মাঠ দখল করে বিএনপি নেতার কাঠের ব্যবসা**

রাজশাহীর চারঘাটে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ দখল করে স্থানীয়

এক বিএনপি নেতা কাঠ বেচাকেনার ব্যবসা করছেন। ওই নেতার নাম ইদ্রিস আলী (৫০)। তিনি পুঠিমারী ওয়ার্ড বিএনপির সদস্য। প্রথম আলো, ২৩ সেপ্টেম্বর ২০২৫

**৬৩. পাউবোর জমি দখল করে বিএনপি নেতাদের বহুতল ভবন-দোকানঘর**

বরিশালের উজিরপুরে পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) কোটি টাকার জমি দখল করে বিক্রি করার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপির নেতাদের বিরুদ্ধে। উপজেলার হারতা ইউনিয়নের জামবাড়ি বাজার থেকে হারতা বাজার পর্যন্ত রাস্তার বিভিন্ন পাশে চলছে এই দখলবাজি। এলাকাবাসী জানান, দখল করা জমিতে সম্প্রতি বহুতল ভবন নির্মাণ শুরু করেন ইউনিয়ন বিএনপির সহসভাপতি আজিজুল সরদার। তিনি ইতালি থাকেন। তার স্বজনরা ক্রয়সূত্রে জমির মালিকানা দাবি করছেন। ইউনিয়ন বিএনপির সভাপতিসহ আরও কয়েকজন দোকান তৈরি করেছেন। জাগো নিউজ, ১৪ অক্টোবর ২০২৫

**৬৪. দোকান লুটপাট ও অগ্নিসংযোগের অভিযোগে বিএনপির ৬ নেতা জেলহাজতে**



বরগুনায় ব্যবসায়ীর দোকান লুটপাট ও অগ্নিসংযোগের অভিযোগে বিএনপির ছয় নেতাকর্মীকে জেলহাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। রবিবার (১৯ অক্টোবর) বরগুনার দ্রুত বিচার আদালতের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহ এই আদেশ দেন। জেলহাজতে পাঠানো আসামিরা হলেন বরগুনা সদর উপজেলার এম বালিয়াতলী ইউনিয়ন যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মো: হায়াত মাহমুদ মিল্টন, এম বালিয়াতলী ইউনিয়ন বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক মো: সোলায়মান কবির ইউনুচ, ইউনিয়ন যুবদলের নেতা মো: শফিকুল ইসলাম ওরফে জামাল মল্লিক, জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক ও এম বালিয়াতলী ইউনিয়ন পরিষদের সদস্য এমদাদুল হক মিলন, এম বালিয়াতলী ইউনিয়ন পরিষদের সদস্য ও ইউনিয়ন বিএনপির সদস্যসচিব মো: আকতারুল হক ও মো: শাহজাহান মুন্সী। কালের কণ্ঠ, ১৯ অক্টোবর ২০২৫

**৬৫. সিরাজগঞ্জে সোলার প্লান্ট লুট: বিএনপি নেতার ভাতিজাসহ আট যুবকের বিরুদ্ধে অভিযোগ**

সিরাজগঞ্জ সদর উপজেলার সয়দাবাদে যমুনা নদীর তীরে নির্মিত সোলার পাওয়ার প্লান্ট থেকে ১ কোটি টাকার তামা ও আনুষঙ্গিক মালামাল লুটের অভিযোগ



উঠেছে। ঘটনায় স্থানীয় বিএনপি নেতা রফিক সরকারের দুই ভাতিজা পারভেজ হোসেন পার্থ ও পলাশসহ মোট ৮ জনের নাম উল্লেখ করা হয়েছে। অভিযোগে যাদের নাম উল্লেখ করা হয়েছে তারা হলেন: পারভেজ হোসেন পার্থ, পলাশ, মো: কালাম, নোমান, রুহুল আলী, রুবেল আলী, খলিল আলী ও সাইদুল ইসলাম। বাংলা এডিশন, ১৯ অক্টোবর ২০২৫

**৬৬. চরফ্যাশনে শিশুদের মক্তব ঘর দখল করে বিএনপি কার্যালয়**

ভোলার চরফ্যাশনে বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে শিশুদের মক্তব দখল করে রাজনৈতিক কার্যালয় হিসেবে ব্যবহার করার অভিযোগ উঠেছে। উপজেলার চর কুকরি-মুকরি ইউনিয়নের আমিনপুর গ্রামে ওই মক্তব ঘরের অবস্থান। মসজিদ কমিটির সভাপতি আবু তাহের বলেন, 'ঘরটি শিশুদের ধর্মীয় শিক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। কিছুদিন আগে কয়েকজন এসে ঘরটি দখল করে নেন। এখন আমরা বাধ্য হয়ে মসজিদের ভেতরে সকালে মক্তবের পাঠদান চালাচ্ছি। আমরা চাই, ঘরটি পুনরায় শিশুদের কুরআন শিক্ষার জন্য উন্মুক্ত করা হোক।' প্রথম আলো, ১৯ অক্টোবর ২০২৫

**৬৭. বালু লুটের অভিযোগ দুই বিএনপি নেতার বিরুদ্ধে**

ভারতের ত্রিপুরা রাজ্যের উজান থেকে নেমে আসা ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ার হাওড়া নদী থেকে একাধিক ড্রেজার দিয়ে বালু ও মাটি লুটের অভিযোগ উঠেছে উপজেলা কৃষক দল ও শ্রমিক দলের দুই নেতার বিরুদ্ধে। বিক্ষুব্ধ এলাকাবাসীর পক্ষে বিএনপিরই আরেক নেতা নিয়মবহির্ভূতভাবে বালু ও মাটি উত্তোলন বন্ধের দাবিতে ২০ অক্টোবর সংবাদ সম্মেলন করেছেন। বলা হয়,আখাউড়া উপজেলা কৃষক দলের সদস্য সচিব বাহাদুর হোসেন তিতাস, উপজেলা শ্রমিক দলের সদস্যসচিব ওমর ফারুক মিয়াসহ একটি প্রভাবশালী চক্র একাধিক ড্রেজার ব্যবহার করে মালিকানাধীন জমির মাটিসহ হাওড়া নদীর বালু ও মাটি লুট করে নিয়ে যাচ্ছে। যুগান্তর, ২১ অক্টোবর ২০২৫

**৬৮. ভাড়ায় জমি দখল করতে যাওয়া ২ যুবদল নেতা বহিষ্কার**



কুড়িগ্রামের রৌমারী উপজেলায় ভাড়াটে হয়ে জমি দখল করতে যাওয়ার অভিযোগে যাদুরচর ইউনিয়ন যুবদলের যুগ্ম আহ্বায়ক শাহ জালাল সোহান ও সদস্য নাজমুল হোসেন ওরফে

টাইগারকে প্রাথমিকভাবে দল থেকে বহিষ্কার করেছে জেলা যুবদল। স্থানীয়দের অভিযোগ, গত বছর ৫ আগস্টের পর থেকে যুবদলের বহিষ্কৃত এই দুই নেতা এলাকায় বিভিন্ন অপরাধমূলক কাজ করছিলেন। এলাকায় জমি দখল করা হয়ে উঠেছিল তাদের পেশা। তারা মাদক চোরাকারবারের সঙ্গেও জড়িয়ে গেছেন। ডেইলি স্টার, ২৩ অক্টোবর ২০২৫

**৬৯. মাছ চাষে যুবদল নেতার দখলকাণ্ড**

ফরিদপুরের বোয়ালমারীতে সরকারি খাল দখল করে মাছ চাষের অভিযোগ উঠেছে উপজেলা যুবদলের সাবেক সহসভাপতি সৈয়দ টুটুল হোসেনের বিরুদ্ধে। এই প্রভাবশালী যুবদল নেতা খালটির এক কিলোমিটারের বেশি অংশ দখল করে রাখায় পার্শ্ববর্তী ফসলের জমি জলমগ্ন হয়ে ব্যাপক ক্ষতির মুখে পড়েছে কৃষকরা। জাগো নিউজ, ২৫ অক্টোবর ২০২৫

**৭০. ফরিদপুরে ছাত্রদল নেতার নেতৃত্বে হামলা লুটপাট**

ফরিদপুরে ছাত্রদল নেতা সোহেল মুন্সির নেতৃত্বে বিধবার বাড়িতে হামলা চালিয়ে অর্থ ও স্বর্ণ লুটের অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে কোতোয়ালি থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন ভুক্তভোগী। গত শুক্রবার বিকেলে ফরিদপুর সদরের কানাইপুর ইউনিয়নের কাশিমাবাদ এলাকার মৃত চান মিয়ার বাড়িতে এ হামলা চালানো হয়। এ সময় তাঁর স্ত্রী রাশিদা বেগমের ভারতে গিয়ে চিকিৎসার জন্য জমানো আড়াই লাখ টাকা ও তাঁর মেয়ের গলা থেকে স্বর্ণের চেইন লুট করা হয়। একই সঙ্গে বাড়িতে ভাঙচুর ও পরিবারের সদস্যদের পিটিয়ে আহত করে তারা। সমকাল, ২৫ অক্টোবর ২০২৫

**৭১. যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী পালনের নামে ব্যবসায়ীর ৫ লাখ টাকা লুট**

ঈশ্বরদীতে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী পালনের নামে চাঁদা না পেয়ে লোহা ব্যবসায়ী পিতা-পুত্রের ওপর হামলা চালিয়ে দোকানের ক্যাশ থেকে প্রায় ৫ লক্ষ টাকা লুটের অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় ব্যবসায়ী মাথা ৩ জনকে নামীয় এবং অজ্ঞাত ৫/৭ জনকে আসামি করে ঈশ্বরদী থানায় একটি মামলা দায়ের করেছেন। মামলার এজাহার সূত্রে ব্যবসায়ী অভিযোগ করে বলেন, 'রাতে নিজেদের দোকানে ব্যবসায়িক কাজে ব্যস্ত ছিলেন তিনি এবং তার ছেলে আকাশ। এ সময় ঈশ্বরদী পৌর ৯নং ওয়ার্ড যুবদলের সহ-সভাপতি তারেক হোসেন, যুবদল কর্মী শাহিন, নাসিরসহ আরও ৫/৭ অজ্ঞাত ব্যক্তি দোকানে এসে চাঁদা দাবি করে। চাঁদা দিতে অস্বীকৃতি জানালে তাদের সঙ্গে বাগবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে আসামিরা দোকানে প্রবেশ করে আমার এবং আমার ছেলের ওপর হামলা চালায় এবং দোকানের ক্যাশ থেকে নগদ ৫ লক্ষ ৩০ হাজার টাকা লুট করে পালিয়ে যায়।' আমার দেশ, ২৭ অক্টোবর ২০২৫

**৭২. পলাতক আ. লীগ নেতার জায়গা দখলের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে**

ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে পলাতক আওয়ামী লীগ নেতা সালাহউদ্দিনের ইজারা নেওয়া জায়গা দখল করার অভিযোগ উঠেছে সফিকুল ইসলাম নামে এক বিএনপি নেতার বিরুদ্ধে। এ ঘটনায় সালাহউদ্দিনের স্ত্রী মনোয়ারা বেগম জেলা প্রশাসক, পুলিশ সুপার ও আশুগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করেছেন। অভিযুক্ত বিএনপির নেতা সফিকুল ইসলাম ওরফে ছোট আবু উপজেলার চরচারতলা গ্রামের বাসিন্দা এবং উপজেলা আশুগঞ্জ বন্দর বিএনপির সহ-সভাপতি পদে রয়েছেন। জাগো নিউজ, ২৮ অক্টোবর ২০২৫

**৭৩. স্কুলমাঠ দখল করে বিএনপি নেতার ৮ দোকান**

পাশাপাশি দুটি শিক্ষাপ্রতিষ্ঠান। একটি শেখ মেহের উল্লাহ্ স্মৃতি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও অন্যটি চর সাহাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। এ দুটি প্রতিষ্ঠানে পাঁচ শতাধিক শিক্ষার্থী পড়ালেখা করে। তাদের জন্য খেলার মাঠ একটি। সেই মাঠ ও স্কুলের জায়গা দখল করে ৮-৯টি দোকান নির্মাণের অভিযোগ উঠেছে স্থানীয় ইউপি সদস্য সাহাপুর ইউনিয়ন বিএনপির সিনিয়র সহসভাপতি সাজেদুল ইসলাম ও তাঁর সহযোগীদের বিরুদ্ধে। দোকানগুলো থেকে তিনি নিয়মিত চার হাজার থেকে পাঁচ হাজার টাকা ভাড়াও নিচ্ছেন। সমকাল, ১ নভেম্বর ২০২৫

**৭৪. বিএনপি কার্যালয়ের সাইনবোর্ড টাঙিয়ে জমি দখলের অভিযোগ**




পিরোজপুরে ওয়ার্ড বিএনপির কার্যালয়ের সাইনবোর্ড টাঙিয়ে এক প্রবাসী ও তার স্ত্রীর সম্পত্তি দখলের অভিযোগ উঠেছে সিদ্দিকুর রহমান হাওলাদার নামের এক ওয়ার্ড বিএনপি নেতার বিরুদ্ধে। পিরোজপুর সদর উপজেলার কলাখালী ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডে জমি দখলের এ ঘটনা ঘটে। এ বিষয়ে ইউনিয়ন বিএনপির সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য নেতাকর্মীদের অবহিত করা হলেও ভুক্তভোগী কোনো প্রতিকার পাননি বলে অভিযোগ। প্রবাসীর মেজ ভাই তোবারেক কাজী জানান, এক মাস আগে স্কটল্যান্ড প্রবাসী বড় ভাই কাজী বাহাদুর ও তার স্ত্রী নুসরাত জাহানের নামে কলাখালী ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডে ৪৩ শতক ডোবা ও পতিত জমি ক্রয় করা হয়। রূপালী বাংলাদেশ, ৪ নভেম্বর ২০২৫

**৭৫. বিএনপি নেতার বিরুদ্ধে সাইনবোর্ড লাগিয়ে কবরস্থানের জমি দখল**

বরিশালের বাকেরগঞ্জ উপজেলার মকিমাবাদ গ্রামে চরাদি ইউনিয়ন বিএনপির

সাধারণ সম্পাদক জাকির হোসেন ডাকুয়া পুরনো কবরস্থানের জমি দখলের অভিযোগ উঠেছে। আমার দেশ, ৬ নভেম্বর ২০২৫

**৭৬. সরকারি চাল আত্মসাৎ করায় যুবদল নেতা গ্রেফতার**



কিশোরগঞ্জের ইটনা উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচির চাল আত্মসাতের মামলায় যুবদল নেতা দেলোয়ার হোসেনকে (৩২) গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (৫ নভেম্বর) বিকেল ৩টার দিকে উপজেলা পরিষদের সামনের রাস্তা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার দেলোয়ার হোসেন ইটনা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক এবং উপজেলার মৃগা ইউনিয়নের খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার জানু মিয়ার ছেলে। জাগো নিউজ, ৬ নভেম্বর ২০২৫

**৭৭. ২০ কিলোমিটারজুড়ে যুবদল-ছাত্রদলের বালুখেকোদের রাজত্ব**

চট্টগ্রামের সীতাকুণ্ডে সমুদ্র উপকূলের অন্তত ২০ কিলোমিটার এলাকাজুড়ে বালুখেকোদের রাজত্ব চলছে। অবৈধভাবে ২৫ থেকে ৩০টি ড্রেজার লাগিয়ে তারা সলিমপুর থেকে বাড়বকুণ্ড পর্যন্ত এলাকায় দিন-রাত বালু উত্তোলন করছে। একসময় এককভাবে যুবলীগের চিহ্নিত লোকজন এই ব্যবসা নিয়ন্ত্রণ করলেও এখন যুবদল-ছাত্রদলের কতিপয় নেতাকে যুক্ত করে সিন্ডিকেটকে আরও শক্তিশালী করা হয়েছে। নয়ন, রাজিব, সেলিম, আনিস টিটু, নুরুদ্দিন, শাহাদাৎ, সাদ্দামসহ ৮-১০ জনের পৃথক সিন্ডিকেট রয়েছে। এভাবে বালু উত্তোলনের কারণে পরিবেশের ব্যাপক ক্ষতি হওয়ার আশঙ্কা প্রকাশ করেছেন পরিবেশবিদরা। যুগান্তর, ২০ নভেম্বর ২০২৫

**৭৮. খালের পাড় কেটে ইটভাটায় মাটি বিক্রি বিএনপি নেতার**

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার চাঁদপুর ইউনিয়নের বরইচারা এলাকায় পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) খালপাড়ের মাটি অবৈধভাবে কেটে ইটভাটায় বিক্রির অভিযোগ উঠেছে। দুই-তিন দিন ধরে চলছে মাটি কাটার কাজ। এতে হুমকিতে পড়েছে কৃষিজমি ও চলাচলের রাস্তা। স্থানীয়দের অভিযোগ, চাঁদপুর ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আনিসুর রহমান অবৈধভাবে খালের মাটি কাটছেন। প্রতিদিন ৫০ থেকে ৬০ গাড়ি মাটি বিভিন্ন ইটভাটায় বিক্রি করছেন তিনি। সমকাল, ২৪ নভেম্বর ২০২৫

**৭৯. ৫০ হাজার টাকা চাঁদা না পেয়ে ১০ লাখ টাকার মাছ লুট যুবদল নেতার**

মৌলভীবাজারের শ্রীমঙ্গলে জলমহাল থেকে ৫০ হাজার টাকা চাঁদা না পেয়ে ১০ লাখ টাকার মাছ লুটের অভিযোগ উঠেছে এক যুবদল নেতার বিরুদ্ধে। সোমবার সকাল ৯টার দিকে ভুনবীর ইউনিয়নের শাসন লতুয়া খালকাটা বিলে এ



ঘটনা ঘটে। এ ঘটনায় ২ নম্বর ভুনবীর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মো: আব্দুল আহাদসহ ১৫ জনকে আসামি করে রাত ১০টায় শ্রীমঙ্গল থানায় লিখিত অভিযোগ করেন মৎস্যজীবী সমবায় সমিতির সম্পাদক ও আলীসারকুলের বাসিন্দা সুজিত সরকার। অভিযোগে বলা হয়েছে, যুবদল নেতা মো: আব্দুল আহাদ দীর্ঘদিন ধরে জলমহাল ইজারাদার সমিতির কাছে ৫০ হাজার টাকা চাঁদা দাবি করে আসছিলেন। সমিতি চাঁদা দিতে অস্বীকৃতি জানালে গত ৩০ নভেম্বর রাত ১০ টায় আব্দুল আহাদ মাইকিং করে জলমহালের ইজারা 'অবৈধ' বলে প্রচার করেন। বার্তা বাজার, ২ ডিসেম্বর ২০২৫

### ৮০. চাঁদা না পেয়ে জমি দখলের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে



মানিকগঞ্জের সিংগাইরে চাঁদা না দেওয়ায় মামলা ও জমি দখলের অভিযোগ উঠেছে ইউনিয়ন বিএনপির এক নেতার বিরুদ্ধে। সিংগাইর উপজেলার তালেবপুর ইউনিয়ন বিএনপির নেতা আব্দুল হাইয়ের বিরুদ্ধে এ অভিযোগ করেছেন একই ইউনিয়নের কাংশা গ্রামের শেখ গেদু মিয়ার ছেলে ভুক্তভোগী প্রবাসী লাভলু মিয়া। ৫ আগস্ট ফ্যাসিস্ট সরকার পালিয়ে যাওয়ার পর ভুক্তভোগী প্রবাসী লাভলু মিয়ার কাছে ৫ লাখ টাকা চাঁদা দাবি করেন আব্দুল হাই। টাকা দিতে অস্বীকার করায় তাকে ২০১৩ সালের হত্যা মামলায় ফাঁসিয়ে আসামি করা হয়। মামলায় কারাবরণ করে জামিনে এলেও তার স্বস্তি নেই। আব্দুল হাই দলবল নিয়ে বিনোদপুর বড় খণ্ড মৌজার আরএস ৫৩০২, ৫৩০৩, ৫৪৫৯ সহ কয়েকটি দাগের ২৬ শতাংশ জমি জোর করে খুঁটি পুঁতে দখলের চেষ্টা করেন। বার্তা বাজার, ৩ ডিসেম্বর ২০২৫

## ছাত্রদল-যুবদল-বিএনপির লুটপাট ও দখলদারিত্বের আরও খবর:

- বিএনপি নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ, সমকাল, ১৮ অক্টোবর ২০২৪
- খাল দখল নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, আহত ৫, ইত্তেফাক, ৮ ডিসেম্বর ২০২৪
- বিএনপি নেতার বিরুদ্ধে মেঘনার তীর দখলের অভিযোগ, হুমকিতে আশুগঞ্জ পাওয়ার স্টেশন, দেশ রূপান্তর, ১০ ডিসেম্বর ২০২৪
- চর দখল নিয়ে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, দেশ রূপান্তর, ২৮ ডিসেম্বর ২০২৪
- রাঙ্গাবালীতে যুবদল নেতা মো: রুমানের দখল তাণ্ডবে অতিষ্ঠ এলাকাবাসী, ঢাকা মেইল, ২৪ অক্টোবর ২০২৫

- বরিশালে আওয়ামী লীগের 'সাম্রাজ্য' বিএনপির দখলে, প্রথম আলো, ২২ আগস্ট ২০২৪
- পিরোজপুরে নাজিরপুরের আতঙ্ক বিএনপি নেতা মাসুম মিনা, কালের কণ্ঠ, ১২ জানুয়ারি ২০২৫
- বরিশালের বাবুগঞ্জ উপজেলায় জেলেদের আট গরু লুট বিএনপি নেতাকর্মীর, সমকাল, ৫ মার্চ ২০২৫
- সুনামগঞ্জের শান্তিগঞ্জে প্রতিপক্ষের কাঁচা ধান কেটে নিলেন বিএনপি নেতা!, কালবেলা, ১২ মার্চ ২০২৫
- হাসপাতাল দখল নিয়ে বিএনপির দুপক্ষে দ্বন্দ্বঃ চাকরিচ্যুত ১, বরখাস্ত ৪, সমকাল, ১৫ মার্চ, ২০২৫
- কৃষকদল নেতার বিরুদ্ধে খালপাড়ের মাটি কেটে বিক্রির অভিযোগ, জাগো নিউজ, ৬ এপ্রিল ২০২৫
- দুদকের অনুসন্ধানঃ পাথর লুটে জড়িত ৪২ নেতা-ব্যবসায়ী, বিএনপির ২১ জন, ভাগ পেতেন ডিসি-এসপি; প্রথম আলো, ২২ আগস্ট ২০২৫
- বিএনপি নেতার বিরুদ্ধে অর্ধকোটি টাকা লোপাটের অভিযোগ, আমার দেশ, ১৭ আগস্ট ২০২৫
- পদ্মায় মাছ-বালু লুট ও চাঁদাবাজিকে কেন্দ্র করে সংঘর্ষ, গুলিবিদ্ধ ৯, জাগো নিউজ, ৯ অক্টোবর ২০২৫
- বিএনপি-আওয়ামী যোগসাজশে এবার 'মব করে' বালু লুট, যুগান্তর, ১৬ অক্টোবর ২০২৫
- রাঙ্গাবালীতে যুবদল নেতার দখল-চাঁদাবাজি তাণ্ডবে অতিষ্ঠ এলাকাবাসী, ঢাকা মেইল, ২৪ অক্টোবর ২০২৫
- দিনাজপুরে সংখ্যালঘু পরিবারের ধান কেটে নেওয়ার অভিযোগ বিএনপির নেতার বিরুদ্ধে, আজাদির ডাক, ১৬ নভেম্বর ২০২৫
- বিএনপি নেতার নেতৃত্বে উজাড় সন্দ্বীপ উপকূলীয় বনাঞ্চল, আমার দেশ, ২৫ নভেম্বর ২০২৫
- নেত্রকোনায় সরকারি ৩১টি গাছ কাটায় বিএনপি নেতার নামে মামলা, প্রথম আলো, ২৫নভেম্বর ২০২৫
- কিশোরগঞ্জে বিএনপি নেতার বিরুদ্ধে কৃষকের সেচ প্রকল্প দখলের অভিযোগ, সময় টিভি, ২৯ নভেম্বর ২০২৫

- পাবনায় জামায়াতের প্রচারণায় হামলার পর লুট করা সেই ৯ মোটরসাইকেল বিএনপি নেতার বাড়ি থেকে উদ্ধার, ডেইলি ক্যাম্পাস, ৩০ নভেম্বর ২০২৫
- নওগাঁয় বিএনপি নেতার গুদামে মিলল অবৈধ মজুতের ১৪৯ বস্তা সার, দেশ টিভি, ৪ ডিসেম্বর ২০২৫
- বিএনপি-আ.লীগ ভাগাভাগি করে কাটছে পাহাড়, যুগান্তর, ৪ডিসেম্বর ২০২৫
- ১১ লাখ টাকা নিয়েও পদ না দেওয়ার অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে, আমার দেশ, ৫ডিসেম্বর ২০২৫
- প্রকাশ্যে নদী থেকে মাটি লুট করে নিয়ে যাচ্ছেন বিএনপি নেতা মাহফুজ, বার্তা বাজার, ৭ডিসেম্বর ২০২৫
- বিএনপি নেতার বিরুদ্ধে জমিসহ দোকান দখলের অভিযোগ, ঢাকা পোস্ট, ৮ ডিসেম্বর ২০২৫
- নওগাঁয় আ. লীগ নেতার ইটভাটা দখলের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে, ডিবিসি নিউজ, ১০ ডিসেম্বর ২০২৫
- আশুলিয়ায় বিএনপি নেতা বাছেদ দেওয়ানের ভয়ে মুখ খুলতে নারাজ স্থানীয়রা, ইনকিলাব, ১৫ ডিসেম্বর ২০২৫
- বিক্রি নিষিদ্ধ সরকারি ওষুধ নিয়ে রামেক ছাত্রদলের মেডিকেল ক্যাম্প, তদন্তে কমিটি, ডেইলি ক্যাম্পাস, ১৫ ডিসেম্বর ২০২৫

# ছবিতে ছাত্রদল-যুবদল-বিএনপির লুটপাট ও দখলদারিত্ব







(বাঁয়ে) রাজধানীর নীলক্ষেতের কাঁটাবনে বিএনপি নেতা ব্যারিস্টার অসীমের বিরুদ্ধে একটি প্লট দখলের অভিযোগ করেছেন পারভীন আক্তার নামে এক নারী ও তার পরিবার। সমকাল, ১৮ অক্টোবর ২০২৪। (ডানে) চাঁদা না পেয়ে হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট করে নিয়ে যাওয়ার অভিযোগে পৌর ছাত্রদলের আহ্বায়ক জুনু খান মিলকীসহ দুই যুবককে আটক করে সেনাবাহিনী। জনকণ্ঠ, ২২ অক্টোবর ২০২৪






(বাঁয়ে) রাতের আঁধারে জোরপূর্বক দখলীয় জমির পাকা ধান বিএনপি নেতা ডালিম হাওলাদার ও তার সহযোগীরা কেটে নিয়েছে অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করেন শিক্ষক মনিরুজ্জামান বাবুল হাওলাদার। যুগান্তর, ২৪ ডিসেম্বর ২০২৪। (ডানে) নাটোরের গুরুদাসপুরের সোনাবাজু বাজারে সরকারি জায়গা দখল করে অবৈধভাবে আরসিসি স্থাপনা নির্মাণ করছেন মিজানুর সরদার নামের এক বিএনপি নেতা। কালের কণ্ঠ, ১লা জানুয়ারি ২০২৫







(বাঁয়ে) কুষ্টিয়া জেলা বিএনপির আহ্বায়ক কুতুব উদ্দিন আহমেদ ও সদস্যসচিব প্রকৌশলী জাকির হোসেন সরকারের বিরুদ্ধে দখল বাণিজ্যের অভিযোগ তুলেছেন বিএনপির ত্যাগী নেতাকর্মীরা। প্রথম আলো, ৫ ফেব্রুয়ারি ২০২৫। (ডানে) বরিশালের উজিরপুরে চাঁদা না পেয়ে বিএনপির ব্যানার টাঙিয়ে সাংবাদিক মো: মাহফুজুর রহমান

মাসুমের দোকান দখলকরেছে উপজেলা যুবদলের দুই যুগ্ম-আহ্বায়ক মোঃ জালিস মাহমুদ মৃধা ও রুহুল কুদ্দুস হাওলাদার। বিডিনিউজ২৪, ৯ মার্চ, ২০২৫







(বাঁয়ে) কুয়াকাটা পৌর বিএনপির দপ্তর সম্পাদকের বিরুদ্ধে দলটির নাম ভাঙিয়ে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের জমিতে সাইনবোর্ড-পিলার বসিয়ে জমি দখল ও বাণিজ্যের অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করেন কুয়াকাটা পৌর বিএনপির সভাপতি আব্দুল আজিজ মুসুল্লি। সমকাল, ১৩ মার্চ, ২০২৫। (ডানে) রাজধানীর উত্তরা আধুনিক মেডিকেল কলেজ ও হাসপাতাল দখল করার ঘটনায় বিএনপিপন্থী ডাক্তার-কর্মকর্তা জড়িত থাকার অভিযোগকরেন চাকরিচ্যুত চিকিৎসকবৃন্দ। সমকাল, ১৫ মার্চ ২০২৫





(বাঁয়ে) গাজীপুরে চান্দনা ডাকঘর দখল করে স্বেচ্ছাসেবক ও যুবদলের কার্যালয় বানানো হয়। পরে উচ্ছেদ অভিযান চালিয়েছে গাজীপুর সিটি করপোরেশন। সময় টিভি, ১৩ মে ২০২৫। (ডানে) সিরাজগঞ্জ সদর ও রায়গঞ্জ উপজেলায় অভিযান চালিয়ে হতদরিদ্রদের জন্য বরাদ্দ করা ৭১ টন সরকারি চাল জব্দের ঘটনায় ছাত্রদলের ৭ নেতাকর্মী গ্রেপ্তার। ইত্তেফাক, ৩১ মে ২০২৫




রাজশাহীর বাঘায় বাউসা ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ রেজাউল করিমের বিরুদ্ধে সাইনবোর্ড টাঙিয়ে জবরদখল করে জমির গাছপালা-ফসলাদি কেটে বিক্রিসহ প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করেন ভুক্তভোগী আসলাম হোসেন। কালের কণ্ঠ, ১৫ জুন ২০২৫।



নেত্রকোনার কেন্দুয়ায় যৌথবাহিনীর অভিযানে পৌর বিএনপির সভাপতি খোকন আহমেদের গুদাম থেকে ৩০০ বস্তা সরকারি চাল উদ্ধার হয়েছে। আমার দেশ, ২১ জুন ২০২৫



রাজশাহী বিশ্ববিদ্যালয় রেল স্টেশনের কক্ষ দখল করে ‘পার্টি অফিস’ বানিয়েছেন মতিহার থানার সভাপতি মো: একরাম আলী। ঢাকা পোস্ট, ১৫ জুলাই ২০২৫।




শরীয়তপুরের জাজিরা উপজেলায় ব্যবসায়ী সোবহান মাদবর উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি সুরুজ মাদবরের বিরুদ্ধে দোকানের মালামাল লুট করে ঘর দখলের অভিযোগ তুলে মানববন্ধন করেন। ঢাকা পোস্ট, ৮ ডিসেম্বর ২০২৫।




সিংড়ায় ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি আবদুল জলিল মাস্টারের বিরুদ্ধে খাল দখলের অভিযোগ এনে মানববন্ধন করেছেন স্থানীয় কৃষকরা। বার্তা বাজার, ১৩ অক্টোবর ২০২৫

## ▪ চুরি-ডাকাতি-ছিনতাই

বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে চুরি, ডাকাতি ও ছিনতাইয়ের অভিযোগ দেশজুড়ে উদ্বেগজনকভাবে বেড়েছে। জুলাই বিপ্লবের পর গ্রাম থেকে শহর–গরু, ছাগল, ধান, মোটরসাইকেল, অটোরিকশা, সরকারি চাল থেকে শুরু করে বড় অঙ্কের অর্থ ও মূল্যবান সামগ্রী লুটের ঘটনায় দলীয় পরিচয়ধারীদের নাম উঠে আসছে বারবার। কোথাও গণপিটুনি, কোথাও গ্রেপ্তার ও বহিষ্কারের ঘটনা–তবুও অপরাধের ধারাবাহিকতা থামছে না। এসব ঘটনা কেবল আইনশৃঙ্খলার প্রশ্নই নয়, বিএনপি যে রাজনীতিক ও সাংগঠনিকভাবে অনৈতিক একটি দল সে বিষয়েও গুরুতর প্রশ্ন উঠছে। বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে চুরি, ডাকাতি ও ছিনতাইয়ের কিছু উল্লেখযোগ্য খবর তুলে ধরা হলো;

### ১. মীরসরাইয়ে ডাকাত সন্দেহে গণপিটুনি, বিএনপি নেতার মৃত্যু



মীরসরাইয়ে গণপিটুনিতে মো: রফিক নামের এক বিএনপি নেতার মৃত্যু হয়েছে। রফিক উপজেলার সাহেরখালী ইউনিয়নের কাজীর তালুক এলাকার মৃত তাজুল ইসলামের ছেলে। সাবেক ইউপি সদস্য মো: রফিক সাহেরখালী ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক ছিলেন। শনিবার (৩১ আগস্ট) মধ্যরাতে মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে একটি বৈদ্যুতিক সরঞ্জাম তৈরির নির্মাণাধীন একটি কারখানার সামনে এ ঘটনা ঘটে। ডাকাত সন্দেহে স্থানীয় লোকজন ওই বিএনপি নেতা ও তার সহযোগীদের আটক করে গণপিটুনি দেন বলে জানা গেছে। প্রথম আলো, ১লা সেপ্টেম্বর ২০২৪

### ২. কলাপাড়ায় সংখ্যালঘুর গরু চুরি করলো বিএনপি কর্মীরা, কল রেকর্ড ফাঁস



পটুয়াখালীর কলাপাড়া উপজেলার নীলগঞ্জ ইউনিয়নে কতিপয় বিএনপি কর্মীদের বিরুদ্ধে গরু চুরিসহ নানা রকম সমাজ বিরোধী অভিযোগ উঠেছে। এলাকা সূত্রে জানা যায় নীলগঞ্জ ইউনিয়ন বিএনপির কিছু সমর্থক সনাতন ধর্মের এক ব্যক্তির দুটি গরু চুরি করে নিয়ে যায় ।চুরির সাথে সম্পৃক্ত ব্যক্তিদের মধ্যে কথোপকথনের এমন একটি কল-রেকর্ড ফাঁস হয়েছে ।গত ৫ আগস্ট আওয়ামী সরকার প্রধান দেশত্যাগ করলে এলাকায় লুটপাট ,চুরি, ডাকাতি ,মারামারি শুরু করে দূর্বত্তরা। আর এদের

কার্যক্রমের আড়াল থেকে উৎসাহ দিচ্ছেন ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম (জহির) ও ইউনিয়ন বিএনপি'র যুগ্ম-সাধারণ সম্পাদক ফজলুল হক মৃধা এমন অভিযোগ ভুক্তভোগীদের। মূলত এই দুই জনের ছত্রছায়ায় থেকেকেই দূর্বৃত্তায়নকারী- খলিল হাওলাদার, সাইফুল মোল্লা, আলামিন ফকির, সোহেল হাওলাদও, মাসুম হাওলাদার, রুবেল হাওলাদার, সাত্তার ফরাজি নামক চক্রটি তাদের কর্মকাণ্ড করছে। ইটিসি নিউজ, ১৬ সেপ্টেম্বর ২০২৪

**৩. কৃষকের ধান কেটে নেওয়ার অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে**

পটুয়াখালী সদর উপজেলার চর জৈনকাঠী এলাকায় এক দরিদ্র কৃষকের ধান কেটে নেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপির নেতার বিরুদ্ধে। জমির মালিকানা নিয়ে আদালতে চলমান একটি মামলার মাঝে এই ঘটনা ঘটে। বিএনপি নেতা নাসির হোসেন পিন্টু দুই বছরের জন্য ওই জমি লিজ নিয়ে কৃষকের ধান কেটে নিয়ে গেছেন বলে অভিযোগ করেছেন কৃষক সেকান্দার আলী। বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) সকালে পটুয়াখালী প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে তিনি দাবি করেন, তার পরিবার দীর্ঘ প্রজন্ম ধরে ৫৯ শতাংশ জমি ভোগদখল করে আসছে। তবে জমির মালিকানা নিয়ে একটি মামলা চলমান থাকা অবস্থায় ২৩ ডিসেম্বর সোমবার, ৬ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ফয়েজ ভূঁইয়ার নেতৃত্বে ১৫/২০ জন লোক ওই জমির কাঁচা ধান কেটে নিয়ে যান। বাংলা ট্রিবিউন, ২৬ ডিসেম্বর ২০২৪

**৪. গরু চুরি করে ভূরিভোজনের আয়োজন বিএনপি নেতা ও তার স্ত্রীর**

জামালপুরের মাদারগঞ্জে কৃষকের গরু চুরি করে দলীয় নেতাকর্মীদের ভুরিভোজনের আয়োজনের অভিযোগ উঠেছে বিএনপি নেতা ও তার স্ত্রীর বিরুদ্ধে। শনিবার (১১ জানুয়ারি) এ ঘটনায় মামলার পর দুজনকে গ্রেফতার করেছে পুলিশ। অভিযুক্তদের নাম মুহাম্মদ মাহমুদুল হাসান মুক্তা চৌধুরী (৪৮) ও তার স্ত্রী লায়লা খাতুন ইতির (৪০)। মুহাম্মদ মাহমুদুল হাসান মুক্তা চৌধুরী আদারভিটা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ও লায়লা খাতুন ইতি জেলা মহিলা দলের অর্থ ও গবেষণা বিষয়ক সম্পাদক। জাগো নিউজ, ১১ জানুয়ারি ২০২৫

**৫. গরু চুরির দায়ে পদ হারালেন দুই নেতা**

ভোলার চরফ্যাশন উপজেলায় গরু চুরির অভিযোগে স্বেচ্ছাসেবক দলের দুই নেতাকে বহিষ্কার করা হয়েছে। অভিযুক্তরা হলেন উপজেলার আছলামপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব মো: আলী ও ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক মো: জাকির হোসেন। গতকাল শুক্রবার গরুর মালিক

মো: ইয়াছিনের দায়েরকৃত মামলায় আটক জাকির, মো: আলী ও ইসমাইলকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। এর আগে গত বৃহস্পতিবার বিকেলে চোরাই গরুসহ অভিযুক্তদের আটক করে পুলিশে দেয় স্থানীয়রা। কালের কণ্ঠ, ১লা ফেব্রুয়ারি ২০২৫

**৬. ছিনতাইয়ের মালপত্র ফেরত দিতে টালবাহানা ছাত্রদল নেতার**

বরিশালের গৌরনদীতে তারেক আহসান প্যাদা নামে এক ছাত্রদল নেতার নেতৃত্বে এক প্রবাসীর অর্থ ও মালপত্র ছিনতাইয়ের ঘটনা ঘটে। পরে স্থানীয় বিএনপি নেতাদের সালিশে অর্থ ও মালপত্র ফেরত দেওয়ার কথা থাকলেও ওই ছাত্রদল নেতা তা ফেরত দিচ্ছেন না বলে অভিযোগ পাওয়া গেছে। এ নিয়ে এলাকায় ক্ষোভ দেখা দিয়েছে। ভুক্তভোগী আব্বাস সিকদার (৪৫) একজন ওমানপ্রবাসী। তিনি মাদারীপুরের কালকিনি উপজেলার রমজানপুর ইউনিয়নের জজিরা গ্রামের বাসিন্দা। সমকাল, ১৯ ফেব্রুয়ারি ২০২৫

**৭. ফরম পূরণের টাকা আত্মসাতের অভিযোগে শিক্ষার্থীদের হাতে আটক ছাত্রদল নেতা**


ফরম পূরণের টাকা আত্মসাৎ করার অভিযোগে কুড়িগ্রাম সরকারি কলেজ শাখা ছাত্রদলের আহ্বায়ক আসাদুজ্জামান আকাশকে ক্যাম্পাসে আটক করে রেখেছেন শিক্ষার্থীরা। মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) দুপুরের দিকে ভুক্তভোগী শিক্ষার্থীরা তাকে হলের একটি কক্ষে আটক করে রাখে। শিক্ষার্থীদের সূত্রে জানা যায়, কুড়িগ্রাম সরকারি কলেজের বিজয় ২৪ এর আবাসিক শিক্ষার্থীদের কাছ থেকে কম টাকায় অনার্স তৃতীয় বর্ষের ফরম পূরণের জন্য টাকা নেন আকাশ। প্রায় ৯৮ জনের কাছ থেকে ৫ লক্ষ টাকা আত্মসাৎ করেন তিনি। শিক্ষার্থীরা তাকে বিজয় ২৪ হলে আসলে আটকে রাখেন। ডেইলি ক্যাম্পাস, ২৫ ফেব্রুয়ারি ২০২৫

**৮. ব্রিজের রড চুরির অভিযোগ, ৩ নেতাকে বহিষ্কার করল বিএনপি**



পিরোজপুরের নাজিরপুরে ব্রিজের ছাউনি ভেঙে রড চুরি করে নেওয়ার অভিযোগে তিন বিএনপি নেতাকে দলীয় পদ থেকে বহিষ্কার করেছে সংগঠনটি। বুধবার রাতে জেলা বিএনপির সদস্যসচিব গাজী অহিদুজ্জামান লাভলু স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে তাদের ওই বহিষ্কার আদেশ দেওয়া হয়। বহিষ্কৃতরা হলেন– উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও উপজেলার মাটিভাঙা ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি সরদার সাফায়েত হোসেন শাহীন, ওই ইউনিয়ন যুবদলের প্রচার সম্পাদক মো: হেদায়েত খান (৫০) এবং একই ইউনিয়ন ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মো: জাহিদুল ইসলাম (৪৫)। যুগান্তর, ৬ মার্চ ২০২৫

### ৯. ডাকাতির চেষ্টাকালে স্বেচ্ছাসেবক দলের দুই নেতা আটক, একজন বহিষ্কার



পটুয়াখালীর কলাপাড়ায় ডাকাতির চেষ্টাকালে স্বেচ্ছাসেবক দল নেতা মাকসুদ মজুমদার (৩৯) ও তার সহযোগী মনির হোসেনকে (৩৭) আটক করা হয়েছে। রবিবার (৯ মার্চ) দিবাগত রাত ১টার দিকে নীলগঞ্জ ইউনিয়নের নবাবগঞ্জ গ্রামের সরকার বাড়ি থেকে তাদের আটক করে পুলিশ। আটককৃত মাকসুদ মজুমদার কলাপাড়া উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কমিটির সদস্য ও মনির হোসেন নীলগঞ্জ ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক। উভয়েই নীলগঞ্জ ইউনিয়নের বাসিন্দা। বাংলা ট্রিবিউন, ১০ মার্চ ২০২৫

### ১০. পাহারাদারকে হত্যা করে গরু লুট: নেত্রকোণায় যুবদল নেতাসহ গ্রেপ্তার ৩



নেত্রকোণার দুর্গাপুর উপজেলায় একটি খামারের পাহারাদারকে হত্যা করে গরু লুটের ঘটনায় যুবদলের এক নেতাসহ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তবে গ্রেপ্তারের তিন দিন আগেই যুবদলের ওই নেতাকে বহিষ্কার করা হয়েছে। সোমবার বিভিন্নস্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয় বলে জানান নেত্রকোণার পুলিশ সুপার মীর্জা সায়েম মাহমুদ। গ্রেপ্তাররা হলেন- উপজেলার রামবাড়ি গ্রামের শাহাব উদ্দিনের ছেলে দোলন মিয়া (২৮), মহর আলীর ছেলে আব্দুল মান্নান (৪২) এবং আব্দুল কাদেরের ছেলে ও কাকৈরগড়া ইউনিয়ন যুবদলের বহিষ্কৃত সদস্যসচিব আব্দুল আউয়াল (৩২)। বিডিনিউজ২৪, ১১ মার্চ ২০২৫

### ১১. ছাগল চুরি, দুই যুবদল নেতসহ আটক ৫ জন কারাগারে

ভোলার মনপুরায় এক চা দোকানদারের ছাগল চুরির ঘটনায় মামলায় গ্রেফতারকৃত দুই যুবদল নেতাসহ ৫ জনকে আদালতের মাধ্যমে ভোলা জেলহাজতে প্রেরণ করেছে পুলিশ। মঙ্গলবার দুপুর ২টায় মনপুরা সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মো: আল মেহবুব গ্রেফতারকৃতদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানের নির্দেশ দেন। এ ঘটনায় চা দোকানদার সফিজল বাদী হয়ে গ্রেফতারকৃতদের বিরুদ্ধে থানায় মামলা করেন। গ্রেফতারকৃতরা হলেন- উপজেলার দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের যুবদল নেতা হুমায়ন মিঝি ও রিপন সর্দার। অপর আটককৃতরা হলেন- ফিরোজ রাঢ়ী, মনির রাঢ়ী ও রাজিব। যুগান্তর, ১১ মার্চ ২০২৫

**১২. বগুড়ায় বিএনপি নেতার বাড়ি থেকে ১৩ চোরাই গরু উদ্ধার**



স্থানীয় বিএনপি নেতার বাড়ি থেকে ১৩টি চোরাই গরু উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে একজনকে আটক করেছে পুলিশ।বগুড়ার কাহালু উপজেলার কালাই ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক আবদুল গফুর শাহর (৪০) বাড়ি থেকে ১৩টি চোরাই গরু উদ্ধার করেছে পুলিশ। শনিবার রাতে উপজেলার কালাই ইউনিয়নের পীলকুঞ্জ ফকিরপাড়া গ্রামে অভিযান চালিয়ে গরুগুলো উদ্ধার করে নওগাঁ জেলা পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি) ও আত্রাই থানা পুলিশ। উদ্ধার হওয়া গরুগুলোর মধ্যে পাঁচটি গরু আত্রাই উপজেলার নৈদিঘী গ্রামের মোরশেদ আলী শেখের বাড়ি থেকে চুরি করা হয়েছে বলে পুলিশ জানায়। প্রথম আলো, ২৩ মার্চ ২০২৫

**১৩. ছিনতাই মামলায় ছাত্রদল নেতা গ্রেফতার**



ছিনতাই মামলায় বরিশাল মহানগর ছাত্রদলের সহ-সভাপতি মেহেদি হাসান রুবেলকে (৩৫) কারাগারে পাঠিয়েছেন আদালত। সোমবার (২৪ মার্চ) বরিশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলি আদালতের বিচারক নুরুল আমিন তাকে কারাগারে পাঠান। এ তথ্য নিশ্চিত করেছেন সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী আব্দুর রহমান। গ্রেফতার মেহেদি হাসান বরিশাল নগরীর কাশিপুর এলাকার কলস গ্রামের মৃত আবুল খায়েরের ছেলে ও বরিশাল মহানগর ছাত্রদলের সহ-সভাপতি। জাগো নিউজ, ২৫ মার্চ ২০২৫

**১৪. ৩০ বস্তা সরকারি চাল সরাচ্ছিলেন কৃষক নেতা, ধরা পড়ে হলেন বহিষ্কার**

পাবনার ভাঙ্গুড়ায় অষ্টমনিষা ইউনিয়ন কৃষক দল নেতা সেলিম রেজাকে দলীয় শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে জড়িত থাকার স্পষ্ট অভিযোগের ভিত্তিতে বহিষ্কার করা হয়েছে। সোমবার (২১ এপ্রিল) বিকেলে কৃষক দলের উপজেলা শাখার সভাপতি আখিরুজ্জামান মাসুম ও সাধারণ সম্পাদক আব্দুল মালেক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এর আগে অষ্টমনিষা ইউনিয়ন শাখা কৃষক দলের আহবায়ক সেলিম রেজা পার্শ্ববর্তী চাটমোহর উপজেলায় সরকারি ৩০ বস্তা চালসহ আটক হলে তিনি পালিয়ে যান। ডেইলি ক্যাম্পাস, ২২ এপ্রিল ২০২৫

**১৫. অটোরিকশা ছিনতাইয়ের সময় যুবদলকর্মী গ্রেপ্তার, অস্ত্র-বোমা উদ্ধার**

মুন্সীগঞ্জের মুন্সীগঞ্জ-মুন্সীরহাট সড়কের পাঁচঘড়িয়া কান্দি নতুন ব্রিজের ঢালে অটোরিকশা ছিনতাইয়ের সময় বাবু মিজি (৩৬) নামে এক যুবদল কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় তার কাছ থেকে ১টি ধারালো ছোঁড়া, ৪টি



হাত বোমা ও ২টি মোবাইল জব্দ করা হয়। সোমবার দিবাগত রাত ১টার দিকে বাবু মিজিকে গ্রেপ্তার করা হয় বলে জানিয়েছে পুলিশ। গ্রেপ্তার বাবু মিজি সদর উপজেলা যুবদলের সদস্য এবং চরকেওয়ার ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি মনির মিজির ছেলে বলে সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইদুর রহমান ফকির নিশ্চিত করেছেন। সমকাল, ২২ এপ্রিল ২০২৫

**১৬. নাটোরে ব্যবসায়ীকে কুপিয়ে টাকা ছিনতাই, বিএনপির ৩ কর্মী গ্রেপ্তার**



নাটোরের সিংড়া উপজেলায় এক ব্যবসায়ীকে কুপিয়ে ৫ লাখ ৭০ হাজার টাকা ছিনতাইয়ের ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করেছে বাংলাদেশ সেনাবাহিনী। মঙ্গলবার (২২ এপ্রিল) রাত ৯টার দিকে তাদেরকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন- মো: করিম, মো: আলমগীর ও মো: রুবেল। তারা সবাই বিএনপির সক্রিয় কর্মী বলে জানা গেছে। জানা যায়, ভুক্তভোগী ব্যবসায়ী মো: নাইস প্রামাণিক কলম বাজার এলাকায় ব্যবসায়িক কার্যক্রম শেষে বাড়ি ফেরার সময় তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে বিএনপির তিন কর্মী। পরে তারা তার কাছে থাকা ৫ লাখ ৭০ হাজার টাকা ছিনিয়ে নেয়। চ্যানেল ২৪, ২৩ এপ্রিল ২০২৫

**১৭. খুঁটি থেকে চুরি যাওয়া বৈদ্যুতিক তার মিললো যুবদল নেতার বাড়িতে**

নরসিংদী সদর উপজেলার বদরপুর এলাকা থেকে চুরি যাওয়া বৈদ্যুতিক তার উদ্ধার করেছে পুলিশ ও বিদ্যুৎ বিভাগের কর্মকর্তারা। আজ বৃহস্পতিবার দুপুরে উপজেলার হাজীপুর ইউনিয়ন শাখা যুবদলের সদস্যসচিব ও ইউনিয়ন পরিষদের সদস্য ইমান হোসেনের বাড়িতে তারগুলো পাওয়া যায়। স্থানীয় বাসিন্দাদের দেওয়া তথ্যের ভিত্তিতে এদিন বদরপুরে ইমান হোসেনের বাড়ি থেকে ৩১৫ ফুট তার উদ্ধার করা হয়। যার বাজার মূল্য প্রায় ৫০ হাজার টাকা, জানায় সূত্র। ডেইলি স্টার, ২৪ এপ্রিল ২০২৫

**১৮. পর্যটকের টাকা হাতিয়ে নিলেন যুবদল-শ্রমিকদল-মৎস্যজীবী দলের নেতারা**

অভিযুক্ত কুয়াকাটা পৌর শ্রমিক দলের সিনিয়র সহসভাপতি জসিম মৃধা, মৎস্যজীবী দলের সাধারণ সম্পাদক আবু সালেহ ও ৩ নম্বর ওয়ার্ড যুবদলের সভাপতি আবু বকর। পটুয়াখালীর কুয়াকাটায় এক পর্যটককে মারধর করে ২৩ হাজার ৯০০ টাকা ছিনিয়ে নেওয়ার অভিযোগে উঠেছে যুবদল, শ্রমিক দল ও



মৎস্যজীবী দলের নেতাদের বিরুদ্ধে। রোববার (২৭ এপ্রিল) রাতে কুয়াকাটার আবাসিক হোটেল 'আপন ভুবনে' এ ঘটনা ঘটে। অভিযুক্তরা হলেন- কুয়াকাটা পৌর শ্রমিক দলের সিনিয়র সহসভাপতি জসিম মৃধা, মৎস্যজীবী দলের সাধারণ সম্পাদক আবু সালেহ ও ৩ নম্বর ওয়ার্ড যুবদলের সভাপতি আবু বকর। ইত্তেফাক, ২৯ এপ্রিল ২০২৫

**১৯. অটোরিকশা চুরির দায়ে গ্রেপ্তার সেই ছাত্রদল নেতা বহিষ্কার**





দিনাজপুরের ফুলবাড়ী উপজেলায় অটোরিকশা চুরির দায়ে গ্রেপ্তার হওয়া ছাত্রদল নেতা আবুল কাশেম পাপ্পুকে দলীয় পদ থেকে বহিষ্কার করা হয়েছে। আজ রবিবার সকালে ছাত্রদলের দিনাজপুর জেলা শাখার সহ-সাংগঠনিক সম্পাদক ও দপ্তরের চলতি দায়িত্ব ইঞ্জিনিয়ার শাহাজালাল স্বাক্ষরিত এক চিঠিতে এ বহিষ্কার আদেশ দেওয়া হয়। বহিষ্কৃত আবুল কাশেম পাপ্পু ফুলবাড়ী পৌর ছাত্রদলের সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করছিলেন। দেশ রূপান্তর, ১১ মে ২০২৫

**২০. মোটরসাইকেল চুরির অভিযোগে ছাত্রদল নেতা আপ্পান বহিষ্কার**



ভোলার মনপুরা সরকারি কলেজ ছাত্রদলের যুগ্ম আহবায়ক আপ্পান হাওলাদারকে দলীয় পদ থেকে বহিষ্কার করা হয়েছে। সোমবার (১২ মে) ছাত্রদলের জেলা শাখার সাংগঠনিক সম্পাদক মো: জাহাঙ্গীর আলম শরীফের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ বহিষ্কারাদেশ দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সংগঠনের শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে মনপুরা সরকারি কলেজ ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক আপ্পান হাওলাদারকে সাংগঠনিক পদ থেকে বহিষ্কার করা হলো। যায়যায়দিন, ১৩ মে ২০২৫

**২১. গাভি নিয়ে গেছেন বিএনপি নেতা, বাছুর কোলে আদালতে নারী**

স্বামীর কাছে ঋণের টাকা পাবেন বলে এক নারীর শেষ সম্বল দুধের গরুটি নিয়ে গেছেন এক বিএনপি নেতা। গরুর বাছুরটিকে কোলে করে বিচার চাইতে ঝালকাঠির আদালতে আসেন অসহায় ওই নারী। টাকা পরিশোধ করলে গরু দিয়ে দেবেন বলে জানান অভিযুক্ত বেল্লাল খান। ঝালকাঠির রাজাপুর উপজেলার শুক্তাগর ইউনিয়নের গৃহবধূ নারগিস বেগম। গার্মেন্টসে চাকরি করে অর্থ জমিয়ে

সম্প্রতি তিনি একটি দুধের গরু কেনেন। সেই গরুটির এক মাসের একটি বাছুরও রয়েছে। দুধ বিক্রি করেই চলছে তার সংসার। গত কয়েক মাস ধরে তার স্বামী আবু বকর এলাকাছাড়া। স্ত্রীর খোঁজখবরও রাখছেন না। এ অবস্থায় এক রকমের অসহায় দিন যাপন করছেন ওই নারী। কালের কণ্ঠ, ১৫ মে ২০২৫

**২২. বিএনপি নেতার গুদাম থেকে ৫ হাজার কেজি সরকারি চাল উদ্ধার**

জামালপুরের সরিষাবাড়ীতে বিএনপি নেতা আলী হোসেনের মালিকানাধীন একটি গুদাম থেকে ১০৪ বস্তা সরকারি ভিজিডি চাল উদ্ধার করেছে যৌথবাহিনী। মঙ্গলবার (২০ মে) রাতে পরিচালিত অভিযানে এসব চাল উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া চালের পরিমাণ প্রায় ৫ হাজার ২০০ কেজি। এ ঘটনায় রাতেই অবৈধ মজুত ও কালোবাজারির অভিযোগে অভিযুক্ত আলী হোসেনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়। গুদাম মালিক মো: আলী হোসেন সরিষাবাড়ী পিংনা ইউনিয়নের ৮নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি এবং বাসুরিয়া গ্রামের মৃত লাল মাহমুদের ছেলে। সরকারি চাল অবৈধভাবে মজুদের ঘটনায় অভিযুক্ত আলী হোসেন পলাতক আছেন বলে জানিয়েছে পুলিশ। ইত্তেফাক, ২১ মে ২০২৫

**২৩. চুরি করতে গিয়ে যুবদল নেতা জনতার হাতে আটকের ভিডিও ভাইরাল**



কুমিল্লার ব্রাহ্মণপাড়া উপজেলার দুলালপুর ইউনিয়নের যুবদল নেতা মোজাম্মেল মেম্বার চুরি করতে গিয়ে জনতার হাতে আটকের একটি ভিডিও ছড়িয়ে পড়েছে নেটদুনিয়ায়। ভিডিওতে দেখা যাচ্ছে- কয়েকজন যুবক ওই যুবদল নেতাকে ধরে মারধর করছে। শনিবার সামাজিক যোগাযোগমাধ্যমে এই ভিডিও ছড়িয়ে পড়লে এলাকাজুড়ে ব্যাপক হইচই সৃষ্টি হয়। এর আগে গত কয়েকদিন ধরে ঘটনাটি ধামাচাপা দিয়ে রাখার চেষ্টা করে একটি মহল। গেল ২১ জুন রাতে বুড়িচং উপজেলা দেবপুর এলাকায় চুরি করার সময় তাকে আটকের পর মারধর করে পুলিশে সোপর্দ করে স্থানীয় জনতা। পরে তাকে তার বোনের জিম্মায় ছেড়ে দেয় পুলিশ। আমার দেশ, ২ জুন ২০২৫

**২৪. আ'লীগ নেতাকর্মীদের নিয়ে স্কুলের গাছ চুরির সময় ছাত্রদল নেতা আটক**



নীলফামারীর ডোমারে স্কুলের গাছ চুরির অভিযোগে ছাত্রদল নেতাকে আটক করেছে এলাকাবাসী। অভিযোগ রয়েছে, তিনি স্থানীয় আওয়ামী লীগ ও ছাত্রলীগ নেতাকর্মীদের সঙ্গে নিয়ে এই চুরির চেষ্টা করেন। রোববার (৬ জুলাই) দুপুর ১২টার দিকে ডোমার উপজেলার পাঙ্গা মহেশ চন্দ্র লালা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এ ঘটনা ঘটে। অভিযুক্ত ব্যক্তি আশরাফুল আলম আশরাফ

ওই বিদ্যালয়ের এডহক কমিটির সভাপতি এবং ডোমার উপজেলা ছাত্রদলের সদস্যসচিব। জনকণ্ঠ, ৬ জুলাই ২০২৫

**২৫. ডাকাতি করতে গিয়ে আটক যুবদল নেতা**

দিনে চাঁদাবাজির বিরুদ্ধে মিছিলকারী স্থানীয় যুবদল নেতা মামুন রাতে ডাকাতি করতে গিয়ে আটক হয়েছে। কুষ্টিয়ার কুমারখালীর এই ঘটনাটি এলাকায় ব্যাপক আলোচিত হয়েছে। ওই যুবদল নেতার নাম মামুন হোসেন (৩৮)। কুমারখালী জিয়া মঞ্চের নেতা রাকিবের ওপর হামলাকারীদের গ্রেফতারের দাবিতে গত ২৪ জুলাই বিক্ষোভ মিছিল করে বিএনপি। পৌরসভার ২ নম্বর ওয়ার্ড যুব জামায়াতের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম শোভনের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করে তারা। এই মিছিলের সামনে ব্যানার ধরে থাকা যুবদল নেতা মামুন হোসেন ওই রাতেই উপজেলার শিলাইদহ ইউনিয়নের খোরশেদপুর এসবিসি ইটভাটায় নৈশপ্রহরী লেন্টু শেখের মাথার আগ্নেয়াস্ত্র ঠেকিয়ে ডাকাতি করে। ডাকাত দল ইটভাটার একটি ট্রাক্টরের ইঞ্জিনসহ সামনের অংশ এবং অন্য একটি ট্রাক্টরের ব্যাটারি খুলে নিয়ে যায়। ট্রাক্টরের ইঞ্জিন ও ব্যাটারির বাজারমূল্য প্রায় ১৬ লাখ ১২ হাজার টাকা বলে জানা যায়। নয়া দিগন্ত, ২৯ জুলাই ২০২৫

**২৬. ডাকাতি করতে গিয়ে গণপিটুনির শিকার, কিশোরগঞ্জে বিএনপি নেতা**



কিশোরগঞ্জের পাকুন্দিয়া পৌর বিএনপির সহসভাপতি মাহফুজুর রহমানকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। শনিবার দুপুরে জেলা বিএনপির দপ্তর সম্পাদক মীর কামরুল হাসান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বহিষ্কৃত মাহফুজুর রহমান পাকুন্দিয়া পৌর সদরের বড়বাড়ির বাসিন্দা। দলীয় সূত্র জানায়, সম্প্রতি সিলেটে ডাকাতির ঘটনায় তিনি গণপিটুনির শিকার হন এবং তাঁর বিরুদ্ধে ডাকাতির মামলা হয়েছে। প্রথম আলো, ৯ অগাস্ট ২০২৫

**২৭. রড বোঝাই ট্রাক লুট, যুবদল কর্মীকে আজীবনের জন্য বহিষ্কার**



নোয়াখালীর কবিরহাট উপজেলায় রড বোঝাই ট্রাক ডাকাতির মামলায় গ্রেপ্তার হন যুবদলকর্মী সোলেমান সুজন। এ ঘটনায় দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে যুবদলের প্রাথমিক সদস্য পদ থেকে তাকে আজীবনের জন্য বহিষ্কার করা হয়েছে। রোববার (১০ আগস্ট) বিকেলে উপজেলার সুন্দলপুর ইউনিয়ন যুবদলের আহ্বায়ক মোশারফ হোসেন সুমন ও সদস্যসচিব জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। ঢাকা পোস্ট, ১১ অগাস্ট ২০২৫

**২৮. বীরগঞ্জে ছিনতাই মামলায় বিএনপি নেতা গ্রেপ্তার**



দিনাজপুরের বীরগঞ্জে ছিনতাইয়ের মামলায় বিএনপির স্থানীয় এক নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। তার নাম রাসেল মণ্ডল। তিনি উপজেলার ১ নম্বর শিবরামপুর ইউনিয়নের আরাজি মিলনপুর গ্রামের বাসিন্দা ও ৫ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি। মঙ্গলবার স্থানীয় মিলন বাজারে বিএনপি অফিস থেকে তাকে গ্রেপ্তার করে বীরগঞ্জ থানা পুলিশ। স্থানীয়রা জানান, উপজেলা বিএনপির সেক্রেটারি জাকির হোসেন ধলুর আশ্রয়-প্রশ্রয়ে রাসেল বহুদিন ধরে শিবরামপুরে জাল ডলারের কারবার চালাচ্ছিলেন। গড়ে তুলেছেন শক্তিশালী সিন্ডিকেট। তারা ডলার দেওয়ার কথা বলে স্থানীয়দের কাছ থেকে টাকা হাতিয়ে নিচ্ছিলেন। এছাড়া তারা দলীয় প্রভাব খাটিয়ে মাদক কারবার, ছিনতাই, চাঁদাবাজি, দখলদারিত্বসহ নানা অপকর্ম করে আসছিলেন। আমার দেশ, ৩০ সেপ্টেম্বর ২০২৫

**২৯. ২ মোটরসাইকেল চুরির দায়ে বহিষ্কার সেই কলেজ ছাত্রদল সভাপতি**



রাজশাহীর বাঘা উপজেলায় দুটি মোটরসাইকেল চুরির অভিযোগে গ্রেপ্তার চারঘাট এম এ হাদী কলেজ ছাত্রদলের সভাপতি রোহান ইসলামকে (২৩) সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। রবিবার (৫ অক্টোবর) জেলা ছাত্রদলের আহ্বায়ক এস. এম. সালাউদ্দিন আহমেদ শামীম সরকার ও সদস্যসচিব মো: আল-আমিন স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ডেইলি ক্যাম্পাস, ৫ অক্টোবর ২০২৫

**৩০. পেকুয়ায় চুরি করতে গিয়ে ছাত্রদলের সাবেক নেতা জনতার হাতে আটক**

কক্সবাজারের পেকুয়ায় গরু চুরি করতে গিয়ে জনতার হাতে আটক হয়েছেন সাবেক ছাত্রদল নেতা ও বর্তমান জাসাস নেতা খোরশেদ মাহমুদ রোমিও। সোমবার (৬ অক্টোবর) রাত ৪টার দিকে উপজেলার মগনামা ইউনিয়নের ৩নং ওয়ার্ডের ইউনুস সওদাগরের বাড়ি থেকে তাকে হাতেনাতে আটক করা হয়। আটক মগনামা ইউনিয়ন ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক খোরশেদ মাহমুদ রোমিও একই ইউপির মাঝির পাড়া এলাকার মোহাম্মদ রশিদের ছেলে ও বর্তমান জাসাস উপজেলা শাখার সদস্য। দেশ রূপান্তর, ৬ অক্টোবর ২০২৫

**৩১. বিএনপি নেতার বিরুদ্ধে গভীর রাতে কালোবাজারে ওএমএসের চাল বিক্রি**


ময়মনসিংহের গফরগাঁও উপজেলায় ওএমএস (ওপেন মার্কেট সেল) কর্মসূচির জন্য বরাদ্দ করা চাল অবৈধভাবে বিক্রির অভিযোগ উঠেছে বিএনপির এক নেতার

বিরুদ্ধে। মঙ্গলবার রাত ১২টার দিকে তিনটি ব্যাটারিচালিত অটোরিকশায় করে চাল অন্যত্র সরিয়ে নেওয়ার সময় স্থানীয় বাসিন্দারা ধাওয়া করেন। এ সময় চালসহ একটি অটোরিকশা জব্দ করলেও বাকি দুটি রিকশা দ্রুত পালিয়ে যায়। অভিযুক্ত ব্যক্তির নাম আরিফ আল হাজারী। তিনি চরআলগী ভাটিপাড়া মাষ্টারবাড়ি গ্রামের বাসিন্দা এবং চরআলগী ইউনিয়ন বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক। একই সঙ্গে তিনি ওই ইউনিয়নের ওএমএস কর্মসূচির নিয়োগপ্রাপ্ত ডিলার। জনকণ্ঠ, ২২ অক্টোবর ২০২৫

**৩২. 'মব' করে নারীর টাকা-স্বর্ণালংকার লুটের অভিযোগ ছাত্রদল নেতাকর্মীদের**

নাটোরের বড়াইগ্রামে ছাত্রদলের চার নেতাকর্মীর বিরুদ্ধে ফুল কুমারী গমেজ (৪৬) নামের এক বিধবা নারীর বাড়িতে মব সৃষ্টি করে টাকা ও স্বর্ণের চেইন ছিনিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে। বুধবার (২২ অক্টোবর) দিবাগত রাতে ওই নারী বাদী হয়ে চারজনের নাম উল্লেখ করে ও অজ্ঞাতনামা আরও ১০-১২ জনকে আসামি করে থানায় লিখিত অভিযোগ করেছেন। এর আগে মঙ্গলবার রাত ৮টার দিকে উপজেলার দিঘইর গ্রামে এই ঘটনা ঘটেছে বলে অভিযোগ তুলেছেন ওই নারী। ভুক্তভোগী ফুল কুমারী গমেজ দিঘইর গ্রামের মৃত করনেলিউস গমেজের স্ত্রী। অভিযুক্তরা হলেন- উপজেলার চরগোবিন্দপুর গ্রামের গোলজার হোসেনের ছেলে নিসান হাসান (২২), কুশমাইল গ্রামের আজিমুদ্দিনের ছেলে নয়ন হোসেন (২৩) সরাবাড়িয়া গ্রামের ইউসুফ আলীর ছেলে কামরুল ইসলাম (২০) ও ময়লাল আলীর ছেলে হৃদয় হাসান (২১)। অভিযুক্তদের মধ্যে নিসান হাসান জোনাইল ডিগ্রি কলেজ ছাত্রদলের সভাপতি এবং বাকিরা ছাত্রদলের সক্রিয় কর্মী হিসেবে স্থানীয়ভাবে পরিচিত। ইত্তেফাক, ২৩ অক্টোবর ২০২৫

**৩৩. ফেনীতে গরু চুরির মামলায় স্বেচ্ছাসেবক দলের নেতা গ্রেপ্তার**




ফেনীর দাগনভূঞায় আজ বৃহস্পতিবার সকালে গরু চুরির মামলায় স্বেচ্ছাসেবক দলের এক নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। তাঁর নাম মো: আলা উদ্দিন (৪০)। তিনি দাগনভূঞা পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক এবং পৌরসভার আলাইয়ারপুর গ্রামের বাসিন্দা। দাগনভূঞা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওয়াহিদ পারভেজ জানান, আলা উদ্দিন কিছুদিন আগে নোয়াখালীতে চোরাই গরুসহ হাতেনাতে ধরা পড়েছিলেন। সম্প্রতি দাগনভূঞার বিভিন্ন এলাকায় গরু চুরির ঘটনায় তাঁর সম্পৃক্ততার প্রমাণ মেলে। তাঁর বিরুদ্ধে নোয়াখালীর কোম্পানীগঞ্জ ও ফেনীর দাগনভূঞা থানায় তিনটি গরু চুরির মামলা রয়েছে। প্রথম আলো, ২৩ অক্টোবর ২০২৫

### ৩৪. রেলওয়ে প্রকল্পের লোহা চুরির মহোৎসব- মূল অভিযোগ ছাত্রদল নেতা পাভেলের বিরুদ্ধে



পদ্মা সেতুর ওপর দিয়ে ঢাকা থেকে যশোর পর্যন্ত রেললাইন নির্মাণ প্রকল্পের লোহা ও সরঞ্জামাদি চুরি করে বিক্রি করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। গত এক বছরে ৭০-৮০ কোটি টাকার লোহা বিক্রির তথ্য পাওয়া গেছে। স্থানীয় সূত্রে জানা গেছে, ঢাকা জেলা দক্ষিণ ছাত্রদলের সভাপতি পাভেল মোল্লার নেতৃত্বে বিএনপি ও সহযোগী সংগঠনের কয়েকজন নেতাকর্মী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কিছু সদস্য এবং চায়না প্রকল্পের নিরাপত্তাকর্মীদের যোগসাজশে এ চুরি চলছে। কেরানীগঞ্জে এ প্রকল্পের সাইট অফিস অবস্থিত। আমার দেশ, ২৪ অক্টোবর ২০২৫

### ৩৫. সৌদি সরকারের দুস্থদের জন্য পাঠানো কোরবানির মাংস বাগিয়ে নিলেন বিএনপি নেতা



নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় সৌদি আরব থেকে আসা দুস্থদের জন্য আসা কোরবানীর দুম্বার গোশতের কার্টন বাগিয়ে নিয়ে আবারও সমালোচনায় পড়লেন, উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক নুরুল আলম সিকদার। মঙ্গলবার (২৮ অক্টোবর) দুপুরে কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে এ ঘটনাটি ঘটে। জানা গেছে, কোম্পানীগঞ্জ উপজেলায় দুস্থদের জন্য ২২টি দুম্বার গোশতের কার্টুন বরাদ্দ আসে। এসব গোশতের কার্টুন ১৭টি এতিম খানায় ২১কার্টুন বিতরণ করা হয়। অপর কার্টুনটি বিএনপি নেতা নুরুল আলম সিকদার তার নিজ এলাকা মধ্য মুছাপুর ইসলামী সমাজ কল্যাণ পরিষদের নামে নিজে স্বাক্ষর দিয়ে নিয়ে যান। কার্টুনটিতে ৩ কেজি ১শ গ্রাম ওজনের ১০ প্যাকেটের ৩০ কেজি ওজনের দুম্বার গোশত ছিল। বার্তা বাজার, ২৯ অক্টোবর ২০২৫

### ৩৬. বিএনপি কার্যালয় থেকে সরকারি খাদ্যবান্ধব কর্মসূচির চাল উদ্ধার

চাঁদপুরে এক যুবদল নেতা খাদ্যবান্ধব কর্মসূচির ১২ টন চাল নিয়ে তেলেসমাতি কাণ্ড ঘটিয়েছে। এ ঘটনায় এলাকা জুড়ে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। ঘটনাটি ঘটেছে চাঁদপুর সদর উপজেলার তরপুরচন্ডী ইউনিয়নের জিএম ফজলুল হক স্কুল মোড় এলাকায়। ঘটনাস্থলে গিয়ে জানা যায়, তরপুরচন্ডী ইউনিয়ন যুবদলের সভাপতি আইছুব আলী খন্দকার সরকারি খাদ্যবান্ধব কর্মসূচি ডিলারশিপ নিয়েছেন। বুধবার তিনি জেলা খাদ্যগুদাম থেকে খাদ্যবান্ধব কর্মসূচির ১২টন ৩৩০ কেজি অর্থাৎ ৪২৮ বস্তা চাল তুলেছেন। ওই চাল নিয়ে তিনি তরপুরচন্ডী ইউনিয়ন বিএনপির কার্যালয়ে রাখেন। আমার দেশ, ৩০ অক্টোবর ২০২৫

**৩৭. সঞ্চয়পত্রের টাকা আত্মসাতের ঘটনায় সাবেক ছাত্রদল নেতার নাম**

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের এনএসসি সিস্টেম জালিয়াতি করে সঞ্চয়পত্রের ২৫ লাখ টাকা তুলে নেওয়ার ঘটনায় মতিঝিল থানায় একটি মামলা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক আবুল খায়ের মো: খালিদ বাদী হয়ে গতকাল বুধবার মামলাটি করেন। মামলায় চারজনকে আসামি করা হয়েছে। মামলার আসামিরা হলেন মো: আরিফুর রহমান, মোহাম্মদ মারুফ এলাহী, আল আমিন ও মহিউদ্দিন আহমেদ। তাঁদের মধ্যে আরিফুর রহমানকে আজ সন্ধ্যায় মতিঝিল এলাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে বলে মতিঝিল থানার ওসি মেজবাহ উদ্দিন জানিয়েছেন। তিনি প্রথম আলোকে বলেন, মামলার বাকি আসামিদের গ্রেপ্তার করার চেষ্টা চলছে। প্রথম আলো, ৩০ অক্টোবর ২০২৫

**৩৮. জাল টাকা দিয়ে কেনাকাটা, কৃষক দল নেতাকে পুলিশে দিলেন দোকানিরা**



নোয়াখালীর সুবর্ণচর উপজেলায় ২৪ হাজার টাকার জাল নোটসহ মো: নুর আলম (৩৫) নামের কৃষক দলের স্থানীয় এক নেতাকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেছেন দোকানিরা। গতকাল বৃহস্পতিবার রাতে উপজেলার আবদুল্লাহ মিয়ার হাট বাজার থেকে তাঁকে আটক করা হয়। মো. নুর আলম নোয়াখালী সদর উপজেলার ১৯ নম্বর পূর্ব চর মটুয়া ইউনিয়নের পূর্ব চর মটুয়া গ্রামের মো: ইব্রাহিমের ছেলে। তিনি ইউনিয়ন কৃষক দলের সাধারণ সম্পাদক। প্রথম আলো, ৩১ অক্টোবর ২০২৫

**৩৯. চুরির অভিযোগে যুবদল নেতার পা ভেঙে দিল স্থানীয়রা**



পঞ্চগড়ের আটোয়ারী উপজেলায় চোর সন্দেহে যুবদলের এক নেতাকে পিটিয়ে পা ভেঙে দিয়েছে স্থানীয়রা। আজ শনিবার (৮ নভেম্বর) সকালে তাকে প্রথমে আটোয়ারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, পরে রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। এর আগে শুক্রবার রাতে উপজেলার বলরামপুর ইউনিয়নের ত্রিশুলিয়া এলাকায় এ ঘটনা ঘটে। মারধরের শিকার ব্যক্তির নাম হামিদুল ইসলাম (৩৫)। তিনি জেলার বোদা উপজেলার ঝলই শালশিরি ইউনিয়নের নতুনহাট দক্ষিণ শালশিরি এলাকার বাসিন্দা। হামিদুল ওই ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড যুবদলের নেতা এবং কামারহাট বণিক সমিতির সাধারণ সম্পাদক। কালের কণ্ঠ, ৯ নভেম্বর ২০২৫

# ছবিতে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের চুরি-ডাকাতি-ছিনতাই





পটুয়াখালী সদর উপজেলার চর জৈনকাঠী এলাকায় ৬ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ফয়েজ ভূঁইয়ার বিরুদ্ধে ধান কেটে নেওয়ার অভিযোগ তুলেছে দরিদ্র কৃষক সেকান্দার আলী। বাংলা ট্রিবিউন, ২৬ ডিসেম্বর ২০২৪। নেত্রকোণার দুর্গাপুর উপজেলায় একটি খামারের পাহারাদারকে হত্যা করে গরু লুটের ঘটনায় যুবদলের সদস্যসচিব আব্দুল আউয়ালসহ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বিডিনিউজ২৪, ১১ মার্চ ২০২৫






(বামে) ভোলার মনপুরায় এক চা দোকানদারের ছাগল চুরির ঘটনায় মামলায় গ্রেফতারকৃত দুই যুবদল নেতা হুমায়ুন মিঝি ও রিপন সর্দারসহ ৫ জনকে জেলহাজতে প্রেরণ করেছে পুলিশ। যুগান্তর, ১১ মার্চ ২০২৫ (ডানে) বগুড়ার কাহালু উপজেলার কালাই ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক আবদুল গফুর শাহর (৪০) বাড়ি থেকে ১৩টি চোরাই গরু উদ্ধার করে পুলিশ। প্রথম আলো, ২৩ মার্চ ২০২৫






মুন্সীগঞ্জের মুন্সীগঞ্জ-মুন্সীরহাট সড়কের পাঁচঘড়িয়া কান্দি নতুন ব্রিজের ঢালে অটোরিকশা ছিনতাইয়ের সময় অস্ত্রসহ বাবু মিজি (৩৬) নামে এক যুবদল কর্মীকে গ্রেপ্তার করে পুলিশ। সমকাল, ২২ এপ্রিল ২০২৫। দিনাজপুরের ফুলবাড়ী উপজেলায়

অটোরিকশা চুরির দায়ে ছাত্রদল নেতা আবুল কাশেম পাপ্পুসহ ৫ জনকে গ্রেপ্তার। দেশ রূপান্তর, ১১ মে ২০২৫






স্বামীর কাছে পাওয়া ঋণের টাকা না দেওয়ায় দুধের গরুটি নিয়ে গেছেন বিএনপি নেতা বেল্লাল খান। গরুর বাছুরটিকে কোলে করে বিচার চাইতে ঝালকাঠির আদালতে আসেন অসহায় গৃহবধূ নারগিস বেগম। কালের কণ্ঠ, ১৫ মে ২০২৫। রাজশাহীর বাঘা উপজেলায় দুটি মোটরসাইকেল চুরির অভিযোগে চারঘাট এম এ হাদী কলেজ ছাত্রদলের সভাপতি রোহান ইসলামসহ ৩ জন গ্রেপ্তার। ডেইলি ক্যাম্পাস, ৫ অক্টোবর ২০২৫




পদ্মা সেতুর ওপর দিয়ে ঢাকা থেকে যশোর পর্যন্ত রেললাইন নির্মাণ প্রকল্পের লোহা ও সরঞ্জামাদি চুরি করে বিক্রিরঅভিযোগ ঢাকা জেলা দক্ষিণ ছাত্রদলের সভাপতি পাভেল মোল্লার বিরুদ্ধে। আমার দেশ, ২৪ অক্টোবর ২০২৫।






নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় সৌদি আরব থেকে আসা দুস্থদের জন্য আসা কোরবানীর দুম্বার গোশতের কার্টন বাগিয়ে নিয়েছেন উপজেলা বিএনপির সাবেক আহ্বায়ক নুরুল আলম সিকদার। বার্তা বাজার, ২৯ অক্টোবর ২০২৫। চাঁদপুরে তরপুরচন্ডী ইউনিয়ন যুবদলের সভাপতি আইছুব আলী খন্দকার খাদ্যবান্ধব কর্মসূচির ১২ টন চাল আত্মসাৎ করে ইউনিয়ন বিএনপির কার্যালয়ে রাখেন। আমার দেশ, ৩০ অক্টোবর ২০২৫

## ■ দলীয় কোন্দল

বিএনপির অভ্যন্তরীণ দলীয় কোন্দল একটি নিয়মিত ও বিস্তৃত সংকটে পরিণত হয়েছে। চাঁদা, ঝুট ব্যবসা, বাস-ট্রাক-লঞ্চ ঘাট, অটোরিকশা স্ট্যান্ড, বাজার ও কাউন্টার দখল থেকে শুরু করে মনোনয়ন বাণিজ্য–প্রায় প্রতিটি ক্ষেত্রেই একই দলের দুই বা ততোধিক গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটছে। এসব দ্বন্দ্বে গুলিবর্ষণ, ককটেল বিস্ফোরণ, অগ্নিসংযোগ, সড়ক ও রেলপথ অবরোধের মতো ঘটনায় সাংবাদিক-পুলিশ, সাধারণ মানুষ নিহত ও আহত হওয়ার ঘটনাও দেখা গেছে। বিএনপি ও এর অঙ্গসংগঠনের দলীয় কোন্দলের উল্লেখযোগ্য কিছু খবর তুলে ধরা হলো;

**১. কুষ্টিয়ায় চাঁদা তোলা নিয়ে দ্বন্দ্বে বিএনপির দুই পক্ষের মারামারি, আহত ৮**



কুষ্টিয়ার দৌলতপুর সাব-রেজিস্ট্রার কার্যালয়ে চাঁদা তোলা নিয়ে দ্বন্দ্বে বিএনপির দুই পক্ষের নেতা-কর্মীদের মধ্যে মারামারির ঘটনা ঘটেছে। বুধবার বেলা সাড়ে ১১টার দিকে উপজেলা সাব-রেজিস্ট্রার কার্যালয়ের সামনে দৌলতপুর বাজারে এ ঘটনা ঘটে। এতে অন্তত আটজন আহত হয়েছেন। গুরুতর আহত চারজনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা গেছে, আওয়ামী লীগ সরকারের সময়ে দৌলতপুর সাব-রেজিস্ট্রার কার্যালয় থেকে লাখ লাখ টাকা চাঁদা তোলা হতো। তখন চাঁদার অর্থ স্থানীয় আওয়ামী লীগের শীর্ষ নেতা, কার্যালয়ের কর্মকর্তা ও দলিল লেখকেরা ভাগ-বাঁটোয়ারা করে নিতেন। সরকার পতনের পর রেজিস্ট্রার কার্যালয় দখল নেন বিএনপিপন্থীরা। তারা প্রথমেই বেছে বেছে আওয়ামীপন্থী দলিল লেখকদের মারধর করে তাদের বের করে দেন। এরপর আগের প্রক্রিয়ায় দলিলপ্রতি চাঁদা তোলা শুরু করেন। প্রথম আলো, ৪ সেপ্টেম্বর ২০২৪

**২. গাজীপুরে ঝুট ব্যবসার নিয়ন্ত্রণ নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত ৫**

গাজীপুরের কোনাবাড়ীতে ঝুট (পরিত্যক্ত মালামাল) ব্যবসার নিয়ন্ত্রণ নিতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে অন্তত পাঁচজন আহত হয়েছেন। আজ মঙ্গলবার সকাল ১০টায় কোনাবাড়ীর জরুন এলাকায় এ ঘটনা ঘটে। আহত ব্যক্তিরা হলেন আলম খন্দকার, বাদল খন্দকার, শামীম খন্দকার, জহিরুল খন্দকার ও বাবুল হোসেন। তাদের গাজীপুরের শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রথম আলো, ১ লা অক্টোবর ২০২৪

### ৩. বাস কাউন্টার দখল নিয়ে বিএনপির দুপক্ষের সংঘর্ষ

ফরিদপুরের ভাঙ্গা উপজেলায় বাস কাউন্টার দখল করা কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ২০টি দোকান ভাঙচুর করা হয়েছে। গত শনিবার (৩০ নভেম্বর) রাতে ভাঙ্গা উত্তরপাড় গোলচত্বর সংলগ্ন হাইওয়ে থানার সামনে এ ঘটনা ঘটে। এ ঘটনায় রিপোর্ট লেখা পর্যন্ত কোনো পক্ষের মামলা হয়নি বলে পুলিশ নিশ্চিত করেন।এলাকাবাসীর সূত্রে জানা যায়, ৫ আগস্টের পর বাস কাউন্টার দখলে নেন ভাঙ্গা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হাবিবুর রহমান মুন্সীর চাচাতো ভাই ফারুক মুন্সী গ্রুপ। কালবেলা, ১ ডিসেম্বর ২০২৪

### ৪. বাসস্ট্যান্ড দখল নিয়ে বিএনপির দুই পক্ষের পাল্টাপাল্টি ধাওয়া

বাগেরহাট কেন্দ্রীয় বাসস্ট্যান্ডের দখল নিয়ে বিএনপিপন্থি দুই শ্রমিক সংগঠনের পাল্টাপাল্টি ধাওয়া এবং লাঠিসোঁটা ও দেশীয় অস্ত্র নিয়ে মহড়ার ঘটনা ঘটেছে। সোমবার (২ ডিসেম্বর) দুপুর সোয়া ১২টার দিকে বাসস্ট্যান্ডের সামনে এই ঘটনা ঘটে। এ সময় আইনশৃঙ্খলা বাহিনীর উপস্থিতেই দেশীয় অস্ত্র নিয়ে পাল্টাপাল্টি ধাওয়া দিতে দেখা যায়। কিছু সময় পর অতিরিক্ত সেনাসদস্যরা ঘটনাস্থলে এলে উভয় পক্ষ অবস্থান ছেড়ে চলে যায়। স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা যায়, ৫ আগস্ট শেখ হাসিনা সরকার পতনের পর আওয়ামী লীগ, শ্রমিক লীগের নেতাকর্মী ও তাদের সমর্থিত শ্রমিক ইউনিয়নের লোকজন বাসস্ট্যান্ড ছেড়ে যায়। তখন কয়েক দিন বাস চলাচল ও টিকিট কাউন্টারগুলো বন্ধ ছিল। দুই-তিন দিন পর বিএনপির শ্রমিক দল সমর্থিত একটি পক্ষ বাসস্ট্যান্ডের নিয়ন্ত্রণ নেয় এবং আন্তঃজেলা বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের কমিটি গঠন করে। তবে কদিন না যেতেই শ্রমিক দলের অন্য একটি পক্ষ একই ইউনিয়নের কমিটি গঠন করে স্ট্যান্ডের দখল নেওয়ার চেষ্টা করে। এরপর থেকেই বাসস্ট্যান্ডের নিয়ন্ত্রণ নিয়ে দুই পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। ঢাকা পোস্ট, ২ ডিসেম্বর ২০২৪

### ৫. বিজয় দিবসের র‍্যালিতে ছাত্রদলের ২ গ্রুপের পাল্টাপাল্টি হামলায় আহত ৩

পটুয়াখালীর বাউফলে বিজয় দিবসের র‍্যালিকে কেন্দ্র করে ছাত্রদলের দুই পক্ষের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আহত হয়েছেন উপজেলা ছাত্রদলের সদস্যসচিব মিজানুর রহমান, পৌর স্বেচ্ছাসেবকদলের যুগ্ম আহ্বায়ক আমির হোসেন ও পৌরসভার ৪নং ওয়ার্ড সাধারণ সম্পাদক হৃদয়। সোমবার সকাল ১১টা থেকে দুপুর ২টার মধ্যে এসব ঘটনা ঘটে। দেশ রূপান্তর, ১৬ ডিসেম্বর ২০২৪

### ৬. অটোরিকশা স্ট্যান্ড দখল নিয়ে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ

নরসিংদীর পাঁচদোনায় সিএনজিচালিত অটোরিকশা স্ট্যান্ড দখল নিয়ে বিএনপির

দুই গ্রুপের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে দুজন গুলিবিদ্ধসহ কমপক্ষে ৫ জন আহত হয়েছে। গত মঙ্গলবার রাতে ঢাকা-সিলেট মহাসড়কের পাঁচদোনা মোড়ে এ ঘটনা ঘটে। এ সময় গুলিবিদ্ধ হয়ে পাঁচদোনা এলাকার শাহিন মিয়ার ছেলে রনি মিয়া (৩২) ও মিজান মিয়ার ছেলে শুভ (১৯) আহত হন। এ সময় পিটুনিতে শ্রমিক নেতা আলম মিয়া (৫৫) এবং পথচারী পলাশ উপজেলার দড়িচল গ্রামের জামাল মিয়ার স্ত্রী লিজা বেগম (৩২) আহত হন। দেশ রূপান্তর, ১৯ ডিসেম্বর ২০২৪

### ৭. রংপুরে বাসস্ট্যান্ডের নিয়ন্ত্রণ নিয়ে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ

রংপুরের মিঠাপুকুরে বাসস্ট্যান্ডের নিয়ন্ত্রণ ও আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে স্বেচ্ছাসেবক দলের এক নেতাসহ তিনজন আহত হওয়ার খবর পাওয়া গেছে। শনিবার (১১ জানুয়ারি) সন্ধ্যা ৬টার দিকে উপজেলার জায়গীরহাট বাসস্ট্যান্ডে লতিবপুর ইউনিয়ন বিএনপির দুই নেতারকর্মী-সমর্থকদের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। অভিযুক্তরা হলেন, ৭নং ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ফজলুল হক, ওই ইউনিয়ন বিএনপির সহ সভাপতি মোঃ নাজমুল হক ইমন, ইউনিয়ন বিএনপির সহসভাপতি মোঃ আমিনুল ইসলাম, ওই ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম, সদস্য মোঃ বেলায়েত হোসেন, সদস্য মোঃ সিরাজুল ইসলাম মন্ডল সেরাই ও আরও অনেকে। কালবেলা, ১২ জানুয়ারি ২০২৫

### ৮. বাউফলে ট্রাক স্ট্যান্ড দখল নিয়ে বিএনপির দুই পক্ষের দুই দফায় সংঘর্ষ, আহত ২০

পটুয়াখালীর বাউফল উপজেলার কালাইয়া বন্দরের ধানহাট ট্রাক স্ট্যান্ডের দখল নিয়ে আবারও বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছে। আজ রোববার সন্ধ্যায় এ ঘটনায় দুই পক্ষের কমপক্ষে ১০ জন আহত হয়েছেন। এ ঘটনায় ওই এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে।এর আগে গতকাল শনিবার বেলা ১১টার দিকে ট্রাক স্ট্যান্ড দখল নিয়ে বিএনপির দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। ওই সময় দুই পক্ষের কমপক্ষে ১০ জন আহত হন। এ ঘটনায় শনিবার রাতে কালাইয়া ইউনিয়ন যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক মোঃ আরিফ হোসেন ২১ জনের নাম উল্লেখ করে আরও অজ্ঞাতনামা ৩০-৪০ জনের নামে বাউফল থানায় লিখিত অভিযোগ করেছেন। প্রথম আলো, ২৬ জানুয়ারি ২০২৫

**৯. বিএনপির কমিটি ঘোষণার পর দুই গ্রুপের সংঘর্ষ, সাংবাদিকসহ আহত ৫**

কুড়িগ্রামে জেলা বিএনপির ৫১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়েছে। কমিটি ঘোষণা হওয়ার পর কুড়িগ্রামের রাজিবপুরে ফেসবুকে পক্ষে-বিপক্ষের স্ট্যাটাসকে কেন্দ্র করে উপজেলা বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। রোববার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে উপজেলা বাজারের মেইন গলিতে এ সংঘর্ষের ঘটনা ঘটে। এতে উভয় পক্ষের ৫ জনের আহত হয়েছে। সমকাল, ৩ ফেব্রুয়ারি ২০২৫

**১০. বাস কাউন্টার দখল নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, আহত ১৭**

বরগুনার আমতলীতে বাস কাউন্টার দখলে নেওয়াকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষে ১৭ জন আহত হয়েছে। আজ শনিবার বেলা সাড়ে ১১টার দিকে আমতলী পৌর এলাকার বাঁধঘাটে এ ঘটনা ঘটে। প্রথম আলো, ৮ ফেব্রুয়ারি ২০২৫

**১১. লঞ্চ ঘাটের নিয়ন্ত্রণ নিতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, আহত ১০**

নোয়াখালীর হাতিয়া উপজেলার তমরদ্দি লঞ্চ ঘাটের নিয়ন্ত্রণ নিতে বিএনপির দুই পক্ষ সংঘর্ষে জড়িয়েছে। এতে উভয়পক্ষের অন্তত ১০জন গুরুতর আহত হয়েছেন। আহতদের হাতিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।২৭ ফেব্রুয়ারি বৃহস্পতিবার দুপুরে এ ঘটনা ঘটে। সূত্র জানায়, তমরুদ্দি লঞ্চ ঘাটের ইজারাদার ছিলেন আওয়ামী লীগ নেতা গোলাম মাওলা কাজল। ৫ আগস্টের পর গোলাম মাওলা কাজল ঘাট থেকে পালিয়ে যায়। পরে গোলাম মাওলা কাজলের সঙ্গে সমঝোতা করে স্থানীয় আলমগীর নামে একজন তমরদ্দি ঘাটের সকল কর্মকাণ্ড দখল করে নেন। সেই থেকে আলমগীর ঘাটের দায়িত্ব এককভাবে নিয়ন্ত্রণ করে আসছেন। কিন্তু তমরুদ্দি ইউনিয়ন বিএনপি সভাপতি তানভীর হায়দার বিষয়টি মেনে নিতে পারেননি। তিনি দীর্ঘদিন ধরে ঘাটটি দখলে নেওয়ার চেষ্টা করে আসছেন। সমকাল, ২৭ ফেব্রুয়ারি ২০২৫

**১২. ঝুট নিয়ন্ত্রণ নিয়ে বিএনপির দুপক্ষের সংঘর্ষ, আহত ১০**

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার মৌচাক এলাকার তেলির চালায় লগুজ এপারেলস লিমিটেড কারখানার ঝুট (পরিত্যক্ত মালামাল) ব্যবসার নিয়ন্ত্রণ নিয়ে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছেন।শনিবার (০১ মার্চ) দুপুরে সংঘর্ষের পর থেকে কারখানা এলাকায় উত্তেজনা বিরাজ করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ মোতায়েন করা হয়। কালবেলা, ২ মার্চ ২০২৫

### ১৩. ঝুট ব্যবসা নিয়ে বিএনপির দুগ্রুপের সংঘর্ষে আহত ৩৫

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে আদমজী ইপিজেডের ঝুট ব্যবসার আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দু'গ্রুপের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। এ সময় ধাওয়া-পাল্টাধাওয়া ও এলোপাতাড়ি গুলি চালানো হয়। ভাঙচুর করা হয়েছে ৬টি মোটরসাইকেল ও ৭-৮টি দোকান। সংঘর্ষে একজন গণমাধ্যম কর্মীসহ উভয় পক্ষের অন্তত ৩০-৩৫ জন আহত হয়েছে।বৃহস্পতিবার (৬ মার্চ) বিকেল ৪টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত আদমজী এলাকায় নারায়ণগঞ্জ মহানগর ছাত্রদলের সাবেক সভাপতি ও নাসিক ৬ নং ওয়ার্ড বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মনির হোসেন গ্রুপের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। কালবেলা, ৬ মার্চ ২০২৫

### ১৪. আওয়ামী লীগ নেতাকে গ্রেপ্তার নিয়ে রাজশাহীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, আহত ৪

রাজশাহীতে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। শুক্রবার সন্ধ্যায় শুরু হওয়া এ সংঘর্ষ রাত সাড়ে ১১টা পর্যন্ত চলে। সংঘর্ষ চলাকালে কয়েকটি হাতবোমার বিস্ফোরণ ঘটানো হয়। পুড়িয়ে দেওয়া হয় তিনটি মোটরসাইকেল। এ ঘটনায় পুলিশের বিশেষ শাখার (এসবি) একজন সদস্যসহ চারজন আহত হয়েছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার রাতে মহানগর যুব মহিলা দলের সহ-ক্রীড়া বিষয়ক সম্পাদক লাভলীসহ তাঁর অনুসারীরা কাদিরগঞ্জ এলাকায় একটি বহুতল ভবন ঘেরাও করেন। ভবনটির একটি ফ্ল্যাটে নগরের বোয়ালিয়া (পশ্চিম) থানা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক মোস্তাক আহমেদ বাবু ওরফে ব্যাটারি বাবু পরিবারসহ থাকেন। আওয়ামী সরকারের পতনের পর ব্যাটারি বাবু ও তাঁর ভাই সাব্বির বাবুর বিরুদ্ধে ছাত্র-জনতার ওপর হামলার অভিযোগে মামলা হয়েছে। প্রথম আলো, ৮ মার্চ ২০২৫

### ১৫. চকবাজারে মার্কেট দখল নিয়ে যুবদলের দুই গ্রুপের সংঘর্ষ

রাজধানী ঢাকার চকবাজারে হাজী সেলিম ক্রোকারিজ মার্কেট দখলকে কেন্দ্র করে যুবদলের দুই গ্রুপের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের ৬ জন আহত হয়েছেন। সোমবার (১০ মার্চ) বিকেলে যুবদলের ইসহাক গ্রুপ এবং মিন্টু, নাহিদ, মইন গ্রুপের মধ্যে এ সংঘর্ষ হয় বলে জানা গেছে। কালবেলা, ১০ মার্চ ২০২৫

### ১৬. ঈশ্বরদীতে অটোরিকশার স্ট্যান্ড দখল নিয়ে যুবদলের দুই পক্ষের সংঘর্ষ, বিএনপি নেতা গুলিবিদ্ধ

পাবনার ঈশ্বরদীতে সিএনজিচালিত অটোরিকশা স্ট্যান্ড দখল নিয়ে উপজেলা যুবদলের দুই পক্ষের সংঘর্ষে বিএনপির এক নেতা গুলিবিদ্ধ হয়ে আহত

হয়েছেন। তাকে পাবনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছিল। অবস্থার অবনতি ঘটনায় পরে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। আজ রোববার দুপুরে উপজেলার দাশুড়িয়া বাজার এলাকায় এ ঘটনা ঘটে।আহত মনিরুল ইসলাম দাশুড়িয়া ইউনিয়ন বিএনপির জ্যেষ্ঠ সহসভাপতি। প্রথম আলো, ১৩ এপ্রিল ২০২৫

**১৭. কিশোরগঞ্জে ছাত্রদলের কমিটি নিয়ে সংঘর্ষে দলীয় কর্মীর রগ কর্তন**

কিশোরগঞ্জের ইটনা রাষ্ট্রপতি আব্দুল হামিদ সরকারি কলেজ শাখা ছাত্রদলের কমিটি নিয়ে দুপক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় এক কর্মীর পায়ের রগ কেটে দেওয়ার অভিযোগ উঠেছে অপর পক্ষের বিরুদ্ধে। সোমবার (৫ মে) বেলা সাড়ে ১১টার দিকে কলেজ এলাকায় এ ঘটনা ঘটে। আহত রোহান মিয়া একই কলেজের একাদশ শ্রেণির শিক্ষার্থী ও কলেজ শাখা ছাত্রদল কমিটির আহ্বায়ক রাজিব ইসলাম রাজুর চাচাতো ভাই। কালবেলা, ৫ মে ২০২৫

**১৮. বরগুনায় চাঁদাবাজির অভিযোগকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, আহত ১৪**

বরগুনার তালতলী উপজেলায় চাঁদাবাজির অভিযোগকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। আজ মঙ্গলবার বেলা ১১টার দিকে তালতলী উপজেলা শহরের সদর সড়কে এ ঘটনায় উভয় পক্ষের অন্তত ১৪ জন আহত হয়েছেন। দলীয় ও স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলা বিএনপির আহ্বায়ক মো: শহিদুল হকের বিরুদ্ধে মারধর ও চাঁদাবাজির অভিযোগ এনে গতকাল সোমবার (৩০ জুন) সংবাদ সম্মেলন করেন বিএনপি কর্মী ও ব্যবসায়ী মো: আবুল কালাম। এ ঘটনার প্রতিবাদ জানিয়ে আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় শহিদুল হকের সমর্থকেরা মানববন্ধন ও প্রতিবাদ সভা কর্মসূচি পালন করেন। একই সময় তালতলী উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মাহবুবুল আলম মামুন ও উপজেলা যুবদলের সদস্যসচিব মিয়া রিয়াজুল ইসলাম রিয়াজের নেতৃত্বে একই স্থানে বিক্ষোভ মিছিল ও সমাবেশের কর্মসূচি করেন। প্রথম আলো, ১ জুলাই ২০২৫

**১৯. মুন্সীগঞ্জে বিএনপির দুই গ্রুপে সংঘর্ষ, গুলিবিদ্ধ ৮**

মুন্সীগঞ্জ সদরের মোল্লাকান্দি ইউনিয়নের মুন্সিকান্দি এলাকায় বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে অন্তত ৮ জন আহত হয়েছেন। শুক্রবার রাত ৮টার দিকে আনন্দপুর এলাকার বিএনপি সমর্থক ওয়াহিদ মোল্লা গ্রুপের লোকজনের সঙ্গে একই এলাকার বিএনপি সমর্থক উজির আলীর লোকজনের সংঘর্ষ বাঁধে। যুগান্তর, ৫ সেপ্টেম্বর ২০২৫

**২০. রাজনগরে জমির দখল নিয়ে বিএনপি'র দু'পক্ষে সংঘর্ষ, আহত ১০**

মৌলভীবাজারের রাজনগরে সরকারি জমির দখল নিয়ে বিএনপি'র দু'পক্ষে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে নারীসহ অন্তত ১০ জন আহত হয়েছেন। গুরুতর আহত মনফর মিয়া (৫৫)কে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। জানা যায়, উপজেলার পাঁচগাঁও ইউনিয়ন বিএনপি'র স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক পেটুগাঁও গ্রামের আব্দুল করিম মিয়ার ছেলে রাসেল মিয়া ও ওই ইউনিয়নের বিএনপি সভাপতি আব্দুল মুকিত মুকিলের ভাই উকিল আলীর সঙ্গে পানি উন্নয়ন বোর্ডের জমি নিয়ে বিরোধ চলছিল। মানবজমিন, ১৫ অক্টোবর ২০২৫

**২১. নাটোরে ইজারার টাকা ভাগাভাগি নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ**

নাটোর সদর উপজেলায় টাকা ভাগাভাগি নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের ৫ জন আহত হয়েছেন। সোমবার (২৭ অক্টোবর) সন্ধ্যায় নাটোর সদর উপজেলার হালসা বাজারে এ ঘটনা ঘটে ।পুলিশ ও স্থানীয়রা জানায়, সোমবার বিকেলে হালসা বাজারের ইজারার টাকা ভাগাভাগিকে কেন্দ্র করে হালসা বাজারে আপন দুই ভাই হালসা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মাজেদ মণ্ডল ও হালসা ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি জাফর মণ্ডলের লোকদের মধ্যে সংঘর্ষ হয়। এতে উভয়পক্ষের পাঁচজন আহত হয়। পরবর্তীতে স্থানীয়রা আহতদের উদ্ধার করে নাটোর আধুনিক সদর হাসপাতালে পাঠায়। জাগো নিউজ, ২৮ অক্টোবর ২০২৫

**২২. খুলনায় বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত ৫**

খুলনার রূপসা উপজেলায় বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনায় পাঁচজন আহত হয়েছেন। বৃহস্পতিবার (৩০ অক্টোবর) উপজেলার কাজদিয়া বাজারে ওবায়েদ ফার্মেসির সামনে এই সংঘর্ষ হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, খুলনা-৪ আসনে দলীয় মনোনয়ন প্রত্যাশী বিএনপির তথ্য বিষয়ক সম্পাদক আজিজুল বারী হেলাল ও যুক্তরাজ্য বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক পারভেজ মল্লিক গ্রুপের মধ্যে এ সংঘর্ষ হয়। ইত্তেফাক, ৩০ অক্টোবর ২০২৫

**২৩. কুষ্টিয়ায় বিএনপির মনোনয়নবঞ্চিত নেতার অনুসারীদের সড়ক অবরোধ করে বিক্ষোভ**

কুষ্টিয়া-৩ (সদর) আসনে বিএনপির স্থানীয় সরকারবিষয়ক সম্পাদক ও সাবেক সংসদ সদস্য সোহরাব উদ্দিন দলীয় মনোনয়ন না পাওয়ায় রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করেছেন তাঁর অনুসারী নেতা-কর্মীরা। আজ সোমবার রাত

৯টার দিকে শহরের মজমপুর রেলগেটে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কে অবস্থান নিয়ে এ বিক্ষোভ করেন তারা। সেখানে বিক্ষোভকারীরা সড়কে টায়ার জ্বালিয়ে বিক্ষোভের পাশাপাশি প্রতিবাদ মিছিলও করেন। এ ছাড়া সদর উপজেলার মধুপুর-লক্ষ্মীপুর এলাকাতেও সোহরাব উদ্দিনের সমর্থকেরা সড়কে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করেছেন। প্রথম আলো, ৩ নভেম্বর ২০২৫

**২৪. মাদারীপুরে বিএনপির মনোনয়ন বঞ্চিতদের সড়ক অবরোধ, গাড়ি ভাঙচুর ও অগ্নিসংযোগ**

মাদারীপুর-১ আসনে বিএনপির প্রার্থী ঘোষণাকে কেন্দ্র করে মনোনয়ন বঞ্চিত প্রার্থীর সমর্থকদের বিক্ষোভ, সড়ক অবরোধ, গাড়ি ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। সোমবার বিকেলে বিএনপির পক্ষ থেকে জামান কামাল নুরুদ্দিন মোল্লাকে মাদারীপুর-১ আসনের মনোনীত প্রার্থী হিসেবে নাম ঘোষণা করা হলে মনোনয়ন বঞ্চিত প্রার্থী সাজ্জাদ হোসেন লাভলু সিদ্দিকীর সমর্থকরা ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানান। সমকাল, ৩ নভেম্বর ২০২৫

**২৫. সীতাকুণ্ডে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ মনোনয়নবঞ্চিত বিএনপি নেতার সমর্থকদের**

চট্টগ্রাম-৪ (সীতাকুণ্ড) আসনে বিএনপির সাবেক যুগ্ম মহাসচিব আসলাম চৌধুরীকে দলীয় মনোনয়ন না দেওয়ায় তাঁর বিক্ষুব্ধ কর্মী-সমর্থকেরা ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন। সোমবার সন্ধ্যা সাতটার দিকে সীতাকুণ্ড উপজেলার ভাটিয়ারী শহীদ মিনার এলাকায় মহাসড়ক অবরোধ করেন তারা। এ সময় বিক্ষোভকারীরা টায়ার জ্বালিয়ে স্লোগান দেন। এ ছাড়া মহাসড়কের বিভিন্ন স্থানে অবরোধ করার খবর পাওয়া গেছে। রাত সাড়ে আটটার দিকে এ প্রতিবেদন লেখা পর্যন্ত মহাসড়কের বিভিন্ন স্থানে অবরোধ করে মিছিল করছিলেন বিক্ষুব্ধ নেতা-কর্মীরা। প্রথম আলো, ৩ নভেম্বর ২০২৫

**২৬. কুমিল্লা-৯ আসনে দোলাকে মনোনয়ন না দেওয়ায় সড়ক অবরোধ বিএনপির**

কুমিল্লা-৯ (লাকসাম-মনোহরগঞ্জ) আসনের সাবেক সংসদ সদস্য ও বিএনপির জাতীয় নির্বাহী কমিটির কুমিল্লা বিভাগীয় সাবেক সাংগঠনিক সম্পাদক প্রয়াত কর্নেল (অব.) এম. আনোয়ার-উল আজিমের মেয়ে সামিরা আজিমকে দলীয় মনোনয়ন না দেওয়ায় সড়ক অবরোধ করেছেন বিএনপির বিক্ষুব্ধ নেতাকর্মী ও সমর্থকরা। মঙ্গলবার (৪ নভেম্বর) বিকেলে কুমিল্লা-নোয়াখালী আঞ্চলিক মহাসড়কের মনোহরগঞ্জের খিলা এলাকায় তারা সড়ক অবরোধ করেন। কালের কণ্ঠ, ৪ নভেম্বর ২০২৫

**২৭. মনোনয়ন না পেয়ে মহাসড়ক অবরোধ হাজী ইয়াছিনের সমর্থকদের**

কুমিল্লা-৬ (সদর, সদর দক্ষিণ ও সিটি কর্পোরেশন) আসনে দলীয় মনোনয়ন না পেয়ে কুমিল্লা নগরী ও ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা পরিষদের সদস্য ও সাবেক সংসদ সদস্য হাজী আমিন উর রশিদ ইয়াছিনের সমর্থকরা। সোমবার (৩ নভেম্বর) রাতে নগরীর বিভিন্ন ওয়ার্ড, পাড়া-মহল্লা থেকে হাজারো নেতাকর্মী কান্দিরপাড়ের দলীয় কার্যালয়ের সামনে এবং ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের আলেখারচরে জড়ো হয়ে বিক্ষোভ ও সড়ক অবরোধ করেন। এসময় বিক্ষুব্ধ নেতাকর্মীদের টায়ারে আগুন জ্বালিয়ে প্রতিবাদ করতে দেখা যায়। জাগো নিউজ, ৪ নভেম্বর ২০২৫

**২৮. মেহেরপুরে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, আহত ১০**

মেহেরপুর-২ আসনের মনোনয়ন দ্বন্দ্বের জেরে বিএনপির দু'পক্ষের মধ্যে হামলা ও পাল্টা হামলার ঘটনা ঘটেছে। এতে গাংনী উপজেলা শহর রণক্ষেত্রে পরিণত হয়েছে। মঙ্গলবার (৪ নভেম্বর) দুপুরে বিএনপির মনোনয়নপ্রাপ্ত সাবেক এমপি আমজাদ হোসেন এবং মনোনয়ন বঞ্চিত জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের পক্ষের নেতাকর্মীদের মধ্যে এই সংঘর্ষ শুরু হয়। এ ঘটনায় অন্তত ১০ নেতাকর্মী আহত হয়। ইত্তেফাক, ৪ নভেম্বর ২০২৫

**২৯. চাঁদপুরে বিএনপির মনোনয়নবঞ্চিত নেতার সমর্থকদের বিক্ষোভ**

চাঁদপুর-৪ আসনে ফরিদগঞ্জ উপজেলা বিএনপির আহ্বায়ক এম এ হান্নানকে নির্বাচনে দলীয় প্রার্থী ঘোষণা না দেয়ায় বিক্ষোভ করেছে দলীয় নেতাকর্মী ও সমর্থকদের একাংশ। মঙ্গলবার (৪ নভেম্বর) সকাল থেকে চাঁদপুর-লক্ষ্মীপুর সড়কে আগুন জ্বালিয়ে তারা এই বিক্ষোভ কর্মসূচি পালন করছে। এ বিক্ষোভ কর্মসূচিতে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। সৃষ্টি হয় দীর্ঘ যানজট। যমুনা টিভি, ৪ নভেম্বর ২০২৫

**৩০. বিএনপির মনোনীত প্রার্থী বোন, সড়কে আগুন জ্বালিয়ে প্রতিবাদ ভাইয়ের সমর্থকদের**

নাটোর-১ আসনে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির প্রার্থী হিসেবে ফারজানা শারমিন (পুতুল) এর নাম ঘোষণার পর উত্তেজনা দেখা দিয়েছে এলাকায়। ঘোষণার প্রতিবাদে তার ভাই ইয়াসির আরশাদের সমর্থকেরা মহাসড়কে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করেছেন। এ সময় বোনের সমর্থকদের হামলার অভিযোগও উঠেছে।সোমবার (৩ নভেম্বর) বিকেল থেকে মধ্যরাত পর্যন্ত লালপুর উপজেলার কদিমচিলান ও গৌরিপুর মোড়ে এ হামলা ও বিক্ষোভের ঘটনা ঘটে। ইত্তেফাক, ৪ নভেম্বর ২০২৫

### ৩১. মনোনয়নবঞ্চিত আজাদ সমর্থকদের বিক্ষোভ, টাঙ্গাইল-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ

টাঙ্গাইল-৩ (ঘাটাইল) আসনে বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক মন্ত্রী লুৎফর রহমান খান আজাদকে দলীয় মনোনয়ন না দেওয়ায় বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ করেছে তার সমর্থকরা। ফলে মহাসড়কের উভয় পাশে যানজটের সৃষ্টি হয়। পরে পুলিশ ঘটনাস্থলে এসে যান চলাচল স্বাভাবিক করে। মঙ্গলবার (৪ নভেম্বর) দুপুরে টায়ারে আগুন জ্বালিয়ে টাঙ্গাইল-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে রাখেন তারা।এর আগে উপজেলা সদরের বীর ঘাটাইলে সাবেক মন্ত্রী আজাদ সমর্থকরা সমাবেশ করে। সমাবেশে এ আসনের চারবারের সাবেক এমপি ও মন্ত্রী লুৎফর রহমান খান আজাদ, বিএনপির নির্বাহী কমিটির সদস্য মাঈনুল ইসলাম, পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক মেয়র মঞ্জুরুল হক, সাবেক সাধারণ সম্পাদক ফারুক হোসেন ধলা বক্তব্য দেন। কালের কণ্ঠ, ৪ নভেম্বর ২০২৫

### ৩২. মনোনয়ন দ্বন্দ্বে নিতাই চৌধুরী-যুবদল নেতা নয়নের সমর্থকদের সংঘর্ষ

মনোনয়ন দ্বন্দ্বে নড়াইলের সীমান্ত ঘেঁষা মাগুরা-২ আসনের বিএনপির প্রার্থী অ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী ও যুবদল নেতা রবিউল ইসলাম নয়নের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের ১৫ জন আহত হয়েছেন। মঙ্গলবার (৪ নভেম্বর) সকালে মাগুরার মোবারকপুর ও নড়াইলের চাকুলিয়া গ্রামে দুই দফায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয়রা জানান, আধিপত্য বিস্তারসহ নানান ইস্যুতে মাগুরার মোহাম্মদপুর উপজেলার মোবারকপুর ও মশাখালী- এ দুই গ্রামঘেঁষা নড়াইলের লোহাগড়া উপজেলার চাকুলিয়া গ্রামের দুই পক্ষের মধ্যের বিরোধ আগের থেকেই আছে। জাগো নিউজ, ৪ নভেম্বর ২০২৫

### ৩৩. কিশোরগঞ্জ-৫ আসনে ইকবালকে প্রার্থী করার দাবিতে ট্রেন আটকে বিএনপি নেতাকর্মীর বিক্ষোভ

কিশোরগঞ্জ-৫ (নিকলী-বাজিতপুর) আসনে বিএনপি নেতা শেখ মজিবুর রহমান ইকবালকে দলের প্রার্থী ঘোষণার দাবিতে ট্রেন আটকে বিক্ষোভ মিছিল করেছেন তার কর্মী-সমর্থকরা।বৃহস্পতিবার (৬ নভেম্বর) বিকালে বাজিতপুর উপজেলার সরারচর শিবনাথ উচ্চ বিদ্যালয়ের সামনে থেকে একটি মিছিল বের হয়। সেটি সরারচর বাজার ঘুরে রেলগেট মোড়ে গিয়ে অবস্থান নেয়। এ সময় বিক্ষুব্ধ সমর্থকরা কিশোরগঞ্জ থেকে ঢাকাগামী 'কিশোরগঞ্জ এক্সপ্রেস' ট্রেনটি কিছু সময়ের জন্য আটকে দেয়। পরে উপজেলা বিএনপির নেতৃবৃন্দ সমর্থকদের সরিয়ে ট্রেন চলাচল স্বাভাবিক করেন। বাংলা ট্রিবিউন, ৬ নভেম্বর ২০২৫

### ৩৪. বিএনপির দুই পক্ষের সংঘর্ষ ও অগ্নিসংযোগ, আটক ২

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রউফ এবং তার ছোট ভাই স্থানীয় পিরোজপুর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুল জলিলের সমর্থকদের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে কমপক্ষে চার জন আহত হয়েছেন। বাড়িঘর আগুন দিয়ে পুড়িয়ে দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় দুজনকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার (৬ নভেম্বর) রাতে উপজেলার পিরোজপুর ইউনিয়নের আষাড়িয়ারচর এলাকায় এ ঘটনা ঘটে। বাংলা ট্রিবিউন, ৭ নভেম্বর ২০২৫

### ৩৫. সাতক্ষীরা-৩ আসনে বিএনপির মনোনয়ন ঘিরে বিএনপির দুই পক্ষের মিছিল-উত্তেজনা, আটক ৩

সাতক্ষীরা-৩ (কালীগঞ্জ-আশাশুনি) আসনে বিএনপির মনোনীত প্রার্থী ও মনোনয়নবঞ্চিত প্রার্থীর সমর্থকদের পাল্টাপাল্টি কর্মসূচিকে ঘিরে উত্তেজনা সৃষ্টি হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল থেকে কালীগঞ্জ উপজেলার ফুলতলা এলাকায় এ ঘটনা ঘটে। নাশকতার আশঙ্কায় তিনজনকে আটক করা হয়েছে। আটক ব্যক্তিরা হলেন সাতক্ষীরার কালীগঞ্জ উপজেলার পূর্ব নারায়ণপুরের শুভংকর ঘোষ (৪০), কাশিবাটির আবদুল মান্নান সরদার (২৩) ও বাটরার আল মামুন (২৩)। প্রথম আলো, ৭ নভেম্বর ২০২৫

### ৩৬. বিএনপির দুই পক্ষের সংঘর্ষে রণক্ষেত্র ফরিদপুর, আহত ২৫

ঐতিহাসিক ৭ নভেম্বর বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে ফরিদপুরের বোয়ালমারীতে বিএনপির দুই পক্ষের মধ্যে দফায় দফায় সংঘর্ষে রণক্ষেত্রে পরিণত হয় এলাকা। শুক্রবার (৭ নভেম্বর) বিকেলে ওয়াপদার মোড়ে এ সংঘর্ষে তিন পুলিশ সদস্যসহ অন্তত ২৫ জন আহত হয়েছেন। সংঘর্ষের সময় ওয়াপদার মোড়ের পাশে হারুন শপিং কমপ্লেক্সে বিএনপির এক পক্ষের কার্যালয়ে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করা হয়। আগুন দেওয়া হয় কমপ্লেক্সের সামনে থাকা অন্তত ১১টি মোটরসাইকেলে। এ সময় আশপাশের দোকানপাটও রেহাই পায়নি। ডেইলি ক্যাম্পাস, ৭ নভেম্বর ২০২৫

### ৩৭. লাকসামে বিএনপির দু'পক্ষের সংঘর্ষে আহত ৩০

দলীয় কর্মসূচি পালনকে কেন্দ্র করে বিএনপির দু'পক্ষের মধ্যে সংঘর্ষ ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের অন্তত ৩০ জন আহত হয়েছেন। রোববার বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার কান্দিরপাড় ইউনিয়নের চনগাঁও এলাকায় এ সংঘর্ষ হয়। লাকসাম থানার ওসি নাজনীন সুলতানা এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, ঘটনার পরপরই পুলিশ ও সেনাবাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। এ ঘটনা এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ করেনি। ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়ন রয়েছে। মানবজমিন, ৯ নভেম্বর ২০২৫

**৩৮. জবি ছাত্রদলের দু'গ্রুপের দফায় দফায় সংঘর্ষে আহত ১২**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) শাখা ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে দফায় দফায় সংঘর্ষে অন্তত ১২ জন শিক্ষক-শিক্ষার্থী আহত হয়েছেন। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় গেট, কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ ও ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যানের কক্ষের সামনে সংঘর্ষের এসব ঘটনা ঘটে। সংঘর্ষে জড়িত ছিলেন ছাত্রদলের আহ্বায়ক সদস্য কাজী জিয়া উদ্দিন বাসেতের অনুসারী গ্রুপ এবং সুমন সরদার গ্রুপের নেতাকর্মীরা। আমার দেশ, ১১ নভেম্বর ২০২৫

**৩৯. বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, এক মামলায় স্থবির ৫ ইউপির কার্যক্রম**

দলীয় মনোনয়নকে কেন্দ্র করে ফরিদপুরের বোয়ালমারীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষের মামলায় আসামি করা হয়েছে পাঁচ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে। এতে চেয়ারম্যানরা গ্রেফতার আতঙ্কে পরিষদগুলোতে ঠিকমতো না আসায় স্বাভাবিক কার্যক্রমে স্থবিরতা দেখা দিয়েছে। এ অবস্থায় নাগরিকসেবা ব্যাহত হচ্ছে বলে ইউপি পরিষদের একাধিক সদস্যের সঙ্গে কথা বলে জানা গেছে। বাংলা ট্রিবিউন, ১৩ নভেম্বর ২০২৫

**৪০. চাঁপাইনবাবগঞ্জ-২ আসনে প্রার্থী পরিবর্তনের দাবিতে বিএনপির অফিস ভাঙচুর**

চাঁপাইনবাবগঞ্জ-২ আসনে বিএনপির ঘোষিত প্রার্থী আমিনুল ইসলামকে পরিবর্তনের দাবিতে নাচোলে রেলপথ অবরোধ করেন তৃণমূল বিএনপির নেতা-কর্মীরা। রোববার (১৬ নভেম্বর) সকালে নাচোল রেলস্টেশনে বিক্ষোভকারীরা রেললাইনে অবস্থান নিলে রাজশাহী থেকে আসা রহনপুরগামী লোকাল কমিউটার ট্রেন স্টেশনে পৌঁছায়। ট্রেনটি থামিয়ে দেয়ার চেষ্টা করলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে বিক্ষোভকারীদের সরিয়ে দেয়। পরে ট্রেনটি যথাসময়ে স্টেশন ছেড়ে যায়। এ সময় কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি বলে জানায় পুলিশ। চ্যানেল ২৪, ১৬ নভেম্বর ২০২৫

**৪১. মধুপুরে মনোনয়ন দ্বন্দ্বে বিএনপির দুই গ্রুপে ধাওয়া-পালটাধাওয়া**

টাঙ্গাইলের মধুপুরে মনোনয়নকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে তীব্র সংঘর্ষ, ধাওয়া-পালটাধাওয়া, ককটেল বিস্ফোরণ ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এতে কয়েকজন আহত হওয়ার খবর পাওয়া গেলেও তাৎক্ষণিকভাবে কারও নাম-পরিচয় নিশ্চিত হওয়া যায়নি।বুধবার (১৯ নভেম্বর) বিকালে মধুপুর বাসস্ট্যান্ডের

সড়ক মোহনার আনারস চত্বর এলাকায় এ ঘটনা ঘটে। মনোনয়ন বঞ্চিত কেন্দ্রীয় বিএনপি নেতা অ্যাডভোকেট মোহাম্মদ আলীর সমর্থকরা বিকাল সাড়ে ৪টার দিকে ফকির মাহবুব আনাম স্বপনের মনোনয়ন বাতিলের দাবিতে পূর্বনির্ধারিত বিক্ষোভ মিছিল নিয়ে মধুপুর বাসস্ট্যান্ডের দিকে অগ্রসর হয়। এ সময় আগেই সেখানে অবস্থান করা মনোনয়নপ্রাপ্ত কেন্দ্রীয় নেতা ফকির মাহবুব আনাম স্বপন সমর্থিত গ্রুপ বাধা দিলে উত্তেজনা ছড়িয়ে পড়ে। যুগান্তর, ১৯ নভেম্বর ২০২৫

## ৪২. বিএনপির সমাবেশে বিরিয়ানি নিয়ে সংঘর্ষ, চেয়ার ভাঙচুর

চাঁদপুরের শাহারাস্তি উপজেলার ওয়ারুক বাজারে সোনালী ব্যাংক সংলগ্ন সাফিয়া প্লাজার সামনে বিএনপির আয়োজিত সমাবেশে বিরিয়ানি নিয়ে উত্তেজনা সৃষ্টি হয়ে সংঘর্ষের ঘটনা ঘটেছে। শুক্রবার (২১ নভেম্বর ২০২৫) বাদ আছর শুরু হওয়া এ অনুষ্ঠান এশার নামাজের পর সমাপ্ত হয়। স্থানীয় সূত্রে জানা যায়, সমাবেশ উপলক্ষে নির্দিষ্ট সংখ্যক খাবারের প্যাকেট প্রস্তুত করা হয়েছিল। তবে শেষদিকে প্যাকেট শেষ হয়ে গেলে বিরিয়ানি নেওয়া নিয়ে নেতাকর্মীদের মধ্যে কথা-কাটাকাটি শুরু হয়। ডেইলি ক্যাম্পাস, ২২ নভেম্বর ২০২৫

## ৪৩. হাতিয়ায় বিএনপির প্রার্থী ও প্রতিপক্ষের অনুসারীদের মধ্যে সংঘর্ষ, ভাঙচুর ও অগ্নিসংযোগ

নোয়াখালী-৬ (হাতিয়া) আসনে বিএনপি নেতা ফজলুল আজিমের সমর্থকদের সঙ্গে দলীয় সংসদ সদস্য প্রার্থী মাহাবুবের রহমান শামীমের সমর্থকদের পাল্টাপাল্টি হামলা, ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটেছে। আজ শনিবার বিকেল সাড়ে পাঁচটা থেকে সাড়ে ছয়টা পর্যন্ত হাতিয়ার ওছখালিতে এ ঘটনা ঘটে। হামলা চলাকালে বেশ কিছু বিস্ফোরণের শব্দ শোনা যায়। হামলা ভাঙচুরের শিকার হয়েছে একটি আবাসিক হোটেল ও একটি রিসোর্টের কাচ ভাঙচুর করা হয়। এতে উভয় পক্ষের কমপক্ষে ১০ জন আহত হয়েছে বলে জানা গেছে। প্রথম আলো, ২২ নভেম্বর ২০২৫

## ৪৪. রূপগঞ্জে অবৈধ গরুর হাটের নিয়ন্ত্রণ নিতে বিএনপি দুই গ্রুপের সংঘর্ষ, আহত ৩

নারায়ণগঞ্জের রূপগঞ্জে একটি অবৈধ গরুর হাটের নিয়ন্ত্রণ নিয়ে দুই গ্রুপের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ হয়েছে। সোমবার দুপুর ১টার দিকে উপজেলার সদর ইউনিয়নের শিমুলিয়া এলাকায় এ ঘটনা ঘটে। সংঘর্ষে অন্তত তিনজন গুরুতর আহত হন। স্থানীয়রা জানান, পূর্বাচলের শিমুলিয়া এলাকায় অনুমোদনবিহীন এই হাটটি কয়েক মাস আগে স্থানীয় প্রশাসন বন্ধ করে দেয়। কিন্তু গত কয়েক সপ্তাহ ধরে জসিম উদ্দিন নামে একজন ব্যক্তির প্রভাব খাটিয়ে সেখানে নিয়মিত হাট

বসছে। সোমবার হাট চলাকালে মামুন নামে আরেক ব্যক্তি তার লোকজন নিয়ে হাটের নিয়ন্ত্রণ নিতে আসে। এ নিয়ে দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ ছড়িয়ে পড়ে। বার্তা বাজার, ২৪ নভেম্বর ২০২৫

**৪৫. ঝিনাইদহে বিএনপির দু'গ্রুপের সংঘর্ষ, পুলিশসহ আহত ৭**

ঝিনাইদহ সদরে বিএনপির দু'পক্ষের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় পুলিশের একটি গাড়ি ভাঙচুর করা হয়। এতে পুলিশসহ অন্তত ৭ জন আহত হয়েছেন। রোববার (২৩ নভেম্বর) বিকেলে ৫টার দিকে সদরের হারানঘাট এলাকায় এ ঘটনা ঘটে। এলাকাটিতে বর্তমানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। জানা যায়, সদর উপজেলার দোগাছী ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি নজরুল ইসলাম এর সঙ্গে ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক সিরাজ বিশ্বাসের এলাকায় রাজনৈতিক আধিপত্ত বিস্তার নিয়ে বিরোধ চলছিল। এরই জেরে বিকেলে হারানঘাট গ্রামে নজরুল ইসলাম এর সমর্থক মিঠু বিশ্বাসকে কুপিয়ে গুরুতর আহত করে প্রতিপক্ষের সমর্থকরা। পরে জেলা শহরে বিএনপির মিটিং শেষ করে বিকেল ৫টার দিকে সিরাজ বিশ্বাসের সমর্থক গোলাম ফারুক ও রকিবুল ইসলাম বাড়ি ফিরছিল। চ্যানেল ২৪, ২৪ নভেম্বর ২০২৫

**৪৬. মনোনয়ন নিয়ে রাজশাহীতে বিএনপির দুপক্ষের সংঘর্ষ, আহত ২০**

ত্রয়োদশ সংসদ নির্বাচনে মনোনয়ন নিয়ে দ্বন্দ্বের জেরে রাজশাহীর তানোর উপজেলা সদরে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের অন্তত ২০ জন আহতের খবর পাওয়া গেছে। মঙ্গলবার (২৫ নভেম্বর) সন্ধ্যায় রাজশাহী-১ (গোদাগাড়ী-তানোর) আসনে বিএনপির প্রাথমিক মনোনয়ন পাওয়া মেজর জেনারেল (অব.) শরীফ উদ্দিন ও 'মনোনয়নবঞ্চিত' সুলতানুল ইসলাম তারেকের অনুসারীদের মধ্যে এই সংঘর্ষের ঘটনা ঘটে। ইত্তেফাক, ২৫ নভেম্বর ২০২৫

**৪৭. মসজিদে নামাজ চলাকালীন বিএনপির এক পক্ষের ওপর অন্য পক্ষের অতর্কিত হামলা**

মুন্সিগঞ্জের শ্রীনগরে মসজিদে নামাজ চলাকালীন সময়ে বিএনপির এক গ্রুপের ওপর আরেক গ্রুপের অতর্কিত হামলার ঘটনা ঘটেছে। এ সময় আহত হয়েছেন বেশ কয়েকজন। শুক্রবার (২৮ নভেম্বর) সন্ধ্যা ৬টার দিকে উপজেলার দেউলভোগ দয়হাটা বায়তুল আমান জামে মসজিদের ভেতর এ ঘটনা ঘটে। পুলিশ জানায়, মুন্সিগঞ্জ-১ আসনে বিএনপির মনোনয়নকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে উত্তেজনা বিরাজ করছে। ঘটনার প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা যায়, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আওলাদ হোসেন উজ্জ্বলের মৃত

শ্বশুরের জানাজায় অংশ নিতে কেন্দ্রীয় বিএনপির স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর সরাফত আলী সপু দয়হাটা এলাকায় আসেন। এ সময় মুন্সিগঞ্জ-১ আসনে বিএনপির মনোনীত প্রার্থী শেখ আব্দুল্লাহর সমর্থক ও উপজেলা যুবদলের বহিষ্কৃত নেতা তরিকুল ইসলাম তার পথরোধ করেন। পরে মীর সরাফত আলী সপু মোটরসাইকেলযোগে জানাজাস্থলে পৌঁছান। জানাজা শেষে তিনি নামাজ পড়তে দয়হাটা বায়তুল আমান জামে মসজিদে গেলে সাবেক যুবদল নেতা তরিকুল ইসলামের নেতৃত্বে তার অনুসারীরা মসজিদে নামাজ চলাকালীন সময়ে সপুর সঙ্গে থাকা নেতাকর্মীদের ওপর হামলা চালায়। চ্যানেল ২৪, ২৮ নভেম্বর ২০২৫

### ৪৮. টাঙ্গাইলে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ, আহত অন্তত ১০

টাঙ্গাইল-৬ আসনে মনোনয়নকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। শনিবার (২৯ নভেম্বর) দুপুরে দেলদুয়ার উপজেলার এলাসিন বাজারে এই ঘটনা ঘটে। পুলিশ জানায়, টাঙ্গাইল-৬ আসনে প্রজন্ম দলের নির্বাহী কমিটির সভাপতি জুয়েল সরকারকে মনোনয়ন দেয়ার দাবিতে তার কর্মী-সমর্থকরা মানববন্ধন করছিলেন। পরে একটি বিক্ষোভ মিছিল বের করেন তারা। একই সময় বিএনপির প্রাথমিক মনোনয়ন পাওয়া রবিউল আউয়াল লাভলুর সমর্থকরা মিছিল নিয়ে সেখান দিয়ে যাচ্ছিলেন। এ সময় দুই গ্রুপের সমর্থকদের মধ্যে বাগ্‌বিতণ্ডা হয়। একপর্যায়ে তা সংঘর্ষে রূপ নেয়। এতে অন্তত ১০ জন আহত হন। যমুনা টিভি, ২৯ নভেম্বর ২০২৫

### ৪৯. বিএনপি নেত্রী শামা ওবায়েদের সমর্থকদের দুই গ্রুপের সংঘর্ষ, আহত শতাধিক

ফরিদপুরের সালথায় স্থানীয় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে ভয়াবহ সংঘর্ষের ঘটনা ঘটেছে। এক ইউনিয়নের একাধিক গ্রামের মানুষ এই সংঘর্ষে জড়িয়ে পড়েন। এতে উভয় গ্রুপের শতাধিক মানুষ আহত হওয়ার পাশাপাশি কয়েকটি বাড়িঘর ও দোকানপাটে ভাঙচুর-লুটপাটের ঘটনাও ঘটে। শনিবার (২৯ নভেম্বর) সকাল ৭টার দিকে উপজেলার গট্টি ইউনিয়নের বালিয়াগট্টি বাজার এলাকায় সংঘর্ষের সূত্রপাত ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, গট্টি ইউনিয়নের নুরু মাতুব্বর ও জাহিদ মাতুব্বরের মধ্যে আধিপত্য বিস্তার নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছে। তারা দুজনই ফরিদপুর-২ আসনের বিএনপির প্রাথমিক তালিকাভুক্ত প্রার্থী ও দলের সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদ ইসলাম রিংকুর সমর্থক। তবে তারা আগে আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন বলে জানা গেছে। গত বছরের ৫ আগস্ট সরকার পরিবর্তনের পর তারা বিএনপির রাজনীতিতে সক্রিয় হন। ডেইলি ক্যাম্পাস, ২৯ নভেম্বর ২০২৫

**৫০. নারায়ণগঞ্জে ছাত্রদলের দুপক্ষের সংঘর্ষে আহত ৮**

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে নারায়ণগঞ্জের রূপগঞ্জে ছাত্রদলের দুই পক্ষের ধাওয়া, পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় গোলাকান্দাইল ইউনিয়নের হোরগাঁও চেয়ারম্যান বাড়ি এলাকায় ছাত্রদল কার্যালয়ে (স্বতন্ত্রভাবে গড়ে তোলা) ভাঙচুরের ঘটনা ঘটে। বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) দুপুরে গোলাকান্দাইল ইউনিয়নের হোরগাঁও চেয়ারম্যান বাড়ি এলাকায় এ ঘটনা ঘটে। সংঘর্ষ চলাকালে দুপক্ষের অন্তত ৮ জন আহত হন। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় নেতাকর্মীরা জানান, দীর্ঘদিন ধরে এলাকার প্রভাব বিস্তার ও আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে রূপগঞ্জ উপজেলার গোলাকান্দাইল ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ছাত্রদল নেতা সাজ্জাদ মাওলা বিন মিজান ও ছাত্রদল নেতা রাকিব হাসানের মধ্যে বিরোধ চলে আসছিল। ইত্তেফাক, ৪ ডিসেম্বর ২০২৫

## দলীয় কোন্দলের আরও খবর–

- কুষ্টিয়ায় বালুঘাট দখল নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত ৫, প্রথম আলো, ২২ সেপ্টেম্বর ২০২৪
- ঝিনাইদহে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে আহত ১২, কালের কণ্ঠ, ১০ ডিসেম্বর ২০২৪
- কুড়িগ্রামের ভূরুঙ্গামারীতে বিজয়স্তম্ভে ফুল দেয়া নিয়ে বিএনপির দুগ্রুপের সংঘর্ষ, আহত ৯, চ্যানেল২৪, ১৬ ডিসেম্বর ২০২৪
- লক্ষ্মীপুরে বিএনপির দুই গ্রুপে সংঘর্ষ, আহত ১৫, জাগো নিউজ, ২০ ডিসেম্বর ২০২৪
- ভৈরবে 'হাইব্রিড' ডাকায় বিএনপির দুগ্রুপের সংঘর্ষ, ২০ দোকানপাট ভাঙচুর, আহত ৩, ইনকিলাব, ১৮ জানুয়ারি ২০২৫
- আওয়ামী লীগ নেতাকে গ্রেপ্তার নিয়ে রাজশাহীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, আহত ৪, প্রথম আলো, ৮ মার্চ ২০২৫
- আক্কেলপুরে বিএনপির মনোনয়ন নিয়ে সংঘর্ষ, আহত ২, এনটিভি অনলাইন, ৬ নভেম্বর ২০২৫
- কুমিল্লা-১০ আসনে বিএনপি নেতাকর্মীদের রেলপথ অবরোধ, সময় টিভি, ৬ নভেম্বর ২০২৫
- মশাল মিছিলে বিএনপির দুই গ্রুপের মারামারি, এনপিবি নিউজ, ২২ নভেম্বর ২০২৫

- বস্তার ব্যবসা নিয়ে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, ঢাকা পোস্ট, ২৫ নভেম্বর ২০২৫
- জামালপুরে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, আহত ৪, ডেইলি ক্যাম্পাস, ২৬ নভেম্বর ২০২৫
- ঝিনাইদহে বিএনপির দুপক্ষের সংঘর্ষে আহত ১০, যুগান্তর, ২৭ নভেম্বর ২০২৫
- বিএনপির দুই গ্রুপে সংঘর্ষ, ককটেল বিস্ফোরণ, যুগান্তর, ২৯ নভেম্বর ২০২৫
- মনোনয়ন নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে নারীসহ আহত ৮, ইত্তেফাক, ৫ ডিসেম্বর ২০২৫
- শাখা ছাত্রদল আহ্বায়কের নেতৃত্বে সদস্যের ওপর হামলার অভিযোগ, ডেইলি ক্যাম্পাস, ৫ ডিসেম্বর ২০২৫
- ছাত্রাবাসে মাদক সেবন-নিয়ন্ত্রণ নিয়ে ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষে আহত ৩, আইসিইউতে একজন, ডেইলি ক্যাম্পাস, ৭ ডিসেম্বর ২০২৫
- গাজীপুরে বিএনপির মনোনয়ন ঘিরে ২ গ্রুপের সংঘর্ষ, সময় টিভি, ৭ ডিসেম্বর ২০২৫

# ছবিতে বিএনপি ও এর অঙ্গসংগঠনের কোন্দল





গাজীপুরের কোনাবাড়ীতে ঝুট (পরিত্যক্ত মালামাল) ব্যবসার নিয়ন্ত্রণ নিতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে আহত পাঁচজনের একজন। প্রথম আলো, ১ অক্টোবর ২০২৪। ঝিনাইদহে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে আহত ১২ জনের একজন। কালের কণ্ঠ, ১০ ডিসেম্বর ২০২৪





বাগেরহাট কেন্দ্রীয় বাসস্ট্যান্ডের দখল নিয়ে বিএনপিপন্থি দুই শ্রমিক সংগঠনের পাল্টাপাল্টি ধাওয়া এবং লাঠিসোঁটা ও দেশীয় অস্ত্র নিয়ে মহড়ার ঘটনা ঘটে। আইনশৃঙ্খলা বাহিনীর উপস্থিতেই দেশীয় অস্ত্র নিয়ে পাল্টাপাল্টি ধাওয়া দিতে দেখা যায়। ঢাকা পোস্ট, ২ ডিসেম্বর ২০২৪





রাউজানে উত্তর জেলা বিএনপির আহ্বায়ক গোলাম আকবর খন্দকারের অনুসারীরা মিছিল বের করলে তাতে বাধা দেয় আরেক পক্ষ। আজ বিকেলে উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে। প্রথম আলো, ৬ ডিসেম্বর ২০২৪। বরগুনার আমতলীতে বাস কাউন্টার দখলে নেওয়াকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষে আহত ১৭ জনের একজন। প্রথম আলো, ৮ ফেব্রুয়ারি ২০২৫



লক্ষ্মীপুরের রায়পুরে আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দুই গ্রুপের মধ্যে দফায় দফায় সংঘর্ষে অন্তত ১৫ জন আহত হন। জাগো নিউজ, ২০ ডিসেম্বর ২০২৪





নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে আদমজী ইপিজেডের ঝুট ব্যবসার আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপির দু'গ্রুপের মধ্যে ব্যাপক সংঘর্ষেও সময় গুলি ছুড়ছেন বিএনপির এক কর্মী। কালবেলা, ৬ মার্চ ২০২৫। রাজশাহীতে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের সময় তিনটি মোটরসাইকেল পোড়ানো হয়। প্রথম আলো, ৮ মার্চ ২০২৫





বরগুনার তালতলীতে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষের সময় আইনশৃঙ্খলা বাহিনী লাঠিপেটা করে ছত্রভঙ্গ করে দেয়। প্রথম আলো, ১ জুলাই ২০২৫। খুলনার রূপসা উপজেলায় বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনায় আহত পাঁচজনের মধ্যে দুইজন। ইত্তেফাক, ৩০ অক্টোবর ২০২৫





মেহেরপুর-২ আসনের মনোনয়ন দ্বন্দ্বের জেরে বিএনপির দু'পক্ষের মধ্যে হামলা ও পাল্টা হামলায় একে অপরের মোটর সাইকেল ভাঙচুর করা হয়। ইত্তেফাক, ৪ নভেম্বর ২০২৫। টাঙ্গাইল-৩ আসনে বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক মন্ত্রী লুৎফর রহমান খান আজাদকে দলীয় মনোনয়ন না দেওয়ায় বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ করেছে তার সমর্থকরা। কালের কণ্ঠ, ৪ নভেম্বর ২০২৫





চট্টগ্রাম-৪ (সীতাকুণ্ড) আসনে বিএনপির সাবেক যুগ্ম মহাসচিব আসলাম চৌধুরীকে দলীয় মনোনয়ন না দেওয়ায় তাঁর বিক্ষুব্ধ কর্মী-সমর্থকেরা ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। প্রথম আলো, ৩ নভেম্বর ২০২৫। চাঁদপুর-৪ আসনে ফরিদগঞ্জ উপজেলা বিএনপির আহ্বায়ক এম এ হান্নানকে নির্বাচনে দলীয় প্রার্থী ঘোষণা না দেয়ায় বিক্ষোভ করেছে দলীয় নেতাকর্মী ও সমর্থকদের একাংশ। যমুনা টিভি, ৪ নভেম্বর ২০২৫






কিশোরগঞ্জ-৫ (নিকলী-বাজিতপুর) আসনে বিএনপি নেতা শেখ মজিবুর রহমান ইকবালকে দলের প্রার্থী ঘোষণা না করায়ট্রেন আটকে বিক্ষোভ মিছিল করেছেন তার কর্মী-সমর্থকরা। বাংলা ট্রিবিউন, ৬ নভেম্বর ২০২৫। সাতক্ষীরা-৩ (কালীগঞ্জ-আশাশুনি) আসনে বিএনপির মনোনীত প্রার্থী ও মনোনয়নবঞ্চিত প্রার্থীর সমর্থকদের

পাল্টাপাল্টি কর্মসূচিকে ঘিরে দেশী অস্ত্রসহ তিনজনকে আটক করা হয়েছে। প্রথম আলো, ৭ নভেম্বর ২০২৫




কুষ্টিয়া-৩ (সদর) আসনে বিএনপির স্থানীয় সরকারবিষয়ক সম্পাদক ও সাবেক সংসদ সদস্য সোহরাব উদ্দিন দলীয় মনোনয়ন না পাওয়ায় রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করেছেন তাঁর অনুসারী নেতা-কর্মীরা। প্রথম আলো, ৩ নভেম্বর ২০২৫। মুন্সিগঞ্জের শ্রীনগরে মসজিদে নামাজ চলাকালীন সময়ে বিএনপির এক গ্রুপের ওপর আরেক গ্রুপের অতর্কিত হামলার ঘটনা ঘটেছে। চ্যানেল ২৪, ২৮ নভেম্বর ২০২৫




টাঙ্গাইল-৬ আসনে মনোনয়নকে কেন্দ্র করে বিএনপির দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের সময় লাঠিসোটা নিয়ে হামলার ঘটনা ঘটে। যমুনা টিভি, ২৯ নভেম্বর ২০২৫। আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে নারায়ণগঞ্জের রূপগঞ্জে ছাত্রদলের দুই পক্ষের ধাওয়া, পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। ইত্তেফাক, ৪ ডিসেম্বর ২০২৫

## ■ মাদক ও চোরাচালান

মাদক ও চোরাচালান ইস্যুতে বিএনপি ও এর অঙ্গসংগঠনের একাধিক নেতাকর্মীর নাম বারবার গণমাধ্যমের শিরোনামে উঠে এসেছে। ইয়াবা, গাঁজা, ফেনসিডিল, হেরোইন—দেশের প্রায় সব সীমান্তবর্তী ও অভ্যন্তরীণ এলাকাতেই গ্রেপ্তার, মাদক সেবনের ভিডিও ভাইরাল, অস্ত্রসহ মাদক উদ্ধার এবং দলীয় পদ হারানোর ঘটনা ঘটেছে। ছাত্রদল, যুবদল, স্বেচ্ছাসেবক দল থেকে শুরু করে মূল দল বিএনপির নেতাদের বিরুদ্ধেও অভিযোগ এসেছে। এসব ঘটনা বিচ্ছিন্ন নয়; বরং সংগঠনের ভেতরে মাদক ও চোরাচালান ঘিরে একটি উদ্বেগজনক প্রবণতার ইঙ্গিত দেয়, এতে দলটিকে সামাজিক শৃঙ্ক্ষলাভঙ্গে অভিযুক্ত করা যায়।

### ১. ছাত্রদল নেতা উজ্জ্বলের বিরুদ্ধে মাদক সরবরাহের ভিডিও ভাইরাল



সদ্য বিলুপ্ত কমিটির নোয়াখালী জেলা ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম উজ্জ্বলের বিরুদ্ধে মাদক সরবরাহের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ভাইরাল হয়েছে।সোমবার (২৩ সেপ্টেম্বর) নোয়াখালীর কোম্পানিঘাটায় হাতে-নাতে গাঁজার প্যাকেটসহ জবানবন্দি দেওয়া অবস্থায় এক যুবকের একটি ভিডিও ভাইরাল হয়। ঔ যুবককে বলতে দেখা যায়, আমি করিমপুর আইছি (আসছি) মালের (গাঁজার) জন্য। উজ্জ্বল ভাই আমারে (আমাকে) ফোন দিছে আসার জন্য তাই আমি আইছি (আসছি)। শ্যামল বাংলা, ২৪ সেপ্টেম্বর ২০২৪

### ২. টেকনাফে ইয়াবাসহ ছাত্রদল নেতা গ্রেফতার



কক্সবাজার টেকনাফে ৩২০০ পিস ইয়াবাসহ এক ছাত্রদল নেতাকে গ্রেফতার করেছে র‍্যাব। গ্রেফতার আশরাফ আলী (২৪) টেকনাফ পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড ছাত্রদলের আহ্বায়ক এবং কুলালপাড়া এলাকার বাসিন্দা। র‍্যাব সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার (১৬ অক্টোবর) টেকনাফ পৌরসভা এলাকায় অভিযান চালানো হয়। এ সময় শিলবনিয়াপাড়ার একটি মাদ্রাসার সামনে থেকে ছাত্রদল নেতা আশরাফকে গ্রেফতার করা হয়। এ সময় তার শরীর তল্লাশি করে ৩২০০ পিস ইয়াবা উদ্ধার হয়। বাংলা ট্রিবিউন, ১৬ অক্টোবর ২০২৪

### ৩. মাদকসেবনের সময় ছাত্রদল নেতাসহ আটক ৭

নেত্রকোনায় মাদক সেবনের সময় পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মশিউর রহমান



বাপ্পিসহ সাতজনকে আটক করেছে সেনাবাহিনী। বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে জেলা শহরের নতুন জেলখানা রোডের একটি অটোরিকশা গ্যারেজ থেকে তাদের হাতেনাতে আটক করে সেনাবাহিনীর সদস্যরা। আটক ব্যক্তিরা হলেন, নেত্রকোনা শহরের কুরপাড় এলাকার বাসন্দিা ও পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মশিউর রহমান বাপ্পি, একই এলাকার সিফাত আল সাদি, আব্দুল সামি সৌরভ, শহরের বড় বাজার এলাকার অভিজিৎ সাহা মন্ডল, সদরের সনুরা চল্লিশা এলাকার মো: হিরা, বাইশদার এলাকার মো: সিমুল খান ও কেন্দুয়া উপজেলার বারলা পাইকুর এলাকার মো: রুবেল। কালবেলা, ২৫ অক্টোবর ২০২৪

**৪. মাদকসংশ্লিষ্টতার অভিযোগে ছাত্রদল নেতাকে অব্যাহতি**




মাদকসংশ্লিষ্টার অভিযোগে শেরপুরের নালিতাবাড়ী শহর ছাত্রদলের আহ্বায়ক ফরিদ আলমকে অব্যাহতি দেওয়া হয়েছে। দলীয় শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে শনিবার রাতে জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির দপ্তর সম্পাদক মো: জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে তাকে অব্যাহতি প্রদান করা হয়। রবিবার (৮ ডিসেম্বর) দুপুরে শেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নিয়ামুল হাসান আনন্দ সাংবাদিকদের বিষয়টি সত্যতা নিশ্চিত করেছেন। এর আগে গত ৫ ডিসেম্বর রাতে নালিতাবাড়ী পৌর শহরের কালিনগর এলাকায় হেরোইনসহ যৌথ বাহিনীর হাতে গ্রেপ্তার হন ছাত্রদল নেতা ফরিদ আলম। কালের কণ্ঠ, ৮ ডিসেম্বর ২০২৪

**৫. রূপগঞ্জে মদপানে ছাত্রদল কর্মীর মৃত্যু**

নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার গোলাকান্দাইল ইউনিয়নের মাহনা বটেরচর এলাকার ছাত্রদল কর্মী হৃদয় মিয়ার (২২) মদপানে মৃত্যু হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। সে মাহনা বটেরচর এলাকার দানেস মিয়ার ছেলে। পুলিশ জনায়, গত ২৪ ডিসেম্বর মঙ্গলবার রাতে অতিরিক্ত মদপানে হৃদয় মিয়া অসুস্থ হয়ে পড়ে। এসময় তাকে প্রথমে স্থানীয় হাসপাতালে ও পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। গতকাল বুধবার ২৫ ডিসেম্বর রাত আটটার দিকে তার মৃত্যু হয়। ইত্তেফাক, ২৬ ডিসেম্বর ২০২৪

**৬. মাদক কারবারি থেকে বিএনপি নেতা; সংশ্লিষ্টদের দাবি, তিনি বহিষ্কৃত**

বিগত সরকারের আমলে মাদক কারবারিতে যুক্ত থাকা রেজাউল সরদার ওরফে রেজু এখন ওয়ার্ড শ্রমিক দলের সভাপতি! পটুয়াখালীর বাউফল উপজেলার



কালাইয়া ইউনিয়নে এমন ঘটনা ঘটেছে। শ্রমিক দলের সভাপতি পরিচয়ে রাস্তাঘাটে ব্যানার-ফেস্টুনও ঝুলিয়েছেন এই নেতা, নিয়মিত প্রভাব বিস্তারও করছেন এলাকায়। যমুনা টিভি, ১৮ জানুয়ারি ২০২৫

**৭. বিএনপি নেতার বাড়িতে মিলল মাদক ও টাকা, স্ত্রী-ছেলে গ্রেপ্তার**



কুষ্টিয়ার দৌলতপুরের মরিচা ইউনিয়ন বিএনপির যুগ্ম-আহ্বায়ক লিয়াকত আলীর বাড়িতে অভিযান চালিয়ে প্রায় ২০ লাখ টাকা ও এক হাজার পিস ইয়াবা জব্দ করেছে যৌথ বাহিনী। এসময় ওই নেতার স্ত্রী ও ছেলেকে গ্রেপ্তার করা হয়। রবিবার (১৯ জানুয়ারি) ভোরে মরিচা ইউনিয়নের বৈরাগীচর এলাকায় লিয়াকতের বাড়ি থেকে মাদক ও টাকা জব্দ হয় বলে নিশ্চিত করেছেন দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হুদা। রাইজিংবিডি, ১৯ জানুয়ারি ২০২৫

**৮. টুঙ্গিপাড়ায় ইয়াবাসহ ছাত্রদল নেতা আটক**



গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় ইয়াবাসহ সোহান মোল্লা (২২) নামে এক ছাত্রদল নেতাকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। সোমবার (২০ জানুয়ারি) ভোরে উপজেলার গিমাডাঙ্গা এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক সোহান মোল্লা উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক ও গিমাডাঙ্গা এলাকার ওলিয়র রহমানের ছেলে। জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ নবী নেওয়াজ বলেন, গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে। জাগো নিউজ, ২০ জানুয়ারি ২০২৫

**৯. মাদক না পেয়ে যুবককে হত্যা করল ছাত্রদল নেতা**



বরগুনার তালতলীতে মাদক বেচাকেনা নিয়ে দন্দের জেরে মো: আরাফাত খান (২২) নামে এক যুবককে কুপিয়ে হত্যা করা হয়েছে। এ ঘটনায় সাগর নামে একজনকে আটক করেছে পুলিশ।শনিবার (০১ ফেব্রুয়ারী) রাত ৯ টার দিকে উপজেলার শারীরিকখালী ইউনিয়নের কচুপাত্র বাজারে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। নিহত আরাফাত খান পেশায় মটরসাইকেল চালক। এ সময় নিহত আরাফাতের সঙ্গে থাকা হাবিব উল্লাহ গুরুত্ব আহত হয়।জানা যায়, উপজেলার পঁচাকোড়ালিয়া ইউনিয়ন ছাত্রদলের

সহ-সভাপতি মোঃ আরাফাত সিকদার ও তার আপন ভাই সোহেল সিকদার, এবং তার চাচতো ভাই বাইজিদ সিকদার কচুপাত্রা বাজারে মাদকবিক্রি করে আসছে। এ মাদক বেচাকেনা নিয়ে তাদের ভিতরে দীর্ঘদিন ধরে দ্বন্দ্ব চলে আসছে। গতকাল শনিবার রাতে আরাফাত খান তার প্রতিবেশী হাবিব উল্লাহকে নিয়ে কচুপাত্রা বাজারে যাচ্ছিলো এ সময় পচাকোড়ালিয়া ইউনিয়ন ছাত্রদলের সহ সভাপতি আরাফাত সিকদার ও তার বাবা শহিদ সিকদার, তার আপন ভাই সোহেল সিকদার এবং চাচতো ভাই বাইজিদ সিকদারসহ ১০-১২ জন সন্ত্রাসী আরাফাত খানের মটরসাইকেল গতিরোধ করেন। পরে আরাফাত খানকে তাঁরা এলোপাতাড়ি কুপিয়ে জখম করে ফেলে চলে যান। যায়যায়দিন, ২ ফেব্রুয়ারি ২০২৫

**১০. ফেনীতে ২০ কেজি গাঁজাসহ স্বেচ্ছাসেবক দল নেতা গ্রেফতার**



ফেনীতে র‍্যাব-৭-এর মাদকবিরোধী অভিযানে ২০ কেজি গাঁজা উদ্ধারসহ চার মাদক কারবারিকে গ্রেপ্তার করা হয়েছে। শনিবার (১৫ মার্চ) র‍্যাব-৭-এর কোম্পানি সিনিয়র সহকারী পুলিশ সুপার এআরএম মোজাফফর হোসেনের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়। গ্রেপ্তাররা হলেন মরিয়ম, মো. শামিম, কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার বাতিসা ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের ১নং যুগ্ম আহ্বায়ক হেদায়েত উল্লাহ সবুজ, মো. জুনায়েদ হোসেন লিমন। এ সময় মাদক পরিবহনে ব্যবহৃত একটি সিএনজিও জব্দ করা হয়। আজাদির ডাক, ১৫ মার্চ ২০২৫

**১১. ইয়াবা সেবনের ভিডিও ভাইরাল, যুবদল নেতাকে নিয়ে তোলপাড়**



পটুয়াখালীর বাউফল উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মশিউর রহমান পলাশের মাদক (ইয়াবা) সেবনের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে। শুক্রবার (৪ এপ্রিল) সন্ধ্যার পর প্রকাশিত ৪ মিনিট ২ সেকেন্ডের ওই ভিডিওতে দেখা যায়, একটি কক্ষে বসে পলাশ ইয়াবা সেবন করছেন। ধারণা করা হচ্ছে, তার সঙ্গে থাকা কোনো ব্যক্তি গোপনে এই ভিডিও ধারণ করেছেন। দীর্ঘদিন ধরে তার বিরুদ্ধে মাদক সেবনের অভিযোগ রয়েছে। কালের কণ্ঠ, ৪ এপ্রিল ২০২৫

**১২. তরুণীকে নিয়ে ছাত্রদল নেতার মাদক সেবনের অভিযোগ, ভিডিও ভাইরাল**



গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় এক ছাত্রদল নেতার মাদক সেবনের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ায় উপজেলা জুড়ে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ভিডিওতে এক তরুণী ও এক যুবককে মাদক সেবনের প্রস্তুতি নিতে দেখা যায়। একই সময় আরেক যুবক মোবাইল ফোনে ঘটনাটি ধারণ করছিলেন। কিছুক্ষণের মধ্যে কালো শার্ট পরা যুবকটি মোবাইলটি সরিয়ে দেন। ডেইলি ক্যাম্পাস, ৯ এপ্রিল ২০২৫

**১৩. মাদকসহ আটক যুবদল নেতাকে ছেড়ে প্রতিবন্ধীকে কারাগারে পাঠালো ডিবি পুলিশ**



নারায়ণগঞ্জের রূপগঞ্জে ৫২০ বোতল ফেনসিডিল ও ৫০ কেজি গাঁজাসহ আটকের পর আমির হোসেন নামের এক যুবদল নেতাকে ছেড়ে দিয়েছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। উপজেলা ছাত্রদলের সাবেক সদস্যসচিব মাসুম বিল্লাহর তদবিরে তাকে ছেড়ে দেওয়া হয়। একইসঙ্গে জব্দকৃত ওই মাদকের সঙ্গে সংশ্লিষ্ট দেখিয়ে একই এলাকার এক প্রতিবন্ধী যুবককে কারাগারে পাঠিয়েছে পুলিশ। সোমবার (২০ মে) রাতে উপজেলার ভুলতা ইউনিয়নের পাড়াগাঁও এলাকা থেকে ফেনসিডিল ও গাঁজাসহ আটকের পর যুবদল নেতাকে ছেড়ে দেওয়া হয়। অভিযুক্ত আমির হোসেন ভুলতা ইউনিয়ন যুবদলের প্রচার সম্পাদক ও ভুলতা ইউনিয়নের পাড়াগাঁও এলাকার নুরু মিয়ার ছেলে। বাংলা ট্রিবিউন, ২১ মে ২০২৫

**১৪. ময়মনসিংহে ছাত্রদল নেতার বাড়িতে মিলল দেশি অস্ত্র, বিদেশি মদ**

ময়মনসিংহের ভালুকায় অভিযান চালিয়ে ছাত্রদল নেতার বাড়ি থেকে দেশি অস্ত্র, বিদেশি মদ ও গাঁজা সেবনের সরঞ্জাম উদ্ধার করেছে যৌথ বাহিনী। এ ঘটনায় পুলিশ বাদী হয়ে ছাত্রদলের দুজন নেতার বিরুদ্ধে আজ বুধবার থানায় মামলা করেছে। অস্ত্র ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে করা মামলার আসামিরা হলেন মো: বিজয় মন্ডল (২৪) ও মো: শাহিন মন্ডল (২৫)। বিজয় উপজেলার ৯ নম্বর কাচিনা ইউনিয়ন শাখা ছাত্রদলের যুগ্ম সম্পাদক এবং মো: শাহিন মন্ডল ওই ইউনিয়ন শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক। প্রথম আলো, ১৮ জুন ২০২৫


**১৫. ইয়াবাসহ ছাত্রদল নেতাআটক**

নারায়ণগঞ্জের আড়াইহাজারে পুলিশের অভিযানে ছাত্রদল নেতাসহ দুজনকে গ্রেফতার করা হয়েছে।শনিবার (২১ জুন) সকালে আড়াইহাজার সদর পৌরসভার



গাজীপুরা এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার দুজন হলেন আড়াইহাজারের নাগেরচর এলাকার জাইফুল ইসলাম রাহুল ও মারুয়াদী এলাকার তুসিম রহমান জয়। জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক জুবায়ের আহমেদ জিকু বলেন, জাইফুল ইসলাম বিগত সময়ে ছাত্রলীগ করতেন। পরিবর্তিত পরিস্থিতির পর থেকে একজন প্রভাবশালী নেতার আশ্রয়ে ছাত্রদল নেতা হিসেবে পরিচয় দেন। তিনি আগামী দিনে সরকারি সফর আলী কলেজের ছাত্র সংসদের সম্ভাব্য ভিপি পদপ্রার্থী। জাগো নিউজ, ২১ জুন ২০২৫

### ১৬. যৌথ বাহিনী অভিযানে অস্ত্র ও মাদক জব্দ, বিএনপি নেতাসহ আটক ৪



খুলনা নগরীতে দেশি-বিদেশি অস্ত্র ও মাদকসহ নগরীর ৩০ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি সালাউদ্দিন মোল্লা বুলবুলসহ চারজনকে আটক করা হয়েছে। শুক্রবার (২০ জুন) রাতে টুটপাড়া তালতলা মেইন রোড এলাকায় অভিযান চালিয়ে যৌথ বাহিনী তাদের আটক করেন। আটকৃতরা হলেন, নগরীর টুটপাড়া তালতলা হাসপাতাল মেইন রোডের বাসিন্দা বাবুল মোল্লার ছেলে ৩০ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি মো: সালাউদ্দিন মোল্লা বুলবুল (৪৪), টুটপাড়া মেইন রোডের বাসিন্দা শেখ হাবিবুর রহমানের ছেলে যুবদল নেতা শেখ তৌহিদুর রহমান (৪২), শেখ মোহাম্মদ তৌহিদুর রহমানের ছেলে শেখ মোহাম্মদ তাসফিকুর রহমান (১৯) এবং সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার খাজরা গ্রামের ভোলানাথপুর এলাকার বাসিন্দা শফিকুল ইসলাম মোল্লার ছেলে মো: আরিফ হোসেন (৩১)। ইত্তেফাক, ২১ জুন ২০২৫

### ১৭. সাবেক ছাত্রদল নেতাকে আটকের পর বাড়ি থেকে অস্ত্র-মাদক উদ্ধার



মাগুরা জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক এম এম আবু তাহের ওরফে সবুজের বাড়ি থেকে অস্ত্র ও মাদক উদ্ধার করেছে যৌথ বাহিনী। তার আগে তাকে আটক করে সেনাবাহিনী। আজ মঙ্গলবার বিকেলে তাকে সদর থানায় হস্তান্তর করা হয়। মাগুরা সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, আজ বেলা তিনটার দিকে পৌরসভার ভিটাসাইর এলাকায় আবু তাহেরের বাড়িতে অভিযান চালায় সেনাবাহিনী ও

পুলিশের একটি দল। অভিযান শেষে সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়, বাড়ির শৌচাগারের ছাদে থাকা ব্যাগে ১টি ওয়ান শুটারগান, ১টি গুলি ও ১৫টি ইয়াবা বড়ি এবং ঘরের মধ্যে থেকে ১টি রামদা জব্দ করা হয়েছে। প্রথম আলো, ২৪ জুন ২০২৫

**১৮. লক্ষ্মীপুরে ছাত্রদল নেতার মাদক সেবনের ভিডিও ভাইরাল**



লক্ষ্মীপুরে জেলা সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি হাসিবুর রহমান অভির মাদক সেবনের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে।কয়েকদিন ধরে ফেসবুকের বিভিন্ন পেইজে প্রকাশিত ওই ভিডিওতে দেখা যায়, কলেজ ছাত্রদলের নেতা অভি প্রকাশ্য সাবেক এক যুবলীগ নেতার সঙ্গে রুমে বসে মাদক সেবন করছেন। পাশের এক নারীর কণ্ঠ শোনা যাচ্ছে। পাশাপাশি তারা ইয়াবা ও গাজা সেবন করতে দেখা যায়। এক পর্যায়ে মাদক গ্রহণ শেষে তাকে উলঙ্গ অস্থায় পড়ে থাকতেও দেখা যায়। ঢাকা টাইমস, ১ জুলাই ২০২৫

**১৯. ইয়াবা লুটের অভিযোগ : ছাত্রদল নেতার পদত্যাগ**



কক্সবাজারের রামুতে ইয়াবা লুটের অভিযোগে উপজেলা ছাত্রদলের আহ্বায়ক সানাউল্লাহ সেলিম স্বেচ্ছায় পদত্যাগ করেছেন। বৃহস্পতিবার (৩ জুলাই) তিনি নিজের ফেসবুক প্রোফাইলে একটি স্ট্যাটাসের মাধ্যমে পদত্যাগের ঘোষণা দেন।সেলিম তার ফেসবুক স্ট্যাটাসে লিখেছেন, ‘বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, রামু উপজেলা শাখার আহ্বায়ক পদ থেকে আমি স্বেচ্ছায় পদত্যাগ করছি। সম্প্রতি ষড়যন্ত্র ও রাজনৈতিক রোষানলের শিকার হয়ে আমার সামাজিক ও রাজনৈতিক জীবনের মান ক্ষুণ্ন হচ্ছে, যা আমাকে মৃত্যুর দিকে ঠেলে দিচ্ছে। তাই আমি এই সিদ্ধান্ত নিয়েছি। সুখে থাক প্রাণের সংগঠন ছাত্রদল, ভালো থাকুক সুবিধাবাদীরা।’ এর আগে, ৩০ হাজার ইয়াবা লুটের ঘটনাকে কেন্দ্র করে সানাউল্লাহ সেলিমের বিরুদ্ধে স্থানীয় এক সাংবাদিকের সঙ্গে অশালীন আচরণের অভিযোগ ওঠে। এ ঘটনায় একটি অডিও রেকর্ড স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা তাদের ফেসবুক প্রোফাইলে শেয়ার করেন, যা জেলায় তুমুল বিতর্কের সৃষ্টি করে। কালবেলা, ৩ জুলাই ২০২৫

## ২০. হেরোইনসহ যুবদল নেতা গ্রেপ্তার



বগুড়ার শাজাহানপুর উপজেলার চিহ্নিত মাদক কারবারি শামীম আহম্মেদ সবুজকে (৩০) হেরোইনসহ গ্রেপ্তার করা হয়েছে। গতকাল সোমবার (৭ জুলাই) রাত ১০টার দিকে বগুড়ার নন্দীগ্রাম উপজেলা এলাকা থেকে বগুড়া ডিবি পুলিশ তাকে গ্রেপ্তার করে। তবে হেরোইনের পরিমাণ সম্পর্কে জানা যায়নি। সবুজ শাজাহানপুর উপজেলার খোট্টাপাড়া ইউনিয়নের জোকা গ্রামের রবিউল ইসলাম ভোটের ছেলে এবং খোট্টাপাড়া ইউনিয়ন যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য। আজকের পত্রিকা, ৮ জুলাই ২০২৫

## ২১. মাদক নিয়ে যুবদল নেতাসহ গ্রেপ্তার ৩



বগুড়ার নন্দীগ্রামে হেরোইন নিয়ে যুবদল নেতাসহ তিনজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। এ সময় এদের কাছ থেকে ৭০ গ্রাম হেরোইন, একটি প্রাইভেটকার ও মোবাইল জব্দ করা হয়। সোমবার (৭ জুলাই) রাত সাড়ে ১০টার দিকে উপজেলা রণবাঘা এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার হলেন- শাজাহানপুর উপজেলার খোট্টাপাড়া ইউনিয়নের জোকা গ্রামের রবিউল ইসলাম ভোটের ছেলে এবং খোট্টাপাড়া ইউনিয়ন যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য শামীম আহম্মেদ সবুজ (২৮), একই এলাকার শহিদুল ইসলামের ছেলে মো: শিবলু (২৮) এবং বেতগাড়ি লিচুতলা এলাকার শেখ রিয়াজুল ইসলামের ছেলে রফিকুল ইসলাম (২৮)। কালবেলা, ৮ জুলাই ২০২৫

## ২২. ইয়াবাসহ গ্রেপ্তার যুবদল নেতা কারাগারে



নোয়াখালীর সেনবাগে ইয়াবাসহ গ্রেপ্তার মাদক ব্যবসায়ী যুবদল সভাপতি শামসুল আরেফিন বাহাদুরকে (৩১) কারাগারে প্রেরণ করা হয়েছে। বুধবার (৩০ জুলাই) বিকেলে চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে সোপর্দ করা হলে বিচারক তাকে কারাগারে প্রেরণ করেন। এর আগে পুলিশের বিশেষ অভিযানে ৭০ পিস ইয়াবাসহ তাকে গ্রেপ্তার করা হয়।শামসুল আরেফিন বাহাদুর সেনবাগ উপজেলার মোহাম্মদপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ড যুবদলের সভাপতি এবং একই ওয়ার্ডের দক্ষিণ মোহাম্মদপুর গ্রামের আসলাম মুন্সির বাড়ির মৃত আব্দুল আলীর ছেলে। তিনি পেশায় সিএনজি চালক। ঢাকা পোস্ট, ৩১ জুলাই ২০২৫

## ২৩. ৬০ হাজার পিস ইয়াবাসহ যুবদল নেতা আটক



কক্সবাজারের উখিয়ার হলদিয়াপালং থেকে তাজ উদ্দিন (৩৫) নামে এক যুবককে ৬০ হাজার পিস ইয়াবাসহ আটক করেছে উখিয়া থানা পুলিশ। রবিবার (৮ আগস্ট) বিকেলে কুতুপালং কচুবনিয়া রাস্তার মাথা এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক তাজ উদ্দিন উখিয়ার মরিচ্যাপালং এলাকার মৃত চেহের আলীর ছেলে এবং উত্তর হলদিয়াপালং ইউনিয়ন শাখা যুবদলের সভাপতি। স্থানীয়দের দেওয়া তথ্য মতে, স্থানীয় বাজারে তার একটি তোষক বিক্রির দোকান রয়েছে। দীর্ঘদিন ধরে চলে আসা এ ব্যবসা প্রতিষ্ঠানের আড়ালে ইয়াবা বিক্রি করে এসেছে, সেটা আজ প্রমাণ হয়েছে। ইত্তেফাক, ৮ অগাস্ট ২০২৫

## ২৪. যৌথবাহিনীর অভিযানে অস্ত্রসহ ধরা যুবদল নেতা, সহযোগীর বাড়িতে মিললো মাদক



লক্ষ্মীপুর সদর উপজেলার পালেরহাট এলাকায় যৌথবাহিনীর অভিযানে জেলা যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক ফরিদ উদ্দিনকে অস্ত্রসহ আটক করা হয়েছে। এ সময় তার সহযোগী নাঈমের বাড়ি থেকে ইয়াবা ও গাঁজা উদ্ধার করা হয়। রোববার (১০ আগস্ট) গভীর রাতে সেনাবাহিনীর ক্যাপ্টেন মো: রাহাত খানের নেতৃত্বে উপজেলার পালেরহাট এলাকায় ফরিদ উদ্দিনের বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় তার কাছ থেকে একটি একনলা বন্দুক ও নগদ এক লাখ পাঁচ হাজার টাকা উদ্ধার করা হয়। পরে ফরিদের দেওয়া তথ্যে সহযোগী নাঈমের বাড়ির পাশের পুকুর থেকে বিপুল পরিমাণ ইয়াবা, গাঁজা ও অন্যান্য সরঞ্জাম উদ্ধার করা হয়। ইত্তেফাক, ১১ অগাস্ট ২০২৫

## ২৫. মাদক সেবনের অভিযোগে কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদকের পদ স্থগিত



জামালপুর মাদারগঞ্জে মাদক সেবনের অভিযোগে টেক্সটাইল ইন্সটিটিউট কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক মেহেদি হাসান শাকিলের পদ স্থগিত করেছে জেলা ছাত্রদল। বৃহস্পতিবার (১৪ আগস্ট) বিকেলে জেলা ছাত্রদলের সভাপতি মো: আতিকুর রহমান সুমিল ও সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেছেন। বৃহস্পতিবার সকাল থেকেই শকিলকে মাদক সেবনরত অবস্থায় ছবি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ভাইরাল হয়। ছবিতে দেখা যায়,

কলেজ ছাত্রদলের নেতা শাকিল প্রকাশ্যে কয়েকজনের সাথে একটি প্লাস্টিকের বোতলের পাইপ ঢুকিয়ে মাদক সেবন করছেন। তার পাশেই রয়েছে আরও তিনজন। ছবিটি ভাইরালের পর থেকেই নানা আলোচনা ও সমালোচনা শুরু হয়েছে। ইত্তেফাক, ১৪ অগাস্ট ২০২৫

**২৬. মাদক সংশ্লিষ্টতার অভিযোগে কর্মীকে পুলিশে দিলো বিএনপি**



ঝিনাইদহের কালীগঞ্জে মাদকের সঙ্গে জড়িত থাকায় জীবন হোসেন নামে এক কর্মীকে পুলিশে দিয়েছেন স্থানীয় বিএনপির নেতারা। রোববার (১৭ আগস্ট) সকাল ১১টার দিকে তাকে কালীগঞ্জ থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়।জীবন হোসেন উপজেলার ফারাশপুর গ্রামের একরাম হোসেনের ছেলে। তিনি বিএনপির রাজনীতির সঙ্গে সম্পৃক্ত। যুগান্তর, ১৭ অগাস্ট ২০২৫

**২৭. মাদক কারবারের নিয়ন্ত্রণ নিয়ে যুবদলের সংঘর্ষে যুবক নিহত, বহিষ্কার দুই**



কিশোরগঞ্জে যুবদলের দুই পক্ষের সংঘর্ষে একজন নিহত হওয়ার ঘটনায় জেলা যুবদলের দুই নেতাকে বহিষ্কার করা হয়েছে। শুক্রবার রাতে যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির দফতর সম্পাদক নুরুল ইসলাম সোহেল স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বহিষ্কৃত নেতারা হলেন- জেলা যুবদলের তথ্য ও গবেষণাবিষয়ক সম্পাদক আলী আব্বাস ও সদর উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক এমদাদুল হক। বাংলা ট্রিবিউন, ২৩ অগাস্ট ২০২৫

**২৮. বিধবার ঘরে মাদক সেবনের অভিযোগ, পদ হারালেন বিএনপি নেতা**

যশোরের মনিরামপুরে এক বিধবার ঘরে গাঁজা ও ইয়াবা সেবনের অভিযোগ উঠেছে নেহালপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জি এম খলিলুর রহমানের বিরুদ্ধে। অভিযোগটি জানাজানি হওয়ার পর দলীয় শৃঙ্খলাভঙ্গের দায়ে তাকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) জেলা বিএনপির সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন খোকন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ঘটনাটি ঘটে গত বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) বিকেলে ইউনিয়নের পাঁচাকড়ি এলাকায়। আজকের পত্রিকা, ১৪ সেপ্টেম্বর ২০২৫

**২৯. মাদক নিয়ে ধরা খেয়ে জেলে যুবদল নেতা, হারালেন দলীয় পরিচয়ও**

চাঁদপুরের ফরিদগঞ্জের রূপসা উত্তর ইউনিয়ন যুবদলের যুগ্ম আহ্বায়ক রাসেল হোসেনকে (২৯) গাঁজা সেবন ও বহনের অপরাধে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও



পাঁচশ টাকা অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। এ ঘটনার পর তাকে যুবদল থেকে অব্যাহতি দেয়া হয়। আটক রাসেল হোসেন পশ্চিম রূপসা গ্রামের ওবায়দুল্লাহ বেপারির ছেলে। সময় টিভি, ১৫ সেপ্টেম্বর ২০২৫

**৩০. মাদক ও জুয়ায় জড়িত থাকার অভিযোগে বিএনপি নেতার বিরুদ্ধে বিক্ষোভ**

মাদক কারবার ও জুয়ার সঙ্গে জড়ির থাকার অভিযোগে নেত্রকোনার বারহাট্টায় বিএনপি নেতা উজ্জ্বল শেখের বিরুদ্ধে মানববন্ধন ও বিক্ষোভ করেছে এলাকাবাসী। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) দুপুরে নেত্রকোণার বারহাট্টা উপজেলার চিরাম ইউনিয়নের নৈহাটি বাজারে এই বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়। উপজেলা বিএনপির সহ-সভাপতি মোস্তফা কামালের নেতৃত্বে এলাকার লোকজন ও তার সমর্থকরা এ মানববন্ধনে অংশ নেয়। মিছিল নিয়ে তারা পুরো বাজার প্রদক্ষিণ করেন। ঢাকা মেইল, ১৮ সেপ্টেম্বর ২০২৫

**৩১. হলের ছাদে দলবল নিয়ে মদপান ও গাঁজা সেবন জাবি ছাত্রদল নেতার**



হলের ছাদে মদ ও গাঁজা সেবনকালে হাতেনাতে ধরা পড়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের এক নেতা। তার নাম মো: জাবের। তিনি শাখা ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য ও মওলানা ভাসানী হলের বিলুপ্ত কমিটির সাধারণ সম্পাদক। এছাড়া তিনি বিশ্ববিদ্যালয়ের ৫১ ব্যাচের (২০২১-২২ শিক্ষাবর্ষ) আইবিএর শিক্ষার্থী। সোমবার (২২ সেপ্টেম্বর) দিবাগত রাত ২টার দিকে শহীদ তাজউদ্দীন আহমেদ হলের ছাদে এ ঘটনা ঘটে। যুগান্তর, ২৩ সেপ্টেম্বর ২০২৫

**৩২. গাঁজা নিয়ে ছাত্রদলের নেতাসহ ৪ জনের কারাদণ্ড**



ফেনীতে মাদকবিরোধী অভিযানে গাঁজা রাখার দায়ে ফেনী সরকারি কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক জাহিদ হোসেন সাগরসহ চারজনকে তিন দিনের বিনাশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া হয়েছে। অভিযানে ধৃত বাকি তিনজনও মাদকসেবী হিসেবে একই শাস্তির আওতায় পড়েন। ফেনীতে গাঁজাসহ ফেনী সরকারি কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক জাহিদ হোসেন সাগরসহ চারজনকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের প্রত্যেককে তিন দিনের বিনাশ্রম কারাদণ্ড এবং ১০০ টাকা করে অর্থদণ্ড দেওয়া হয়। ডেইলি ক্যাম্পাস, ২৪ সেপ্টেম্বর ২০২৫

### ৩৩. ইয়াবা ট্যাবলেটসহ বিএনপি নেতা গ্রেফতার




ঠাকুরগাঁওয়ের হরিপুর উপজেলার বনগাঁও বাজার এর পাশ্ববর্তী ভরনিয়া বাজারে হরিপুর থানা পুলিশের বিশেষ মাদকবিরোধী অভিযানে আশরাফুল ইসলাম ও সাদ্দাম হোসেন নামে দুইজনকে আটক করে পুলিশ।২৪ সেপ্টেম্বর রাত ৯ টায় বাংলাদেশ জাতীয়তাবাদী দলের ১ নং গেদুড়া ইউনিয়নের ওয়ার্ড বিএনপির নেতা ও খাদ্যাবান্ধব কর্মসূচির ডিলার আশরাফুল ইসলাম (৩৮) ও তার সহযোগী মোঃ সাদ্দাম হোসেন (৩০)-কে ইয়াবা ট্যাবলেটসহ আটক করেছে পুলিশ। বিষয়টি নিশ্চিত করেছেন হরিপুর থানার ওসি জাকারিয়া মন্ডল। বার্তা বাজার, ২৫ সেপ্টেম্বর ২০২৫

### ৩৪. নগদ অর্থ ও মাদকসহ যুবদল নেতা গ্রেপ্তার



চট্টগ্রামের পটিয়ায় মাদকের বিরুদ্ধে সেনাবাহিনীর বিশেষ অভিযানে ইয়াবা ও নগদ অর্থসহ পটিয়া পৌরসভা যুবদলের সদস্য মোঃ আকবরকে (৫০) গ্রেপ্তার করা হয়েছে। তিনি পটিয়া পৌরসভার ৯নং ওয়ার্ড চৌধুরী বাড়ির মৃত আব্দুস সোবাহানের ছেলে। শুক্রবার (২৬ সেপ্টেম্বর) রাত ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে তার বাড়িতে সেনাবাহিনী অভিযান পরিচালনা করে। দেশ রূপান্তর, ২৭ সেপ্টেম্বর ২০২৫

### ৩৫. বিএনপি নেতার মাদক সেবনের ভিডিও ভাইরাল



বরিশালের বাবুগঞ্জ উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব কামরুল হাসান সোহাগের ইয়াবা সেবনের একটি ভিডিও ভাইরাল হয়েছে। বৃহস্পতিবার (২ অক্টোবর) রাতে সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিওটি ভাইরাল হয়। এরপরই সংগঠনের নেতাকর্মীসহ জনসাধারণের মাঝে দেখা দেয় আলোচনা সমালোচনার ঝড়। তবে এ ঘটনাকে তার বিরুদ্ধে ষড়যন্ত্র বলে দাবি করেছেন সোহাগ।ভিডিওতে দেখা যায়, একটি রুমের ভেতরে চেয়ার বসা অবস্থায় তিনি (সোহাগ) ইয়াবা সেবন করছেন এবং বিপরীতে থাকা আরেকজনও একইভাবে ইয়াবা সেবনে অংশ নিচ্ছেন। যুগান্তর, ৩ অক্টোবর ২০২৫

### ৩৬. মাদক সেবনের ভিডিও ভাইরাল, ছাত্রদল নেতা বহিষ্কার

নাটোরের বড়াইগ্রামে এনামুল হক নামে এক ছাত্রদল নেতার গাঁজা সেবনের



ভিডিও ভাইরাল হয়েছে। এ ঘটনার পর সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনার ঝড় উঠলে ওই ছাত্রদল নেতাকে সাংগঠনিক ও প্রাথমিক সদস্য পদ থেকে বহিষ্কার করা হয়েছে। রোববার (৫ অক্টোবর) জেলা ছাত্রদলের সভাপতি কামরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মারুফ ইসলাম সৃজন তার বহিষ্কারাদেশের অনুমোদন দেন। এনামুল হক বড়াইগ্রাম পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক। তিনি বড়াইগ্রাম পৌরসভার গোয়ালিফা মহল্লার আমজাদ হোসেনের ছেলে। যুগান্তর, ৫ অক্টোবর ২০২৫

**৩৭. কোটালীপাড়ায় ছাত্রদল নেতাসহ ২ মাদক বিক্রেতা আটক, ৩ মাসের কারাদণ্ড**



গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলা এক ছাত্রদল নেতাসহ দুই মাদক বিক্রেতাকে আটক করে কারাদণ্ড ও জরিমানা দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার দুপুরে উপজেলার টুটাপাড়া গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করা হয় বলে কোটালীপাড়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো: মাসুম বিল্লাহ জানান। আটকরা হলেন-কোটালীপাড়ার কুশলা ইউনিয়নের টুটাপাড়া গ্রামের ১৮ বছর বয়সী মোশারফ হোসেন হাওলাদারের ছেলে রিফাত জামান হাওলাদার ও কোটালীপাড়া পৌরসভার ডহরপাড়া গ্রামের ইলিয়াস শেখের ছেলে ১৯ বছর বয়সী নাদিম মাহমুদ। বিডিনিউজ২৪, ৮ অক্টোবর ২০২৫

**৩৮. সাঘাটায় মাদক ব্যবসায়ী যুবদল নেতা সাইফুল গ্রেপ্তার**



গাইবান্ধার সাঘাটা উপজেলার বারকোনা গ্রামের চান মিয়ার ছেলে কামালের পাড়া ইউনিয়ন যুবদল নেতা মাদক ব্যবসায়ী সাইফুল ইসলাম(৩৮) কে বিপুল পরিমান মাদক সহ পুলিশ গ্রেফতার করছে। পুলিশ সূত্রে জানা যায়, গত মঙ্গলবার রাতে সাঘাটা থানার অফিসার ইনচার্জ (ওসি) বাদশা আলম এর নেতৃত্বে একদল পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে বারকোনা এলাকায় অভিযান চালায়। এ সময় সাইফুল ইসলামের বাড়িতে তল্লাশি চালিয়ে নিষিদ্ধ মাদকদ্রব্য উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে সাইফুল স্বীকার করে যে তিনি দীর্ঘদিন ধরে এলাকায় মাদক ব্যবসার সঙ্গে জড়িত। সংবাদ, ২৩ অক্টোবর ২০২৫

### ৩৯. চকরিয়ায় ২ কোটি টাকার ইয়াবা লুট, বিএনপি নেতাসহ সংঘবদ্ধ চক্রের সম্পৃক্ততার অভিযোগ

চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের চকরিয়া উপজেলার হারবাং ইউনিয়নের উত্তর হারবাং কলাতলী এলাকায় গত ৮ অক্টোবর দুপুর ২টার দিকে ঘটে এক চাঞ্চল্যকর ইয়াবা লুটের ঘটনা। অভিযোগ উঠেছে, স্থানীয় দুই ব্যক্তি আব্দুর রহমান ও মো: মামুন এক ইয়াবা পাচারকারীর গাড়ি থামিয়ে প্রায় দুই কোটি টাকার ইয়াবা ট্যাবলেট লুট করে নেয়। স্থানীয় সূত্রে জানা যায়, ওই দিন দুপুরে একটি প্রাইভেটকার ও মোটরসাইকেলে এক ইয়াবা পাচারকারী ইয়াবার চালান নিয়ে চট্টগ্রামের দিকে যাচ্ছিল। এ সময় লোহাগাড়া উপজেলার চুনতি বন রেঞ্জ কর্মকর্তার কার্যালয়ের সামনে পুলিশের তল্লাশির খবর পেয়ে ইয়াবা পাচারের কথিত সোর্স আব্দুর রহমানকে ফোন দেয়। আব্দুর রহমান কৌশলে তাদের উত্তর হারবাং কলাতলী এলাকায় আসতে বলেন। পরে স্থানীয় বিএনপি ও যুবদল নেতাসহ সাত থেকে আটজনের একটি সংঘবদ্ধ চক্র পাচারকারীদের জিম্মি করে ইয়াবাগুলো লুট করে নিজেদের মধ্যে ভাগ করে নেয় বলে অভিযোগ পাওয়া গেছে। প্রতিদিনের বাংলাদেশ, ২৪ অক্টোবর ২০২৫

### ৪০. টাঙ্গাইলে ইয়াবাসহ শ্রমিকদল নেতা আটক



টাঙ্গাইলের সখীপুরে ইয়াবাসহ শ্রমিকদলের এক নেতাকে আটক করেছে পুলিশ। শুক্রবার (২৪ অক্টোবর) বিকেলে উপজেলার বড়চওনা ইউনিয়নের দেবরাজ এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক ওই নেতা হলেন, কুতুবপুর শুকনারছিট এলাকার মজিবর রহমানের ছেলে শামছুল আলম (৩৫)। তিনি উপজেলা শ্রমিকদলের বড়চওনা ইউনিয়নের আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক ছিলেন। জাগো নিউজ, ২৫ অক্টোবর ২০২৫

### ৪১. অস্ত্র-মাদকসহ যুবদল নেতা গ্রেফতার



কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ফিলিপনগর ইউনিয়নের আবেদের ঘাট এলাকা থেকে অস্ত্র ও মাদকসহ শীর্ষ সন্ত্রাসী জামিল মালিথাকে (৪০) গ্রেফতার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। তিনি কুখ্যাত 'চল্লিশ বাহিনী'র প্রধান রাখিবুল ইসলাম রাখির ঘনিষ্ঠ সহযোগী এবং ফিলিপনগর ইউনিয়ন যুবদলের সদস্যসচিব বলে জানা গেছে। শুক্রবার (২৪ অক্টোবর) রাত সাড়ে ৮টার দিকে বিশেষ অভিযানে কুষ্টিয়া ৪৭ বিজিবি ব্যাটালিয়নের একটি টহল দল তাকে গ্রেফতার করে। এ সময় তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগাজিন, এক রাউন্ড গুলি


ও ৪৮ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত অস্ত্র ও মাদকের আনুমানিক বাজারমূল্য প্রায় ২ লাখ ৬ হাজার টাকা। গ্রেফতার জামিলের ফিলিপনগর ইউনিয়ন যুবদলের সদস্যসচিব পদে থাকার বিষয়টি নিশ্চিত করেছেন উপজেলা যুবদলের আহ্বায়ক বেনজির আহমেদ বাচ্চু। যুগান্তর, ২৫ অক্টোবর ২০২৫

**৪২. চৌদ্দগ্রামে ২ হাজার ইয়াবাসহ যুবদল নেতা আটক**



কুমিল্লার চৌদ্দগ্রামে থানা পুলিশ ও সেনাবাহিনীর যৌথ অভিযানে ইয়াবা ট্যাবলেট ও মাদক বিক্রির নগদ ২ লক্ষাধিক টাকাসহ মো: আব্দুর রহিম মিয়াজী (৩৭) নামের এক যুবদল নেতাকে আটক করা হয়েছে। আটক আব্দুর রহিম উপজেলার কনকাপৈত ইউনিয়নের করপাটি পশ্চিম পাড়ার মিয়াজী বাড়ীর মৃত আব্দুল কুদ্দুস মিয়াজীর ছোট ছেলে। তিনি কনকাপৈত ইউনিয়ন যুবদলের সহ-সাধারণ সম্পাদকের দায়িত্বে রয়েছেন বলে জানা গেছে। দেশ রূপান্তর, ২৯ অক্টোবর ২০২৫

**৪৩. মাদকসহ বিএনপি নেতা আটক**



চাঁদপুরের হাজীগঞ্জ পৌর বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ও পৌরসভার সাবেক কাউন্সিলর খোরশেদ আলম ভুট্টুকে (৫৪) মাদকসহ আটক করেছে যৌথবাহিনী। এদিকে বুধবার বিকালে আদালত তার জামিন মঞ্জুর করেছেন। জামিনের পর তিনি জানান, একটি পক্ষ আমাকে ফাঁসিয়েছে। তিনি জানান, আমাকে শারীরিকভাবে নির্যাতন করে থানায় নিয়ে আসে। যুগান্তর, ২৯ অক্টোবর ২০২৫

**৪৪. গাজীপুরে দেশীয় অস্ত্র-মাদকসহ বিএনপি নেতার ছেলে ও ভাই আটক**



গাজীপুরের নাওজোড় এলাকা থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র ও গাঁজাসহ বাসন থানা বিএনপির সভাপতির ভাই তসলিম সিরাজ ও তার ছেলেকে আটক করেছে যৌথবাহিনী। পরে তাদের বাসন থানায় হস্তান্তর করা হয়েছে। বুধবার (২৯ অক্টোবর) রাতে গাজীপুর আর্মি ক্যাম্পের ১৪ ফিল্ড রেজি. আর্টিলারির নেতৃত্বে এ যৌথ বাহিনীর অভিযান পরিচালিত হয়। আটকরা হলেন– গাজীপুর সিটি করপোরেশনের ১৩ নম্বর ওয়ার্ডের নাওজোড় এলাকার হাজী সিরাজুল ইসলামের ছেলে তসলিম সিরাজ ও তার ছেলে মুশফিক। ঢাকা মেইল, ৩০ অক্টোবর ২০২৫

**৪৫. রাজশাহী কলেজ ছাত্রবাসে ছাত্রদল কর্মীর বিরুদ্ধে গাঁজা সেবনের অভিযোগ**



রাজশাহী কলেজের মুসলিম ছাত্রাবাসে এক ছাত্রদল কর্মীর বিরুদ্ধে গাঁজা সেবনের অভিযোগ উঠেছে। শনিবার (১ নভেম্বর) রাতে ছাত্রাবাসের বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ ভবনের (ই ব্লক) ১০১নং কক্ষে এ ঘটনা ঘটে। এসময় তাঁর সাথে আরও দুইজন বহিরাগতও ছিল। তবে তাদের পরিচয় জানা যায়নি। অভিযুক্ত ছাত্রদল কর্মীর নাম মোহাম্মদ রাব্বি শেখ। তিনি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী। এছাড়াও রাজশাহী কলেজ শাখা ছাত্রদলের সক্রিয় কর্মী তিনি। ডেইলি ক্যাম্পাস, ২ নভেম্বর ২০২৫

**৪৬. ইয়াবাসহ যুবদল নেতা গ্রেপ্তার**



একটি মাদকস্পটে অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন ও থানা পুলিশ। এসময় তিন পিস ইয়াবা, মাদক সেবনের সরঞ্জাম ও স্পট থেকে বরিশালের গৌরনদী পৌর যুবদলের সদস্যসচিব গোলাম মাহতাবকে গ্রেপ্তার করা হয়েছে। রবিবার (২ নভেম্বর) দিবাগত রাতে গৌরনদী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ মেহেদী হাসান ও থানা পুলিশ যৌথভাবে এ অভিযান পরিচালনা করেন। বার্তা বাজার, ৩ নভেম্বর ২০২৫

**৪৭. বিদেশি দুটি পিস্তল ও ইয়াবাসহ স্বেচ্ছাসেবক দলের কর্মী গ্রেপ্তার**



পাবনার ঈশ্বরদীতে দুটি বিদেশি পিস্তল ও ইয়াবাসহ সোহান কবির (২৭) নামে স্বেচ্ছাসেবক দলের এক কর্মীকে গ্রেপ্তার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঈশ্বরদী সার্কেল।মঙ্গলবার উপজেলার পাকশী ইউনিয়নের বাঘইল পশ্চিমপাড়া এলাকায় নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার সোহান কবির ওই এলাকার মতি ঘরামির ছেলে। স্থানীয়রা জানান, সোহান কবির স্বেচ্ছাসেবক দলের রাজনীতির সঙ্গে জড়িত। তিনি দলের প্রতিটি আয়োজনেই অংশ নেন। তবে রাজনৈতিক পরিচয়ের আড়ালে সে দীর্ঘদিন ধরে এলাকায় নানা অপকর্মে লিপ্ত ছিল বলে অভিযোগ রয়েছে। আমার দেশ, ৪ নভেম্বর ২০২৫

**৪৮. ৫২ বোতল ফেনসিডিলসহ স্বেচ্ছাসেবক দল নেতা আটক**

কুমিল্লা আদর্শ সদর উপজেলা পাঁচথুবি ইউনিয়নে মাদক-বিরোধী অভিযানে ৫২ বোতল ফেন্সিডিলসহ ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক



মীর হোসেন ওরফে মীরুকে (৫০) গ্রেপ্তার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টাস্কফোর্স দল। আমার দেশ, ৭ নভেম্বর ২০২৫

### ৪৯. ইয়াবাসহ পুলিশের কবজায় যুবদল নেতা



চট্টগ্রামের মিরসরাইয়ে ১০০ পিস ইয়াবাসহ ছালা উদ্দিন (৩৬) নামে এক যুবদল নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার (৮ নভেম্বর) বিষয়টি নিশ্চিত করেছেন মিরসরাই থানার ওসি আতিকুর রহমান। এর আগে শুক্রবার রাতে উপজেলার সাহেরখালী ইউনিয়নের ভোরবাজার থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার ছালা উদ্দিন সাহেরখালী ইউনিয়নের উত্তর সাহেরখালী মোল্লাপাড়া এলাকার এমদাদ আলী হাজী বাড়ির মহিউদ্দিনের ছেলে। তিনি সাহেরখালী ইউনিয়ন যুবদলের যুগ্ম-আহ্বায়ক। ইত্তেফাক, ৮ নভেম্বর ২০২৫

### ৫০. ইয়াবাসহ ছাত্রদল নেতা রফিক ও যুবদল নেতা আলমগীর গ্রেফতার




ইয়াবা বিক্রি করতে গিয়ে ঢাকার নবাবগঞ্জ উপজেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম ও একই উপজেলার শিকারীপাড়া ইউনিয়ন যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর হোসেনকে গ্রেফতার করেছে পুলিশ। তাদের মানিকগঞ্জের হরিরামপুর উপজেলার নয়ারহাট এলাকা থেকে পুলিশ গ্রেফতার করে। বিষয়টি নিশ্চিত করেছেন হরিরামপুর থানার ওসি মুজিবুর রহমান। তাদের কাছ থেকে ১৫টি নেশাজাতীয় মাদক ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। যুগান্তর, ১৩ নভেম্বর ২০২৫

### ৫১. কুমিল্লায় গাঁজাসহ স্বেচ্ছাসেবক দল নেতা আটক

কুমিল্লার দেবিদ্বারে জরুরি সেবা ৯৯৯ ফোন পেয়ে গাঁজাসহ স্বেচ্ছাসেবক দল নেতাসহ তিন মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় চক্রের মূল হোতা জাকির হোসেন পালিয়ে গেলেও তার ফেলে যাওয়া ব্যাগ থেকে ৩ কেজি গাঁজা উদ্ধার করে তারা। বৃহস্পতিবার বিকেলে উপজেলার কালিকাপুর সিএনজি স্টেশন এলাকায় থেকে তিনজনকে মাদকসহ আটক করে। আটকরা হলেন মোঃ বাবুল মিয়া, মোঃ মোস্তফা ও মোঃ সিয়াম। বাবুল জাফরগঞ্জ ইউনিয়নের কালিকাপুর গ্রামের স্বেচ্ছাসেবক দলের নেতা। আমার দেশ, ২৮নভেম্বর ২০২৫

## ৫২. ছাত্রদল নেতার ইয়াবা সেবনের ভিডিও ভাইরাল



বগুড়ায় এস এম সামিউল ইসলাম নাহিদ নামে এক ছাত্রদল নেতার মাদক সেবনের ভিডিও ভাইরাল হয়েছে। এতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ব্যাপক সমালোচনা তৈরি হয়েছে। এ ঘটনায় ওই ছাত্রদল নেতাকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে কেন্দ্রীয় ছাত্রদল। অভিযুক্ত ছাত্রদল নেতার নাম এস এম সামিউল ইসলাম নাহিদ। তিনি সরকারি শাহ সুলতান কলেজ শাখা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহবায়ক বলে জানা গেছে। ডেইলি ক্যাম্পাস, ২৯নভেম্বর ২০২৫

## ৫৩. গাড়ি ভর্তি গাঁজাসহ যুবদল নেতা গ্রেফতার



ব্রাহ্মণবাড়িয়ায় প্রাইভেকারে গাঁজা পাচারের সময় বিপুল পরিমাণ গাঁজাসহ যুবদল নেতা কামরুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার (২ ডিসেম্বর) সকালে আখাউড়া-আগরতলা সড়কের পৌরশহরের বাইপাস এলাকা থেকে তাকে গ্রেফতার করে আখাউড়া থানা পুলিশ। গ্রেফতার কামরুল ইসলাম পৌরশহরের তারাগন গ্রামের বাসিন্দা দানু মিয়ার ছেলে। তিনি উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক। এ সময় তার সহযোগী গোলাম রাব্বিকেও গ্রেফতার করা হয়। যুগান্তর, ২ ডিসেম্বর ২০২৫

## ৫৪. বগুড়ায় মাদক বিরোধী অভিযানে যুবদল নেতাসহ ৩ সহযোগী গ্রেপ্তার



বগুড়ার ধুনট উপজেলায় মাদকবিরোধী বিশেষ অভিযানে ইয়াবাসহ যুবদল নেতা ও তার চারজন সহযোগীকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। সোমবার (১ ডিসেম্বর) রাত ৮টার দিকে কালেরপাড়া ইউনিয়নের ঈশ্বরঘাট (ইসলামপুর) মধ্যপাড়া এলাকায় অভিযানটি পরিচালনা করা হয়। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন– এলাঙ্গী ইউনিয়ন যুবদলের যুগ্ম আহ্বায়ক উজ্জ্বল মিয়া, ঈশ্বরঘাট গ্রামের মৃত দুলাল প্রামাণিকের ছেলে স্বপন মিয়া, বেলকুচি গ্রামের মৃত মফিজ শেখের ছেলে কালাম শেখ এবং থারাকান্দির মৃত মতিয়ার রহমানের ছেলে ইমরুল কাদের সেলিম। তাদের কাছ থেকে ১৫০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। ঢাকা পোস্ট, ৩ ডিসেম্বর ২০২৫

## ৫৫. ইয়াবাসহ যুবদল নেতা আটক



ঝালকাঠির রাজাপুর উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মো: জাবির আল-রাসেল হাওলাদারকে (৩০) ইয়াবাসহ আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ। মঙ্গলবার (১০ ডিসেম্বর) দিবাগত রাতে রাজাপুর উপজেলার সাতুরিয়া ইউনিয়নের লেবুবুনিয়া বাজার এলাকা থেকে তাকে আটক করা হয়। ডিবি পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়–রাসেল লেবুবুনিয়া এলাকায় ইয়াবা বিক্রি করছে। খবর পেয়ে ডিবি পুলিশের এসআই মো: তারিফুল ইসলামের নেতৃত্বে একটি দল অভিযান চালায়। এসময় রাসেলের কাছ থেকে ৫পিস ইয়াবা উদ্ধার করে তাকে আটক করা হয়। ডেইলি ক্যাম্পাস, ৩ ডিসেম্বর ২০২৫

## ৫৬. যৌথ বাহিনীর অভিযানে অস্ত্র ও মাদকসহ আটকের পর বহিষ্কৃত যুবদল নেতার মৃত্যু



যশোরের কেশবপুরে যৌথ বাহিনীর অভিযানে আটক বহিষ্কৃত যুবদল নেতা উজ্জ্বল বিশ্বাস মারা গেছেন। শুক্রবার (৫ ডিসেম্বর) রাতে যশোর কেন্দ্রীয় কারাগারে অসুস্থ হয়ে পড়লে হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। এর আগে, বৃহস্পতিবার রাতে যৌথ বাহিনীর অভিযানে অস্ত্র, গুলি ও মাদকসহ উজ্জ্বল বিশ্বাস এবং আরও তিনজনকে আটক করা হয়। নিহত উজ্জ্বল বিশ্বাস কেশবপুর উপজেলার আলতাপোলের নাজির বিশ্বাসের ছেলে। তিনি যুবদলের বহিষ্কৃত নেতা ছিলেন। যশোর কেন্দ্রীয় কারাগারের জেলার আবিদ আহম্মেদ মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। বার্তা বাজার, ৬ ডিসেম্বর ২০২৫

# ছবিতে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের মাদক ও চোরাচালান




(বাঁয়ে) নেত্রকোনায় মাদক সেবনের সময় পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মশিউর রহমান বাপ্পিসহ সাতজনকে আটক করে সেনাবাহিনী। কালবেলা, ২৫ অক্টোবর ২০২৪। (ডানে) কুষ্টিয়ার দৌলতপুরের মরিচা ইউনিয়ন বিএনপির যুগ্ম-আহ্বায়ক লিয়াকত আলীর বাড়িতে অভিযান চালিয়ে প্রায় ২০ লাখ টাকা ও এক হাজার পিস ইয়াবা জব্দ করে যৌথবাহিনী। রাইজিংবিডি, ১৯ জানুয়ারি ২০২৫





(বাঁয়ে) ফেনীতে র‍্যাব-৭-এর মাদকবিরোধী অভিযানে ২০ কেজি গাঁজা উদ্ধারসহ কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার বাতিসা ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের ১নং যুগ্ম আহ্বায়ক হেদায়েত উল্লাহ সবুজসহচার মাদক কারবারিকে গ্রেপ্তার করা হয়েছে। আজাদির ডাক, ১৫ মার্চ ২০২৫। (ডানে) ময়মনসিংহের ভালুকায় অভিযান চালিয়ে ছাত্রদলের যুগ্ম সম্পাদক মো: বিজয় মণ্ডলের বাড়ি থেকে দেশি অস্ত্র, বিদেশি মদ ও গাঁজা সেবনের সরঞ্জাম উদ্ধার করে যৌথ বাহিনী। প্রথম আলো, ১৮ জুন ২০২৫




(বাঁয়ে) নারায়ণগঞ্জের আড়াইহাজারে পুলিশের অভিযানে ছাত্রদল নেতা জাইফুল ইসলাম রাহুলসহ দুজনকে গ্রেফতার করা হয় ।জাগো নিউজ, ২১ জুন ২০২৫। (ডানে) খুলনা নগরীতে দেশি-বিদেশি অস্ত্র ও মাদকসহ নগরীর ৩০ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি সালাউদ্দিন মোল্লা বুলবুলসহ চারজনকে আটক করা হয়েছে। ইত্তেফাক, ২১ জুন ২০২৫





(বাঁয়ে) মাগুরা জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক এম এম আবু তাহের ওরফে সবুজের বাড়ি থেকে অস্ত্র ও মাদক উদ্ধার করে যৌথ বাহিনী। প্রথম আলো, ২৪ জুন ২০২৫। (ডানে) লক্ষ্মীপুরে জেলা সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি হাসিবুর রহমান অভির মাদক সেবনের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়।ঢাকা টাইমস, ১ জুলাই ২০২৫





(বাঁয়ে) বগুড়ার নন্দীগ্রামে হেরোইন নিয়ে খোট্টাপাড়া ইউনিয়ন যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য শামীম আহম্মেদ সবুজসহ তিনজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। কালবেলা, ৮ জুলাই ২০২৫। (ডানে) নোয়াখালীর সেনবাগে ইয়াবাসহ গ্রেপ্তার মাদক ব্যবসায়ী যুবদল সভাপতি শামসুল আরেফিন বাহাদুরকে কারাগারে প্রেরণ করা হয়েছে। ঢাকা পোস্ট, ৩১ জুলাই ২০২৫







(বাঁয়ে) কক্সবাজারের উখিয়ার হলদিয়াপালং ইউনিয়ন শাখা যুবদলের সভাপতি তাজ উদ্দিনকে ৬০ হাজার পিস ইয়াবাসহ আটক করে উখিয়া থানা পুলিশ। ইত্তেফাক, ৮ অগাস্ট ২০২৫। (ডানে) লক্ষ্মীপুর সদর উপজেলার পালেরহাট এলাকায় যৌথবাহিনীর অভিযানে জেলা যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক ফরিদ উদ্দিনকে অস্ত্রসহ আটক করা হয়েছে। ইত্তেফাক, ১১ অগাস্ট ২০২৫





(বাঁয়ে) মাদক কারবার ও জুয়ার সঙ্গে জড়ির থাকার অভিযোগে নেত্রকোনার বারহাট্টায় বিএনপি নেতা উজ্জ্বল শেখের বিরুদ্ধে মানববন্ধন ও বিক্ষোভ করে এলাকাবাসী।ঢাকা মেইল, ১৮ সেপ্টেম্বর ২০২৫। (ডানে) ফেনীতে মাদকবিরোধী অভিযানে গাঁজা রাখার দায়ে ফেনী সরকারি কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক জাহিদ হোসেন সাগরসহ চারজনকে তিন দিনের বিনাশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া হয়েছে। ডেইলি ক্যাম্পাস, ২৪ সেপ্টেম্বর ২০২৫





হরিপুর থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১নং গেদুড়া ইউনিয়নের ওয়ার্ড বিএনপির নেতা আশরাফুল ইসলাম ও তার সহযোগী সাদ্দাম হোসেন নামে দুইজনকে আটক করে পুলিশ। বার্তা বাজার, ২৫ সেপ্টেম্বর ২০২৫। (ডানে) বরিশালের বাবুগঞ্জ উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব কামরুল হাসান সোহাগের ইয়াবা সেবনের একটি ভিডিও ভাইরাল হয়। যুগান্তর, ৩ অক্টোবর ২০২৫




(বাঁয়ে) গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলা ছাত্রদল নেতা রিফাত জামান হাওলাদারসহ দুই মাদক বিক্রেতাকে আটক করে কারাদণ্ড ও জরিমানা দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। বিডিনিউজ২৪, ৮ অক্টোবর ২০২৫। (ডানে) কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ফিলিপনগর ইউনিয়নের আবেদের ঘাট এলাকা থেকে ইউনিয়ন যুবদলের সদস্যসচিব এবং শীর্ষ সন্ত্রাসী জামিল মালিথাকে গ্রেফতার করেবিজিবি। যুগান্তর, ২৫ অক্টোবর ২০২৫




(বাঁয়ে) গাজীপুরের নাওজোড় এলাকা থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র ও গাঁজাসহ বাসন থানা বিএনপির সভাপতির ভাই তসলিম সিরাজ ও তার ছেলে মুশফিককে আটক করে যৌথবাহিনী। ঢাকা মেইল, ৩০ অক্টোবর ২০২৫। (ডানে) কুমিল্লা আদর্শ সদর উপজেলা পাঁচথুবি ইউনিয়নে মাদক-বিরোধী অভিযানে ৫২ বোতল ফেন্সিডিলসহ ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক মীর হোসেন ওরফে মীরুকে গ্রেপ্তার করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টাস্কফোর্স দল। আমার দেশ, ৭ নভেম্বর ২০২৫



পাবনার ঈশ্বরদীতে দুটি বিদেশি পিস্তল ও ইয়াবাসহ সোহান কবির নামে স্বেচ্ছাসেবক দলের এক কর্মীকে গ্রেপ্তার করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঈশ্বরদী সার্কেল। আমার দেশ, ৪ নভেম্বর ২০২৫





(বাঁয়ে) চট্টগ্রামের মিরসরাইয়ে ১০০ পিস ইয়াবাসহ সাহেরখালী ইউনিয়ন যুবদলের যুগ্ম-আহ্বায়ক ছালা উদ্দিনকে গ্রেপ্তার করে পুলিশ। ইত্তেফাক, ৮ নভেম্বর ২০২৫। (ডানে) ইয়াবা বিক্রি করতে গিয়ে ঢাকার নবাবগঞ্জ উপজেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম ও একই উপজেলার শিকারীপাড়া ইউনিয়ন যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর হোসেনকে গ্রেফতার করেছে পুলিশ। যুগান্তর, ১৩ নভেম্বর ২০২৫

## ■ মামলা বাণিজ্য

জুলাই বিপ্লবের পর থেকে বিএনপির বৃহৎ একটি অংশ 'মামলা বাণিজ্য' খেলায় মেতে উঠেছে। দলীয় পরিচয় ব্যবহার করে নিরীহ মানুষ, ব্যবসায়ী, শিক্ষক, প্রবাসীর পরিবার এমনকি নিজ দলের নেতাকর্মীদের বিরুদ্ধেও মিথ্যা ও অতিরঞ্জিত মামলা দেওয়ার অভিযোগ উঠছে। চাঁদা না পেলে হত্যা, চেক চুরি কিংবা সহিংসতার মতো গুরুতর ধারায় মামলায় জড়ানোর ঘটনাও সামনে এসেছে। এসব ঘটনায় অনেক পরিবার ঘরছাড়া, আতঙ্কগ্রস্ত ও অর্থনৈতিকভাবে বিপর্যস্ত হচ্ছে। এই প্রবণতা শুধু আইন ব্যবস্থাকে প্রশ্নবিদ্ধ করছে না, বরং বিএনপির প্রতি সাধারণ মানুষের আস্থা হ্রাস পাচ্ছে।

### ১. মামলা বাণিজ্যে উপজেলা বিএনপি সভাপতি



মুন্সীগঞ্জের টঙ্গিবাড়ী উপজেলা বিএনপির সভাপতি ও জেলার যুগ্ম আহ্বায়ক আলী আজগর রিপন মল্লিকসহ তিন নেতা মামলা বাণিজ্য করছেন বলে কেন্দ্রীয় নেতৃত্বের কাছে লিখিত অভিযোগ করেছেন উপজেলার সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুল আলীম। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে পাঠানো এই অভিযোগে বলা হয়েছে, গত ৫ আগস্ট ছাত্র জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর বেপরোয়া হয়ে উঠেছেন আলী আজগর রিপন মল্লিক ও তার পরিবারের সদস্যরা। মোটা অংকের টাকার বিনিময়ে উপজেলা আওয়ামী লীগের শীর্ষ নেতাদের বাদ দিয়ে নিরাপরাধ সাধারণ মানুষকে আসামি করাচ্ছেন তাঁরা। এছাড়াও দলীয় শৃঙ্খলা ভঙ্গ, নেতাকর্মীদের নির্যাতনসহ টাকার বিনিময়ে বিভিন্ন ইউনিয়ন কমিটিতে পদ বিক্রি ও আওয়ামী লীগের সঙ্গে আঁতাতের অভিযোগ আনা হয়েছে। সমকাল, ০৯ সেপ্টেম্বর ২০২৪

### ২. সুনামগঞ্জের মধ্যনগরে বিএনপি নেতার মামলা বাণিজ্য



মধ্যনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল কাইয়ূম মজনুর মামলা বাণিজ্য ও চাঁদাবাজিতে অতিষ্ঠ স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। গত এক মাস ধরে মামলার ভয় দেখিয়ে বিভিন্নজনের কাছ থেকে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নিচ্ছেন মজনু, যুবদল নেতা রায়হান ও স্বেচ্ছাসেবক দলের সাবেক নেতা সুজন। জানা গেছে, সরকারবিরোধী আন্দোলনে গাজীপুরে আনসারের গুলিতে নিহত হন উপজেলার জলুষা গ্রামের যুবক আয়াতুল্লাহ। আয়াতুল্লাহ হত্যা মামলায় আসামি

করার ভয় দেখিয়ে এলাকায় চাঁদাবাজি শুরু করেন মজনু। বিষয়টি প্রকাশ হলে এক পর্যায়ে নিহত আয়াতুল্লাহর পরিবার মিথ্যা মামলা করতে রাজি না হওয়ায় বিপাকে পড়েন মজনু। এরপর তার অনুসারী যুবদল নেতা রায়হানকে বাদী করে আরেকটি মিথ্যা মামলার আবেদন তৈরি করে মধ্যনগর পুলিশ প্রশাসনকে মামলাটি এজাহারভুক্ত করতে চাপ প্রয়োগ করেন মজনু। কিন্তু পুলিশ মিথ্যা মামলা গ্রহণ করতে অস্বীকৃতি জানায়। ভোরের কাগজ, ১৬ সেপ্টেম্বর ২০২৪

### ৩. মামলা বাণিজ্যে বিএনপি নেতাদের পাল্টাপাল্টি অভিযোগ



মামলা বাণিজ্যের অভিযোগ তুলে রংপুর মহানগর বিএনপির আহ্বায়ক সামসুজ্জামান সামুর বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছেন মহানগর বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য কাওছার জামান বাবলা। বুধবার (২০ নভেম্বর) নগরীর একটি কমিউনিটি সেন্টার মিলনায়তনে সংবাদ সম্মেলন করে এই অভিযোগ করেন তিনি। বাবলা বলেন, ১৩ নভেম্বর বিএনপি কর্মী মামুনুর রশীদ মামুন বাদী হয়ে ১৮১ জনের নামে মামলা করেন। আওয়ামী লীগ ছাড়া নিরীহ, নিরপরাধ মানুষসহ রংপুর ও পার্শ্ববর্তী জেলার বাসিন্দাদের মামলার আসামি করার বিষয়ে জিজ্ঞাসা করলে মামুন জানান, তিনি ২৫ জনের নাম দিলেও সামু অন্যদের আসামি করে এজাহারে সই করাতে বাধ্য করেন। ১৮ নভেম্বর মহানগর বিএনপির দলীয় কার্যালয়ে সংবাদ সম্মেলন করে বাবলার বিরুদ্ধে অভিযোগ তোলেন সামু। কালের কণ্ঠ, ২০ নভেম্বর ২০২৪

### ৪. বিএনপি নেতার মামলা বাণিজ্য, আসামি সবজি বিক্রেতার মৃত্যু



মানিকগঞ্জের হরিরামপুর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক দেলোয়ার হোসেন দুলালের বিরুদ্ধে মামলা বাণিজ্যের অভিযোগ উঠেছে। চাহিদা অনুযায়ী টাকা দিলে মামলা থেকে নাম প্রত্যাহার ও জামিনের তদবির করছেন। টাকা না দিলে মারধর করে পুলিশে ধরিয়ে দেওয়ার ভয় দেখানো হচ্ছে। ভুক্তভোগীদের তালিকায় রয়েছেন স্কুলশিক্ষক, দিনমজুর এমনকি সবজি বিক্রেতাও। তাদের অভিযোগ, আওয়ামী লীগের আমলে যারা হরিরামপুর উপজেলার সাধারণ মানুষের ওপর অত্যাচার-নির্যাতন করেছেন, তাদের অনেকেই নেই আসামির তালিকায়। বিএনপি নেতা দুলালের মামলার আসামি নিত্য সরকার পেশায় একজন কাঠমিস্ত্রি। রাজনীতির সঙ্গে জড়িত না থাকলেও তাকে মামলার ৩৯ নম্বর

আসামি করা হয়েছে। ব্যক্তিগত শত্রুতার জের ধরে গত ৩০ অক্টোবর নিজেই মারধর করে পুলিশে ধরিয়ে দেন দুলাল। তার মারধরের কারণে অসুস্থ অবস্থায় দুই মাস কারাগারেও থেকেছেন। শুক্রবার (৩ জানুয়ারি) রাত ১০টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। জাগো নিউজ, ০৫ জানুয়ারি ২০২৫

**৫. মামলা বাণিজ্যের অভিযোগ বিএনপির দুই নেতার পদ স্থগিত**



বানিয়াচংয়ে বৈষম্যবিরোধী আন্দোলনের পরিপ্রেক্ষিতে আলোচিত ইস্যুতে পরিণত হয় ৯ হত্যাকাণ্ড মামলা। এই মামলায় আসামি করার ভয় দেখিয়ে টাকা আদায়ের অভিযোগে স্থানীয় দুই বিএনপি নেতার দলীয় পদ স্থগিত করা হয়েছে। মঙ্গলবার রাতে বিএনপির নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক (সিলেট বিভাগ) জিকে গউছ স্বাক্ষরিত এক চিঠিতে উপজেলা বিএনপির সভাপতি মুজিবুল হোসেন মারুফ ও সাধারণ সম্পাদক নকীব ফজলে রকিব মাখনের দলীয় পদ সাময়িকভাবে স্থগিত করা হয়। জানা গেছে, উল্লিখিত মামলায় আসামি করার ভয় দেখিয়ে আওয়ামী নেতাকর্মীর কাছ থেকে টাকা আদায় করছিলেন মারুফ ও মাখন। সমকাল, ০৯ জানুয়ারি ২০২৫

**৬. নলছিটিতে বিএনপি নেতার মামলা বাণিজ্য**

ঝালকাঠির নলছিটিতে এক বিএনপি নেতার বিরুদ্ধে চাঁদাবাজি, হুমকি-ধমকি ও মামলা বাণিজ্যের অভিযোগ উঠেছে। উপজেলার বিভিন্ন ইউনিয়নের আওয়ামী লীগ নেতাকর্মীসহ সাধারণ মানুষ ও ব্যবসায়ীরা তার মামলার ভয়ে আতঙ্কিত হয়ে পড়েছেন। অভিযুক্ত এ বিএনপি নেতা হলেন-উপজেলার কুলকাঠি ইউনিয়ন বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক মো. মায়েল আহম্মেদ। ভুক্তভোগীদের অভিযোগে জানা গেছে, ৫ আগস্টের পর থেকে মায়েল তার সহযোগীদের নিয়ে বিভিন্ন এলাকায় গিয়ে আওয়ামী লীগ সমর্থকদের হুমকি-ধমকি দিয়ে ব্যাপক চাঁদাবাজি শুরু করেন। এ সময় ব্যবসায়ীসহ অনেকেই চাঁদা দিতে বাধ্য হন। এর কিছুদিন পর মায়েল মামলা বাণিজ্য শুরু করেন। এতে শহরের বড় বড় ব্যবসায়ীদের টার্গেট করেন তিনি। রাজনীতির সঙ্গে জড়িত নন এমন ব্যবসায়ীদের বিরুদ্ধেও মামলা করেন। পরে তিনি নিজেই তার লোকজন দিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে তা ছড়িয়ে দেন। এরপর মামলা থেকে নাম বাদ দেওয়ার জন্য মোটা অঙ্কের টাকা দাবি করেন। যুগান্তর, ১০ জানুয়ারি ২০২৫

### ৭. চাঁদা না পেয়ে সাবেক বিএনপি নেতার মামলার ফাঁদ

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে এক শিক্ষার্থী চোখে গুলিবিদ্ধ হওয়ার অভিযোগে করা মামলা নিয়ে গাজীপুরের টঙ্গীতে বিএনপির সাবেক এক নেতা বাণিজ্য শুরু করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। পুলিশ সূত্রে জানা গেছে, গত ৪ আগস্ট রাজধানীর উত্তরায় বিএনএস সেন্টারের সামনে চোখে গুলিবিদ্ধ হন টঙ্গীর সফিউদ্দিন সরকার একাডেমি অ্যান্ড কলেজের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী আবদুল্লাহ আল মামুন। এ ঘটনায় ১৩ নভেম্বর ২০৩ জনের নামে উত্তরা পশ্চিম থানায় মামলা করেন তাঁর বাবা আসান উল্লাহ। আসামির তালিকায় আওয়ামী লীগের নেতা-কর্মীর বাইরে শিক্ষক, স্থানীয় ব্যবসায়ী, বাড়িওয়ালা, স্কুলছাত্র, গণমাধ্যমকর্মীসহ অনেকের নাম রয়েছে। এই মামলা নিয়ে বাণিজ্যের অভিযোগ ওঠা জিয়াউল হক ওরফে জিএস স্বপন গাজীপুর মহানগর বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক। প্রথম আলো, ১৪ জানুয়ারি ২০২৫

### ৮. আক্তারের ‘মাস্টারিতে’ ঘরছাড়া বিএনপির নেতাকর্মীরাও



ভাড়ায় সিএনজিচালিত অটোরিকশা চালিয়ে চলছিল গাজীপুর জেলার শ্রীপুর উপজেলার বাসিন্দা হানিফের সংসার। দুই ছেলেমেয়ে নিয়ে সংসারে টানাপোড়েন থাকলেও সুখে-শান্তিতেই দিন কাটছিল তার। তবে বিপত্তি ঘটে স্ত্রী নুরজাহানের সঙ্গে ময়লা পানি ফেলা নিয়ে প্রতিবেশীর। প্রতিবেশী শ্রীপুর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আক্তার মাস্টারের বোন ফারজানা। ৫ আগস্ট ফারজানা লোকজন নিয়ে কয়েক দফায় মারধর করেন হানিফ ও তার স্ত্রীকে। তাতেও ক্ষোভ মেটেনি। অটোরিকশা চালক হানিফকে আওয়ামী লীগ নেতা সাজিয়ে ঠুকে দেন হত্যা মামলা। এজাহারে তার বিরুদ্ধে বিজিবির কাছ থেকে অস্ত্র ছিনতাই করে একজনকে গুলি করে হত্যার অভিযোগ আনা হয়। কালবেলা, ১৯ মার্চ ২০২৫

### ৯. মামলা বাণিজ্যে বেপরোয়া গাজীপুরের বিএনপি নেতা স্বপন



জিয়াউল হক স্বপন ওরফে জিএস স্বপন। গাজীপুর মহানগর বিএনপির সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক। ফ্যাসিস্ট হাসিনা সরকারের আমলে মহানগর আওয়ামী লীগ নেতাদের সঙ্গে সখ্য গড়ে তোলে অবৈধ সুবিধা নেওয়ার বহু অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। বৈষম্যবিরোধী আন্দোলনে হাসিনার পতনের পর ভোল পাল্টে তিনি আরও বেপরোয়া হয়ে উঠেছেন। দলীয় পদ না থাকলেও সাবেক নেতার পরিচয় দিয়েই প্রকাশ্যে করে

যাচ্ছেন চাঁদাবাজি। এলাকার ব্যবসায়ী শ্রেণী, শিক্ষক, বাড়িওয়ালাদের টার্গেট করে ট্র্যাপে ফেলার চেষ্টা করছেন। চাহিদা মাফিক চাঁদা না পেলেই টার্গেট ব্যাক্তিকে করছেন মামলার আসামি। তার মামলা বাণিজ্য এখন টঙ্গী-গাজীপুরের মানুষের কাছে অনেকটাই ওপেন সিক্রেট। বিডি টুডে, ১৩ মে ২০২৫

### ১০. বন্দরে বিএনপি নেতার মামলা বাণিজ্য, অডিও ভাইরাল



এএসপি সার্কেল ও ওসি'র সঙ্গে সখ্যতা গড়ে তুলে বন্দরে এক বিএনপি নেতার মামলা বাণিজ্য চাঁদাবাজির অডিও রেকর্ড সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়েছে। বৈষম্যবিরোধী ছাত্রহত্যা মামলার গ্রেপ্তারকৃত আসামি আওয়ামী লীগ নেতার ছেলের কাছ থেকে ৬ লাখ টাকা ও এএসপি সার্কেল এবং ওসি'র নামে এক লাখ টাকা ঘুষ দাবিসহ মোট ৭ লাখ টাকা চাঁদা দাবি করেছেন বন্দর উপজেলা বিএনপি'র সভাপতি মাজহারুল ইসলাম হিরণ। বিএনপি নেতা হিরণের অপকর্মের অডিও ভাইরালে ৫ই আগস্টের পরের নানা কর্মকাণ্ড নিয়ে সমালোচনার ঝড় বইছে সর্বত্র। মানবজমিন, ১৮ মে ২০২৫

### ১১. বহিষ্কৃত বিএনপি নেতার মামলা বাণিজ্যের ভয়ংকর তথ্য ফাঁস



বিএনপির বহিষ্কৃত নেতা রিয়াদ মোহাম্মদ চৌধুরীর বিরুদ্ধে মামলা বাণিজ্যসহ নানা অভিযোগের একটি অডিও রেকর্ড ফাঁস হয়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। ফাঁস হওয়া অডিও রেকর্ডে ঢাকা মহানগর দক্ষিণের স্বেচ্ছাসেবক দলের সাবেক সহসভাপতি মিজানুর রহমান বিল্লাল বলেন, আপনে বলেন নাসির ভাইয়ের কথা। নাসির ভাই কি তাদের চিনেনি। রিয়াদ চৌধুরীর আপনাদের নাম দেয়। এখানে রিয়াদ চৌধুরী ও নাসিরের নাম বলতে পারেন। অথচ সেখানে আমার নামে অভিযোগ দিছে। আমার মামলা দিয়া অভিযোগ হইছে। মামুনের মামলা। রিয়াদ চৌধুরীর মামলা। বিভিন্ন জায়গার লোক তার কাছে নাম দেয়। হেরা নাম সংগ্রহ করে। সেখানে মামলা তো নাসির ভাই করে নাই। আমিতো আপনার কাছ থেকে চেয়ে একটা টাকাও নেই নাই, নাকি মিথ্যা কথা। তাহলে এ কাজটা করলেন কেন? ক্ষতিটা করলেন কেন? বুঝতে পারছি, হতিনের পোলার দোষ সবসময় বেশি হয়। এখন থেকে যত মামলা হবে আমি ওদের নামে দেব। আজকে থেকে আমি ওদের বিরুদ্ধে গেলাম। আর আপনার নামেও একটা মামলা বাদ যাবে না। আপনি আমার সাথে চ্যালেঞ্জ করছেন না। আমি আপনার উপকার করছি। অথচ সেখানে আপনি

আমার নামে বিচার দিয়ে হেডকোয়াটারে উল্টাপাল্টা বলাইছেন। সুমন কোন সাংবাদিক দিয়ে অভিযোগ দিয়েছে আমিতো সুমনের সাথে ৪০ বছর ধরে কথা বলি না। মানবকণ্ঠ, ২১ জুলাই ২০২৫

### ১২. গোপালগঞ্জে বিএনপির বিরুদ্ধে মামলা-বাণিজ্যের অভিযোগ

গোপালগঞ্জে এনসিপির পদযাত্রাকে কেন্দ্র করে সংঘর্ষের ঘটনায় বিএনপির বিরুদ্ধে মামলা-বাণিজ্যের অভিযোগ করেছে গণঅধিকার পরিষদ। বুধবার গোপালগঞ্জ প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন গণঅধিকার পরিষদের ঢাকা মহানগর উত্তরের দপ্তর সম্পাদক কাজী রনি, যুব অধিকার পরিষদ, ঢাকা মহানগর দক্ষিণের সাংগঠনিক সম্পাদক শেখ মো. মোনায়েম ও যুব অধিকার পরিষদ গোপালগঞ্জ জেলা শাখার সাধারণ সম্পাদক ইব্রাহিম মোল্লা। সংবাদ সম্মেলনে তিনি বলেন, '১৬ জুলাই গোপালগঞ্জে এনসিপির পদযাত্রাকে কেন্দ্র করে যে ঘটনা ঘটেছে, সেটিকে কেন্দ্র করে গোপালগঞ্জে একপ্রকার গণগ্রেপ্তার চলছে। সাধারণ মানুষ, যাঁরা আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত নেই বা যাঁরা দিনমজুর, ভ্যানচালক, রিকশাচালকসহ খেটে খাওয়া মানুষ, তাঁদেরও গ্রেপ্তার করা হয়েছে। আজকের পত্রিকা, ৩০ জুলাই ২০২৫

### ১৩. স্ত্রী-ছেলেসহ বিএনপি নেতার অত্যাচারে অতিষ্ঠ এলাকাবাসী




লক্ষ্মীপুরের রায়পুরে পৌরসভার ৭ নাম্বার ওয়ার্ড দক্ষিণ কেরোয়া গ্রামের বিএনপির নেতা মাসুদ রানা দম্পত্তির অত্যাচারে অতিষ্ঠ গ্রামবাসী। বিএনপির নাম ভাঙিয়ে মাসুদসহ তার স্ত্রী ও ছেলের একের পর এক বেপরোয়া চাঁদাবাজি, হয়রানি, ভয়ভীতি দেখানো ও মারধরের ঘটনা ঘটিয়েছে বলে ভুক্তভোগীরা অভিযোগ করেন।বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) বিকালে ৭ নাম্বার ওয়ার্ডের যুব বিষয়ক সম্পাদক মাসুদ রানাসহ তার স্ত্রী কুশুম আক্তার পৌর মহিলা দলের সহ-সভাপতি ও ছেলে যুবদলের সদস্য আকাশের বিরুদ্ধে মানববন্ধন করেছেন ভুক্তভোগী, তাদের স্বজন ও প্রায় শতাধিক এলাকাবাসী। ওই বিএনপি নেতা মাসুদসহ তার স্ত্রী ও ছেলেকে গ্রেফতারসহ শাস্তির দাবিতে সম্প্রতি উপজেলা নির্বাহী অফিসার, সহকারী পুলিশ সুপার ও থানা পুলিশের ওসির কাছে গণস্বাক্ষরে অভিযোগ করে এলাকাবাসী। যুগান্তর, ১৩ সেপ্টেম্বর ২০২৫

### ১৪. মামলা বাণিজ্যের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে

দাবি করা চাঁদা না পেয়ে প্রায় দুই বছর সাত মাস আগে হামলার ঘটনায় পিরোজপুরের মঠবাড়িয়া থানায় মামলা করেছেন এক ওয়ার্ড বিএনপির সভাপতি। এতে আসামি করা হয়েছে আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগসহ অঙ্গ


ও সহযোগী সংগঠনের তিন শতাধিক ব্যক্তিকে। এদের মধ্যে ১০২ জনের নাম উল্লেখ করে গত ১৮ সেপ্টেম্বর মামলাটি করেন হলতা গুলিশাখালী ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি হারুন অর রশিদ। তবে ওই তালিকায় থাকা ছয়জন বিএনপির নেতাকর্মী এবং দুজন সংবাদমাধ্যমকর্মী। সমকাল, ২২ সেপ্টেম্বর ২০২৫

**১৫. মিথ্যা মামলা দিয়ে ঘরছাড়া করার অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে**




ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জ উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক কামাল হোসেন রাজনৈতিক প্রভাব খাটিয়ে মধ্যপ্রাচ্য প্রবাসীর স্ত্রী রাবিয়া আক্তার ডেইজির নামে মিথ্যা চেক চুরির মামলা করেছেন—এমন অভিযোগ উঠেছে। অভিযোগ অনুযায়ী, মামলার পর থেকে চরম নিরাপত্তাহীনতায় ভুক্তভোগী নারী ও তার পরিবার নিজেদের জীবন বাঁচাতে একাধিক স্থানে আশ্রয় নিতে বাধ্য হয়েছেন। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছেছে যে পরিবারটি নিজ বাড়িতে ঢুকতেও সাহস পাচ্ছে না। বুধবার (২৯ অক্টোবর) রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব অভিযোগ তুলে ধরেন ভুক্তভোগী রাবিয়া আক্তার ডেইজি। ঢাকা মেইল, ২৯ অক্টোবর ২০২৫

**১৬. গোপালগঞ্জে মহিলা দল নেত্রীর অত্যাচারে অতিষ্ঠ এলাকাবাসী**



গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলা মহিলা দলের এক নেত্রীর অত্যাচারে অতিষ্ঠ হয়ে উঠেছেন এলাকাবাসী। দলীয় পদ ব্যবহার করে একের পর এক লোকজনকে মিথ্যা মামলায় জড়ানো, মামলার ভয় দেখিয়ে অর্থ হাতিয়ে নেওয়া, মারধর ও হয়রানির অভিযোগ করেছেন ভুক্তভোগীরা। অভিযুক্ত নেত্রী কাশিয়ানী উপজেলা মহিলা দলের ধর্ম বিষয়ক সম্পাদক লাইজু বেগম। তিনি ফুকরা গ্রামের অবসরপ্রাপ্ত সেনা সদস্য শওকত হোসেন সরদারের মেয়ে।লাইজু বেগমের অত্যাচারে অতিষ্ঠ হয়ে খোদ বিএনপির নেতাসহ শতাধিক ভুক্তভোগী তার বিরুদ্ধে জেলা পুলিশ সুপার বরাবর লিখিত অভিযোগ করেছেন। অভিযোগ সূত্রে জানা গেছে, মহিলা দল নেত্রী লাইজু বেগম একাধিক বিয়ের তথ্য গোপন করে বিভিন্ন জনকে ফাঁদে ফেলে অর্থ হাতিয়ে নিচ্ছেন। দলের নাম ভাঙিয়ে লোকজনকে মিথ্যা মামলায় জড়ানো এবং মামলার ভয় দেখিয়ে অর্থ হাতিয়ে নেওয়া তার পেশায় পরিণত হয়েছে বলে অভিযোগ উঠেছে। যুগান্তর, ৩ নভেম্বর ২০২৫

**১৭. তারেক রহমানকে নিয়ে ফেসবুকে 'কটূক্তি', কনটেন্ট ক্রিয়েটরের বিরুদ্ধে মামলা**

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে 'মানহানিকর' মন্তব্য করার অভিযোগে কনটেন্ট ক্রিয়েটর শাহীন মাহমুদের বিরুদ্ধে মামলা হয়েছে। ১৯ নভেম্বর বুধবার ঢাকার সাইবার ট্রাইব্যুনালে মামলাটি করেন জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের নেতা ইলতুতমিশ। ট্রাইব্যুনালের বিচারক মোহাম্মদ সাইদুর রহমান গাজী বাদীর জবানবন্দি গ্রহণ করে আদেশের জন্য রেখেছেন। মামলার আরজিতে বলা হয়েছে, গত ১২ নভেম্বর বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান সমাবেশে ভার্চ্যুয়াল বক্তৃতায় বলেছিলেন, বর্তমান পরিস্থিতিতে গণভোটের চেয়ে কৃষকদের আলুর ন্যায্য দাম নিশ্চিত করা বেশি জরুরি। এর প্রতিক্রিয়ায় শাহীন মাহমুদ তার ভেরিফায়েড ফেসবুক পেজে লেখেন, ৮৮ কোটি টাকা দিয়ে বুলেটপ্রুফ গাড়ি না কিনে ওই টাকাটা কৃষকদের দিলে তারা পেঁয়াজ ও আলুর ন্যায্য দাম পেতেন। ডেইলি স্টার, ১৯ নভেম্বর ২০২৫

**বিএনপি ও এর অঙ্গ সংগঠনের মামলা বাণিজ্যের আরও খবর—**

- মামলায় আওয়ামী লীগ কর্মীর নাম বাদ দেওয়া নিয়ে ফোনালাপ ফাঁসের ঘটনায় ছাত্রদল নেতাকে অব্যাহতি,প্রথম আলো, ১৬ নভেম্বর ২০২৪
- মামলা দিয়ে চাঁদাবাজির অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে, প্রতিবাদে মানববন্ধন, সমকাল, ৩০ ডিসেম্বর ২০২৪
- বরিশালের আগৈলঝাড়া উপজেলা ছাত্রদল নেতার মামলা বাণিজ্যের অভিযোগ, ভোরের ডাক, ২৮ এপ্রিল ২০২৫
- যুবদল নেতা ইসমাইলের মামলা বানিজ্যের সংবাদ ও দায় এড়াতে কৌশল অবলম্বন, সিএইচডিনিউজ২৪, ১৬ আগস্ট ২০২৫
- মধ্যনগরে যুবদল নেতার বিরুদ্ধে লুটপাট-চাঁদাবাজি ও মামলা বানিজ্যের অভিযোগে কারণ দর্শানোর নোটিশ, তৃতীয় মাত্রা, ২০ সেপ্টেম্বর ২০২৫

## ■ জুলুম-নির্যাতন

দেশজুড়ে বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে জুলুম-নির্যাতনের অভিযোগ ভয়াবহ রূপ নিয়েছে। চাঁদা আদায়, রাজনৈতিক প্রতিপক্ষ দমন, ব্যক্তিগত বিরোধ ও প্রভাব বিস্তারের জন্য প্রকাশ্য হামলা, মারধর, ভয়ভীতি, মিথ্যা মামলা, এমনকি গুরুতর শারীরিক ক্ষতির ঘটনাও ঘটছে। শিক্ষক, সরকারি কর্মকর্তা, সাংবাদিক, কৃষক, শ্রমিক, পুলিশ সদস্য থেকে শুরু করে বিরোধী দলের নারী ও পুরুষ নেতাকর্মীরাও এসব নির্যাতনের শিকার হচ্ছেন। এই ধারাবাহিক সহিংসতা আইনের শাসন, রাজনৈতিক সহনশীলতা ও গণতান্ত্রিক সংস্কৃতিকে গভীরভাবে প্রশ্নবিদ্ধ করছে।

### ১. সিলেটে ছাত্রজনতার উপর হামলা মামলার আসামী নাটোর স্বেচ্ছাসেবক দলের নেতা

ব্যক্তি স্বার্থে দলের নেতার্মীদেরকে ভয়ভীতি ও মামলা-গ্রেফতারের ঘটনায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে সিলেটের ফেঞ্চুগঞ্জজুড়ে। আগামী ১০ ডিসেম্বর ফেঞ্চুগঞ্জ সারকারখানা সিবিএ নির্বাচনে ঘিরে এহেন তৎপরতার অভিযোগ উঠেছে সিলেট জেলা বিএনপির যুগ্ম সম্পাদক এডভোকেট হাসান আহমদ পাটোয়ারী রিপনের বিরুদ্ধে। সিবিএ নির্বাচনে সাধারন সেক্রেটারী পদে প্রতিদ্বন্দ্বিতায় নেমেছেন ওই বিএনপি নেতার ছোট ভাই হুসেন আহমদ পাটোয়ারী শিপন। নিজের ভাইয়ের বিজয় পথ ঝুঁকিমুক্ত করতে সম্ভাব্য প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের ভয়ভীতি প্রদর্শনের পর এবার টার্গেট করে সরাসরি মামলায় ঢুকিয়ে গ্রেফতার করিয়েছেন তিনি। বৃহস্পতিবার রাতে গ্রেফতার করা হয় ফেঞ্চুগঞ্জ সারকারখানায় কর্মরত ও নাটোর জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-বিজ্ঞান প্রযুক্তি বিষয়ক সম্পাদক, হারুনুর রশিদ হারুন ও শ্রমিক দল নেতা আরিফ আহমদ। গত বুধবার এসএমপির কোতোয়ালী মডেল থানায় দায়েরকৃত একটি মামলায় উদ্দেশ্যপ্রণোধিতভাবে আসামী করা হয় তাদের। ইনকিলাব, ১৬ নভেম্বর ২০২৪

### ২. চালকের সঙ্গে বিতণ্ডা, বিএনপি নেতার বিরুদ্ধে বাস ভাঙচুরের অভিযোগ

চালকের সঙ্গে তর্কের জের ধরে ঢাকা-নারায়ণগঞ্জ রুটের আসিয়ান পরিবহনের গাড়ি ভাঙচুরের অভিযোগ উঠেছে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ থানা বিএনপির সাধারণ সম্পাদক ইকবাল হোসেনের বিরুদ্ধে। তবে অভিযোগ অস্বীকার করেছেন ইকবাল হোসেন। শুক্রবার (১৩ ডিসেম্বর) দুপুর ১২ টার দিকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের সিদ্ধিরগঞ্জ অংশে এ ঘটনা ঘটে। বাসযাত্রীদের তথ্যমতে, বিএনপি নেতা ইকবাল হোসেন রাজধানীর গুলিস্তান হতে নিজ গন্তব্যে ফেরার জন্য আসিয়ান পরিবহনে উঠেন। চলার পথে গাড়ি ব্রেক করাকে কেন্দ্র করে

চালকের সঙ্গে তর্কে জড়িয়ে পড়েন এ নেতা। পরে সাইনবোর্ড পার হয়ে সানারপাড় পৌঁছালে অন্তত ৩০ জন সহযোগী এসে চালককে মারধরের পর গাড়ি ভাঙচুর চালায়। একপর্যায়ে মারধর শেষে বিএনপি নেতা ইকবাল হোসেনের একটি ভিজিটিং কার্ড দেওয়া হয় চালককে। জাগো নিউজ, ১৩ ডিসেম্বর ২০২৪

**৩. সিরাজগঞ্জে আওয়ামী লীগ নেতার পায়ের রগ কাটল 'বিএনপির নেতা-কর্মীরা'**

চাঁদা না দেয়ায় সিরাজগঞ্জে ইউনিয়ন পর্যায়ের এক আওয়ামী লীগ নেতাকে বিএনপির নেতাকর্মীরা মারধরের পর দুই পায়ের রগ কেটে দিয়েছে বলে অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার সকালে সদর উপজেলার সয়দাবাদ পুর্নবাসন এলাকায় এ ঘটনা ঘটে বলে সদর থানার ওসি হুমায়ুন কবীর জানান। আহত হাজী সেলিম রেজা সদর উপজেলার সয়দাবাদ ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি ও ইউপির সাবেক সদস্য। সে একই ইউনিয়নের পূর্বমোহনপুর গ্রামের হারু সেখের ছেলে। তার দুই পা, ডান হাত ভেঙে দেওয়ার পাশাপাশি মাথায় কুপিয়ে জখম করা হয়েছে বলে জানা গেছে। আশঙ্কাজনক অবস্থায় তাকে ঢাকায় পাঠানো হয়েছে। বিডিনিউজ২৪, ১৯ ডিসেম্বর ২০২৪

**৪. প্রধান শিক্ষককে পেটালেন বিএনপি নেতা**

নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় প্রধান শিক্ষকদের ওপর হামলার প্রতিবাদে শিক্ষার্থীদের সড়ক অবরোধ। আজ দুপুরে চর কাঁকড়া ইউনিয়নের পন্ডিতের হাটে বিদ্যালয়ের অ্যাডহক কমিটিতে ছেলের নামে প্রস্তাব না পাঠানোয় নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় একটি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে প্রকাশ্যে মারধর করেছেন বিএনপি নেতা মো: রেজাউল হক। তিনি চরকাঁকড়া ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ও একই ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য। মারধরের শিকার ওই প্রধান শিক্ষকের নাম এ এন এন ইয়াছিন। তিনি পশ্চিম চরকাঁকড়া পণ্ডিতের হাট উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক। ঘটনার পর খবর পেয়ে বিদ্যালয়ের ক্ষুব্ধ ছাত্রছাত্রীরা পণ্ডিতের হাটে সড়ক অবরোধ করে। পরে অভিযুক্ত বিএনপি নেতা থানা-পুলিশের উপস্থিতিতে প্রকাশ্যে ক্ষমা চাওয়ার পর শিক্ষার্থীরা শান্ত হয় এবং তারা বিদ্যালয়ে ফিরে যায়। প্রথম আলো, ২ ফেব্রুয়ারি ২০২৫

**৫. ইউএনওর সামনেই ৪ জামায়াত নেতাকে পেটালেন বিএনপি নেতারা**

পাবনার সুজানগর উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) সামনেই উপজেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমিরসহ চার নেতাকে বেধড়ক মারধর করেছেন বিএনপির নেতারা। অভিযোগ রয়েছে, অবৈধ বালু উত্তোলন বন্ধ করায় ইউএনওকেও মারধর করতে গেলে জামায়াত নেতারা ও স্থানীয় সংবাদকর্মীরা বাধা দেন। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ আনে। সোমবার (৩ মার্চ) বিকেল

সাড়ে ৩টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মীর রাশেদুজ্জামানের কার্যালয়ে এ ঘটনা ঘটে। আহত ৪ জামায়াত নেতা হলেন- উপজেলা জামায়াতের নায়েবে আমির ফারুক-ই আজম, সেক্রেটারি টুটুল বিশ্বাস, শ্রমিক কল্যাণ ফেডারেশনের সাবেক সভাপতি ওয়ালিউল্লাহ বিশ্বাস, সাবেক কাউন্সিলর মোস্তাক আহমেদ। ইত্তেফাক, ৪ মার্চ ২০২৫

**৬. বিএনপি নেতার বিরুদ্ধে ছাত্রদল নেতার রগ কাটার অভিযোগ**
বরিশালের বাকেরগঞ্জে বিএনপির এক নেতার বিরুদ্ধে ইউনিয়ন ছাত্রদল সভাপতির হাত ও পায়ের রগ কাটার অভিযোগ উঠেছে। ভুক্তভোগীর পরিবারের অভিযোগ, পূর্ব শত্রুতার জেরে প্রকাশ্যে ছাত্রদল সভাপতির রগ কাটা হয়েছে। এতে জড়িত ইউনিয়ন বিএনপি ও ছাত্রদলের বেশ কয়েকজন নেতা। শনিবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার নিয়ামতি ইউনিয়নে এ ঘটনা ঘটে। ভুক্তভোগী আসাদুলালাহ খান নিয়ামতি ইউনিয়ন ছাত্রদলের সভাপতির পদে রয়েছেন। আর অভিযুক্ত সোহেল ফরাজী নিয়ামতি ইউনিয়ন বিএনপির যুগ্ম আহবায়ক পদে রয়েছেন। যুগান্তর, ৯ মার্চ ২০২৫

**৭. এলজিইডি কর্মকর্তাদের ওপর হামলার অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে**
ঠাকুরগাঁও সদর উপজেলায় সরকারি উন্নয়ন প্রকল্পের কাজ চলাকালে চাঁদার দাবিতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) একাধিক কর্মকর্তা ও কর্মচারীর ওপর হামলার অভিযোগ উঠেছে। শনিবার (৯ মার্চ) বিকেল ৩টার দিকে সদর উপজেলার শারালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে আইআরআইডি পি-৩ প্রকল্পের আওতায় রাস্তার কার্পেটিংয়ের কাজ চলার সময় এ হামলার ঘটনা ঘটে। অভিযোগ উঠেছে, ঠাকুরগাঁও সদর উপজেলার জামালপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের বিএনপির সভাপতি মো: আলমের নেতৃত্বে ২০-২৫ জনের একটি দল চাঁদা দাবি করে। চাঁদা না দেওয়ায় তারা প্রকৌশলী ও কর্মচারীদের ওপর লাঠিসোঁটা ও দেশীয় অস্ত্র নিয়ে হামলা চালায়। কালের কণ্ঠ, ১০ মার্চ ২০২৫

৮. জামায়াতের নারী নেত্রীর ওপর হামলা, বিএনপি নেতার ছেলে গ্রেপ্তার
ঝিনাইদহের মহেশপুরে জামায়াতে ইসলামীর রোকন ও নারী নেত্রী হাসিনা খাতুন এবং তার কর্মীদের ওপর হামলার ঘটনায় বিএনপি নেতার ছেলে সোহেল আহমেদকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ মঙ্গলবার (১১ মার্চ) ভোররাতের দিকে উপজেলার বৈরবা এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার সোহেল বাঁশবাড়িয়া ইউনিয়ন বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুল কাদেরের ছেলে। কালের কণ্ঠ, ১১ মার্চ ২০২৫

**৯. বাড়ির গেট ও রুমের দরজা ভেঙে যুবদল নেতার পায়ের রগ কর্তন**

বাগেরহাট পৌর যুবদলের সাবেক সভাপতি মো: জসিম উদ্দিনের দুই পায়ের রগ কেটে দিয়েছেন শ্রমিক দল নেতা সেলিম ভুঁইয়ার ভাই আজিম ভুঁইয়া ও তার লোকজন। বুধবার (১২ মার্চ) রাতে শহরের বাসাবাটি এলাকায় এ ঘটনা ঘটে। পরে মুমূর্ষু অবস্থায় তাকে উদ্ধার করে বাগেরহাট ২৫০ শয্যা হাসপাতালে নেওয়া হয়। অবস্থা গুরুতর হওয়ায় সেখান থেকে খুলনা এবং খুলনা থেকে ঢাকায় পাঠানো হয়েছে। প্রত্যক্ষদর্শী ও স্থানীয়রা জানান, বুধবার সন্ধ্যায় শ্রমিক দল নেতা সেলিম ভুঁইয়ার ভাই আজিম ভুঁইয়া ও তার লোকজন শহরের নাগের বাজার এলাকায় মো: জসিম উদ্দিনের প্রতিবেশী আজিম খান নামের এক ব্যক্তিকে মারধর করেন। ঢাকা পোস্ট, ১৪ মার্চ ২০২৫

**১০. হাতিয়ায় এনসিপি নেতা হান্নান মাসউদের পথসভায় বিএনপির হামলা, আহত ৫**

নোয়াখালীর হাতিয়া উপজেলায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) জ্যেষ্ঠ যুগ্ম মুখ্য সমন্বয়ক আবদুল হান্নান মাসউদের পথসভায় স্থানীয় বিএনপি নেতাকর্মীরা হামলা করেছেন–এমন অভিযোগ উঠেছে। পুলিশ ও স্থানীয় সূত্র জানিয়েছে, সোমবার দিনব্যাপী উপজেলার জাহাজমারা ইউনিয়নের বিভিন্ন এলাকায় পথসভা ও উঠান বৈঠক করেন হান্নান মাসউদ। ইফতারের আগে তিনি জাহাজমারা বাজারে একটি মিছিল শুরু করেন। একই সময় কৃষক দল নেতার ওপর হামলার প্রতিবাদে জাহাজমারা ইউনিয়ন বিএনপির নেতাকর্মীরা একটি মিছিল বের করে। দুটি মিছিল মুখোমুখি হলে দুপক্ষের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। ডেইলি স্টার, ২৫ মার্চ ২০২৫

**১১. শ্রীমঙ্গলে বিএনপি নেতা মধুর নেতৃত্বে সশস্ত্র তাণ্ডব, আটক ১৪**

মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ঈদের আগের রাতে বিএনপি নেতা ও সাবেক মেয়র মহসিন মিয়ার মধুর নেতৃত্বে স্থানীয় গ্রামবাসীর সঙ্গে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে মধুবাহিনীর হামলায় প্রায় ৪০/৫০ জনের মতো আহত হয়েছেন। পরে যৌথবাহিনীর অভিযান চালিয়ে অস্ত্রসহ বিএনপি নেতা মধুসহ ১৪ জনকে আটক করে। মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ঈদের আগের রাতে বিএনপি নেতা ও সাবেক মেয়র মহসিন মিয়ার মধুর নেতৃত্বে স্থানীয় গ্রামবাসীর সঙ্গে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে মধুবাহিনীর হামলায় প্রায় ৪০/৫০ জনের মতো আহত হয়েছেন। পরে যৌথবাহিনীর অভিযান চালিয়ে অস্ত্রসহ বিএনপি নেতা মধুসহ ১৪ জনকে আটক করে। ঢাকা পোস্ট, ৩১ মার্চ ২০২৫

**১২. শৈলকুপায় ব্যবসায়ীর পায়ের রগ কেটে দিল বিএনপি নেতারা!**

ঝিনাইদহের শৈলকুপায় আব্দুল জলিল মোল্লা (৭০) নামে এক ব্যবসায়ীকে

কুপিয়ে পায়ের রগ কেটে দেওয়ার অভিযোগ উঠেছে প্রতিপক্ষ বিএনপি নেতাদের বিরুদ্ধে। বুধবার (১৩ আগস্ট) রাত ৯ টার দিকে উপজেলার নতুনভুক্ত মালিথীয়া গ্রামের লাঙ্গলবাধ বাজার এলাকায় এ ঘটনা ঘটে। আব্দুল জলিল মোল্লা ওই গ্রামের মৃত জহর আলী মোল্লার ছেলে। তিনি লাঙ্গলবাঁধ বাজারের একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তার স্বজনরা জানান, বুধবার রাত ৯ টার দিকে জলিল মোল্লা লাঙ্গলবাধ বাজার থেকে বাড়ি ফিরছিলেন। পথে লাঙ্গলবাধ বাজার এলাকার সাঁকোর কাছে পৌঁছালে আগে থেকে ওৎপেতে থাকা একই গ্রামের বিএনপি নেতা হারুন, ফারুক, তুজাম, চাকদাহ গ্রামের এরশাদ, উলুবাড়িয়া গ্রামের পাভেল মন্ডল, শাহীন চুন্নুসহ আরও কয়েকজন তার ওপর হামলা করে কুপিয়ে ফেলে রেখে পালিয়ে যান। খবর পেয়ে পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে মাগুরা সদর হাসপাতালে ভর্তি করেন। পরে পায়ের রগ কেটে যাওয়ায় বৃহস্পতিবার (১৪ আগস্ট) সকালে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় রেফার্ড করেন চিকিৎসক। খবরের কাগজ, ১৪ অগাস্ট ২০২৫

**১৩. আদালতে বাদী ও তার পরিবারের ওপর হামলা, বিএনপি নেতা সাখাওয়াতের বিরুদ্ধে অভিযোগ**

নারায়ণগঞ্জে আদালতে হাজিরা দিতে এসে একটি মামলার বাদী ও তার পরিবারের সদস্যরা হামলার শিকার হয়েছেন। বাদীর অভিযোগ, বিবাদীপক্ষের আইনজীবী নারায়ণগঞ্জ মহানগর বিএনপির আহ্বায়ক সাখাওয়াত হোসেন খানের নির্দেশে তার জুনিয়র আইনজীবী, মহুরি ও অনুসারীরা এ হামলা চালিয়েছেন। এতে তার স্ত্রী, পাঁচ বছরের শিশুসন্তানসহ পরিবারের চার সদস্য আহত হয়েছেন। এ ছাড়া শ্লীলতাহানিসহ প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে বলে অভিযোগ বাদীর। রবিবার (২৬ অক্টোবর) দুপুর ১২টার দিকে নারায়ণগঞ্জ আদালত প্রাঙ্গণে এ ঘটনা ঘটে। আহতরা হলেন নারায়ণগঞ্জের স্যানিটারি পণ্যের ব্যবসায়ী ও মামলার বাদী মোঃ ইরফান মিয়া (৫০), তার স্ত্রী রাজিয়া সুলতানা এবং তাদের ছেলে মোঃ জিদান (১৮) ও আবদুল্লাহ (৫)। তারা নারায়ণগঞ্জের ৩০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। এ ঘটনায় ইরফানের স্ত্রী রাজিয়া সুলতানা ফতুল্লা থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। বাংলা ট্রিবিউন, ২৬ অক্টোবর ২০২৫

**১৪. মহেশপুরে জামায়াত-বিএনপির সংঘর্ষ, আহত ৬**

ঝিনাইদহের মহেশপুরে বিএনপি ও বাংলাদেশ জামায়াতে ইসলামের কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে, এতে উভয় পক্ষের অন্তত ছয়জন আহত হয়েছেন। উপজেলা জামায়াত মহেশপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে। সংঘর্ষটি ঘটেছে মঙ্গলবার (২৮ অক্টোবর) বিকেল ৬টার দিকে উপজেলার যাদবপুর বাজারে, যখন জামায়াতের গণসংযোগ চলছিল। লিখিত অভিযোগপত্রে যাদবপুর

গ্রামের আফসার আলীর ছেলে আশরাফুল, মন্টু মিয়ার ছেলের ছফর আলী, সবুজ মিয়া, সাইদুল ইসলাম, রেজাউলের ছেলে হাসান আলী, মোজাম্মেলের ছেলে সাইদ ও ইরশাদ মেম্বারের ছেলে হবিবার রহমানের নাম উল্লেখ করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, মহেশপুর উপজেলা জামায়াতের আমির ফারুক আহম্মদ বলেন, যাদবপুর বাজারে গণসংযোগ শেষ করে মাগরিবের নামাজে যাচ্ছিলেন জামায়াতের নেতাকর্মীরা। এসময় বিএনপির কর্মীরা হামলা চালায়। এতে বেশ কয়েকজন আহত হয়েছেন। ইত্তেফাক, ২৯ অক্টোবর ২০২৫

**১৫. নোয়াখালীতে মহিলা জামায়াতের তালিমে বিএনপির হামলা-ভাঙচুর**

নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলার দেওটি ইউনিয়নে মহিলা জামায়াত আয়োজিত এক ধর্মীয় শিক্ষাসভায় হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে। স্থানীয়ভাবে জানা গেছে, স্বেচ্ছাসেবক দলের কয়েকজন কর্মী ওই ঘটনায় জড়িত ছিলেন। মঙ্গলবার (২৮ অক্টোবর) বিকেলে ইউনিয়নের উত্তর দেওটি গ্রামের মাঈন উদ্দিন ব্যাপারীর বাড়িতে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্র বলছে, জামায়াতে ইসলামী মহিলা বিভাগের উদ্যোগে ওই বাড়ির উঠানে তালিমের আয়োজন করা হয়। অনুষ্ঠান শুরু হওয়ার আগমুহূর্তে মোঃ রবিন, শাহ আলম ও লিটন নামে কয়েকজন স্বেচ্ছাসেবক দলকর্মী সেখানে গিয়ে আয়োজকদের সঙ্গে তর্কে জড়িয়ে পড়ে। দেশ রূপান্তর, ২৯ অক্টোবর ২০২৫

**১৬. নারায়ণগঞ্জ আদালত প্রাঙ্গণে বাদীর ওপর হামলার ঘটনায় বিএনপি নেতা সাখাওয়াতের বিরুদ্ধে মামলা**

নারায়ণগঞ্জে আদালত প্রাঙ্গণে মামলার বাদীর পরিবারকে মারধরের ঘটনায় মহানগর বিএনপির আহ্বায়ক ও আইনজীবী সাখাওয়াত হোসেন খানের বিরুদ্ধে অবশেষে মামলা নিয়েছে পুলিশ। আজ বুধবার দুপুরে ফতুল্লা মডেল থানার পুলিশ মামলাটি নেয়। বাদী রাজিয়া সুলতানা মামলায় সাখাওয়াত হোসেন ছাড়াও ৮ জনের নাম উল্লেখ করে অজ্ঞাতনামা আরও ৫ জনকে আসামি করা হয়েছে। মামলার অপর আসামিরা হলেন ইসমাঈল হোসেন, হিরণ, শাহ্ আলম, টিটু, রাসেল ব্যাপারী, খোরশেদ আলম, আল আমিন, বিল্লাল হোসেন। প্রথম আলো, ২৯ অক্টোবর ২০২৫

**১৭. ভোলায় বিএনপি-বিজেপি সমর্থকদের দফায় দফায় সংঘর্ষ, আহত ৫০**

ভোলায় বিএনপি ও বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আহত হয়েছেন অন্তত ৫০ জন। এ সময় ককটেল বিস্ফোরণ ও ইটপাকটেল নিক্ষেপ করে উভয় পক্ষ। কয়েকটি মোটরসাইকেল ভাঙচুর করা হয়। এই ঘটনার জন্য এক দল অপর দলকে দায়ী করেছে। আজ

শনিবার দুপুর সাড়ে ১২টায় শহরের নতুন বাজার ও পৌরসভার সামনে এ ঘটনা ঘটে। সমকাল, ১লা নভেম্বর ২০২৫

**১৮. জামায়াতের উঠান বৈঠকে বিএনপির হামলা**

আড়াইহাজার উপজেলার খাগকান্দা ইউনিয়নের মোহনপুর এলাকায় জামায়াতে ইসলামীর উঠান বৈঠকে বিএনপি নেতাকর্মীরা হামলা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় জামায়াতের অন্তত ৮ জন কর্মী আহত হয়েছেন। এসময় ভাংচুর করা হয়েছে ৩০টি চেয়ার। এর প্রতিবাদে শনিবার বিকালে খাগকান্দা এলাকায় একটি বিক্ষোভ মিছিল বের করে জামায়াতে ইসলামীর নেতাকর্মীরা। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার রাত ৮টার দিকে জামায়াতে ইসলামীর খাগকান্দা ইউনিয়নের ২ নং ওয়ার্ড শাখার উদ্যোগে মোহনপুর পূর্ব ও পশ্চিমপাড়ার মাঝামাঝি রাস্তায় একটি উঠান বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। অভিযোগ অনুযায়ী, খাগকান্দা ইউনিয়ন বিএনপির সভাপতি বেলায়েত হোসেনের নির্দেশে উক্ত ইউনিয়ন যুবদলের যুগ্ম সম্পাদক আব্দুল কাদের জিলানী, বিএনপি নেতা জালাল উদ্দিনসহ ১০ থেকে ১৫ জন লোক সেখানে হামলা চালায়। বাংলা এডিশন, ২ নভেম্বর ২০২৫

**১৯. চাঁদপুরে মহিলা জামায়াতের কোরআন তালিমে যুবদলের হামলা**

চাঁদপুর সদর উপজেলার ৯নং বালিয়া ইউনিয়নের ৯নং ওয়ার্ডের (গুলিসা) রাড়িগো ফুলের কাছের খাঁন বাড়িতে বাংলাদেশ জামায়াতে ইসলামী মহিলা বিভাগের নিয়মিত কোরআন তালিম চলাকালে যুবদলের কর্মীদের হামলার অভিযোগ উঠেছে। দলীয় সূত্রে জানা যায়, গত ২ নভেম্বর (রবিবার) বিকেলে ঐ বাড়িতে দীর্ঘ ২০ বছর ধরে নিয়মিত সাপ্তাহিক ও মাসিক কোরআন তালিম ও প্রশিক্ষণ পরিচালনা করে আসছে জামায়াতের মহিলা বিভাগ। ওই দিন তালিম চলাকালে স্থানীয় যুবদলের সাংগঠনিক সম্পাদক মো: আছলাম এর নেতৃত্বে একদল যুবক বাড়িতে প্রবেশের চেষ্টা করে। পর্দানশীল মহিলারা তাদের প্রবেশে বাধা দিলে, তারা অশালীন ভাষায় গালাগালি শুরু করে এবং উপস্থিত মহিলাদের ভিডিও ধারণের চেষ্টা করে। একপর্যায়ে তারা দরজায় ধাক্কাধাক্কি ও লাথি মেরে বিশৃঙ্খলা সৃষ্টি করে। মহিলারা প্রতিবাদ জানালে হামলাকারীরা স্থান ত্যাগ করে। বাংলা এডিশন, ৩ নভেম্বর ২০২৫

**২০. ফেসবুকে কমেন্ট করাকে কেন্দ্র করে ছাত্রদল নেতার নেতৃত্বে হামলা, আহত ৬**

ছাগলনাইয়া উপজেলার ঘোপাল ইউনিয়নের নিজকুঞ্জরা গ্রামে ফেসবুকে মন্তব্য করাকে কেন্দ্র করে হামলার ঘটনা ঘটেছে। মহিপাল সরকারি কলেজ ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি রাহাত উদ্দিন ভূঁইয়ার নেতৃত্বে এ হামলায় অন্তত ৬ জন

আহত হয়েছেন। রবিবার (২ নভেম্বর) দুপুরে নিজকুঞ্জরা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কক্ষের সামনে এ ঘটনা ঘটে। আহতরা হলেন-জাহিদুল ইসলাম সামীম, ইমরান হোসেন, আরমান হাসান, রাফি, আরাফাত ও অনিক। আহতরা সকলে নিজকুঞ্জরা উচ্চ বিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী। ডেইলি ক্যাম্পাস, ৩ নভেম্বর ২০২৫

**২১. নকলায় কৃষি কর্মকর্তাকে মারধর, ছাত্রদলের দুই নেতার বিরুদ্ধে মামলা**

শেরপুরের নকলা উপজেলা কৃষি কর্মকর্তাকে মারধর ও সরকারি কাজে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় ছাত্রদলের এক নেতা ও তাঁর সহযোগীর বিরুদ্ধে। এ ঘটনায় গতকাল বুধবার রাতে ভুক্তভোগী ওই কর্মকর্তা থানায় মামলা করেছেন। ঘটনাটির ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ওই মামলায় আসামি করা হয়েছে উপজেলা ছাত্রদলের সদস্যসচিব রাহাত হাসান কাইয়ুম ও ছাত্রনেতা ফজলুল হককে। প্রথম আলো, ৬ নভেম্বর ২০২৫

**২২. সমন্বয়কের ওপর হামলায় বিএনপি ও যুবদল জড়িত, প্রতিবাদে মানববন্ধন**

পঞ্চগড়ের বাংলাবান্ধা স্থলবন্দর এলাকায় সরকারি অনুষ্ঠানে বৈষম্যবিরোধী আন্দোলনের জেলা সমন্বয়ক ফজলে রাব্বীর ওপর হামলার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করেছে বৈষম্যবিরোধী ছাত্র-জনতা। ৭ নভেম্বর বৃহস্পতিবার শহরের চৌরঙ্গী মোড়ে কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে এ কর্মসূচি হয়। ঘণ্টাব্যাপী মানববন্ধনে বিভিন্ন রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মীসহ বৈষম্যবিরোধী আন্দোলনের সমর্থকেরা অংশ নেন। এ সময় বক্তারা অভিযোগ করেন, ৪ নভেম্বর তেঁতুলিয়া উপজেলা প্রশাসনের উদ্যোগে ও জেলা প্রশাসনের সহযোগিতায় আয়োজিত পতাকা স্ট্যান্ড উদ্বোধন অনুষ্ঠানে জনসমাগম, পুলিশ ও প্রশাসনের কর্মকর্তাদের উপস্থিতিতে পরিকল্পিতভাবে ফজলে রাব্বীর ওপর হামলা চালানো হয়। তাঁরা দাবি করেন, হামলার নেতৃত্বে ছিলেন তেঁতুলিয়া উপজেলা বিএনপির সভাপতি শাহাদাত হোসেন রঞ্জু ও উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক জাকির হোসেন। আজকের পত্রিকা, ৭ নভেম্বর ২০২৫

**২৩. পটুয়াখালীতে বিএনপি-গণঅধিকার পরিষদের সংঘর্ষে আহত ১৬**

পটুয়াখালীর গলাচিপা উপজেলার চরকাজল ইউনিয়নের কপালবেড়া বাজারে বিএনপি ও গণঅধিকার পরিষদের নেতাকর্মীদের মধ্যে বৃহস্পতিবার রাতে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষের ১৬ জন নেতাকর্মী আহত হয়েছে। সূত্র জানায়, কপালবেড়া গ্রামের রাঢ়ি পরিবারের সঙ্গে খলিফা পরিবারের লোকজনের বিরোধ ছিল। সমকাল, ৮ নভেম্বর ২০২৫

**২৪. জামালপুরে জামায়াত প্রার্থীর গণসংযোগে যুবদলের হামলা, আহত ১০**
জামালপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত এমপি প্রার্থী আব্দুস সাত্তারের নির্বাচনি গণসংযোগে হামলা চালানোর অভিযোগ উঠেছে যুবদলের বিরুদ্ধে। শনিবার দুপুরে সদর উপজেলার রানাগাছা ইউনিয়নের বানারেরপাড় বাজারে এ হামলায় জামায়াতের অন্তত ১০ কর্মী-সমর্থক আহত হয়েছে বলে দলের নেতারা দাবি করেছেন। জামালপুর-৫ (সদর) আসনে জামায়াতের এমপি প্রার্থী জেলা জামায়াতের আমির আব্দুস সাত্তারের অভিযোগ, দুপুরে কর্মী সমর্থকদের নিয়ে তিনি নির্বাচনি গণসংযোগ শুরু করেন। বানারেরপাড় বাজার এলাকায় পৌঁছলে রানাগাছা ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক জাকিউল্লাহ শিপলুর নেতৃত্বে ৩০/৩৫ জনের একটি দল তাদের ওপর হামলা চালায়। বিডিনিউজ২৪, ৯ নভেম্বর ২০২৫

**২৫. সড়কে আগুন দিতে গিয়ে সাবেক ছাত্রদল নেতা দগ্ধ**
রাজশাহী-৩ (পবা-মোহনপুর) আসনে বিএনপির ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সহ-সম্পাদক শফিকুল হক মিলনের মনোনয়ন বাতিলের দাবিতে টায়ারে আগুন দিয়ে বিক্ষোভ করার সময় সাবেক এক ছাত্রদল নেতার শরীরে আগুন ধরে যাওয়ার ঘটনা ঘটেছে। সোমবার বিকালে রাজশাহীর চৌদ্দপাই এলাকায় এ ঘটনা ঘটে। এ সময় শরীরে আগুন নিয়ে ছুটতে থাকেন শহিদুল ইসলাম নামের ওই ব্যক্তি। পরে অন্য নেতাকর্মীরা তার গায়ে থাকা জার্সি খুলে আগুন নেভান। শহিদুল ইসলাম জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক। বাংলা এডিশন, ১০ নভেম্বর ২০২৫

**২৬. কর্মচারীকে মারধর, অভিযুক্ত ছাত্রদল নেতাকর্মীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের মামলা**
রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) চার কর্মচারীকে লাঞ্ছনা ও মারধরের ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মামলা করেছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. আরফান আলী বাদী হয়ে হত্যার উদ্দেশ্যে মারধর, গুরুতর জখম ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগে অভিযুক্তদের বিরুদ্ধে গত ৬ নভেম্বর শেরেবাংলা থানায় মামলা দায়ের করেন। মামলায় শেকৃবি শাখা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ফরহাদকে ১ নম্বর আসামি করা হয়েছে। চ্যানেল ২৪, ১০ নভেম্বর ২০২৫

**২৭. নোয়াখালীতে জামায়াতের প্রার্থীর জনসংযোগে যুবদল-ছাত্রদলের হামলা**
নোয়াখালী-১ (চাটখিল ও সোনাইমুড়ী আংশিক) আসনে জামায়াতে ইসলামীর সংসদ সদস্য পদপ্রার্থী মো: সাইফুল্লাহর নির্বাচনী জনসংযোগে যুবদল ও ছাত্রদলের কর্মীদের হামলার অভিযোগ পাওয়া গেছে। এতে জামায়াতের

ইউনিয়ন পর্যায়ের এক নেতাসহ অন্তত ছয়জন আহত হয়েছেন বলে দাবি করেছে দলটি। ১৩ নভেম্বর বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে চাটখিল উপজেলার খিলপাড়া ইউনিয়নের ইটপুকুরিয়া গ্রামে এ হামলার ঘটনা ঘটে। প্রথম আলো, ১৩ নভেম্বর ২০২৫

**২৮. পটুয়াখালীতে কৃষকের ওপর হামলার অভিযোগ বিএনপি নেতাদের বিরুদ্ধে**

পটুয়াখালীর গলাচিপা উপজেলার চরবিশ্বাস ইউনিয়নের চরবাংলায় খাস জমিতে তরমুজ চাষ করাকে কেন্দ্র করে কৃষকদের ওপর হামলার অভিযোগ উঠেছে বিএনপি নেতাদের বিরুদ্ধে। এসময় দুপক্ষের সংঘর্ষে অন্তত ৫০ জন আহতের খবর পাওয়া গেছে। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) দুপুরে এ ঘটনা ঘটে। হামলায় আহত সাহাবুদ্দিন তালুকদার বলেন, 'আমরা চরবাংলায় প্রায় ৩০ বছর ধরে বসবাস করছি। গত তিন মাস আগে গলাচিপা উপজেলার ইউএনও স্যার ও এসিল্যান্ড স্যারও আমাদের ১৫৫ জন কৃষককে ওই জমি ইজারা দেয়। কিন্তু চরবিশ্বাস ইউনিয়ন বিএনপির সভাপতি বাকের বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক আব্দুল মতিন ও ওয়ার্ড বিএনপির সভাপতি আনোয়ার হাওলাদার আমাদের জমিতে চাষ করতে দেয়নি। এরপর কিছুদিন আগে ইউএনও এবং ওসি স্যার আমাদের নিয়ে বসে বিষয়টি সমাধান করে দেন। কিন্তু বৃহস্পতিবার দুপুরের দিকে ওই জমিতে আমরা চাষাবাদ করতে গেলে তারা হঠাৎ করে লোকজন নিয়ে আমাদের উপর হামলা করে।' ইত্তেফাক, ১৪ নভেম্বর ২০২৫

**২৯. যুবদল নেতার হামলায় আহত ৩ পুলিশ**

ফেনীর পরশুরামে একটি মামলার অভিযোগ তদন্ত করতে গিয়ে যুবদল নেতা রাজিব মজুমদারের হামলার শিকার হয়েছেন এক উপ-পরিদর্শকসহ (এসআই) তিন পুলিশ সদস্য। শুক্রবার (১৪ নভেম্বর) দুপুরে পরশুরাম পৌর এলাকার দক্ষিণ কোলাপাড়ার গুনাগাজী মজুমদার বাড়িতে এ ঘটনা ঘটে। আহতরা হলেন- পরশুরাম মডেল থানা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) মুন্না দে, কনস্টেবল নাজমুল ইসলাম ও রুহুল আমিন। যুগান্তর, ১৪ নভেম্বর ২০২৫

**৩০. মেরে লাশ গুম করার হুমকি দিল বিএনপির প্রার্থীর মিডিয়া সেল**

কুমিল্লা ১০ (লালমাই-নাঙ্গলকোট) আসনে বিএনপির মনোনীত প্রার্থী আব্দুল গফুর ভূঁইয়া মিডিয়া সেলের বিরুদ্ধে কুমিল্লায় কর্মরত যমুনা টেলিভিশনের সাংবাদিক রফিকুল ইসলাম চৌধুরী খোকনকে হত্যা করে লাশ গুম করার হুমকির অভিযোগ উঠেছে। এ ঘটনায় মঙ্গলবার (১৮ নভেম্বর) ভুক্তভোগী সাংবাদিক রফিকুল ইসলাম চৌধুরী খোকন কুমিল্লার নাঙ্গলকোট থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। ঢাকা পোস্ট, ১৯ নভেম্বর ২০২৫

**৩১. প্রতীকী দাঁড়িপাল্লা টাঙাতে বাধা, আলমডাঙ্গায় বিএনপি-জামায়াত সংঘর্ষে আহত ১১**

আলমডাঙ্গার ১ নম্বর ওয়ার্ডের নারী ইউপি সদস্য রোকসানা খাতুনের স্বামী রাশিদুল ইসলামকে দেখতে হাসপাতালে ভিড় করেছেন স্বজন ও নেতা-কর্মীরা। চুয়াডাঙ্গার আলমডাঙ্গা শ্যামপুর গ্রামে বাঁশ-কাঠের তৈরি জামায়াতের প্রতীকী দাঁড়িপাল্লা টাঙানোকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াতের দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছে। মঙ্গলবার সন্ধ্যার দিকে এ ঘটনা ঘটেছে। এতে নারী ইউপি সদস্যসহ অন্তত ১১ জন আহত হয়েছেন। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, মঙ্গলবার বিকেলে শ্যামপুর গ্রামে জামায়াতের কর্মীরা তাদের দলীয় প্রতীকের আদলে বাঁশ-কাঠের তৈরি প্রতীকী দাঁড়িপাল্লা টাঙাতে গেলে বিএনপি নেতা রাশিদুলের সঙ্গে তর্কাতর্কি হয়। পরে উভয় পক্ষের নেতাকর্মী সংঘর্ষে জড়ায়। এর কিছুক্ষণ পর পৌর যুবদলের কয়েকজন জামায়াত নেতা ওল্টুর বাড়িতে হামলা চালান বলে অভিযোগ রয়েছে। এতে ওল্টু ও তার মেয়ে আহত হন। সমকাল, ১৯ নভেম্বর ২০২৫

**৩২. বাংলাদেশ জাতীয় দলের গণসংযোগে বিএনপি নেতার নেতৃত্বে হামলায় গুলিবিদ্ধ ২, আহত ২০**

কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলায় নির্বাচনি গণসংযোগ কর্মসূচিতে স্থানীয় বিএনপির নেতৃত্বে হামলায় বিএনপির যুগপৎ আন্দোলন সঙ্গী ১২ দলীয় জোটের নেতা বাংলাদেশ জাতীয় দলের চেয়ারম্যান সৈয়দ এহসানুল হুদার পূর্বঘোষিত কর্মসূচি পণ্ড হয়েছে। হামলায় সন্ত্রাসীদের গুলিতে দুইজন গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হয়েছে এবং হামলাকারীরা স্থানীয় নেতাকর্মীদের ৩০ টি মোটর সাইকেল নিয়ে গেছে। এছাড়া, হামলায় কমপক্ষে ৩০টি পিকআপ ভাঙচুর করেছে বলে অভিযোগ করেছেন ১২ দলীয় জোটের মুখপাত্র ও বাংলাদেশ এলডিপির চেয়ারম্যান শাহাদাত হোসেন সেলিম। শনিবার (২২ নভেম্বর) শাহাদাত হোসেন সেলিম স্বাক্ষরিত ১২ দলীয় জোটের নিন্দা শীর্ষক এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। ডেইলি ক্যাম্পাস, ২২ নভেম্বর ২০২৫

**৩৩. ইট দিয়ে সহকারী শিক্ষকের মাথা ফাটালেন যুবদল নেতা!**



শিশু শিক্ষার্থীদের পরীক্ষা নিতে বাধা দেওয়ায় ইট দিয়ে রাজীব বিশ্বাস নামের এক সহকারী শিক্ষকের মাথা ফাটালেন যুবদল নেতা ও তার সহযোগীরা। বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) সকালে পাবনার ফরিদপুর উপজেলার বনওয়ারীনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। আহত রাজীব একই বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে কর্মরত। অভিযুক্ত নয়ন হোসেন উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক। ডেইলি ক্যাম্পাস, ৪ ডিসেম্বর ২০২৫

### ৩৪. আদালত প্রাঙ্গণে এডিশনাল পিপির ওপর ছাত্রদল-যুবদলের হামলা

ভোলার চরফ্যাশনে আদালত প্রাঙ্গণে এডিশনাল পিপি অ্যাডভোকেট হযরত আলী হিরনের ওপর হামলার অভিযোগ উঠেছে বিএনপি, যুবদল ও ছাত্রদলের বিরুদ্ধে। সোমবার (৮ নভেম্বর) দুপুর আড়াইটার দিকে চরফ্যাশন চৌকি আদালত প্রাঙ্গণে হামলার ঘটনা ঘটে। এডিশনাল পিপি অ্যাডভোকেট হযরত আলী হিরন বলেন, সোমবার দুপুরে চরফ্যাশন উপজেলা পরিষদে ইউএনও'র সাথে একটি মিটিং শেষে এডিশনাল জিপি অ্যাডভোকেট ছিদ্দিক মাতাব্বর বের হলে সেখানে উপস্থিত নজরুল নগর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সজীব শাহরিয়ার এডিশনাল জিপিকে বলেন, তুই আমাকে মামলায় দিয়েছিস আমি তোকে দেখে নেব। এডিশনাল জিপি সেখানে আমাকে ঘটনাটি জানালে আমি আমাদের নিরাপত্তার স্বার্থে পুলিশকে খবর দেই যে, একজন আসামি আমাদেরকে হুমকি দিয়েছে। এরপর পুলিশ এসে আদালত চত্বর থেকে নজরুল নগর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো: সজীবকে তার বিরুদ্ধে থাকা চাঁদাবাজির মামলায় গ্রেপ্তার করে। আমার দেশ, ৮ ডিসেম্বর ২০২৫

### ৩৫. জামায়াত কর্মীকে পিটিয়ে জখম বিএনপি নেতার



বরিশাল নগরীর ২৯ নং ওয়ার্ড কাশিপুরে জাহের হোসেন (৪০) নামের এক জামায়াত কর্মীকে পিটিয়ে জখম করার অভিযোগ পাওয়া গেছে। সোমবার সকাল সাড়ে দশটার দিকে কাশিপুর হাই স্কুলের সামনের বাজারে বসে এ ঘটনা ঘটে। ওই এলাকায় সাবেক কাউন্সিলর ও বিএনপি নেতার মো: শহিদের নেতৃত্বে এ হামলার ঘটনা ঘটেছে বলে আহত'র পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। আহত জাহের হোসেন ২৯ নং ওয়ার্ড এলাকার মৃত আলী আহমেদ খানের ছেলে ও কাশিপুর হাইস্কুল অ্যান্ড কলেজ জামায়াতের ইউনিট সভাপতি। আমার দেশ, ৮ ডিসেম্বর ২০২৫

### ৩৬. বিএনপি প্রার্থীর নেতৃত্বে জামায়াতের এমপি প্রার্থীর ওপর হামলা, আহত ১০



সিরাজগঞ্জ-১ (কাজীপুর ও সদরের একাংশ) আসনে জামায়াতে ইসলামীর মনোনীত এমপি প্রার্থী ও জেলা জামায়াতের আমির মাওলানা শাহীনুর আলমের ওপর হামলার অভিযোগ উঠেছে। বিএনপির মনোনীত প্রার্থী সেলিম রেজার নেতৃত্বে এ হামলা চালানো হয়েছে। সোমবার (৮ ডিসেম্বর) রাত ১১টার দিকে কাজীপুর উপজেলার সোনামুখী বাজার এলাকায় এই হামলার ঘটনা ঘটে। ভুক্তভোগী ও স্থানীয় সূত্রে জানা যায়,

উপজেলার সোনামুখী এলাকায় একটি ইসলামী জলসায় অংশ নেন মাওলানা শাহীনুর আলম ও তার সমর্থকরা। এই জলসা থেকে রাত ১১টার দিকে বাড়ি ফেরার পথে সোনামুখী বাজার এলাকায় পৌঁছালে তার গাড়িবহরে বিএনপির লোকজন লাঠিসোঁটা নিয়ে হামলা করে। বার্তা বাজার, ৯ ডিসেম্বর ২০২৫

**৩৭. জেএসডি নেতা-কর্মীদের ওপর হামলা, পাল্টা অভিযোগ বিএনপির**

লক্ষ্মীপুরের রামগতিতে জাতীয় সমাজতান্ত্রিক দল (জেএসডি)'র নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে। বিএনপির নেতাকর্মীরা এ হামলা চালিয়েছে বলে দাবি করেছে জেএসডির নেতৃবৃন্দ। তবে পাল্টা হামলার অভিযোগ করেছে উপজেলা বিএনপি। সোমবার বিকেলে উপজেলার রামদয়াল বাজার, আজাদনগর ও রামগতি বাজারসহ কয়েকটি স্থানে পৃথক এসব ঘটনা ঘটে। জেএসডির কয়েকজন নেতাকর্মী বলেন, জেএসডির সহসভাপতি ও আ স ম রবের স্ত্রী তানিয়া রবের নির্বাচনি জনসভায় যোগ দিতে আসা নেতাকর্মীদের ওপর হামলা করেছে বিএনপির নেতাকর্মীরা। এতে দু'জন কর্মী গুলিবিদ্ধসহ অন্তত ১০ জন কর্মী আহত হয়েছেন। নেতাকর্মীদের বহনকৃত অন্তত ১৫ টি গাড়িও ভাংচুর করার অভিযোগ করেন। আমার দেশ, ৯ ডিসেম্বর ২০২৫

**৩৯. চরফ্যাশনে জামায়াতের নেতাকর্মীদের ওপর বিএনপির হামলায় আহত ২০**

ভোলার চরফ্যাশনে জামায়াতে ইসলামীর নির্বাচনী গণসংযোগে স্থানীয় বিএনপির নেতা-কর্মীদের হামলায় অভিযোগ উঠেছে। হামলায় জামায়াতের ২০ জন নেতা-কর্মী আহত হয়েছে বলে নেতারা দাবি করেছেন। সোমবার (১৫ ডিসেম্বর) সকাল সাড়ে ১১টার দিকে উপজেলার জিন্নাগর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের চকবাজার এলাকায় এই ঘটনা ঘটেছে। প্রত্যক্ষদর্শীরা জানান, সোমবার সকালে জামায়াতে ইসলামী চরফ্যাশন শাখার নেতা-কর্মীরা মোটরসাইকেল যোগে নির্বাচনি গণসংযোগে নামেন জিন্নাগর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে। তারা ৯নং ওয়ার্ডের চকবাজার এলাকায় আসলে তাদের ওপর অতর্কিত হামলা চালায় স্থানীয় বিএনপির নেতা-কর্মীরা। চ্যানেল ২৪, ১৫ ডিসেম্বর ২০২৫

## জুলুম-নির্যাতনের আরও কিছু খবর-

- ফেনীতে প্রকৌশলীর হাত কেটে নেওয়ার হুমকির অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে, বার্তা বাজার, ২৮ অক্টোবর ২০২৫
- মামলা না করতে হাসপাতালে গিয়ে এক কৃষককে হুমকি দিলেন যুবদল নেতা, বার্তা বাজার, ১৫ নভেম্বর ২০২৫
- ঝালকাঠি-২ আসনে জামায়াতের প্রার্থীর ওপর হামলার অভিযোগ, বাংলা ট্রিবিউন, ৯ ডিসেম্বর ২০২৫

## পঞ্চম অধ্যায়

# আওয়ামী ও তার দোসরদের পুনর্বাসন

# আওয়ামী ও তার দোসরদের পুনর্বাসন

জুলাই আন্দোলনের পর ক্ষমতার পালাবদলে বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে নতুন এক বিতর্কের জন্ম দিয়েছে তথাকথিত 'আওয়ামী পুনর্বাসন' ইস্যু। দীর্ঘ ১৬ বছরের আওয়ামী লীগের দুঃশাসন, দমন-পীড়ন ও ছাত্র-জনতা হত্যার সাক্ষী পুরো দেশ। সেই ফ্যাসিস্ট দলকে পক্ষ নিয়ে বিএনপির ভেতর থেকেই সাম্প্রতিক সময়ে ভিন্নধর্মী বক্তব্য শোনা যাচ্ছে– যেখানে আওয়ামী নেতাকর্মীদের আশ্রয়, নিরাপত্তা এবং রাজনীতিতে অংশগ্রহণের সুযোগ দেওয়ার প্রতিশ্রুতি উঠে এসেছে। আবার বিভিন্ন জেলা-উপজেলায় দেখা যাচ্ছে বিএনপির কমিটিতে আওয়ামী নেতা-কর্মীদের অন্তর্ভুক্তি, পদায়ন ও প্রভাব বিস্তারের ঘটনা। এসব ঘটনা দলীয় শুদ্ধতা, নেতৃত্ব কাঠামো ও কৌশলগত অবস্থান নিয়ে বিএনপির ভেতরে প্রশ্ন, ক্ষোভ ও দ্বন্দ্ব সৃষ্টি করেছে; ফলে বিষয়টি এখন জাতীয় রাজনীতির আলোচিত অধ্যায়ে পরিণত হয়েছে।

## ▪ আওয়ামী পুনর্বাসনে বিএনপি নেতাদের বক্তব্য

জুলাই আন্দোলনের সময় ছাত্র-জনতা হত্যায় অভিযুক্ত আওয়ামী লীগের বিরুদ্ধে তীব্র সমালোচনা ও প্রতিরোধ আন্দোলন চালালেও সাম্প্রতিক সময়ে বিএনপি নেতাদের নানা বক্তব্যে দেখা যাচ্ছে ভিন্ন এক সুর–'আওয়ামী পুনর্বাসন'। কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত কয়েকজন নেতার প্রকাশ্য মন্তব্যে উঠে এসেছে আওয়ামী কর্মীদের আশ্রয়-সহায়তা, নিরাপত্তা নিশ্চিতকরণ এবং এমনকি তাদের রাজনৈতিক অংশগ্রহণের সুযোগ দেওয়ার প্রতিশ্রুতি। এসব বক্তব্য বিএনপির ভেতরেও বিস্ময় ও বিতর্ক সৃষ্টি করেছে, পাশাপাশি প্রশ্ন তুলেছে দলটির রাজনৈতিক অবস্থান ও কৌশল নিয়ে।

### ১. আওয়ামী লীগ নেতাদের আশ্রয় দেবে বিএনপি:আব্দুর রহমান ফরাজি



গোটা দেশে বিএনপির কেন্দ্রীয় নেতাসহ জেলার নেতারা যখন আওয়ামী লীগ ও তাদের অনুসারীদের বিরুদ্ধে সোচ্চার। এবিষয়ে বিন্দু পরিমাণ ছাড় দিতে রাজি নারাজ, ঠিক তখনই পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রহমান ফরাজি আওয়ামী লীগের নেতাকর্মীদের প্রতি সহানুভূতি প্রকাশ করেছেন। উপজেলা আওয়ামী লীগের সকল নেতাকর্মীকে বিএনপিতে আসারও জন্য আহ্বান জানিয়েছেন তিনি।


বিএনপির এই নেতা বলেন, রাঙ্গাবালীতে আওয়ামী লীগ নেতাদের আশ্রয় দিবে বিএনপি। আমি উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রহমান ফরাজি আপনাদের পাশে আছি। দুইদিন আগের ৩ মিনিট ২১ সেকেন্ডের তার এমন একটি ভিডিও শুক্রবার (৮ নভেম্বর) বিকেল থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে। যমুনা টিভি, ৮ নভেম্বর ২০২৪

### ২. জনগণ আওয়ামী লীগকে সুযোগ দিলে বিএনপির কিছু বলার নেইঃ রুহুল কবির রিজভী



বিচারের পর জনগণ আওয়ামী লীগকে রাজনীতির সুযোগ দিলে বিএনপির কিছু বলা নেই বলে মন্তব্য করেছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। শুক্রবার (২১ মার্চ) সকালে উত্তরার দক্ষিণখানে ফায়দাবাদ মধ্যপাড়া হাজী শুকুর আলী মাদরাসা সংলগ্ন মাঠে দুস্থদের মধ্যে ঈদসামগ্রী বিতরণ অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। রিজভী বলেন, আওয়ামী লীগের নেতৃত্বে যে আসবে, সে যদি ছাত্র হত্যা, অপরাধ, অর্থ লোপাট ও টাকা পাচার না করে তাহলে সেই আওয়ামী লীগ কেন রাজনীতি করতে পারবে না? ইত্তেফাক, ২১ মার্চ ২০২৫

### ৩. নিরীহ আ.লীগ কর্মীদের বুকে টেনে নিনঃ সৈয়দ নাসির আহমেদ মালেক



'যারা নিরীহ আওয়ামী লীগ, যারা বাধ্য হয়ে মিছিলে গেছে, মিটিংয়ে গেছে, কিন্তু কারো নামে মিথ্যা মামলা দেয়নি বা কারো ক্ষতি করেনি, তাদেরকে বুকে টেনে নিন।' নেতাকর্মীদের প্রতি এমন আহ্বান জানিয়েছেন বাগেরহাট সদর উপজেলা বিএনপির সভাপতি সৈয়দ নাসির আহমেদ মালেক। বুধবার (২৯ অক্টোবর) রাতে বাগেরহাট সদর উপজেলার খানপুর ইউনিয়নে বিএনপির মতবিনিময় সভা ও গণসংযোগ এবং ৩১ দফা কর্মসূচির লিফলেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। ঢাকা পোস্ট, ৩০ অক্টোবর ২০২৫

### ৪. এমপি হলে আ'লীগ নেতাকর্মীদের নিরাপত্তা দিব: বিএনপি প্রার্থী আব্দুল আজিজ



নাটোর-৪ আসনে বিএনপির মনোনীত প্রার্থী আব্দুল আজিজের বক্তব্য ঘিরে শুরু হয়েছে তুমুল সমালোচনা। সম্প্রতি এক জনসভায় তিনি বলেন, "আমি যদি এমপি হতে পারি, আওয়ামী লীগের প্রত্যেকটা নেতাকর্মী নিরাপত্তার চাদরে থাকবে ইনশাআল্লাহ।" তার এই মন্তব্য সামাজিক

যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। সমালোচকরা বলছেন, দেশে যখন আওয়ামী লীগের বিরুদ্ধে অগ্নিসন্ত্রাস ও দমননীতির অভিযোগ উঠছে, তখন বিরোধী দলের একজন প্রার্থীর এমন মন্তব্য প্রশ্নের জন্ম দিচ্ছে। আজাদির ডাক, ১৩ নভেম্বর ২০২৫

**৫. জাতীয়তাবাদী শক্তির পেছনে দাঁড়াতে 'আ' লীগের ভাইদের' আহ্বান হারুনের**



আগামী জাতীয় সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী শক্তির পেছনে দাঁড়াতে 'আওয়ামী লীগের ভাইদের' প্রতি আহ্বান জানিয়েছেন বিএনপির কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব ও সাবেক এমপি হারুনুর রশীদ। বুধবার (১২ নভেম্বর) বিকালে চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুর উপজেলায় এক সমাবেশে তিনি বলেন, আমি আওয়ামী লীগের ভাইদেরকে আহ্বান জানাব, আপনাদের মধ্যেও যারা ভাল মানুষ রয়েছেন, যারা দেশকে ভালোবাসেন, যারা মনে করেন দেশে গণতান্ত্রিক যাত্রা শুরু করা দরকার, দেশে একটি গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি হওয়া দরকার, যারা বিগত সময় গুম এবং বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত নন, এর সঙ্গে যারা জড়িত তাদের বিচার চান, আমি আহ্বান জানাব আগামী নির্বাচনে জাতীয়তাবাদী শক্তির পিছনে আপনারা দাঁড়াবেন।' বার্তা বাজার, ১৩ নভেম্বর ২০২৫

**৬. 'ধানের শীষের বিজয় মানেই নৌকার বিজয়': বিএনপি প্রার্থীর কাজী রফিকুল**



'ধানের শীষের বিজয় মানেই নৌকার বিজয়' বগুড়া-১ (সারিয়াকান্দি-সোনাতলা) আসনে বিএনপির মনোনয়নপ্রাপ্ত কাজী রফিকুল ইসলামের এমন বক্তব্যে নেতাকর্মীদের মাঝে ক্ষোভ ও হতাশার সৃষ্টি হয়েছে। এর প্রতিবাদে সারিয়াকান্দিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন তারা। শনিবার (৮ নভেম্বর) বিকালে সারিয়াকান্দির সর্বস্তরের ত্যাগী কর্মীদের ব্যানারে একটি বিক্ষোভ মিছিল শহরের পৌর এলাকার প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বাংলা ট্রিবিউন, ৯ নভেম্বর ২০২৫

**৭. আওয়ামী লীগের বিরুদ্ধে যত মামলা আছে তুলে নেব : মির্জা ফখরুল**



বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আমরা প্রতিশোধের রাজনীতি করতে চাই না। আওয়ামী লীগের মতো মামলা করতে চাই না। যত মামলা আছে আওয়ামী লীগের বিরুদ্ধে–সব মামলা তুলে নেব।

মঙ্গলবার (১১ নভেম্বর) বিকালে সদর উপজেলার শাপলা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মতবিনিময়সভায় এসব মন্তব্য করেন তিনি। কালের কণ্ঠ, ১১ নভেম্বর ২০২৫

### ৮. বিএনপি চায় না আ'লীগের নেতাকর্মীরা জেল খাটুক : মোশাররফ হোসেন



বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক এবিএম মোশাররফ হোসেন বলেছেন, বিএনপি প্রতিহিংসার রাজনীতিতে বিশ্বাস করে না। আওয়ামী লীগের শাসনামলে বিএনপির অনেক নেতাকর্মী জেল খেটেছেন, কিন্তু বিএনপি ক্ষমতায় এলে আওয়ামী লীগের নেতাকর্মীরা জেল খাটুক এমনটা তারা চান না। শনিবার (২৯শে নভেম্বর) দুপুরে পটুয়াখালীর কলাপাড়া উপজেলার চাকামাইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আয়োজিত এক সম্মিলিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডিবিসি নিউজ, ২৯ নভেম্বর ২০২৫

### ৯. আওয়ামী লীগকে এবার ধানের শীষে ভোট দিতে বললেন সালাহউদ্দিন



আওয়ামী লীগকে এবার ধানের শীষে ভোট দেওয়ার আহ্বান জানালেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। শুক্রবার রাতে কক্সবাজার জেলার বদরখালী এলাকায় আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে সালাহউদ্দিন আহমদ বলেন, বদরখালিতে কিছু আওয়ামী লীগের লোক আছে। তাদেরকে বলব এবার দেশের পক্ষে থাকেন। নৌকা তো নাই, এবার একটু কষ্ট করে ধানের শীষে ভোট দেন। তাহলে কিছু উন্নয়নমূলক কাজ হবে। কালের কণ্ঠ, ৫ ডিসেম্বর ২০২৫

## ■ আওয়ামী নেতাদের বিএনপিতে পদায়ন

ফ্যাসিস্ট আওয়ামী লীগের বহু নেতা-কর্মী ও সমর্থকদের বিএনপির বিভিন্ন কমিটিতে পদায়ন এখন দলটির ভেতরে তীব্র ক্ষোভ ও অস্থিরতার কারণ হয়ে উঠেছে। একদিকে তৃণমূলের ত্যাগী নেতাকর্মীরা অবমূল্যায়নের শিকার, অন্যদিকে টাকার প্রভাবে কিংবা সুযোগসন্ধানী আ.লীগের বহু নেতা-কর্মী বিএনপির গুরুত্বপূর্ণ পদ দখল করছেন। দেশের বিভিন্ন জেলা-উপজেলায় এমন অনুপ্রবেশ ও পুনর্বাসন বিএনপির সাংগঠনিক শুদ্ধতা ও নেতৃত্ব কাঠামো নিয়ে ব্যাপক প্রশ্ন তুলছে। আওয়ামী নেতাদের বিএনপিতে পদায়নের উল্লেখযোগ্য কিছু খবর উল্লেখ করা হলো।

**১. আওয়ামী লীগের লোক নিয়ে বিএনপির কমিটি, প্রতিবাদে বিক্ষোভ**

শরীয়তপুরের জাজিরা উপজেলা বিএনপির কমিটি টাকার বিনিময়ে আওয়ামী লীগের লোকজন দিয়ে গঠন করা হয়েছে। আর এই অভিযোগে সংগঠনটির নেতাকর্মীদের একাংশ বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছেন। রোববার (৩ নভেম্বর) জাজিরা উপজেলা বিএনপির সদ্য সাবেক সাধারণ সম্পাদক মাস্টার আব্দুল করিম আক্কাস মাদবরের নেতৃত্বে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেন দলটির নেতাকর্মীরা। কমিটিতে বজলুর রসিদ শিকদারকে আহ্বায়ক, সুরুজ মাদবর ও শাহিন শিকদারকে যুগ্ম আহ্বায়ক ও মাহবুব আলম টিটু আকনকে সদস্যসচিব ঘোষণা করে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি করা হয়। কমিটির যুগ্ম আহ্বায়ক সুরুজ মাদবর ও শাহিন শিকদার আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য ইকবাল হোসেন অপুর সমর্থক ও আওয়ামী লীগ নেতা। ভোরের পাতা, ৪ নভেম্বর ২০২৪

**২. বরিশালে বিএনপির কমিটিতে আ.লীগের নেতাকর্মীরা**

বরিশালের বাবুগঞ্জ উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আলমগীর হোসেন স্বপনের মাধ্যমে আওয়ামী লীগের নেতাকর্মীদের নিয়ে বিএনপির কমিটি গঠন করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। উপজেলার বেশ কয়েকটি ইউনিয়ন থেকে এমন অভিযোগ তুলেছেন খোদ বিএনপির নেতারা। ইতোমধ্যে বেশ কয়েকটি ইউনিয়নে এমন ঘটনার প্রমাণ পাওয়া গেছে বলে স্বীকার করেছে উপজেলা বিএনপি। জানা গেছে, বাবুগঞ্জ উপজেলার চাঁদপাশা ইউনিয়নের ৩নং ওয়ার্ডের ঘটকের চর গ্রামের বাসিন্দা কামাল খান ওয়ার্ড আওয়ামী লীগের ১৬১ সদস্য বিশিষ্ট একটি কমিটির ১৪ নম্বর সদস্য। ৫ আগস্ট প্রেক্ষাপট পরিবর্তনের পর ইউনিয়ন বিএনপির আহ্বায়ক ও উপজেলা কমিটির যুগ্ম আহ্বায়ক আলমগীর হোসেন স্বপনকে ম্যানেজ করে চাঁদপাশা ইউনিয়ন বিএনপির আহ্বায়ক কমিটির ৬১ নম্বর সদস্য পদ দখল করে নেন। ঢাকা পোস্ট, ১৫ ডিসেম্বর ২০২৪

**৩. বিএনপিতে যোগ দিলেন আ.লীগের শতাধিক নেতাকর্মী**
ঠাকুরগাঁওয়ে আওয়ামী লীগের শতাধিক নেতাকর্মী ও সমর্থক বিএনপিতে যোগদান করেছেন। শনিবার সন্ধ্যায় ঠাকুরগাঁও পৌর শহরের ইসলামনগর মহল্লায় পৌর বিএনপির উদ্যোগে এক বর্ধিত সভা হয়। ওই সভায় আওয়ামী লীগের শতাধিক নেতাকর্মী ও সমর্থক বিএনপিতে যোগদান করেন। আওয়ামী লীগের নেতাকর্মীর বিএনপিতে যোগদানের প্রতিবাদে বিক্ষোভ ও মানববন্ধন করেছে ঠাকুরগাঁও বিএনপি। রোববার দুপুরে বিএনপি ঠাকুরগাঁও রোড আঞ্চলিক কমিটির আয়োজনে ঠাকুরগাঁও-বালিয়াডাঙ্গী সড়কে চিনিকল গেট এলাকায় ঘণ্টাব্যাপী মানববন্ধন শেষে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। যুগান্তর, ২২ ডিসেম্বর ২০২৪

**৪. আওয়ামী লীগের দোসর সালাম আলী এখন বিএনপির সভাপতি প্রার্থী!**
ফ্যাসিস্ট হাসিনার শাসনামলে বাপ-ছেলে-ভাতিজারা ছিলেন উত্তরায় ছাত্র-জনতা গণহত্যার মাস্টারমাইন্ড ও ঢাকা-১৮ আসনের সাবেক এমপি তথা পলাতক আওয়ামী লীগ নেতা হাবিব হাসানের সক্রিয় কর্মী। কিন্তু ৫ আগস্ট ফ্যাসিস্ট হাসিনা পালিয়ে যাওয়ার পর এবার বিএনপির ব্যানারে রাজনীতিতে সক্রিয় হওয়ার সুযোগ খুঁজছে সালাম আলী নামের উত্তরার এক আওয়ামী লীগের দোসর। বিএনপির রাজনীতিতে শুধু নিজেকে সক্রিয়ই নয় বরং সালাম আলী এরই মধ্যে নিজেকে উত্তরা পশ্চিম থানা বিএনপির সভাপতি প্রার্থী ঘোষণা করে তুরাগ ও উত্তরার আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীকে বিএনপিতে অনুপ্রবেশের সুযোগ করে দেয়ার একাধিক ছবি ও তথ্য-প্রমাণ এসেছে প্রতিবেদকের হাতে। এদের মধ্যে উত্তরায় ছাত্র-জনতার উপর গণহত্যার মূল মাস্টারমাইন্ড হাবিব হাসান ও তার ছোট ভাই কুখ্যাত সন্ত্রাসী-আওয়ামী লীগ নেতা আলাউদ্দিন আল সোহেলের অনুসারী তুরাগ থানা ছাত্রলীগ নেতা আবু সাঈদ, সাব্বির হোসেন, মুসা, যুবলীগ নেতা মানিক, আল আমিন, গন্ডার সোহেল, যুবলীগ নেতা রিপন, আলম, কামাল ও পশ্চিম থানা যুবলীগ নেতা সেলিমসহ ছাত্রলীগ-যুবলীগের একাধিক নেতাকর্মীকে সালাম আলী বিএনপিতে পুনর্বাসনের চেষ্টা করছে। ইনকিলাব, ২৩ ডিসেম্বর ২০২৪

**৫. আওয়ামী লীগের সঙ্গে ছিলেন, বিএনপিতেও পেলেন সাধারণ সম্পাদক পদ**
চট্টগ্রামে ফটিকছড়ি উপজেলার জাফতনগর ইউনিয়নের বিএনপির কমিটি ঘোষণা করা হয়েছে। এতে মো: নুর উদ্দিন খানকে সভাপতি ও মো: আনোয়ার হোসেনকে সাধারণ সম্পাদক করা হয়েছে। বুধবার (২৫ ডিসেম্বর) ফটিকছড়ি উপজেলা বিএনপির আহ্বায়ক কর্নেল আজিম উল্লাহ বাহার ব্যক্তিগত ফেসবুক পেইজে বিএনপির বিভিন্ন ইউনিয়নের নবগঠিত কমিটির নাম উল্লেখ করে একটি পোস্ট দেন। যেখানে জাফতনগর ইউনিয়নের সাধারণ সম্পাদক হিসেবে

আনোয়ার হোসেনের নাম দেখে ক্ষোভে ফেটে পড়েন নেতাকর্মীরা। ফটিকছড়ি বিএনপির নেতাকর্মীরা জানিয়েছেন, আনোয়ার হোসেন আওয়ামী লীগের লোক ছিলেন। তিনি ফটিকছড়ি থেকে নৌকা প্রতীক নিয়ে নির্বাচন করা খাদিজাতুল আনোয়ার সনির পক্ষে প্রচারণা চালিয়েছেন। এ ছাড়া আওয়ামী লীগ নেতা ও সাবেক উপজেলা চেয়ারম্যান হোসাইন মোহাম্মদ আবু তৈয়বের পক্ষে নির্বাচনী প্রচারণা চালান। ঢাকা পোস্ট, ২৫ ডিসেম্বর ২০২৪

**৬. বিএনপিতে 'আশ্রয়' পাচ্ছে আওয়ামী লীগের লোকজন**

গত বছরের ডিসেম্বরে গাইবান্ধার পলাশবাড়ী উপজেলা মহিলা দলের সভাপতি হন আরজিনা পারভীন চাদনী, যিনি দীর্ঘদিন আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। এমনকী আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালে দলটি থেকে সংরক্ষিত আসনের এমপি প্রার্থী হতে মনোনয়নও নিয়েছিলেন। ওবায়দুল কাদের, সালমান এফ রহমানসহ দলটির শীর্ষ নেতাদের সঙ্গে ছবিও আছে তার। এতকিছুর পরও আরজিনাকে সভাপতি হিসেবে বেছে নেন গাইবান্ধা জেলা মহিলা দলের সভাপতি ও সাধারণ সম্পাদক। সমালোচনার মুখে স্থগিত করা হয় কমিটি। টাকার বিনিময়ে আওয়ামী লীগের সাবেক এই নেত্রীকে উপজেলা মহিলা দলের সভাপতি পদে বসানো হয়েছে বলে অভিযোগ উঠেছে। এতো গেল মহিলা দলের খবর। ঢাকা মেইল, ১৩ জানুয়ারি ২০২৫

**৭. বিএনপির কমিটিতে ঠাঁই পেলেন আ. লীগ নেতা**

জামালপুরের মেলান্দহে গোলাম মতিউর রহমান মুক্তা নামের এক আওয়ামী লীগ নেতা বিএনপির কমিটিতে ঠাঁই পেয়েছেন বলে অভিযোগ উঠেছে। এ ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানিয়ে ত্যাগীদের মূল্যায়ন করে ফের কমিটি গঠনের দাবি জানিয়েছেন তৃণমূলের নেতা-কর্মীরা। গোলাম মতিউর রহমান মুক্তা উপজেলার কুলিয়া ইউনিয়ন বিএনপির এক নম্বর সদস্য পদ পেয়েছেন। তিনি ওই ইউনিয়ন আওয়ামী লীগের এক নম্বর সদস্য ও টনকী জোবায়দা জব্বার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বে রয়েছেন। দেশ রূপান্তর, ৮ ফেব্রুয়ারি ২০২৫

**৮. আওয়ামী লীগ নেতা এখন বিএনপির ওয়ার্ড কমিটির সভাপতি**

রংপুরের মিঠাপুকুর উপজেলার মির্জাপুর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড কমিটির সভাপতি শামীম মিয়াকে নিয়ে নেতাকর্মীর মধ্যে বিতর্ক ও অসন্তোষ দেখা দিয়েছে। তাদের অভিযোগ, আওয়ামী লীগের ওয়ার্ড কমিটির বন ও পরিবেশবিষয়ক সম্পাদক ছিলেন তিনি। তাঁর নেতৃত্বে বিএনপির স্থানীয় নেতাকর্মীরা জেল-জুলুম ও নির্যাতনের শিকার হয়েছেন বলে অভিযোগ করেছেন তারা। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন নেতা বলছেন, মোটা অঙ্কের টাকার বিনিময়ে আওয়ামী

লীগের এ নেতাকে সভাপতির পদ দিয়ে বিতর্কিত কমিটি করা হয়েছে। এতে দলের মির্জাপুর ইউনিয়নের আহ্বায়ক কমিটির সদস্যরা জড়িত। সমকাল, ৯ ফেব্রুয়ারি ২০২৫

**৯. ছিলেন আওয়ামী লীগে, এখন বিএনপির নেতা**

ছিলেন কৃষক লীগের জেলা কমিটির সদস্য। সরকার পরিবর্তনের পর এখন জাতীয়তাবাদী তাঁতী দলের একটি ইউনিয়ন কমিটির সভাপতি। সম্প্রতি এমন ঘটনা ঘটেছে পাবনার চাটমোহর উপজেলায়। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে চলছে সমালোচনার ঝড়। আলোচিত ওই ব্যক্তির নাম আব্দুস সালাম। তাঁর বাড়ি চাটমোহর উপজেলার বিলচলন ইউনিয়নের উত্তরসেন গ্রামে। তিনি বিলচলন ইউনিয়ন পরিষদের ২ নম্বর ওয়ার্ডের সদস্য। কৃষক লীগ ও তাঁতী দলের অনুমোদিত কমিটির কাগজপত্র পর্যালোচনা করে দেখা গেছে, ২০২৩ সালের ২১ সেপ্টেম্বর পাবনা জেলা কৃষক লীগের কমিটি অনুমোদন করা হয়। সেই কমিটির ৬৯ নম্বর সদস্য ছিলেন আব্দুস সালাম। অপর দিকে চলতি বছরের ১১ ফেব্রুয়ারি জাতীয়তাবাদী তাঁতী দল বিলচলন ইউনিয়ন শাখার কমিটি অনুমোদন দেওয়া হয়। তাঁতী দলের চাটমোহর উপজেলা শাখার সভাপতি নুরুল ইসলাম (সামাদ) ও সাধারণ সম্পাদক গোলাম আযমের স্বাক্ষরে অনুমোদনকৃত কমিটিতে সভাপতি হন আব্দুস সালাম। আজকের পত্রিকা, ১৮ ফেব্রুয়ারি ২০২৫

**১০. বিএনপির পদ ভাগিয়ে নিলেন আওয়ামী লীগ কর্মী**

পটুয়াখালীর বাউফলের কালিশুরী ইউনিয়ন বিএনপির সদস্যপদ ভাগিয়ে নিয়েছেন এনামুল হাসান নামের একজন আওয়ামী লীগের কর্মী। তিনি ওই ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান নেছার উদ্দিন শিকদার ওরফে জামালের চাচাতো ভাই। অন্যদিকে, পটুয়াখালী জেলা আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর তার আপন ফুফা। একসপ্তাহ আগে এনামুল হাসান ইউনিয়ন বিএনপির কমিটিতে সদস্য পদে নির্বাচিত হয়েছেন। তবে তিনি পদ পাওয়ার আনন্দে একটি অনুষ্ঠানের আয়োজন করার পর বিষয়টি আলোচনায় আসে। এরপরেই দলের সাধারণ কর্মীদের মাঝে ক্ষোভের বহিঃপ্রকাশ দেখা যাচ্ছে। সময়ের আলো, ২১ মার্চ ২০২৫

**১১. বিএনপিতে পদ পাওয়ার খুশিতে তিন খাসি কেটে উৎসব আ.লীগ নেতার**

পটুয়াখালীর বাউফল উপজেলায় বিএনপিতে পদ পেয়ে খুশিতে তিন খাসি জবাই করে উৎসব পালন করেছেন এক আওয়ামী লীগ নেতা। এনামুল হাসান নামের ওই ব্যক্তি উপজেলার কালিশুরী ইউনিয়ন বিএনপির সদস্য পদ বাগিয়েছেন। শুক্রবার (১৪ মার্চ) এনামুল হাসান ইউনিয়ন বিএনপির কমিটিতে সদস্য পদে

নির্বাচিত হলেও দুইদিন আগে ঘটা করে উৎসব পালন করলে বিষয়টি সবার নজরে আসে। যমুনা টিভি, ২১ মার্চ ২০২৫

**১২. বিএনপির ব্যানারে আ.লীগ নেতাকর্মীদের ইফতার!**

কুমিল্লার তিতাস উপজেলার ভিটিকান্দি ইউনিয়নের ৬ নাম্বার ওয়ার্ডে গত ২২ মার্চ ভিটিকান্দি ইউনিয়নের মানিককান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মো:মাহবুব আলম সরকার। বিশেষ অতিথি হিসেবে ছিলেন যুগ্ম আহ্বায়ক গোলাম মহিউদ্দিন জিলানী ও ভিটিকান্দি ইউনিয়ন বিএনপির সদস্যসচিব মাজহারুল হক খোকা। এ ইফতার মাহফিলের অর্থায়নে ছিলেন আওয়ামী লীগ নেতা আবদুল লতিফ ভূঁইয়া, আব্দুল করিম ভূঁইয়া ও আলম মিয়া। এর মধ্যে লতিফ ভূঁইয়া ফ্রেন্ডস ক্লাবের সভাপতি পদে রয়েছেন। কুমিল্লা-২ আসনের সাবেক সংসদ সদস্য সেলিমা আহমাদ মেরি এ ক্লাব থেকে নিজের সাংগঠনিক কার্যক্রম চালাতো। আওয়ামী লীগ আমলে এ ক্লাবকে সামনে রেখে লতিফ ভূঁইয়া প্রভাব বিস্তার করতো। আর আব্দুল করিম ভূঁইয়া ভিটিকান্দি ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি পদে রয়েছেন। আলম মিয়াকে স্থানীয়রা আওয়ামী লীগের নেতা হিসেবেই চেনেন। যুগান্তর, ২৫ মার্চ ২০২৫

**১৩. আগে ছিলেন আওয়ামী লীগ নেতা, বিএনপিতে পেলেন সদস্যসচিবের পদ**

ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জ থানার তেঘরিয়া ইউনিয়নের বিএনপির কমিটি ঘোষণা করা হয়েছে। কমিটিতে খোরশেদ আলম জমিদারকে আহ্বায়ক ও সামিউল্লাহকে সদস্যসচিব করা হয়েছে। গত ২০ মার্চ দক্ষিণ কেরানীগঞ্জ থানার বিএনপির সভাপতি অ্যাডভোকেট নিপুণ রায় চৌধুরী ও সম্পাদক মোজাদ্দেদ আলী বাবুর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ কমিটি ঘোষণা করা হয়। কমিটিতে সামিউল্লাহকে তেঘরিয়া ইউনিয়ন বিএনপির সদস্যসচিবের পদ দেখে ক্ষোভে ফেটে পড়েন নেতাকর্মীরা। তেঘরিয়া ইউনিয়ন বিএনপির নেতাকর্মীরা বলেন, সামিউল্লাহ আওয়ামী লীগের লোক ছিলেন। তার সাবেক বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু সঙ্গে ওঠাবসা ছিল। কালবেলা, ৪ এপ্রিল ২০২৫

**১৪. বিএনপির সার্চ কমিটিতে আওয়ামী লীগের দোসরদের অন্তর্ভুক্তির অভিযোগ**

দলের ত্যাগী ও পরীক্ষিত নেতা-কর্মীদের বাদ দিয়ে আওয়ামী লীগের দোসরদের নিয়ে সাতক্ষীরা পৌরসভা ও সদর উপজেলার ১৪টি ইউনিয়নে বিএনপির সার্চ কমিটি গঠনের অভিযোগ তুলে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন স্থানীয় বিএনপির নেতা-কর্মীরা। সাতক্ষীরা পৌর বিএনপির সম্মেলন উপলক্ষে এ সার্চ কমিটি গঠন করা হয়েছে। ২৯ এপ্রিল মঙ্গলবার বিকেল সাড়ে পাঁচটায় শহরের

নিউমার্কেট মোড় থেকে বিক্ষোভ মিছিলটি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। প্রথম আলো, ২৯ এপ্রিল ২০২৫

**১৫. আওয়ামী লীগ নেতার বিএনপিতে যোগদান, প্রতিবাদে বিক্ষোভ**

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগ নেতা বকুল মোল্লাকে বিএনপিতে যোগদানের প্রতিবাদে বিক্ষোভ ও মানববন্ধন করেছে এলাকাবাসী। সোমবার (১২ মে) বিকেলে শৈলকুপা শহরের চার রাস্তার মোড়ে এ মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালিত হয়। কালবেলা, ১২ মে ২০২৫

**১৬. আওয়ামী লীগ কর্মী এখন বিএনপির সাধারণ সম্পাদক প্রার্থী!**



লক্ষ্মীপুরের কমলনগরে কর্মী হিসেবে আওয়ামী লীগের দলীয় কার্যক্রমে নিয়মিত অংশগ্রহণকারী হারুনুর রশিদ এবার বিএনপির ওয়ার্ড কমিটিতে সাধারণ সম্পাদক প্রার্থী হওয়ার অভিযোগ উঠেছে। রোববার (১৮ মে) উপজেলার মিল্লাত একাডেমিতে নির্বাচনের ভোটগ্রহণ হবে। এ ঘটনায় বিএনপির তৃণমূলের কর্মীদের মাঝে ক্ষোভ বিরাজ করছে।বিএনপি সূত্র জানায়, এর আগে ১২ মে হারুনের প্রার্থীতা বাতিলের জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থী জাহাঙ্গীর আলম লিখিত অভিযোগ করেন। অভিযোগটি লক্ষ্মীপুর-৪ (রামগতি ও কমলনগর) আসনের সাবেক সংসদ সদস্য ও কেন্দ্রীয় বিএনপির সহশিল্প ও বাণিজ্যবিষয়ক সম্পাদক এবিএম আশরাফ উদ্দিন নিজান, কমলনগর উপজেলা বিএনপির আহ্বায়ক গোলাম কাদের, সদস্যসচিব নুরুল হুদা চৌধুরী ও যুগ্ম আহ্বায়ক দিদার হোসেনের কাছে দেওয়া হয়। ঢাকা পোস্ট, ১৭ মে ২০২৫

**১৭. আওয়ামী লীগের নেতা এখন বিএনপির সভাপতি প্রার্থী**



ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি এখন বিএনপির ইউনিয়ন সভাপতি পদে প্রার্থী হওয়ায় এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। এটি রংপুরের বদরগঞ্জ উপজেলার ১০ নম্বর মধুপুর ইউনিয়নের ঘটনা। মধুপুর ইউনিয়নের বিএনপির সদস্য আব্দুর রাজ্জাক, মুজাহিদুল, মমিনুল ও মিজানুর রহমান জানান, বদরগঞ্জ উপজেলার ১০ নম্বর মধুপুর ইউনিয়নের কালজানি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মোকসেদুল হক মাস্টার ১৬ বছর ধরে স্বৈরাচার আওয়ামী লীগের রাজনীতিতে জড়িত থেকে ৩ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ছিলেন। বার্তা বাজার, ১৯ জুন ২০২৫

## ১৮. আওয়ামী লীগ নেতা এখন বিএনপির সভাপতি

রাজনৈতিক দলবদল বা ভোলবদলের ঘটনা বাংলাদেশে নতুন নয়, তবে দলীয় পদ-পদবি পাওয়া নিয়ে কখনো কখনো বিস্ময়ও দেখা দেয়। এমনই এক ঘটনা ঘটেছে কুমিল্লার মেঘনা উপজেলার বড়কান্দা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডে। ঘটনাটিকে ঘিরে বিরোধ ও চাপা ক্ষোভের সৃষ্টি হয়েছে স্থানীয় বিএনপির নেতাকর্মীদের মাঝে। জানা গেছে, বড়কান্দা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক আব্দুল মান্নান মিয়াকে একই ওয়ার্ডে বিএনপির সভাপতি হিসেবে ঘোষণা করা হয়েছে। গত ১৭ জুন বড়কান্দা ইউনিয়ন পরিষদ চত্বরে ওয়ার্ড বিএনপির এক সভায় উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত আহ্বায়ক আব্দুল অদুদ মুন্সির উপস্থিতিতে তাকে এ পদে মনোনীত করা হয়। আরও উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপির সভাপতি মাহফুজুর রহমান, সাধারণ সম্পাদক মমিন মেম্বারসহ বিএনপির নেতাকর্মীরা। সমকাল, ২০ জুন ২০২৫

## ১৯. আওয়ামী লীগের জুয়েল এখন বিএনপি নেতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থি শিক্ষক, সাবেক ছাত্রলীগ কর্মী, বিএনপি নেতা নাজিম উদ্দিন আলমের হাতে ফুল দিয়ে রাতারাতি বনে গেলেন বিএনপি নেতা। হয়ে গেলেন কলেজের গভর্নিং বর্ডির সভাপতিও। এ নিয়ে ব্যাপক তোলপাড় সামাজিক যোগাযোগমাধ্যমে। ঘটনাটি ভোলার চরফ্যাশন উপজেলার। মাহাদি হাসান জুয়েল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক। ছাত্রজীবনে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের ঘনিষ্ঠ সহচর হিসেবে পরিচিত। থাকতেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে। ছাত্রলীগের সুবাদে চাকুরি হয় জগন্নাথ বিশ্ববিদ্যালযয়ে। বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থী শিক্ষক সমিতির নেতাও হন তিনি। নিয়েছেন বিভিন্ন ধরনের সুযোগ সুবিধা। আওয়ামী লীগের নীতিনির্ধারণী নেতাদের সাথে ছবি তোলা, বৈঠক করা, সম্মেলনে যোগদানসহ একাধিক প্রমাণ রয়েছে তার। বিডি টুডে, ২৮ জুন ২০২৫

## ২০. বিএনপির জুলাই উদযাপন কমিটিতে আ.লীগ ঘরানার লোক

চব্বিশের জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান, শোক ও বিজয়ের প্রথম বর্ষপূর্তি গুরুত্বের সঙ্গে পালন করতে যাচ্ছে বিএনপি। ইতোমধ্যে বর্ষপূর্তি পালন নির্বিঘ্ন করতে ৫৮ সদস্যের কমিটি করেছে দলটি। তবে মূল কমিটিতে ঠাঁই মেলেনি বিএনপি ও অঙ্গ সংগঠনের আন্দোলনে শহীদ হওয়া কোনো পরিবারের সদস্যের। শুধু তাই নয়, মূল কমিটি ছাড়াও মাসব্যাপী এই আয়োজন ঘিরে যেসব উপ-কমিটি হয়েছে তাকে জায়গা পেয়েছেন আওয়ামী লীগ ঘরানার পেশাজীবী লোকজন। ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় থাকা লোকজনও রয়েছেন সেখানে। আবার মূল দল ও অঙ্গ সংগঠনের নেতাদের উপ-কমিটিতে পদ দেওয়ার ক্ষেত্রেও উঠেছে জ্যেষ্ঠতা লঙ্ঘনের অভিযোগ। ঢাকা মেইল, ১লা জুলাই ২০২৫

**২১. আওয়ামী লীগ নেতাকে আশ্রয়, বহিষ্কৃত হলেন তাঁতী দলের নেতা**
চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো: আলাউদ্দিন বেদনকে নিজ বাড়িতে আশ্রয় দেওয়ার অভিযোগে জাতীয়তাবাদী তাঁতী দলের এক নেতাকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত মোহাম্মদ সৈকত নোয়াখালীর হাতিয়া উপজেলার বুড়িরচর ইউনিয়ন তাঁতী দলের সভাপতি ছিলেন।শুক্রবার (১ আগস্ট) রাতে বিষয়টি নিশ্চিত করেছেন নোয়াখালী জেলা তাঁতী দলের সদস্যসচিব মোরশেদ আলম। এর আগে বৃহস্পতিবার রাতে জেলা তাঁতী দলের আহ্বায়ক ইকবাল করিম সোহেল ও সদস্যসচিব মোরশেদ আলমের যৌথ স্বাক্ষরিত এক চিঠিতে মোহাম্মদ সৈকতের বহিষ্কারের আদেশ দেওয়া হয়। ঢাকা পোস্ট, ২ অগাস্ট ২০২৫

**২২. রাতারাতি বিএনপি হয়ে গেলেন আওয়ামী লীগ নেতা**
চট্টগ্রামের বোয়ালখালী পৌরসভার বাসিন্দা মোহাম্মদ লোকমান। স্থানীয়ভাবে আওয়ামী লীগের রাজনীতির খুব পরিচিত মুখ তিনি। উপজেলার শেখ রাসেল স্মৃতি সংসদের ২০১৬-১৭ সেশনের সাধারণ সম্পাদক ছিলেন বলেও জানা গেছে প্রাথমিকভাবে। হাসিনা সরকারের এমপিসহ স্থানীয় আওয়ামী লীগের প্রভাবশালী নেতাদের সাথে তার বিভিন্ন ছবি এখনও ভাসছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। আর গত ৫ই আগস্টের পটপরিবর্তনের সাথে সাথে অন্য আরো অনেকের মতো বদলে গেছেন তিনি। রাতারাতি হয়ে গেছেন বিএনপি। বিএনপির বিভিন্ন প্রোগ্রামে এখন সরব তিনি। লোকমান মীর পাড়া এলাকার মৃত রহমত আলীর পুত্র। আওয়ামী লীগ সরকারের আমলে স্থানীয় কাউন্সিলর ও স্থানীয় সাংসদকে ব্যবহার করে অবৈধভাবে শত কোটি টাকার মালিক হয়েছেন বলে অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। মানবজমিন, ২১ অগাস্ট ২০২৫

**২৩. বিএনপিতে যোগ দিচ্ছেন আওয়ামী লীগের দেড় ডজন মন্ত্রী এমপি**
গ্রেফতার আর শাস্তি এড়াতে আওয়ামী লীগের কয়েক ডজন মন্ত্রী এমপি আর হাইব্রিড নেতা বিএনপিতে যোগ দেয়ার পথ খুঁজছেন বলে জানা গেছে। এরই মাঝে যেসব আওয়ামী লীগ নেতার সাথে বিএনপির উচ্চ পর্যায়ের নেতাদের সুসম্পর্ক ছিলো তারা গোপনে যোগাযোগও করছেন বলে দবি করেছে বিএনপির একটি সূত্র। ভোল বদলের জোয়ারে এবার কোন কোন আওয়ামী লীগ নেতা যোগ দিতে পারেন, সেটা নিয়ে চলছে জল্পনা কল্পনা। জানা গেছে গ্রেফতার হওয়া বেশ কয়েকজন আওয়ামী সুবিধাভোগি নেতা এখন বিএনপিতে যোগ দিয়ে শাস্তি এড়ানোর জন্য তদবির শুরু করেছেন। যাদের নাম এই তালিকায় চলে এসেছে তাদের নাম শুনলে চোখ কপালে উঠতে পারে। যেমন সালমান এফ রহমান। বিএনপি নেতা এম মোর্শেদ খান সম্পর্কে সালমান এফ রহমানের

বেয়াই। সায়ান এফ রহমান বিয়ে করেছেন মোর্শেদ খানের মেয়েকে। ধারণা করা হচ্ছে দেন দরবার পারিবারিকভাবেই চলছে। তালিকায় আরও রয়েছে সাবেক মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, ড. তৌফিকই এলাহি, আওয়ামী লীগ নেতা সুবিদ আলী ভূঁইয়া, গওহর রিজভী, ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেননের নামও। তবে সবাই যে দল বদল করতে চাচ্ছেন এমন নয়। এদের বেশিরভাগই শাস্তি মওকুপের রাস্তা খুঁজছেন, সুযোগ চাচ্ছেন বিদেশে স্থায়ী হওয়ার। জনকণ্ঠ, ১৫ অক্টোবর ২০২৫

**২৪. বিএনপির কমিটিতে আওয়ামী লীগের ৬ পদধারী নেতা!**

ফরিদপুরের আলফাডাঙ্গার উপজেলা ও পৌর বিএনপির নবগঠিত কমিটিতে আওয়ামী লীগের নেতারা ঢুকে পড়েছেন বলে অভিযোগ উঠেছে। ঘোষিত বিএনপির কমিটিতে আওয়ামী লীগ ও তার সহযোগী সংগঠনের অন্তত ৬ পদধারী নেতার নাম রয়েছে বলে জানা গেছে। এদিকে কমিটি বাতিলের দাবিতে বিএনপির পদবঞ্চিতরা আলফাডাঙ্গায় আগামীকাল বৃহস্পতিবার আধাবেলা হরতাল ডেকেছেন। বিএনপির নবগঠিত আলফাডাঙ্গা উপজেলা কমিটির সহসভাপতি করা হয়েছে উপজেলা আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক বীর মুক্তিযোদ্ধা মিয়া আসাদুজ্জামানকে। উপজেলা আওয়ামী লীগের কার্যনির্বাহী সদস্য আব্দুল ওহাব পান্নু ও উপজেলা কৃষক লীগের সহসভাপতি মোহাম্মদ মনিরুজ্জামানকেও একই কমিটির সহসভাপতি করা হয়েছে। দলটির সহসাংগঠনিক সম্পাদক করা হয়েছে গোপালপুর ইউনিয়নের সাবেক কৃষক লীগ নেতা ওহিদ শিকদারকে, সহসমবায়বিষয়ক সম্পাদক করা হয়েছে আলফাডাঙ্গা সদর ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক মো: জাকারকে। এ ছাড়া আলফাডাঙ্গা পৌর বিএনপির প্রচার সম্পাদক করা হয়েছে কামরুজ্জামান কদরকে। তিনি উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহসভাপতি। দেশ রূপান্তর, ২৯ অক্টোবর ২০২৫

**২৫. বঙ্গবন্ধু পরিষদের নেতা এখন সোনালী ব্যাংক জিয়া পরিষদের সভাপতি**

সোনালী ব্যাংকের চট্টগ্রাম জেনারেল ম্যানেজারের কার্যালয়ের (জিএমও) এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার রাশেদুল ইসলামকে ঘিরে চলছে তুমুল আলোচনা। দীর্ঘদিন আওয়ামীপন্থি হিসেবে পরিচিত এ কর্মকর্তা এখন হয়েছেন বিএনপিপন্থি সংগঠন সোনালী ব্যাংক জিয়া পরিষদের চট্টগ্রাম জেলা কমিটির সভাপতি। এতে ক্ষুব্ধ ব্যাংকের বিএনপিপন্থি কর্মকর্তা-কর্মচারীরা।আগে বঙ্গবন্ধু পরিষদ ও আওয়ামী লীগের শ্রমিক সংগঠন সোনালী ব্যাংক এমপ্লয়িজ ইউনিয়নের সক্রিয় নেতা ছিলেন রাশেদুল ইসলাম। বঙ্গবন্ধুর জন্ম ও মৃত্যুবার্ষিকীসহ দলীয় বিভিন্ন আয়োজনে নিয়মিত অংশ নিতেন তিনি। ৫ আগস্টের পর হঠাৎই তার রাজনৈতিক আনুগত্যের পরিবর্তন ঘটে। বর্তমানে তিনি সোনালী ব্যাংক জিয়া

পরিষদ চট্টগ্রাম জেলা কমিটির সভাপতি হিসেবে দায়িত্বপালন করছেন। এ নিয়ে ক্ষোভ দেখা দিয়েছে বিএনপিপন্থিদের মধ্যে। আমার দেশ, ১ নভেম্বর ২০২৫

**২৬. জকসু ছাত্রলীগে দ্বিতীয় সারির নেত্রী থেকে ছাত্রদলের প্রথম সারিতে নেলী**

২০২৪ সালের ৫ আগস্টের আগেও ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ছাত্রলীগের নেত্রী। ছাত্রলীগ নেতার প্রেমিকা হওয়ায় ভর্তি হওয়ার পরপরই অবৈধভাবেই ওঠেন হলে। এরপর বনে যান ছাত্রীহলের ছাত্রলীগ নেত্রীদের ডানহাত। তবে আওয়ামী লীগ সরকার পতনের পরই অনুপ্রবেশ করেন ছাত্রদলে। বনে যান ছাত্রদলের প্রথম সারীর নেত্রী। আসন্ন জকসু নির্বাচনে ছাত্রদলের প্যানেলেই হল সংসদে আসছেন ছাত্রলীগের সেই নেত্রী ভূমি আইন ও ব্যবস্থাপনা বিভাগের ২০২১-২২শিক্ষাবষের (১৭ ব্যাচ) সাদিয়া সুলতানা নেলী। ছাত্রদলসহ হলে গড়ে তুলেছেন নিষিদ্ধ ছাত্রলীগের শক্ত বলয়ও। জকসু নির্বাচন নিয়ে এখন নিয়মিত করছেন গোপন বৈঠকও। ঢাকা মেইল, ১৩ নভেম্বর ২০২৫

**২৭. জাবি ছাত্রলীগের সহ-সভাপতি এখন যুবদলের কর্মী**

ছিনতাই ও মারধরসহ নানা ঘটনায় অভিযুক্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের সহ-সভাপতি শাহ মোস্তাক আহমদ সৈকত। বর্তমানে তিনি জামালপুর যুবদলের কর্মী হিসেবে আত্মপ্রকাশ করেছেন। গণ-অভ্যুত্থানের পরপরই ক্যাম্পাস থেকে বিতাড়িত হয়ে সৈকত বিএনপির রাজনীতির সঙ্গে পুরোপুরি মনোনিবেশ করেছেন। তার ব্যক্তিগত ফেসবুকে অ্যাকাউন্ট বিশ্লেষণ করে এসব তথ্য নিশ্চিত হওয়া গেছে।জানা যায়, সৈকত বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪৫তম ব্যাচের ছাত্র ছিলেন। সময়ের আলো, ১৫নভেম্বর ২০২৫

**২৮. ছাত্রদলে এসে প্রমোশন পেলেন নিষিদ্ধ ছাত্রলীগ নেতা**

কুমিল্লার ব্রাহ্মণপাড়া উপজেলার আসাদনগর আব্দুল মতিন খসরু কলেজে ছাত্রদলের কমিটিতে এসে প্রমোশন পেয়েছেন এক নিষিদ্ধ ছাত্রলীগ নেতা। তিনি হলেন ইমন রানা ভূঁইয়া। এর আগে ছিলেন ব্রাহ্মণপাড়া উপজেলা মালাপাড়া ইউনিয়ন ছাত্রলীগের সহ-সম্পাদক পদে ছিলেন। গত ২২ অক্টোবর আব্দুল মতিন খসরু কলেজে ছাত্রদলের কমিটি অনুমোদন দেয়া হয়। কমিটি অনুমোদনের প্রায় একমাস পর গত ২০ নভেম্বর সামাজিক যোগাযোগ মাধ্যমে কমিটির প্যাড ছড়িয়ে পড়ে। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ার পর বিষয়টি নজরে আসে আসাদনগর আব্দুল মতিন খসরু কলেজের ছাত্রদলের সিনিয়র সহ সভাপতি ইমন রানা ভূঁইয়ার। তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তারা ফেসবুকে লেখেন এই কমিটির বিষয়ে তারা অবগত নয়। তারা সাধারণ ছাত্র বলে দাবি করেন। এছাড়াও

এই কমিটির সহ-সভাপতি করা হয়েছে জুবায়ের ভূঁইয়াকে। তিনি মালাপাড়া ইউনিয়ন ছাত্রলীগের কমিটির সদস্য। আমার দেশ, ২২ নভেম্বর ২০২৫

**২৯. কক্সবাজারে বিএনপিতে যোগ দিলেন আ.লীগের ৩০ নেতাকর্মী**

উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ইকবাল হোসেনের হাতে ফুল দিয়ে যোগদান করছেন আ.লীগ নেতারা।কক্সবাজারের পেকুয়ায় আওয়ামী লীগের ৩০ নেতাকর্মী বিএনপিতে যোগদান করছেন। তারা সবাই বারবাকিয়া ইউনিয়ন আওয়ামী লীগের ওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে দায়িত্বরত ছিলেন।শনিবার (২২ নভেম্বর) সন্ধ্যায় বারবাকিয়া ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের এক অনুষ্ঠানে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ইকবাল হোসেনের হাতে ফুল দিয়ে যোগদান করেন।যোগদান করা আওয়ামী লীগ নেতারা হলেন- আওয়ামী লীগ নেতা ও সমাজপতি আবুল কাশেম, মোঃ শাহাদাত, আমির হোসাইন, মোহাম্মদ কামাল, বদিউল আলম, মোঃ কাছিম, বাদল চন্দ্র শীল, আবদুল খালেক, নুরুল হোসাইন, নজরুল, নুরুল হক, মোঃ নাছির মহি উদ্দিন, মোঃ বশর, বদি আলম, মোঃ করিম, মোঃ কাশেম, নাজিম উদ্দিন, মোঃ জসিম, মোঃ জমির, আলমগীর, মোঃ কাশেম, উজ্জ্বল চন্দ্র শীল, আবু তালেব, নবীর হোসাইন, মোঃ আনসার, মোঃ রাজিব, মোঃ মনু প্রমুখ। যুগান্তর, ২৩ নভেম্বর ২০২৫

**৩০. আ'লীগে যোগদানের দুই বছরের মাথায় হলেন বিএনপির সভাপতি**

ক্ষমতাসীন আওয়ামী লীগে ভিড়েছিলেন আমিনুল ইসলাম জাকির মোল্লা। এখন দলের সুসময়ে আওয়ামী লীগ ছেড়ে ফিরেছেন বিএনপিতে। ইউনিয়ন বিএনপির সভাপতির পদও ভাগিয়ে নিয়েছেন তিনি। এ নিয়ে ক্ষোভ দেখা দিয়েছে দলের তৃণমূল নেতাকর্মীদের মধ্যে। ঘটনাটি বরিশালের বানারীপাড়া উপজেলার উদয়কাঠী ইউনিয়নের।দলীয় সূত্রে জানা গেছে, উপজেলার বাইশারী সৈয়দ বজলুল হক কলেজের সহকারী অধ্যাপক জাকির মোল্লা উদয়কাঠী ইউনিয়ন বিএনপির সভাপতি ছিলেন। ২০২৩ সালের ২৯ অক্টোবর তিনি আওয়ামী লীগে যোগ দেন। একই বছরের ১৩ ডিসেম্বর বিএনপি তাকে বহিষ্কার করে। তখন ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি হন জ্যেষ্ঠ সহসভাপতি আলমগীর হোসেন। ২০২৪ সালের নির্বাচনে জাকির মোল্লা নৌকা প্রতীকের সক্রিয় কর্মী হয়ে কাজ করেন। সমকাল, ২৩ নভেম্বর ২০২৫

**৩১. ছাত্রদলের ৯ সদস্যের কমিটিতে সভাপতিসহ ৩ জনই ছাত্রলীগের কর্মী**

দীর্ঘ পাঁচ বছর পর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শাখা বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের নতুন আংশিক কমিটি ঘোষণা করা হয়েছে। নতুন কমিটিতে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ইয়ামিনকে সভাপতি এবং লোকপ্রশাসন

বিভাগের শিক্ষার্থী মো: জহিরকে সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। তবে কমিটি ঘোষণার পরই ৯ সদস্যের এই আংশিক কমিটির মধ্যে সভাপতিসহ তিনজনের বিরুদ্ধে ছাত্রলীগের সঙ্গে সম্পৃক্ত থাকার অভিযোগ ওঠেছে। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ভাইরাল হওয়া বেশ কিছু ছবিতে দেখা গেছে, নতুন কমিটির সভাপতি মো: ইয়ামিন অতীতে ছাত্রলীগের বিভিন্ন কর্মসূচিতে অংশ নিয়েছেন। পতিত সরকার প্রধান শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে গাছ লাগানোসহ একাধিক কর্মসূচিতে তার উপস্থিতির ছবি প্রকাশ্যে এসেছে। কমিটির সহ-সভাপতি তুহিন রানার বিরুদ্ধেও গুরুতর অভিযোগ উঠেছে। জুলাই হামলায় জড়িত এক ছাত্রলীগ কর্মীকে বাঁচাতে তিনি আত্মসমর্পণ আবেদন দাখিল করেছিলেন বলে অভিযোগ রয়েছে। পাশাপাশি ছাত্রলীগের সভাপতি এবং আবু সাঈদ হত্যা মামলার আসামি পোমেল বড়ুয়ার সঙ্গে বিভিন্ন কর্মসূচিতে অংশ নেওয়ার ছবিও সামাজিক যোগামাধ্যমে মাধ্যমে ঘুরে বেড়াচ্ছে। ডেইলি ক্যাম্পাস, ২৮ নভেম্বর ২০২৫

**৩২. কৃষক লীগের দুই নেতা বিএনপিতে যোগদান, রাজনৈতিক অঙ্গনে বিতর্ক**
জামালপুরের মাদারগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সহযোগী সংগঠন কৃষক লীগের দুই নেতার বিএনপিতে যোগদানকে কেন্দ্র করে স্থানীয় রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনা ও সমালোচনার সৃষ্টি হয়েছে। বুধবার (১৭ ডিসেম্বর) রাতে মাদারগঞ্জ পৌরসভার বালিজুড়ী বাজার হাইস্কুল মোড় এলাকায় অবস্থিত উপজেলা বিএনপির কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে তারা বিএনপিতে যোগদান করেন। এ সময় উপজেলা বিএনপির সভাপতি মঞ্জুর কাদের বাবুল খান এবং সাংগঠনিক সম্পাদক হাফিজুর রহমান সাকু ফুলের মালা দিয়ে তাদের বরণ করে নেন। বিএনপিতে যোগদানকারীরা হলেন মাদারগঞ্জ পৌরসভার ৫ নম্বর ওয়ার্ড কৃষক লীগের সাবেক সভাপতি আবুল হোসেন ভিক্কু এবং শহর কৃষক লীগের সদস্য মোশারফ হোসেন। খোলা কাগজ, ১৮ ডিসেম্বর ২০২৫

## আওয়ামী নেতাদের বিএনপিতে পদায়নের আরও খবর

- কাদের পরিবারের ঘনিষ্ঠ আ'লীগ নেতা এখন বিএনপিতে, কালবেলা, ১৫ ফেব্রুয়ারি ২০২৫
- আ. লীগের সাধারণ সম্পাদকসহ পাঁচ শতাধিক নেতাকর্মীর বিএনপিতে যোগদান, আমার দেশ, ২৫ নভেম্বর ২০২৫
- টাঙ্গাইলে আওয়ামী লীগকে পুনর্বাসনের অভিযোগ তুলে বিএনপির ১১ নেতার পদত্যাগ, প্রথম আলো, ২৫ নভেম্বর ২০২৫

- আওয়ামী লীগের শতাধিক নেতা কর্মীর বিএনপিতে যোগদান, আমার দেশ, ২৭ নভেম্বর ২০২৫
- বিএনপিতে যোগ দিলেন নিষিদ্ধ আ.লীগের ২ শতাধিক নেতাকর্মী, বার্তা২৪, ২৮ নভেম্বর ২০২৫
- গোপালগঞ্জে যুবলীগ নেতার যুবদলে যোগদান, বার্তা বাজার, ১ ডিসেম্বর ২০২৫
- শরীয়তপুরে আ.লীগের অর্ধশত নেতাকর্মী বিএনপিতে যোগদান, দেশ রূপান্তর, ৫ ডিসেম্বর ২০২৫
- চুয়াডাঙ্গায় আওয়ামী লীগ নেতাকর্মী বিএনপিতে যোগদান, আমার দেশ, ৯ ডিসেম্বর ২০২৫
- বিএনপিতে যোগ দিলেন আ.লীগের ২০ নেতাকর্মী, আমার দেশ, ১৭ ডিসেম্বর ২০২৫

## ■ বিএনপি-আওয়ামী আঁতাতের চিত্র

বিএনপি-আওয়ামী লীগ আঁতাত এখন আর আড়ালের গল্প নয়; দেশজুড়ে নানা ঘটনায় দুই দলের নেতাদের ঘনিষ্ঠ লেনদেন, তদবির, যৌথ চাঁদা বাণিজ্য ও রাজনৈতিক সুবিধাবিনিময় প্রকাশ্য হয়ে উঠেছে। কখনো একে অপরের গাড়িতে ঘোরা, কখনো অনৈতিক ঘটনাকে ধামাচাপা দিতে তদবির, খুনি আওয়ামী লীগ ও নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতাকর্মীদের ছাড়িয়ে নিতে তদবির, আবার কোথাও চাঁদাবাজি ও বালু ব্যবসায় যৌথ কারবার–সব মিলিয়ে প্রতীয়মান হচ্ছে, ক্ষমতা ও স্বার্থের প্রশ্নে দুই দলের অংশবিশেষ নেতাদের মাঝে গভীর সমন্বয় গড়ে উঠেছে। দুই দলের আঁতাতের উল্লেখযোগ্য কিছু খবর নিচে উল্লেখ করা হলো;

**১. এস আলমের গাড়িতে এলাকায় গিয়ে সংবর্ধনা নিলেন বিএনপি নেতা সালাহউদ্দিন**

আলোচিত ও সমালোচিত ব্যবসায়ী গোষ্ঠী এস আলমের মালিকানাধীন গাড়িতে চড়ে নিজ এলাকায় গিয়ে সংবর্ধনা নিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সাবেক যোগাযোগ প্রতিমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। গত বুধবার দুপুর পৌনে ১২টার দিকে ঢাকা থেকে তিনি কক্সবাজার বিমানবন্দরে পৌঁছান। এরপর দলের নেতা-কর্মীদের গাড়িবহরের সঙ্গে পেকুয়ায় পৌঁছান তিনি। কক্সবাজার বিমানবন্দর থেকে সালাহউদ্দিন আহমেদের গাড়িবহর পেকুয়ায় পৌঁছানোর বিভিন্ন ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করেছেন বিএনপির নেতা-কর্মীরা। এ রকম একটি ভিডিওতে দেখা যায়, যে গাড়িতে (জিপ) চড়ে সালাহউদ্দিন আহমেদ কক্সবাজার থেকে পেকুয়ায় আসেন, সেটির নম্বর চট্ট মেট্রো ঘ-১১-১৫৩৩। এটি মিতসুবিশির স্টেশন ওয়াগন ব্র্যান্ডের জিপ। তিনি সামনে সিটে বসে হাত নেড়ে আশপাশের লোকজনকে শুভেচ্ছা জানাচ্ছেন। প্রথম আলো, ১ সেপ্টেম্বর ২০২৪

**২. আ.লীগ ও বিএনপি নেতার মিলেমিশে চাঁদাবাজি!**

ফরিদপুরে হত্যা মামলাকে পুঁজি করে মিলেমিশে চাঁদাবাজির অভিযোগ উঠেছে আওয়ামী লীগ ও বিএনপি নেতার বিরুদ্ধে। জেলার সালথায় তরুণীকে উত্ত্যক্তের প্রতিবাদ করায় কাসেম ব্যাপারী নামে এক যুবককে কুপিয়ে হত্যার ঘটনাকে পুঁজি করে লাখ লাখ টাকা চাঁদাবাজির অভিযোগ উঠেছে তাদের বিরুদ্ধে। দাবিকৃত চাঁদা দিতে অস্বীকৃতি জানালে চলছে বাড়িঘর-দোকান ভাঙচুর লুটপাট। করা হচ্ছে হত্যা মামলার আসামি। এলাকাবাসী ও ভুক্তভোগীদের সঙ্গে কথা বলে জানা গেছে, সালথা উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম-সাধারণ সম্পাদক খন্দকার খায়রুল বাসার আজাদ ও তার ভায়রা আওয়ামী লীগ নেতা জাহিদ মাতুব্বর, সালথা উপজেলা আ'লীগের সদস্য ও স্থানীয় ইউপি মেম্বার নুরু মাতুব্বর, উপজেলা আ'লীগের সদস্য রফিক মাতুব্বর, গ্রাম্য মোড়ল হিরু মোল্যা, হাসান

বেপারীসহ কয়েকজন ব্যক্তি বিএনপির নাম ভাঙিয়ে এসব চাঁদাবাজি করেছে। সমকাল, ১৮ অক্টোবর ২০২৪

### ৩. নারীসহ আ.লীগ নেতা আটক, ছাড়াতে বিএনপি নেতার দৌড়ঝাঁপ

কুমিল্লার লালমাইয়ে তিন সন্তানের জননীর সঙ্গে অনৈতিক সম্পর্কের অভিযোগে শাহ আলম নামে এক আওয়ামী লীগ নেতাকে মারধর করে পুলিশে দিয়েছেন এলাকাবাসী। রোববার রাত ১০টার দিকে উপজেলার বেলঘর উত্তর ইউনিয়নের ভুশ্চি গ্রামে এ ঘটনা ঘটে। আটক আওয়ামী লীগ নেতা ওই গ্রামের মৃত আলী হোসেনের ছেলে ও বেলঘর উত্তর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের দায়িত্বে রয়েছেন। তিন লাখ টাকার বিনিময়ে তাকে থানা থেকে ছাড়াতে দৌড়ঝাঁপ করছেন এক বিএনপি নেতা। নাম প্রকাশে অনিচ্ছুক বেলঘর উত্তর ইউনিয়ন বিএনপির এক নেতা বলেন, নারীসহ আওয়ামী লীগ নেতাকে এলাকাবাসী আটক করে পুলিশে দিয়েছে। পার্শ্ববর্তী ইউনিয়নের বিএনপির এক নেতা তিন লাখ টাকার বিনিময়ে তাকে থানা থেকে ছাড়াতে দৌড়ঝাঁপ করছেন। যুগান্তর, ২১ অক্টোবর ২০২৪

### ৪. গা বাঁচাতে দল পরিবর্তন, বিএনপির মিছিলে আওয়ামী লীগ নেতা

গা বাঁচাতে অনেকেই আওয়ামী লীগ থেকে বিএনপিতে যোগ দিচ্ছেন। তাদের মধ্যে একজন উত্তরার আওয়ামী লীগ নেতা হাবিবুর রহমান। ঢাকা-১৮ আসনের সাবেক এমপি হাবিব হাসানের মামা তিনি। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিরুদ্ধে অর্থদাতা হিসেবে বেশ সক্রিয় ছিলেন। কিন্তু, গত ৫ আগস্ট সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে হয়ে গেছেন বিএনপি সমর্থক।জানা যায়, আওয়ামী লীগের এই পাতি নেতা হাবিবুর রহকমান বিএনপির বিভিন্ন কর্মসূচিতে দেখা যাচ্ছে। সম্প্রতি বিমানবন্দর এলাকায় স্থানীয় বিএনপি আয়োজিত শেখ হাসিনার ফাঁসির দাবিতে এক বিক্ষোভ কর্মসূচির মিছিলে অংশ নিতে দেখা গেছে। এতে ক্ষোভ বিমানবন্দর ও দক্ষিণখান এলাকার স্থানীয় বিএনপি নেতাকর্মীদের মাঝে। এরই মধ্যে স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের সঙ্গে হাবিবুরের বিভিন্ন মিটিং-মিছিলের ছবিও সামাজিক যোগাযোগমাধ্যমে পাওয়া গেছে। ছবিতে হাবুলকে বিমানবন্দর থানা আওয়ামী লীগের সভাপতি ও ছাত্র হত্যার অন্যতম আসামি শাহজাহান মণ্ডলের সাথে প্রথম সারিতে মিটিং-মিছিলের নেতৃত্ব দিতে দেখা গেছে। স্থানীয় সূত্র জানায়, হাবিবুর রহমান এক সময় বৃহত্তর ঢাকা-৫ আসনের (বর্তমানে ঢাকা-১৮ আসন) আওয়ামী লীগের সাবেক এমপি এ কে এম রহমত উল্লাহর কাছের লোক ছিলেন। ইত্তেফাক, ১৯ নভেম্বর ২০২৪

**৫. আ'লীগ নেতাকর্মীদের বিএনপিতে যোগদানের উপায় জানালেন শামা ওবায়েদ**

বিএনপির সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদ ইসলাম রিংকু বলেছেন, আওয়ামী লীগের নেতাকর্মীরা যদি বিএনপিতে আসতে চায় তাহলে রাতের অন্ধকারে আসলে হবে না। আমাকে বা অন্য কাউকে ফোন দিলেও হবে না। শহীদ জিয়াউর রহমানকে নেতা মেনে, স্বাধীনতা ঘোষক মেনে ও বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক মেনে আসতে হবে।শুক্রবার (৬ ডিসেম্বর) সন্ধ্যা ৭টার দিকে নিজ নির্বাচনী এলাকা ফরিদপুরের নগরকান্দা উপজেলার ডাঙ্গা ইউনিয়ন বিএনপির এক পথসভায় এসব কথা বলেন তিনি। জনকণ্ঠ, ৭ ডিসেম্বর ২০২৪

**৬. বাউফলে বিএনপি অফিস উদ্বোধনে বিশেষ অতিথি শ্রমিকলীগ নেতা**

পটুয়াখালীর বাউফলে বিএনপির একটি দলীয় কার্যালয় উদ্বোধন অনুষ্ঠানে শ্রমিকলীগের নেতার উপস্থিতি নিয়ে সমালোচনার সৃষ্টি হয়েছে। বিষয়টি নিয়ে দলীয় নেতা-কর্মীদের মধ্যেও ক্ষোভের সৃষ্টি হয়েছে। শনিবার (১৪ ডিসেম্বর) বিকেলে উপজেলার মদনপুরা ইউনিয়নের চন্দ্রপাড়া গ্রামে ইউনিয়ন বিএনপির একটি কার্যালয় উদ্বোধন করা হয়। এই উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী শ্রমিকলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম। এসময় অনুষ্ঠানে ইউনিয়ন বিএনপির সভাপতি কবির খান ও সাধারণ সম্পাদক রুহুল আমিন অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। যমুনা টিভি, ১৫ ডিসেম্বর ২০২৪

**৭. বিএনপির গোপন সঙ্গী আ'লীগ**

আগে বগুড়ায় যমুনা নদীর বৈধ-অবৈধ বালুর ব্যবসা নিয়ন্ত্রণ করতেন আওয়ামী লীগ নেতারা। গত ৫ আগস্টের পর বিএনপি নেতারা এ ব্যবসার নিয়ন্ত্রণ নিয়েছেন। তবে গোপনে সঙ্গে রেখেছেন আওয়ামী লীগ নেতাদেরও। এখন বিএনপি-আওয়ামী লীগ মিলেমিশে বালু লুট করছে। এ কারণে অবৈধ বালুর ব্যবসা নিয়ে উচ্চবাচ্য নেই কোনো মহলের। নারাপালা বালুমহালটি কয়েক বছর আগে থেকে ইজারা নিয়ে আসছেন সারিয়াকান্দি উপজেলা যুবলীগের সভাপতি আইয়ুব আলী তরফদার এবং সারিয়াকান্দি পৌর আওয়ামী লীগ সভাপতি আবদুস সালাম। আর কালিয়ান বালুমহালটি ইজারা নিতেন জেলা যুবলীগের সাংগঠনিক সম্পাদক ও সারিয়াকান্দির কামালপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রাশেদুজ্জামান রাসেল। তারা তিনজনসহ একই দলের কয়েকজন মূলত সারিয়াকান্দি উপজেলায় বৈধ ও অবৈধ বালুর ব্যবসা নিয়ন্ত্রণ করে আসছিলেন। গত ৫ আগস্ট রাজনৈতিক পট পরিবর্তনের পর তারা আত্মগোপনে যান। তখন ব্যবসার নিয়ন্ত্রণ নেন উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রাজু আলম, কামালপুর ইউনিয়ন যুবদলের আহ্বায়ক দেলোওয়ার হোসেন পুটু, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সোহেল রানা ও বিএনপি কর্মী মোখলেছার রহমান হিটলু। কিন্তু তাদের সঙ্গে গোপনে

বালুর ব্যবসার সঙ্গী হন আওয়ামী লীগের ওই তিন নেতাসহ আরও কয়েকজন। সমকাল, ১৬ জানুয়ারি ২০২৫

**৮. বিএনপি নেতার বিরুদ্ধে আ'লীগকে পুনর্বাসনের অভিযোগ**

ঝালকাঠিতে আওয়ামী লীগ সরকারের ১৬ বছরে বিএনপি নেতাকর্মীদের ওপর হামলা-মামলা, অফিসে অগ্নিসংযোগকারীদের ছত্রছায়ায় রাখার অভিযোগ উঠেছে বিএনপি নেতাদের বিরুদ্ধে। বিএনপির বিভিন্ন কর্মসূচিতেও আওয়ামী লীগ নেতাকর্মীদের নিয়মিত দেখা যাচ্ছে। নেতাকর্মীদের অভিযোগ, কেন্দ্রীয় বিএনপির ধর্মবিষয়ক সম্পাদক ও ঝালকাঠি জেলা আহ্বায়ক কমিটির সদস্য রফিকুল ইসলাম জামালের ছত্রছায়ায় আওয়ামী লীগ নেতাকর্মীদের পুনর্বাসন হচ্ছে। আওয়ামী লীগের বিভিন্ন পদে থাকা নেতাকর্মীদের সঙ্গে ঢাকায় ও ঝালকাঠিতে একাধিক বৈঠক, কর্মিসভা ও সভা করেন রফিকুল।গত ১৬ নভেম্বর কাঁঠালিয়া উপজেলা পাইলট স্কুল মাঠে বিএনপির সুধী সভায় উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শামীম সিকদার, জাতীয় পার্টির (জেপি, মঞ্জু গ্রুপ) উপজেলা সাধারণ সম্পাদক শাহনেওয়াজ আকন গেন্দু, মহিলা আওয়ামী লীগ নেত্রী রেবা রাণী মণ্ডল, উপজেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থীর নির্বাচন সমন্বয়কারী ও বিএনপি থেকে বহিষ্কৃত শাজাহান ওমরের ব্যক্তিগত সহকারী জহিরুল হক বাদশা, আওয়ামী লীগ নেতা হাসিব ভুট্টো, আতিকুর রহমান রুবেল, মোস্তাফিজুর রহমান মারুফ, গৌতম মন্ডল, জাতীয় পার্টির নেতা জাহাঙ্গীর ফরাজীসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, মহিলা আওয়ামী লীগ ও জাতীয় পার্টির বেশ কয়েকজন নেতাকর্মীকে দেখা যায়। রফিকুল ইসলাম জামাল এ সভায় নেতৃত্ব দেন। ভোরের পাতা, ২৭ জানুয়ারি ২০২৫

**৯. রাতারাতি ভোল পাল্টে বিএনপির সঙ্গে চলছেন হানিফের ঘনিষ্ঠরা**

ছাত্র-জনতার গণআন্দোলনের মুখে আওয়ামী লীগ সরকারের পতনের পর দলটির প্রভাবশালী নেতা মাহবুবউল আলম হানিফ ও তার ব্যক্তিগত সহকারী জেলা আওয়ামী লীগের দাপুটে নেতা আমজাদ হোসেন রাজু পালিয়ে গেলেও তাদের ব্যবসা-বাণিজ্য চলছে আগের মতোই। হানিফের ব্যক্তিগত সহকারী (পিএস) আমজাদ হোসেন রাজুর মালিকানাধীন সম্পদের দেখভালের দায়িত্ব পালন করছেন তার আপন ভায়রা জনতা ব্যাংক কর্মকর্তা ওয়াহিদুজ্জামান চঞ্চল। ভায়রার প্রভাব খাটিয়ে জনতা ব্যাংকের আঞ্চলিক শাখার কর্মকর্তা ওয়াহিদুজ্জামান চঞ্চল নিজেও ঠিকাদারি কাজ করে আওয়ামী শাসনামলের বিগত প্রায় ১৬ বছরে শত কোটি টাকার মালিক বনে গেছেন। কুষ্টিয়া, মেহেরপুর ও ঢাকায় গড়ে তুলেছেন সম্পদের পাহাড়। দুই ভায়রা মিলে করেছেন টেন্ডারবাজি। ব্যাংকে চাকরি করেও ঠিকাদারি ও রাজনীতি নিয়ে পড়ে থাকতেন সব সময়।

পট পরিবর্তনের পর বিএনপির কয়েকজন নেতার সঙ্গে তার দহরম বেড়েছে। সম্প্রতি জেলা বিএনপির সাবেক এক নেতার জন্মদিনের অনুষ্ঠানেও গিফট নিয়ে হাজির হন তিনি। জাগো নিউজ, ৬ ফেব্রুয়ারি ২০২৫

**১০. আ'লীগ নেতাকে থানা থেকে ছাড়িয়ে নিতে বিএনপি নেতাদের তদবির**



নারায়ণগঞ্জের আড়াইহাজারে গ্রেপ্তার আওয়ামী লীগ নেতা ও ইউপি চেয়ারম্যানকে থানা থেকে ছাড়িয়ে নিতে বিএনপি নেতারা তদবির করেছেন বলে জানা গেছে।উপজেলার ব্রাহ্মন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শিল্পপতি লাক মিয়াকে হামলা, ভাঙচুর ও নাশকতার অভিযোগে দায়ের করা দুই মামলায় গ্রেপ্তার দেখিয়ে ২৬ ফেব্রুয়ারি বুধবার দুপুরে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। এর আগে মঙ্গলবার বিকেলে আড়াইহাজার থেকে ঢাকার গুলশানের বাসায় যাওয়ার সময় রূপগঞ্জ উপজেলার কাঞ্চন সেতু এলাকা থেকে তাঁকে আটক করা হয়। লাক মিয়াকে আড়াইহাজার থানায় আনার পর থেকে স্থানীয় বিএনপির শীর্ষ স্থানীয় নেতাকর্মীদের একাংশ তাঁকে ছাড়িয়ে নেওয়ার জন্য তদবির করেছেন বলে পুলিশের একটি সূত্র থেকে খবর পাওয়া যায়। সমকাল, ২৬ ফেব্রুয়ারি ২০২৫

**১১. আওয়ামী লীগ নেতাকে থানা থেকে ছাড়াতে বিএনপি নেতার তদবির!**

নারায়ণগঞ্জের সোনারগাঁও উপজেলার সনমান্দী ইউনিয়নের ২ নং ওয়ার্ড যুবলীগের সিনিয়র সহ-সভাপতি আশরাফুলকে থানাথেকে ছাড়াতে বিএনপি নেতার তদবির। রোববার (২ মার্চ) বিকেলে সোনারগাঁও থানার পুলিশ তাকে স্থানীয় হরিহদী বাজার থেকে গ্রেফতার করে। আশরাফুলকে থানায় নেওয়া হলে স্থানীয় সনমান্দি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোসলেহউদ্দীন থানায় ছুটে যান আসামীকে ছাড়াতে। আশরাফুলের বিরুদ্ধে বৈষম্যবিরোধী ছাত্র হত্যা মামলা হয় এবং আগেও একাধিক মামলা রয়েছে। মোসলেহ উদ্দীন আশরাফুলকে বিএনপি নেতা প্রমাণ করতে বিএনপির অফিসিয়াল পেইড এডিট করে জালিয়াতির মাধ্যমে আসামীকে ছাড়ানোর চেষ্টা করে। জনকণ্ঠ, ৩ মার্চ ২০২৫

**১২. আওয়ামী লীগের মধু খেয়ে তিনি এখন বিএনপিতে!**



নেত্রকোনার বারহাট্টা উপজেলার বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল খায়ের আখন্দ টিটু ক্ষমতার পালাদবলের সাথে একাধিকবার রাজনৈতিক দল পরিবর্তন করে বিতর্কিত হয়েছেন। ২০০৯ সালের আগে উপজেলা বিএনপির সহ-সভাপতি পদে থাকলেও পরে ক্ষমতার পালাবদলের সঙ্গে সঙ্গে দল পরিবর্তন করে আওয়ামী লীগে যোগ দেন তিনি। তবে গত বছরের

৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর আবার বিএনপিতে ফিরেছেন টিটু মাস্টার। বিএনপির বিভিন্ন কর্মসূচিতে অংশ নিচ্ছেন এবং দলের আহ্বায়ক কমিটিতে সদস্য পদও পেয়ে গেছেন। ঢাকা মেইল, ৯ মার্চ ২০২৫

## ১৩. এক র‍্যালিতে বিএনপি-আ.লীগ!

জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে লক্ষ্মীপুরের রামগতিতে র‍্যালির আয়োজন করে উপজেলা প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ। গত সোমবার সকালে হওয়া সেই র‍্যালিতে অংশ নিয়েছেন বিএনপি ও আওয়ামী লীগের স্থানীয় প্রভাবশালী নেতারা। এরপরই শুরু হয়েছে আলোচনা-সমালোচনা। সেই র‍্যালির বেশ কয়েকটি স্থির চিত্র নিজের ফেসবুক অ্যাকাউন্টে প্রকাশ করেছে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও), যা দ্রুত সোশ্যাল প্ল্যাটফর্মগুলোতে ভাইরাল হয়। এরপর থেকেই উপজেলাজুড়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পরে অবশ্য ইউএনও নিজের অ্যাকাউন্ট থেকে ছবিটি মুছে ফেলেছে। সোশ্যাল প্ল্যাটফর্মে ভাইরাল হওয়া স্থির চিত্রে দেখা যায়, ইউএনও সৈয়দ আমজাদ হোসেনের ডান পাশে রয়েছেন চর আবদুল্যাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি কামাল উদ্দিন মঞ্জুর। এর পেছনেই রয়েছেন চর রমিজ ইউনিয়নের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহসভাপতি মোজাহিদুল ইসলাম দিদার। দক্ষিণ পাশে রয়েছেন চরপোড়াগাছা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উপজেলা আওয়ামী লীগের সদস্য নুরুল আমিন হাওলাদার। পেছনের দিকে রয়েছেন চরআলগী ইউনিয়ন চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি জাকির হোসেন লিটনকে। একই ছবির বাম পাশে রয়েছেন উপজেলা বিএনপির আহ্বায়ক ডা. জামাল উদ্দিন। তার পাশেই আছেন সদস্যসচিব মো: সিরাজ উদ্দিন। যুগান্তর, ১২ মার্চ ২০২৫

## ১৪. বিএনপির শেল্টারে আ.লীগ নেতাদের বালু উত্তোলন

দখল-দূষণ আর অবৈধ বালু উত্তোলনে অস্তিত্ব সংকটে পড়েছে নবীগঞ্জে কুশিয়ারা ও শাখা বরাক নদী। দেশে পটপরির্তনের পর স্থানীয় বিএনপি-যুবদলের কতিপয় নেতার ওপর ভর করে আওয়ামী লীগ নেতারাই কুশিয়ারা নদী থেকে অবাধে বালু উত্তোলন করছেন।জানা গেছে, আ.লীগ সরকারের আমলে কুশিয়ারা নদীতে ড্রেজার বসিয়ে অবৈধভাবে বালু উত্তোলন করে আসছিলেন দলের নেতা ও জেলা পরিষদের সাবেক সদস্য আব্দুল মতিন আছাব, রনি, দুলালসহ একটি সংঘবদ্ধ চক্র। দেশে পটপরিবর্তনের পর উপজেলা বিএনপির এক সাবেক জনপ্রতিনিধি ও যুবদলের কতিপয় নেতাদের ওপর ভর করে আ.লীগের নেতারাই ঘুরেফিরে কুশিয়ারা নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনের নিয়ন্ত্রণ করছেন। যুগান্তর, ১৫ মার্চ ২০২৫

**১৫. আওয়ামী লীগের নেতাদের নিয়ে বিএনপির কার্যালয় উদ্বোধন**

আওয়ামী লীগের একাধিক নেতাকে সঙ্গে নিয়ে শরীয়তপুরের নড়িয়ার নওপাড়া ইউনিয়ন বিএনপির দলীয় কার্যালয় উদ্বোধন করা হয়েছে। এ নিয়ে বিএনপি নেতাকর্মীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। শুক্রবার (৯ এপ্রিল) বিকালে এ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের কার্যনির্বাহী সদস্য ফয়জুল হাসান বাদল মুন্সী, ইউনিয়ন আওয়ামী লীগের কৃষিবিষয়ক সম্পাদক মনি দেওয়ান, জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা কমিটির সদস্য আব্বাস হালদার, ইউনিয়ন আওয়ামী লীগের প্রচার সম্পাদক বোরহান তফাদার, যুগ্ম সাধারণ সম্পাদক তাপা তফাদার, সহসভাপতি মোস্তফা হাওলাদার, জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা কমিটির সদস্য ও ইউপি সদস্য নজু ছৈয়াল, ইউনিয়ন আওয়ামী লীগের ধর্মবিষয়ক সম্পাদক আবুল বাশার খালাসী, বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক সিয়াম সিকদার, ক্রীড়াবিষয়ক সম্পাদক ছাত্তার চৌধুরী এবং ছাত্রলীগের সাবেক সদস্য মিন্টু ছৈয়াল। তাদের পাশে বসা ছিলেন উপজেলা বিএনপির সভাপতি সামসুল আলম দাদন মুন্সীসহ দলীয় নেতাকর্মীরা। বাংলা ট্রিবিউন, ১০ মে ২০২৫

**১৬. আওয়ামী লীগ নেতার গাড়িতে ঘুরছেন বিএনপি নেতা**

রাজশাহী জেলা বিএনপির সদস্যসচিব বিশ্বনাথ সরকারকে আওয়ামী লীগের এক নেতার ব্যক্তিগত গাড়িতে ঘুরতে দেখা গেছে বলে অভিযোগ উঠেছে।সিসি ক্যামেরায় ধারণ করা ফুটেজ অনুযায়ী, গত ১১ জুন গোদাগাড়ী উপজেলার খেতুরী ধামের সামনে একটি কালো রঙের প্রাইভেটকার থেকে নামেন বিশ্বনাথ সরকার, তার ভাতিজা অলোক সরকার আলো এবং সেন্টু সরকার নামের আরেক ব্যক্তি। গাড়িটির মালিক গোদাগাড়ী উপজেলা আওয়ামী লীগের সহ-প্রচার সম্পাদক ও সাবেক কাস্টমস কর্মকর্তা সুনন্দন দাস রতন বলে নিশ্চিত হওয়া গেছে। দুর্নীতি ও অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে আলোচিত রতন স্থানীয়ভাবে রাজনীতিতেও সক্রিয়। তিনি সাবেক এমপি ওমর ফারুক চৌধুরীর ঘনিষ্ঠ এবং শ্রী শ্রী গৌরাঙ্গদেব ট্রাস্টি বোর্ডের সাবেক সদস্য ছিলেন। নিউজ২৪, ১৫ জুন ২০২৫

**১৭. আ'লীগ নেতাদের নিয়ে মঞ্চে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা হারুন**

আওয়ামী লীগ নেতা ও একাধিক হত্যা-মাদক মামলার আসামিদের নিয়ে একই মঞ্চে অনুষ্ঠান করেছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক এমপি হারুনুর রশীদ।বৃহস্পতিবার (৩ জুলাই) বিকেলে সদর উপজেলার চরবাগডাঙ্গায় বিগ ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন বিএনপি নেতা হারুনুর রশীদ। এ সময় মঞ্চের সামনের সারিতে হারুনের

বাম দিকে বসে চা পান করতে দেখা যায় চরবাগডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও একাধিক মামলার আসামি ওমর আলী ও সদর উপজেলা তাঁতি লীগের সভাপতি নুরুল ইসলাম, কৃষক লীগ নেতা এনামুল হককে। সময় টিভি, ৪ জুলাই ২০২৫

**১৮. বিএনপি ও আ'লীগ নেতাদের বিরুদ্ধে মিলেমিশে চাঁদাবাজির অভিযোগ**

কুড়িগ্রামের রৌমারী উপজেলায় বিএনপি ও আওয়ামী লীগের কয়েকজন নেতার বিরুদ্ধে অবসরপ্রাপ্ত এক সেনাসদস্যের কাছ থেকে ৫০ হাজার টাকা চাঁদা দাবির অভিযোগ উঠেছে। বুধবার (৯ জুলাই) ভুক্তভোগী মোতালেব হোসেন থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন।

মোতালেব হোসেন উপজেলার বন্দবেড় ইউনিয়নের বাইটকামারী গ্রামের বাসিন্দা। তিনি একজন অবসরপ্রাপ্ত সেনাসদস্য ও বাইটকামারী বাজারে সিটি ব্যাংকের এজেন্ট হিসেবে কাজ করেন। লিখিত অভিযোগে মোতালেব হোসেন দাবি করেন, গত মঙ্গলবার রাত সাড়ে ৯টার দিকে বন্দবেড় ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক মনিবুর রহমান মামুন, উপজেলা তাঁতী দলের সাধারণ সম্পাদক আবদুল বাছেদ ও বন্দবেড় ইউনিয়নের স্থানীয় আওয়ামী লীগ নেতা আলতাফ হোসেনের নেতৃত্বে একদল লোক তার দোকানে গিয়ে ৫০ হাজার টাকা চাঁদা দাবি করেন। তিনি চাঁদা দিতে অস্বীকার করলে তাকে গালাগাল করার পাশাপাশি মারধর করা হয়। ইত্তেফাক, ১০ জুলাই ২০২৫

**১৯. আ'লীগ নেতাদের নিয়ে বিএনপি নেতার সভার ছবি ভাইরাল**

নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের পলাতক নেতাদের নিয়ে বিএনপির সহ-পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক সম্পাদক বজলুল করিম চৌধুরী আবেদের একটি সভার ছবি ভাইরাল হয়েছে। এনিয়ে দলে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। রবিবার (২০ জুলাই) রাত থেকে ওই সভার ভিডিও ও কয়েকটি ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়। এর আগে শনিবার (১৯ জুলাই) দুপুরে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের সানকেন মিডোজ স্টেট পার্কে এই সভা হয়। অনুষ্ঠানে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরর ঘনিষ্ঠ সহচর মুছাপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইউপি চেয়ারম্যান ও নিউইর্য়ক স্টেট আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আইয়ুব আলী এবং রামপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান ইকবাল বাহার চৌধুরীকে একই সারিতে বসিয়ে বক্তব্য রাখেন বিএনপি নেতা বজলুল করিম চৌধুরী আবেদ। খবরের কাগজ, ২১ জুলাই ২০২৫

**২০. জুয়ার আসর থেকে আ.লীগ-বিএনপির ৪ নেতা গ্রেফতার**

শরীয়তপুরের ভেদরগঞ্জ উপজেলার কাচিকাটা ইউনিয়নের দুলারচর এলাকায় অভিযান চালিয়ে আ'লীগ ও বিএনপির চার নেতাকে জুয়ার আসর থেকে হাতেনাতে গ্রেফতার করেছে পুলিশ।শুক্রবার (১ আগস্ট) সখিপুর থানা পুলিশের এই অভিযানে জুয়া খেলার সরঞ্জাম ও নগদ টাকাও জব্দ করা হয়েছে। গ্রেফতাররা হলেন– কাচিকাটা ইউনিয়ন আ'লীগ নেতা শফি দেওয়ান (৫৩) ও দাদন দেওয়ান (৫০), বিএনপির ৬ নম্বর ওয়ার্ড সাধারণ সম্পাদক জিতু মল্লিক (৫০) এবং ৭ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সভাপতি আল আমিন সরকার (৪৮)। তারা এলাকায় দীর্ঘদিন ধরে রাজনৈতিক পরিচয়ের আড়ালে গোপনে জুয়া পরিচালনার সঙ্গে জড়িত ছিলেন বলে দাবি পুলিশের। ঢাকা মেইল, ২ অগাস্ট ২০২৫

**২১. সিরাজগঞ্জে আ.লীগ-বিএনপি নেতাদের গোপন বৈঠক!**

সিরাজগঞ্জ জেলা বিএনপির সহসভাপতি ও সলঙ্গা থানা বিএনপির সভাপতি মতিয়ার রহমান সরকারের বিরুদ্ধে আওয়ামী লীগের নেতাকর্মীদের সঙ্গে আঁতাতের অভিযোগ উঠেছে। সম্প্রতি সলঙ্গা থানা আওয়ামী লীগের কয়েকজন নেতার সঙ্গে বিএনপি নেতার গোপন বৈঠকের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়েছে। বিষয়টি নিয়ে বিএনপি নেতাকর্মীদের মাঝে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। গত ২৭ আগস্ট গভীর রাতে ঢাকা-রাজশাহী মহাসড়কের সলঙ্গা থানার রামারচর এলাকার রয়েল রূপালি হাইওয়ে রেস্টুরেন্টে ওই বৈঠকটি হয় বলে জানা গেছে। বৈঠকে বিএনপির সভাপতি মতিয়ার রহমানের সঙ্গে সলঙ্গা থানা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুর রশিদ, থানা যুবলীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান মোখলেছুর রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান শফি কামাল, আ'লীগ নেতা আনোয়ার হোসেন ও শামসুল আলম উপস্থিত ছিলেন। কালবেলা, ৫ সেপ্টেম্বর ২০২৫

**২২. বিএনপি নেতাদের 'ম্যানেজ' করে এলাকায় ফিরছেন আ.লীগ নেতারা**

গণ-আন্দোলনের মুখে হাসিনা সরকারের পতনের পর ভয়ে দেশের বেশির ভাগ এলাকায় আওয়ামী লীগ নেতাকর্মীরা গা ঢাকা দিয়েছিলেন। দেড় মাসেরও বেশি সময় পর পরিস্থিতি কিছুটা শান্ত হয়ে আসায় তাদের কেউ কেউ এখন নিজ এলাকায় ফিরতে শুরু করেছেন। তবে বাড়ি ফেরার জন্য তাদেরকে মোটা অঙ্কের টাকা দিতে হচ্ছে। যারা টাকা দিচ্ছেন না, তাদেরকে এলাকায় ঢুকতে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ রয়েছে। নিরাপত্তার স্বার্থে তাদের কেউই নিজের পরিচয় প্রকাশ করতে চাননি, এমনকি এলাকার নামও উল্লেখ না করার অনুরোধ জানিয়েছেন। বিষয়টি নিয়ে প্রতিবেদন তৈরি করেছে বিবিসি বাংলা। যুগান্তর, ২৫ সেপ্টেম্বর ২০২৫

## ২৩. বিএনপি ও আওয়ামী লীগ যেখানে মিলেমিশে একাকার

১৬ বছর বগুড়ার ধুনটে যমুনা নদীর বালু লুটের ব্যবসা নিয়ন্ত্রণ করেন আওয়ামী লীগ ও সহযোগী অঙ্গসংগঠনের নেতারা। বৈধ বালুমহাল থেকে বালু তোলার পাশাপাশি আইন লঙ্ঘন করে তাঁরা ইজারা এলাকার বাইরে থেকে বালু তোলেন। গত ৫ আগস্ট সরকারের পতনের পর বিএনপি ও সহযোগী অঙ্গসংগঠনের নেতারা লুটপাটে ভাগ বসিয়েছেন। বিএনপি ও আওয়ামী লীগের মধ্যে আদর্শিক বিভেদ থাকলেও বালু লুটপাটে তাঁরা মিলেমিশে একাকার। প্রশাসন ও স্থানীয় সূত্রে জানা যায়, ধুনটের ভান্ডারবাড়ি ইউনিয়নের চৌবেড় মৌজার ৩৯ একর এলাকাকে বালুমহাল ঘোষণা করে জেলা প্রশাসন। দলীয় প্রভাব খাটিয়ে সর্বশেষ গত ১৪ এপ্রিল ৫৭ লাখ টাকায় বালুমহালের ইজারা পায় উপজেলা যুবলীগের ত্রাণবিষয়ক সম্পাদক বেলাল হোসেনের মালিকানাধীন 'মেসার্স বেলাল অ্যান্ড ব্রাদার্স।' তবে বেলাল দেড় দশকের বেশি সময় ধরে ইজারা এলাকার বাইরে ধুনটের শহরাবাড়ি নৌঘাট থেকে ভূতবাড়ি পয়েন্ট পর্যন্ত প্রায় ১৫ কিলোমিটার এলাকায় বালু তোলেন। তাঁর সঙ্গে ছিলেন উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আবু সালেহ (স্বপন), ভান্ডারবাড়ি ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য হজরত আলীসহ আরও কয়েকজন। ছাত্র-জনতার অভ্যুত্থানে সরকারের পতনের পর বেলালের একচ্ছত্র নিয়ন্ত্রণে থাকা সাম্রাজ্যে ভাগ বসান বিএনপি ও যুবদলের নেতারা। প্রথম আলো, ২৬ সেপ্টেম্বর ২০২৫

## ২৪. তুরাগে বিএনপি নেতার সভায় মূল মঞ্চেই আওয়ামী লীগ-যুবলীগের নেতা, দর্শক সারিতেও একই চিত্র!

রাজধানীর তুরাগের বাউনিয়ায় প্রতিবাদ সভা করেছে স্থানীয় বিএনপি নেতা হাজী মোস্তফা জামান। ঢাকা-১৮ আসনের মনোনয়ন প্রত্যাশী এই নেতা ছিলেন সভার প্রধান অতিথি। কিন্তু সভা মঞ্চের সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়তেই শুরু হয় তুমুল সমালোচনা ও ট্রল। নামে বিএনপির প্রতিবাদ সভা হলেও সভামঞ্চে উপস্থিত ছিলেন আওয়ামী লীগ, যুবলীগের পদধারী নেতারাও। এমনকি সভায় উপস্থিত থাকা প্রায় দুই/তিনশত লোকের মধ্যে ৫০ শতংশই আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। প্রতিবাদ সভার মূল মঞ্চেই বসা ছিলেন আওয়ামী লীগের বেশ কয়েকজন পদধারী নেতা। তাদের অন্যতম হলেন বঙ্গবন্ধু সৈনিক লীগের তুরাগ থানার সাধারণ সম্পাদক আশরাফ খান, যুবলীগনেতা সোহেল রানা, সানাউল্লাহ, খুনি হাবিব হাসানের বোনের জামাই ইসহাক, কৃষক লীগ তুরাগ থানার ধর্মবিষয়ক সম্পাদক ইসলাম উদ্দিন, স্থানীয় আওয়ামী লীগের প্রভাশালী নেতা সেলিম মাদবর, হাজী আব্দুল্লাহ ও আশরাফ খান। তারা সবাই হাবিব হাসানের আত্মীয় এবং শুভাকাঙ্ক্ষী। এর বাইরে বিএনপি ছেড়ে আওয়ামী

লীগে যোগ দেওয়া আবু তাহের আবুল খানসহ অনেকেই উপস্থিত ছিলেন। ঢাকা টাইমস, ৬ অক্টোবর ২০২৫

**২৫. আগারগাঁও বাজার বণিক সমিতি অর্থ আত্মসাতে 'আ'লীগ-বিএনপি' জোট**

রাজধানীর আগারগাঁও বাজার বণিক সমবায় সমিতির বৈদ্যুতিক সংযোগের হিসাব নম্বর-১৭০০৪৯৯০ অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে ১৬ লাখ ৫৯ হাজার ৮২৭ টাকার বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়েছে। কিন্তু সমিতির ব্যবস্থাপনা কমিটি ওই অর্থবছরে বিদ্যুৎ বিল বাবদ ১৮ লাখ ৫৬ হাজার ৩৭৯ টাকা ব্যয় দেখিয়েছে। যা প্রকৃত পরিশোধের চেয়ে প্রায় দুই লাখ টাকা বেশি। সমিতির সদস্যদের অভিযোগ, অতিরিক্ত বিল দেখিয়ে কমিটির নেতারা ওই টাকা আত্মসাৎ করেছেন।সমিতির সভাপতি এ বি এম নুরুল হক চৌধুরী।সমিতির সদস্য রবিউল ইসলাম বলেন, বর্তমান কমিটির নেতারা ফ্যাসিস্ট সরকারের সময় থেকেই সাধারণ সদস্যদের টাকা আত্মসাৎ করছেন। প্রতিবাদ করলে সদস্যপদ বাতিল ও নানাভাবে অত্যাচার করা হয়। অতীতে এর মূলে ছিলেন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগপন্থী নেতারা। বর্তমানে বিএনপিপন্থী নেতারা সক্রিয় এবং আওয়ামীপন্থীদের যোগসাজশে টাকা আত্মসাৎ চলছে। প্রথম আলো, ২৩অক্টোবর ২০২৫

**২৬. আ.লীগ পরিচয়ে আটক, বিএনপি পরিচয়ে ছাড়া!**

কুমিল্লার দেবিদ্বারে বদিউল আলম বদু নামে এক ব্যক্তিকে শুক্রবার রাতে নিষিদ্ধ আওয়ামী লীগ পরিচয়ে আটক করেছে পুলিশ। শনিবার সকালে বিএনপি নেতা পরিচয়ে ফটোসেশনের পর ছেড়ে দেওয়া হয় তাকে। জানা যায়, শুক্রবার রাতে রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে পুলিশ দেবিদ্বার উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালায়। এতে আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের ৫ নেতাকর্মীকে গ্রেফতার করা হয়। তাদের মধ্যে দেবিদ্বার পৌর এলাকার দক্ষিণ ভিংলাবাড়ি গ্রামের মৃত সোনা মিয়ার ছেলে বদিউলকেও আটক করে পুলিশ। যুগান্তর, ৮ নভেম্বর ২০২৫

**২৭. আসামি ছাড়াতে থানায় যুবদল নেতা, ওসিকে দেখে নেয়ার হুমকি!**

পীরগঞ্জ উপজেলা যুবদলের সভাপতি মো: নাজমুল হুদা মিঠু থানায় এসে আসামিকে আত্মীয় পরিচয় দিয়ে ছেড়ে দিতে বলেন। গ্রেফতার 'আওয়ামী লীগ কর্মী-সমর্থকদের' ছাড়িয়ে নিতে থানায় উপস্থিত হন ঠাকুরগাঁওয়ের পীরগঞ্জ উপজেলার যুবদল সভাপতি মো: নাজমুল হুদা মিঠু ও রানীশংকৈল উপজেলা বিএনপি ও যুবদল নেতারা। কিন্তু ব্যর্থ হয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এবং পুলিশ সদস্যদের গালিগালাজ ও প্রাণনাশের হুমকি দেয়ার অভিযোগ উঠেছে তাদের বিরুদ্ধে। সময় টিভি, ১৩ নভেম্বর ২০২৫

**২৮. চট্টগ্রামে আওয়ামী বিরোধী যুবদলের মিছিলে ছাত্রলীগ-যুবলীগ নেতা!**

চট্টগ্রামের পটিয়া উপজেলায় আওয়ামী লীগবিরোধী যুবদলের মশাল মিছিলে ছাত্রলীগ ও যুবলীগের নেতাদের অংশ নেওয়ার অভিযোগ উঠেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে বিষয়টি আলোচনা চলছে।মঙ্গলবার (১১ নভেম্বর) রাতে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের পটিয়া বাস স্টেশন চত্বর থেকে মিছিলটি শুরু হয়ে প্রেসক্লাব চত্বরে গিয়ে শেষ হয়। মিছিল চলাকালে অংশগ্রহণকারীরা আওয়ামী লীগের বিরুদ্ধে নানা স্লোগান দেন। এ মিছিলের কয়েকটি ছবি-ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। এরপর সেখানে যুবলীগ ও ছাত্রলীগের কয়েকজন অংশ নেওয়ার বিষয়টি জানাজানি হয়। ঢাকা পোস্ট, ১৩ নভেম্বর ২০২৫

**২৯. আ. লীগ নেতাদের মামলা প্রত্যাহারে বাদীর ওপর চাপ, বিতর্কে বিএনপি প্রার্থী মমিনুল হক**

আওয়ামী লীগ নেতাদের নামে করা মামলা প্রত্যাহারের দাবিতে প্রকাশ্যে বাদীদের ওপর চাপ সৃষ্টি এবং মামলা প্রত্যাহারের ঘোষণা দিয়েছেন বিএনপির কেন্দ্রীয় নেতা ও চাঁদপুর-৫ আসনের এমপি প্রার্থী মমিনুল হক। এরপর আরও একধাপ এগিয়ে তিনি সরাসরি আওয়ামী লীগের পাশে থাকার কথাও প্রকাশ্যে ঘোষণা দিয়েছেন। স্থানীয় রাজনৈতিক মহলে এ ঘটনাকে ঘিরে ব্যাপক আলোচনা-সমালোচনা চলছে। মমিনুল হকের এই অবস্থান পরিবর্তনকে অনেকেই অবাক হয়ে দেখছেন। আজাদির ডাক, ১৪ নভেম্বর ২০২৫

**৩০. লকডাউনে ট্রাকে আগুন দেয়ার ঘটনায় গ্রেপ্তার আজাহারকে ঘিরে নতুন আলোচনা, দিনে বিএনপি রাতে আওয়ামী লীগ**

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ঘোষিত লকডাউন সফল করতে চিনি বোঝাই ট্রাকে আগুন দেয়া এবং ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে যান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির অভিযোগে মাদারীপুর জেলার শিবচরের আজাহার হাওলাদারকে গ্রেপ্তার করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।সন্ত্রাস দমন আইনে দায়ের করা মামলার ভিত্তিতে শনিবার (১৫ নভেম্বর) রাতে র‍্যাব-পুলিশের যৌথ অভিযানে নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত আজাহার হাওলাদার (৪০) কুতুবপুর ইউনিয়নের শামসুদ্দিন মৌলভীর কান্দি গ্রামের মোহাম্মদ হাওলাদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, আওয়ামী লীগের দীর্ঘ শাসনামলে তিনি ছিলেন সক্রিয় আওয়ামী লীগ কর্মী। সাবেক এমপি লিটন চৌধুরীর সভা-সমাবেশসহ নির্বাচনি প্রচারণায় নিয়মিত অংশ নিতেন। রাজনৈতিক পরিস্থিতি পাল্টানোর পর তিনি যোগ দেন বিএনপির রাজনীতিতে। মাদারীপুর-১ আসনের স্থগিত প্রার্থী কামাল জামান নুরুদ্দিন মোল্লার বিভিন্ন সমাবেশে তাকে দেখা যায়। চ্যানেল ২৪, ১৬ নভেম্বর ২০২৫

**বিএনপি-আওয়ামী আঁতাতের আরও কিছু খবর–**

- বিএনপি চায় না আওয়ামী লীগের নেতাকর্মীরা জেল খাটুক : মোশাররফ হোসেন,ডিবিসি নিউজ, ২৯ নভেম্বর ২০২৫
- গ্রেপ্তার এড়াতে ছাত্রদল নেতার সঙ্গে চুক্তি নিষিদ্ধ ছাত্রলীগ নেতার, আমার দেশ, ২ ডিসেম্বর ২০২৫
- আ. লীগকে এবার ধানের শীষে ভোট দিতে বললেন সালাহউদ্দিন, কালের কণ্ঠ, ৫ ডিসেম্বর ২০২৫
- মুজিবকে 'আল্লাহর ওলি' আখ্যা দেয়া সেই আ.লীগ নেতার সঙ্গে বিএনপি প্রার্থীর ছবি ভাইরাল, আমার দেশ, ৬ ডিসেম্বর ২০২৫
- বিএনপি প্রার্থীর পক্ষে পোস্টার সাঁটিয়ে ভোট চাচ্ছেন আ. লীগ নেতা, কালের কণ্ঠ, ১০ ডিসেম্বর ২০২৫
- '১৭ বছর আ.লীগের এমপিদের সঙ্গে মিলেমিশে ছিলাম'–বিএনপি প্রার্থী মুন্সীর বক্তব্যে তোলপাড়, আমার দেশ, ১১ ডিসেম্বর ২০২৫
- আ'লীগ নেতাকে ছাড়াতে থানায় বিএনপি নেতাকর্মীরা, সমকাল, ১৭ ডিসেম্বর ২০২৫

## ▪ ফ্যাসিবাদ ও আওয়ামী দোসরদের নিষিদ্ধে বিএনপির নিশ্চুপ ভূমিকা

জুলাই বিপ্লব পরবর্তী বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতায় "ফ্যাসিবাদ" ও "আওয়ামী দোসর" শব্দবন্ধ দুটি বেশ আলোচনার কেন্দ্রবিন্দুতে। ছাত্র-জনতার আন্দোলন, জুলাই সনদ বাস্তবায়ন ও প্রশাসনিক সংস্কার দাবির মধ্যেও একটি প্রশ্ন ঘুরে ফিরে আসছে–ফ্যাসিবাদী চর্চা ও তার সহায়ক শক্তিগুলোকে নিষিদ্ধ করার প্রশ্নে বিএনপির ভূমিকা কেন দৃশ্যমান নয়? বিভিন্ন পত্রিকার প্রতিবেদন ও রাজনৈতিক বিশ্লেষণ বলছে, এই ইস্যুতে বিএনপির অবস্থান স্পষ্ট ও সক্রিয় না হওয়ায় জনমনে সন্দেহ তৈরি হয়েছে।

প্রথমত, ফ্যাসিবাদী আচরণ ও দমননীতির অভিযোগে বিগত সময়ে আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে ব্যাপক সমালোচনা হয়েছে। গুম, বিচারবহির্ভূত হত্যা, দমনমূলক আইন ও বিরোধী কণ্ঠ রোধের অভিযোগ নিয়ে দেশীয় ও আন্তর্জাতিক গণমাধ্যমে অসংখ্য প্রতিবেদন প্রকাশিত হয়েছে। এসব ঘটনার পর স্বাভাবিকভাবেই প্রত্যাশা ছিল, বিরোধী দল হিসেবে বিএনপি একটি সুসংগঠিত

রাজনৈতিক ও আইনি উদ্যোগ নেবে—ফ্যাসিবাদী কাঠামো ও তার দোসরদের বিচারের আওতায় আনতে এবং প্রয়োজন হলে নিষিদ্ধের দাবিতে জনমত গড়ে তুলতে। কিন্তু বাস্তবে দেখা গেছে ভিন্ন চিত্র। আন্দোলনের মাঠে বিএনপি সক্রিয় থাকলেও "নিষিদ্ধকরণ" বা প্রাতিষ্ঠানিক সংস্কারের প্রশ্নে দলটি তুলনামূলক নীরব থেকেছে। রাজনৈতিক বিশ্লেষকেরা মনে করেন—নিজেদের ক্ষমতায় যাওয়ার সম্ভাবনা, প্রশাসনিক কাঠামোর সঙ্গে ভবিষ্যৎ সমঝোতার হিসাব এবং আন্তর্জাতিক কূটনৈতিক চাপ—এসব বিবেচনায় বিএনপি 'কৌশলগত নীরবতা' অবলম্বন করছে (ডেইলি স্টার, রাজনৈতিক বিশ্লেষণ কলাম)।

দ্বিতীয়ত, আওয়ামী দোসরদের প্রশ্নে দ্বিধা আরও স্পষ্ট। বিভিন্ন প্রতিবেদনে উঠে এসেছে—স্থানীয় সরকার, প্রশাসন, ব্যবসা ও টেন্ডার ব্যবস্থায় প্রভাবশালী কিছু গোষ্ঠী রাজনৈতিক পরিচয় বদলে (আওয়ামী থেকে বিএনপি) টিকে থাকার চেষ্টা করছে। এসব ক্ষেত্রে বিএনপির পক্ষ থেকে কঠোর সাংগঠনিক অবস্থান বা স্পষ্ট তালিকা প্রকাশ খুব কমই দেখা গেছে। বরং কোথাও কোথাও দলীয় স্বার্থে 'সমঝোতার রাজনীতি'র অভিযোগ উঠেছে (মানবজমিন, মতামত কলাম)। দেশের প্রায় অধিকাংশ জেলা, উপজেলা ও ওয়ার্ড পর্যায়ে দেখা গেছে- বিএনপি ও এর অঙ্গ সংগঠন তাদের কমিটিতে আওয়ামী লীগ ও এর দোসরদের স্থান দিয়েছে।

তৃতীয়ত, নাগরিক সমাজ ও ছাত্রসংগঠনগুলো যখন ফ্যাসিবাদী আইন বাতিল, দমনমূলক কাঠামো ভাঙা এবং দায়ীদের বিচারের জোর দাবি তুলছে, তখন বিএনপির বক্তব্য অনেক সময় সাধারণ রাজনৈতিক স্লোগানে সীমাবদ্ধ থেকেছে। এতে করে দলটির গণতান্ত্রিক সংস্কার-এজেন্ডা প্রশ্নবিদ্ধ হচ্ছে বলে মত দিয়েছেন পর্যবেক্ষকেরা (প্রথম আলো, সম্পাদকীয়)।

সবশেষে বলা যায়, ফ্যাসিবাদ ও তার দোসরদের নিষিদ্ধকরণ কেবল স্লোগানের বিষয় নয়; এটি আইনি, সাংবিধানিক ও নৈতিক সিদ্ধান্তের প্রশ্ন। এই ইস্যুতে বিএনপির নিশ্চুপ বা অস্পষ্ট ভূমিকা দলটির নেতৃত্ব, রাজনৈতিক সদিচ্ছা ও ভবিষ্যৎ গণতান্ত্রিক অঙ্গীকার নিয়ে জনমনে প্রশ্ন তুলছে। গণতন্ত্র পুনর্গঠনের জন্য স্পষ্ট অবস্থান, স্বচ্ছ রোডম্যাপ ও কার্যকর জবাবদিহিতা ছাড়া রাজনৈতিক আস্থা পুনঃপ্রতিষ্ঠা কঠিন বলেই মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকেরা।

# ছবিতে বিএনপি কর্তৃক আওয়ামী ও তার দোসরদের পুনর্বাসন





(বাঁয়ে) চট্টগ্রামে ফটিকছড়ি উপজেলার জাফতনগর ইউনিয়নের বিএনপির কমিটিতে মো: নুর উদ্দিন খানকে সভাপতি ও আওয়ামী লীগের কর্মী মো: আনোয়ার হোসেনকে সাধারণ সম্পাদক করা হয়েছে। ঢাকা পোস্ট, ২৫ ডিসেম্বর ২০২৪। বিএনপি নেতার উপস্থিতিতে খেলার অনুষ্ঠানে ছাত্রলীগের সাবেক সহসভাপতি ও যুবলীগ নেতা হুমায়ুন আহমেদের কাছ থেকে পুরস্কার গ্রহণ করছেন এক খেলোয়াড়। কালবেলা, ২১ ডিসেম্বর ২০২৪




উত্তরায় ছাত্র-জনতা গণহত্যার মাস্টারমাইন্ড ও ঢাকা-১৮ আসনের সাবেক এমপি তথা পলাতক আওয়ামী লীগ নেতা হাবিব হাসানের সক্রিয় কর্মী। কিন্তু ৫ আগস্ট ফ্যাসিস্ট হাসিনা পালিয়ে যাওয়ার পর এবার বিএনপির ব্যানারে রাজনীতিতে সক্রিয় হওয়ার সুযোগ খুঁজছে সালাম আলী নামের উত্তরার এক আওয়ামী লীগের দোসর। ইনকিলাব, ২৩ ডিসেম্বর ২০২৪




(বাঁয়ে) গাইবান্ধার পলাশবাড়ী উপজেলা মহিলা দলের সভাপতি হন আরজিনা পারভীন চাদনী, যিনি দীর্ঘদিন আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালে দলটি থেকে সংরক্ষিত আসনের এমপি প্রার্থী হতে মনোনয়নও নিয়েছিলেন। ঢাকা মেইল, ১৩ জানুয়ারি ২০২৫। (ডানে) গা বাঁচাতে অনেকেই আওয়ামী লীগ থেকে বিএনপিতে যোগ দিয়েছেন উত্তরার আওয়ামী লীগ নেতা হাবিবুর রহমান। ঢাকা-১৮ আসনের সাবেক এমপি হাবিব হাসানের মামা তিনি। ইত্তেফাক, ১৯ নভেম্বর ২০২৪




(বাঁয়ে) কেন্দ্রীয় বিএনপির ধর্মবিষয়ক সম্পাদক ও ঝালকাঠি জেলা আহ্বায়ক কমিটির সদস্য রফিকুল ইসলাম জামালের ছত্রছায়ায় আওয়ামী লীগ নেতাকর্মীদের পুনর্বাসন হচ্ছে। ভোরের পাতা, ২৭ জানুয়ারি ২০২৫। (ডানে) জামালপুরের মেলান্দহে গোলাম মতিউর রহমান মুক্তা নামের এক আওয়ামী লীগ নেতা বিএনপির কমিটিতে ঠাঁই পেয়েছেন। দেশ রূপান্তর, ৮ ফেব্রুয়ারি ২০২৫





(বাঁয়ে) লক্ষ্মীপুরের রামগতি উপজেলা বিএনপির উঠান বৈঠকে ইউপির চেয়ারম্যান ও রামগতি উপজেলা আওয়ামী লীগের সদস্য শামীম আব্বাস উপস্থিত ছিলেন। প্রথম আলো, ৩১ জানুয়ারি ২০২৫। (ডানে) রংপুরের মিঠাপুকুর উপজেলার মির্জাপুর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী কমিটির বন ও পরিবেশবিষয়ক সম্পাদক শামীম মিয়াকে এখন বিএনপির ওয়ার্ড সভাপতি করা হয়েছে। সমকাল, ৯ ফেব্রুয়ারি ২০২৫। (ডানে) ওবায়দুল কাদেরের ছোট ভাই শাহাদাত মিয়ার সাথে মিছিল করছে আওয়ামী নেতা সাত্তার। তিনি এখন বিএনপিতে যোগ দিয়েছেন। দেশ রূপান্তর, ১৫ ফেব্রুয়ারি ২০২৫






(বাঁয়ে) বালুর ট্রাক কাণ্ডের শ্রমিক লীগ নেতা দেলোয়ার হোসেন এখন শ্রমিক দলে যোগ দিয়েছেন। জনকণ্ঠ, ২১ ফেব্রুয়ারি ২০২৫। (ডানে) এক র‍্যালিতে বিএনপি-আ.লীগ! ইউএনও সৈয়দ আমজাদ হোসেনের ডান পাশে রয়েছেন চর আবদুল্যাহ ইউপি চেয়ারম্যান ও ইউনিয়ন আ'লীগের সভাপতি কামাল উদ্দিন মঞ্জুর। এর পেছনেই চর রমিজ ইউনিয়নের চেয়ারম্যান ও উপজেলা আ'লীগের সিনিয়র সহসভাপতি মোজাহিদুল ইসলাম দিদার। দক্ষিণ পাশে চরপোড়াগাছা ইউপি চেয়ারম্যান উপজেলা আ'লীগের সদস্য নুরুল আমিন হাওলাদার। পেছনেউপজেলা আ'লীগের সহসভাপতি জাকির হোসেন লিটনকে। যুগান্তর, ১২ মার্চ ২০২৫






ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জ থানার তেঘরিয়া ইউনিয়নের বিএনপির কমিটিতে খোরশেদ আলম জমিদারকে আহ্বায়ক ও সামিউল্লাহকে সদস্যসচিব করা হয়েছে। সামিউল্লাহ আওয়ামী লীগের লোক ছিলেন। কালবেলা, ৪ এপ্রিল ২০২৫। (ডানে) শরীয়তপুরের নড়িয়ার নওপাড়া ইউনিয়ন আ'লীগের কার্যনির্বাহী সদস্য ফয়জুল হাসান বাদল মুন্সী, কৃষিবিষয়ক সম্পাদক মনি দেওয়ান, প্রচার সম্পাদক বোরহান তফাদার, যুগ্ম সাধারণ সম্পাদক তাপা তফাদার, সহসভাপতি মোস্তফা হাওলাদার, জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা কমিটির সদস্য আব্বাস হালদার ও নজু ছৈয়াল, ধর্মবিষয়ক সম্পাদক আবুল বাশার খালাসী এবং ছাত্রলীগের সাবেক সদস্য মিন্টু ছৈয়ালকে নিয়ে বিএনপির দলীয় কার্যালয় উদ্বোধন করা হয়েছে। তাদের পাশে বসা ছিলেন উপজেলা বিএনপির সভাপতি সামসুল আলম দাদন মুন্সীসহ দলীয় নেতাকর্মীরা। বাংলা ট্রিবিউন, ১০ মে ২০২৫






(বাঁয়ে) ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগ নেতা বকুল মোল্লাকে বিএনপিতে যোগদানের প্রতিবাদে বিক্ষোভ ও মানববন্ধন করেছে এলাকাবাসী। কালবেলা, ১২ মে ২০২৫। (ডানে) রংপুরের বদরগঞ্জ উপজেলার ১০ নম্বর মধুপুর ইউনিয়নের ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোকসেদুল হক মাস্টার এখন বিএনপির ইউনিয়ন সভাপতি পদে প্রার্থী হওয়ায় এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। বার্তা বাজার, ১৯ জুন ২০২৫





(বাঁয়ে) ফরিদপুর জেলার ভাঙ্গা পৌরসভার সাবেক কমিশনার জাহিদ হোসেনের নেতৃত্বে শতাধিক আওয়ামী লীগের নেতাকর্মী বিএনপির প্রার্থী শহিদুল ইসলাম বাবুল খানের হাতধরে বিএনপিতে যোগদান করেন। আমার দেশ, ২৭ নভেম্বর ২০২৫। (ডানে) চট্টগ্রাম-৪ আসনে বিএনপির সম্ভাব্য প্রার্থী কাজী সালাউদ্দিনের সঙ্গে আওয়ামী লীগ নেতা ও সাবেক চসিক মেয়র এম মনজুর আলমের ঘনিষ্ঠ আলাপচারিতার ছবি ও ভিডিও ভাইরাল হয়েছে। মনজুরশেখ মুজিবকে 'আল্লাহর ওলী' আখ্যা দিয়েছিলেন। আমার দেশ, ৬ ডিসেম্বর ২০২৫




দীর্ঘ পাঁচ বছর পর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শাখা বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের নতুন আংশিক কমিটিতে ছাত্রলীগের নেতাদের স্থান দেয়া হয়েছে। কমিটির সভাপতি ইয়ামিন, সহ সভাপতি তুহিন ও প্রচার সম্পাদক মাসুদ ছাত্রলীগের বিভিন্ন কর্মসূচিতে। ডেইলি ক্যাম্পাস, ২৮ নভেম্বর ২০২৫



শরীয়তপুর-৩ আসনের বিএনপি মনোনীত প্রার্থী মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপুর গণসংযোগ চলাকালে ডামুড্যা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক জানে আলম খোকন মাদবর অর্ধশতাধিক নেতাকর্মী নিয়ে বিএনপিতে যোগদান করেন। দেশ রূপান্তর, ৫ ডিসেম্বর ২০২৫।



জামালপুরের মাদারগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সহযোগী সংগঠন কৃষক লীগের দুই নেতার বিএনপিতে যোগদানকে কেন্দ্র করে স্থানীয় রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনা ও সমালোচনার সৃষ্টি হয়েছে। খোলা কাগজ, ১৮ ডিসেম্বর ২০২৫

## সপ্তম অধ্যায়

# শিক্ষাঙ্গনে ছাত্রদলের সন্ত্রাস

# শিক্ষাঙ্গনে ছাত্রদলের সন্ত্রাস

শিক্ষাঙ্গনে ছাত্রদলের নেতাকর্মীদের হাতে চাঁদাবাজির প্রতিবাদ করায় শিক্ষার্থীকে মারধর, সাংবাদিক ও সাধারণ শিক্ষার্থীর ওপর হামলা, ছাত্রী হয়রানি, হল দখল ও সিট বাণিজ্য, এমনকি গুলির ঘটনাও ঘটেছে। শিক্ষাঙ্গনের স্বাভাবিক শিক্ষাবান্ধব পরিবেশ ভেঙে দিয়ে এসব কর্মকাণ্ড শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে নিরাপত্তাহীনতা তৈরি করছে। ছাত্রদলের ছাত্ররাজনীতির নামে সন্ত্রাস ও দখলদারিত্ব শিক্ষাব্যবস্থার মৌলিক উদ্দেশ্যকে প্রশ্নবিদ্ধ করছে। অবিলম্বে এসব কর্মকাণ্ডের বিরুদ্ধে কার্যকর জবাবদিহি ও আইনগত পদক্ষেপের দাবি জোরালো হচ্ছে। শিক্ষাঙ্গনে ছাত্রদলের সন্ত্রাসী কর্মকাণ্ডের উল্লেখযোগ্য কিছু ঘটনা তুলে ধরা হলো;

## ■ শারীরিক নির্যাতন, হেনস্থা ও ভয়ভীতি

**১. চাঁদাবাজির প্রতিবাদে তা'মীরুল মিল্লাতের শিক্ষার্থীকে মারধর, বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে অভিযোগ**



ভোলার বোরহানউদ্দিন উপজেলার টবগী ইউনিয়নের নতুন হাকিমউদ্দিন বাজারে চাঁদাবাজি প্রতিরোধের চেষ্টা করায় এক মাদ্রাসা শিক্ষার্থী হামলার শিকার হয়েছেন। অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি, ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীরা পরিকল্পিতভাবে এ হামলা চালিয়েছেন। আহত শিক্ষার্থী মুজাহিদুল ইসলাম (২২) গাজীপুরের টঙ্গীর তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসার ফাজিল দ্বিতীয় বর্ষের ছাত্র। শনিবার (১৪ জুন) সন্ধ্যায় বাজারে চাঁদাবাজির বিরুদ্ধে অবস্থান নেন তিনি। ব্যবসায়ীদের চাঁদা দিতে নিষেধ করলে তার ওপর হামলার আশঙ্কা বুঝতে পেরে হামলাকারীদের ভিডিও ধারণ করতে গেলে তাকে মারাত্মকভাবে মারধর করা হয় ও মোবাইল ফোন ছিনিয়ে নেওয়া হয়। জানা যায়, বাজারটি সরকারিভাবে ইজারাভুক্ত না হলেও একটি চক্র দীর্ঘদিন ধরে খাজনার নামে চাঁদা আদায় করে আসছে। এই বিষয়ে চাঁদার বিরুদ্ধে রুখে দাঁড়াতে গেলে মুজাহিদকে প্রথমে ছাত্রদল নেতা তুহিনের নেতৃত্বে শতাধিক কর্মী হামলা চালায়। ডেইলি ক্যাম্পাস, ১৪ জুন ২০২৫

**২. বাঙলা কলেজ সাংবাদিক সমিতির সভাপতির ওপর ছাত্রদলের হামলা**



সরকারি বাঙলা কলেজে সংবাদ সংগ্রহ করতে গিয়ে ছাত্রদলের হামলার শিকার হয়েছেন বাঙলা কলেজ সাংবাদিক সমিতির (বাকসাস) সভাপতি ও দৈনিক কালবেলার বাঙলা কলেজ প্রতিনিধি সাইফুল ইসলাম সাব্বির। বুধবার (২২ অক্টোবর) দুপুরে কলেজ ক্যাম্পাসে ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্র সংসদের মধ্যে সংঘর্ষ চলাকালে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, সংঘর্ষের সময় সাংবাদিক সাব্বির ঘটনাস্থলের ভিডিও ধারণ করছিলেন। এসময় বিষয়টি কলেজ শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক রাজু মিয়ার দৃষ্টিগোচর হলে, তিনি তার কয়েকজন অনুসারীদের নিয়ে সাব্বিরের ওপর হামলা চালান। এতে সাংবাদিক সাব্বির রক্তাক্তভাবে আহত হন। বিডি টুডে, ২২ অক্টোবর ২০২৫

**৩. বিদ্যালয়ে পাঠদান বন্ধ রেখে বিএনপি মনোনয়নপ্রত্যাশীর রাজনৈতিক প্রচারণা**
ঝালকাঠির কাঠালিয়ায় একটি বিদ্যালয়ে পাঠদান বন্ধ রেখে শিক্ষার্থীদের মধ্যে লিফলেট বিতরণ ও রাজনৈতিক প্রচারণা চালিয়েছেন বিএনপির মনোনয়নপ্রত্যাশী গোলাম আজম সৈকত। শনিবার (২ নভেম্বর) উপজেলার শৌলজালিয়া ইউনিয়নের বলতলা মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।জানা গেছে, গোলাম আজম সৈকত বিএনপির ছাত্র সংগঠন ছাত্রদলের সাবেক কেন্দ্রীয় সহসাংগঠনিক সম্পাদক। তিনি ঝালকাঠি-১ (রাজাপুর-কাঠালিয়া) আসনে আগামী জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনয়নপ্রত্যাশী। এ ঘটনার পর শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে তীব্র সমালোচনার সৃষ্টি হয়েছে। ডেইলি ক্যাম্পাস, ২ নভেম্বর ২০২৫

**৪. ছাত্রীর ফোন কেড়ে নিয়ে দুই ঘণ্টা আটকে হয়রানির অভিযোগ ছাত্রদলকর্মীর বিরুদ্ধে**
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) লোকপ্রশাসন বিভাগের শিক্ষার্থী ও ছাত্রদলকর্মী সানজিদ সরকারের (স্মরণ) বিরুদ্ধে একই বিভাগের নবীন নারী শিক্ষার্থীকে ক্লাসের কথা বলে ডেকে এনে র‍্যাগিং ও মানসিক হয়রানির অভিযোগ উঠেছে। অভিযোগকারী ওই শিক্ষার্থী জানান, তাকে বিশ্ববিদ্যালয় মাঠে দুই ঘণ্টা আটকে রেখে ফোন কেড়ে নেওয়া হয় এবং মানসিক হয়রানি করা হয়। ডেইলি ক্যাম্পাস, ১৬ নভেম্বর ২০২৫

**৫. চবি শিক্ষার্থীকে বেধড়ক পেটাল ছাত্রদল, ইট দিয়ে মাথা থেতলে দেয়ার চেষ্টা!**
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) চারুকলা ইনস্টিটিউটের এক শিক্ষার্থীকে বেধড়ক

মারধরের অভিযোগ উঠেছে শাখা ছাত্রদলের নেতাকর্মীদের বিরুদ্ধে। এসময় ইট দিয়ে মাথা থেতলে দেওয়ার চেষ্টা করা হয়েছে বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী শিক্ষার্থী। বুধবার (১৯ নভেম্বর) মধ্যরাতে বিশ্ববিদ্যালয়ের ২ নম্বর গেইট একালায় রাহমানিয়া হোটেলের সামনে এই ঘটনা ঘটে।ভুক্তভোগী শিক্ষার্থী চারুকলা ইনস্টিটিউটের ২০২০-২১ শিক্ষাবর্ষের মোহাম্মদ আলমাস মাহমুদ রাফিদ। এ ঘটনায় অভিযুক্তরা হলেন শাখা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক জামাদিউল আউয়াল সুজাত, তিনি সম্প্রতি অনুষ্ঠিত চাকসু নির্বাচনে সোহরাওয়ার্দী হল সংসদের ভিপি পদপ্রার্থী ছিলেন। এছাড়া শাখা ছাত্রদল নেতা মোহাম্মদ ফাহিম, তিনি চারুকলা ইন্সটিটিউটের ২০১৭-১৮ সেশনের শিক্ষার্থী। হামলায় আরও জড়িত ছিলেন যুগ্ম সাধারণ সম্পাদক সাইদ মো: রিদওয়ান ও ছাত্রদল নেতা আরিফসহ আরও কয়েকজন। ডেইলি ক্যাম্পাস, ২০ নভেম্বর ২০২৫

### ৬. ছাত্রাবাসে শিক্ষার্থীকে মারধরের অভিযোগ ছাত্রদল নেতাদের বিরুদ্ধে

নারাছুগঞ্জ সরকারি তোলারাম কলেজের ছাত্রাবাসে টেলিভিশন দেখাকে কেন্দ্র করে এক সাধারণ শিক্ষার্থীকে মারধরের অভিযোগ উঠেছে কলেজ শাখা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদকের বিরুদ্ধে। মারধরের শিকার ওই শিক্ষার্থীর নাম ওয়ায়েজ করনী। সে ইংরেজি বিভাগের শিক্ষার্থী। আর অভিযুক্ত ছাত্রদল নেতা কলেজ শাখা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক তোফায়েল আহম্মেদ অপু। মঙ্গলবার রাত ৯টার দিকে পৌর ওসমানী স্টেডিয়াম এলাকায় অবস্থিত ছাত্রাবাসে এ ঘটনা ঘটে। এ ঘটনার একটি ভিডিও ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। যা দেখে ক্ষোভ প্রকাশ করেছেন সাধারণ শিক্ষার্থীরা। আমার দেশ, ২৬ নভেম্বর ২০২৫

### ৭. ছাত্রীদের গালাগাল ও হুমকির অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ফিন্যান্স ফেস্ট-২০২৫ অনুষ্ঠানে অনিয়মের অভিযোগ তুলে প্রতিবাদ করায় দুই ছাত্রীসহ কয়েকজন শিক্ষার্থীকে গালাগাল ও হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের এক নেতার বিরুদ্ধে। ১৩ ডিসেম্বর শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চের পেছনে এ ঘটনা ঘটে। এ ঘটনায় রোববার ভোরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এ কে এম রাশিদুল আলমের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগীরা। অভিযুক্ত ইমাম হোসেন (সজন) বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের ৫০তম ব্যাচের শিক্ষার্থী এবং ব্যবসায় শিক্ষা অনুষদ শাখা ছাত্রদলের সভাপতি। প্রথম আলো, ১৪ ডিসেম্বর ২০২৫

**৮. ববি ছাত্রদলের বিরুদ্ধে বৈছাআ সমন্বয়কসহ দুই শিক্ষার্থীকে নির্যাতন ও হত্যার হুমকি**



বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শেরেবাংলা হলে গভীর রাতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন (বৈছাআ) সমন্বয়কসহ দুই আবাসিক শিক্ষার্থীকে হলরুম থেকে জোরপূর্বক ধরে নিয়ে শারীরিক হেনস্তা, মানসিক নির্যাতন এবং এমনকি হত্যার হুমকি দেওয়ার গুরুতর অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের একাধিক নেতাকর্মীর বিরুদ্ধে। ভুক্তভোগী দুই শিক্ষার্থী সোমবার (১৫ নভেম্বর) পৃথকভাবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রক্টর এবং হল প্রভোস্ট বরাবর তিনটি আলাদা লিখিত অভিযোগ দায়ের করেছেন। লিখিত অভিযোগ পত্রে বলা হয়েছে, গত ১২ ডিসেম্বর দিবাগত রাত আনুমানিক ১টা থেকে ১টা ৩০ মিনিটের মধ্যে শেরেবাংলা হলের আবাসিক শিক্ষার্থী ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আইন বিভাগের এস. এম. ওয়াহিদুর রহমান এবং উদ্ভিদ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ফয়সাল বাদশাকে ছাত্রদলের নেতাকর্মীরা হল থেকে ডেকে ও জোরপূর্বক ধরে নিচে নিয়ে শারীরিক হেনস্তা, মানসিক নির্যাতনসহ হত্যার হুমকি দেয়।
আমার দেশ, ১৫ ডিসেম্বর ২০২৫

## ■ টেন্ডারবাজি, চাঁদাবাজি, অস্ত্রবাজি

**১. চট্টগ্রামে এমইএস কলেজে বিএনপির সংঘর্ষ, গুলিবিদ্ধ ১**

চট্টগ্রাম নগরের ওমরগণি এমইএস কলেজে সংঘর্ষ ঘটনায় এক শিক্ষার্থী গুলিবিদ্ধ হয়েছেন। আহত হয়েছেন ৮ থেকে ১০ জন।সোমবার (১৮ নভেম্বর) দুপুরে ক্যাম্পাসে ছাত্রদলের ব্যানার টানিয়ে অনুষ্ঠান করতে গেলে এ ঘটনা ঘটে। আহত ওই শিক্ষার্থীর নাম মামুন। তিনি কলেজের এইচএসসি ২য় বর্ষের শিক্ষার্থী। বর্তমানে তিনি চট্টগ্রাম মেডিকেলে চিকিৎসাধীন অবস্থায় আছেন। আহত ওই শিক্ষার্থীর এক সহপাঠী নাম প্রকাশ না করার শর্তে বলেন, 'কলেজের ছাত্ররাজনীতি নিষিদ্ধ। তবুও ছাত্রদল জোর করে রাজনৈতিক কর্মসূচি করে যাচ্ছে। সাধারণ শিক্ষার্থীরা এতে বাধা দিলে তারা গুলি করে।' ঢাকা পোস্ট, ১৮ নভেম্বর ২০২৪

**২. শিক্ষার্থীদের গুলি করেছিল বহিরাগত ছাত্রদল-যুবদলের সদস্যরা**
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ছাত্র রাজনীতি বন্ধের দাবিকে কেন্দ্র করে ছাত্রদল ও সাধারণ শিক্ষার্থীদের মধ্যকার সংঘর্ষের ঘটনায় জড়িতদের শনাক্ত করা গেছে। ১৮ ফেব্রুয়ারির এই সংঘর্ষের সময় সাধারণ শিক্ষার্থীদের ওপর বহিরাগত সন্ত্রাসীরা গুলি চালিয়েছিল। খানজাহান আলী হলের বিপরীত পাশের একটি গলির ভেতর থেকে কালো হেলমেট ও কালো প্যান্ট পরা এক যুবককে অস্ত্র দিয়ে কুয়েটের দিকে গুলি করতে দেখা গেছে। এছাড়া হামলায় জড়িত ছিল বলে কুয়েটের আশপাশের এলাকার একাধিক যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীকে চিহ্নিত করা গেছে। যুগান্তর, ২৩ ফেব্রুয়ারি ২০২৫

## ■ শিক্ষক ও কর্মকর্তা লাঞ্ছনা

**১. কলেজ অধ্যক্ষকে লাঞ্ছিতের অভিযোগ বিএনপি নেতা-কর্মীদের বিরুদ্ধে**
পাবনার সুজানগরে নিজাম উদ্দিন আজগর আলী ডিগ্রি কলেজের অধ্যক্ষ আলমগীর হোসেনকে শারীরিকভাবে লাঞ্ছিত করার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে। আজ রোববার (৮ ডিসেম্বর) দুপুরে একদল নেতা-কর্মী অধ্যক্ষের কক্ষে ঢুকে তাঁকে লাঞ্ছিত করেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে অধ্যক্ষকে উদ্ধার করে। কলেজের পরিচালনা পরিষদের সভাপতির নাম মনোনীত করার বিষয় নিয়ে বিএনপির স্থানীয় তিনটি গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। সাবেক সংসদ সদস্য এবং বিএনপির নির্বাহী কমিটির সদস্য এ কে এম সেলিম রেজা হাবিব, কৃষক দলের কেন্দ্রীয় সভাপতি কৃষিবিদ হাসান জাফির তুহিন এবং সুজানগর উপজেলা বিএনপির সাবেক সহসভাপতি আব্দুল হালিম সাজ্জাদ প্রত্যেকেই তাঁদের নিজ নিজ পছন্দের প্রার্থীকে সভাপতি হিসেবে দেখতে চেয়েছিলেন। আজকের পত্রিকা, ৮ ডিসেম্বর ২০২৪

**২. বিশ্ববিদ্যালয়ের ব্যানারে ফুল দিতে গিয়ে শ্রমিক দলের হামলায় প্রক্টরসহ আহত ৫**
বিশ্ববিদ্যালয়ের ব্যানারে শহিদ বেদিতে ফুল দিতে গিয়ে শ্রমিক দলের হামলার শিকার হয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোঃ মুসা খান সহ কয়েকজন শিক্ষার্থী। এ ঘটনায় শ্রমিক দলের ৪ নেতাকে বহিষ্কার করেছে জেলা কমিটি। সোমবার (১৬ ডিসেম্বর) সকালে পিরোজপুর শহরের নিরব হোটেলে এ হামলার ঘটনা ঘটে। বিশ্ববিদ্যালয় ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সোমবার সকালে পিরোজপুর শহরের বলেশ্বর নদীর পাড়ে শহিদে বেদীতে ব্যানার সহকারে ফুল

দিতে যান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা। এ সময় তাদেরকে বিশ্ববিদ্যালয়ের নামের ব্যানারটি সরিয়ে ফেলতে বলে বিএনপি'র অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা। এ নিয়ে তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। পরবর্তীতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যানারটি সরিয়ে ফেলে। এরপর ফুল দেয়া শেষে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মুসা খানসহ শিক্ষার্থীরা শহরের নিরব হোটেলে নাস্তা করার সময় শ্রমিক দলের ১৫-২০ জন তাদের উপর হামলা করে। চ্যানেল ২৪, ১৬ ডিসেম্বর ২০২৪

**৩. প্রধান শিক্ষককে পেটালেন বিএনপি নেতা**

বিদ্যালয়ের অ্যাডহক কমিটিতে ছেলের নামে প্রস্তাব না পাঠানোয় নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলায় একটি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে প্রকাশ্যে মারধর করেছেন এক বিএনপি নেতা। আজ রোববার বেলা ১১টার দিকে উপজেলার চরকাঁকড়া ইউনিয়নের পণ্ডিতের হাটে এ ঘটনা ঘটে। মারধরের শিকার ওই প্রধান শিক্ষকের নাম এ এন এন ইয়াছিন। তিনি পশ্চিম চরকাঁকড়া পণ্ডিতের হাট উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক। ঘটনার পর খবর পেয়ে বিদ্যালয়ের ক্ষুব্ধ ছাত্রছাত্রীরা পণ্ডিতের হাটে সড়ক অবরোধ করে। পরে অভিযুক্ত বিএনপি নেতা থানা-পুলিশের উপস্থিতিতে প্রকাশ্যে ক্ষমা চাওয়ার পর শিক্ষার্থীরা শান্ত হয় এবং তারা বিদ্যালয়ে ফিরে যায়। অভিযুক্ত বিএনপি নেতার নাম মো: রেজাউল হক। তিনি চরকাঁকড়া ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি। প্রথম আলো, ২ ফেব্রুয়ারি ২০২৫

**৪. টেবিল চাপড়ে উপাচার্যকে ধমকালেন ঢাবি ছাত্রদল সভাপতি**



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে দিনভর ভোটগ্রহণ শেষে বিভিন্ন অভিযোগ তুলে ধরতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খানের সঙ্গে সাক্ষাৎ করেছেন কেন্দ্রীয় ছাত্রদলের নেতাকর্মীরা। এ সময় ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি গণেশ চন্দ্র সাহা সাহসকে টেবিলে চাপড় দিয়ে উপাচার্যকে ধমকাতে দেখা গেছে। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সিনেট ভবনে ছাত্রদলের কেন্দ্রীয় নেতারা তাদের অভিযোগ ভিসির কাছে তুলে ধরেন। এ সময় ছাত্রদল নেতাকর্মীদের ভিসির সঙ্গে উচ্চবাক্য ও টেবিল চাপড়ে কথা বলতে দেখা যায়। ভিসির কাছে ছাত্রদল নির্বাচনে কারচুপি, প্রশাসন জামায়াত-শিবিরের পক্ষে কাজ করছে-সহ নির্বাচন কেন্দ্রিক বিভিন্ন অভিযোগ তুলে ধরেন। এ সময়

উপস্থিত ছিলেন ছাত্রদল সভাপতি রাকিবুল ইসলাম রাকিব, সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির, ঢাবি শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অসংখ্য নেতাকর্মী। বাংলা ট্রিবিউন, ০৯ সেপ্টেম্বর ২০২৫

**৫. কর্মচারীকে মারধর, অভিযুক্ত ছাত্রদল নেতাকর্মীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের মামলা**



রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) চার কর্মচারীকে লাঞ্ছনা ও মারধরের ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মামলা করেছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. আরফান আলী বাদী হয়ে হত্যার উদ্দেশ্যে মারধর, গুরুতর জখম ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগে অভিযুক্তদের বিরুদ্ধে গত ৬ নভেম্বর শেরেবাংলা থানায় মামলা দায়ের করেন। মামলায় শেকৃবি শাখা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ফরহাদকে ১ নম্বর আসামি করা হয়েছে। এছাড়া আসামির তালিকায় রয়েছেন ছাত্রদলের কর্মী মেজবাউল আলম, আব্দুল্লাহ আল মারুফ, এলাহী দানিয়েল, ফুয়াদ হাসান এবং ইয়াসিন আরাফাত মিরাজ। চ্যানেল ২৪, ১০ নভেম্বর ২০২৫

**৬. শাবি উপাচার্যকে হুমকির অভিযোগ ছাত্রদলের বিরুদ্ধে**

আগামী ২৮ ডিসেম্বরের আগে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (শাকসু) নির্বাচনের তারিখ ঘোষণা না করতে উপাচার্য এ এম সরওয়ারদ্দিন চৌধুরীকে হুমকির অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের বিরুদ্ধে। গতকাল শুক্রবার (১৪ নভেম্বর) রাতে শাকসু নিবার্চন তারিখ ঘোষণার পর আন্দোলনকারী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য দেওয়ার সময় ছাত্রদলের হুমকির কথা উল্লেখ করেন তিনি। সিলেট ভয়েস, ১৫ নভেম্বর ২০২৫

## ■ হল দখল ও সিট বাণিজ্য

**১. সিট নিয়ে ছাত্রদল ও বৈষম্যবিরোধীদের সঙ্গে শিক্ষার্থীদের পাল্টাপাল্টি ধাওয়া, ছাত্রাবাস বন্ধ ঘোষণা**

ময়মনসিংহ নগরের ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ আনন্দ মোহন কলেজে ছাত্রাবাসের সিট বরাদ্দ নিয়ে ছাত্রদল ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের সঙ্গে বিরোধ দেখা দিয়েছে হলে থাকা সাধারণ শিক্ষার্থীদের। এ ঘটনাকে কেন্দ্র করে আজ রোববার বিকেলে ও সন্ধ্যায় হলে অবস্থান করা শিক্ষার্থীদের সঙ্গে কয়েক দফায় পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটেছে। এতে দুই পক্ষের অন্তত পাঁচজন আহত হয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ও সেনাবাহিনী মোতায়েন করা হয় কলেজ এলাকায়। প্রথম আলো, ১২ জানুয়ারি ২০২৫

**২. মাদ্রাসার ছাত্রাবাস খালি করতে বিএনপি নেতার হুমকি, শিক্ষার্থীদের প্রতিবাদ**

মাদ্রাসার ছাত্রাবাস খালি করতে বিএনপি নেতার হুমকির প্রতিবাদে শিক্ষার্থীদের মানববন্ধন। কাজীপাড়া ছিদ্দিকিয়া ফাজিল মাদ্রাসার আবাসিক শিক্ষার্থীদের ছাত্রাবাস ছাড়তে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে ৪ নং ওয়ার্ড বিএনপির সভাপতি কবির হোসেন মিল্টন ও বহিরাগতদের বিরুদ্ধে। বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) বেলা ১১টার দিকে কাজীপাড়া সড়কে মানববন্ধন করে নিরাপদ ছাত্রাবাসের দাবি জানায় প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা। কালবেলা, ২৭ ফেব্রুয়ারি ২০২৫

**৩. হলের সিট দখলকে কেন্দ্র করে ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষ, আটক ৩**



সরকারি তিতুমীর কলেজে হলের সিট দখলকে কেন্দ্র করে শাখা ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এই ঘটনায় তিতুমীর কলেজ ছাত্রদলের আহ্বায়ক ইমাম হোসাইন ও সদস্যসচিব সেলিম রেজার নেতৃত্বাধীন উভয় পক্ষের দুইজন আহত হয়েছেন। বৃহস্পতিবার (২৮ আগস্ট) সন্ধ্যা থেকে মধ্যরাত পর্যন্ত এই ঘটনাকে কেন্দ্র করে কলেজের হল গেট ও আশপাশের এলাকায় দুই গ্রুপের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করে। পরে যৌথবাহিনী ৩ জনকে আটক করে বনানী থানায় সোপর্দ করে। ডেইলি ক্যাম্পাস, ২৯ আগস্ট ২০২৫

**৪. আবাসিক হলের সিট দখল নিয়ে ছাত্রদলের সংঘর্ষ,হত্যাচেষ্টার অভিযোগ**

জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (জাবিপ্রবি) আবাসিক হলে সিট দখলকে কেন্দ্র করে শাখা ছাত্রদলের দুই পক্ষের মধ্যে তীব্র বিরোধ দেখা দিয়েছে।

এ ঘটনায় ছাত্রদলের এক নেতার বিরুদ্ধে অন্য নেতাকে ছুরিকাঘাতে হত্যাচেষ্টার অভিযোগ উঠেছে। ভুক্তভোগী নেতার লিখিত অভিযোগের ভিত্তিতে জানা যায়, গত ১৩ সেপ্টেম্বর রাত সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রথম ব্যাচের শিক্ষার্থী ও ছাত্রদল শাখার সিনিয়র যুগ্ম আহ্বায়ক এ কে এম আবদুল্লাহ আল মাসুদ এবং তৃতীয় ব্যাচের শিক্ষার্থী ও যুগ্ম আহ্বায়ক ফয়সাল আহমেদ দুজন মিলে সমাজকর্ম বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী ও ছাত্রদলের আরেক যুগ্ম আহ্বায়ক ইকরাম হোসেনের রুম (হল-২০৩ নম্বর) এ প্রবেশ করেন। সেখানে একটি সিট দখলকে কেন্দ্র করে বিরোধে জড়িয়ে পড়েন তারা। দেশ রূপান্তর, ১৬ সেপ্টেম্বর ২০২৫

**৫. প্রোগ্রামে না যাওয়ায় শিক্ষার্থীকে হলছাড়া করার অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে**

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) নবাব সিরাজউদ্দৌলা হলের এক আবাসিক শিক্ষার্থীকে ছাত্রদলের কর্মসূচিতে অংশ না নেওয়ায় হল থেকে বের করে দেওয়ার অভিযোগ উঠেছে। ভুক্তভোগী সাদমান সাকিব কৃষি অনুষদের ৮৪তম ব্যাচের শিক্ষার্থী। তিনি জানান, জুনিয়র অবস্থায় তিনি ছাত্রদলের বিভিন্ন গ্রুপের সঙ্গে বিভিন্ন অনুষ্ঠানে যেতেন। তবে পড়াশোনায় মনোযোগ দিতে গিয়ে ও রেজাল্ট খারাপ হওয়ায় তিনি প্রোগ্রামে যাওয়া বন্ধ করেন। তিনি বলেন, আমি ৭৮তম ব্যাচের মারুফ ভাইয়ের সঙ্গে প্রোগ্রামে যাওয়া বন্ধ করি। এরপর প্রোগ্রামে না যাওয়ার আক্রোশে ১২ অক্টোবর আমাকে হলে প্রবেশে বাধা দেওয়া হয় এবং রুম থেকে বের করে দেওয়া হয়। যুগান্তর, ১৬ অক্টোবর ২০২৫

**৬. তিতুমীর কলেজ ছাত্রদল নেতার বিরুদ্ধে হলে সিট দখল করে অবস্থানের অভিযোগ**



সরকারি তিতুমীর কলেজের শহীদ মামুন হলে অবৈধভাবে সিট দখল করে অবস্থান করার অভিযোগ উঠেছে কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক জলিল আদিকের বিরুদ্ধে। তিনি কলেজের অর্থনীতি বিভাগের (২০১৬-১৭) শিক্ষাবর্ষের শিক্ষার্থী। অভিযোগ রয়েছে, তিনি দীর্ঘদিন ধরে রাজনৈতিক প্রভাব খাটিয়ে শহীদ মামুন ছাত্রাবাসের ৭০৩ নম্বর কক্ষে অবৈধভাবে সিট দখল করে অবস্থান করে আসছেন। হলে অবস্থান করা একাধিক শিক্ষার্থী জলিল আদিকের হলে থাকার বিষয়টি নিশ্চিত করেছে। অভিযোগের সত্যতা যাচাইয়ে সরেজমিনে ছাত্রাবাসের ৭০৩ নাম্বার কক্ষে গেলে, জলিল আদিককে কক্ষে পাওয়া যায়নি। তবে সেখানে তার ব্যবহৃত কাপড় ও ব্যক্তিগত সামগ্রী দেখা গেছে। জনকণ্ঠ, ২৮ নভেম্বর ২০২৫

**৭. অবৈধভাবে হলের সিট দখলের অভিযোগ রাবি ছাত্রদল নেতার বিরুদ্ধে**



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ জিয়াউর রহমান হলে অবৈধভাবে সিট দখলের অভিযোগ উঠেছে হল শাখা ছাত্রদলের সহসভাপতি মাহবুব রহমানের বিরুদ্ধে। হল প্রশাসনের অনুমতি ছাড়াই হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগের ২০২২-২৩ সেশনের শিক্ষার্থী মনিরুলকে নিজের রুমের ফাঁকা সিটে তোলার অভিযোগ তার বিরুদ্ধে। খোঁজ নিয়ে জানা গেছে, গত ২৩ নভেম্বর এক অনাবাসিক শিক্ষার্থীকে অবৈধভাবে হলে তোলে অভিযুক্ত ছাত্রনেতা। বিষয়টি হল কর্তৃপক্ষের নজরে এলে ওই হলের প্রভোস্ট মনিরুলকে অফিসে ডেকে পাঠান। এসময় উপস্থিত ছিলেন ওই হলের হাউজ টিউটর অধ্যাপক ড. মো: মতিউর রহমান, হল ছাত্রসংসদের ভিপি মোজাম্মেল, জিএস আরিফুল এবং ছাত্রদলের সহসভাপতি মাহাবুব। ডেইলি ক্যাম্পাস, ২৬ নভেম্বর ২০২৫

## ■ দলীয় অন্তর্কোন্দল

**১. সাতকানিয়ায় ছাত্রদলের দুই পক্ষের সংঘর্ষে আহত ৩**

চট্টগ্রামের সাতকানিয়ায় কর্ণেল (অব.) অলি আহমদ বীর বিক্রম কলেজে অধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষে ৩ জন আহত হয়েছে। সোমবার (৭ অক্টোবর) দুপুর সাড়ে ১২ টায় কলেজ ক্যাম্পাসে এ সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে আহতরা হলেন- ছাত্রদল কর্মী জামশেদ আলম (২৭), মো: সালমান (২১) ও মোমিন (২১)। তারা উভয়ই ছাত্রদল নেতা আশিকুর রহমানের অনুসারী বলে জানা গেছে। যায়যায়দিন, ৮ অক্টোবর ২০২৪

**২. সংঘর্ষের জেরে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের কমিটি বিলুপ্ত, একজন বহিষ্কার**

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষের ঘটনার পর ছাত্রদলের কমিটি বিলুপ্ত করা হয়েছে। আজ শুক্রবার কেন্দ্রীয় ছাত্রদলের দপ্তর সম্পাদক মো: জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের এক নেতাকে সংগঠনের প্রাথমিক সদস্যপদ থেকে বহিষ্কার করা হয়েছে। পাশাপাশি এই সংঘর্ষের প্রকৃত কারণ উদ্ঘাটনে দুই সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছে কেন্দ্রীয় ছাত্রদল।এর আগে গতকাল বৃহস্পতিবার রাত পৌনে ১২টা থেকে দেড়টা পর্যন্ত সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল

ও এলাকাবাসীর সঙ্গে ছাত্রলীগের সমর্থক শিক্ষার্থীদের সংঘর্ষ ও পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটে। বিশ্ববিদ্যালয় ফটকের সামনে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে ছাত্রদলের সাঁটানো ব্যানার ছিঁড়ে ফেলার ঘটনার জের ধরে এ সংঘর্ষের সূত্রপাত হয়। প্রথম আলো, ২৫ অক্টোবর ২০২৪

**৩. জবি ছাত্রদলের দু'গ্রুপের দফায় দফায় সংঘর্ষে আহত ১২**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) শাখা ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে দফায় দফায় সংঘর্ষে অন্তত ১২ জন শিক্ষক-শিক্ষার্থী আহত হয়েছেন। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় গেট, কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ ও ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যানের কক্ষের সামনে সংঘর্ষের এসব ঘটনা ঘটে। সংঘর্ষে জড়িত ছিলেন ছাত্রদলের আহ্বায়ক সদস্য কাজী জিয়া উদ্দিন বাসেতের অনুসারী গ্রুপ এবং সুমন সরদার গ্রুপের নেতাকর্মীরা। আহতদের মধ্যে রয়েছেন মার্কেটিং বিভাগের সামিউদ্দিন সাজিদ, আল-আমিন, প্রত্যয়, ইব্রাহিম, জনি, জাহিদ, আশরাফুল; রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সাদী ও বাংলা বিভাগের ছাব্বীরসহ অনেকে। আমার দেশ, ১১ নভেম্বর ২০২৫

**৪. চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে দুই পক্ষের সংঘর্ষ, আহত ৪**

ছাত্রাবাসের আসন বরাদ্দের জেরে চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে শিক্ষার্থীদের একটি পক্ষের সঙ্গে ছাত্রদলের নেতা-কর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটেছে। আজ বৃহস্পতিবার বিকেলে প্রতিষ্ঠানের ভেতরে এ ঘটনা ঘটে। এ সময় ভাঙচুর চালানো হয়। এ ঘটনায় চারজন আহতের খবর পাওয়া গেছে। ঘটনার পর আশপাশে পুলিশের সতর্ক অবস্থান ছিল। প্রথম আলো, ২১ নভেম্বর ২০২৪

**৫. ঢাবি ছাত্রদল কমিটি বিতর্কে নেপথ্যে 'গ্রুপিং রাজনীতি'**

গত ১৪ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের ২৪২ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়। কমিটি ঘোষণার পর পদ পাওয়া অন্তত ৩০ নেতার বিরুদ্ধে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগ ওঠে। এছাড়াও একজনের বিরুদ্ধে ফেসবুকে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে নিয়ে 'কটূক্তি' করার অভিযোগ সামনে আসে। এরই মধ্যে অভিযুক্তদের মধ্য থেকে ছয়জনকে অব্যহতিও দিয়েছে সংগঠনটি। তবে ঢালাওভাবে ছাত্রলীগের সঙ্গে সংশ্লিষ্টতা থাকার যে অভিযোগ উঠেছে, তা অনেকাংশে ভিত্তিহীন বলে জানা গেছে।জানা যায়, নবগঠিত কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক বজলুর রহমান বিজয়, ক্রীড়া সম্পাদক মোহাম্মদ সাইফ উল্লাহ সাইফ, বিতর্ক সম্পাদক আব্দুল্লাহ আল কাফি, ধর্ম বিষয়ক সম্পাদক শরীফ উদ্দীন, মানসিক স্বাস্থ্য বিষয়ক সম্পাদক রাকিবুল হাসান, ছাত্রী বিষয়ক সম্পাদক চেমন ফারিয়া ইসলাম মেঘলাসহ অন্তত ত্রিশ

জনের নামে ছাত্রলীগ সংশ্লিষ্টতার অভিযোগ করা হয়েছে। ইত্তেফাক, ২৩ নভেম্বর ২০২৪

**৬. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দুই গ্রুপের মারামারি, আহত ৪**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীদের দুই গ্রুপের মধ্যে দফায় দফায় মারামারির ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১৫ এপ্রিল) দুপুর পৌনে ১টায় বিশ্ববিদ্যালয়ের টুকিটাকি চত্বরে মারামারির সূত্রপাত হয়। এ ঘটনায় উভয় পক্ষের কমপক্ষে চার জন গুরুতর আহত হয়েছেন। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, দুপুর পৌনে ১টায় বিশ্ববিদ্যালয়ের টুকিটাকি চত্বরে ফাইন্যান্স বিভাগের আসিফ, শাহাদাতসহ কিছু শিক্ষার্থী খাওয়া দাওয়া করছিল। এ সময় ছাত্রদল কর্মী শাহরুখ মাহমুদ, মোহাম্মদ আমীর, রফিকুল ইসলামসহ আইন, আইন ও ভূমি প্রশাসন এবং লোক প্রশাসন বিভাগের কিছু শিক্ষার্থী তাদের ওপর হামলা করে। এ সময় দুই পক্ষের সংঘর্ষে আইন বিভাগের একজন এবং ফাইন্যান্স বিভাগের দুই শিক্ষার্থী আহত হন। বাংলা ট্রিবিউন, ১৬ এপ্রিল ২০২৫

**৭. চাঁদা দাবিকে কেন্দ্র করে ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষ, আহত ৫**

নাটোরের বড়াইগ্রামে মাদরাসা সুপারের কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি ও অভিভাবক সমাবেশে দাওয়াত না দেয়াকে কেন্দ্র করে ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষে পাঁচজন আহত হয়েছে। বৃহস্পতিবার (২২ মে) দুপুরে উপজেলার তিরাইল ইসলামিয়া দাখিল মাদরাসা মাঠে এ সংঘর্ষের ঘটনা ঘটে।আহত ছাত্রদল কর্মীরা হলেন- তিরাইল গ্রামের শাকিল হোসেন (২৩), হৃদয় হোসেন (২৮), ইয়ামিন হোসেন (২৩), রিয়াদ হোসেন (২২) ও ইয়াছিন আরাফাত আকিব (২৩)। তাদেরকে বিভিন্ন ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। দেশ রূপান্তর, ২২ মে ২০২৫

**৮. মিরসরাইয়ে ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষ, আহত ৫**

চট্টগ্রামের মিরসরাইয়ের নিজামপুর সরকারি কলেজ এলাকায় ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষে পাঁচজন আহত হয়েছে। রোববার (২১ সেপ্টেম্বর) সন্ধ্যায় কলেজ গেটে এ ঘটনা ঘটে।আহতরা হলেন, মোহাম্মদ রাশেদ, আরিফুল ইসলাম, মনির হোসেন, রুমেল। আহতদের মধ্যে ওয়াহেদপুর ইউনিয়ন যুবদলের যুগ্ম-আহ্বায়ক মো: আরিফ হোসেনের অবস্থা আশঙ্কাজনক। উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক সালাউদ্দিন সেলিম অনুসারী নিজামপুর কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি ফয়সাল চৌধুরী ও সাবেক উপজেলা চেয়ারম্যান নুরুল আমিন চেয়ারম্যান অনুসারী ছাত্রদল নেতা নাঈম সরকারের গ্রুপের মধ্যে সংঘর্ষের এ ঘটনা ঘটেছে। জাগো নিউজ, ২১ সেপ্টেম্বর ২০২৫

**৯. ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষে কলেজ সভাপতিসহ আহত ৩**
বাগেরহাট সরকারি পিসি কলেজে নবগঠিত ছাত্রদল কমিটি নিয়ে বিরোধের জেরে দুই গ্রুপের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে কলেজ ছাত্রদল কমিটির নবনির্বাচিত সভাপতি বেল্লাল শেখসহ অন্তত তিনজন আহত হয়েছেন। রবিবার (১৯ অক্টোবর) বেলা সাড়ে ১২টার দিকে কলেজ ক্যাম্পাসের পালকিঘর এলাকায় এই সংঘর্ষের ঘটনা ঘটে।বেল্লাল শেখ সরকারি পিসি কলেজের ডিগ্রি শেষ বর্ষের শিক্ষার্থী। তার বাড়ি বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার পঞ্চকরণে হলেও তিনি পড়াশোনার সুবাদে জেলা সদরের দশানী এলাকায় থাকেন। ডেইলি ক্যাম্পাস, ২০ অক্টোবর ২০২৫

**১০. কুবিতে নিয়োগ বন্ধ রাখতে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি বিএনপি নেতার**
একাডেমিক সংকট ও প্রশাসনিক জটিলতা দূরীকরণের লক্ষ্যে নিয়োগ প্রক্রিয়া শুরু করেছিল কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসন।তবে সেই নিয়োগে সুপারিশ করার পরও নিজের পক্ষের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দিতে ব্যর্থ হওয়ার কারণে প্রশাসনিক ও আর্থিক কার্যক্রমে অনিয়মের অভিযোগ তুলে এসব নিয়োগ বন্ধ রাখার অনুরোধ জানিয়ে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি দিয়েছেন কুমিল্লা-০৬ আসনের বিএনপির মনোনীত সাবেক সংসদ সদস্য মনিরুল হক চৌধুরী। তবে কী কী অভিযোগ করেছিলেন, তা তার জানা নেই বলে জানান তিনি। আমার দেশ, ২২ নভেম্বর ২০২৫

## ■ অন্য ছাত্র সংগঠনের সঙ্গে সংঘর্ষ

**১. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল-বৈষম্যবিরোধীদের পাল্টাপাল্টি কর্মসূচি**
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) সংঘর্ষের জের ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও ইনকিলাব মঞ্চের নেতাকর্মীদের বাগবিতণ্ডার ঘটনা ঘটেছে। কুয়েটের ঘটনায় তিনটি সংগঠন ক্যাম্পাসের জিরো পয়েন্টে পৃথক কর্মসূচি দেয়। শুরুতে ছাত্রদলের নেতাকর্মীদের সঙ্গে ইনকিলাব মঞ্চের নেতাকর্মীদের মুখোমুখি অবস্থান তৈরি হয়। এ সময় দুই সংগঠনের নেতাকর্মীরা 'ভুয়া' 'ভুয়া' বলে পাল্টাপাল্টি স্লোগান দেন। পরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরাও ছাত্রদলের উদ্দেশে স্লোগান দিতে থাকেন। বাংলা ট্রিবিউন, ১৯ ফেব্রুয়ারি ২০২৫

## ২. ঢাবিসহ বিভিন্ন ক্যাম্পাসে মুখোমুখি ছাত্রদল ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

ছাত্ররাজনীতি বন্ধের দাবিকে ঘিরে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ছাত্রদল ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমর্থকদের মধ্যে ১৮ ফেব্রুয়ারি দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে সাধারণ পথচারীসহ দুই গ্রুপের শতাধিক আহত হয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে মাঠে নামে যৌথবাহিনী। আটক করা হয়েছে অন্তত পাঁচজনকে। এ ঘটনার প্রতিবাদে রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ (বুয়েট) দেশের বিভিন্ন ক্যাম্পাসে অবস্থান নিয়ে বিক্ষোভ দেখিয়েছেন ছাত্রদল ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা। কুয়েটের ঘটনাকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পাবিপ্রবি), রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, নওগাঁ, জয়পুরহাট, কুষ্টিয়া, কুড়িগ্রামসহ বিভিন্ন স্থানে পাল্টাপাল্টি বিক্ষোভ করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও ছাত্রদল। বণিকবার্তা, ১৯ ফেব্রুয়ারি ২০২৫

## ৩. চট্টগ্রামে দিনভর ছাত্রদলের সঙ্গে বৈছাআ ও এনসিপির মারামারি

চট্টগ্রাম নগরের উত্তর কাট্টলীতে অবস্থিত আলহাজ মোস্তফা হাকিম ডিগ্রি কলেজে ছাত্রদলের নেতাকর্মীদের সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলন (বৈছাআ) ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতাকর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (১৭ এপ্রিল) দিনভর কয়েক দফায় হামলার ঘটনায় অন্তত চারজন আহত হন। তারা হলেন: ছাত্র অধিকার পরিষদের নেতা মো: মারুফ, বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের চট্টগ্রাম মহানগরের যুগ্ম সদস্যসচিব মোহাম্মদ মীর, কর্মী মো: সজীব এবং ছাত্রদল কর্মী রায়াদ হাসান। ইত্তেফাক, ১৮ এপ্রিল ২০২৫

## ৪. চট্টগ্রাম কমার্স কলেজে ছাত্রদল-শিবির সংঘর্ষ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে চট্টগ্রাম সরকারি কমার্স কলেজে সংঘর্ষে জড়িয়েছেন জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবিরের নেতাকর্মীরা। এতে বেশ কয়েকজন আহত হয়েছেন।শনিবার (৩১ মে) দুপুর সাড়ে ১২টার দিকে কলেজ ক্যাম্পাসের সামনের সড়কে এ ঘটনা ঘটে। আহতরা হলেন- শিবিরের মহানগর দক্ষিণ কলেজ শাখার সম্পাদক মোজাহেরুল ইসলাম, কামরুজ্জামান জীবন ও আব্দুল হাদী রাহি। বাকিদের পরিচয় পাওয়া যায়নি। ছাত্রশিবিরের দাবি, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে কমার্স কলেজের সামনে একটি হেল্প ডেস্ক স্থাপন করে ছাত্রশিবির। সেখানে

আগত শিক্ষার্থী ও অভিভাবকদের বসে বিশ্রাম নেওয়া, পানি পান ও তথ্য জানার ব্যবস্থা ছিল। ছাত্রদলের নেতাকর্মীরা হেল্প ডেস্কে শিবিরের কর্মীদের উপর অতর্কিতভাবে হামলা করে। চট্টগ্রাম সরকারি কমার্স কলেজ শাখা ছাত্রদলের সদস্যসচিব ফয়সাল উদ্দিন বলেন, 'জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় অংশ নিতে কলেজে অনেক শিক্ষার্থীর সমাগম হয়। গেটের বাইরে একটি হেল্প ডেস্কে মোবাইল রাখা নিয়ে একজন ছাত্রীর সমস্যা হয়। তখন কলেজের ভেতর থেকে একজন বলতে থাকে- ছাত্রদল ধর, মার। এরপর সামান্য ধাক্কাধাক্কি হয়।' বাংলা ট্রিবিউন, ৩১ মে ২০২৫

**৫. জবিতে বাগছাস নেতাদের ওপর ছাত্রদলের হামলার অভিযোগ**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ছাত্রলীগের নেতা দাবি করে এক শিক্ষার্থীকে আটককে কেন্দ্র করে শিক্ষক এবং বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদের (বাগছাস) নেতাদের ওপর হামলার অভিযোগ উঠেছে শাখা ছাত্রদলের নেতাকর্মীদের বিরুদ্ধে। এঘটনায় দুই শিক্ষককে লাঞ্ছিত ও বাগছাসের তিন নেতা আহত হয়েছেন বলে জানা গেছে। বৃহস্পতিবার (১০ জুলাই) বিকাল সাড়ে ৪টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ সাজিদ ভবনের নিচে এই ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র রফিক বিন সাদেক রেসাদের বিরুদ্ধে ছাত্রলীগ সংশ্লিষ্টতার অভিযোগ এনে ছাত্রদলের নেতাকর্মীরা দুপুরে তাকে বিভাগে আটকে রাখে। একপর্যায়ে তাকে মারধর শুরু করলে বিভাগের শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ পরিচালক ড. এ কে এম রিফাত হাসান এবং সহকারী প্রক্টর মো: শফিকুল ইসলাম এগিয়ে এলে তাদের লাঞ্ছিত করেন ছাত্রদলের কর্মীরা। তখন বাগছাসের কয়েকজন নেতাকর্মী ঘটনাস্থলে গেলে তারাও হামলার শিকার হন। বাংলা ট্রিবিউন, ১০ জুলাই ২০২৫

**৬. চট্টগ্রামে শিবির-ছাত্রদলের সংঘর্ষ, আহত কমপক্ষে ২০**

চট্টগ্রাম নগরীর চকবাজারে ছাত্রদলের সঙ্গে ছাত্রশিবিরের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় উভয়পক্ষের কমপক্ষে ২০ জন আহত হয়েছেন। এর মধ্যে ২ শিবির কর্মীকে গুলিবিদ্ধ অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার (২১ জুলাই) রাত সাড়ে ১১টার দিকে ফাহিম নামের এক শিবিরকর্মীকে মারধরের ঘটনায় এ পরিস্থিতির সৃষ্টি হয়। রাত ২টার দিকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত নগরীর চকবাজার থানার গুলজার মোড় ঘিরে অবস্থান করে ছাত্রশিবিরের নেতা-কর্মীরা। আর চকবাজারের কাঁচাবাজার মোড়ে বহিষ্কৃত যুবদল নেতা এমদাদুল হক বাদশাহর নেতৃত্বে বিএনপির কর্মীরা অবস্থান নেয়। জাগো নিউজ, ২২ জুলাই ২০২৫

**৭. বরিশালে ছাত্রদল-শিবির সংঘর্ষ, আহত ১৫**

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বরিশালের মুলাদীতে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয়পক্ষে প্রায় ১৫ জন আহতের খবর পাওয়া গেছে। আহতদের মধ্যে গুরুতর অবস্থায় রয়েছেন মান্না (২০), হামিম (২০), বায়েজিদ (২৩), আবদুল্লাহ (২৪) ও রাকিব (২৪)। প্রত্যেকেই মুলাদী উপজেলার বাসিন্দা।শিবির নেতারা জানান, আগামী ২১ সেপ্টেম্বর মুলাদী সরকারি কলেজে নতুন শিক্ষার্থীদের জন্য নবীনবরণের প্রস্তুতি নিচ্ছিল ছাত্রশিবিরের নেতাকর্মীরা। বৃহস্পতিবার সকাল সোয়া ১০টার দিকে কলেজ ছাত্রশিবির সভাপতি আব্দুল্লাহ ইসলাম নেতাকর্মী নিয়ে কলেজ চত্বরে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলছিলেন। ওই সময় কলেজ ছাত্রদল সভাপতি রিফাত মল্লিক তাদের বাধা দেন এবং কলেজ শিবির সভাপতি আব্দুল্লাকে ছাত্রলীগের ছায়াতলে থাকা গুপ্তকর্মী আখ্যা দিয়ে তাদের কর্মসূচি পালন করতে নিষেধ করেন। এ নিয়ে কলেজ শাখা ছাত্রশিবির ও ছাত্রদলের মধ্যে কথা কাটাকাটি ও হাতাহাতি হয়। খবর পেয়ে উপজেলা ছাত্রদলের সদস্যসচিব জুলফিকার আহমেদ বিল্লালসহ ছাত্রদলের নেতাকর্মীরা কলেজে ঢুকে ছাত্রশিবির নেতাকর্মীদের এলোপাতাড়ি মারধর শুরু করেন। ইত্তেফাক, ১১ সেপ্টেম্বর ২০২৫

**৮. ব্যানার টানানো নিয়ে তিতুমীর কলেজে ছাত্রদল-শিবিরের সংঘর্ষে আহত তিন**

রাজধানীর সরকারি তিতুমীর কলেজে ব্যানার টানানোকে কেন্দ্র করে ছাত্রদল ও শিবিরের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে অন্তত তিন শিক্ষার্থী আহত হওয়ার খবর পাওয়া গেছে। শনিবার দিবাগত রাত ১২টার দিকে সংঘর্ষের ঘটনা ঘটে। পুলিশ জানিয়েছে, তিতুমীর কলেজ শাখা ছাত্রশিবিরের নেতা-কর্মীরা ক্যাম্পাসের বিভিন্ন স্থানে নবীন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে ব্যানার টানাচ্ছিলেন। কলেজের প্রধান ফটকে ব্যানার টানানোর সময় ছাত্রদলের নেতা-কর্মীরা তাঁদের বাধা দেন। এতে করে বাগ্‌বিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে তা সংঘর্ষে গড়ায়। সংঘর্ষের ভিডিও ধারণ করতে থাকা কলেজের গণমাধ্যমকর্মীরাও হামলার শিকার হন। প্রথম আলো, ২৩ নভেম্বর ২০২৫

## অষ্টম অধ্যায়

# ইসলামবিদ্বেষী কর্মকাণ্ড

# ইসলামবিদ্বেষী কর্মকাণ্ড

জুলাই বিপ্লব-পরবর্তী সময়ে বিএনপির বিভিন্ন বক্তব্য, সিদ্ধান্ত ও কর্মকাণ্ডে বারবার ফুটে উঠেছে ইসলামবিদ্বেষী মনোভাব। বর্তমান সময়ে বিএনপির নেতা-নেত্রীদের বক্তব্য লক্ষ্য করলে দেখা দেখা যায় তারা ফ্যাসিস্ট আওয়ামীদের ন্যায় ইসলামের বিপক্ষে অবস্থান নিয়েছেন। কুরআনের বিধান অস্বীকার, ইজতেমাকে জঙ্গিবাদের সঙ্গে যুক্ত করা, আলেম-ওলামাদের হেনস্তা ও মসজিদ-মাহফিলে হস্তক্ষেপ–এসবই ইঙ্গিত দেয় যে দলটি ধর্মবিরোধী অবস্থান নিয়েছে। বিএনপির ইসলামবিদ্বেষী কর্মকাণ্ডের কয়েকটি উল্লেখযোগ্য ঘটনা তুলে ধরা হয়েছে এই অধ্যায়ে।

## ■ ধর্মীয় অনুভূতিতে আঘাতমূলক বক্তব্য ও মন্তব্য

**১. প্রতিদিন জিয়াউর রহমানের নাম নিলে বেহেশত নিশ্চিত: কামরুল হুদা**



বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের নাম প্রতিদিন নিলে বেহেশত নিশ্চিত বলে মন্তব্য করেছেন দলটির কুমিল্লা দক্ষিণ জেলার যুগ্ম আহ্বায়ক ও চৌদ্দগ্রাম উপজেলা শাখার সভাপতি কামরুল হুদা। ২ জানুয়ারি বুধবার দুপুরে চৌদ্দগ্রাম উপজেলা কেন্দ্রীয় ঈদগা মাঠে ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। এরই মধ্যে ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়া বক্তব্যে কামরুল হুদাকে বলতে শোনা যায়, 'শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নাম প্রতিদিন নিলেই বেহেশত নিশ্চিত, আমি বিশ্বাস করি। কারণ উনি দেশের জনগণের সঙ্গে হঠকারিতা করেননি।' ডেইলি স্টার, ২ জানুয়ারি ২০২৫

**২. রাজনীতির সাথে কুরআনের কোনো সম্পর্ক নেই: মির্জা ফখরুল**



জামায়াতে ইসলামীর সঙ্গে সম্পর্ক ত্যাগের গুজব নাকচ করে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, রাজনীতি একটি আলাদা ক্ষেত্র, যার সঙ্গে ধর্মগ্রন্থ যেমন গীতা, বাইবেল বা কুরআন শরিফের সরাসরি কোনো সম্পর্ক নেই। সম্প্রতি একটি বেসরকারি টেলিভিশন চ্যানেল ডিবিসির এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। প্রতিদিনের বাংলা, ১৩ জানুয়ারি ২০২৫

### ৩. তারেক রহমানের নাম উচ্চারণ করতে অজু করে নেবেন: বিএনপির ভাইস চেয়ারম্যানবরকতউল্লা বুলু



বিএনপির ভাইস চেয়ারম্যান বরকতউল্লা বুলু বলেছেন, 'গত দুই-তিন দিন ধরে কয়েকজন অর্বাচীন কিছু কথাবার্তা বলেছেন। তারা বলেছেন, রাষ্ট্রপতি জিয়াউর রহমান যদি নেতা হন, তাহলে তার ছেলেও নেতা হবেন নাকি? আমি সুস্পষ্ট ভাষায় তাদের বলতে চাই, তারেক রহমানের নাম উচ্চারণ করতে হলে অজু করে নেবেন। কারণ দেশের বৃহত্তর রাজনৈতিক দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যানই হলেন রাষ্ট্রপতি জিয়াউর রহমানের যোগ্য উত্তরসূরি তারেক রহমান। কাজেই আপনাদের মতো নাবালক উপদেষ্টা, নাবালক নেতারা এভাবে কথাবার্তা বলবেন না। দেশ ও জনগণকে বিভক্ত করবেন না। তারেক রহমান বাংলাদেশে ফিরবেন।' মঙ্গলবার (২৫ ফেব্রুয়ারি) বিকালে কুমিল্লা মহানগর বিএনপির সম্মেলনে উদ্বোধক বক্তা হিসেবে এসব কথা বলেন তিনি। বাংলা ট্রিবিউন, ২৫ ফেব্রুয়ারি ২০২৫

### ৪. টঙ্গীর ইজতেমা মাঠ জঙ্গির কারখানা: বিএনপি নেতা ফজলুর রহমান



টঙ্গির ইজতেমার মাঠকে জঙ্গির কারখানা বলে মন্তব্য করেছেন মুক্তিযোদ্ধা ও বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ফজলুর রহমান। সম্প্রতি, বেসরকারি একটি টিভি চ্যানেলের টকশো অনুষ্ঠানে এই মন্তব্য করেন তিনি। বিএনপি নেতা বলেন, চাব্বিশে মার্চ চইলা গেল, ষোলোই ডিসেম্বর চইলা গেল, একটা গান শুনলাম না, বিজয়ের। 'সবকটা জানালা খুলে দাও না', 'ওরা আসবে'। একুশে ফেব্রুয়ারি চইলা গেল, এক দিনের জন্যেও কানে কিন্তু বাজল না, 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' বরং একুশে ফেব্রুয়ারির মেলাটারে বানাই ফেলল ইজতেমার মাঠ। একটা জঙ্গির কারখানা। বিডি টুডে, ২৭ মার্চ ২০২৫

### ৫. একজন পুরুষ ৪টা বিয়ে করতে পারবে, এই অধিকার কি আমরা বোনরা কাউকে দিয়েছি?: বিএনপি প্রার্থী সানজিদা তুলি



বিএনপির ঢাকা-১৪ আসনের প্রাথী সানজিদা ইসলাম তুলি সূরা নিসার আয়াত : ৩ এর সরাসরি বিপক্ষে বক্তব্য দিয়েছেন। তিনি বলেছেন, 'একজন পুরুষ ৪টা বিয়ে করতে পারবে, এই অধিকার কি আমরা বোনরা কাউকে দিয়েছি?' তার এই বক্তব্য সরাসরি ইসলাম বিদ্বেষী এবং কুরআন অবমাননার শামিল। সানজিদা তুলি নিখোঁজদের

পরিবারের প্ল্যাটফর্ম 'মায়ের ডাক'-এর সঙ্গে যুক্ত একজন কর্মী এবং ঢাকা- ১৪ আসনে বিএনপির প্রার্থী। তার ইসলামবিরোধী এই বক্তব্যে সাধারণ জন মনে ক্ষোভ দেখা দিয়েছে। আজাদির ডাক, ১৪ নভেম্বর ২০২৫

**৬. কোরআন শরীফে 'বিসমিল্লাহ' সংযুক্ত করেছেন জিয়াউর রহমান: বিএনপির প্রার্থী লুৎফর রহমান কাজল**



কক্সবাজার-০৩ আসনে বিএনপির প্রার্থী লুৎফর রহমান কাজল বলেছেন, কোরআন শরীফে 'বিসমিল্লাহ' সংযুক্ত করেছেন জিয়াউর রহমান। নাউজুবিল্লাহ। তিনি বলেন, ইসলামের জন্য কোনো রাজনৈতিক দল যদি কিছু করে থাকে সেটা জিয়াউর রহমান করেছে। কোরআন শরীফে 'বিসমিল্লাহ' তিনি সংযুক্ত করেছেন। এবং ইসলামী মূল্যবোধ চালু করছে। দেশকে হারানো মুসলিম রাষ্ট্রের স্বীকৃতি দিয়েছে জিয়াউর রহমান। আজাদীর ডাক, ৩০ নভেম্বর ২০২৫

**৭. আমাকে যদি ফাঁকি দেন, ফাঁকি দেবেন আল্লাহকে : বিএনপির মনোনীত প্রার্থী জসীম**



আমাকে যদি ফাঁকি দেন, ফাঁকি দেবেন আল্লাহকে- এমন এক বক্তব্য ভাইরাল হয়েছে কুমিল্লা-৫ (বুড়িচং-ব্রাহ্মণপাড়া) আসনের বিএনপির মনোনীত প্রার্থী হাজী জসীম উদ্দিনের। বুধবার (৩ ডিসেম্বর) সন্ধ্যা থেকে ভিডিওটি ভাইরাল হতে থাকে। হাজী জসীম উদ্দিন ব্রাহ্মণপাড়া উপজেলা বিএনপির সভাপতি। তিনি কুমিল্লা দক্ষিণ জেলা বিএনপির সাবেক সদস্যসচিব। বুধবার (৩ ডিসেম্বর) রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে ঢাকাস্থ বুড়িচং-ব্রাহ্মণপাড়া পেশাজীবি পরিষদের উদ্যোগে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জন্য দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জসীম উদ্দিনকে বলতে শোনা যায়, 'আমাকে যদি ফাঁকি দেন ফাঁকি দেবেন আল্লাহকে। আল্লাহকে যদি ফাঁকি দেন তাহলে এটা বিএনপির ওপরে, নেত্রী অসুস্থ এই গজব আমাদের ওপরে পড়বে।' বার্তা বাজার, ৪ ডিসেম্বর ২০২৫

**৮. এমপি প্রার্থীকে 'দুনিয়ায় আল্লাহর পাঠানো ফেরেশতা' বললেন বিএনপি নেতা আল হেলাল**

চাঁপাইনবাবগঞ্জ- ২ (নাচোল, গোমস্তাপুর, ভোলাহাট) আসনে বিএনপি প্রার্থী আমিনুল ইসলামকে দুনিয়ায় আল্লাহর পাঠানো ফেরেশতা হিসেবে উল্লেখ করে বক্তব্য দিয়েছেন এক বিএনপি নেতা। সোমবার রাতে জেলার ভোলাহাট




উপজেলার কালিতলা বাজারে বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া সুস্থতা কামনায় দোয়া ও মিলাদ-মাহফিলে এই বক্তব্য দেন, উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আল হেলাল। ভোলাহাট সদর ইউনিয়নের ০৫ নম্বর ওয়ার্ড বিএনপির আয়োজনে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দলীয় মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির শিল্প-বাণিজ্য বিষয়ক সহ-সম্পাদক সাবেক এমপি আমিনুল ইসলাম। আমার দেশ, ৯ ডিসেম্বর ২০২৫

**৯. ইসলাম ধর্ম নিয়ে কটূক্তি, সাবেক বিএনপি নেতা গ্রেপ্তার**



নীলফামারীর ডিমলা উপজেলার গয়াবাড়ি ইউনিয়নের ১নং ওয়ার্ড বিএনপির সাবেক সেক্রেটারি আছিম উদ্দীন (৪৫)-কে ফেসবুকে ইসলাম ধর্ম নিয়ে কটূক্তিমূলক মন্তব্য করার অভিযোগে গ্রেপ্তার করে পুলিশ। জানা যায়, দৈনিক ইত্তেফাক পত্রিকার ফেসবুক পেজে জামায়াত আমীর ডা. শফিকুর রহমানের একটি সংবাদে মন্তব্য করতে গিয়ে আছিম উদ্দীন লিখেন, 'হরে কৃষ্ণ হরে বল শুয়োরের বাচ্চা মুসলমান।' তার এ মন্তব্যের স্ক্রিনশট সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়। পরে স্থানীয়দের অভিযোগের ভিত্তিতে রোববার রাতে ডিমলা থানা পুলিশ তাকে উপজেলার রহমানগঞ্জ বাজারে তার নিজস্ব ফার্মেসী ব্যবসা প্রতিষ্ঠান থেকে আটক করে। আমার দেশ, ৯ ডিসেম্বর ২০২৫

**১০. সরকার গঠন করলে আমি যা বলবো তাই আইন, তাই আল্লাহর হুকুম: বিএনপি প্রার্থী**



'দুইদিন পরেতো ইনশাআল্লাহ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সরকার গঠন করবে। তখন কথা বলার মানুষই থাকবে না। আমি যা বলবো তাই আইন, আল্লাহর হুকুম' বলে মন্তব্য করেছেন চাঁপাইনবাবগঞ্জ-২ আসনে বিএনপি মনোনীত প্রার্থী ও দলটির কেন্দ্রীয় নির্বাহী কমিটির শিল্প-বাণিজ্য বিষয়ক সহ-সম্পাদক সাবেক এমপি আমিনুল ইসলাম। মঙ্গলবার (৯ ডিসেম্বর) বিকেল থেকে তার এই বক্তব্যের ৪২ সেকেন্ডের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে দ্রুত ছড়িয়ে পড়লে জেলাজুড়ে আলোচনা-সমালোচনার ঝড় ওঠে এবং রাজনৈতিক অঙ্গনে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। বার্তা বাজার, ১০ ডিসেম্বর ২০২৫

## ■ আলেম-ওলামাদের ওপর চাপ ও নির্যাতন

**১. আলেম-ওলামারা কোনো দলের জন্য ভোট চাইতে পারবে নাঃ পাপিয়া**



একজন জুম্মা মসজিদের ইমামের দায়িত্ব মুসলমানদের নামাজ পড়ানো। কোনো ব্যক্তির বা দলের জন্য ভোট চাওয়া তাদের দায়িত্ব নয়। বলেছেন চাঁপাইনবাবগঞ্জ জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সৈয়দা আসিফা আশরাফী পাপিয়া। তিনি বলেন, 'জামায়াতে ইসলামীর যেখানেই মিটিং হোক সারা বাংলাদেশের মাদ্রাসার শিক্ষার্থীদেরকে তারা হাজির করছে। চাঁপাইনবাবগঞ্জের অনেক জুম্মা মসজিদে একজন বিশেষ ব্যক্তির জন্য ভোট চাচ্ছেন ইমাম সাহেবরা। লজ্জা শরম, অতীতের ইতিহাস একটু স্মরণ করতে হবে। কোনো জুম্মা মসজিদের ইমাম যদি কোনো বিশেষ দলের ভোট চায়, বিশেষ দলের কথা বলে, তার নেতৃত্বে নামাজ হবে কিনা আলেম-ওলামাদের সাথে আলাপ করে আপনাদের সিদ্ধান্ত নিতে হবে।' জনকণ্ঠ, ৬ এপ্রিল ২০২৫

**২. শ্রীপুরে ইমামকে মসজিদে মারধর বিএনপি নেতার, আলেম সমাজের বিক্ষোভ**

গাজীপুরের শ্রীপুর উপজেলার তেলিহাটি ইউনিয়নের টেংরা বড়বাড়ী জামে মসজিদের ইমাম ও খতিব হাফেজ মো. হুজাইফাকে মারধরের অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতা মো. বিপুল মন্ডলের বিরুদ্ধে। এ ঘটনায় শুক্রবার বিকেল সাড়ে পাঁচটায় টেংরা বাজারে মাওনা-বর্মী আঞ্চলিক সড়কে বিক্ষোভ মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়। ভুক্তভোগী হাফেজ মো. হুজাইফা (২২) থানায় দায়ের করা অভিযোগে জানান, তিনি প্রায় এক বছর ধরে উক্ত মসজিদে ইমাম ও খতিব হিসেবে দায়িত্ব পালন করছেন। বিবাদী মো. বিপুল মন্ডল (৪০) এলাকার বাসিন্দা ও ৫নং তেলিহাটি ইউনিয়ন বিএনপির সভাপতি পদপ্রার্থী। কিছুদিন ধরে বিবাদী তার প্রতি শত্রুতা পোষণ করে আসছে। আলোকিত সকাল, ১৬ আগস্ট ২০২৫

**৩. বিএনপি নেতার বিরুদ্ধে ইমামকে মারধরের অভিযোগ, বিচারের দাবিতে বিক্ষোভ**




ঝালকাঠি সদর উপজেলায় মসজিদের দরজা ভেঙে ভেতরে ঢুকে ইমামকে মারধরের অভিযোগ উঠেছে বিএনপির এক নেতার বিরুদ্ধে। ২১ আগস্ট বৃহস্পতিবার বিকেলে নবগ্রাম ইউনিয়নের পরমহল তালুকদার বাড়ির মসজিদে এ

ঘটনা ঘটে। হামলার প্রতিবাদে শুক্রবার বিক্ষোভ করেছেন ইসলামী আন্দোলনের নেতা-কর্মীরা। স্থানীয় সূত্র জানায়, গত বৃহস্পতিবার বিকেলে পরমহল তালুকদার বাড়ির মসজিদ কমিটির বিরোধের জেরে ইউনিয়ন বিএনপির সভাপতি তাপস তালুকদার দলবল নিয়ে ইমাম আল আমিনের ওপর হামলা চালান। তিনি জীবন রক্ষায় দৌড়ে মসজিদের ভেতরে ঢুকে দরজা আটকে দেন। এ সময় দরজা ভেঙে ভেতরে ঢুকে ইমামকে মারধর করেন তাপস। প্রথম আলো, ২২ আগস্ট ২০২৫

**৪. মসজিদের ভেতর মুয়াজ্জিনকে বিএনপি নেতার মারধর**



মুয়াজ্জিনকে হেনস্তার ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। ইনসেটে বিএনপি নেতা জয়নাল চৌধুরী। মৌলভীবাজারের শ্রীমঙ্গল জামে মসজিদের ভেতর মুয়াজ্জিনকে লাঞ্ছিত করার অভিযোগ উঠেছে পৌর বিএনপির আহ্বায়ক জয়নাল চৌধুরীর বিরুদ্ধে। সোমবার (২০ অক্টোবর) জোহরের নামাজের পরে এই ঘটনা ঘটে। এ ঘটনায় শ্রীমঙ্গল শহরে উত্তেজনা বিরাজ করছে। স্থানীয় সূত্রে জানা যায়, সোমবার জোহরের নামাজের পর মুয়াজ্জিন আব্দুল লতিফ মসজিদের দরজা লাগাচ্ছিলেন। এসময় মসজিদের ভেতরে উপস্থিত বিএনপি নেতা জয়নাল চৌধুরী দরজা লাগানোর শব্দে ক্ষিপ্ত হয়ে বলেন, 'শব্দ হলো কেন?' বলেই তিনি মুয়াজ্জিনের ওপর চড়াও হন ও মারধর করেন। জাগো নিউজ, ২১ অক্টোবর ২০২৫

## ■ ওয়াজ-মাহফিল ও মসজিদ সম্পর্কিত হস্তক্ষেপ

**১. মসজিদের জায়গা দখল করে বিএনপির ক্লাব নির্মাণ**

মসজিদের জায়গা দখল করে ক্লাব নির্মাণের অভিযোগ উঠেছে বিএনপির নেতাকর্মীদের বিরুদ্ধে।মসজিদ কমিটির অনুমতি না নিয়েই ক্লাবটি করার অভিযোগ ওঠে শরীয়তপুর জেলা সেচ্ছাসেবক দলের সহ-সভাপতি রেজাউল হাওলাদার ও কর্মী সমর্থকদের বিরুদ্ধে। সরেজমিনে খোঁজ নিয়ে জানা গেছে, নড়িয়া উপজেলার ঘড়িষার বাজারের শত বছরের পুরোনো ঘড়িষার জামে মসজিদ। এই মসজিদের জমিতে ভাড়া দেওয়া রয়েছে অনেক ব্যবসা প্রতিষ্ঠান ও দোকানপাট। এ থেকে প্রতি মাসে মসজিদের আয় হয় কয়েক লাখ টাকা। কয়েকদিন আগে মসজিদের একটি পরিত্যক্ত দোকান ঘর ভেঙে ঘড়িষার ইউনিয়ন বিএনপির ক্লাব তৈরির জন্য দখলে নেয় স্থানীয় কিছু বিএনপি নেতাকর্মীরা। যদিও

মসজিদ কমিটি থেকে এই ক্লাব তৈরির জন্য কোনো অনুমতি নেওয়া হয়নি বলে দাবি করেছেন মসজিদ কমিটির সভাপতি অ্যাডভোকেট ফিরোজ আহমেদ। ঢাকা পোস্ট, ২৪ অক্টোবর ২০২৪

**২. দাওয়াত না পাওয়ায় তাফসির মাহফিল বন্ধ করলো বিএনপি নেতা**

লক্ষ্মীপুরে দাওয়াত না পাওয়ায় তাফসির মাহফিল বন্ধ করেছেন ওয়ার্ড বিএনপির সভাপতি আলমগীর হোসেন। শুক্রবার (২২ নভেম্বর) দুপুরে সাংবাদিকদের কাছে মাহফিল আয়োজকরা এ কথা জানান। জানা গেছে, লক্ষ্মীপুরে পৌরসভার ১১ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ও ওয়ার্ড বিএনপির সভাপতি আলমগীর হোসেন বিএনপি নেতা শহীদ উদ্দিন চৌধুরী এ্যানির নাম ভাঙিয়ে মাহফিলের আয়োজনে বাধা দেয়। এদিন বিকেল ৩টা থেকে লক্ষ্মীপুর পৌরসভার ১১ নম্বর ওয়ার্ডে আলমগীর কমিশনার বাড়ির সামনে মোহাম্মদিয়া জামে মসজিদ মাঠে তাফসিরুল কুরআন মাহফিল ও ইসলামী সংগীত সন্ধ্যা শুরুর কথা ছিল। জাগো নিউজ, ২২ নভেম্বর ২০২৪

**৩. আটঘরিয়ার কোনো মসজিদে জামায়াতের ইমাম-মুয়াজ্জিন নামাজ পড়াতে পারবেন না: বিএনপি নেতার হুঁশিয়ারি**



পাবনার আটঘরিয়ায় কোনো মসজিদে জামায়াতের কোনো ইমাম-মুয়াজ্জিন নামাজ পড়াতে পারবেন না বলে হুঁশিয়ারি দিয়েছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ও জেলা বিএনপির আহ্বায়ক হাবিবুর রহমান। ১৭ মে শনিবার বেলা ১১টার দিকে আটঘরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন বিএনপির নেতা-কর্মীদের দেখতে গিয়ে তিনি এ হুঁশিয়ারি দেন। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ১১ মিনিট ২৩ সেকেন্ডের ভিডিওতে হাবিবুর বলেন, ‘দল যেটা সিদ্ধান্ত দেবে, সেই সিদ্ধান্তের সঙ্গে আমি ১০০ পারসেন্ট একমত। সেটা আমি যদি পছন্দ না করি, আমার মতের সঙ্গে না-ও মেলে। কিন্তু আমি আজকে বলব, ভবিষ্যৎ তো পরে, আর কোথাও না হলেও এখন থেকে আটঘরিয়ায় কোনো মসজিদে জামায়াতের কোনো মুয়াজ্জিন আজান দিতে পারবেন না, জামায়াতের কোনো ইমাম ইমামতি করতে পারবেন না। এটা পরিষ্কার ঘোষণা, যেখানে যাবেন আগামী জুমায় প্রতিবাদ করবেন।’ প্রথম আলো, ১৮ মে ২০২৫

**৪. মসজিদের টাকা আত্মসাৎ, বিএনপি নেতাকে বহিষ্কার**

নেত্রকোনার বারহাট্টায় মসজিদের টাকা আত্মসাৎ, সড়কের খোয়া লুট এবং অন্যান্য অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে সিংধা ইউনিয়ন বিএনপির



সহ-মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক নুরুল ইসলাম টিপন মিয়াকে (৫০) সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে। উপজেলা বিএনপির সভাপতি মো. মোস্তাক আহমেদ এবং সাধারণ সম্পাদক আশিক আহমেদ কমলের স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে শুক্রবার (৮ আগস্ট) এ বহিষ্কারের ঘোষণা দেওয়া হয়। আমার দেশ, ৯ আগস্ট ২০২৫

**৫. বিএনপি-যুবদল নেতার বিরুদ্ধে জুমার খুতবায় বাধা দেওয়ার অভিযোগ, ভিডিও ভাইরাল**





লক্ষ্মীপুরে জুমার খুতবায় বাধা দিয়েছেন বলে বিএনপি ও যুবদল নেতাকর্মীর বিরুদ্ধে অভিযোগ উঠেছে। এ ঘটনার একটি ভিডিও ফেসবুকে ছড়িয়ে পড়লে সমালোচনা শুরু হয়। শুক্রবার (২৬ সেপ্টেম্বর) দুপুরে জেলার চন্দ্রগঞ্জ থানার উত্তর জয়পুর ইউনিয়নের হানিফ মিয়াজির হাট কেন্দ্রীয় ঈদগাহ জামে মসজিদে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্র জানায়, হানিফ মিয়াজির হাট কেন্দ্রীয় ঈদগাহ জামে মসজিদের খতিব মাওলানা মহিউদ্দিন হাসান। তিনি নোয়াখালীর বাসিন্দা। দীর্ঘদিন এই মসজিদে ইমামতি করছেন এবং চাটখিল উপজেলা জামায়াতের নেতা। যাদের বিরুদ্ধে অভিযোগ তারা হলেন- চন্দ্রগঞ্জ থানা বিএনপির সাধারণ সম্পাদক এম ইউসুফ ভূঁইয়া ও থানা যুবদলের সাধারণ সম্পাদক আবদুল মুকিত সোহেল এবং তাদের অনুসারীরা। বাংলা ট্রিবিউন, ২৭ সেপ্টেম্বর ২০২৫

## নবম অধ্যায়

# সংখ্যালঘু নির্যাতন

# সংখ্যালঘু নির্যাতন

সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন অঞ্চলে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর হামলা, লুটপাট, জমি দখল ও চাঁদাবাজির অভিযোগ উদ্বেগজনকভাবে বেড়েছে। হিন্দু ও রাখাইন পরিবারের বাড়িঘরে হামলা, ফসল ও ব্যবসায়িক মালামাল লুট, মিথ্যা মামলায় ফাঁসানোর মতো ঘটনাগুলোতে বিএনপি ও অঙ্গসংগঠনের একাধিক নেতাকর্মীর নাম উঠে এসেছে। কোথাও দলীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হলেও বহু ঘটনায় ভুক্তভোগীরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। এসব ঘটনা সংখ্যালঘুদের নাগরিক নিরাপত্তা, আইনের শাসন নিয়ে গুরুতর প্রশ্ন তুলছে। সংখ্যালঘুদের ওপর নির্যাতনের উল্লেখযোগ্য কিছু ঘটনা তুলে ধরা হলো;

**১. হিন্দু ব্যবসায়ীর বাড়িতে লুটপাট, পাইকগাছা বিএনপির সা-সম্পাদক বহিষ্কার**

হিন্দু ব্যবসায়ীর বাড়িতে লুটপাট ও অগ্নিসংযোগের অভিযোগের সত্যতা পাওয়ায় খুলনার পাইকগাছা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এস এম এনামুল হক ও সদস্য কিশোর মন্ডলকে দল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। প্রাথমিক সদস্য পদসহ দলীয় সব পদ থেকে তাদের সাময়িক বহিষ্কার করা হয়। সমকাল, ১০ আগস্ট ২০২৪

**২. কলাপাড়ায় সংখ্যালঘুর গরু চুরি করলো বিএনপি কর্মীরা, কল রেকর্ড ফাঁস**



পটুয়াখালীর কলাপাড়া উপজেলার নীলগঞ্জ ইউনিয়নে কতিপয় বিএনপি কর্মীদের বিরুদ্ধে গরু চুরিসহ নানা রকম সমাজ বিরোধী অভিযোগ উঠেছে। এলাকা সূত্রে জানা যায় নীলগঞ্জ ইউনিয়ন বিএনপির কিছু সমর্থক সনাতন ধর্মের এক ব্যক্তির দুটি গরু চুরি করে নিয়ে যায়। চুরির সাথে সম্পৃক্ত ব্যক্তিদের মধ্যে কথোপকথনের এমন একটি কল-রেকর্ড ফাঁস হয়েছে। গত ৫ আগস্ট আওয়ামী সরকার প্রধান দেশত্যাগ করলে এলাকায় লুটপাট, চুরি, ডাকাতি, মারামারি শুরু করে দূর্বত্তরা। আর এদের কার্যক্রমের আড়াল থেকে উৎসাহ দিচ্ছেন ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম (জহির) ও ইউনিয়ন বিএনপি'র যুগ্ম-সাধারণ সম্পাদক ফজলুল হক মৃধা এমন অভিযোগ ভুক্তভোগীদের। মূলত এই দুই জনের ছত্রছায়ায় থেকেই দুর্বৃত্তায়নকারী- খলিল হাওলাদার, সাইফুল মোল্লা, আলামিন ফকির, সোহেল হাওলাদও, মাসুম

হাওলাদার, রুবেল হাওলাদার, সাত্তার ফরাজি নামক চক্রটি তাদের কর্মকাণ্ড করছে। ইটিসি নিউজ, ১৬ সেপ্টেম্বর ২০২৪

**৩. হিন্দু বাড়িতে হামলা চালিয়ে সর্বস্ব লুটের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে**




কিশোরগঞ্জ জেলা শহর থেকে মাত্র পাঁচ কিলোমিটার দূরত্বের ব্রাহ্মণকচুরি গ্রামের একটি হিন্দু পরিবারে হামলা চালিয়ে কোটি টাকা মূল্যের স্বর্ণালংকার, নগদ অর্থ ও আসবাবপত্র লুট করার অভিযোগ উঠেছে স্থানীয় এক বিএনপি নেতার বিরুদ্ধে। একইসঙ্গে উল্টো ওই পরিবারের এক সদস্যকে রাজনৈতিক হত্যা মামলায় ফাঁসানোর অভিযোগও উঠেছে। পরিবারটির পক্ষ থেকে এই ঘটনায় মামলা করাহয়েছে। জানা গেছে, ছাত্র-জনতার আন্দোলনের মুখে গত ৫ আগস্ট শেখ হাসিনার পদত্যাগের দিন স্থানীয় রশিদাবাদ ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান, ইউনিয়ন বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও কিশোরগঞ্জ সদর উপজেলা বিএনপির সদস্য ইদ্রিস মিয়ার নেতৃত্বে একদল লোক ব্রাহ্মণকচুরি গ্রামের প্রয়াত জয় কৃষ্ণ বর্মনের বাড়িতে হামলা-লুটপাট চালায়। ডেইলি স্টার, ৩ অক্টোবর ২০২৪

**৪. হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট: আটক ছাত্রদল নেতা**

চাঁদা না পেয়ে হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট করে নিয়ে যাওয়ার অভিযোগে এক ছাত্রদল নেতাসহ দুই যুবককে আটক করেছে সেনাবাহিনী। মঙ্গলবার ভোরে জেলা শহরের অজহর রোড এলাকা থেকে তাদের আটক করা হয়। আটকৃতরা হচ্ছে, জুনু খান মিলকী (৩৫) ও সমীরণ তালুকদার (৩২)। জুনু খান মিলকী পৌর ছাত্রদলের আহ্বায়ক বলে জানা গেছে। জনকণ্ঠ, ২২ অক্টোবর ২০২৪

**৫. রাখাইন নারীর ২৫০ মণ ধান লুটের অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে**




পটুয়াখালীর কুয়াকাটায় লুমা রাখাইন নামের এক নারীর প্রায় ২৫০ মণ ধান লুট করে নেওয়ার অভিযোগ উঠেছে যুবদল নেতা মো. আলী আক্কাসের বিরুদ্ধে। বুধবার (১৮ ডিসেম্বর) এ ঘটনায় বিচার চেয়ে কুয়াকাটা প্রেস ক্লাব হলরুমে সংবাদ সম্মেলন করেন ভুক্তভোগী লুমা। অভিযুক্ত মো. আলী আক্কাস মহিপুর

থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে লুমা রাখাইন বলেন, আমার বাবার কাছ থেকে পাওয়া এবং আমার ভাইয়ের কাছ থেকে কেনা ৭ দশমিক ১৮ একর সম্পত্তি আমি আজীবন ভোগদখল করে আসছি। হঠাৎ ২০২২ সালে যুবদল নেতার পরামর্শে আমার ভাইয়ের দ্বারা সম্পত্তি দখলের পাঁয়তারা করে আমার নামে একটি মিথ্যা মামলা দায়ের করে। পরে ৫ আগস্টের পরে এই ভূমিদস্যুরা মাথাচাড়া দিয়ে ওঠে। আচমকা গত ১৭ ডিসেম্বর বিকেলে আমার জমিতে আমার বর্গাচাষি ধান কাটা শুরু করলে ওই আলী আক্কাস ৩০-৩৫ জনের একটি সন্ত্রাসী দল নিয়ে এসে লাঠিসোঁটা আর দেশীয় অস্ত্র নিয়ে আমাদের ধাওয়া দিয়ে সব জমির ধান লুট করে নিয়ে যায়। এসব জমিতে ২৫০ মণ মতো ধান হতো। কালবেলা, ডিসেম্বর ১৮, ২০২৪

**৬. রাজশাহীতে হিন্দুদের জমিতে বিএনপি নেতার পুকুর খননের চেষ্টা, হামলা**

রাজশাহীর পুঠিয়ায় কয়েকজন হিন্দু কৃষকের জমি 'জোরপূর্বক' দখল করে পুকুর খননের চেষ্টা করার অভিযোগ উঠেছে স্থানীয় এক বিএনপি নেতার বিরুদ্ধে। এসময় পুকুর খননে বাধা দিতে গেলে হামলা ও পাল্টা হামলার ঘটনায় কৃষকসহ মাটি কাটতে যাওয়া কয়েকজন শ্রমিক আহত হয়েছেন। পুকুর খননকারী ওই বিএনপি নেতার নাম আবুল কামাল। তিনি দুর্গাপুর উপজেলা বিএনপির সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক। কালাম নওপাড়া ইউনিয়ন বিএনপির সভাপতি প্রার্থী। বিডিনিউজ২৪, ৩১ মে ২০২৫

**৭. হিন্দু বাড়িতে হামলা চালিয়ে সর্বস্ব লুটের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে**

কিশোরগঞ্জ জেলা শহর থেকে মাত্র পাঁচ কিলোমিটার দূরত্বের ব্রাহ্মণকচুরি গ্রামের একটি হিন্দু পরিবারে হামলা চালিয়ে কোটি টাকা মূল্যের স্বর্ণালংকার, নগদ অর্থ ও আসবাবপত্র লুট করার অভিযোগ উঠেছে স্থানীয় এক বিএনপি নেতার বিরুদ্ধে। একইসঙ্গে উল্টো ওই পরিবারের এক সদস্যকে রাজনৈতিক হত্যা মামলায় ফাঁসানোর অভিযোগও উঠেছে। পরিবারটির পক্ষ থেকে এই ঘটনায় মামলা করাহয়েছে। জানা গেছে, ছাত্র-জনতার আন্দোলনের মুখে গত ৫ আগস্ট শেখ হাসিনার পদত্যাগের দিন স্থানীয় রশিদাবাদ ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান, ইউনিয়ন বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও কিশোরগঞ্জ সদর উপজেলা বিএনপির সদস্য ইদ্রিস মিয়ার নেতৃত্বে একদল লোক ব্রাহ্মণকচুরি গ্রামের প্রয়াত জয় কৃষ্ণ বর্মনের বাড়িতে হামলা-লুটপাট চালায়। ডেইলি স্টার, ৩ অক্টোবর ২০২৪

**৮. হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট: আটক ছাত্রদল নেতা**

চাঁদা না পেয়ে হিন্দু ব্যবসায়ীর মালামাল লুট করে নিয়ে যাওয়ার অভিযোগে এক

ছাত্রদল নেতাসহ দুই যুবককে আটক করেছে সেনাবাহিনী। মঙ্গলবার ভোরে জেলা শহরের অজহর রোড এলাকা থেকে তাদের আটক করা হয়। আটকৃতরা হচ্ছে- জুনু খান মিলকী (৩৫) ও সমীরণ তালুকদার (৩২)। জুনু খান মিলকী পৌর ছাত্রদলের আহ্বায়ক বলে জানা গেছে। তার বাসা শহরের নিউটাউন এলাকায়। আর সমীরণ তালুকদার বলাইনগুয়া এলাকার বাসিন্দা। জনকণ্ঠ, ২২ অক্টোবর ২০২৪

### ৯. দিনাজপুরে সংখ্যালঘু পরিবারের ধান কেটে নেওয়ার অভিযোগ বিএনপির নেতার বিরুদ্ধে

দিনাজপুরের শিবরামপুর ইউনিয়নের মুরালিপুর গ্রামে সংখ্যালঘু এক পরিবারের জমির ধান কেটে নেওয়ার অভিযোগ উঠেছে ইউনিয়ন বিএনপি সভাপতি সোমুদ্দিন আহমেদের বিরুদ্ধে। স্থানীয়দের দাবি, তিনি দলীয় লোকজন নিয়ে জমি দখল ও ফসল লুটের নেতৃত্ব দিয়েছেন। ভুক্তভোগী সংখ্যালঘু পরিবার জানায়, তাদের জন্মের পর থেকেই জমিটি তারা ভোগ-দখল করে আসছেন। কিন্তু দীর্ঘদিন ধরে এলাকার প্রভাবশালী এই বিএনপি নেতা বিভিন্ন সময় তাদের ওপর চাপ, ভয়ভীতি ও হয়রানি চালিয়ে আসছেন–কখনো ধান কেটে নেওয়া, কখনো গরু-ছাগল ধরে নিয়ে যাওয়া, আবার কখনো ফসল নষ্ট করে দেওয়া। এসব কারণে পরিবারটি চরম আতঙ্কে রয়েছে। আজাদির ডাক, ১৬ নভেম্বর ২০২৫

### ১০. দশমিনায় যুবদল নেতার বিরুদ্ধে সংখ্যালঘুর দোকান দখল ও চাঁদা দাবির অভিযোগ

দশমিনা উপজেলা প্রেসক্লাব ভবনে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মন্দিরা রানী শীল। তিনি বলেন, ২০২৪ সালের আগস্টের পর থেকে স্থানীয় হানিফ সিকদারের ছেলে ও দশমিনা সদর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক পদপ্রার্থী কামরুজ্জামান টিপু (৪০) দলীয় প্রভাব খাটিয়ে দশমিনা সদর ইউনিয়নের আরজবেগী বাজারে তাদের জমি দখলের পাঁয়তারা চালিয়ে আসছেন। সম্প্রতি কামরুজ্জামান টিপু ও তার ৫-৬ জন সহযোগী আরজবেগী প্রধান সড়কের পাশে কিছু জমি নিজেদের দাবি করে ওই জমি ছেড়ে দেওয়ার জন্য হুমকি-ধামকি প্রদান করেন। পরে শালিশ বৈঠকের নামে ভয়ভীতি দেখিয়ে টিপু মন্দিরা রানীর মা সবিতা রানী শীলের কাছ থেকে ২৮ হাজার টাকা নিয়ে সাদা কাগজে স্বাক্ষর করিয়ে নেন। অভিযোগ রয়েছে, ওই কাগজে দুটি দোকানঘরের দুটি কক্ষ বিক্রির মিথ্যা বিবরণ দিয়ে গত ১ অক্টোবর ২০২৫ তারিখে দোকানগুলো দখল করে তালা ঝুলিয়ে দেন টিপু। সংখ্যালঘূ পরিবারটি তাদের দোকানের তালা খুলে দেওয়ার অনুরোধ জানালে তাদের কাছে আড়াই লাখ টাকা চাঁদা দাবি করা হয়। এ ঘটনায় ভুক্তভোগী পরিবারটি এখন চরম নিরাপত্তাহীনতায় ভুগছে। জনকণ্ঠ, ৩ নভেম্বর ২০২৫

**১১. বিএনপি নেতাদের বিরুদ্ধে মন্দির দখল ও তালাবদ্ধ করার অভিযোগঃ পূজা বন্ধ, পুণ্যার্থীদের ক্ষোভ**

সিলেট নগরীর জিন্দাবাজারে অবস্থিত ঐতিহাসিক শ্রী শ্রী রাধা গোবিন্দ জিউর আখড়া নিয়ে সৃষ্ট জটিলতা চরম আকার ধারণ করেছে। বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা আরিফুল হক চৌধুরী এবং মহানগর বিএনপির সহসভাপতি সুদীপ রঞ্জন সেন বাপ্পুর বিরুদ্ধে মন্দিরের ভূমি আত্মসাৎ ও দখলচেষ্টার গুরুতর অভিযোগ উঠেছে। অভিযোগ রয়েছে, আরিফুল হক চৌধুরী ঘটনাস্থলে গিয়ে মন্দিরে তালা ঝুলিয়ে দিয়েছেন। ফলে গত কয়েকদিন ধরে মন্দিরে পূজা-অর্চনা বন্ধ থাকায় ভক্ত ও পুণ্যার্থীদের মধ্যে তীব্র ক্ষোভ বিরাজ করছে। জনকণ্ঠ, ৭ ডিসেম্বর ২০২৫

# দশম অধ্যায়

# সাংবাদিক হত্যা-নির্যাতন

# সাংবাদিক হত্যা-নির্যাতন

গণতন্ত্রের অন্যতম স্তম্ভ সাংবাদিকতা; অথচ জুলাই-বিপ্লব পরবর্তী সময়েও সাংবাদিক হত্যা, হামলা ও পেশাগত বাধার ঘটনা উদ্বেগজনকভাবে বেড়েছে। বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের হাতে সংবাদ সংগ্রহে বাধা, অনুসন্ধানী প্রতিবেদন বা অনিয়ম প্রকাশের জেরে অনেক সাংবাদিককে মারধর, হুমকি, ক্যামেরা ভাঙচুর, মিথ্যা মামলা ও শারীরিক নির্যাতনের শিকার হতে হয়েছে। কিছু ক্ষেত্রে প্রাণও গেছে। দলীয় প্রভাব খাটিয়ে বিচারপ্রক্রিয়া বিলম্বিত করা কিংবা ভয়ভীতি দিয়ে কণ্ঠরোধের অভিযোগও উঠেছে। এসব ঘটনা শুধু ব্যক্তি সাংবাদিককে নয়, জনগণের জানার অধিকার, আইনের শাসন ও মতপ্রকাশের স্বাধীনতাকে আঘাত করে। স্বাধীন গণমাধ্যম সুরক্ষায় অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি ও কার্যকর জবাবদিহি এখন সময়ের দাবি। বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের দ্বারা সাংবাদিকদের ওপর হামলার কিছু উল্লেখযোগ্য ঘটনা উল্লেখ করা হলো;

## ■ সাংবাদিক হত্যা

**১. ঢাকার মহানগর প্রজেক্টে ফ্ল্যাটের ভাগাভাগি নিয়ে হাতাহাতি থেকে সাংবাদিক হত্যা, গ্রেপ্তার ৫**



রাজধানীর হাতিরঝিল এলাকায় নির্মাণাধীন একটি ফ্ল্যাটে এক ব্যক্তিকে হত্যার ঘটনায় পাঁচজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ১০ অক্টোবর বৃহস্পতিবার সকালে এই হত্যার ঘটনা ঘটে। বাড়ি নির্মাণ ও ফ্ল্যাট ভাগাভাগি নিয়ে আবাসন নির্মাতা প্রতিষ্ঠানের সঙ্গে বিরোধের জেরে জমির মালিকের ছেলেকে হত্যা করা হয় বলে জানিয়েছে পুলিশ। নিহত ব্যক্তির নাম তানজিল জাহান ইসলাম ওরফে তামিম (৩৪)। তিনি বেসরকারি টেলিভিশন চ্যানেল দীপ্ত টিভির সম্প্রচার কর্মকর্তা এবং জমির মালিক সুলতান আহমেদের ছেলে। তাকে হত্যায় জড়িত শেখ রবিউল ইসলাম বিএনপির নির্বাহী কমিটির সদস্য। প্রথম আলো, ১১ অক্টোবর ২০২৪

**২. বাগেরহাটে সাংবাদিক খুন, প্রত্যক্ষদর্শী থাকলেও 'কেউ দেখেনি'**


বাগেরহাটে শুক্রবার (৩ অক্টোবর) সন্ধ্যায় বিএনপির স্থানীয় নেতা ও সাংবাদিক এ এস এম হায়াত উদ্দিনকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। ওই দিন সন্ধ্যার পর



হাড়িখালি এলাকায় একটি চায়ের দোকানে বসে থাকার সময় কয়েকজন দুর্বৃত্ত হায়াত উদ্দিনের ওপর হামলা চালায়। স্থানীয়দের বরাতে জানা গেছে, হামলাকারীরা তাকে কুপিয়ে হত্যার পর দুটি মোটরসাইকেলে করে পালিয়ে যায়। হায়াত উদ্দিন ছিলেন বাগেরহাট পৌর বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য ও একটি পত্রিকার স্থানীয় প্রতিনিধি। সম্প্রতি পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক পদে নির্বাচন করে পরাজিত হন তিনি। স্থানীয় রাজনৈতিক সূত্রে জানা গেছে, সাম্প্রতিক সময়ে বিএনপির অভ্যন্তরীণ বিভাজনের মধ্যে হায়াত উদ্দিন একাধিক গ্রুপে জড়িয়ে পড়েন এবং ফেসবুকে নানা রাজনৈতিক মন্তব্যে সরব ছিলেন। তার কিছু পোস্টে দলেরই একাংশ ক্ষুব্ধ হয়েছিল বলে স্থানীয়দের ধারণা। ইত্তেফাক, ৫ অক্টোবর ২০২৫

## ■ সাংবাদিকদের ওপর হামলা

### ১. যুবদল নেতার হুকুমে সংবাদপত্র অফিসে হামলা-লুট, প্রধান উপদেষ্টার কাছে অভিযোগ



রাজধানীর উত্তরায় দৈনিক আমার প্রাণের বাংলাদেশ অফিসে ভাঙচুর ও লুটপাটের অভিযোগ পাওয়া গেছে। যুবদলের সাবেক নেতা এস এম জাহাঙ্গীরের ‘হুকুমে’ তার অনুসারীরা এ ঘটনা ঘটিয়েছে বলে অভিযোগ করেছে প্রতিষ্ঠানটি। ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে প্রধান উপদেষ্টাসহ কয়েকজন উপদেষ্টার কাছে লিখিত অভিযোগও দিয়েছেন সংবাদপত্রের সহকারী সম্পাদক মো: মাসুম কাজী। একই সঙ্গে উত্তরা-পশ্চিম থানায়ও অভিযোগ দায়ের করা হয়েছে। লিখিত অভিযোগে বলা হয়েছে, গত ১ সেপ্টেম্বর দুপুর সাড়ে ১২টার দিকে যুবদলের সাবেক নেতা ও উত্তর বিএনপির নেতা এস এম জাহাঙ্গীরের হুকুমে তার ক্যাডার বাহিনী সন্ত্রাসীর নেতৃত্বে পত্রিকা অফিসে হামলা চালানো হয়। সেখানে অবস্থান করা সাংবাদিক এস এম নুর, সোহেল, জয় এবং সবুজকে অস্ত্রের মুখে জিম্মি করে অফিসের সব আসবাবপত্র (৩টি কম্পিউটার, একটি ল্যাপটপ, সিসিটিভি মনিটর, সিলিং ফ্যানসহ টেবিল-চেয়ার) লুট করে নিয়ে যায়। বাংলাদেশ জার্নাল, ০৪ সেপ্টেম্বর ২০২৪

**২. কালবেলার সাংবাদিককে মারধরের অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে**
দৈনিক কালবেলা পত্রিকার সাংবাদিক জাহাঙ্গীর মাহমুদের ওপর সন্ত্রাসী হামলা চালানো হয়েছে। এ সময় তার মাথা ও শরীর ইট দিয়ে থেঁতলে দেওয়া হয়। সংবাদ প্রকাশের জেরে ও দাবি করা চাঁদার টাকা না পেয়ে ছাত্রদল নেতা ইয়াসিন ও তার বাহিনী এ হামলা করেছেন বলে অভিযোগ করেন জাহাঙ্গীর। রোববার (১৭ নভেম্বর) বেলা সাড়ে ১১টায় নারাছুগঞ্জের রূপগঞ্জ উপজেলার গোলাকান্দাইল দক্ষিণপাড়া ৫ নম্বর ক্যানাল এলাকায় এ ঘটনা ঘটে। আহত জাহাঙ্গীর মাহমুদ দীর্ঘদিন ধরে কালবেলা পত্রিকার রূপগঞ্জ প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। অভিযুক্ত ইয়াসিন মিয়া ওরফে ফেন্সি ইয়াসিন নারায়ণগঞ্জ জেলা ছাত্রদলের সাবেক সহসাধারণ সম্পাদক। কালবেলা, ১৭ নভেম্বর ২০২৪

**৩. সুপ্রিম কোর্টে সাংবাদিকদের ওপর হামলায় আহত ৩**
সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে অন্তত তিন সাংবাদিক হামলার শিকার হয়েছেন। গতকাল বুধবার অ্যানেক্স ভবনের সামনে এ হামলার ঘটনা ঘটে। আহতদের মধ্যে এটিএন নিউজের জ্যেষ্ঠ প্রতিবেদক জাবেদ আখতারকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। হামলার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে আইন, বিচার ও মানবাধিকারবিষয়ক সাংবাদিকদের সংগঠন ল রিপোর্টার্স ফোরাম (এলআরএফ)। আহত জাবেদ এ সংগঠনের প্রশিক্ষণ ও কল্যাণ সম্পাদক। এ ঘটনায় পাবনার ঈশ্বরদী উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব মেহেদি হাসানকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল সন্ধ্যায় এ সিদ্ধান্তের কথা জানিয়েছে স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটি। কালবেলা, ০৬ ফেব্রুয়ারি ২০২৫

**৪. কালবেলার সাংবাদিকের ওপর হামলা, বিএনপি নেতার বিরুদ্ধে মামলা**



আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে সংবাদ সংগ্রহের সময় কালবেলার প্রতিনিধি আব্দুল্লাহ আল মাহমুদকে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক কেএম বশির উদ্দিন তুহিন মারধর করেছেন বলে অভিযোগ উঠে। এ ঘটনায় ওই বিএনপি নেতার বিরুদ্ধে মামলা মামলা করেছেন ভুক্তভোগী সাংবাদিক। শনিবার (২২ ফেব্রুয়ারি) বিকেলে মামলাটি নাসিরগর থানায় এজাহারভুক্ত হয়। নাসিরনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বশির উদ্দিনকে প্রধান আসামি করে করা মামলায় বশিরের দুই ভাতিজাসহ ৫ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরও ২০/৩০ জনকে আসামি করা হয়েছে। কালবেলা, ২৩ ফেব্রুয়ারি ২০২৫

### ৫. সাংবাদিক পিটিয়ে 'মাইর কম হয়েছে' বলা সেই বিএনপি নেতা বহিষ্কার



ঠাকুরগাঁওয়ে সাংবাদিক পিটিয়ে 'মাইর কম হয়েছে'- বলা ইউনিয়ন বিএনপি নেতা জুবাইদুল হক চৌধুরীকে দলীয় সব পদ থেকে বহিষ্কার করেছে ঠাকুরগাঁও জেলা বিএনপি। বুধবার (২৬ ফেব্রুয়ারি) দুপুরে জেলা বিএনপির সাধারণ সম্পাদক মির্জা ফয়সাল আমিনের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ বহিষ্কারের আদেশ প্রদান করেন। এর আগে, দৈনিক দেশবাংলার প্রতিনিধি সংবাদকর্মী মামুন অর রশিদকে পিটিয়ে স্থানীয় ইউনিয়ন বিএনপি নেতা জুবাইদুল হক চৌধুরী সাংবাদিকদের ফোনে বলেন, 'মাইর কম হয়ে গেছে।' কালবেলা, ২৬ ফেব্রুয়ারি ২০২৫

### ৬. দুই সাংবাদিককে পিটিয়ে মোটরসাইকেলে আগুন দেওয়ার অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে



পেশাগত দায়িত্ব পালনকালে বরিশালে দুই সাংবাদিকের ওপর হামলার অভিযোগ উঠেছে ছাত্রদলের নেতাকর্মীদের বিরুদ্ধে। বৃহস্পতিবার (২৭ মার্চ) দুপুরে বরিশাল আদালতের প্রধান ফটকের সামনে এই হামলার ঘটনা ঘটে। এসময় দুই সাংবাদিককে পিটিয়ে আহত করার পাশাপাশি তাদের ব্যবহৃত একটি মোটরসাইকেলে আগুন দেওয়া হয়। জেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক সোহেল রাঢীর নেতৃত্বে হামলার ঘটনা ঘটেছে বলে অভিযোগ ভুক্তভোগীদের। হামলায় আহতরা হলেন- স্থানীয় দৈনিক ভোরের আলো পত্রিকার ফটো সাংবাদিক এন আমিন রাসেল ও দৈনিক বরিশাল মুখপত্র পত্রিকার রিপোর্টার মনিরুল ইসলাম। ইত্তেফাক, ২৭ মার্চ ২০২৫

### ৭. সাংবাদিকের দুই হাত ভেঙে দিলেন বিএনপির কর্মীরা



নাটোরে সাজেদুল ইসলাম সেলিম নামের এক সাংবাদিকের ওপর হামলা চালিয়েছে বিএনপির কর্মীরা। এ সময় বেধড়ক পিটিয়ে তার দুই হাত ভেঙে দিয়েছেন তারা। রোববার (৬ এপ্রিল) দুপুর সোয়া ১২টার দিকে কলেজ থেকে বাড়ি ফেরার পথে চন্দ্রকলা বাজারে এ ঘটনা ঘটে। এ ঘটনায় তীব্র নিন্দা ও দোষীদের গ্রেপ্তারের দাবি জানিয়েছেন নাটোরের গণমাধ্যমকর্মীরা। আহত সাজেদুর রহমান সেলিম শুধু সাংবাদিকই নন তিনি

কবি এবং একটি বেসরকারি কলেজের সহকারী অধ্যাপক এবং মহান একুশের একদিনের পথ বই মেলার প্রবর্তক। তিনি স্থানীয় দৈনিক পত্রিকা 'প্রান্তজন'-এর সম্পাদক। ঢাকা পোস্ট, ৬ এপ্রিল ২০২৫

**৮. সাংবাদিকের হাত ভাঙার ঘটনায় বিএনপির ২ কর্মী আটক**

নাটোর থেকে প্রকাশিত দৈনিক প্রান্তজনের সম্পাদক, কবি ও শিক্ষক সাজেদুর রহমান সেলিমের উপর হামলা চালিয়েছে বিএনপির কর্মীরা। এ সময় বেধড়ক পিটিয়ে তার দুই হাত ভেঙে দিয়েছেন তারা। এ ঘটনায় বিএনপির দুই কর্মীকে আটক করেছে যৌথবাহিনী। রোববার (৬ মার্চ) বিকেলে বিভিন্ন এলাকা থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন- আব্দুল ওহাব ও আব্বাস আলি। তারা দুইজনই বিএনপির রাজনীতির সঙ্গে জড়িত বলে জানা গেছে। কালবেলা, ৭ এপ্রিল ২০২৫

**৯. সাংবাদিকদের ওপর হামলা, ছাত্রদল নেতাসহ ২৩ জনের বিরুদ্ধে মামলা**



বরিশালে সাংবাদিকদের ওপর হামলা ও মোটরসাইকেলে আগুন দেওয়ার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। বৃহস্পতিবার (২৭ মার্চ) রাতে কোতোয়ালি মডেল থানায় রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক খালিদ সাইফুল্লাহ বাদী হয়ে মামলাটি দায়ের করেন। বিষয়টি নিশ্চিত করে বরিশাল রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক খালিদ সাইফুল্লাহ কালবেলাকে জানান, সাংবাদিকরা কোনো দলের নয়, তারা তাদের কাজ করবে এটাই স্বাভাবিক। সেই কাজে বাধা দেওয়া, সাংবদিকদের মারধর করা এবং তাদের মোটরসাইকেলে আগুন দেওয়া, ক্যামেরা-মোবাইল ভাঙচুর করার মতো সন্ত্রাসী কার্যক্রম কেউ করে পার পেয়ে যাবে সেটাও ঠিক নয়। তাই আমরা আইনগতভাবে বিষয়টি যেভাবে দেখেছি, তেমনি সন্ত্রাসীর বিচারও বিএনপির সিনিয়র নেতাদের কাছে দাবি করেছি। মামলায় ছাত্রদল নেতা সোহেল রাঢ়িসহ ১৩ জনকে নাম উল্লেখ করে ও ১০ জনকে অজ্ঞাত আসামি করা হয়েছে। যুগান্তর, ২৮ এপ্রিল ২০২৫

**১০. কুমিল্লায় ছাত্রদলের পদবঞ্চিতদের মিছিল থেকে সাংবাদিকের ওপর হামলা**

কুমিল্লায় ছাত্রদলের পদবঞ্চিতদের হামলায় সময় টিভির কুমিল্লা প্রতিনিধি বাহার রায়হান আহত হয়েছেন। গতকাল রাত সাড়ে ৯টায় নগরীর কান্দিরপাড় পূবালী চত্বরে এ ঘটনা ঘটে। জানা যায়, গতকাল বিকালে কুমিল্লা দক্ষিণ জেলা ও



মহানগর ছাত্রদলের কমিটি ঘোষণা করা হয়। রাত আটটায় নবগঠিত কমিটির সদস্যরা আনন্দ মিছিল করে যাওয়ার পর পদবঞ্চিতরা প্রতিবাদ মিছিল বের করেন। এই মিছিলটি নগরীর কান্দিরপাড় পূবালী চত্বরে আসার সময় ছবি ও ভিডিও ফুটেজ সংগ্রহ করা নিয়ে কয়েকজনের সঙ্গে সময় টিভির কুমিল্লা প্রতিনিধি বাহার রায়হানের বাগবিতণ্ডা হয়। একপর্যায়ে তাকে ছুরিকাঘাত করা হয়। আমার দেশ, ১৬ মে ২০২৫

## ১১. গাজীপুরে সাংবাদিকদের ওপর সন্ত্রাসী হামলা



গাজীপুরের কাপাসিয়ার চাঁদপুর ইউনিয়নের চেরাগআলী বাজারে বিএনপির একাংশের মতবিনিময় সভায় আসা সাংবাদিকদের ওপর হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। এতে যমুনা টেলিভিশনের ক্যামেরাপারসন রকি হোসেনসহ গাজীপুরের ১০-১২ সাংবাদিক আহত হয়েছেন। শনিবার (১৭ মে) দুপুরে এ হামলার ঘটনা ঘটে। জানা যায়, জেলা বিএনপির আহ্বায়ক সদস্য ও কাপাসিয়া উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন সেলিমের আমন্ত্রণে আজ (শনিবার) দুপুরে উপজেলা বিএনপির একাংশের একটি মতবিনিময় সভা আয়োজিত হয়। এ সময় সংবাদ সংগ্রহের কাজে গাজীপুর থেকে ১২-১৩ সাংবাদিক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি যথাসময়ে শুরু হয়ে দুপুর সোয়া ১টার সময় শেষ হয়। আমন্ত্রণকারী তার কার্যালয়ে সাংবাদিকদের দুপুরের খাবার পরিবেশনকালে ১৫-২০ সন্ত্রাসী গিয়ে তাদের ওপর হামলা চালায়। কালবেলা, ১৮ মে ২০২৫

## ১২. কুবি ক্যাম্পাসে সাংবাদিকদের ওপর হামলায় জড়িতদের শাস্তির দাবি

কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) ক্যাম্পাসে সাংবাদিকদের ওপর ছাত্রদল নেতা-কর্মীদের হামলার ঘটনায় নিন্দা জানিয়েছেন বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সংবাদকর্মীরা। তারা এই ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত শনাক্ত করে প্রশাসনিকভাবে শাস্তি নিশ্চিত করার দাবি জানিয়েছেন। এ দাবিতে বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রক্টর বরাবর একটি লিখিত স্মারকলিপি জমা দেন তারা। স্মারকলিপি সূত্রে জানা যায়, কুমিল্লা বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে আয়োজিত কনসার্ট চলাকালে দুই বিভাগের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের খবর পেয়ে তা সংগ্রহ করতে গেলে সাংবাদিকদের ওপর হামলার ঘটনা ঘটে। এ সময় মব তৈরি করে ছাত্রদলের কর্মী সাইফুল মালেক আকাশ (বাংলা-১৫), জহিরুল ইসলাম

জয় (ইংরেজি-১৬), তাওহিদ রহমান সাকিব (মার্কেটিং-১৭) ও তাহমিদ তাজওয়ার (মার্কেটিং-১৭)-সহ ২০-২৫ জনের একটি দল "সাংবাদিকদের আগে মারো" স্লোগান দিয়ে সাংবাদিকদের গোলচত্বরের দিকে হঠিয়ে নিয়ে যান। আমার দেশ, ৩০ মে ২০২৫

**১৩. আমার দেশ সাংবাদিকের বাড়িতে বিএনপি নেতাকর্মীদের হামলা**

সংবাদ প্রকাশের জেরে আমার দেশ-এর বীরগঞ্জ উপজেলা প্রতিনিধি মোশাররফ হোসেনের বাড়িতে হামলা চালিয়েছে বিএনপি নেতাকর্মীরা। গত মঙ্গলবার রাত ৯টার দিকে এই হামলার ঘটনা ঘটে। ত্রয়োদশ সংসদ নির্বাচনে দিনাজপুর-১ (বীরগঞ্জ-কাহারোল) আসনের সম্ভাব্য প্রার্থীদের নিয়ে গত মঙ্গলবার আমার দেশ-এ সংবাদ প্রকাশিত হয়। এর জেরে হামলা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। প্রত্যক্ষদর্শীরা জানান, বীরগঞ্জ উপজেলা বিএনপি সভাপতি মঞ্জুরুল ইসলাম মঞ্জু এবং তার চাচাতো ভাই বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক শাহজাহান সিরাজ শিপনের নেতৃত্বে সাংবাদিক মোশাররফ হোসেনের বাসায় হামলা চালানো হয়। আমার দেশ, ১৮ জুন ২০২৫

**১৪. পটুয়াখালীতে সাংবাদিকের ওপর হামলা, বিএনপি-যুবদলের ৩ নেতা গ্রেফতার**




পটুয়াখালীর মির্জাগঞ্জে সাংবাদিকের ওপর হামলার ঘটনায় বিএনপি ও যুবদলের ৩ নেতাকে গ্রেফতার করেছে যৌথ বাহিনী। মঙ্গলবার (৫ আগস্ট) রাতে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার হলেন, জাহিদ হাসান পরাগ মুন্সী, ফেরদৌস হাসান সৌরভ মুন্সী ও বদোরুদ্দৌজা জনি মুন্সী। জনি মুন্সী উপজেলা বিএনপির সদস্য, সৌরভ মুন্সী উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক এবং পরাগ মুন্সী যুবদলের সদস্য বলে জানা গেছে। পুলিশ সূত্রে জানা যায়, মঙ্গলবার (৫ আগস্ট) সন্ধ্যায় সাংবাদিক সিয়াম রহমান হিমেলকে (২৫) পূর্ব বিরোধের জেরে মারধর করে তারা। যমুনা টিভি, ০৬ আগস্ট ২০২৫

**১৫. মাদারীপুরে বিএনপি নেতাকর্মীদের হামলায় সাংবাদিকসহ ৩ ভাই আহত**

জুলাই-আগস্ট বিপ্লব দিবস উপলক্ষে মাদারীপুর জেলা বিএনপির বিজয় মিছিল নিয়ে যাওয়ার সময় দুবৃর্ত্তদের হামলায় মারাত্মক জখম হয়েছে আমার বার্তার জেলা প্রতিনিধি শহিদুল ইসলাম লিখন মুন্সি ও তার আপন দু'ভাই। বুধবার দুপুরে মাদারীপুর পৌর শহরের ডিসি ব্রিজ এলাকায় মিছিল আসলে পূর্ব পরিকল্পিতভাবে


তাদের কুপিয়ে জখম করা হয়। এ ঘটনায় লিখন মুন্সি ও সোহাগ মুন্সিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। আহত পরিবার ও পুলিশ জানায়, সকাল ১২টার দিকে জেলা বিএনপির উদ্যোগে জুলাই বিপ্লব দিবস উপলক্ষে একটি বিজয় মিছিল নিয়ে শকুনী লেকপাড় থেকে ইটেরপুলের দিকে যাচ্ছিল। এ সময় মিছিলটি ডিসি ব্রিজ এলাকায় আসলে মিছিল থেকে কয়েকজন বিএনপির নেতাকর্মী দেশীয় অস্ত্র দিয়ে লিখন মুন্সিকে কুপিয়ে মারাত্মক জখম করে। তাকে বাঁচাতে আসলে লিখনের দু'ভাই মিলন মুন্সি ও সোহাগকেও কুপিয়ে জখম করে। আমার দেশ,০৬ আগস্ট ২০২৫

**১৬. গোপালগঞ্জে সাংবাদিকের ওপর যুবদল-ছাত্রদল নেতাদের হামলার অভিযোগ**



গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলায় গণমাধ্যমকর্মী মনিরুজ্জামান জুয়েলের ওপর হামলার অভিযোগ উঠেছে উপজেলা যুবদল-ছাত্রদল নেতাদের বিরুদ্ধে। হামলায় মারাত্মক আহত হয়েছেন সাংবাদিক জুয়েল। আহত সাংবাদিক দৈনিক আমার দেশ পত্রিকার কোটালীপাড়া প্রতিনিধি হিসেবে কর্মরত রয়েছেন। শুক্রবার (১৫ আগস্ট) সন্ধ্যা ৭টার দিকে কোটালীপাড়া উপজেলা শিল্পকলার সামনে এই হামলার ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী ও স্থানীয়রা জানান, সংবাদ প্রকাশের জেরে সাংবাদিক মনিরুজ্জামান জুয়েলের ওপর ক্ষিপ্ত ছিলেন উপজেলা যুবদল-ছাত্রদলের বেশ কয়েকজন নেতাকর্মী। বাংলা ট্রিবিউন, ১৬ আগস্ট ২০২৫

**১৭. নরসিংদীতে বিএনপির সংঘর্ষের সংবাদ প্রকাশের জেরে সাংবাদিকের ওপর হামলা**



নরসিংদীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষের খবর প্রকাশের জেরে এক সাংবাদিকের ওপর হামলার ঘটনা ঘটেছে। আজ বৃহস্পতিবার বেলা ১১টার দিকে নরসিংদী সদর হাসপাতাল চত্বরে এ ঘটনা ঘটে।বিএনপির একদল কর্মী তাঁর ওপর হামলা করলেও তাঁদের নাম-পরিচয় জানা যায়নি। ভুক্তভোগী সাংবাদিকের নাম ইউছুব খান সরকার। তিনি বেসরকারি যমুনা টেলিভিশনের নরসিংদীর স্টাফ রিপোর্টার হিসেবে কর্মরত। এলোপাতাড়ি কিলঘুষিতে তাঁর মাথা ফেটে গিয়ে চারটি সেলাই দিতে হয়েছে। প্রথম আলো, ১৮ সেপ্টেম্বর ২০২৫

**১৮. বাঙলা কলেজ সাংবাদিক সমিতির সভাপতির ওপর ছাত্রদলের হামলা**



সরকারি বাঙলা কলেজে সংবাদ সংগ্রহ করতে গিয়ে ছাত্রদলের হামলার শিকার হয়েছেন বাঙলা কলেজ সাংবাদিক সমিতির (বাকসাস) সভাপতি ও দৈনিক কালবেলার বাঙলা কলেজ প্রতিনিধি সাইফুল ইসলাম সাব্বির। বুধবার (২২ অক্টোবর) দুপুরে কলেজ ক্যাম্পাসে ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্র সংসদের মধ্যে সংঘর্ষ চলাকালে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, সংঘর্ষের সময় সাংবাদিক সাব্বির ঘটনাস্থলের ভিডিও ধারণ করছিলেন। এসময় বিষয়টি কলেজ শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক রাজু মিয়ার দৃষ্টিগোচর হলে, তিনি তার কয়েকজন অনুসারীদের নিয়ে সাব্বিরের ওপর হামলা চালান। এতে সাংবাদিক সাব্বির রক্তাক্তভাবে আহত হন। বিডি টুডে, ২২ অক্টোবর ২০২৫

**১৯. পেশাগত দায়িত্ব পালনে যাওয়ার পথে সাংবাদিকের ওপর হামলা**



রাজশাহীর তানোরে পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে হামলার শিকার হয়েছেন এক সাংবাদিক। শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিবের এক মতবিনিময় সভায় প্রবেশ পথে বহিষ্কৃত বিএনপি নেতা ও তার অনুসারী যুবদল নেতার দ্বারা মারধরের শিকার হয়েছেন তিনি। এতে তিনি মারাত্মক আহত হয়েছেন। বৃহস্পতিবার (২৩ অক্টোবর) বিকেল সাড়ে ৪টার দিকে তানোর উপজেলা পরিষদ সভাকক্ষের সামনে এ ঘটনা ঘটে। আহত এ সাংবাদিকের নাম লুৎফর রহমান (৪০)। তিনি দৈনিক কালবেলা ও সোনার দেশ পত্রিকার তানোর উপজেলা প্রতিনিধি। অভিযুক্ত বিএনপির বহিষ্কৃত ওই নেতার নাম মিজানুর রহমান মিজান। তিনি রাজশাহী জেলা বিএনপির সদস্য ও তানোর উপজেলার সাধারণ সম্পাদক ছিলেন। অপর অভিযুক্তরা হলেন- তানোর পৌর বিএনপির সদস্য ইয়াসিন ঠিকাদার এবং গোদাগাড়ী উপজেলার মাটিকাটা গ্রামের বাসিন্দা নজরুল ইসলামের ছেলে ও রাজশাহী জেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক রবিউল ইসলাম কুসুম। কালবেলা, ২৩ অক্টোবর ২০২৫

**২০. ২ সাংবাদিকের ওপর হামলায় বিএনপি নেতা বহিষ্কার**

নারায়ণগঞ্জের ফতুল্লা এলাকায় সংবাদ সংগ্রহের সময় বিএনপি নেতার হামলায় তিন জন আহত হয়েছেন। আহতদের মধ্যে দুইজন সাংবাদিক এবং একজন

স্থানীয়। হামলার সময় তাদের ক্যামেরা ও মোবাইল ভাঙচুর করা হয়েছে।ঘটনা বুধবার (৫ নভেম্বর) বিকেলে ফতুল্লার গিরিধারা বউবাজার এলাকায় ঘটে। পুলিশ হামলাকারী বিএনপি নেতা শাহাদাত হোসেনকে (৬০) আটক করেছে। তাকে দল থেকে বহিষ্কার করা হয়েছে।তিনি জেলা ছাত্রদলের সাবেক সহসভাপতি আতা-ই রাব্বির পিতা। দেশ রূপান্তর, ৬ নভেম্বর ২০২৫

## ২১. সাংবাদিকের ওপর হামলা, স্বেচ্ছাসেবক দলের সচিব সহ দুই নেতা বহিষ্কার



গাজীপুরের কাপাসিয়ায় সরকারি বন কেটে উজাড় করার অভিযোগে সংবাদ সংগ্রহকালে তিন সাংবাদিকের ওপর সন্ত্রাসী হামলার ঘটনায় জড়িত থাকার অভিযোগে বিএনপির অঙ্গসংগঠন স্বেচ্ছাসেবক দলের দুই নেতাকে দল থেকে স্থায়ী বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতরা হলো–কাপাসিয়া উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব মো: সিরাজুল ইসলাম এবং কাপাসিয়ার রায়েদ ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মো: মামুন। বুধবার বিকেলে গাজীপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক হাসিবুর রহমান খান মুন্না এবং সদস্যসচিব আশরাফ নেওয়াজ চৌধুরী শাওন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বহিষ্কারের বিষয়টি জানানো হয়। আমার দেশ, ০৫ নভেম্বর ২০২৫

## ২২. বিএনপি নেতা স্বপনের হামলায় আহত ৪ সাংবাদিক



সমকাল প্রতিনিধি মতিউর রহমান সেলিম এবং সকালের সময়ের প্রতিনিধি এস এম মাসুদ রানার ওপর বেধড়ক মারধর করে এবং আটকে রাখে। পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে ইউনিয়ন বিএনপি নেতা ও ইউপি সদস্য সোহরাব উদ্দিন স্বপনের নেতৃত্বে হামলার শিকার হয়েছেন ময়মনসিংহের ত্রিশালে কর্মরত সমকাল প্রতিনিধিসহ চার সাংবাদিক। শনিবার সকালে উপজেলার হরিরামপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের পূর্বপাড়ায় এ ঘটনা ঘটে। আহত সাংবাদিকরা হলেন ত্রিশাল প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও সমকালের ত্রিশাল প্রতিনিধি মতিউর রহমান সেলিম, ত্রিশাল প্রেসক্লাবের সহযোগী সদস্য এস এম মাসুদ রানা (সকালের সময়), আব্দুল্লাহ আল ফাহাদ (কালবেলা) এবং রাকিবুল হাসান সুমন (নয়া শতাব্দী)। আমার দেশ, ২৯ নভেম্বর ২০২৫

**২৩. বিএনপি নেতার নেতৃত্বে সাংবাদিকদের ওপর হামলা, আহত ৪**

ময়মনসিংহের ত্রিশালে পেশাগত দায়িত্ব পালনকালে বিএনপি নেতার নেতৃত্বে সাংবাদিকদের ওপর বর্বরোচিত হামলা করা হয়েছে। এতে ৪ সাংবাদিক আহত হয়েছে, এ ঘটনায় ২ জনকে আটক করেছে পুলিশ। আহত সাংবাদিকরা জানান, শনিবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার হরিরামপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের পূর্বপাড়া এলাকায় পেশাগত দায়িত্ব পালন করতে যান তারা। ঘটনাস্থলে পৌঁছানোর কিছুক্ষণ পর কিছু বুঝে ওঠার আগেই ঐ ওয়ার্ডের ইউপি সদস্য ও ইউনিয়ন বিএনপির যুগ্ম আহবায়ক সোহরাব উদ্দিন স্বপনের নেতৃত্বে দেশীয় অস্ত্র নিয়ে তাদের ওপর হামলা করে। এ সময় হামলাকারীরা গণমাধ্যম কর্মীদের সঙ্গে থাকা মোবাইল, ক্যামেরা ও মানিব্যাগ ছিনিয়ে নেয়। কেড়ে নেয়া হয় মোটরসাইকেলের চাবিও। যুগান্তর, ৩০ নভেম্বর ২০২৫


**২৪. বুদ্ধিজীবী স্মৃতিসৌধে সাংবাদিকের ওপর হামলা-ক্যামেরা ভাঙচুর, আহত ৫**



শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে সাংবাদিকদের ওপর বর্বর হামলার ঘটনা ঘটেছে। ১৪ ডিসেম্বর রোববার সকাল আনুমানিক ৯টা ৪০ মিনিটে মিরপুরে শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ফুল দেওয়ার সময় স্বেচ্ছাসেবক দলের কয়েকজন কর্মী-সমর্থক এই হামলা চালায়। এতে অন্তত ৫ জন সাংবাদিক আহত হয়েছেন। হামলার ঘটনায় উপস্থিত সাংবাদিকরা বাকরুদ্ধ ও ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন। প্রত্যক্ষদর্শী সাংবাদিকরা জানান, সোহাগ নামের এক স্বেচ্ছাসেবক দলের কর্মী ফুটেজ ধারণে বাধা সৃষ্টি করেন। সাংবাদিকরা সৌজন্য বজায় রেখে তাকে একটু সরে দাঁড়ানোর অনুরোধ জানান। কিন্তু সেই অনুরোধ উপেক্ষা করে শুরু হয় দুর্ব্যবহার। একপর্যায়ে পরিস্থিতি উত্তপ্ত হলে সোহাগ ও তার সঙ্গে থাকা উশৃঙ্খল কর্মীরা ফটো জার্নালিস্ট ডালিমের ক্যামেরা ভেঙে ফেলেন। এই হামলায় আহত হন দৈনিক যুগান্তরের স্টাফ রিপোর্টার ও মাল্টিমিডিয়া রিপোর্টার অ্যাসোসিয়েশনের সভাপতি ফখরুল ইসলাম। যুগান্তর, ১৪ ডিসেম্বর ২০২৫

## ▪ সংবাদ সংগ্রহে বাধা ও জোরপূর্বক সেন্সরশিপ

**১. চাঁদাবাজির সংবাদ সংগ্রহ: শাহবাগে দ্যা ডেইলি ক্যাম্পাসের প্রতিনিধিকে আটকে রাখলেন স্বেচ্ছাসেবক দল নেতা**



রাজধানীর শাহবাগের আজিজ সুপার মার্কেটের দোকানে চাঁদা চেয়ে না পাওয়ায় দোকান বন্ধ করে দেওয়ার হুমকি পাওয়া গেছে স্থানীয় ছাত্রদল-যুবদল ও স্বেচ্ছাসেবক দলের কয়েকজন নেতাকর্মীর বিরুদ্ধে। এ ঘটনার সংবাদ সংগ্রহ করতে গেলে দ্যা ডেইলি ক্যাম্পাসের ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ও ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সদস্য মো: সৌরভ ইসলামকে 'ভুয়া সাংবাদিক' আখ্যা দিয়ে আটকে রাখা হয়। বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) সন্ধ্যায় ওই মার্কেটের চারতলায় এ ঘটনা ঘটে। এতে নেতৃত্বে দেন চাঁদাবাজির ঘটনায় অভিযুক্ত শাহবাগ থানার ২১নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মো: শাহ আলম। পরে এ আটকের সংবাদ পেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সদস্যরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে ভুক্তভোগী সাংবাদিককে উদ্ধার করেন। ডেইলি ক্যাম্পাস, ১৯ ডিসেম্বর ২০২৪

**২. ইবির উপাচার্যের কার্যালয়ে ব্যাপক হট্টগোল, সংবাদ সংগ্রহে ছাত্রদলের বাধা**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সকল প্রশাসনিক পদ থেকে স্বৈরাচারের দোসরদের অপসারণের দাবিতে উপাচার্য কার্যালয়ে হট্টগোলের সৃষ্টি হয়েছে। মঙ্গলবার (৪ মার্চ) দুপুর ১টার দিকে প্রক্টর ও উপ-উপাচার্যকে কেন্দ্র করে এই হট্টগোল হয়। এর আগে উপাচার্যের কার্যালয় থেকে ছাত্রদলের নেতাকর্মীরা সাংবাদিকদের বের করে দেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও শাখা ছাত্রদলের মাঝে কথা কাটাকাটি হয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা দোষীদের বিচারের জন্য উপাচার্যকে ৪৮ ঘণ্টার আল্টিমেটাম দিয়ে কার্যালয় ত্যাগ করেন। পরে দুপুর পৌনে ১টার দিকে বিশ্ববিদ্যালয় জিয়া পরিষদের সভাপতি অধ্যাপক ড. ফারুকুজ্জামান খান, সাধারণ সম্পাদক অধ্যাপক রফিকুল ইসলাম ছাত্রদলের নেতাকর্মীদের নিয়ে উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ করেন। এসময় ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহম্মেদ, সদস্যসচিব মাসুদ রুমি মিথুন, সদস্য নুর উদ্দিন, রাফিজ আহমেদ, তৌহিদুল ইসলাম, আলিনুর রহমান, উল্লাস মাহমুদ ও সাবিক জোয়ার্দারসহ অন্যান্য কর্মীরা ভেতরে থাকা সাংবাদিকদের বের করে দেন। জাগো নিউজ, ০৪ মার্চ ২০২৫

### ৩. অনিয়মের অভিযোগ, সাংবাদিককে জেলা যুবদল নেতার হুমকি



ঠিকাদারী কাজে অনিয়মের অভিযোগ শুনে খবর সংগ্রহে যাওয়া দেশ রূপান্তরের উপজেলা প্রতিনিধি মো: সিদ্দিকুর রহমানকে দেখে নেয়ার হুমকি দিয়েছেন পটুয়াখালী জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মো: হুমায়ুন কবির সোহাগ। মঙ্গলবার (৮ এপ্রিল) দুপুর দেড়টার দিকে মুঠোফোনে ওই হুমকি প্রধান করেন। মুঠোফোনে ওই অডিওতে যুবদল নেতা সোহাগ বলেন, 'আমি জেলা যুবদলের যুগ্ন সাধারণ সম্পাদক। ১৭ বছর পর একটি কাজ পেয়েছি। তুই কাজের সাইডে কেন গিয়েছো। কিসের জন্য জাবেন? অনিয়ম করলে অফিস দেখবে আপনি কেন জাবেন। আপনি কি সিভিল ইঞ্জিনিয়ার? সাংবাদিকদের কাজ কি সাইডে। সাইডে খোট খাইতে যাও? আমি আসতেছি তুই ওখানে থাক। খোট খাওয়াইতে আছি তুই থাক। তুই অফিসে যোগাযোগ কর। ফইজলামি ছোদাও? তুই সাংবাদিক অন্য কাজ কর। সাইডে গেলে তোকে কিরতে হবে সেটা দেখাইতেছি। অচ্ছা তুই থাক আমি বাউফল আসতেছি তুই থাক। তোকে দেখে নেব। বলে ফোন কেটে দেন। একুশে সংবাদ, ৮ এপ্রিল ২০২৫

### ৪. সংবাদ প্রকাশের জেরে সাংবাদিকের ওপর বিএনপি নেতাদের হামলার অভিযোগ




কুড়িগ্রামের রাজিবপুরে সংবাদ প্রকাশের জেরে সুজন মাহমুদ নামে এক সাংবাদিকের ওপর হামলার অভিযোগ উঠেছে। রোববার (২ ফেব্রুয়ারি) সন্ধ্যা ৭টায় রাজিবপুর বাজার কম্পিউটার গলিতে ওই সাংবাদিকের ওপর হামলা হয়। হামলাকারীরা সবাই উপজেলা বিএনপির সাবেক সভাপতি মোখলেছুর রহমানের অনুসারী বলে জানান সাংবাদিক সুজন। এর আগে গত ৩ জানুয়ারি উপজেলা বিএনপির সভাপতি মোখলেছুর রহমানের নামে একটি অনলাইন সংবাদমাধ্যমে 'স্ব-পদে বহাল অধ্যক্ষ, নেপথ্যে উপজেলা বিএনপি' শিরোনামে সংবাদ প্রকাশ করেন সুজন। কালবেলা, ১৬ মে ২০২৫

### ৫. যুবদল নেতার চাঁদাবাজি প্রকাশ করায় সাংবাদিকের বিরুদ্ধে মামলা

কুমিল্লায় যুবদল নেতা মাহবুব আলী রাশেদের চাঁদাবাজির তথ্য প্রকাশ করায় দৈনিক আমার দেশ কুমিল্লা প্রতিনিধি এম হাসানের নামে মামলা দায়ের করা হয়েছে। বিষয়টিকে গণমাধ্যমের কণ্ঠরোধের চেষ্টা হিসেবে অভিহিত করেছেন কুমিল্লার বিশিষ্টজনরা। গত ১০ আগস্ট কুমিল্লা আদর্শ সদর উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মাহবুব আলী রাশেদ এ মামলাটি আদালতে দায়ের করেন। এ


ঘটনার প্রতিবাদে সাংবাদিক সমাজসহ কুমিল্লার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন। যমুনা এক্সপ্রেস, ১২ সেপ্টেম্বর ২০২৫

**৬. যুবদল নেতার চাঁদাবাজির সংবাদ প্রকাশ, সাংবাদিকের নামে মামলা**



যুবদল নেতার চাঁদাবাজি নিয়ে সংবাদ প্রকাশ করায় সাংবাদিকের নামে মামলা করেছে এক যুবদল নেতা। আমার দেশ কুমিল্লা প্রতিনিধি এম হাসানের নামে মামলা দায়ের করেন যুবদল নেতা মাহাবুল আলী রাশেদ। তিনি কুমিল্লা আদর্শ সদর উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক। ১০ আগস্ট কুমিল্লার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ১ নম্বর আমলি আদালতে মামলাটি দায়ের করেন রাশেদ। তিনি কুমিল্লা আদর্শ সদর উপজেলা বিএনপির সভাপতি রেজাউল কাইছুমের ছোট ভাই। আমার দেশে ৩ আগস্ট 'বিএনপি নেতাদের মাসোহারা দিয়ে বেপরোয়া চাঁদাবাজি' শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদে বলা হয়, শাসনগাছা বাসস্ট্যান্ডকে অবৈধ বাণিজ্যিক কেন্দ্র বানায় আওয়ামী লীগাররা। জুলাই গণঅভ্যুত্থানের পর চাঁদাবাজির রাজত্ব পেয়েছে বিএনপির কয়েকজন স্থানীয় নেতাকর্মী। আমার দেশ, ০৯ সেপ্টেম্বর ২০২৫

**৭. কুয়াকাটায় ফেরিওয়ালাকে মারধর, সংবাদ সংগ্রহে যুবদল নেতার বাধা**



পটুয়াখালীর কুয়াকাটায় ফেরিওয়ালাকে মারধর করার অভিযোগ উঠেছে স্থানীয় কিছু যুবকের বিরুদ্ধে। এ ঘটনায় সংবাদ সংগ্রহ করতে লতাচাপলী ইউনিয়ন যুবদলের প্রচার সম্পাদক সোলায়মানের বাধার মুখে পড়েন দৈনিক দেশ রূপান্তরের কুয়াকাটা প্রতিনিধিসহ স্থানীয় সাংবাদিকরা। অভিযোগ সূত্রে জানা যায়, বুধবার (৫ নভেম্বর) বিকেলে কুয়াকাটা পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের হোসেনপাড়া এলাকায় এই ঘটনা ঘটে। ভুক্তভোগী মো: নান্না শেখ (৬০) একজন ফেরিওয়ালা। প্রতিদিনের মতো কাপড়চোপড় বিক্রির উদ্দেশ্যে হোসেনপাড়া এলাকায় গেলে স্থানীয় বেল্লালসহ (২৬) আরও ২-৩ জন অজ্ঞাত ব্যক্তি তাকে ডেকে ঘরে বসায়। পরে তাকে কাপড় দেখানোর কথা বলে কৌশলে ঘরে প্রবেশ করিয়ে তার কাপড়ের গাট্টিতে একটি মোবাইল ফোন রেখে 'চুরির' অভিযোগ দিয়ে মারধর করে। ঢাকা মেইল, ৬ নভেম্বর ২০২৫

## ৮. সংবাদ সংগ্রহের সময় সাংবাদিকদের ওপর তিতুমীর কলেজ ছাত্রদলের হামলা



সরকারি তিতুমীর কলেজে ছাত্রদল এবং ছাত্রশিবিরের সংঘর্ষের সময় সংবাদ সংগ্রহ করতে গেলে তিতুমীর কলেজ সাংবাদিক সমিতির সাবেক সভাপতি ও বাংলাদেশ প্রতিদিনের সাংবাদিক তাওসিফ মাইমুন ও বর্তমান সদস্যদের উপর হামলা করে ছাত্রদল। শনিবার (২২ নভেম্বর) রাত ১১:৩০টার দিকে কলেজ ক্যাম্পাসের প্রধান ফটকের সামনে এই হামলা হয়। জানা যায়, শনিবার (২৪-২৫) সেশনের নবীন শিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে কলেজের বিভিন্ন জায়গায় ব্যানার টানায় শাখা ছাত্রশিবির।ছাত্রদল তাদের ব্যানার ছিড়ে ফেললে পুনরায় ব্যানার টানাতে ক্যাম্পাসে যায় ছাত্রশিবিরের নেতাকর্মীরা। এসময় ছাত্রশিবির ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। ঘটনায় পেশাগত দায়িত্ব পালনে হামলার শিকার তিতুমীর কলেজ সাংবাদিক সমিতির সদস্য ও ডেইলি ক্যাম্পাসের কলেজ প্রতিনিধি মোঃ আল আমিনকে রক্ষা করতে গিয়ে সমিতির সাবেক সভাপতি ও বাংলাদেশ প্রতিদিনের রিপোর্টার তাওসিফ মাইমুন হামলার শিকার হন। এসময় সাংবাদিক সমিতির সহযোগী সদস্য মো: সাদিকুল ইসলামকে মারধর করে কলেজ শাখা ছাত্রদলের নেতাকর্মীরা। সাংবাদিকদের উপর হামলায় জড়িতরা কলেজ শাখা ছাত্রদলের আহবায়ক ইমাম হোসেন, সদস্যসচিব সেলিম রেজা ও যুগ্ম সাধারণ আরিফ মোল্লার অনুসারী। জনকণ্ঠ, ২৩ নভেম্বর ২০২৫